এর পরে আর একটি ঘটনা হচ্ছে যে আমার ঝাড়গ্রামের বাড়ীর করেকটা বাড়ীর পরেতেই সাহিত্যিক প্রেমেন্দ্র মিত্র মহাশরের বাড়ী। তাঁর বাড়ীর দরজা, জালনা, চোরে খবলে নিরে যাছিল, কারণ প্রেমেন্দ্র মিত্র মহাশর সেখানে থাকেন না, সেই অবস্থার স্বাোণে যথন তারা, দরজা-জানালা তুলে নিয়ে যাছিল সেই সময় আমার লোক চোরকে ধরতে গেলে সে পালিয়ে বায়্য়, কিন্তু তার গামছা এবং যা দিয়ে সেই সব খুলছিল সেই যন্ত্র ফেলে যাওয়াতে তারা সেই সব নিয়ে গিয়ে থানায় জমা দেয়। সেই সপে তারা বলে যে লোকটার নাম জানে না, কিন্তু তার মুখ চেনে এবং সে প্রানো ঝাড়গ্রামে থাকে। সেই প্রানো ঝাড়গ্রামে ৪০০।৫০০ এর বেশী লোক নেই এবং সেই লোকটার পা বে'কা বলে তাকে ধরবার স্যোগও আছে। সেই সমন্ত কথা বলার পরেও থানায় ভারেরী নেওয়া দ্রে থাক যেন আমার লোকেরাই চোর এই ধারণা করে তাদের ৫।৭ দিন ধরে রেখে ক্রমাগত জ্বোর উপর জ্বো চালিয়েছে। অথচ যে লোকটার ডেসক্রিপশন দেওয়া হ'ল বা যার জিনিষপত্র জমা দেওয়া হল' তার সন্বশ্বেধ কোন প্রতিকার তাঁরা করলেন না। তার পরে ভাগাক্তমে সেই লোকটি আর্ব একদিন এটাটেম্পট করবার সময় আমার লোক একেবারে মাল এবং লোক সমেত ধরে থানায় নিয়ে যাবার পর আর কোন রকম পথ না পেয়ে তাদের প্রাসিকিউশনে

দিতে হ'ল এবং দ্মাদের জেলও তার হরেছে। অতএব এইভাবে বাদি তাদের কাছে ধরে দেবার পর প্রসিকিউশনএর বাবস্থা তাঁরা করেন তাহলে প্রলিশ ফোর্স বলে বিশেষ কিছ্ রাখবার দরকার আছে বলে আমার মনে হয় না। তার চেয়ে বরং আমাদের লোকজনদেরই কিছ্ কিছু দিয়ে এইসব কাজ সেরে নিলেই অনেক কাজ হয় ও খরচাও কম হয়।

তারপর এদিকে সংবোধবাবং বলছেন যে ক্রাইম বেড়েছে, কিন্তু ওদিকে আমাদের বিভক্ষবাবং বললেন যে ক্রাইম কমেছে। সেই ক্রাইম বাড়া বা কমা সেটাও হাতের যাদ্রে কথা. কিন্তু মনের থেকে অ পনারা জানেন যে ক্রাইম কি রেটএ হচ্ছে আর না হচ্ছে। ক্রাইম বাড়া বা কমার বাপারে আমরা মফ্ঃন্বলে থাকি, কোলকাতার বাপোর বলতে পারি না, কিন্তু কোলকাতাতে যা দেখলাম তাতে মনে হয় আমার এ বাপোরটা তাদের ভায়েরীতে পড়েছে কিনা তাতেও সন্দেহ আছে। যাই হোক মফঃন্বলের কথা আমি বলতে পারি যে মফঃন্বলের লোক ভায়েরী করতে গেলে সেই ভায়েরী নেওয়া হয় না, এবং ভায়েরী করতে গেলে এক টাকা চারি আনা লাগে। সমন্ত মফঃন্বলের নিয়ম হচ্ছে যে ভায়েরী করতে গেলেই এক টাকা চারি আনা লাগের, সেই ১৷ আনা অনেক সময় জোটে না বলে অনেকে ভায়েরী করে না।

আর ডায়েরীও না হয় করলে, ১০ পাঁচ সিকাও না হয় লাগল, কিল্ড তারপর যদি বাব, এসে হাজির হন তাহলে অনেক বেশী দিতে হয়। আমার আগের বন্ধা এসব বলেছেন, অনেক সময় লোঁক হয়রান হওয়ার ভয়ে যায় না। এমন কি কোন সাক্ষী যদি সাক্ষ্য দিতে গিয়ে পত্য কথা বলে তাহলে সেই সাক্ষ্য দেওয়ার জন্য প্রিলশের কাছে ভয়ানকভাবে লাঞ্ছিত হতে হয়। কেসের পরে তাকে টেনে এনে তার হয়রানীর অন্ত থাকে না। কাজে কাজেই মান্য সাধারণ-ভাবে প্রলিশকে কেস দিতে যায় না। আর আপনারা বলছেন ডিফেন্স পার্টি বা ডিফেন্স ফোর্স তৈরী কোরে প্রতীকার করবেন। ডিফেন্স পার্টিতে দেখা যাবে যে লোকগলে। ভাল কমী তাদের বাদ দিয়ে গ্রামে যাদের মনে করে যে তাদের দ্বারা কোন সোস্যাল সাভিসি হ'তে পারে না সেই বকম লোকদের পর্বালশ টেনে টেনে জমা করবেন যাতে কোরে সেই তাদের শ্বারা ও'রা লাভবান হতে পারবেন। यात्रा প্র্যাক্টিক্যালি সুযোগ-সুবিধা পুলিশের কাছে এনে দিতে পারে এই লোক দেখে তারা করেন। এরকম না হয়ে যদি এই বাবস্থা থাকত যে ভিলেজ ডিফেন্স ফোর্স করবার সময় সেই গ্রামের লোকদের ভিতর থেকে তারা সচ্চবিত্র লোক বাছাই কোরে দিলে সেই লোকদের নিয়ে যদি প্রলিশ ডিফেন্স ফোর্স করতেন। তাহলে প্রতীকার হতে পাবত। তার প্রে দেখা যায় ডিফেন্স ফোর্স যদি কোন জায়গায় ভালভাবে তৈবী করা হয়েছে সেই ডিফেন্স ফোর্সকে প্রিলশেব তরফ থেকে সাহাষ্য দেওয়া হয় ন'। বরং অনেক সময় দেখা যায় কাবও উপর র্যাদ রাগ থাকে তাহলে সেই লোককে কি কোনে বিপান ক'ববে সেই চেণ্টা হয়। হয় ত রাত্রিতে বের্লে তাকে ধরে নিয়ে গিলে থানায় হাত্তব্ত আধনত করলে। কাজে কাজেই প्रािलामात कोছ थ्याक मानाय उकार थाकर उदे कियों करत। भागिम का अभारतमान उथा है পাবে যেদিন সতাই পর্লিশ জনসাধারণের সেবার জন্য নিভেকে উৎসর্গ করবার জন্য প্রস্তৃত হবে। জুলুমের ভয়ে কোন ভদ্রলোক বা সতাকার যাদের চরিত্রে খ'তুত নাই এমন লো**ক** তাদের সঙ্গে সহযোগিতা করতে পারবে না। একথা যেন ডাঃ রায় ভেবে দেখেন। যে উপরে প্রিলিশকে তলেছেন তাতে কোরে প্রিলিশকে নামান শন্ত। কিন্তু তাঁর ব্যক্তিত্ব আছে। তিনি জোর কোরে উপর থেকে চাপ দিলে হয়ত কিছ, কাজ হতে পারে। উনি কোন অভিযোগের कथा वललारे वलवात आग्राएठरे यीम धमरक एमन छारला कल रख मा। किवल मात এरे रख যে লোকের কাছে সাফাই গেয়ে যেতে পারেন: তাতে হবে না, লোকের কাছে তাতে ফল হবে না।

#### 8j. Hemanta Kumar Ghosal:

মাননীয় প্পীকারমহাশয়, সময় অংপ, কাজেই আমি শৃধ্ ঘটনাগৃনিল দিয়ে যাব। গভর্গরের পুরীচএ পেয়েছিলাম কো-অপারেশন বিট্ইন দি প্রিলশ এ্যান্ড দি পিপল বৈড়ে গৈছে। এই পিপল বলতে যদি কংগ্রেসের লোক হয় তাহলে বেড়েছে, কিন্তু জনসাধারণের সপোন নয়। এ সম্বন্ধে আমি দুই-একটা ঘটনার উল্লেখ ক'রব। সোনারপুর থানার ৩নং

জ্পরাদ্ধ ইউনিয়নের একজন ভাগচাষী গ্রীঅনিল মণ্ডল তার ভাগ জমিতে জমিদারেরা ময়লা জল ফেলে সমস্ত রোয়া ধান নণ্ট কোরে দেয়, তার বির্দেধ ভাগচাষ বোর্ডে দরখাসত দেয় এবং দ্বাগচাষ বোর্ড অনিল মণ্ডলের পক্ষে রায় দেয়। এজনা যথন রায় দেওয়া হয় তথন ওথানকার জমিদার প্রণব রায় জোর কোরে তার বাড়ী যাতায়াতের পথে যে বাঁশের সাঁকো সেটা ১৫ই আগণ্ট, ১৯৫৫ তারিখে তুলিয়ে দিয়ে মারধর ক'রবে বলে শাসায়।

[10-30-10-40 a.m.]

২০শে আগণ্ট, ১৯৫৫ তারিখে সোনারপুর থানায় অনিলের ভাই রমন ডায়েরী করায়, কিল্পু প্রিলা কিছুই করে নি। ২৪শে আগণ্ট, ১৯৫৫ তারিখে সন্ধাায় অনিল যখন বাড়ী ফিরছিল সেই সময় বানতলা বাজারে জমিদার প্রণব রায়ের হুকুমে ৪।৫ জন দারোয়ান অনিলকে হত্যা করার ষড়যন্ত করে। সেই সময় সে চেটার্মেটি করাতে প্রামের লোক এসে পড়ে; তখন তারা পালিয়ে যায়। ২৫শে আগণ্ট, ১৯৫৫ তারিখে অনিল সোনারপুর খানায় ডায়েরী করায় এবং তার উপর অত্যাচারের কথা জানিয়ে প্রতীকারের জন্য আবেদন করে: কিল্তু থানা অফিসার কিছুই করলে না। ২২শে সেণ্টেন্বর, ১৯৫৫ তারিখে অনিলের ভাই রমনকে প্রণব রায়ের হুকুমে তার দারোয়ানেরা মারধর করে এবং বাড়ীতে গেলে জাসদার প্রণব রায় নিজে বন্দুক নিয়ে গ্র্লি চালায়; ২৫।২৬ বার বন্দুক থেকে গ্র্লির আওয়াজ করে এবং তাকে হত্যা করতে চয়। ২৩শে সেণ্টেন্বর, ১৯৫৫ তারিখে একথা থানায় জানান হয়।

২৩শে সেপ্টেম্বর, ১৯৫৫ তারিথের সকালে ভায়েরী হ'ল: তার পর সন্ধ্যাবেলা অনিল ধখন বাড়ী ফিরছিল তখন ৪।৫ জন লোক, ঐ জমিদার প্রণব রায়ের লোক চারা অনিলকে ধরে নিয়ে যায়, এবং ঐ মেছো ভেড়ীতে নিয়ে যায়। এটা অনেক লোক দেখেছে। ২৪শে সেপ্টেম্বর, ১৯৫৫, তারিখে থানায় জানান হ'ল যে অনিলকে পাওয়া যাছে না। তারপর ঐদিন ১০।১১টার সময় জানা যায় যে অনিলের মৃতদেহ খেয়াদহ জলনিকাশী খালে ভাসছে এবং প্লিশ ঐ মৃতদেহ পাহারা দিছে, আমি বিভিগতভাবে এই ব্যাপারটা জানি এবং এই ব্যাপারে এস, ভি, ওকে জান ন হয়। এস, পি, ভদতে যান, তদতে গিয়ে দেখেন জমিদারের ঐযে মেছো ভেড়ী সেখানে প্লিশ এবং প্লিশের কর্মচারী পাহারা দিছে। এস, পি, গিয়ে বলেন যে এখানে এত প্লিশ কেন? তারা জানায় যে সংবাদ পাওয়া গেছে জমিদার ফোন করেছে যে মেছে। ভেড়ী ল্ট হবে, এতএব এখানে প্লিশ পাঠান হয়েছে।

অনিল মণ্ডল এতদিন থানায় ডায়েরী করেছে তখন প্রলিশ দেওয়া হয় নি, দিলে বেচারার মৃত্যু হ'ত না। শেষ পর্যান্ত সেই মান্ধকে হত্যা করা হ'ল, প্রিলশ এসে হাজির। এতদিন প্রলিশ তাকে রক্ষা করার জনা গেল না, হঠাৎ জমিদার একটা ফোন কোরে দিল যে মেছো ভেড়া লুট হবে, আর অমনি পুলিশ পাহারা গিয়ে হাজির যাতে নেছো ভেড়ী লুট না হয়। এই হ'ল প্রতাক্ষ ব্যাপার ও ব্যক্তিগতভাবে আমি এটা জানি। এটা আমাদের জেসা প্রিলশের সাথে জনসাধারণের সহযোগিতার প্রতাক্ষ নম্না। ডি, এস, পি, গিয়ে তদন্ত করেছেন, কিন্তু এখনও পর্যান্ত কোন বাবস্থার কথা আমরা জানতে পারলাম না। মামলা হল। মামলতে তার ভাই সাক্ষা দিলে: তাতে এই কয়েকদিন আগে ৭ই মার্চ, ১৯৫৬ ভারিখে জমিদার নিজের লোক দিয়ে তার ভাইকে প্রকাশ্য দিনের বেলায় মারে, এবং এমন আঘাত করে যে আমাদের এই আইন সভার কোন সদসোর সাহাযো তাকে হাসপাতালে ভার্ত্ত **ক**রা হয়েছে, এবং সে আহত অবস্থায় হাসপাতালে আছে। তার কারণ তার ভাই সাক্ষ্য দিয়েছিল, জমিদারের লোক তার ভাইকে খুন কবেছে বোলে। এই হ'ল মেছো ভেড়ীর মালিকের সংগ্র পর্নিশের সহযোগিতার দৃষ্টান্ত, জনসাধারণের সংগ্রে নয়। এইরকমভাবে প্রাফ্ট্রার সাধারণ মান্য ভাগচাষী মামলা কোরে জিতল। কিন্তু ধান নেওয়ার বেলা দেখা **গেল পর্নলশে**র পাহারায় জমিদারের ধান আটকে রেখে দেওয়া হয়েছে, সাধারণ মান্*যে*র পক্ষে র্ষাদ কোন সাহায্য চাওয়া যায় তাতে, কিন্তু পর্নালশের সহযোগিতা পাওয়া যায় না : কিন্তু কায়েমী স্বার্থে বলী বড় বড় জমিদার জোতদার, যারা টাকা দিতে পারে তাদের পক্ষে প্রিলশের সাহাষ্য পাওয়া যায়। এই তার জবলন্ত দৃষ্টান্ত। আমরা এর জবাব চাই।

এই করেকদিন আগে ১৯৫৫ সালে, ডাঃ রায় জানেন বসিরহাট থানার যে রাখ্বপ্র বোনে গ্রামে ঐ মেছো ভেড়ীর মালিককে রক্ষা করবার জন্য একটা গ্রামের প্রায় ৫০টা বাড়ী লাটুপাট হয়ে গেল। মেয়েদের উপর পর্যানত লাঠি পেটা হ'ল, অত্যাচার হ'ল। আমাদের পার্লামেন্টের সদস্যা রেণ্ চক্রবতী মহাশয়া প্রকাশ্য তদন্ত করলেন এবং তিনি একটা মেমোরেন্ডাম ডাঃ রায়ের কাছে উপস্থিত করলেন, প্রকাশ্য স্থানে বিশ হাজার লাক প্রতিবাদ কোরতে দাঁড়িয়েছিল এবং বলেছিল প্রিলেশের এই অত্যাচারের তদন্ত করা হউক। কিন্তু সেই ঘটনার কি প্রতীকার হ'ল জানি না।

বিশ হাজার লোক একসংগ মিলে রায় দিলে তারা জনসাধারণ নয়, আর দ্-চারটা মালিক তারাই যদি জনসাধারণ হয় তাহলে নিশ্চয়ই এই জনসাধারণের সংগে সহযোগিতা আছে।

একটা প্রশ্নে আমরা সকলেই বলেছিলাম, তিনিও উত্তর দিয়েছেন যে গ্রামে গ্রামে এই সমুদ্রত প্রিলশ ক্যাম্প আছে, সেই প্রিলশ ক্যাম্পএর অবস্থা কি? আমরা দেখছি হাডোয়া থানায় বিদ্যাধরী খাল কেটে নোনাজল প্রবেশ করান হয়, সেখানে যখন আমরা প্রোটেকশন চাই তথন প্রোটেকশন পাই না। উছিন্দা ইউনিয়নের মোহনপরে মোজা, লট নং ৭২. জে,এল, নং ১৩৫, সেখানে ৩ শত বিঘা জমিতে নোনাজল প্রবেশ করান হয়। প্রিলশ প্রোটেকশন চাওয়া হয়, কিন্তু তারা আসে না। এইরকম আরো আছে, বেশী সময় নেই সব ৰলা যায় না। ১৯৫৫ সালে হাড়োয়া থানায় আমি এবং প্রভাস রায় সেখানে ছিলাম। সেখানে সাধারণ ম্সলমানদের, যদি সেখানে কোনরকম আন্দোলন হয় তাহলে এই মান্যদের দাবাবার জনা প্রকাশ্যে প্রলিশ এদের বিরুদ্ধে কিরকমভাবে ষড়যন্ত করছে। আমরা বনে আছি, হঠাৎ শ্বনলাম যে, ২৪-পরগণার কৃষক সন্মেলন হবে। প্রলিশ মুসলমানদের বাডীতে ডাকাতীর অপরাধে ছেলে মেয়েদের উপিপ্রিতিতে তদন্ত করলো। আমরা সেখানে বসে আছি, কিন্তু পর্নিশ আমাদের ডাকবার প্রয়োজন মনে করলো না। তাদের বিরুদ্ধে ডাকাতী ও বার্গলারীর চার্জ-সিট দেওয়া হয়, তাতে তারা খালাস পেল। কিন্তু আবার তাদের ধরা হল, ডাকাতীর কেসএ চার্জ-সিট দেওয়া হল, আবার তারা খালাস পেলো। এইভাবে তারা কায়েমী স্বার্থ রক্ষা করছেন এটা আমরা পরিক্কার দেখতে পাচ্ছি। এই ঘটনাপ**্লির** প্রতীকার আমরা নিশ্চয়ই দাবী করছি। এইভাবে সহযোগিতা আসে না।

আমি আর একটা ঘটনা বাখতে চাই। গোলাবাড়ী, কানিং থানায় জনসাধারণ ১০০ মণ রিলিফএর চাল ধরেছিল এবং সেই চাল ধরে নিয়ে থানায় জমা দিয়েছিল। থানার বিলিডং হচ্ছে সাঁতানাথ মণ্ডলের যে চালের কল আছে তারই এক পোর্শন। এখানে সাঁতানাথের সংশো পরামশ হয়ে গেল এবং এই রিলিফএর চাল ধানের গোলায় জমা হ'ল এবং এই চাল ব্লাক মার্কেটে বিক্রয় হ'ল। এটা তদন্ত করার কথা, বলা হয় যে এই চালের কি নাবস্থা করা হয়েছে কিন্তু তার কোন প্রতিকার হয় নি। কোথা থেকে সহযোগিতা আসবে? এইরকম ঘটনা रुष्हि, रमशात प्रशासक रा भू निरमंत मुख्य मार्कित मन्द्रहा अधना स्वारकत हिर्दापन वन्धु । তারা প্রতিদিন সাধারণ মানুষের উপর জ্লুম জবরদ্হিত করে থাকে, তাহলে জনসাধারণের সহযোগিতা কোথা থেকে পাবেন। এইসব ঘটনার জন্য সাধারণ মান্য প্লিশের কাছে যেতে আতি কত হয়। নজর সেলামী ১ টাকা আর লেখনী চার আনা না দিলে ডায়েরী হয় না। এবং মামলা চালানর সময় কিছু টাকা উপরি না দিলে হয় না। হাড়োয়া থানার একটা দারোগা**র** কথা বলি। তার সংগ্রে মালিকের সহযোগিতা থাকার জন্য লোকে একটা দুরখাস্ত করেছিল এবং এখানে সেই সহযোগিতার প্রমাণ দিচ্ছি। তার কি অবন্থা হল। এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টে বনগাঁয়ে তাকে বদলি করা হল। তিনি ছিলেন থানার দারোগা—১ হাজার টাকার বাবস্থা ছিল, এখন ৫ হাজার টাকার বাকম্থা করা হল। প্রতিকারের বাকম্থা যাদ প্রোমোশন হয় তাহলে সহযোগিতা আসবে না, বিরোধীতাই আসবে। এইঞ্জন্য এই বাজেটের সপ্পে জনসাধারণের কোন সম্পর্ক নেই।

[10-40-10-50 a.m.]

## 8j. Kali Mukherjee:

মাননীর সভাপাল মহোদয়, বাজেটের যে গ্র্যান্ট ডাঃ বিধানচন্দ্র রায় ১৬ নন্বর—হেড—মেজর —প্রিলশ আপনার সামনে পেশ করেছেন, আমি তার সমর্থনে ২।১টা কথা আপনার মাধামে বলতে চাই। ৭ কোটী ১৫ লক্ষ ৩২ হাজার টাকা এই গ্র্যান্টে আছে এবং এই পর্যালশ বাজেটের উপর ১২৮টা এমেন্ডমেন্ট বা ছাঁটাই প্রস্তাবই বলবো, আছে। তার ভেতর হিসাব করে শ্রমিক আন্দোলন ব্যাপারে যে ছাঁটাই প্রস্তাবগর্নল আছে, আমি আপনার দৃষ্টি সেদিকে আকর্ষণ কর্রাছ এবং তার উপর যেসমুহত বক্তারা বক্তৃতা দিয়েছেন, তাঁরা অ'পুনার সামনে যে তথ্য প্রকাশ করেছেন সেই তথ্য থেকে যে কন্ত্রশান তাঁরা টানবার চেণ্টা করেছেন সেগালি যে ঠিক নয়, সেটার প্রমাণাদিসহ আপনার মাধ্যমে কিছু বলতে চাই। এই যে ছটাই প্রদতাব আছে ৬ নম্বর, ২১ নম্বর. ২২ নম্বর, ৫৩ নম্বর, ৭৬ নম্বর, ৮২ নম্বর, ৮৩ নন্বর, ১২৪ নন্বর, এই সবগর্নিতেই শ্রমিক আন্দোলন বৃহৎ গণতান্তিক আন্দোলনকে দাবানো হচ্ছে এবং কতকগর্নি চার্জেস আপনার সামনে আনা হয়েছে। য়ে কয়জন বন্তা আপনার সামনে বস্তুতা দিয়েছেন মেটামর্টি সেগর্লিকে যদি ভাগ করা যায় তাহলে দাঁড়ায় এই বেশী খরচ হচ্ছে, দ্নশীতি আছে ও গণতালিক আলোলন দমন এবং বিশেষ করে শ্রমিক আন্দোলন দুমন। একটা একটা করে যদি বিচার করা যায় তাহলে দেখবো যে ১৯৫৫-৫৬ সালে ৬ কোটী ৯২ লক্ষ ৪০ হাজার টাকা খরচ হয়েছে, ১৯৫৬-৫৭ সালে কিছ, বেশী হয়েছে, ৭ কোটী ১৫ লক্ষ ৩২ হাজার টাকা। এই যে ৮১ লক্ষ টাকা বৃদ্ধি হয়েছে এর মধ্যে ৭৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে সাধারণ কনন্টেবল বলতে আমরা যা ব্রিঝ তাদের মাহিনা ব্রিধর জন্য এবং ৫ লক্ষ টাকা দিতে হয়েছে মডার্ন ওয়েপনস্ প্রভৃতি সব জিনিযের জন্য। প্রলিশ বাহিনীকে সচেতন রাখতে আমাদের বিরোধীপক্ষের বন্ধদের ব্রভ মুস্কিল হচ্ছে, তাঁরা ছাত্রকে বলেন মাহিনা কমাতে হবে, স্তরাং মাইনে দিও না, আর भाषोत्रक रालन म्योरेक कर्त, भारेता वाजाय, त्यानाम हाय। कनत्पेयलता भारेत्नत जना यथन ম্ট্রাইক করে বিশৃত্থেলা করে তথন বিরোধীদের সহান,ভূতি সেদিকে ছিল কিন্তু যথন ৭৬ লক্ষ্ণ টাকা মাইনা বৃণ্ধি করে সাধারণ কন্টেবলদের কিছু স্ববিধা দেওয়ার জন্য চেষ্টা করা হল, তখন তারা চিংকার করছেন, ভীষণ খরচ হচ্ছে, এইগ্রুলি অন্যায়, ইত্যাদি। আমার মনে হয় যে একটা সংগতি রাখা দরকার এবং যে বৃদ্ধি বাজেটে হয়েছে, যার উপর কিছ, কিছুবক্তাবলেছেন, সেই মূল বৃদ্ধি হচ্ছে এই ৭৬ লক্ষ টাকা এবং এই ৭৬ লক্ষ টাকা সম্পূর্ণ দেওয়া হয়েছে সাধারণ কনতেবল, সধারণ পর্লিশ বাহিনীব অবস্থা ভাল করবার জনা। দুন**ীতি সম্পর্কে অনেকে উল্লেখ করেছেন, দুন**ীতি যে আছে তা কেউ অস্বীকার করে না এবং সমাজেও যে দ্বনীতি আছে সে-কথা কেউ অস্বীকার করতে পারেন না। আজ প্রিশ বাহিনীতে আমাদের স্বাধীন দেশের স্বাধীন মনেব্রতি নিয়ে শিক্ষিত ছেলেরা ভর্তি হচ্ছে, তারা অমাদেরই ভই, বা আত্মীয় পরিজন, আমাদের বাণ্গালী সমাজের ' মধ্যে ভাল সন্ত:ন যারা ইউনিভাসিটি থেকে আসছে, তাদেরই আজ পর্নিশ বাহিনীতে ভত্তি করা হচ্ছে। কাজেই বিরোধীরা দেখবেন যে তাঁদেরই আত্মীয়ন্বজন, প্রত্যেকটি বাণ্গালী সমাজের ছেলে এই প্রালিশ বাহিনীতে নেওয়া হয়। দুন্নীতি দূর করতে হ'লে . সেই মনোভাব নিয়ে দরে করা দরকার। শৃধ্যু ডেস্ট্রাকটিভ ক্রিটিসিজমে কিছু হবে না, সেই কনম্মাকটিভ মনোভাব নিয়েই একে বিচার করতে হবে। তারপরে যেটা উপস্থিত করা হয়েছে সেটা হচ্ছে গণতান্দ্রিক আন্দোলন এবং শ্রমিক আন্দোলন দমন সম্পর্কে। **আমার** মনে হয় যে এ সম্পর্কে কিছু, আলোকপাত করা প্রয়োজন। এই প্রশ্ন উঠিয়েছিলেন, বিশেষ করে শ্রীজ্যোতি বস্কুমহাশয়, লীডার অফ দি অপোজিসন, তিনিই তলেছিলেন এবং তাঁর প্রধান বস্তুবা যেটা ছিল, তার উপর ভিত্তি করে তিনি বলেছিলেন বার্নে নিমাই মিত্র বলে একজন নিহত হয়।

আমি এ-সম্পর্কে আপনার মাধ্যমে ্রলতে চাই যে, এই কার্য্যার্বলির আমরা ছ্বারতর নিন্দা করি এবং এই ধরনের শ্রমিক আন্দোলনের মধ্যে যারা কম্মী, নিঃসহায় অবস্থার ভাদেরকে মারা হয়, আহত করা হয় এবং হত্যা করা হয়, এটা জঘন্য কার্য্য। কিন্তু হিসাব

এমন একটা জিনিষ যার থেকে রেহাই পাওয়া যায় না ব মির্যাং হয়ে ফিরে আসে। আমি ষা **র্কার** আমার উপরই তা ফিরে আসে। কয়েক বছরের অভিজ্ঞতা থেকে আমি বলছি। ১৯৪৯ সালের নভেন্বর মাসে বেলঘরিয়াতে শ্রীকালীদাস বিশি যে শ্রমিক আন্দোলনে কাজ করতেন, তাঁকে হত্যা করা হয়েছিল এবং সে কংগ্রেস পক্ষের লোক এবং কারা এই হত্যা করেছে? এখানে বিরোধী পক্ষের লোক যারা আছেন তারা বুকে হাত দিয়ে বলনে তো কে দায়ী? ১৯৫১ সালে ডক অণ্ডলে তোবারক সন্দারকে লাল ঝান্ডা উড়িয়ে হত্যা করা হয়েছিল। সেখানে কেস হয়ে অসামীর সাজা হয়েছিল। তারপব ১৯৫৩ সালে ডক অণ্ডলে <u> बार्माकर्यं पे ज्ञाराहरू र जाना के जिल्ला के ज्ञा के इराहरू ।</u> সেখানেও কেস হয়েছিল, সালে হয়েছে। কর্নপারে ১৯৫৪ সালে পরপর ২টি হতা। করা रियोचिन। ১৯৫৫ সালে বেলেঘাটায় বোন মিলে একটি শ্রমিকের গায়ে পেট্রোল ঢেলে জত্মলিয়ে দিয়ে লাল-ঝাডা ইউনিয়ন তাকে রোণ্ট করে হতা। করেছে। আমি জিজ্ঞাসা করি যে এই ঘটনাগর্লি তাঁরা বিচার কর্ম এবং বন্ধ কর্ম এবং আজ যদি কোথাও শ্রমিক আন্দোলনে হত্যা করা হয়, আমরা তার ঘোরতর বিরোধী কিন্ত তাঁরা নিজেদের হাত আগে সম্বরণ কর্ন। ওঁরা এক অঞ্চলের ঘটনা বিশেষ করে বলতে চেয়েছেন। আমি আপনাকে আবার বলি জিই সিতে স্টাইক হ'ল। আমাদের বিবোধী পক্ষেব বন্ধ, শীরণেন সেন তার সভাপতি। সেখানে হরতাল পরিচালনার জনা ১৬২ জন শ্রমিককে আহত করা হ'ল, ১ জুনকে ছোরা মালা হ'ল, ১ জনকে রডা দিয়ে মাথা ফাটিয়ে দেওয়া হ'ল। এইভাবে সেখানে শ্রমিক আন্দোলন পরিচালিত হয়েছে। তারপর ডকের দিকে আস্ক্র, ওথানে পরিচালক লাল ঝাডা ইউনিয়নের নেতৃত্বে ডক্-মজদুর ইউনিয়ন, যাব সমর্থন ওঁরা কাল বক্কুতায় করবার চেণ্টা কবলেন। এখানে ও'বা লাল ঝাণ্ডা বাহিনীর প্রাইভেট আর্মি সর্থিট করলেন যার সভ্য সংখ্যা ২০৭ জন। ১৯৫৩-৫৪-৫৫ সাল পর্যন্ত তাঁদের একমাত্র প্রধান জীবিকা রাহাজানি, মানুষ খুন এবং আন্দোলনেব দেলাগান হচ্চে দেলা ডাউন অর্থাৎ কাজ কমিয়ে দাও। ফুর্ডাসপ যেসমস্ত আমাদের এখানে আসে তাদেব বহু বাধা পেতে হয়েছে। হাজার হাজার টনের খাদাবাহী জাহাজ ঘাটে এসে ৮।৯।১০ দিন ধারে পড়ে আছে, মাল नामाता स्य नि। कलकाणाव विद्यारे अस्त अवः जाद वन्मतद्वद भर्द्राष्ट्र यरथरहे। अथाता स्य মাল আছে যার উপর সাধারণ মধ্যবিত্তের এবং বহা শ্রমিকদের খাদা এবং জীবিকা নির্ম্বাহ করে সেখানে ফুডসিপএ হরতাল করে দেওয়া বত গাবার বাসেরে ব্রুতেই পারছেন। কিভাবে তা হল দেখনে সেখানে একটা গ্যাং কাজ করতো, ৬০।৭০ হাজাব টন যারা মাল নামাতো, তারা স্লো ডাউন, রাতিতে ১,৭২০ টন মাল নামাতে আরম্ভ করলো।

[Loud noise and interruptions from the Opposition Beaches.]

(এ ভযেসঃ সারা জীবন ত দলোলী করে গোলে) ১৯৫৫ সালে তিনটি থানায় যে সকল ক্রেস ডায়েরীতে আছে বা রেকর্ড এ আছে, পোর্ট পর্নালশ, একবালপরে ও ওয়াটগঞ্জ তা অতি সাঞ্চ্যাতিক। যে সমসত ডক প্রমিক ওদের ইউনিয়নের কথায় সেলা ডাউন করতে চায় নি ভাদের স্টাব করা হয়েছে, তার সংখ্যা ৬০টি। বিটিং বাই রডস্ ২৬৭, এবং তা ছাড়া এয়াসন্ট বাই হয়াডস্ বাই সারাউণ্ডিং দি ওয়ার্কার্স এবং রাহাজ্ঞানি করা হয়েছে, তার সংখ্যা তাঁগনিত। তারা ২।৪ পয়সা মাইনে পেয়ে ঘরে যাজ্ঞিল, তাদের সব কেড়ে নেওয়া হয়েছে। এরক্ম কেস মোট ১.১০২টা হয়েছে।

[10-50—11 a.m.]

এই স্লো ডাউন আন্দোলনের জন্য ক্যালকাটা পোর্ট কমিশনার্সএর পোর্ট রেডিনিউ এতে ঘার্টতি হয়েছে ১ কোটী টাকার উপর। ৬৩টি কোল জাহাজ কলিকাতা বন্দরে নামতে পারলো না এদের অত্যাচারে—ভিজাগাপট্রমে, সিলোনএ চলে গেল। [ডিসটার্বান্সেস।]

## 8j. Monoranjan Hazra:

স্যার, দেখন, ইরিলিভ্যান্ট বলছে।

Mr. Speaker: He is discussing the points raised.

#### 84. Kali Mukherlee:

ফলে ডেমোরেটিক মুভমেন্টকে হত্যা করা হয়েছে. এইভাবে ট্রেড ইউনিয়ন মুভমেন্ট করা যায় না, আমরা দেখেছি। আমরা দেখেছি ট্রেড ইউনিয়ন মূভমেন্টএর নামে তারা মানুষ খুন করে ডেমোক্রেসি প্রতিষ্ঠা করতে চান। আমি সেজন্য এই তথ্য পরিবেশন করতে চাইছি, ৬৩টি ক্ষেত্রে জাহাজ ১৯৫৫ সালে কলকাতা বন্দরে থেকে ফিরে ভিজাগ্, সিলোন এবং বোদেব চলে যায়। কলকাতার পোর্ট এইভাবে ১ কোটী ১৩ লক্ষ টাকা ল্বজ করল। শ্রমিক যা রোজগার করতে পারতো তা পারল না, যার মানে এটা সমগ্র বাংলাদেশের লোকসান। नाधात्र मधाविख याता लती जालिएस किनिय निरंस यास जाएनत कातवात नणे र'ल। এক্সপোর্ট ও ইমপোর্ট রেভিনিউ বাবত ১৫।২০ কোটী টাকা আমরা ল্,জ করেছি। এদেরই জন্য এইভাবে দেশের কত ক্ষতি হয়েছে। যারা গণতলের বৃলি আওড়ান, এই হচ্ছে তাদের রূপ ও পেশা। তাঁরা আজ বলছেন অম্ক জায়গায় অন্যায় হচ্ছে। আমি বলি তোরের তোমাদের নিজেদের সামলাও। আর একটী ঘটনা বলি, গেষ্ট কীন উইলিয়ামস এ্যান্ড কোম্পানীতে ১৯৫৫ সালে তাদেরই নেতা শ্রীশিবনাথ ব্যানক্ষীকে কমিউনিষ্ট পার্ট'ীর লোকেরা ঠেপিয়ে দিল। যদি একবার অন্যায় কাব্রু করতে আরম্ভ করা যায় তাহ**লে** তার শেষ নাই, এবং বুমির্য়াং হয়ে সেটা ফিরে আসে। যাহোক যে কথা বলছিলাম, যে এই ডকের কাজ সম্বন্ধে অনুসন্ধান করবার জন্য ভাসিষ্ট কমিশন এখানে এর্সোছল এবং সেই কমিশন সমস্ত শ্তরের ব্যক্তিদের সাক্ষী নিয়ে রিপোর্ট করলেন যে এখানে ফলিকাতা পেটে গ্রেতর মার, দার্গাহার্গামা চলছে এবং তার জন্য এখানে কাজকারবার বন্ধ হয়ে যাবার উপক্রম এবং এই অবস্থা যদি চলে তাহলে কলকাতা পোর্টে যদিও ৪৫০।৫০০ জাহাজ মাল নিয়ে যাওয়ার আশা করে তাদের অন্ধে কিকে বাধ্য হয়ে বন্দে, ভিজাগ অর সিলোনএ **চলে যে**তে হবে। यथन फ्लिंग्जेबन भाषा फ्लिंगे अधि करत, लाल मेन्सी भाषास निरस स्मिक তৈরী করে মানুষ মারা আরুভ হ'ল, খিদিরপ,র ডক অঞ্চলে তখন এমারজেন্সি ডিক্লেয়ার করা হ'ল এবং তারপরে দেখা গেল ১০।১২ ঘণ্টার মধ্যেই কমণ্লিট পীস ইন দি ডক এরিয়া ফিরে এলো।

আমরা দেখছি পুলিশ খাতে অনেব টাকা খবচ হচ্ছে, কিন্তু সেই টাকা কেন খবচ হচ্ছে? আমি তারজন্য কয়েকটা কথা এখানে প্রকাশ করতে চাই। আমি দেখলাম খ্রীবঙ্কিম ম্থাজনী অতানত সোবার বক্তা দিয়েছেন। খুব স্বন্দর, কিন্তু জানতে পারি কি বজ বজ পেটোল এলেকায় ১১ জন এমিক, বঙ্কিমবাব্র ইউনিয়নের প্রমিকদের দ্বার। প্রহাত হ'ল কেন? তাঁরা প্রহার করেন, হত্যা করেন। বিশ্তু এই আঘাত করবার কারণ কি? আবার ওঁরা গণতন্ত্রের কথাও বলেন?

এখানে দেখছি আমরা যে মোট প্লিশ খাতে খরচ করছি, তাতে ৪১,৯৭৯ জন প্লিশ ফোর্সের সংখ্যা আছে। অর্থাৎ ৫২২ জন ইন্সপেক্টার নিয়ে প্রায় ৪২ হাজার পর্নিশ ফোর্স আছে। কিন্তু তাতে আমরা এক একটা গ্রামে একটি প্রনিশ দিয়েও উঠতে পারি না। এবং ওঁদের বক্ততায়েই দেখতে পাবেন, বলা হয়েছে যে, গ্রামের মধ্যে সময়মত প্রবিশ যায় না, যখন তদন্ত করবার দরকার হয়, এবং তদন্ত করবার জন্য চেণ্টা পর্যান্ত হয় নি। এর একমাত্র কারণ হচ্ছে যে, সাফিসিয়েন্ট প্রিলশ ফোর্স আমাদের নেই। লোকে গাঁয়ে গাঁয়ে চাচ্ছে পর্বালশ দাও, কিন্তু আমরা তা দিতে পারছি না। ৬১৩ জন অধিবাসীর মাথা পিছ্ আমরা একটি করে প্রালশ দিতে পেরেছি। আরও আশ্চর্য্য হচ্ছি পশ্চিম বাংলায় ৬,৩০০টি প্রোসেসন হয়েছে ১৯৫৫-৫৬ সালে কলকাতা এবং তার আশেপাশে। এই সমস্ত প্রোসেসনএর মধ্যে 🖁 ভাগ প্রোসেসেন হচ্ছে পলিটিক্যাল পার্পসএ: এবং যা আমাদের বন্ধ্রা করেন। তার মধ্যে ১১৩টি প্রোসেসন হচ্ছে ভায়ে'লেন্ট প্রোসেসন, অর্থাৎ িল ছব্রুড়ে লোককে আক্রমণ করবার চেণ্টা করা; অথবা কোন জায়গায় কোন করেথানার ম্যানেজারকে ঘিরে দিনভোর আটক রাখা এই হচ্ছে তাদের গণতান্তিক পন্ধতি । সভাপাল মহাশর, আমি আপনাকে জিজ্ঞাসা করবো একি গণতদ্যের অধিকারে কারখানার শ্রমিকদের र्जानरत पिरत रमधानकात भारतकातरक मात्रापिन चिरत रतस्य ठाँरक रहन्भरनम कता? **ध**वर [11-11-10 a.m.]

## 8j. Narendra Nath Chosh:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় কংগ্রেস সদস্য শ্রীবি ক্ষিম কর মহাশয় যে তথা আমাদের সামনে পরিবেশন করলেন সেই তথাের সঙ্গে আমি একমত হ'তে পারলাম না। যদি তিনি তাঁর দেশ খানাকুল থানায়, অন্ততঃ বর্ষা, শীত ও গ্রীম্মকাল, এই তিন সময় কিছ্ দিনের জন্য সেখানে থেকে সেখানকার অবস্থা দেখে এসে এই তথা পরিবেশন করতেন তাহলে ভাল হ'ত।

মিঃ স্পীকার, স্যার, কয়েকদিন প্রেবর্ণ আমি যে মার্ডার কেস সম্বর্ণ্ধে প্রান করেছিলাম. তাতে ভল তথা পরিবেশিত হয়েছিল। আমি নিজে জানি যে, খানাকুলে ধামারিয়া ব'লে একটা জায়গায় গত এপ্রিল মাসে একটা মার্ডার হ'ল, এবং সেখানকার ৪২ জন আসামীর বিরুদেধ স্টেটমেন্ট দেওয়া হ'ল, তারমধ্যে কয়েকজন আসামী হাসপাতালে রইলো, কিন্তু, মিঃ স্পীকার, স্যার, আর্পান শনে আশ্চর্য্য হয়ে যাবেন, চার-পাঁচ মাসের মধ্যে কোন আসামীকে ধরে গ্রেণ্ডার করবার চেণ্টা পর্যান্ত হল না. অধিকন্ত থানা থেকে বারবার চেন্টা হ'তে লাগলো: যাতে দুই বিঘা জমি নিয়ে, আর কিছু নগদ টাকা নিয়ে, যাকে হত্যা করা হয়েছিল তার ছেলেকে দিয়ে, ঐ মামলাটা কোন রকমে শেষ করে দিতে পারে। স্থানীয় জ্ঞানসাধারণ প্রলিশের কাছে আবেদন করতে লাগলো, কিন্তু ফল কিছু হ'ল না। তারপর প্রায় সাডে চার-পাঁচ মাস পরে সংপারিনেটন্ডেন্ট অফ প্রলিশএর সঙ্গে দেখা করে বিস্তারিত আলোচনা করা হ'ল এবং তাঁকে চিঠি দিলে, কাজ হ'ল, কিছ, দিন পরে প্রিলশ ইনভেণ্টিগেশন করবার চেণ্টা করেন। এবং তার কিছ, দিন বাদে দেখা গেল প্রলিশের স্বারা করেকজন বান্তি এটারেন্ট হ'ল; কিন্তু তখনও দেখা গেল চেন্টা হতে লাগলো যাতে কেসটাকে ধামা চাপা দেওয়া যেতে পারে। এই হচ্ছে আমাদের দেশের অবস্থা। ডাকাতির সংখ্যা আরামবাগ মহকুমায়, বিশেষ করে খানাকুলে কি অবস্থা, তা আপনি সরকারী নথিপত্তের মাধামে नम्न, यिन সেখানে গিয়ে তথা সংগ্রহ করতে পারেন, তাহলে দেখতে পাবেন সরকারী যে সমস্ত তথা আছে তার চেয়ে ঢের বেশী চুরি, ডাকাতি, খন-থারাপী সেখানে হচ্ছে। কোথাও ডাকাতি र'ला, जात थवताथवद्र प्रनात कना ज्यानको थानाम । यात ना। कात्रम, भाननीम अपना न लिनवाद, भर्दा एवं कथा वर्ज शिखा हिन, एए ऐका पिछ छाताती केवर देश : भूध छाटे नह ঐ ডায়েরী কাটাবার জন্য আড়াই টাকা থেকে আরম্ভ করে আড়াই হাজার টাকা দিয়ে, এটা কাটিরে পর্বলিশ অফিসাররা সেখানে অনুসন্ধানের জন্য যান এবং কয়েকদিন ধরে সেখানে থেকে মাছ, মুড়া, ভিম, মাংস ইত্যাদি বেশ পেট ভ'রে থেরে থাকেন। কিন্তু একে তার সর্বন্দ্র গিরেছে, তারপর তাদের জন্য যদি তাকে মাছ, মাংস প্রভৃতি নানা প্রকার খাবার সংগ্রহ করতে হয়, তাহলে তাকে সর্বন্দ্রান্ত হ'তে হয়, এবং অনেক সময় অনেকে তা পারে না। ফলে দেখা যায় সেখানে কিছুই হয় না, আসামী ধাওয়া হয়, ধয়া পড়ে না, আসামীয় কোন রকম সাজা হয় না। এই ত হ'ল আমাদের প্রিলশের অবন্ধা। আর একটা ঘটনার কথা বলছি। ডিহিবাগানে একটা ডাকাতি হয়: সেখানে বামাল একজনকে তার বাড়ীতে পাওয়া গেল, এবং তার প্রমাণপত্র পর্যান্ত্র পাওয়া গেল; তারপর কেসটা সেসনএ গেল। দেখা গেল জনয়াথপরে হচ্ছে আসামীর বাড়ী, আর তার থেকে ঠিক দ্-মাইল দ্রে কৃষ্ণপুরে জরী নিযুক্ত করা হয়েছে। আমি ব্রুত্ত পারলাম না সরকারী আইনে এই রকম কোন বাবন্ধা আছে কিনা, যে আসামীর বাড়ীর কাছা-কাছি লোককে জ্রীর পদে নিযুক্ত করা হয়? অবশ্য কিছু সেলামীর বাবন্ধা করে দিতে হয়েছিল ঐ আসামীকে; কিন্তু, সে মুক্তি পেয়ে গেল, তার কোন সাজা হ'ল না। এই হচ্ছে আমাদের দেশের প্রকৃত অবন্ধা। তাই আমি মাননীয় কংগ্রেসী সদস্য বিক্রয়বার্কে অনুরোধ করবা, তিনি মাঝে মাঝে দেশে গিয়ে, সেখানকার কি প্রকৃত অবন্ধা, সেটা দেখে এসে, এখানে তথ্য পরিবেশন কর্ন। বছরে তিনি বোধহয় দেশে একবারও য়ান না।

মিঃ দ্পীকার, স্যার, আমাদের দেশের এই যে অবস্থা, এই অবস্থার প্রতিকার করতে হ'লে সরকারকে চেণ্টা করতে হবে, যাতে তাঁদের কম্মচারীদের মধ্যে অসাধ্বতা দ্রীভূত হয়; তা না করতে পারলে, বিশেষ করে আমরা যারা পাড়াগাঁ অগুলে থাকি, তার কোন রকম কিছু হবে না।

এই গত বংসর সেখানে যে ডাকাতি হয়েছে—সেখানে ফায়ার আর্মস্ ব্যবহার হয়, একজন সংশ্য সংশ্য মারা গিয়েছে, আর একজন হাসপাতালে থেকে স্মৃত্য হয়ে উঠেছে, সে ডাকাতির কোন কিনারা হ'ল না।

আর একটা কথা, ছোটখাটো চুরি হ'লে র্যাদ থানায় ডায়েরী করতে যেতে হয় থানার অফিসাররা প্রথমে ডায়েরী করতে চান না, এবং যদিও বা করেন সে কেস তদন্ত করবার জন্য আসবার তাদের সময় হয় না। এ নিয়ে লেখালেখি করলে জবাব পাওয়া যায় পর্নিলশ কর্ম্মানারীর সংখ্যা কম কাজেই ছোটখাটো কেসে সব জায়গায় তদনত করতে যাওয়া সম্ভব হর না। কিন্তু যখন কংগ্রেস ন্বারা সংগঠিত কোন সভা হয় বা মন্ত্রীদের অভার্থনার জন্য সভা হয় সেথানৈ ত সে সব সভায় যাবার জন্য প**্লিশের কোন অভাব হয় না।** সেখানে ত দেখা যায় সভা আরম্ভ হবার নিম্পারিত সময়ের বহ, প্রেব সেখানকার আনাচে-কানাচে पर्टम पर्टम शास्त्र । उथन रम मय भी निम काथा थिए आरम? এই कथाहो, म्भीकात-মহাশাম, আপনার মাধ্যমে মন্ত্রীমহাশায়কে জানাচ্ছি, তাহলে তিনি এর উত্তর দিতে বাধ্য হবেন। প्रिक्तित्मत्र स्थमत प्रामीिज्य कथा ब्रह्माम स्मिट्ट कातर्श जन्माना विद्यार्थी भूपभारपत्र मुद्रुत्व সংগে স্বর মিলিয়ে বলব প্রলিশের এইসব কর্তব্যে অবহেলা দ্বে করতে হলে তাদের মধ্যে যে দুনীতি রয়েছে তা কঠোর হস্তে দমন করতে হবে, পুলিশ কর্ম্মচারীদের অপরাধ প্রমাণিত হ'লে তাকে নামে মাত্র সাজা না দিয়ে যদি সরকার আদর্শ সাজার ব্যবস্থা করতে পারেন তাহলে আমার মনে হয় তাদের মধ্য থেকে দুনীতি দুরীভূত হবে। এবং তখন সত্যকারের কাজ প্রালিশ অফিসাররা করতে পারবেন। তা যদি না করেন, তাহলে যত বেশী টাকাই প্রিলের জন্য ধার্য্য করেন না কেন সে কেবল ভল্মে ঘি ঢালার মতন হবে। প্রকৃত काक किছ्दे रदा ना। এ कराजी कथा व'ला आमात वक्षवा माथ कतनाम।

#### 8]. Haripada Baguli:

মাননীয় স্পীকারমহাশয়, প্রিলশ বাজেট আলোচনা প্রসংগ্য প্রিলশের বাবদ ব্যয় কেন বাড়ানো উচিত সে সম্পর্কে সরকার পক্ষ থেকে অনেক যুদ্ধি দেখানো হয়েছে এবং প্রিলশ যে অনেক ভাল কাজ করেছে সে কথাও বলা হয়েছে, কিন্তু ইংরেজ আমলে প্রিলশ যা ছিল, প্রিলশকে আমরা যেভাবে দেখেছি, আজ কি তার সেই প্রকৃতির কিছু পরিবর্তন হয়েছে? আমাদের সরকার পক্ষের যাঁরা তাঁরাই বল্ন, অনেক কংগ্রেস কম্মী এখানে আছেন, তাঁরা এবারে এখানে আসার আগেকার একটা ঘটনা বলি। স্কুলরবন নাকি প্রিলশের পেঁনাল হন্ধ নাই, তারা আগে যা করত এখনো তাই করছে, তবে একট্ মার্জিতভাবে, আগে তারা গ্রামে গিয়ে প্রকাশ্যভাবে, সকলের সামনেই দর কষার্কায় করে টাকা আদার করত, এখন সেটা গোপনে নিচ্ছে। এ সম্বন্ধে আমি ২।১টা তথা আপনার কাছে উপস্থিত কর্রাছ।

এবারে এখানে আসার আগেকার একটা ঘটনা বলি। স্কুলরবন নাকি প্রলিশের পেনাল চেন্দন এবং প্রলিশের মধ্যে যারা ক্রিমিন্যাল তারাই বোধ হয় সেখানে যায়। এখন ঘটনাটা দ্বন্ন, একজন ভাগচাষীর বাড়ীতে বদমায়েসীর উদ্দেশ্যে একজন ভাগচাষীর বাড়ীতে বদমায়েসীর উদ্দেশ্যে একজন ভাগচাছের লোক গিয়ে ধরা পড়ে। লোকটী কায়াকাটি করে দোষ স্বীকার করাতে মান নন্ট হবার ভয়ে পাড়ার লোকেরা তাকে সসম্মানে ছেড়ে দেয়, তাকে কোন রকম মারধাের বা অপমান করে নি। লোকটী ছাড়া পেয়ে চলে যায়। কয়েকিদন পরে দেখা গেল, লোকটী সেখান থেকে সসম্মানে ছাড়া পেয়ে এসে থানায় গিয়ে একটা কেস্ করে দিয়েছে। থানার ছোট বাব্ যান সে কেসের তদন্ত করতে। সেই ছোট বাব্র সঙ্গো আমার দেখা হয়েছিল, আমি তাকে সত্য ঘটনাটা কি জেনে আস্কুত বলি এবং ফেরার পথে ঘটনার সত্যতা আমাকে জানিয়ে যেতে অন্রোধ করি। পরের সংবাদ ঐ ছোট বাব্র সেই গরীব চাষীর বাড়ী থেকে দশ টাকা নিয়ে এসেছে।

তা ছাড়া স্কুলরবনের নদীপথের ডাকাতি প্রিলশ কিছুই করতে পারে নি, আমি যতদ্বে জানি তারা একটা কেসেরও কিনরা করতে পারে নি। নৌকা ডাকাতি হচ্ছে, মেদিনীপ্রের প্রিলশ বলে ওটা ২৪-পরগণা এলেকায় হয়েছে, আর ২৪-পরগণার প্রিলশরা বলে হয়েছে মেদিনীপ্রের এলেকায়। এর কোন মীমাংসা না হওয়ার ফলে শেষ পর্যাণত ডাকাতি কেসের তদন্তই হয় না। ডায়মণ্ডহারবার নদীপথে যে-সব ডাকাতি ও রাহাজানি হয় তার সক্ষেধে অনেক আগে বলেছি কিন্তু কোন প্রতিকার হয় নি। এ-বংসর বন-বিভাগের করেকজন কর্মানী নিহত হয়েছে তার প্রতিকার হয়েছে বলে শ্রিনি। তার পর একটা ধান বোঝাই নৌকার দাঁড়ি মাঝিদের খুন করে সমস্ত ধান লুঠ হয়ে গেল, তার পর্যানত কোন প্রতিকার হ'ল না। যারা মাছধরা জাল নিয়ে সমুদ্রে মাছ ধরতে যায়, তাদের মধ্যে ডাকাতও থাকে। তারা দিনের বেলায় বাজার করার নামে ডাঙগায় উঠে কার বাড়ী টাকা-কড়ি আছে তার খেলি নেয়, রামে সেই বাড়ীতে ডাকাতি করে। একবার তারা দিনের বেলায় একটা বাড়ীতে ডাকাতি করে। একবার তারা দিনের বেলায় একটা বাড়ীতে ডাকাতি করে। বাছার নাম। তাদের চিংকারে বাড়ীচড়াও হয়। সেখানে অনেক মার-ধোর করেও কিছু পায় না। তাদের চিংকারে পাড়ায় বহু লোক ছটে আসায় ডাকাতরা পালিয়ে যায়। পরের দিন পাড়ায় অন্য বাড়ীর একটীছেলে থানায় সংবাদ দিতে গিয়েছিল, থানা-প্রিলশের চড় থেয়ে তাকে ফিরতে হ'ল। ডাকাতিকে চুরি ব'লে ডায়েরীভুক্ত ক'রে কোন প্রতিকার হয় নি।

[11-10-11-20 a.m.]

তারপরে মল্টীমহাশয় বলেছেন, বেওয়াখালিতে প্রলিশের ঘাঁটি আছে। কিল্কু বাস্তবিক
পক্ষে সেখানে কোন প্রলিশের ঘাঁটি নাই। প্রলিশ যায় গোয়ালপাড়া গ্রামে, সেখানে ৯টা
ভাকাত আছে, জরয়র ঘর আছে, মদের ভাটী আছে, সেখানে তাদের মাসকাবারী আয় ভাল
ৢহয়। আর অপরাধজনক কাজ যা তা আজ পর্যশ্ত কর্মেনি বা বন্ধ হয় নি।

তারপর, সাগর থানা যেটা সেটা ইংরেজ আমলে তৈরী হয়েছিল শিকার করতে গিয়ে যাতে ভাল আশ্রম স্থান হয়, সেইদিকে লক্ষ্য করে সেটা এলেকার একপ্রান্থেত ওা নদীর দ্বাদক থেকেই লোক আসে, ১৭।১৮ মাইল পর্যান্ত পায়ে হেটে লোক আসে। বহু অপরাধের থবর তারা নিয়ে আসে, যে থবর আসে তা তারা সাদা কাগজে ভায়েরী করে নেয়। আমার বন্ধরা যে বলেছেন ভায়েরীর দক্ষিণা পাঁচ সিকা তাতো আছেই, আর যে-সব চিচিপয় লিখে দেয় তাতেও ঐ পাঁচ সিকা দিতে হয়, লাগে না কেবল আমি যেগ্রিল লিখে দিই, তাতে অন্যান্য লোকদের বেলায় তা দিতে হয়। আমি একটা প্রস্কাত করছি, থানায় যারা ভায়েরী করাতে আসে, তারা যে ভায়েরী করায় তার একটা কপি যেন তাদের সঙ্গো সঙ্গোই দেওয়া হয়, তাহলৈ কি ভায়েরীতে লিখে নিলে ভারা ব্ঝতে পারবে। আর থানাটাকে এক পালে. যে রয়ছেছে সেখান থেকে সরিয়ে মাঝখানে নিয়ে আসার জনা প্রস্তাব করি।

তারপরে আচার্যা কুপালনী সেদিন লোকসভার বলেছেন, তাঁর সপো সব সময় গোরেন্দা প্রিকাশ থাকে। আমিও তা দেখে আসছি। যতিদিন কংগ্রেস কম্মী ছিলাম তখন মাঝে মাঝে তাদের দর্শন পাওয়া যেত; মাঝখানে কিছ্বদিন সরকারী চাকরী করেছিলাম তখনও তারা ছিলা, স্বাধীনতা লাভের পর কয়েক বছর তাদের দেখি নি, এখন কংগ্রেস ছেড়ে দিয়েছি, আবার তারা আসছে। তখনো কোন হিংসার কাজ করিনি, আমি চিরকাল আহিংস আন্দোলন করেছি, কাজেই তাদের ভয় করি না। এবং তারা চেন্টা করেও আমার ক্ষতি করতে পারে নি। আমি আগেই বলেছি প্রলিশের প্রকৃতি বদলায়নি। এই কথা বলে প্রলিশ বাজেটের যে বায়ব্রান্দ ধরা হয়েছে তার বিরোধীতা করছি।

#### Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় প্পীকারমহাশয়, বিটিশ রাজত্বের সময় গভর্ণমেন্টকে প্রালসরাজ দেখা হলে বলা হ'ত, সেই যে প্রলিশরাজ শ্রু হয়েছে আজও তা শেষ হয় নি। যদিও আমরা দেখতে পাছি বর্ত্তমানে প্রলিশ বিভাগে বহু শিক্ষিত যুবক তারা দেশ-সেবকের মত কাজ করতে চায় কিন্তু এই বিভাগ পরিচালনায় যে ব্রুটি আছে তাতে তাদের অমান্র করে তোলে। এই সম্পর্কে আমি বলতে চাই, জাতীয় গভর্ণমেন্টএর এই যে-সব মন্ত্রী আছেন তাঁদের ৪ জন মন্ত্রীকে পাহারা দেবার জন্য ৪ সিফ্ট্এ, প্রলিশ অতিরিক্তভাবে নিয়োগ করা হয়েছে। অথচ গ্রামাণ্ডলে দেখতে পাছি বিভিন্ন থানার, বিশেষ করে খড়গপ্র থানার কথাই বলি, সেখানে ১৪টি ইউনিয়নএ ১৪টি কনটেবলও নেই। এইভাবে শান্তিরক্ষা করা কি করে সম্ভব তা আমরা জানি না। এই বিভাগ পরিচালনার দ্টোন্তস্বর্প আমরা বলতে পারি খড়গপ্র টাউন থানার অধীনে কমলা পাঁড়ে নামে একজন বিখ্যাত গ্রুডা, ডান্তার রায়ই এক সময় বলেছিলেন যে একে একটা নটোরিয়াস গ্রুডা এবং তাকে মেদিনীপ্র থেকে একটাভার রায় অবগত আছেন কিনা জানি না, তাঁর প্রিয় উপ-মন্ত্রী চিত্তরঞ্জন রায়ের কথামত এই এক্সটার্ণমেন্ট অর্ডার বাতিল করে দেওয়া হয়: খড়গপ্রের জোকের বিশ্বাস তাঁর মেয়ের বিবাহের সময় কয়েক হাজার টাকা পান খেতে নেওয়া হয়েছে।

দ্বিতীয় কথা, মেদিনীপুর সহরে একটা চুরির তদন্তের জন্য দুইজন দারোগা ও কয়েকজন পর্লিশ কনভেবল বড়বাজারের শীতলা দেবীর মন্দিরে যান এবং জ্বতা পায়ে মায়ের মন্দিরে প্রবেশ করে। সেখানকার লোকে তখন নিষেধ করে, কিন্তু তা সত্ত্বে সে-কথা না **गान्त भूमिंग जारा भारत प्रांमरा**तत प्रारंश श्वादम करत अवश अहे त्रकेप्रचारव रेमवीत प्रांमरातत পবিত্রতা নন্ট করে এবং তদন্তে মন্দিরে কিছুই পাওয়া যায় না কিন্তু যাঁরা নিষেধ করেছিলেন, সেই অপরাধে কয়েকটী লোককে ধরে নিয়ে গিয়ে থানায় আটকে রাখে। এদের জামিনের জন্য মোক্তার যায় এবং তাঁকেও অকথ্য ভাষায় গালি দিয়ে অপমান করা হয়। সেই সময় ডি. এম. ও এস. পির কাছে এই ব্যাপারের তদন্ত করতে বলা হয়। তারপর ডি, এস. পি. ইন্সপেক্টর অফ প্রনিশ, স্থানীয় এম, এল, এ, মিউনিসিপ্যাল কমিশনারএর ম্বারা তদুক্ত করা হয় এবং তাকে অর্থাৎ সাব-ইন্সপেক্টরকে দোষী সাবাস্ত করা হয়। কিন্তু এর পরে प्रभा शिल रय राष्ट्रे माव-रेन्मरभङ्गेतरक ७, मि, करत एम छहा र ल। **এই**ভাবে प्रार्थी प्रान्त स्वर প্রোমোশন দিয়ে কিভাবে তাদের আরো নণ্ট করা হচ্ছে। তারপর বালিচকে, কল্যাণ দাস মাড়োয়ারী, মিলওয়ালা (ধানকল), তার গ্র্দামে একজনকে হত্যা করে ল্বকিয়ে রাখে। থানার যারা এই ডায়েরী করতে যায় তাদের আটকে রাথা হ'ল। তারপর সেখানকার লোকেরা আবর এস, পির কাছে। তখন তদন্তের ব্যবস্থা করা হয়। কিন্তু আগেই সেই রাত্রে থানা থেকে যোগাযোগ ক্রমে সেই লাস্কে পেট্রল ঢেলে পর্যুভ্রে দেওয়া হয়। তদন্তের শেষ চিহুট্কু পর্যান্ত লোপ করে দেওয়া হ'ল। এবং তারপরে নামমাত একটা তদুক্তের বাবস্থা করা হয়েছিল। এখানে এমন একটা ষড়যন্ত্র করা হয়েছিল এবং কথা হয়েছিল যে বারাই প্রবিদশের বির্দেশ সাক্ষী দেবে তাদের পরিণাম অতি ভয়ৎকর।

প্রিলশের আর একটা ব্যাপার বিল। বাসগ্রনিতে প্রিলশের লোকেরা বিনা পরসায় স্বাহাত করে। তাই এখন ওভার-ক্রাউডিং ধরা হয় না। দুর্ঘটনা ছটলে বহুলোক হতাহত হর। তারপর আবার আমাদের পল্লীগ্রাম অণ্ডলে কংগ্রেসীরা পর্নলিশের দলের অনতকুন্ধ হরে গিয়েছে দেখছি। এবং তারাও বিনা পয়সায় তাদের আত্মীরস্বজন নিয়ে চলাফেরা আরক্ষ করেছে। বাসওয়ালারা রীতিমত এদের ভয়ে ভয়ে চলে। পর্নলিশের আত্মীরস্বজনের ত কথাই নাই, শৃথ্য তাই নয়. প্রতোক ফাঁড়ীর সংগ্য বাসওয়ালাদের মাসিক বন্দোবস্ত আছে। এই যদি প্রলিশের পরিণতি হয় তাহলে প্রলিশমন্তী, ম্থামন্তী ও অর্থামন্তী জনসাধারণের কাছে কি করে সহযোগিতার আশা করতে পারেন। এইভাবে মান্থের কিভাবে সততা বা মোরেল ঠিক রাথতে পারবেন। দুক্তকারীরা যদি প্রলিশের এই রকম সাহাযা পায়, তবে প্রলিশের সংগ্য দেশের লোকের কোন সম্পর্ক থাকতে পারে না।

#### [11-20-11-30 a.m.]

8j. Dalbahadur Singh Cahatraj: Mr. Speaker, Sir, I support the demand made by our Chief Minister in this Police Budget. As I have heard our friends from the opposite side, I have learnt something of their heart and I should express in a few words what I know. I may tell them that where there is a Government, the Government must have a police. An efficient and dutiful police force can be maintained only if proper salary and emolument are paid to them. When this country is in its making, there have been individual enemies and there have been different policies of different enemies that have stood in the way and have been trying to stand in the way of advancement of the country. There must be a strong police force to stand by the Government especially when it is embarking on various ambitious schemes and projects. My friends opposite will be very happy if there is no Police Department so that they can commit crimes, so that they can fulfil their ambitions in accordance with their policies which are directed towards the destruction of the country and its peaceful inhabitants. I would request my Chief Minister that more expenditure should be incurred to pay these police personnel nicely so that they can afford to look after their school-going children properly. In this connection I may be permitted to mention that there are many police officers and employees who are transferred in the midst of the year leaving behind their children who are school-going. They have to meet additional expenditure on this account. I should make a prayer that instead of cutting down the police expenditure, it should be increased so that they may be provided with better amenities, so that they may be more dutiful in helping to maintain law and order. This is all I have to say, Sir.

#### 8j. Balailal Das Mahapatra:

\* মাননীয় দ্পীকারমহাশয়, গতকল্য মাননীয় দ্বরাণ্ট্রসচিব মহাশয় বাজেটের প্রালিশ বরান্দ উপস্থিত করে প্রনিশের বহু প্রশংসা করেছেন এবং কি কারণে প্রনিশ বরান্দ বাড়ানো দরকার, তার উল্লেখ করেছেন। তিনি বলতে চান যে সমাজবিরোধী কার্য্য দমনের জন্য, শানিত ও শৃত্থলা রক্ষার জন্য প্রনিশের একান্ত প্রযোজন, সেজনা তিনি এটা করেছেন। ঘাফিক প্রনিশেরও তিনি খ্র প্রশংসা করে গেছেন, তাদের কর্ত্ব্য সম্পর্কে উচ্ছুন্নিত প্রশংসা করেছেন। শৃত্র নয়, তারা কত কর্ত্ব্যপরায়ণ সে-কথা বলতে গিয়ে পশ্ভিত নেহেরুকে পর্যান্ত টেনে এনেছেন। রুশ নেতাগণ যথন এখানে আসেন, তথন প্রলিশ যেভাবে শান্তিও শৃত্থলা বজায় রেখেছিল, তার জন্য তিনি নাকি তাদের যে উচ্ছুন্নিত প্রশান করেছেন তা ভাষায় বর্ণনা করা যায় না, কিন্তু আমরা মনে করি রুশ নেতারা যথন এখানে এসেছিলেন, তথন প্রলিশ এমন বিশৃত্থলার স্ট্টি করেছিল এবং তারা এমন কর্ত্ত্বাহীনতার পরিচয় দিয়েছিল যাতে করে সমগ্র বাংলাদেশের মাথা লক্জায় নৃইয়েগেছে বিদেশের কাছে। যাহোক্ এখানে উনি বললেন যে গ্রুডান্দমন হয়েছে, চুরি-ভাকাতি কমে গেষ্টে, দেশে শান্তি শৃত্থলা বজায় আছে। কিন্তু আজকের 'ব্রগান্তরে' একটা সংবাদ বেরিরেছে, সেটার প্রতি আমি আপনার দ্বিট আকর্ষণ করিছ। কিছ্বিদন পূর্বে এস, এন

মুখাজনী, মহাশার, আপনাদেরই একজন বড় অফিসার, প্রালিশরা কত বড় ঘ্রথোর, বিশেষ করে ট্রাফিক প্রিলারা কত বড় ঘ্রথোর তার একটা বিবরণ দিরেছিলেন। তার আজ পর্য্যন্ত যে কি হ'ল তা আমরা জানি না। বিরোধী দল যদি বলতেন, তাহলে বলতেন ওরা কেবল গালাগালি করে, নিন্দা করে, এটা তাদের অভ্যাস। কিন্তু সেটা আপনাদেরই একজন বড় অফিসার বলেছিলেন, সেটার কি হলো তা আজ পর্য্যন্ত জানতে পারলাম না। কিছুদিন আরো ৩০০।৩৫০টা বে-আইনী টেলিফোন ধরা পড়েছে। আমরা একটা গ্র্জব শ্র্নছি, যে অফিসার ধরেছিলেন তাঁকে নাকি ট্রান্সফার করার চেন্টা হচ্ছে, শ্রেছি জলপাইন্ডিতে। প্রিলারের মধ্যে যে ২।১০ জন ভাল লোক আছেন সে কথা আমরা বিশ্বাস করি কিন্তু সেখানে ভাল লোকের পথান নেই। আজ প্রিলাশ কেমন স্বন্ধরভাবে কাজ করছে, তারা কত কর্ত্তব্যপরারণ, তেমন কেমন শান্তি শৃত্থলা রক্ষা করছে, সমাজ বিরোধী কার্য্য বন্ধ করছে তার একটা উদাহরণ আপনার সামনে দেবো। আজকের 'যুগান্তরে' একটা সংবাদ বেরিরেছে।

#### Mr. Speaker:

কেন ওটা পড়ে সময় নত্ট করছেন, পয়েন্টস বল্বন না।

#### Sj. Balailal Das Mahapatra:

না স্যার, এটা বলতেই হবে। একজন হাওড়ার পর্নিশ অফিসার বিজ্ঞাপন দিয়েছেন। এখানে হাওড়ার বিষ্কমবাব্ বলে গেলেন যে পর্নিশ খ্ব কর্ত্তব্যপরায়ণ, চুরি-ডাকাতি, অনেক কমে গিয়েছে। কিন্তু তাঁর কর্নাণ্টিটিউয়েন্সীর প্রিলশ অফিসার কি বলছেন শ্বন্ন স্যার।

"গ্ৰহম্থ সজাগ থাক।

চুরি ॥

চুরি ॥

সহরের জানালা, দরজা ও গরাদ ভাষ্গা চোরের উপদ্রব বেড়েছে
সাবধান! সাবধান!

- ১। আপনাদের বাটীর প্রত্যেক দর্জা ও জানালা মজবৃত কর্ন। মজবৃত করার উপায় হ'ল জানালায় মোটা শিক্ লাগান, দরজায় মজবৃত কাঠের পাল্লা ও ভিতরে লোহার মজবৃত ছিট্রোনির বাবস্থা করা। তাহা হইলে দেখবেন চোরেরা সহজে ঘরের ভিতরে ঢ্কতে পারবে না।
- ২। চোরেরা অনেক সময় আপনাদের গভীর ঘুমের সনুযোগ নিয়ে জানালার গরাদ বা দরজা ভেগে ঢোকে। কিন্তু আপনারা যদি একট্ব সজাগ থাকেন ও উপরের কথা মনে রাখেন ভাহলে তারা এ সুযোগ হারাবে ও চুরি বন্ধ হবে।

চুরি বন্ধ করাই আমাদের উন্দেশ্য। আপনাদের সাহায্য করিতে আমাদের সাহায্য কর্ন।

গ্রীকরালীচরণ বস্তু,

হাওড়া জেলা আরক্ষাধ্যক্ষ।"

এই হ'ল অবস্থা। স্পীকারমহাশয়, আপনার এরিয়ায় এই অবস্থা। কাজেই চোরের উপদ্রবে
যদি আমরা রাচে নিশ্চিন্তে ঘ্মাতে না পারি, তাহলে কেন আমরা কোটী কোটী টাকা
প্রিলশের পেছনে খরচ করবাে? অখন্ড বাংলায় যেখানে প্রিলশের বরান্দ ছিল ২ কোটী
৫৮ লক্ষ টাকা, আজ সেখানে সেটা পরাক্ষ এবং প্রত্যক্ষভাবে এসে দাঁড়াচ্ছে ১০ কোটী
৯২ লক্ষ টাকা যেটা কালকে জ্যোতি বস্মহাশয় বলে গেছেন এবং বাজেটে বরান্দ হয়েছে
৭ কোটী ১৫ লক্ষ ৩২ হাজার টাকা। কাজেই এত টাকা আমরা বরান্দ করবাে কেন যদি
আমরা রাত্রে ঘ্মাতে না পারি, যদি আমাদেরই সব ব্যবস্থা করে নিতে হয়। আমি মনে করি
আমাদের দেশে প্রায় ৫০ হাজার প্রিলশ রয়েছে। যেখানে দেশের লক্ষ লক্ষ মান্য খেতে
পায় না, একটা আশ্রয় পায় না, আশ্রয়ের অভাবে পথে ঘ্রের ঘ্রেরে বেড়ায়, যেখানে লক্ষ
ক্ষ শিশ্র একট্র দ্রধ পায় না, সেখানে এই সমস্ত দ্নীতিপরায়ণ, কর্ত্রবিহীন এবং
কায়েছজ্ঞানহীন প্রিলশের জন্য আমরা কেন এত বায় করবাে, আমাদের মুখ্যমন্দী মহালয়

ভার ছবাব দিন? তিনি আজ পরিব্দারভাবে বলনে যে তাঁকে রক্ষা করার জব্য, তাঁর মিটিংএর ব্যবস্থা করবার জন্য, গণতাশ্বিক আন্দোলনকে দমন করবার জন্য, কৃষকু-মজ্বর আন্দোলনকে দমন করবার জন্য, পাতাশ্বিক আন্দোলনকে দমন করবার জন্য, কৃষকু-মজ্বর আন্দোলনকে দমন করবার জন্য, প্রিলেশের পেছনে এই ১০ কোটী টাকা থরচ করবো। আমার সময় খব কম, কাজেই আমি সময় নল্ট করবো না। মুখ্যমন্দ্রী কিছুদিন আগে দীঘার গিয়েছিলেন, দীঘা আমার কনন্দিটিউরেন্সী। রামনগরে প্রিলেশের কি অত্যাচার চলেছে, কি জ্বাম চলেছে, কি রকম জ্বারারীর আন্ডা চলেছে, চোলাই মদের কারবার চলেছে, তার সমস্ত উদাহরণ দিতে গেলে আমার দ্বাঘার বিশ্বে চোলাই মদের কারবার চলেছে, তার সমস্ত উদাহরণ দিতে গেলে আমার দ্বাঘার বাজা বদি বে'চে থাকতেন তাহলে কলিযুগের এই রামরাজত্ব দেখে তিনি লজ্জা পেতেন। আজ সেখানে রামরাজত্ব চলছে, সেখানে চুরি-ডাকাতি অবাধে চলছে, গ্রুডামী অবাধে চলছে, জ্বা অবাধে চলছে, মানুষের উপর নির্য্যাতন অবাধে চলছে। দেশের লোক ডাঃ রায়কে মুখ্যমন্দ্রী বলুন, স্বরাণ্ড্রমন্দ্রী বলুন, কিন্তু আমারা বলি তাঁর মত আর দ্বেল লোক কল্পনা করা যায় না, যার জন্য তাঁকে আজ কেউ ভয় করে না।

## [11-30—11-40 a.m.]

তাই যদি না হবে তাহলে রামনগর থানার প্রিলশ কম্মচারীরা এত সাহস পায় কোথা থেকে? রামনগর থানার অধিবাসীরা যথন আর অনাচার সহা করতে না পেরে তারা প্রতিবাদ আরম্ভ করল, তথন এই গ্রামবাসীদের জব্দ করবার জন্য গত ২৫শে এপ্রিল, ১৯৫৫ তারিথে প্রিলেশর যোগসাজসে জ্বাড়ী প্রসন্ন দাস তার নিজ গ্রে আনিন সংযোগ করে প্রিলশের বারা গ্রামবাসীকে সায়েম্চা করার বাবম্থা করেছিল। ঐ তারিথে প্রিলশ গ্রামবাসীর উপর নিষ্ঠ্রর অতাাচার এবং গ্রামবাসীগণকে দাংগা, বে-আইনী জনতা, গ্রে আমিন-সংযোগ প্রভৃতি নানা গ্রেত্র অভিযোগে অভিযুক্ত করে সন্তাসের সৃষ্টি করেছিল। মাননীয় দায়য়া জক্ত সকলকে ম্রিছ দিলেন। এবং সরকারকে এই বিষয় জানান হয়েছিল কিন্তু সরকার এটা চাপা দিয়ে দিয়েছেন। সেইজনা রামনগর থানার অধিবাসীরা দায়োগা ভবতোষ সংপর্থী, জমাদার কালীপদ চাটাম্পি ও রমনীমোহন সেনগ্ন্ত এবং অনাান্য প্রিলশ যারা এর সহিত প্রতাক্ষ ও পরোক্ষভাবে জড়িত তাদের প্রতি শাস্তিম্লক বাবস্থার দাবী করে। যতিদিন পর্যান্ত এই ব্যবস্থা না করা হচ্ছে ততদিন পর্যান্ত স্থানীয় জনসাধারণের মন হ'তে কেবল সমগ্র প্রিলশ বিভাগে নহে, সরকারের প্রতি ঘৃণা এবং অসন্তোবের মনোভাব দ্রেনীভূত হবে না। আশা করি ম্বামন্ত্রী মহাশয় এই বিষয়ে দৃষ্টি দেবেন এবং এর জবাব দেবেন।

## Sj. Ananda Copal Mukherjee:

মাননীয় প্পীকারমহাশায়, ম্বরাণ্ট্রমন্তীর ম্বরাণ্ট্র থাতে যে বাজেট পেশ করেছেন তা আমি সমর্থন করতে দাঁড়িয়েছি। আমাদের বিরোধী পক্ষের বন্ধরা প্রিলশের বাজেট খুব ভালভাবে অধ্যয়ন করে তাদের মতামত বাস্তু করেছেন। তাঁবা যে না ব্রের এই বাজেটের সমালোচনা করেছেন তা নায়, ইছা করেই তাঁরা বিকৃত তথা দিয়েছেন। তাঁরা বাজেটে বেশী টাকা ধরা হয়েছে বলে যে যুদ্ভি দেখিয়েছেন তা সতা নায়। তাঁরা গত বৎসরের বাজেট এফিটমেটএর সংগ্রা তুলনা করেছেন। যেখানে দেটট এক্সপোঁওচার তুলনা করব সেখানে দ্বই বৎসরের তুলনা করব। যেখানে আমারা প্রস্করের কুলনা করব সেখানে দ্বই বৎসরের তুলনা করব। যেখানে আমারা প্রস্করের কেটএর তুলনা করব সেখানে দুই বৎসরের একসঙ্গো তুলনা করব। কিন্তু আমাদের বিরোধী পক্ষের নেতৃস্থানীয় বন্ধরা নিজেদের যুদ্ভির সমর্থনে গত-বংসরের নেট কস্টএর সক্রের বিরোধী পক্ষের নেতৃস্থানীয় বন্ধরা নিজেদের যুদ্ভির সমর্থনে গত-বংসরের নেট কস্টএর তারতমা হয়েছে সেটা উল্লেখ করেছেন। আমি আপনার মাধ্যমে এটাই বলতে চাই যে বিরোধী পক্ষের বন্ধরা যে যুদ্ভি দিসেছেন সেটা না ব্রে দিয়েছেন এটা আমি বালি না, তবে এ-কথা ঠিক যে এ পক্ষের কংগ্রেমী বন্ধরা তাঁদের মত বাজেট না ব্রুলেভ কিছ্টো বাজেট আমারা ব্রুকতে পারি। আমারা এই বাজেটে দেখিছি প্রলিশের খাতে ১৯৫৬-৫৭ সালে ব কোটী ১৫ লক্ষ ৩২ হাজার টাকা নেট কস্ট ধরা হয়েছে। এ ছাড়া আমারা দেখছি সিভিল ওয়ার্কস স্থারায়ানুরেশন য়্যালাউন্স এয়ালড সেনস্স ও প্রিটিং এয়ান্ড আদার্স

বৈ টাকাটা ধরা হয়েছে তার নেট কন্ট ধদি ধরা হয় তাহলে ৭ কোটা ৯৫ লক্ষ ৮৮ হাজার টাকা।, আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এই বাজেটে বাড়িত টাকা নিয়ে গতবংসর ষে হিসেব দেওরা হয়েছিল বর্ত্তমানে সেটা উল্লেখ করে প্রনিশের বাজেটে বেশী টাকা খরচ হচ্ছে বলে দেখাবার চেন্টা করেছেন। কিন্তু আমরা জানি এই টাকাটা ধার্য্য হয়েছিল। বেতনভোগী কর্মানে উপযুক্তভাবে বেতন দেবার জন্য এই টাকাটা ধার্য্য হয়েছিল। সেই টাকার পরিমাণ অন্যান্য যে গ্রাজ্বগুলে ইন্জিমেন্ট হয় তা ধরে এবং রিভাইজড পে ক্ষেকা ধরে প্রায় ৭৬ লক্ষ ৬ হাজার টাকা হয়েছে। এদিক থেকে ১৯৫৬-৫৭ সালে রিভাইজড বাজেটএর চেয়ে যে ২৩ লক্ষ ৯২ হাজার টাকা বেশী ধরা হয়েছে তার সন্বন্ধে তাঁরা ইন্থাত করেছেন। আমরা জানি হিসেব পরিসংখ্যান জেনেও তাঁরা ইচ্ছা করেই এই তথ্যকে তাঁরা অন্যভাবে রাখতে চেয়েছেন। নাচারাল ইন্জিমেন্ট যেটা তাদের পাওয়ার কথা সেই হিসেব ধরে এবং ইন্জিজড ইমোলিউমেন্টস যাদের দেয় কন্সটেবল র্য়াঙ্কএ, তাদের এই বন্ধিত হার ধরলে এবং আরও বন্ধিত ২।৩টা খাতে হিসেব ধরলে ২৩ লক্ষ ৯২ হাজার টাকা । অন্য খাতে কিছু সেভিং হওয়ার দর্ন টোটাল ইন্জিমেন্ট হয়েছে ২৩ লক্ষ ৮৪ হাজার টাকা। অন্য খাতে কিছু সেভিং হওয়ার দর্ন টোটাল ইন্জিমেন্ট হয়েছে ২৩ লক্ষ ১২ হাজার টাকা।

#### [11-40-11-50 a.m.]

আমি বলবো আজ আমাদের হাউসের সামনে তাঁরা যেসব তথ্য রাখবেন, তার মধ্যে যেন ইণ্গিত না দিয়ে সতা তথা তাঁরা রাখেন। আমি পর্নলশ বাজেট সম্বন্ধে আমার কথা বলবাৰ আগে আমি আপনার মাধ্যমে বিরুদ্ধপক্ষীয় বন্ধুদেব আর একটা কথা সমরণ করিয়ে দিতে চাই। আজকে বাংলাদেশ ফুন্টিয়াব এরিয়া, এর যে বর্ডার আটশো মাইল, এর সংখ্য আজবে অন্যান্য প্রদেশের বর্ডারের তুলনা করে অনেকে বলেছেন যে এই দুই অজুহাতে প্রিলশ খাতে বেশী টাকা বাড়াবার কোন প্রয়োজন আছে আমরা মনে করি না। কিন্তু আমি তাদের সমরণ করিয়ে দেই যে বাংলাদেশের আভাতরীণ অবস্থা অন্যান্য প্রদেশের সংগ্যে সমান নয়। বাংলাদেশে যে পরিমাণ কল-কারখানা আছে, কলিকাতার যে পোর্ট আছে, বর্ডার এরিয়া আছে, যে স্পেশ্যাল ডিফিকাল্টিজ আছে, তার জনা বাংলার সঞ্জো আসামের তুলনা করা যেতে পারে না। আমি জানি বিরুচ্ধপক্ষীয় বন্ধুদের বলতে হবে বলেই এসব কথা উৎঘাটন করেছেন। কাজেই প্রিলশ খাতে আজ বেশী টাকা ব্যয়-ব্রাদ্দের দাবী করা হয়েছে, বিশেষ করে ঐ কারণগঢ়িলর জন্য ধার্য্য করা হয়েছে। পঢ়িলশ ফোর্সক মডার্নাইজ করবার জন্য বেশী টাকা বরান্দ করবার প্রয়োজন আছে, পর্যালশের এ্যাকোমোডেশন-এর জন্যও বেশী টাকা বরান্দের প্রয়োজন আছে। যেহেতু বাংলাদেশ বর্ডার এরিয়া এবং কলিকাতা ইণ্ডাম্থিয়ালী ডেভেলপড এরিয়া, তার পর্নিশ এ্যারেঞ্জমেন্টএর জন্য সমুস্ত ধরে এত টাকা খরচ ধরা হয়েছে এই পর্নিশ খাতে।

তারপর আমি বলবো বিরুদ্ধপক্ষীয় বন্ধুদের যে যুক্তি শুনুছি, তা থেকে মনে হয়েছ যে প্রালশ সাধারণ মান্ধের কোন কল্যাণে আসতে পারে না। আমি তাদের সামনে দ্ব-একটা তথা রাখতে চাই। আমাদের বিবৃদ্ধ পক্ষের নেতা শ্রুদ্ধেয় বাঁওকমবাব্ সোদন কাগজের কাটিং থেকে পড়ে পড়ে শ্রুনিরেছেন, কোথায় প্রিলিশের বিরুদ্ধে কোট থেকে শ্রুক্চার দেওয়া হয়েছে। তিনি এটাও জানেন আজকে জনসাধারণ প্রিলিশের কাজকে প্রশংসা করেছেন। কিন্দু তা তিনি বলেন নাই, সেটা তাঁদের পক্ষে যাবে না। তা না বলে কোথায় প্রিলেশের বিরুদ্ধে কোট শিট্রকচার দিয়েছে, সেটা এখানে দিয়ে গেছেন। আমি তাঁর সামনে কয়েকটী তথা রাখবো। গত ১৯শে সেপ্টেন্বর, ১৯৫৪ তারিথে শিয়ালদহ ভেশনে যে ঘটনা ঘটেছিল, তার সংগে হাবিলদার মন্মথ নাথ সমান্দার এবং অজিত কুমার দাস জড়িত ছিলেন। সে তথা জানতে আজ আর কারো বাকী নাই। আজ ভারতবর্ষের প্রেসিডেন্ট তাদের কাজের প্রশংসা করে প্রিলিশ পদক উপহার দিয়েছেন। আর একটা ব্যাপারে এক নোলী চাকর স্টুটকেস করে ২৪,০৬৪ টাকা ছুরি করে নিয়ে পালাছিল। প্রিলশ সন্দেহ করে তাকে চ্যালেঞ্জ করে ধরে। সে লোকটী প্রিলশকে দশ হাজার টাকী ঘ্র দিতে ১৯ বাতে প্রিলশ তাকে ছেড়ে দেয়। কিন্তু নিন্দ বেতনভোগী প্রিলশ কন্ম্বর্চাটী ঐ

দশ হাজার টাকায়ও প্রলক্ষে হয় নাই। সে উর্ম্বতন কতৃপক্ষের গোচরে নিয়ে আসে। সেও আল্প প্রশংসা হিসেবে প্রেসিডেন্টের কাছ থেকে পর্নিশ পদক পেয়েছে। আর একজন প্রিলশ কন্দেট্রল গোপাল চন্দ্র ঘোষ অসীম সাহসের পরিচয় দিয়েছেন। তাঁর কথাও কারো জানাতে বাকী নাই। সে নিজের জীবন বিপন্ন করে হাওড়া অঞ্চলের গণেডাপ্রেষ্ঠ সীতারাম কাহারকে ধরে। সেও প্রেম্কার হিসেবে প্রিলশ মেডাল পেয়েছে, প্রেসিডেন্ট তাঁকে পরেক্ত করেছেন। তারপর সি,আই,ডি, ভিলেজ ডিফেন্স পার্টি, স্পেশ্যাল কন ছ্টাব-লারী যেভাবে জনসাধারণকে দ্বুবুত্তের হাত থেকে রক্ষা করেছেন, তার একটা উদাহরণ এখানে তুলে ধরবো। গত ২৮শে জ্বন, ১৯৫৫ তারিখে সি,আই,ডি, অফিসার হাওড়া ভৌশনে যথন ডিউটিতে ছিল, তখন খবর আসে যে আজিমগঞ্জ প্যাসে**ল্লারে হাওডা থেকে** একটা ডাকাতের দল যাবে মুর্শিদাবাদ জেলায়, ডাকাতি করবার জন্য। এই সংবাদ প্রেণিছিবার সণ্গে সংগ্য তাঁরা তল্লাস করতে স্বর্করেন এবং একটা ডাকাতের দল তাঁরা ট্রেনের দ্বিতয়ী শ্রেণীর কামরা থেকে ধরতে সক্ষম হন। সেই দলের সঙ্গে দুটী পাইপ গান্ ড্যাগার ও অন্যান্য জিনিষ ছিল। এ ছাড়া মেদিনীপরে ও অন্যান্য অগুলে ডাকাতি করবার জন্য এখান থেকে এক ডাকাত দল সমবেত হচ্ছিল, তখন প্রিলশ তাদের ধরে ফেলে। এ-বিষয়ে হাজার হাজার উদাহরণ রাখা যায়, এই হাউসের সামনে। তার জন্য আর সময় নিতে চাই না। বিরোধী পক্ষের বন্ধ্বগণ বারবার করে বলছেন যে গণতান্ত্রিক ট্রেড ইউনিয়ন আন্দোলনকে দমন করবার জন্য আজকে পর্বালশকে কাজে লাগান হচ্ছে। আমি সবিনয়ে বলবো আমাদের বন্ধ্র কালী মুখাজী যে তথা রেখেছেন, তাঁদের সাহস থাকে তো তা চ্যালেঞ্জ কর্ন। আজকে বাংলাদেশে তাঁরা যেভাবে আন্দোলন চালিয়ে যাচ্ছেন তাকে কি করে তাঁরা সেটাকে গণতান্তিক আন্দোলন বলেন, ব্বুঝতে পারি না। তাঁরা বলেন সরকার গণতান্ত্রিক অধিকার ক্ষান্ন করে চলেছেন। তাঁদের এই উদ্ভি যে কত অসতা, তার সমর্থনে একটা চিঠি এখানে পড়ে শোনাতে চাই। সেই চিঠি আমাদের তরফের কারো নয়, এই চিঠি লিখেছেন শ্রীমূণালকান্তি বোস। তিনি লিখেছেন—

"I express my gratitude for the splendid behaviour of the police on this occassion. The peacefulness of the hartal was due to the excellent management of the police authorities."

এই সাটিশিফকেট কংগ্রেসের কেউ দিচ্ছেন না। আজকে তাদের বলবো তাঁরা যে যুক্তি এখানে দিচ্ছেন, যে তথ্য এখানে দিচ্ছেন, আগামী নির্ম্বাচনকে লক্ষা করেই তাঁরা তা দিচ্ছেন। আগামী নির্ম্বাচনকে লক্ষ্য করেই কি এইসব আবোল তাবোল বলতে সুরু করেছেন যাতে করে আর বাজেট বই খুলবার দরকার হয় না?

মাননীয় স্ধীর চন্দ্র রায় চৌধ্রীর মত নেতৃস্থানীয় লোকও ব্যক্তিগত গালাগালিতে বিজেকে নিয্তু করেছেন। আজকে ব্যক্তিগতভাবে প্রধান মন্দ্রীকে গালাগালি করেন, ব্যক্তিগতভাবে প্রদান আফসারদের গালাগালি করেন। আর সামনে নির্পাচনকে উপলক্ষ্য করে জনসাধারণের সামনে এগর্নলি তিনি ধরে দিতে চান। সামান্য বেতনভুক্ত প্রিলশ কম্মচারীদের দায়িত্ববোধের উপর মারা আঘাত করেন, আমি তাঁদেরকে একটা কথা সমরণ কক্ততে বলি। মাননীয় স্ধীর চন্দ্র রায় চৌধ্রী মহাশয় যথন কলিকাতা কপোরেশনের মেয়র ছিলেন, তথন কি তাঁর শ্না ভাপ্ডারে বসে কল্পনা করেছেন ট্রাম কোম্পানীকে ন্যাশানালাইজ করবেন? আর তার স্থোগ নিয়ে ফাটকা বাজারে লক্ষ লক্ষ্ণ টাকা কার হাতে গিয়েছিল? এই প্রশ্ন আপনাদের সামনে রেথে আমি আমার বন্তব্য শেষ করলাম।

[11-50—12 noon.]

## 8j. Bibhuti Bhushon Chose:

মাননীয় প্শীকারমহাশয়, প্লিশ থাতের ব্যয়-বরান্দ এসেছে আজ আমাদের সামনে। এতক্ষণ ধরে, আমাদের কংগ্রেস পক্ষের প্লিশ স্তৃতি শোনা গেল, এবং আমরা আশ্চর্য্য ইয়ে গেলাম, যেভাবে স্তৃতি গাণ প্লিশের করা হ'ল, তাতে মনে হচ্ছে ভদ্রলোক বোধহয় শ্লিশের কার্য্যের ব্যাখ্যা করছেন কিনা জানি না। তবে আমার বন্ধবা হচ্ছে আজকে এটা স্বীকার করতে হবে যে প্রলিশের আজকে যেভাবে জনসাধারণের সংগ্র বাবহার করা উচিত ছিল, যেভাবে অন্যান্য স্বাধীন দেশের প্রলিশ কাজ করে থাকে সেইভাবে নিশ্চয়ই এফার করা উচিত ছিল, কিন্তু এখানকার প্রলিশ তা করতে পারে নি. তাদের ব্যর্থতার একটা বিরাট ইতিহাস এই কয়েক বছর ধরে প্রিঞ্ভত হয়েছে, এ-কথা স্বীকার না করতে পারলে সত্যের অপলাপ করা হবে। আজকে প্রলিশের মধ্যে দ্বনীতি, ও আত্মীয় পোষণ ও প্রিশের উপরতলার মধ্যে দলাদলি—এটা দিনের আলোর মত পরিষ্কার হয়ে রয়েছে।

কাছে দেওয়া হয়েছে এবং সেই তথ্যের উপর ভিত্তি করে যে নীতি তাঁরা গঠন করেছেন, আমরা মনে করি সে তথ্যের ভেতর কিছ্টা গলদ আছে, ফলে আজকে রিফিউজি রিহ্যাবিলিটেসনের নীতি বেশ ব্যাহত হতে চলেছে। স্পীকার মহাশর, সরকার পক্ষ থেকে বলা হয় যে আজ পর্যন্ত ওয়েণ্ট বেণগলে যে উদ্বাস্ত্র এসেছে তার সংখ্যা ২৯ লক্ষের মত এবং মাননীয় মন্দ্রীমহোদয়া বললেন যে গত জন্ন ১৯৫৪ সালের পর থেকে আজ পর্যন্ত প্রায় দৃই লক্ষের মত রিফিউজি ওয়েন্ট বেণগলে এসেছে। এই সবশাদ্ধ মিলে প্রায় ৩০-৩১ লক্ষের মত ক্যান্দেপ এসেছে।

### Sikta. Purabi Mukhopadhyay:

আডাই লক্ষ ক্যাম্পে এসেছে।

### Dr. Kanailal Bhattacharya:

কিন্ত আমাদের নন-অফিসিয়াল তরফ থেকে যে ফিগারস আছে তা থেকে আমরা মনে করি এর সংখ্যা আরো ঢের বেশী—৩৫ লক্ষ্ণ থেকে ৪০ লক্ষের মত হবে এবং রিফিউজি যেভাবে অসতে আরুত্ত করেছে তাতে এর সংখ্যা শেষ পর্যন্ত যে কততে গিয়ে দাঁড়াবে সে সম্পর্কে আজকে অবশ্য কেউ বলতে পারেন না, তবে সমস্যাটা যে অত্যন্ত গ্রন্থতার সেটা দেশের প্রত্যেকটা রাজনৈতিক দল স্বীকার করে। এখন পূর্ববংগে প্রায় ৯০ লক্ষের মত হিন্দ, আছেন। সেখানে কোন গ'ডগোল হলে, হিন্দু রিফিউজিরা ইস্ট বেণ্গল থেকে আসতে সার, করেন। কাজেই এঁই যে গোড়ায় গলদ, এই গলদ যদি দূরে না করা যায় তাহলে এই সমস্যা সমাধানের জন্য কোন প<sup>্</sup>রকল্পনা করাও কঠিন। যে সংখ্যক রিফিউজি আমাদের দেশে এসেছে তাদের পুনর্বাসনের জন্য সরকারের যে পরিকল্পনা আমরা মনে করি সেটা ইনসাফিসিয়েন্ট যে অর্থ এই প্রনর্বাসনের জন্য স্যাংসান করা হয়েছে তার দ্বারা সুষ্ঠু, পুনর্বাসন হতে পারে বলে আমরা मत्न कांत्र ना এवर य स्कारिके सामस जानके कता रखाए এक अकको दराफ जाल এই समस्व রিফিউজিরা হিউম্যান বিইংস কিনা এ সম্ব**েধ যেন সরকারের সন্দেহ আছে বলে মনে হয়**। সরকার পক্ষ থেকে যদি বলা হয় যে হ্যাঁ, তারা মানব শিশ্ব, তাদের একট্ব কম প্রয়োজন আছে, সেটা যদি স্বীকার করেন তাহলে যে ধরণের তাঁরা পরিকল্পনা করেছেন সেই পরিকল্পনার মাধামে এই সমস্যার সমাধান হতে পারে না। মন্ত্রীমহোদয়া আমাদের বলেছেন যে ১৮ লক্ষ र्तिकिडे जित्क जाँता तिशार्विनाएँ के करति एक किन्छ मठाई जाता तिशार्विनाएँ एउँ शराह किना সে বিষয়ে যদি সংখ্যাতত্বের হিসাব ইনকোয়ারী করেন তাহলে দেখতে পাবেন যে বেশী টাকা সরকার থেকে যেটা দিয়েছেন হয় সেটা তাঁরা থেয়ে ফেলেছেন, না হয় যেভাবে বাবস্থা করার জনা দেওয়া হর্মোছল কিম্বা অনাভাবে ব্যবহার করার জনা দেওয়া হর্মোছল, সেইভাবে তারা বাবহার করতে পারে নি। তার কারণ তাদের যে টাকাটা দির্মেছিলেন সেটা অত্যন্ত কম—তার ন্বারা কিছু করা সম্ভব হয় নি। এ ব্যাপারে আমি ও'কে গোটাকতক দূল্টান্ত দেবো। যেমন সরকার পক্ষ থেকে এগ্রিকালচারিস্টদের রিহ্যাবিলিটেট করার জন্য যে ধরণের টাকা বরান্দ করা হয়েছে, তা অত্যন্ত কম। প্রথমতঃ তাঁরা বলেছেন যে তিন একর জমি হচ্ছে ইকর্নামক হোলিডং তাই যদি হয় তার নামে জমি কেনবার জন্য তাঁরা ধার দিয়েছেন ৯শো টাকা অর্থাৎ নয় বিঘা জমি নয়শো টাকায় কিনতে হবে। আমি মাননীয় মন্ত্রীমহোদয়াকে বলবো যে তাঁরা যেসমস্ত ল্যান্ট একোয়ার করেন তার মিনিমাম ভ্যাল্য কত সেটা একবার দেখ্য- দুইশো টাকার কম বিখা বিঘা জমি কোথা থেকে তারা কিনবে? এই ধরণের অবাস্তব জিনিস অনেক কিছ, আছে। যেমন ৭৫ টাকা দিয়েছেন হাই ল্যান্ড, বাড়ীর জমি কেনার জন্য কিন্তু সে টাকায় বাড়ীর জমি পাওয়া যায় না। দ্বিতীয়তঃ, পাঁচশো টাকা একটা বাড়ী তৈরি করার জন্য তাঁরা দিয়েছেন। পাঁচশো টাকায় একটা চালাঘর, একটা ছিটে বেড়ায় ঘর সম্ভব হতে পারে কিন্তু পাঁচ-সাত বছর থাকবার উপযোগী যদি একটা ঘর তৈরি করতে হয় তাহলে এই টাকায় হয় না। একটা এগ্রি-কালচারাল ফ্যামিলিকে দিচ্ছেন ২.৫২৫ টাকা—সার্কুলেট করেছেন। তার ভেতর অবশ্য সবটাই টাকা দিচ্ছেন ল্যান্ড পার্চেজ লোন আর ৭৫ টাকা দিচ্ছেন বাড়ীর জমি কেনার জন্য—এই সর্বসাকলো দিচ্ছেন। আমরা মনে করি যে হাউস বিলিডং লোনটা অন্ততঃ সাড়ে বারোশো টাকা

কর্ন, আর একশো টাকা যেটা আছে সেটা মিনিমাম দুইশো টাকা প্রতি বিঘা কর্ন। তৃতীয়তঃ, নন-এগ্নিকালচারিস্টদের জন্য তাঁরা দিয়েছেন—বাড়ী তৈরীর জন্য ৫০০ টাকা দিছেন। ৭৫০ টাকা, অবশ্য, ব্কলেটে দেখা যাছে আটশো টাকা, তারা এস, টি, লোন হিসাবে দিছেন কিন্তু এস, টি লোন ৭৫০ টাকায় হয় না, সাথে সাথে টাকা নন্ট হয়। তার চেয়ে আমার মনে হয় এই টাকা পার হেড জমা না করে যদি কোন ইন্ডান্দ্রী স্টার্ট করা যায়, অবশা আটশো টাকা পার ক্যাপিটা দিয়ে কোন ইন্ডান্দ্রী হতে পারে না কিন্তু এর সপ্পে আরো কিছ্ টাকা দিয়ে যদি একটা ইন্ডান্দ্রী গ্রো করে গেনফ্ল এমন্লয়মেন্টের বন্দোবন্দ্র করা যায়, তাহলে তাতে করে রিহ্যাবিলিটেশনের সাহায্য হবে। সেদিক দিয়ে এখানে যে অর্থ দেওয়া হয়েছে সেটা অত্যন্ত অবাদ্যত ব্যাগ্রে এবং বরান্দ্র অত্যান্ত কম হয়েছে।

তারপরে আমার বন্ধবা হচ্ছে স্কোটার্স কলোনী সম্বন্ধে। স্কোয়াটার্স কলোনী সম্বন্ধে আমি মাননীয় মন্দ্রীমহোদয়াকে অনুরোধ করবো যে আজ পর্যন্ত যেসমস্ত স্কোয়াটার্স কলোনী আছে প্রত্যেকটি স্কোয়াটার্স কলোনীকৈ আপনারা রেগ্লারাইজ করে নিন। তার কারণ হচ্ছে তাঁরা যে টেস্ট দিচ্ছেন ১লা জানুয়ারী ১৯৫১এ যেসমস্ত স্কোয়াটার্স কলোনীতে স্কোয়াট করেছেন তাদেরই শুধু রেগ্লোরাইজ করা হবে। এর ফলে হচ্ছে কি—রোফউজিরা নিজেদের চেণ্টায় তাদের যতটুকু রিহ্যাবিলিটেট করতে পেরেছেন সেই রিহ্যাবিলিটেশনকে অস্বীকার করার মানে হচ্ছে এই যে তারা যে জীবনযাত্রা সূর্ব করেছিল সেটাকে আবার ডিণ্টার্ব করে আর একটা প্রোবলেম ক্রিয়েট করা—যে কলোসাল প্রোবলেম আজ দেশের সামনে রয়েছে সেটাকে সহভ না করে আর একটা প্রোবলেম ক্রিয়েট করার মানে হচ্ছে দেশের ইকনমিকে ডিণ্টার্ব করা। কাজেই আজ পর্যন্ত যেসমস্ত স্কোয়াটার্স কলোনী হয়েছে সেগ্লিকে ইমিডিয়েটলি স্বীকার করে নেওয়া উচিত বলে আমরা মনে করি।

# [6-6-10 p.m.]

ভবিষাতে আরও হবে না, তার কারণ হচ্ছে, এখন রিফিউজিরা আসছে তারা আরও অর্গেনাইজড ভাবে আসছে, মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে আসছে সেজন্য স্কোয়াটার্স কলোনীতে যারা নিজেদের প্রতিষ্ঠিত করে তুলেছে সেগ**ুলি যেন স্বীকার করে নেওয়া হয়।** তাতে হয়ত কিছু, সময় লাগবে। ইন দি মিন টাইম কিছু, কিছু, ফ্যাসিলিটিস সেখানে দেওয়া হউক, যেমন যেসমুস্ত প্রাইমারী দকুল ইত্যাদি তারা গড়ে তুলেছে সেগ্রালিকে গ্র্যান্ট দেওয়া, ওয়াটার-সাংলাইএর ব্যবস্থা করা ইত্যাদি সংবিধা সেখানে অবিলম্বে দেওয়া উচিত। চতুর্থতঃ এমপ্লয়মেন্ট সম্বন্ধে মন্ত্রী-भराभग्ना वनलन एवं आहे राष्ट्रांत लाकरक अभन्तारामचे एनवात कना প्राटेख्ट क्राि भहे निक्रिं लिक्टरे एन টাকা ধার নিয়েছেন, যাতে আট হাজার লোককে তারা এমপ্লয় করতে পারেন। আমি মনে করি র্যাদ স্টেট এই সমস্ত এন্টারপ্রাইজগুলি নিজে করেন এবং রিফিউজিদের এমন্লয় করেন তাদের দুইে দিক থেকে সূর্বিধা হয়। রিফিউজিরাও এমপ্লয়মেন্ট পাবে আবার পাশ্চমবঙ্গে ইন্ডাড্রী কিছু বাডবে, তাতে দেশের মানুষের কাজ হবে। আরেকটা কথা, মন্ত্রীমহাশয়া যদিও কিছু বলেন নি. পশ্চিমবংগর বাহিরে রিফিউজিদের পাঠানর ব্যাপারে তারা যদি অস্বীকার করে— যেমন যাদের পাঠান হয়েছিল তারা ফিরে এসেছেন সেখানে আমরা মনে করি যে এখানে যেসমুহত জলার্ভাম পড়ে আছে সেগ্রলিকে যদি ডেভেলপ করা যায় তাহলে অন্ততঃ এখন এখানে যত রিফিউজি আছে তাদের রিসেটেল করা সম্ভব হতে পারে। এই ব্যাপারে আমি আপনাদের কাছে মিনিন্টার কমিটি যেসমুহত বেকমেন্ডেসন করেছিলেন তার থেকে কিছু রেলেভেন্ট পোশান পড়ে শ্বনাব। ৮ম প্রুটায় তারা বলেছেন-

"Rehabilitation of East Bengal displaced persons in States outside West Bengal has presented several difficulties and we are convinced that excepting in respect of Andamans efforts in this direction will not yield any substantial result".

#### তারপর তারা বলেছেন-

"Desertions from these States (meaning Vindhya Pradesh, Mysore and Hyderabad) have however been heavy mainly because of the marked reluctance on the part of the displaced persons to be rehabilitated in the States outside West Bengal where conditions are different from what they have been used to and greater efforts are necessary to make it a success. Experience has shown that large-scale rehabilitation of East Bengal refugees in these States is not possible and we do not think that the question should be further pursued".

বিভিন্ন প্রদেশ বলতে বিন্ধাপ্রদেশ, মহীশূর এবং হায়দারাবাদ ইত্যাদি। তারপরে তারা যে সাজেশন দিয়েছিলেন সেগরিল হচ্ছে যাতে স্টেট এন্টারপ্রাইজ দিয়ে যেসমুস্ত আনডেভেলপ এ্যান্ড ওয়াটার-লগ্ড ট্রাক্টস রয়েছে সেগ্রলি যদি ডেভেলপ করা যায় সেখানে রিফিউজিদের বসান যাবে। এতে দুইদিকের সূর্বিধা হবে-এক হচ্ছে রিফিউজিদের রিহ্যাবিলটেশন হবে, দ্বিতীয় হচ্ছে পশ্চিমবংশ রিসোসে স অনেক ইনক্রিজ করবে। এ ছাড়া আরও আছে আমি এইট্রকু বলতে পারি আমাদের তরফ থেকে সমস্তরকম সহযোগিতা তিনি পাবেন। শুধু দু-চারটা কনফারেন্স ডেকে আমাদের সংগ্যে আলোচনা করলেই আমাদের কো-অপারেশন সব পাওয়া হল বলে যদি মনে করেন তাহলে ভুল হবে। আমাদের কো-অপারেশন যদি চান তাহলে জ্যোতিবাব, যে কথা বলেছেন সকলকে কর্নফিডেন্সএ নিন। রিফিউজিদের সমস্যা সকলে মিলে চিন্তা করে যেসমুহত আনফরচুনেট পিউপিল ইস্ট বেঙ্গল থেকে এসেছে তাদের রিহ্যাবিলিটেশনএর জন্য চেন্টা করি। আরেকটা কথা আমার বক্তবা সেজনা কাট মোশন দিয়েছে সেটা হল মাননীয়া মন্ত্রীমহাশয়ার কাছে এ বিষয়ে দ্বানার বার রিপ্রেজেন্টেশন দিয়েছি যে কুচবিহারে জোড়াই ও তুফানগঞ্জ সার্বাডিভিসনএ ইস্ট বেগ্গল থেকে বহ**্বাবিফিউজি এসে স্কোয়াটার্স কলোনীর মত** করেছে সেটা রেগ্লোরাইজ করে দেওয়া হউক। কিন্তু আপনারা তাদের পর্নলস দিয়ে উচ্ছেদ कत्रवात रुष्णे करतरष्ट्रम, कात्रम এहे। वन विভारभत क्षीम। भूमिम मिरा अरमत छरष्ट्रम कता इरत, অথচ কোন প্রাইভেট লোকের জায়গায় স্কোয়াটার্স করলে উচ্ছেদ করা হয় নি। যা করেন সব জায়গায় একই রকম করনে। যদি বন বিভাগ টাকা চায় তাদের টাকা দেবার ব্যবস্থা করন। কিন্তু ঐভাবে পর্নালশ লেলিয়ে দেবেন না। তাতে ওথানকার লোক ক্ষিণ্ড হয়ে আন্দোলনের স্থিতি কববে। য'ই হউক মন্ত্রীমহাশয়াকে অনুরোধ করব যারা ওথানে বসে গিয়েছে তাদের वभट्ट मिन। य कटलानी इराय्ह टाट्न दिश्रालाताईक करत निन। आभात राम वहना वाक्रिके জিশন অব ল্যান্ড সম্বন্ধে এখানে সবকারী দৃণ্টিভংগী অত্যন্ত পৃথক দেখতে পাচ্ছি। প্রথমতঃ মন্ত্রীমহাশয়া বলেছিলেন যে অলরেডি এগ্রিকালচার হয়েছে সেখানে রিফিউজিদের বাডী তৈরী করবাব জন্য সেইসমুহত ল্যান্ড নেওয়া হবে না। কিন্তু দুঃখের বিষয় আমার বাড়ীর আশেপাশে কয়েকটি গ্রামে এগ্রিকালচারাল ল্যাণ্ড বিকুইজিশন করা হয়েছে। শুধু তাই নয় সংখ্য সংখ্য এমন হয়েছে যে একজনের হয়ত একটা হোমস্টেড আছে বাড়ী আছে সংগ্রহত ১০ কাঠা জমি আছে, সেখানে শুধু বাড়ী ছেড়ে ঐ ১০ কাঠা জমি নেওয়া হয়েছে। একটা ভিলেজ যেখানে ১৪০টা ফ্রামেলি বাস করে তাদের যত জমি আছে এগ্রিকালচারাল, নন-এগ্রিকালচারাল, হোমদেউড, এ্যাক্সণ্টা ল্যান্ড, ফটেবল গ্রাউ ড, ইত্যাদি সব কিছ; এ্যাকোয়ার করা হয়েছে। এটা অতান্ত অনাায়। অথচ সেই গ্রামের একজন বিশেষ ধনী বাজি আশুতোষ বোস মহাশুয়ের ২৮ বিঘার বাগান রয়েছে সেটাকে নেওয়া হয় নি। মনে রাখবেন এর পরে আপনাদের ইলেকশনএ যেতে হবে। অন্তত সেদিকে দুল্টি রেখে বলব সাধারণ মান্যুষের চাষের জমি নিয়ে বাড়ী তৈরী কর্বেন না। বীজেশবাব্যকে বলেছি বাধবার দিন তিনি যেন এ বিষয়ে আমার সংখ্য আলোচনা করেন। এই কথা বলে আমি আমার বন্তব্য শেষ করছি।

16-10-6-20 p.m.7

# Sj. Rakhahari Chatterjee:

মাননীয় দপীকার মহাশয়, খ্ব দ্ঃখের সংগ্য এই রিফিউজি সমস্যা আলোচনা করতে হচ্ছে। এই সমস্যাকে একটা সাময়িক সমস্যা বলে মনে করলে খ্ব ভূল করা হবে। এর দ্থায়ী সমাধানের প্রয়োজন আছে বলে আমি মনে করি। বর্তমানে যারা মনে করেন যে পাকিস্তান স্থিতীর পর এই সমস্যার সমাধান হয়ে যাবে এবং হিন্দ্রা সেখানে নিরাপদে বসবাস করতে পারবেন, কিন্তু এটা যে দ্রান্ত ধারণা তা প্রমাণিত হচ্ছে। পশ্চিম পাকিস্তানে ইতিপ্রেই হিন্দ্র্না হয়েছে

এবং পূর্ব পাকিস্তান থেকে প্রতি বছরে কিস্তিতে কিস্তিতে লক্ষ লক্ষ উদ্বাস্তৃ পশ্চিমবংগ আসার ফলে এখানকার সমাজ ব্যবস্থাকে বিপর্যস্ত করে তুলেছে। অতএব এই সমস্যার সমাধান করেকটা ক্যাম্প খুললে বা বংসরে বংসরে কয়েক কোটি টাকা ব্যয় বরান্দ ধার্য করে খরচ করলে হবে না। আমরা এর স্থায়ী সমাধান চাই এবং স্থায়ী সমাধান করতে গেলে যে দৃঢ় নীতির প্রয়োজন তা যদি ভারত সরকার এবং পশ্চিমবংগ সরকার অবলন্বন না করেন তাহলে এইপ্রকার ন্বিধাগ্রস্ত ও দুর্বল নীতি নিয়ে এই সমস্যার সমাধান হবে না—হতে পারে না। বহু পাটি তাদের আমরা দেখেছি।

তারপর ১৯৫০ সালে এখানে ব্যাপক উদ্বাস্ত্র আগমনের জন্য যে নেহের্-লিয়াকং চুক্তি হয়েছিল তার ফলে সুবিধা যা কিছু সবই পাকিস্তানের হয়েছে—ভারতবর্ষ তথা পশ্চিম বাংলার কোন উপকার হয় নি। আজকে আমরা দেখতে পাচ্ছি যে যদিও পূর্ববিষ্ণা সরকার বলছেন যে সংখ্যালঘ্রদের রক্ষার জন্য তাঁরা অন্ততঃ আগ্রহশীল এবং ৫৪ জন নেতৃস্থানীয় ব্যক্তি তাদের থাকবার জন্য আবেদনও করেছেন, কিন্তু সেখানে আর হিন্দুদের থাকা সম্ভব নয়। তার কারণ পাকিম্থানের নীতি হল পরিপূর্ণভাবে ইসলামিকম্থান গঠন করা এবং সে সম্বন্ধে তারা পশ্চিম পাকিস্থানে সাক্সেজফুল হয়েছে এখন পূর্ব পাকিস্তানেই মাত্র বাকী আছে। তা ছাডা এই প্রশন একেবারে সম্পূর্ণভাবে রাজনৈতিক প্রশন। ইতিপূর্বে আমরা আলোচনা করেছি যে এস, ই. এ. টি. ও. সম্মেলনের জন্য আজ কাশ্মীরে যে অবস্থা দেখা দিয়েছে তার প্রতিক্রিয়া পূর্ববংগে আসা স্বাভাবিক এবং সেই কারণে সেখানকার সংখ্যালঘু সম্প্রদায় নিজেদের অন্তত নিরাপদ মনে না করে এখানে আসতে বাধ্য হচ্ছে। স্তরাং এই সমস্যার স্থায়ী সমাধান করতে शाल এको मृतम् धि निरा आभारमत এগতে হবে। এই कथा वनल হয়ত অনেকে আপত্তি করবেন, কিন্তু এটা আপত্তির প্রশ্ন নয়। তার পরিবর্তে আজকে আমাদের ঘোষণা করতে হবে যে পাকিস্তান সংখ্যালঘ্দের রক্ষা করতে বার্থ হয়েছে এবং ইচ্ছাপ্রেক তারা এদের বিতাডিত করেছে বলেই পাকিস্তানকৈ তার কিছ্ন অংশ ভারতবর্ষকে ছেড়ে দিতে হবে। অর্থাৎ আমাদের এই দাবী আজকে করতে হবে যে অন্ততপক্ষে খুলনা, যশোহর এবং নদীয়া জেলার খানিকটা অংশ যা পাকিস্তানের অন্তর্গত তা পূর্ববংগের হিন্দুদের বসবাসের জন্য ছেডে দিতে হবে। তा ना श्ल প্রতি বংসর যতই কোটি কোটি টাকা বায় করনে না কেন বা কয়েকটা ক্যাম্প স্থাপন করলেই এই সমস্যার সমাধান হবে না। এই কথা শ্বধ্ব আমার কথা নয়, বহু চিন্তাশীল ব্যক্তিরাও এই কথা বলেছেন। গতকালকার যুগান্তর পত্তিক য় এই সমস্যা সম্বন্ধে সরকারকে দুঢ় নীতি অবলম্বন করবার জন্য তারা অনুরোধ জানিয়ে বলেছেন, "পূর্ববঙ্গের মুসলমানরা নিয়মিত-ভাবে সমন্ত অম,সলমানকে ধাপে ধাপে বিতাডিত করিয়া ভ'বতবর্ষের আভান্তরীণ অবন্থাকে বিপর্যারে দিকে টানিয়া লইয়া থাইতেছে এবং ইহার ফলে দক্ষিণ-পূর্ব এশিয়ার যা অবস্থা, দক্ষিণ-পশ্চিমের যা অবস্থা, উত্তর-পশ্চিমের যা অবস্থা, দক্ষিণ-পূর্বে এশিয়ার ঠিক সেই অবস্থা --অসনেতাধ এবং তার প্রতিক্রিয়া ভারতবর্ষে হতে পারে। অর্থাৎ পূর্ববংগও তেমনি গোটা পূর্বভারতকে নিদার্শ বিপাকের মধ্যে ফেলিতেছে। ৪০-৫০ লক্ষ উদ্বাস্ত্ ইতিমধ্যে পূর্ববণ্য হইতে পশ্চিমব্রুগ আসিয়াছে, আরও কয়েক লক্ষ শীঘ্র আসিয়া ভীড করিবে এবং তার ফলে ভারতীয় সমাজ ও ভারতীয় অর্থানীতি এক অভতপূর্ব সংকটের সীমায় পোছবে। যে দেশের রাষ্ট্র ও গভর্নমেন্ট তার লক্ষ্ণ লক্ষ্ণ প্রজাকে রক্ষা করিতে ও আশ্রয় দিতে পারে না—থেমন পূর্ববিষ্ণ গভর্নমেন্ট পারিতেছে না—সেই গভর্নমেন্টের বিরুদ্ধে আন্তর্জাতিক দরবারে নালিশ জানাইবার অধিকার কি ভারতবর্ষের নেই?" স্বৃতরাং এদিক দিয়েও আমাদের চিন্তা করতে হবে। আর একটা কথাও তাঁরা বলেছেন—পূর্বেবগের অর্গাণত উদ্বাহত পরিবারকে এক রাতে ভারতের নানা কেন্দ্রে ছত্তভুগ্গ করিয়া দিয়া, অন্য হাতে নেহের, নিয়াকং আলির চুক্তি স্বাক্ষর করিয়া আর একটি অম্ভূত গোঁজামিল দেওয়া হইয়াছে। মাননীয় মন্ত্রীমহোদয়া এখানে বলেছেন এবং মাস দুয়েক আগে সংবাদপত্তে তাঁর একটা স্টেটমেন্টএ দেখেছিলাম যে তিনি বর্লোছলেন যে পশ্চিম পাকিস্তানের উম্বাস্তুদের বেলায় ভারত সরকার যে প্রকার ব্যয় করে থাকেন পূর্ব পাকিস্তানের বেলায় তা করেন নি। আজকে সেই কথার পুনরন্তি করে একটা নাত্তন ক্রজ এয়াড করেছেন। তিনি বলে ভালই করেছেন যে পশ্চিম পাকিস্তান এবং পূর্ব পাকিস্তানের পার্থকা কোধার। তার কারণ পশ্চিম পাঞ্জাব ও পূর্বে পাঞ্জাবের মধ্যে সেইসময়ে যে অবস্থার সূষ্টি

হয়েছিল তাতে ভারত সরকার লোক বিনিময় করতে বাধ্য হয়েছিল, সেজন্য পূর্বে পাঞ্চাবে এবং অন্যান্য স্থানে আঁত সম্বর প্রনর্বাসন করা সম্ভব হয়েছিল। কিন্তু দর্বথের বিষয় সেই নীতি वाश्नाम्परम গ্রহণ করা হল না। সে কথা আমি এখানে বলতে চাচ্ছি না, কিল্ডু দেখতে পেলাম যে পশ্চিম বাংলা এবং পূর্ব বাংলার মধ্যে অফিসার বিনিময় হয়ে গেল-সেখানকার হিন্দু অফিসাররা পশ্চিম বাংলায় চলে এলেন, আর এখানকার মুর্সালম অফিসার পূর্ব পাকিস্তানে চলে গেলেন যে পূর্ব পাকিস্তানে পরিপূর্ণ একটা ইসলাম রাষ্ট্র করতে ৩০ বংসর সময় লাগত, কিন্ত এই কংগ্রেস সরকারের অদ্রেদশী নীতির ফলে সেখানকার সমস্ত হিন্দ, অফিসারদের অপসন দিয়ে এখানে এনে নিদার নভাবে সেখানকার সংখ্যালঘ্দের অসহায় অবস্থায় ফেলে দিয়েছেন। সূত্রাং তখন নীতির বালাই হয় না, নীতির বালাই দেখি অন্য কারণের সময়। কিন্তু এইসমূহত বাদ দিয়ে আজ জনসাধারণকে ঘোষণা করতে হবে—ভারতবর্ষের শান্তি ও নিরাপত্তা রক্ষা করবার জন্য ভারত সরকারকে দাবী জানাতে হবে যে পূর্বে পাকিস্তান থেকে আমাদের তিনটা জেলা চাই। এ যদি না হয় তাহলে বিহারে ও আন্দামানে পাঠালেও এই সমস্যার সমাধান হবে না—এর জন্য স্থায়ী প্ল্যান করতে হবে। তা না হলে পূর্ব বাংলায় যত হিন্দু রয়েছে একটিও সেখানে থাকতে পারবে না -গ্রত্যেকটি এখানে আসতে বাধা হবে কিন্বা তाদের আনতে হবে। স্তরাং সমস্ত পূর্ব বাংলায় সংখ্যালঘু সম্প্রদায়ের জনা স্ল্যান করে তাদের বসবাসেব জন্য বাবস্থা করার প্রয়োজন আছে।

দ্বিহীয়তঃ, উনি বলেছেন যে সামান্য সামান্য অভিযোগ আছে—এটা থাকবে এবং থাকা স্বাভাবিক। তার কারণ যেখানে ৫০ লাখ লোক সর্বহারা হয়ে এখানে আসছেন. ঠিকানা নেই. অজানা দেশে তাদের ব্যবস্থা করা কোন গভর্নমেন্টের পক্ষে সম্ভবপর হত না। স্বতরাং চুটি-বিচ্যতি হওয়া স্বাভাবিক—আমরা তা অস্বীকারও করি না এবং তারজন্যে কোন দোষ দেব না। কিন্ত যেভাবে কাজ করা উচিত ছিল তা হয় নি। এইট্রকুনমাত্র বলব যে যারা কোন স্থায়ী চাকরীতে আছেন গভর্নমেন্ট হোক বা বেসরকারী অফিসে হোক--তানের জনা ইন্ডিভিযায়াল লোন বা হাউস-বিল্ডিংই হোক আর যাই হোক, কিন্তু যারা নবাগত এখনও পর্যন্ত তাঁদের জন্য কোন স্থায়ী বসবাস করতে পারেন নি, কোন কাজও যোগাড় করতে পারেন নি। কিন্তু তাদের হাউস-বিভিডং গ্র্যান্ট ইত্যাদি যাই বল্বন না কেন সেইসব টাকা জলে পড়ে যাবে। তা না করে একটামাত্র উপায় যে গভর্নমেন্টের খরচা নতেন নতেন খাতে –গ্রামেই বলনে, শহরেই বলনে, আর পল্লীগ্রামেই বল্ন- গড়ে তুলতে হবে এবং সেখানে তাদের বসবাস করিয়ে দিতে হবে। অতএব আমরা দেখছি এ ছাড়া আর কোন উপায় নেই। কিন্তু দৃঃখের কথা যে টাকা দেওয়া হচ্ছে তাতে সেটা যেকোন কারণেই হোক অনেক সময়ে পনের্বাসনের নামে নির্বাসনও হয়েছে। যেমন একটা ঘর করার জন্য টাকা দেওয়া হয়েছে, কিন্তু কয়েক মাস থাকবার পর অনাহারের জন্য তাকে তার ঘরের যে করগেট ছিল তা বিক্রি করতে বাধ্য হয়েছে এবং তারপরে সে পাকিস্তানে আবার চলে গেছে। পশ্চিম পাকিস্তানের বেলায় পুনর্বাসন করা খুব সহজ হর্মোছল, কিন্তু প্রবিংলার বেলায় তা না হবার অনাতম কারণ হচ্ছে যে যাঁরা পশ্চিম পাকিস্তান থেকে এসেছিলেন তাঁরা চিরকালের মতন এসেছিলেন—সেখানে যাবার আর কোন মায়া, মোহ ও মমতা তাঁদের ছিল ना। किन्छू भूर्व वाःला थ्यक याता अराह्म जांपत प्रक्षा अस्तरकरे किह्न किह्न स्मारा ताथ দিয়ে এসেছেন। অনেকেই অসন্তুল্ট হতে পারেন কিন্তু এটা সত্যি কথা যে যাঁরা আসবেন তাঁরা যদি চিরপ্থায়ীভাবে এথানে আসেন তাহলে সমস্যা সমাধান করা সম্ভবপর হবে, কিন্তু যাওয়া-আসার মধ্যে দিয়ে এই সমস্যাকে আরও বিলম্বিত করা হবে বলে আমি মনে করি।

সর্ব শেষে মিঃ প্পীকার, স্যার, আমার আর বেশী বলবার অবকাশ নেই, তবে এইট্কুন আমি মাত্র বলব যে যদি এই সমস্যার সমাধান করতে হয় তাহলে পশ্চিম বাংলার ষেসমস্ত পাকিস্তানের ম্সলীম ন্যাশন্যাল—জাহাজ, ডক, জ্বটমিল ইত্যাদি কলকারথানায় রয়েছে, সেই জায়গায় তাদের বদলে প্র্ববিশ্বের আগত উদ্বাস্ত্রদের নিয়োগ করতে হবে। প্রেমে হবে না, প্রেমের দ্বারা কোন সমস্যার সমাধান হয় নি—যারা আমাদের বিতাড়িত করেছে তাদের সপ্পে উপঢৌকন নিয়ে যাওয়া নয়, প্রেমের কথা নয়—কারণ এইসব জিনিষ ব্রহ্মান্ডে হয় নি। স্তরাং যারা একদিন ওখানে পালিয়ে গিয়েছিল তাদের আবার যদি রক্ষা করতে হয় তাহলে প্র্ববিশ্বের হিন্দুদের

আগে রক্ষা করতে হবে এবং বেসরকার ও সেন্টাল গভর্ন মেন্টের সমসত চাকর তৈ ৩০ পারসেন্ট তাদের জ্বন্য রিজার্ভ রাখতে হবে। তা ছাড়া আর একটা সমস্যা যেটা দেখা দিয়েছে সেটা হচ্ছে যে প্রবিশ্ব থেকে উদ্বাহতু আসার ফলে পশ্চিম বাংলার য্বক সম্প্রদায় ভাবছে যে তারা বেকার হয়ে গেল—এটা আবার একটা বিপদের কথা। অতএব যাতে পশ্চিম বাংলা ও প্রবিবালার মধ্যে অর্থনৈতিক সংকট দেখা দিয়ে একটা বিরোধের কারণ না হয় এই বিষয়ে সরকারকে অনেক সাবধান ও সতর্ক হতে হবে। বাকী বিষয়ে আমার আর কথা বলবার অবকাশ হল না।

[6-20-6-30 p.m.]

### 8j. Haripada Chatterjee:

পরিপূর্ণ সহযোগিতা দেব, এই মনোভাব নিয়ে আজ কথা বলব।

সভাপাল মহাশয়, যাঁরা দেশকে ভাগ করেছেন তাঁদের আমাদের এখানে জবাবদিহি কবতে হবে। দেশকে যথন ভাগ করেছিলেন, তথন পরিষ্কার কথা ছিল—সংখ্যালঘুরা উভয় দেশে নিরাপত্তা পাবে। সংখ্যাগ্রেদের সঙ্গে তাদের সমান মর্যাদা দেওয়া হবে। আসলে কাজের বেলায় কি দেখা যাচ্ছে? বাংলাকে তাঁরা শেষ করেছেন বাংলাকে নিজেদের ক্ষমতা লোসাপতার যাপকাপ্টে তাঁরা বলি দিয়েছেন। এখন অতীত সমালোচনা ছেড়ে বর্তমানে আসা যাক। আজকে প্রবেষে বড় সমস্যা—আমাদের বাস্তৃহারা সমস্যা এবং প্রবিশে আর একটি হিন্দুও থাকতে भारत ना। এकथा क्लात निन, এ विषया कान मत्नर तरे। आजतक ठारे मवरहरू वर्ष ন্যাশন্যাল ক্লাইসিজ-আমাদের এই বাস্তৃহারা সমস্যা। আজকে জনসাধারণ কিভাবে লাঞ্চিত ও অপমানিত হচ্ছে তা একবার শেয়ালদা দেটশনে গিয়ে দেখন। সেখানে মান্য গভাগতি যাচ্ছে শেয়াল ককরের চেয়েও অধম ব্যবহার পাচ্ছে। এখানে আজ যদি আমরা এই বাস্ত্রারা সমস্যাকে ওয়ার মেজার হিসেবে, সামরিক বাবস্থা হিসেবে গ্রহণ না করি তাহলে কোন কিছুই আমরা ক্ষমতালোল, প হয়ে বাংলাদেশকে বলি দিয়েছেন এবং ক্ষমতালোল, প হয়েই তাঁরা এক্ষেত্রে সামারক ব্যবস্থা অবলম্বন করছেন না। জয়পরে কংগ্রেসে অল-ইণ্ডিয়া কংগ্রেস কমিটির মিটিংএ সদার বন্ধভভাই প্যাটেল বলেছিলেন যে ও'রা যাদ ওদের মাইনরিটিকে রক্ষা না করতে পারে তবে যে চুক্তিতে আমরা দেশ ভাগ করেছি সে যুক্তি বাতিল হয়ে যাবে। সূতরাং ওদের বিতাড়িত সংখ্যালঘদের জন্য জমি দিতে হবে। আমরা জমি চাইছি আমদের এখন পাকিস্তানকে বলা উচিত এই কথা। তাতে আমেরিকা বা ইংরেজ কি মনে করবে না করবে তা জানি না। পাকিস্তান স্,িন্টর গোড়ায় কথা ছিল যে সংখ্যালঘ্রদের তারা রক্ষা করবে স্তরাং এখনই আমাদের বলা উচিত সংখ্যালঘ্রদের তোমরা যথন রক্ষা করছ না, রক্ষা করতে পারছ না তখন সংখ্যালঘ্রদের জন্য তোমাদের পাকিস্তান থেকে আমাদের জীম দাও। পদ্মার ধার পর্যন্ত, মেঘনার ধার পর্যন্ত ক্রমি ছেড়ে দাও। জ্রমি ঐখান থেকেই পাওয়া যাবে।

িশ্বতীয় কথা হচ্ছে, নেতারা বাংলাদেশ সম্বন্ধে সম্পূর্ণ উদাসীন। বাংলাদেশের বর্তমান সমস্যার কথা সমসত ভারতবর্ষকে ভাবতে হবে। সমসত ভারতবর্ষকে বাঁচাতে গিয়েই বাংলাদেশকে থণিডত করে এই সমস্যার সৃথি ইয়েছে। আমাদের মুখ্যমন্ত্রীর মাথা খারাপ হয়ে গেছে, তিনি ভাবছেন বিহারের সংগ্য যুক্ত হলেই কাজ হবে। বিহারের যদি মানভূম সিংভূম, পার্বতা অঞ্চল বাদ দিই তাহলে ওদের পপ্লেশন প্রতিবর্গ মাইলে ৯০০। কলকাতা এবং তার পাম্ববিতী শিলপ অঞ্চলগুলির যে পপ্লেশন তা যদি ছেড়ে দি তাহলে বংলার প্রতিবর্গমাইলে পপ্লেশন হয় ৭০০। আর বিহারের ১০ লক্ষ লোক বাংলায় এসে কাজ করে। সেই দশ লক্ষ লোকের পরিবারম্থ ৫০ লক্ষ লোককে বাংলাদেশ বাঁচাচ্ছে, মেনটেন করে। আ উড়িষার তিন লক্ষ লোক আম দের এখানে কাজ করে, তাদের পরিবারম্থ ১৫ লক্ষ লোক বাংলাদেশ থেকে মেনটেন হছে। তার মানে উড়িষার মোট জনসংখ্যার এক-ষণ্ঠমাংশ পালিত হছে—আমাদের এই বাংলাদেশ থেকে। স্তরাং উড়িষ্যা প্রবিগণ থেকে আগত বাস্তুহারাদের পালন করতে পারবে না। বিহার বাংলার থেকে ঘনবসতিপূর্ণ সেও পারে না। এক পারে আসাম। আসামের রিহ্যাবিলিটেশন

মিনিস্টার্র যা বলেছেন তাতে দেখেছি, তিনি বলেছেন, অনলি ফিফটিন থাউজেন্ড একর অর্থাৎ ২৩ স্কোয়ার মাইলস জমি আসামে আছে যেখানে রিফিউজী বাস করানো যেতে পারে। কথাটা কতথানি অসত্য তার প্রমাণ দিচ্ছি। ভারত সরকার যে

soil erosion and water conservation survey committee

করেছিলেন ১৯৪৯ সালে তার সদস্য মিঃ দোবার গান্ধী আর মিঃ ডি সি টেক ছিলেন। তারা বের করেছেন যে আসামে মাত্র ১৫ হাজার একর নয় ১৮০ লক্ষ একর—মানে ২৯ স্কোয়ার মাইল আবাদযোগ্য জমি পড়ে আছে। প্রায় বাংলাদেশের সমান -৩০ হাজার স্কোয়ার মাইল হচ্ছে বাংলাদেশ। সত্তরাং সেই আবাদযোগ্য জমি কেন নেওয়া হবে না? কেন সেখানে প্রবিশ্য হতে আগত উন্বাস্ত্দের বসানো হবে না? কিন্তু সেখানে কিরকম ব্যাপার চলেছে তা ওদের সার্কুলার থেকে দেখাছি। দেখন ওদের পলিসিটা কি। আসাম গভর্নমেন্ট যে সার্কুলার দিয়েছেন তা থেকে পড়ছি—

"Government reiterate the policy that the settlement of land should in no circumstances be made to persons who are not indigenous to this province. The indigenous inhabitants of the province only unclude for the purpose of land settlement during the present emergency. The emergency is the influx of retugee persons who are not Assamese settlers in Assam though they already have land and houses of their own and have made Assam their home to all intents and purposes."

যারা নন-আসামিজ সেখানে যাদের বাডীঘর জমি জমা সব আছে তাদেরও ধরে নিবেন দিন-ইন্ডিজেনাস পার্সনিস তাদের সঙ্গে কোন ল্যান্ড সেটেল্মেন্ট হবে না। যদি কোন বাংগালী পরিবার গিয়ে বসবাস করতে চায় তা হবে না। ভারতব্বেই ঐক্য বজায় রাখবার কি চেটা দেখনে!!

''If any officer is found to have violated these instructions his name should be reported to Government at once for disciplinary action.'' সত্যসতাই যদি কোন সরকারী কর্মচারী এই হ্রুকুমের ব্যতিক্রম করেন তাহলে তাঁর বির্দেশ ডিসিম্পিনারী এটকসান নেওয়া হবে। কর্নান্টিটিউশনএর কথায়, ভারতের সব জায়গায় সকলেরই যাবার অধিকার থাকা উচিত। স্বথাত সলিলে ডুবে মরা যাকে বলে—এ, তাই করা হচ্ছে। আসাম গভর্নমেন্ট সেখানে রিফিউজিদের যেতে দেবেন না। এরা যাকে কোথায়? আমাদের মন্ত্রীমহোদয়া কোথায় তাদের নিয়ে যাবেন হ তিনি কি হাউসের সকলকে নিয়ে কাজ কর্বেন হ বার বাব নিবেদন করেছি—সকলকে নিয়ে কাজ কর্ন না একবার। নিজের ত কোন ক্ষমতা নাই, আমাদের নিয়ে চেন্টা করে দেখন না। স্মাভ্যালি পর্যান্ত যে ১৭ পারসেন্ট বেণ্ডালী-স্পাঁকিং এরিয়া সেখানে

"No khas land was to be given to the refugees. No tea garden land should be given to refugees. The refugees are made over to the tender mercies of the zemindars."

পর্যন্ত বাস্ত্যারারা থাকতে জায়গা পাবে না কামরূপে প্রচুর জায়গা আছে, সেখানে ওরা থাকতে

জমিদারদের উপর ছেড়ে দেওয়া হয়েছে। ওদের রিহ্যাবিলিটেশন মিনিস্টার বলেছেন—

**স্থান পাবে না। একেবারে ওরা অর্ডার দিয়েছে--**

"If a high price is given, some small pieces of rural land may be given to the refugees."

হাই প্রাইস—খ্র উচ্চ মূল্য দিলে কিছ্ জমি পাওয়া যেতে পারে—এই আসাম সরকারের মনোভাব। আর ইন্ডিয়া গভর্নমেন্ট ঘ্রমিয়ে আছে। উড়িষ্যায় যাবার উপায় নেই, সেখানে হবে না, বিহারে হবে না, তারা বাংলা দেশ থেকে খেয়ে দেয়ে থাক। যেখানে ল্যান্ড আছে সেখানে তারা যাবে না। তার মানে সরকারের কোন রকম চেন্টা চরিত্র নাই, এই ত এখানকার অবস্থা! তার উপর যেট্কু শ্বরচ করেন,তার সন্ববাহার হওয়া উচিত। আমাকে আন্বাস দেওয়া হয়েছে—আমি যে ইনডিভিজ্য়াল কেস বলেছি তার স্বিবিচার করবেন। আমি যেভাবে সমালোচনা করলাম তাতে ও'দের উপকারই করলাম। তাতে আমাদের এই বাড়ীর পাশে যে জায়গাটা রয়েছে—অকল্যান্ড শেস,

সেখানে •হৈচৈ পড়ে গিয়েছে। উনি যদি আমাদের সাহায্য নিয়ে একটা কমিটি করেন তাহলে দেশের উপকার হবে, ও'দেরও উপকার হত। আজ যদি সেখানে জ্যোতিবাব্র মতন লোক থাকেন, স্থীর রায় চৌধ্রীর মতন লোক থাকেন, আমাদের ভাগনী পরেবী থাকেন, বীজেশ সেন থাকেন তাহলে ব্রুতাম যে সিরিয়াস ম্যাটারকে সিরিয়াসলি ডিল করতে চান। আমি অনেক জিনিষ বলেছি—যা আরো ভালো করে কমিটির কাছে বলতে পারতাম। আমি অনেক জিনিষ জানি, व्याभात कार्ष्ट जारता ज्ञानक घटेना जारह। এथन সব বলতে গেলে সময়ে কলোবে না। তাই र्थााल पर्-এकोत कथा वलएं ठारे। वलएं ठारे य र्वाफ्नातरमत कथा भूनरवन ना। याता हाणार्तााच कारे**ल वंपलार्क भारत नवत्भ पिरक भारत राम्यव क्रिमातर**पत कथा भानार्यन ना। অফিসারদের কথা শনেলে বিদ্রান্ত হতে হয়, অফিসারদের কথা শনে ভাগনী পরেবী মুখার্জি ষা করেছেন। দুখানা বই আমার কাছে, একখানা হচ্ছে—হিন্টরী অব সাভিসেস অব গেজেটেড এ্যান্ড আদার অফিসারস : আর একখানা হচ্ছে—ওয়েষ্ট বেণ্গল গভর্নমেন্টের সিভিল লিস্ট। উনি সেদিন অম্লানবদনে এখানে বলে গেলেন—প্রেসিডেন্সি কলেজে যাকে প্রিন্সিপাল করে দেওয়া হয়েছে—তিনি সিনিয়রমোস্ট। অথচ তিনি যে সিনিয়রমোস্ট নন তা আর আমাকে দেখাতে হবে না তা ওয়েষ্ট বেণ্গল গভর্নমেন্টএর যে বই আছে তাতেই দেখন—ডিনি সিনিয়রমোষ্ট নন, তাঁর উপর আরো দৃজন ছিল। আর যাঁকে প্রিশ্সিপাল করে বসানো হয়েছে সেন্ট্রাল কলেজএ দার উপরেও বহু, সিনিয়র লোক রয়েছে।

Mr. Speaker: We are discussing refugee rehabilitation,  $[6-30-6-40~\mathrm{p.m.}]$ 

# Sj. Haripada Chatterjee:

আর একটা কথা বলি রিফিউজি ম্যাটারএ। কি আর বলবো বিজেশ সেনের বাবা ছিলেন আমার বন্ধঃ। রায় বাহাদার যোগেশ সেন আমাদের বিপক্ষে ভোট দিতেন, আমরা তখন কংগ্রেসে ছিলান উনি মুসলিম লাগিকে ভোট দিতেন : কিন্তু তিনি কথনও এমন উক্তি করেন নি যেটা সমার্থত হয় না। শ্রীবিজেশ সেনকে আমি বলি যে অফিসাররা অসতা বলাচ্ছেন। উনি একটা কথা বলে গেলেন, সেদিন আমি একজনের কথা বলেছিলাম যে আচ্চা একজনের মা বিচার চাচ্চেন তাকে বিচারে দেওয়া হচ্ছে না কেন? আমি যাকে জানি সাধু বলে তাকে কি আমি বলবো অসাধ্য আমি, যদি জানি যে আমার ভাগনী পরেবী মুখার্জি ভাল কাজ করার চেচ্চা করছেন তাহলে এখানে কি তা আমি বলবো না? এইত এখানে সংধীর রায় চৌধুরী বললেন সে কথা যে প্রবী মুখার্জি কিছু কিছু চেণ্টা করেছে। নিশ্চয়ই বলবো যদি আমরা মনে করি। তেমনি আমি যদি কাউকে সাধ্য বলে জানি তাত নিশ্চয়ই বলবো। এখন এখানে শ্রীবীজেশ বললেন যে অধীর রঞ্জন দে ফলস টি. এ. করেছে। আচ্ছা তার টুর ডায়েরীটা নেওয়া হক্। তার টার ডায়েরীতে দেখা যাবে যে সেখানে তার যে এ্যাকাউন্টেন্ট সে বলেছেন যে তুমি রেলওয়ে বিল কর কেননা রেলওয়ে জানিতে খরচ কম লাগে। সে বলছে আমি গিয়েছি বাস্ত্র আমি কেন রেলওয়ে বিল করবো, আমি ফলস বিল করবো না এবং সে করে নি। তারাই কেটে দিয়ে রেলওয়ে বিল করেছে। সে হাবডায় যাতায়াত করেছে বাসএ, সেটা বাস যাতায়াত বলেই দেখান আছে। এ। कार्काউरम्पेन्टे कर्मा भएटेम्टे अर्थार्तार्टे कथायल निरक्ष कराउँ तिमुख्य रक्षात निर्थह । এই কাজ যে করেছে সে তারাদাস রায়, এ্যাকাউন্টেন্ট, সে কোথায় আছে তাও জানি, তাকে এনে সাক্ষী মানা হক, তাহলে বোঝা যাবে যে সে সতি। কথা বলেছে কিনা। এক নন্বর গেল টুর ভায়েরী। আর একটা উনি বলেছেন যে সে অম্প্রাসনের কি একটা চিঠি ছাপিয়েছিল কার কাছে। সেটার জন্য কত কান্ড হয়েছে। যার প্রেস সে ব্যক্তি ঋণপ্রাথী হয়ে অধীরকে ১০০ টাকা ব্রাইব দিতে চায়। সেটা অধীর এই কন্ট্রোলারের কাছেই রিপোর্ট করে। এই কন্ট্রোলার সেই ব্যক্তিকে ডাকায় এবং তাঁর কাছে সেই ব্যক্তি স্বীকার করে যে সে ১০০ টাকা ঘুস দিতে চায়। তথন এই কন্টোলারই বলেন যে

his loan is refused because he wanted to bribe the officer.

তখন সে গিয়ে মন্দ্রীমহাশয়ের কাছে নালিশ করে। মন্দ্রীমহোদরা পাঠান এ, ডি, ঋনএর কাছে এবং তার কাছ থেকে দীর্ঘ নোট হয়ে আসে। এবং তার উপর সতাই করেছে কিনা সেটা দেখবার জন্য তখন মিসেস ম্লাডিস মজ্মদার—যদি তার রিপোর্টটা নবরূপে না পেয়ে থাকে

তাহলে তা বের করলেই সব জানা যাবে—এনকোয়ারিতে আসেন এবং এনকোয়ারী করে বলেন যে সম্পূর্ণ মিধ্যা অভিযোগ। এবং সেটা আমি দীর্ঘ বলতে চাই না, আমার কাছে সব প্রমানপত্র আছে। ডেড লেটার অফিস থেকে সে চিঠি ফিরে এসেছে। তা দেখলেই বোঝা যাবে কোন্ প্রেসে চিঠিখানি ছাপা হয়েছে। মিসেস স্ব্যাডিস মজ্মদার, গিয়েছিলেন প্রেসএ এবং বলেন— কোথার তোমার সাডে বার টাকা দেয় নি দেখাও। তাতে কোন বিল বা অন্য কোনরকম কিছ, দেখাতে পারে নি। প্রেস কপি পর্যন্ত রাখে নি। অথচ অন্য জায়গার সমস্ত প্রেস কপি রয়েছে. সব রয়েছে এবং মিসেস স্ল্যাডিস মজ্মদার অধীরকে এই চার্জ থেকে এ্যাবসলভড করে গিয়েছেন। সতেরাং এইরূপ ক্ষেত্রে শ্রীবিজেশ সেনের অমপ্রাসনের চিঠি ছাপানর কথা বলা ঠিক হয় নি। আমরা তাকে ভাল করেই জানি। সে সং কর্মচারী সে কড়া হতে পারে। আইনমাফিক কাজ করে এই তার দোষ। আপনাদের র লগুলি বদলান উচিত কারণ যে রিফিউজি সেও লোন পেতে গেলে তাকে সিকিউরিটি দিতে হবে। কোথায় সে সিকিউরিটি পায়? কিল্ড সিকিউরিটি না দিলে লোন পাবে না। এইরকম অবস্থা আপনারা করেছেন। আপনাদের সার্কুলারএ আছে তার যে জমির দাম, যা ডকুমেন্টএ আছে সেই অনুযায়ী ভ্যালুয়েশন হবে। সেটাত আর কর্মচারীরা বদলাতে পারে না যে রিফিউজি সে আবার সিকিউরিটি কেন দেবে, সে এমনিতেই লোন পাবে এবং তাই আপনাদের করা উচিত। অফিসারকে আইন মানার জন্য বধ করছেন কেন? এইসমূহত তথ্য আর্পানই বেরিয়ে পডে। যদি আমরা সহযোগী হয়ে কাজ করতে চাই. সেই সহযোগীর মনোভাব নিয়েই আমি এই কথা বর্লাছ। আপনার প্রেবী মুখাজিকে আমি আর একটি কথা বলেছিলাম, তিনি কাজ করে দিয়েছেন এবং ফল হয়েছে এরই মধ্যে। স্তরাং সকলে মিলে যদি আমরা কাজ করি তাহলে রিফিউজি রিহ্যাবিলিটিশনটাকে আমরা ঠিক করতে পারি। এবং তা করতে গেলে সাধ্ব সং কর্মচারীদের দেখতেই হবে। এবং তাকে যদি আমরা বজায় রাখতে পারি তাহলে এখানকার আটমোসফিয়ার ভাল হয়ে যাবে। স্বুতরাং আমি আশা করি আপনারা এটা করবেন। আরো আমার আজকের বস্তব্য এক গাদা ছিল সেটা আমি আপনার কাছে আলাদা দেবো দেখি কি বিচার করেন।

#### Si. Bijovial Chatteriee:

স্পীকারমহোদয়, রিফিউজি রিহাাবিলিটেশন ব্যাপারে যে ব্যয়ের জন্য তিনি আমাদের কাছে টাকা চেয়েছেন সেটাকে আমি সমর্থন করছি।

নদীয়া জেলার লোক হিসাবে এই বাস্তহারা সমস্যা ব্যাপারে আমরা বিশেষভাবে জড়িত। মাননীয়া মন্ত্রীমহোদয়া বলেছেন যে ভারতবর্ষে এই বাস্তৃহারা সমসাার বেশীর ভাগে ব্যাপারটা বাংলাকে সম্মুখীন হতে হয়েছে, আমি বলবো বাংলাদেশে ঠিক সেইরকমভাবে যেসমস্ত জেলা এই সমস্যার সম্মুখীন হয়েছে তারমধ্যে নদীয়া জেলার নাম সবচেয়ে আগে করতে হবে। আমাদের জেলায় প্রায় সাত লক্ষের উপর রিফিউজি এসেছে এবং আমাদের জেলার প্রত্যেক দুইে জনের মধ্যে একজনকে রিফিউজি বলতে পারেন। মুসলমান রিফিউজিরাও অনেকে ফিরে এসেছেন এবং সেইসমস্ত রিফিউজি ও যারা হিন্দ, বাস্তৃহারা এসেছে—তার বহুলোক প্রায় সাত লক্ষের উপর আমাদের জেলায় বসেছে। এবং আমরা তাদের কাউকে ফিরিয়ে দিতে পারি নি। এথানে আন্ম একটা কথা স্পীকার মহাশয়ের মারফত মন্ত্রীমহোদয়াকে বলতে চাই যে আমাদের জেলার উপর আর বেশী বাস্তৃহারা চাপান উচিত নয়। তা যদি চাপান তাহলে পরে আমাদের জেলার অর্থানৈতিক মের দণ্ড ভেণ্গে যাবে। আর একটা কথা প্রথমেই বলে রাখা উচিত—িগ্রশ লক্ষ লোক আমাদের এই বাংলাদেশে এসেছে। পশ্চিমবংগের মত একটা বিভক্ত প্রদেশের পক্ষে এত লোককে ঠিকভাবে বসান অত্যন্ত কঠিন। প্রথমতঃ এই সমস্যা কোন রাজনীতিক দলের সমস্যা নয়। এটা হচ্ছে সমগ্র দেশের সমস্যা। প্রথমে জ্যোতিবাব্য যে কথা বলেছেন যে এই বাস্তৃহারাদের রাজনীতিক মূলধন হিসাবে ব্যবহার করা উচিত নয়—তার সপে আমি একমত। সব দল নিবিশৈষে, সকল দল মিলে এই সমস্যা সমাধান করা উচিত। আমি মনে করি—এই যে বাস্তহারা সমস্যা এই সমস্যা আজকে আমাদের বাংলাদেশের পক্ষে একটা কঠিনতম সমস্যা। সমগ্র বাংলাদেশে যখন যতুগুহের মত আগনে জনলছে, তখন আমাদের সকলেরই উচিত বালতি হাতে করে এই আগনে নেভান। এই ব্যাপারটাকে কোনরকম রাজনীতিক সমস্যা করে তোলা উচিত নয়। আর একটি কথা. এবানে বলা হয়েছে—সেটা হচ্ছে, কংগ্রেসপক্ষের বারা আছেন তারা এটাকে রাজনীতিক মূলধন হিসাবে ব্যবহার করছেন। আমি মনে করি এ কথা মোটেই ঠিক নয়। যেমন বন্ধ জলাশয়ে মশকের ব্রিখ হয়—মশক বেশী সংখ্যায় উৎপন্ন হয়—ঠিক সেইরকম অত্যন্ত দারিদ্রা, আর্থিক কণ্ট এবং মানুবের মনের অসন্তোষই হচ্ছে কমিউনিজমএর পক্ষে একটা রিভিং গ্রাউন্ড। আমি সেইজন্য বিরোধী দলের বন্ধুদের বলব তারা যেন দলগত প্রতির জন্য এটা ব্যবহার না করেন এবং আমরা সেইটাই তাদের বেশী করে ভাবতে বলছি।

আর একটা কথা বলা দরকার যে এই বাস্তৃহারা যে সমস্যা সেই সমস্যাটা কি কঠিন হয়ে দ'ড়িয়েছে। প্রত্যেক দিন যেভাবে ন্তন ন্তন বাস্তৃহারার আগমন এথানে হচ্ছে তাতে যেকোন গভন'মেন্টই হিম্মিম থেয়ে যাবে এই সমস্যা সমাধান করবার জন্য।

### [6-40-6-50 p.m.]

গভর্নমেন্ট যখনই একটা স্কৃত্ব পরিকল্পনা নিয়ে এই বাস্তৃহারা সমস্যা সমাধানে অগ্রসর হচ্ছে তর্থান দেখা যাচ্ছে হাজার হাজার লোক পূর্ববধ্গ থেকে আসছে এবং এই সমস্ত পরিকল্পনা আরও খারাপ করে দিচ্ছে। এটাকে ঠিক একটা তুলনা দিয়ে ভাল করে ব্রঝাতে চাই। যথন কোন একটা গ্রহে উৎসবে নিমন্ত্রণ করে নিয়ে এসেছে কিছু লোককে—তাদের খাওয়া দাওয়ার বাবস্থা হয়ে গেছে, যখন পরিবেশন করা হচ্ছে তথন যদি হঠাৎ আরও ৫০ জন লোক এসে সেই গৃহদেখন বাড়ী ভরিয়ে দেয় তাহলে সেই গৃহদেখন পক্ষে সেই সমস্যা সমাধান করা যেমন কঠিন তেমনি বাংলাদেশের গভর্নমেন্টএর পক্ষে এই বাস্তৃহারা সমস্যা সমাধান করাও কঠিন হয়ে পড়েছে। এই যে নিতা ন্তন মানুষের স্লোত আসছে পূর্ববংগ থেকে সেই নিতা নূতন মানুষের স্লোতের সামনে কোন সমস্যা সমাধান করা অত্যন্ত কঠিন এবং আমি বলছি, নিশ্চয়ই আমাদের অনেক সমস্যা রয়েছে যা সঁমাধান করতে পারি নি। আমাদের বিরোধী পক্ষের বন্ধরা যেসমুহত কথা বলেছেন তার অনেক কথাই অসত্য। আমি কয়েকদিন হল আমাদের জেলার ধুবুলিয়া যে ক্যাম্প আছে সে ক্যাম্প দেখে এসেছি, আমি নিজে জানি যে সেখানে প্রায় হাজার হাজার লোক রয়েছে যাদের আমরা বাড়ী ঘরের কোন ভাল ব্যবস্থা করে দিতে পারি নি। সে দিগনত বিস্তারী প্রান্তরের মধ্যে কাল বৈশাখীর ঝড়জলে এবং এই সামনে যে মনসুন আসছে তাতে বহু লোকের অতান্ত অসুবিধা হবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। অতএব একটা কথা এখানে বলা দূরকার, সেন্টাল গভর্নমেন্ট যে টাকা দেবার জন্য তৈরী ছিলেন সময়মত সে টাকা এখনও এসে পেশছর্যান। আমাদের বাংলাদেশের গভর্নমেন্ট এই সমস্যা সমাধানের জন্য লক্ষ লক্ষ টাকা- প্রায় ২০ লক্ষ টাকা--ধুবুলিয়া কাম্পিএর জন্য বাবস্থা করেছে। আমি তাদের কাছে এটাকু অনুরোধ করবো যে সম্মুখে আসন্ন এই যে কালবৈশাখী ঝড়, সম্মুখে আসন্ন এই যে বর্যা, এই কঠিন বাদতবের সামনে দাঁডিয়ে ধবে, লিয়া ক্যান্দেপ সহস্র সহস্র বাদত্হারার জন্য ভারা যেন এমনি চেন্টা করেন, এ বিষয়ে মৃহ্তিমাত্র বিলম্ব করবার সময় নাই। এ বিষয়ে বিশেষ করে অনুরোধ করছি। যারা একথা বলেন যে আমাদের জেলায় মুশ্লিম বাস্তৃহারার জনা আমরা কিছুই করতে পারি নি, আমি তাদের কাছে এই কথাই বলবো –তাবা নদীয়া জেলায় চল্যুন এবং গ্রামে গ্রামে ঘুরে দেখতে পাবেন যে যেসমুসত মুশ্লিম বাস্তৃহারা ফিরে এসেছে তাদের প্রায় প্রতোকে জাম পেয়েছে, তাদের প্রায় সকলেই বাড়ীও পেয়েছে, তবে এটা ঠিক অনেক বাড়ী ভূপনাবস্থায় পেয়েছে। এবং সেইসমুস্ত বাড়ী আশু, সংস্কারের দরকার এবং তার জনা আশা করি গভর্নমেন্ট তার সাহায্য নিয়ে নিশ্চয়ই উপস্থিত হবে. এটা আমার আশা আছে।

শেষ কথা বলছি যে এই গভর্নমেন্ট কিছ্ই করে নি বাস্ত্হারাদের জন্য একথা যারা বলেন আমি বলি তাদের সেসব কথা সন্ধৈব অসতা। যার জন্য আমি আমার বিরোধী পক্ষের বন্ধ্দের নিয়ে যেতে চাই ধ্বালিয়ার সেই ক্যাম্পুএ এবং তাদের নিয়ে সেখানে দেখিয়ে দিতে চাই ষে সেখানে বাস্ত্হারাদের জীবন আগের চেরে কত ভাল হয়ে উঠেছে। কয়েক বছর আগে সেখানে কি রকম দ্বাণীত চলত, প্রিলাকে ধরে মারা হত, সেখানে নানারকম অপমান করা,হত, সেখানে উচ্ছ্ত্থল লোকেরা জীবন প্রায় দ্বহ্ করে তুলেছিল। আজ আমি আমার বিরোধী পক্ষের বন্ধ্দের ধ্বালিয়া ক্যাম্পএ নিয়ে গিয়ে তাদের দেখিয়ে দেব বাস্ত্হারারা কি রকম করে সেখানে

আমেরিকানদের যে ঘাঁটি ছিল সেখানকার সেই সমস্ত ইট বয়ে নিয়ে গিয়ে নিজেদের চেডায় কি করেছে, যে সব সিমেন্টএর ব্যাগ ছিল সেগ্লি সরিয়ে দিয়ে কেমন করে তারা ন্তন জীবন আরম্ভ করেছে, সেখানে ছেলেদের শিক্ষার ব্যবস্থা হয়েছে—যেখানে কোন জীবন ছিল না, কেবল একটা ধ্ ধ্ করা মর্প্রান্তর ছিল, যেখানে মান্য হঠাৎ গিয়ে মনে করত হয়ত বা ব্ঝি তারা মৃত্যুর সম্ম্খীন হয়ে বসে আছে। আমি তাদের বলবো যেখানে মৃত্যুর অম্বকারে ছিল, আজ সেখানে জীবনের কল্লোলধননি দেখা দিয়েছে—এসব তারা সেখানে গিয়ে দেখতে পারেন। তাই বলি পরের ম্থে ঝাল খাওয়া ঠিক নয়। নিজের কাণে শ্নে চোখে দেখে কি হয়েছে না হয়েছে তা বলা উচিত।

আমার শেষ কথা হচ্ছে, যারা বলেন মন্দ্রী উপমন্দ্রীরা রাইটার্স বিল্ডিংসএ বসে লেখাপড়ার কাজ করেন এবং তাদের অন্গত কর্মচারীরাই সব কাজ করছে—এটা ঠিক নয়। আমরা জানি—হরিপদ চট্টোপাধ্যায় মহাশয় প্রবী মুখোপাধ্যায়ের কথা বলেছেন—কিভাবে সমস্ত বাংলাদেশে এই ভানী ঘ্রে বেড়াচ্ছেন এবং নিজের চোখে এইসব দেখেছেন একথা আমরা সবাই জানি এবং রিহাাবিলিটেশন মন্দ্রীমহোদয়া, যিনি আছেন তিনিও রাইটার্স বিল্ডিংসএ বসে শুখু থাকেন না, তিনিও অনেক ঘ্রে ঘ্রে বেড়ান, স্তরাং বিরোধী পক্ষের বন্ধুদের অনেক কথাই এ দ্বারা প্রমাণিত হয় না। অবশা সব কিছ্ হয়ে গেছে, সমস্ত সমস্যা সমাধান হয়ে গেছে এ কথা বলি না—যে সমস্যা রয়েছে সেটা আস্ন সকলে মিলে করি, হাতে হাত মিলিয়ে, যেন প্রাণের সঙ্গো প্রাণ মিলিয়ে মহাপ্ণা কাজে সকলের জীবন উৎসর্গ করতে পারি।

[6-50—7 p.m.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, it would be hoping against hope if anybody still thinks that this huge problem can be solved in the present scheme of things. We know that tons of monies are being spent in the name of relief and rehabilitation of the refugees. More monies are needed. We have already spent 67 crores of rupees and we are told in this House today that sufficient monies are not being provided by the Centre. It has been almost a habit with our Government to measure the standard of their activities by the amount of the money they spend and not on the return of the money. This department has turned into a veritable hell. corrupt in all its spheres. The sincerity that was needed, the integrity that was needed, the honesty that was needed to solve this problem are not there. What we find is large-scale corruption everywhere. Unless this corruption, this nepotism, this jobbery were removed, there is no chance for the refugees being ever rehabilitated in this State of ours. You know that a large number of refugees from East Pakistan are daily coming to Sealdah Station from the middle of 1954. At the time of the dispersal from Sealdah into camps they are, it is understood, given three weeks' cash dole and shown to have been admitted in Cossipore Camp before such dispersal though, in fact, they are not shifted to that camp, i.e., Cossipore Camp. They are not paid the entire dole that is being allotted to them. Several lakhs of rupees have already been paid on this account and a large sum is also being disbursed daily for this purpose. The Superintendent of Cossipore Camp. Kalyan Chowdhury, who is a non-gazetted officer holding a temporary post, has been kept in charge of this disbursement. There is one rehabilitation officer, P. Chakrabarty. There are also several additional rehabilitation officers under the rehabilitation officer but none of these officers were given the charge of the disbursement of these cash doles to the Sealdah refugees. The muster rolls of these heavy disbursements have never been checked by these officers. A book transfer of the families is being made from Sealdah Station to Cossipore Camp though they are actually sent to other camps. Now, Sir, an enquiry should be made why this Superintendent has been kept in charge of this cash dole distribution

and not any superior officers. Who is responsible for this? I am told that he is some P. C. Banerjee, Director of Camps. This gentleman happens to be a favourite of his and there are other considerations for his being put at that particular place for distributing these cash doles.

About appointments in this department I have many things to say. There are really heart-burnings almost at every corner. Unless you make proper appointments, if appointments are made indiscriminately irrespective of merit, irrespective of duration of service, irrespective of ability, corruption is bound to follow. I am told that one Mr. S. N. Banerjee ....

Mr. Speaker: Is it right to give all these names?

8j. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, these officers should be told what their duties are. Unless you make the officers work ardently and honestly I am sure the Minister-in-charge will fail to discharge the noble duty that has been allotted to her.

I have a lot of information about the purchase of land by this department. A ring has been formed with certain officers and certain land brokers and land owners. What they are doing is they are arranging with the department and after necessary arrangements with the department concerned, they are offering prices not only of their own lands but also of adjoining lands belonging to others. Before the title is approved possession is taken; the prices are fixed and when that is done documents are taken from the parties to whom the lands belong—immediately before the documents are executed by them in favour of the Government keeping a heavy margin almost in every case. Lands were offered by Messrs. Kanchanjungha, a Bangur Institution. They were not the actual owners of the entire land. The company negotiated the matter with the Deputy Director of Acquisition and offered the lands for rehabilitation purpose. Afterwards, Sir, the Relief Commissioner passed order to the effect that possession of the land should be taken after verification of title. But the major portion of the lands was taken possession of although the offerers had no right of title over the lands at the time of delivery of possession, and the documents were obtained by the offerers long after the delivery of possession.

Debipur Gurguria Scheme: Knowing full well that there were bargadars on the major portion of the lands offered by the owners the Deputy Director of Acquisition took delivery of possession of the entire offered lands and showed undue interest in requesting the Government to make 80 per cent. "on account payment" to the parties before the lands were actually acquired. And what did he do? He sent a copy of the letter that 80 per cent. should be paid to the party direct, with the result that when the Government refused to purchase the land a suit had been filed on the strength of that letter.

Now, Sir, regarding Sonarpur Scheme No. 2: The Member, Board of Revenue, visited the above scheme site along with the Relief Commissioner and the Land Acquisition Collector. During inspection it was found that railway lines, permanent homestead lands, mosque, paddy lands, school, etc., had been acquired, for which he suggested disciplinary action against the officer responsible for this careless acquisition without making any spot enquiry which caused grave dissatisfaction amongst the minority community. Explanation of the officer concerned was called for by the Relief Commissioner, but no action has been taken so far and it is understood that the file is mysteriously missing.

Lands of the Laskarpur Scheme had been offered by a lady. The department fixed the lands at a certain rate per bigha without obtaining any report from the Land Acquisition Collector who on a subsequent reference fixed the value of the lands at a much lower rate. Moreover the Collector was not in favour of starting any acquisition proceedings as the lands belong to intermediary rights which would automatically vest in Government from 15th of April, 1955. But the officer showed undue interest in taking over possession of the lands on the 14th of April, 1955—that is, merely one day ahead—to avoid State acquisition.

I have a number of cases but the time at my disposal does not permit me to quote them.

There is another case—Shrimati Bela Banerjee's land at Vaishnabghata. This lady has been given Rs. 30,000 in excess of the market value of the land as was fixed by the Collector. If these state of things are allowed to continue, how can we solve the problem? Sir, in the name of various schools large amounts of money are being distributed. There is one school at 28 Canal South Road, Entally, within the jurisdiction of the Entally police-station. Its name is Bastuhara Vidyapith at 28 Canal South Road, Calcutta-15.

# [7-7-10 p.m.]

Sir, what I have been able to ascertain is that there is really no school here. An old dilapidated house has been taken—I do not know if on rent or through some other source. Here a school has been established in name. This is a haunting place of bad characters. The entire locality is against it. They have given names, printed letters. I will make over one like this to the Minister. You will be surprised to find that in spite of the Auditor's report that Rs. 2,500 has been misappropriated by the Secretary—even against the advice of the Financial Adviser of their own department monies are being given to this institution—large sums of money, and the thing is such that even the Education Department is conceding to the claim of these bogus persons. The rolls are taked, the students are faked, the stipends are taken in the names of students who do not exist, the teachers are not there. In spite of that large sums of money are being withdrawn. An appeal has been made to all the authorities concerned. The police officers have been asked to investigate and still we do not know the mystery. No enquiry has so far been made and no positive or concrete steps have been taken. There is no necessity of such a primary school in this area. Within 100 yards there is a Corporation free primary school. All these things have to be gone into and looked into if you mean to solve the problem.

Now, Sir, one more instance and I will finish. That is with regard to certain institutions. In No. 2 Williams Lane, No. 5 Williams Lane and No. 10 Williams Lane, my information is that there are five or six institutions in three rooms—only three rooms. There are three telephones; they are collecting monies from three departments and with only 18 destitute girls. I will not say anything more about that. I understand that Rs. 70 thousand have already been taken away from the Government and another grant is awaiting release. The Secretary is the same Miss Kamala Roy. The Minister will kindly take note of this and will investigate the matter so that Government money may not be squandered in this manner.

Sir, my submission is if you want to improve matters, unless you improve this department, unless you get rid of the corruption that is prevalent in the department, you will fail and fail miserably to solve the problem that is before you.

# Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্ত সমস্যা সমাধানের কথা অনেকেই আলোচনা করেছেন। প্রথমে আমার আলোচনা করবার কথা হ'ল উদ্বাস্তু প্রবসিন সম্বন্ধে সরকারী নীতি সম্পূর্ণ ব্যর্থ এবং দ্রান্ত। কারণ, এই উদ্বাদ্ত প্রসঞ্গে বিশেষ করে কংগ্রেস সরকার তথা কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গা সরকার প্রথম হতেই এমন একটা ভাব নিয়ে চলছিলেন যাতে করে এই উদ্বাস্তু সমস্যাটা পশ্চিমবঙ্গ সরকার মনে কর্রেছিল, এর সমাধানের ভার কেন্দ্রীয় সরকারের উপর, আবার কেন্দ্রীয় সরকারও মনে কর্রাছল এই সমস্যা পশ্চিমবঙ্গ সরকারের। তাই প্রথম থেকে সমস্যাটার গ্রেড তাঁরা উপলব্ধি করেন নি। সেই সমস্যা যখন ক্রমশঃ অচল জটিল অবস্থা ধারন করলো, পূর্ববিষ্ঠা থেকে উদ্বাস্ত প্রবাহ আসতে আরম্ভ করলো, তখন প্রাতঃস্মরণীয় ডাঃ শ্যামাপ্রসাদ মুখাজনির অভূতপূর্ব নেতৃত্বে সমস্ত বিরোধী দল একতে, তাদের চাপে কেন্দ্রীয় সুরুকারকে রাধ্য করেছিল মেনে নিতে যে এটা একটা জাতীয় সর্বভারতীয় সমস্যা। তারপর থেকে কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার একযোগে এই সমস্যা সমাধানকলেপ যে নীতি িয়ে চলেছেন তার মধ্যেও যে কতথানি গলদ আছে, তা বোধ হয় আজ পর্যন্ত উপলব্ধি করেন নি। কারণ, ডাঃ রায় তাঁর বিভিন্ন ভাষণে, ভিন্ন ভিন্ন জায়গায়, বিভিন্ন কনফারেন্সএ কথনও বলেছেন উদ্বাদ্তু সংখ্যা ৩০ লক্ষ আবার কখনও বলেছেন ৪০ লক্ষ রিফিউজির কথা। সত্তরাং যেখানে স্বয়ং মুখামন্ত্রীর এইরূপ একটা স্বচ্ছ ধারনা নাই-প্রকৃত নিশ্চিত সংখ্যা ঠিক নেই, সেখানে তিনি কি করে সুষ্ঠাভাবে এই বিরাট সমস্যা সমাধান করতে পারবেন তা আমরা ব্রুতে পারি না। দ্বিতীয়ত, এই পুনর্বাসনের জন্য ১৯৫২-৫৩ সালে জনৈকা শ্রীমতী রায়. শ্রীমতী মুখাজ্রী ও এক জনৈক শ্রীমানকে নিয়ে, পশ্চিমবংগ উদ্বাস্তু সমস্যা সমাধানের ভার তাদের উপর চাপিয়ে দিলেন। উদ্বাস্ত্রা ভেবেছিল যেহেত মাতৃজাতির প্রতীক হিসাবে যাঁরা এই সমসা। সমাধানের জন্য নিযুক্ত ইলেন, তাঁরা অত্যন্ত দরদী হবেন এবং তাঁরা অত্যন্ত দরদের সংগ্র মনপ্রাণ দিয়ে উদ্বাস্তুদের সেবায় আর্থানয়োগ করবেন। কিন্তু স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৫৩ সালে তাঁদের পরিচর্যায় এবং সহায়তায় উদ্বাদত্রী এমন মূপ হয়ে গিয়েছিল যে চাঁদমারী ক্যাম্পে শ্রীমতী মুখার্জির

Sjkta. Purabi Mukhopadhyay: On a personal reference, Sir. I want him to withdraw it immediately. It is a disgrace.

Mr. Speaker: You must withdraw it. This is a very unparliamentary expression. You should be ashamed of your conduct. You must withdraw it.

Dr. Krishna Chandra Satpathi: Yes, I withdraw it.

8jkta. Purabi Mukhopadhyay: Thank you.

Mr. Speaker: This should be expunged from the proceedings.

# Dr. Krishna Chandra Satpathi:

উদ্বাস্ত্দের প্নর্বাসনে যেসমস্ত প্রকার ঘুষ ও দুর্নীতি চলতি আছে, তার প্রতিকারের জন্য ঐ বিভাগের মন্ত্রী এবং বিভাগীয় অন্যান্য সরকারী কর্মচারীদের দুফি আকর্ষণ করেও কোন ফল লাভ হয় নি। এই সম্পর্কে বলতে চাই মেদিনীপুর জেলার এ, আর, ও, অজিং রায়ের বিরুদ্ধে একটা ঘুষের চার্জ আনা হর্মেছিল, এবং সেইজন্য.....

Mr. Speaker: It has been well settled that names of officers should not be mentioned. These officers are not here to defend themselves. Your charge is against the Minister. The Minister is responsible for the inefficiency or corruption of officers. Your charge is not against a particular

officer but against the administration. That is the parliamentary convention. The officer cannot defend himself against the charge. So, do not name the officer.

- Sj. Rakhahari Chatterjee: Without names how can the Minister know?
- Mr. Speaker: That is the parliamentary convention. Names are never mentioned. There are 50,000 officers. Those poor officers are not here to defend themselves. So, names should not be mentioned. That is a very good parliamentary convention. Sj. Sudhir Ray Chaudhuri appreciated it and did not mention their names in his speech.
- Dr. Hirendra Kumar Chatterjee: May I submit that the Deputy Minister the other day named Adhir Das and he was allowed to do so.
- Mr. Speaker: That is why this should be discouraged. But that was in reply to the charge made by Haripada Babu.
  - Dr. Hirendra Kumar Chatterjee: He pointedly mentioned the name.
- Mr. Speaker: A very bad custom is going on here. In the whole of the parliamentary budget debate not a single officer is named. Poor officers cannot defend themselves.

[7-10-7-20 p.m.]

#### Dr. Krishna Chandra Satpathi:

একটি লোক কর্তৃক এ, আর, ওএর বির্দেধ কতকগর্বল ঘ্র নেওয়। এবং অন্য দ্র্নীতির অভিযোগ উপস্থিত করা হয় বিভাগীয় অফিসারের নিকট এবং মন্দ্রীমহোদয়ার কাছে। সেখানে বলা হয় ননীগোপাল ঘোষ ২,২৫০ টাকা পেয়েছে ভৄয়া দাললের বলে। সে কথা মন্দ্রীমহোদয়াকে বলা হয়েছে এবং পরে তাঁর কাছে দরখাসত দেওয়া হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তার খোঁজ খবর নেওয়া হল না. প্রতীকার ত দ্রের কথা। তারপর ঐ ননীর ভাই ফাঁপ ঘোষ ৫০০ টাকা ঋণ নিয়েছে।

Mr. Speaker: You can name the post of the corrupt officer but not the name of the officer.

### Dr. Krishna Chandra Satpathi:

এ অফিসার নয়, উদ্বাস্তদের নাম করছি।

- Mr. Speaker: Please follow my advice. That is all the more reprehensible that you name a gentleman from the public who cannot defend himself here.
  - 8j. Rakhahari Chatterjee: He is not an officer.
- Mr. Speaker: He may be a responsible member of the public. How can be defend himself?
- 8j. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, the difficulty arises really in this way. If you really want us to tell the instances without which there is no use of our discussing this, how can we place the instances without any reference? And naturally without name reference cannot be made.
- Mr. Speaker: If you look at the parliamentary convention as preceded or as advanged from the middle of the twentieth century, you will find that instances can be referred to without naming the persons. That is a very well established tradition of Parliaments everywhere.

- Dr. Hirendra Kumar Chatterjee: How can the Minister reply specifically to the case unless the case is mentioned?
- Mr. Speaker: The case may be mentioned, but without name. That is the parliamentary practice.
- Dr. Hirendra Kumar Chatterjee: Without mentioning the name how can it be specific?
(খ) এ বলেছেন "কম"; উৎপন্ন ফসল এবছর কম হবে, অন্য বছরের থেকে। কত কম, কত ঘাটতি হবে জানাবেন কি?

The Hon'ble Profulla Chandra Sen: I ask for notice.

## Sj. Kanai Lal Bhowmick:

ছয় টাকা বার আনার নীচে দাম পড়ে গেলে সরকার থেকে ধান কেনা হবে, এরকম কোন অর্ডার দেওয়া হয়েছে কিনা?

#### The Hon'ble Profulla Chandra Sen:

সেটা সর্বোচ্চ নয়, সর্ব নিম্ন, দ্যাট ইজ এ ফ্লোর প্রাইস।

#### Sj. Sudhir Chandra Das:

যেটা কম বলেছেন ধান, নোটিশ চাই বলছেন কেন? আপনি অল্তত একটা আন্মানিক আভাষ দিতে পারেন না যে এবছর কত ঘাটতি হবে, আমাদের পশ্চিমবংগ?

## The Hon'ble Profulia Chandra Sen:

আমি আমন ফসল সম্বন্ধে বলতে পারি, এবছর ৩৭ লক্ষ টন, গত বছর হয়েছিল ৩৩ লক্ষ টন। এবছর চার লক্ষ টন বেশী হয়েছে।

## 81. Sudhir Chandra Das:

তাহলে কম হল কোথায়?

The Hon'ble Profulla Chandra Sen: What is stated here is this. The question was

এই বংসর পশ্চিমবঞ্গের উৎপল্ল ফসলের প্রাক্ফলন (মানে ফোরকাণ্ট) পশ্চিমবঞ্গের বর্তমান বংসরের প্রয়োজন অপেক্ষা অধিক, না কম? তাই বলা হয়েছে প্রয়োজন অপেক্ষা গত বছরের তুলনায় কম।

## Sj. Sudhir Chandra Das:

তাহলে প্রয়োজন অপেক্ষা কম হলে. এই কম প্রণ করবার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন জানাবেন কি?

## The Hon'ble Profulla Chandra Sen:

প্রন করবার দ্বটো উপায় আছে। একটা হচ্ছে গত বছরের আমাদের হাতে কিছ্ আছে, মানে চাষীর হাতে। দ্বিতীয়ত এবছর তিন লক্ষ টন গম খাচ্ছে। সেটা খেলে পর কিছুটা প্রন হুবে।

### Si. Hemanta Kumar Chosal:

মন্ত্রীমহাশর বলেছেন যে.. গ্রহরের আমাদের হাতে কিছ্ব আছে, মানে চাষীর হাতে, এ কথাটার মানে কি দাষীর হাতে আছে, না আপনাদের হাতে আছে?

#### The Hon'ble Profulla Chandra Sen:

চাষীর হাতে।

#### Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আপনি বলেছেন কম হিসাব করেই বলেছেন। কত কম?

#### The Hon'ble Profulla Chandra Sen:

গত বছর তিন লক্ষ টন গম খেয়েছে। এবারও সেটা খাবে বলে মনে করেছি।

#### Tasar Industry in Midnapore

- \*96. Sj. DHANANJOY KAR: Will the Hon'ble Minister in charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—
  - (ক) মেদিনীপুর জেলার, বিশেষ করিয়া গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানার, তসর চাষ ও শিল্পের রক্ষা ও উয়তির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা:
  - (খ) থাকিলে, তাহা কি: এবং
  - (গ) না থাকিলে, কোন পরিকল্পনা গ্রহণ ও তাহা কার্যকিরী করার কথা সর<mark>কার</mark> বিবেচনা করেন কিনা?

## Sj. Sowrindra Mohan Misra (on behalf of the Minister for Cottage and Small-Scale Industries the Hon'ble Jadabendra Nath Panja): (ক) না।

- (খ) প্রশ্ন উঠে না।
- গ্রে বর্তমানে এই ধরণের কোনও পরিকল্পনা রাজ্যসরকারের বিবেচনাধীন মাই।

[2-50-3 p.m.]

## Message.

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following message has been received from the West Bengal Legislative Council, namely:—

"That the West Bengal Legislative Council at its meeting held on the 12th March, 1956, agreed to the West Bengal Premises Tenancy Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,

CALCUTTA:

Chairman,

The 12th March, 1956.

West Bengal Legislative Council."

#### Point of information

8j. Jyoti Basu: Mr. Speaker, Sir, the Chief Minister is about to go away, but I wanted to know whether a report which has appeared in the press that there is a communication from the Chief Minister of Bihar to the Chief Minister of West Bengal objecting to putting any conditions with regard to the question of union between Bengal and Bihar.....

Mr. Speaker: When he is here, you put your question to him.

8]. Jyoti Basu: He has just gone away.

Mr. Speaker: You will have enough time hereafter.

8]. Jyoti Basu: It is important.

Mr. Speaker: I think this is a question to which a reply can be given by no other Minister but the Chief Minister.

8j. Jyoti Basu: Naturally, he is the person who ought to know it.

The Hon'ble Prafulla Chandra Sen: If the Chief Minister is able to throw any light, as soon as he comes he will do it.

Mr. Speaker: I will send your message to him, and, if possible, after the adjournment, he may throw some light.

## **DEMANDS FOR CRANTS**

## CRANT NO. 41.

Major Heads: 57—Miscellaneous—Expenditure on Displaced Persons, etc.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় দপীকার, স্যার, ওপক্ষ থেকে বলা হয় যে আমরা যেসমদত কথা বলি সেগ্রাল নাকি ভেগ। স্তরাং আমি সর্বপ্রথম আপনার কাছে কতকগ্রাল দেপসিফিক কেস উপদ্থিত করতে চাই। কবিগ্রের বহু দ্বংথে বলে গেছেন "রাজার হদত করে সমদত কাণ্যালের ধন চুরি"। এই কাণ্যালের ধন চুরির একটি ব্যাপার আপনার কাছে উপদ্থিত করবো। দেশবন্ধ্ব শিক্ষায়তন এবং স্ভাষচন্দ্র বালিকা বিদ্যালয় ইত্যাদি উদ্বাদ্ত প্রবাসন বিভাগের পরিচালনাধীনে কতকগ্রাল দকুল, আমাদের কন্টোলার দ্রী সি আরু দাসের পরিচালনায় চলে। এব সম্পর্কে আমার প্রধান বন্ধবা, এই লিন্টের মধ্যে দেখতে পাচ্ছি, প্রত্যেকটি দকুলে সি আর দাস সভাপতি এবং বিজয়লাল চট্টোপাধ্যায়, শান্তি দাস যিনি দ্রী সি আর দাসের দ্বীও বটেন এবং তারকদাস বন্দোপাধ্যায় প্রভৃতি কংগ্রেমী পান্ডারা এই বিদ্যালয়গ্রালিতে আছেন। এরা সব নিয়ম করেছেন যেসব বই কিনতে হবে তা এদের কাছ থেকে নিতে হবে, ডিপার্টমেন্টের প্রত্ দিয়ে, তা না হলে

টাকা প্রসা গ্রান্ট অর্থাৎ এডুকেশন গ্রান্ট বা গভর্নমেন্ট দেন তাও পাওয়া বাবে না। দেখা গেছে সেকেন্ডারী এডুকেশন বোর্ডের রেকমেন্ডেড নর, এই রকম বই তারা প্রেসক্রাইব করেছেন। যেমন এ সেকেন্ড বুক অফ ট্রানশেলশন, যেটা সি আর দাস মহাশয় রচনা করেছেন। (এ ভয়েস ফুমু দি কংগ্রেস বেণ্ডঃ ইনি কোন সি আর দাস?) ইনি স্বগ্রীয় সি আর দাস নন, জীবিত সি -আর দাস—উদ্বাস্তৃ পনের্বাসন বিভাগের কন্টোলার । আরো সমস্ত বই লিন্টের মধ্যে যা আছে. তাও দেখছি পরিচালক সমিতির অনাতম বান্তির লেখা, অথবা কংগ্রেস পক্ষের যারা সমুহত এম এল এ, এম এল সি আছেন, তাঁদেরই লেখা বই। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেপাঃ তাঁরা সব বিদ্বান লোক) এবং এই বিভাগ নিয়ম করেছেন, ডিপার্টমেন্টের এই দিয়ে এই সমস্ত বই নিতে হবে। দেখা যাচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট যে টাকা বরাদ্দ করে দিয়েছেন, সেই টাকা নিয়ে এরা র্গ্রীতমত একটা লটেপাট ট্রেডিং বিজিনেস আরম্ভ করেছেন। এবং দেখা যাবে সি আর দাসের বই কিনতেই হবে। এবং অন্যান্য যেসমুহত এম এল এ, এম এল সি আছেন, তাঁদের বই বাতে অন্য জায়গা থেকে কিনতে না পারে, সেই রকম বাধ্যতামূলক ব্যবস্থা করা হয়েছে। এটা প্নর্বাসনের নামে ল্টেপাট ট্রেডিং ছাড়া আর কিছুই নয়। এটা পরিষ্কার দেখা যাচ্ছে যে, তাঁরা বইএর বাবসা করছেন এবং দুই পয়সা রোজগার করছেন। ব্রুতে পারতাম এই টাকাটা গভর্নমেন্টের হাতে যাচ্ছে, কিন্তু তা যাচ্ছে না, এটা যাচ্ছে কিছ, ডিপার্টমেন্টের লোকেব হাতে বা যেসমুহত এম এল এ, এম এল সির বই এর ভেতর দেওয়া হয়েছে, তাঁদের হাতে। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেণ্ডঃ রেকমেন্ডেড কিনা বল্ন।) রেকমেন্ডেড নয়। এর পরের ব্যাপার দেখ্ন, আমরা বারবার বলেছি যে, এই যে চুরি চামারি হচ্ছে এটাকে চেক করন। শিবতলা গোপালপর এ্যাকোমোডেশন ক্যাম্পএর কথা বলি। সেখানে তিন চার মাস আগে একদিন রাত্রে দেখা গেল যে. সেখানকার কতকগ্রলি ভাফ তারা জামাকাপড় ইত্যাদি পাচার করছেন। তারপরে तिभिक्षेजिता वाधा मिल, फरल ग्लारफत <u>श्वाप्त अर्धिक त्लाकरक ग्लारत</u>ण्डे कता श्रारारण अवा श्रारा अवः स्था যাচ্ছে, এ ঘটনা ঘটবার পরেও এদের কাছে আমরা বর্লোছ যে, রিফিউজি ক্যান্স্পের মধ্যে যে কমিটিগুলি আছে তাদের স্থেগ সহযোগিতা করুন, কিন্তু এ'রা তা করছেন না। অথচ কি রকম বিশ্রী সব ঘটনা ঘটছে। তাছাড়া আপনার কাছে আর একটা ঘটনা উপস্থিত করবো সেটা হচ্ছে, বাগজলা ক্যান্স্পের ব্যাপার। কয়েক মাস আগে ক্যাম্প স্পারিনটেনডেন্ট মাটি কাটার জনা রিফিউজিদের প্রাপ্য টাকা দেননি। যথন ধরা পড়লেন, তথন পলাতক হলেন। তার সম্বন্ধে কি করেছেন জানি না। এই জনাই আমি জোর দিয়ে বলছি যে, যে সমুষ্ঠ ক্যাম্প কমিটি আছে, তাদের সঙ্গে সহযোগিতা করে কাজ কর্ন, তাহলে কাজ হবে। ডোল বা ক্যাশ ডোল সম্পর্কেও নানারকম অস্কবিধা চারিদিকে দেখা যাচ্ছে। সে জনা বিশেষ করে অনুরোধ করি, ক্যাম্প কমিটিগুলোর সংগে সহযোগিতা না হলে এরকম চুরি বন্ধ হবে না, সর্বদাই এরকম দেখা যাবে। বারাকপুরে কিছুদিন আগে উন্বাস্তুদের টাকা ট্রেজারীতে রাখা रस्त्रीष्ट्रल, लक्ष्म लक्ष्म ठोका উধাও হল भूतिष्टिलाम। ২-७ জन भूलिभरक स्नार्विष्ठे करा रुराहिल, किन्ठु त्लारक वलरह এর পেছনে সব রাঘববোয়াল রয়েছে, याँরা শাসন করছেন, তাদেরই এটা একটা শয়তানী ষড়যন্ত। আমার জিজ্ঞাস্য নতুন এস, ডি, পি, ওকে এথানে হঠাৎ শ্রীরামপ্র থেকে আনা হলো কেন? এই টাকা সম্পর্কে কি হয়েছে আমরা সে সম্পর্কে জানতে চাই। শুধু তাই নয় এখানে দেখতে পাবেন কেমন করে কংগ্রেসী বন্ধুরা রিফিউজিদের গ্রান্টগর্নিল নিয়ে নিজেদের উদর পর্তি করেন। এ সম্পর্কে একটা লেখা আমি পেয়েছি। অনেক ক্ষেত্রে তাঁরা ছাত্রের নাম এবং ছাত্রদের অভিভাবকদের স্বাক্ষর নকল করেন এবং অভিভাবকের অজ্ঞাতসারে প্রনর্বসতি বিভাগ থেকে টাকা আদায় করেন। সেই সব ছাগ্রছাগ্রীর নামে যারা কোনদিনই বিদ্যালয়ে পড়েনি, পন্নর্বসতি বিভাগ এইভাবে টাকা সংগ্রহ করে তাঁরা কংগ্রেসে দল বৃদ্ধি করেন। তাদের কুকীতি ধরা পড়লেও কর্তৃপক্ষ কর্তৃক কোনও ব্যবস্থা নেওয়া হয় না, তার কারণ হচ্ছে তারা খন্দর পরিধান করেন এবং কংগ্রেসী সেবাদলের চাঁই।

[3-3-10 p.m.]

এরপর একটি দুঃথের কথা বলবো। সেটা আমার অণ্ডলে ঘটেছে। এই বিভাগের কর্তৃপক্ষ কত অপদার্থ তার জ্বান্জ্যবলামান দুণ্টাস্ত। এই স্কুলটি বাংলা দেশের গোরব, ঐ স্কুলটার প্রেসিটেণ্ট হচ্ছেন, মংস্যমন্ত্রী হেমচন্ত্র নম্কর মহাশয়। সেই স্কুলের একটা ঘটনার কথা আমার কাছে এসেছে, সেটা হচ্ছে একজন অভিভাবক চিঠি মারফং জানিয়েছেন যে, সেখানে দেখা যায় ১৯৫৪ সনের, এক বংসরের মাইনে একটি ছাত্র তার নাম হচ্ছে অজিতকুমার দত্ত.....

### Mr. Speaker:

সে কি রিফিউজি স্টাডেন্ট?

## Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

হাঁ, সে রিফিউজি স্টুডেন্ট, সে গ্রান্ট পেয়েছিল, ৫৪ টাকা এবং তাকে চিঠির মারফং জানান হয়। তারপর যথন সে ঐ ৫৪ টাকা নিতে গেল, সেখানকার ইনসপেক্টার ও মাণ্টার মহাশয়ের উপস্থিতিতে, তথন দেখা গেল, সেখানে মাত্র ২৭ টাকা রয়েছে, আর বাকী ২৭ টাকাটা, একটা জাল সই করে কে নিয়ে গিয়েছে। সে সই হচ্ছে ইংরাজীতে লেখা। কিন্তু সেই ভদ্রলোক শ্যামাপদ দত্ত মহাশয় বাংলা ছাড়া অন্য ভাষা জানেন না। তিনি বললেন, ইংরাজীতে কখনও আমি সই করি নি, বাংলায় সই হচ্ছে আমার, সমস্ত কাগজ পত্রে আমার বাংলায় সই। তাকে সেখানে টাকা দেওয়া হ'ল না। এই ঘটনার কথা উদ্বাদত বিভাগকে যথাসময়ে জানান সত্তেও আজ পর্যান্ত তার টাকা দেওয়ার কোনই ব্যবস্থা হয় নি: অথচ সেই ছেলেটি টাকাটা না পাওয়ার দর্ন লেখাপড়া থেকে বণ্ডিত হতে বাধ্য হচ্ছে। ছাত্ররা লেখাপড়া বন্ধ কর্ক, এই কি আপনারা চান? এই কি আপনাদের ইচ্ছা? এই রকম ঘটনার কথা অন্যান্য স্কুলে ঘটচে তার দুষ্টাম্ত আরও কত বলতে পারি: উদ্বাহত পুনর্বাসনের শিক্ষা বিভাগের এটা একটা নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁডিয়েছে। এসিয়ার মধ্যে যে এতবড একটা স্কুল, সেখানে এই বকম অবস্থা। এ ছাড়া আরও কত স্কুলে যে ঘটনা ঘটছে তার ইয়ত্তা নেই। অবশ্য এর মধ্যে দ্ব-একজন ভাল লোকও আছেন। যেমন ও'র পাসে'নাল এ্যাসিসট্যান্ট তিনি যথেণ্ট চেণ্টা করেন. কিন্তু কথা হচ্ছে, তার কথা কেউ শোনেন না। ডিপার্টমেন্টে তিনি হয়ত একটা কিছু ফরওয়াড করে দিলেন, কিল্ত তারপর দেখা গেল সেই জিনিষ্টা দুই এক বছবের মধ্যে কিছুই হয় নি। এই ধরণের কাজ করে পুনর্বাসন কিছুতেই করা যাবে না। তার উপর তারা বওনা করছেন কিভাবে দেখন। আগে একটা সিসটেম করে ছিলেন, তাতে দেখা গিয়েছিল যে. রিফিউজি সার্টিফিকেট না থাকলেও, বিশিষ্ট বিশিষ্ট ব্যক্তি যেমন এম এল এ, এম এল সি. তারা সার্টিফাইড করলে পর কাজ হতো। যক্ষ্মারোগাক্রান্ত রিফিউজি সর্বত্র ঘরে বেডাচ্চে এবং রাস্তায় মারা যাচ্ছে, তাদের সম্পর্কে উল্লেখ করলে, এমন অমান, যিক ব্যবহার পাওয়া যায়, যা কহতবা নয়। এইভাবে বঞ্চিত করবার যে নাঁতি, সেই নাঁতিই যদি নিয়ে থাকেন, তাহ**লে** প্রবর্গসন মন্ত্রী মহোদয়ার স্থানাম হবে কি করে? এইভাবে কাজ করলে তাঁর নিজেরাও বদনাম হবে। আমাদের কো-অপারেশন নেবার জনা যদি তিনি প্রস্তৃত থাকেন, তাহলে সকলকে নিয়ে একটা এনডভাইসরী কমিটি গঠন করনে এবং তার মাধ্যমে কাজ করাবার চেণ্টা করন। আপনার চারপাশে যে কংগ্রেস চমূ ও নন্দীভূৎগীরা রয়েছে, তাদের উপর নির্ভার করে এবং আপনার যেসব আমলা রয়েছে তাদের উপর যদি বিশ্বাস করে ভাবেন যে, উদ্বাস্তদের প্রনর্বাসন সব ঠিক আছে এবং চমংকার ব্যবস্থা হচ্ছে, তাহলে আমি বলবো, আপনি মুর্থের স্বর্গবাস করছেন। আপনার বঞ্চনার নীতির পরিবর্তন কর্ন-এই আমার শেষ অন্রোধ।

#### Si, Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, মাথা নত করতে তিনিই পারেন, যিনি প্রেম ভরে মাথা নত করতে জানেন। এখন আমি অসপ্শা, এই রাজনীতির ক্ষেত্রে, এই রাজনৈতিক দলের মধ্যে একজন অসপ্শা হিসাবে আমার পরিচয় দিতে হলে, বলতে হবে পূর্ব পাকিস্তানের ভাষাতে আমি একজন সংখ্যালঘিষ্ট ব্যক্তি আর হিন্দুস্থানের ভাষাতে বলতে হবে সংখ্যাপরিষ্ঠ ব্যক্তিদের মধ্যে একজন। আমি হিন্দু একথা যদি বলতে যাই, তাহলে সেটা সাম্প্রদায়িক হবে: হিন্দুর কোন কথা বলতে গেলেই সাম্প্রদায়িক হবে বলে গালাগালি খেতে হবে। আজ বহুদিন ধরে বে সমুস্ত অস্প্শা হিন্দুর দল সেই পূর্ব পাকিস্তান খেকে

এসেছেন, তাঁরাও বলছেন এই হিন্দ্রাজে হিন্দ্র বলে কোন কথা বলবার উপায় নেই। আমরা এখন কিভাবে আছি? যখন ভারতের নেতৃব্দ আমার মনে হয় তার মধ্যে ভারতের প্রধানমন্ত্রী নেহের্জীও ছিলেন। তিনি নিত্য ঘোষণা করেছিলেন, পাকিস্তান সম্বন্ধে—

"Pakistan is a fantastic idea. It cannot stand."

এবং আমি প্রাণপণে সমস্ত প্র্ববংগর হিন্দুদের রক্ষা করবো। তথনই দ্বিচীর তাাগের মন্দ্রে দ্বিক্ষিত হয়ে প্রবংগর হিন্দুরা সাহায্য করলো। তাই আজ এসিয়ার মধ্যে প্রথম শহর আর প্থিবীর মধ্যে যে তৃতীয় নগরী কলিকাতা, সে আজ হিন্দুস্থানের মধ্যে। আজ বাংলার লোক মুখামন্দ্রী, তিনি আজ বাংলার মুখামন্দ্রীর্পে অধিষ্ঠিত হতে পেরেছেন এবং আপনি আজ আমাদের স্পীকার না হলে, আমরাও এখানে আসতে পারতাম না; এটা তাঁদেরই কুক্ষিগত হয়ে থাকত। তাঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন, সমস্ত প্র্ব পাকিস্তানের হিন্দুদের রক্ষা করবেন বলে। কিন্তু কি হয়েছে?

"হল না, হল না মোদের সে সত্য পালন, সত্য ভংগ মহাপাপে ডুবিল জীবন।"

এই অবস্থা দাঁড়িয়েছে। তাঁরা সত্য রক্ষা করতে পারেন নি, ভয়ে, পাছে তৃতীয় মহাসমর বে'ধে যায়। । কিন্তু পাকিস্তান চেণ্টা করছে, ভারতের মধ্যে মহাসমর বাঁধাতে, এটা সতা কথা। কিন্তু, তাই বলে আমরা কি পাকিস্তানের হিন্দুদের আশ্রয় দিয়ে বাঁচাবার চেণ্টা করবো না? এই উন্বাস্তু সমস্যার ভিতর দিয়ে দেখতে পাবো কেন্দ্রীয় সরকার বাংলা ও বাংগালী জাতির প্রতি কি মনোভাব পোষণ করছেন এবং তার উম্জ্বল দৃণ্টান্ত দেখতে পাছি। প্রথমে পাঞ্জাব থেকে যে সমস্ত উন্বাস্তু এসেছিল, তাদের সমস্যা সমাধান করে ফেললেন ম্থান এবং লোক বিনিময় করে। কিন্তু বাংলার বেলায় বলা হচ্ছে সেকিইউলার ৫টট, উদার প্রেমের ভাব জেগে উঠলো; তাঁরা বিশ্ব প্রেমে মজে গেলেন। বাংলার বেলায়ই যত সংকট, বাংলার বেলায় এটা কেন হবে না, তা সকলেই ব্রুতে পারছে। একটি ছোট ছেলে, শিশ্ব ব্রুতে পারে, যে পূর্ব পাকিস্তান চাচ্ছে যে, সম্পূর্ণভাবে হিন্দুদের তাড়িয়ে সেখানে ম্সলেম রাজত্ব স্থাপিত করতে। এ কথাটা সহজেই ব্রুতে পারা যায়; কিন্তু তা সত্বেও এ'রা তৃতীয় মহাযুদের ভয়ে চুপচাপ করে আছেন।

আমরাত আশ্রয় নিয়েছি রাজ্বপুঞ্জের কাছে, তাদের কাছেত বলতে পারি, "দেখুন, একদল লোক আমাদের প্রতি অত্যাচার করছে, আমাদের বাধ্য হয়ে সহ্য করতে হচ্ছে"। কিন্তু কেন্দ্রীয় সরকার কি তাও করেছেন? তা তারা করেন নি। অথবা তাঁদের বলেছেন কি? যে তোমরা তোমাদের লোক দাও, তাঁরা সেখানে দলে দলে গিয়ে দেখে আসবে পূর্ব পাকিস্তান থেকে কেন লোক চলে আসছে; তাদের অভয় দেবে এবং পূর্ব পাকিস্তানের গভর্ণমেন্টকে চেপে ধরবে, কেন তাঁরা এই রকম করছেন। কিন্তু তাও তাঁরা করেন নি। আজ ভারতীয় ইউনিয়নের ৩৬ কোটি লোকের ভিতর আবশ্যকমত দ্ব-এক কোটি লোক ক্রুসেড যুদ্ধের মত সেখানে যেতে পেরেছে কি? মিঃ স্পীকার মহাশয়, "গীতাতে" বলে সকলের প্রতি সমান ব্যবহার করতে নেই। মনে কর্ন আপনার কাছে যে রকমভাবে মাথা নত করতে পারি, ঠিক সেই রকম রাষ্ট্রের ঝাড়্দারের কাছে কি করবো? দেখা যায়, আমি যদি সমান বাবহার করতে যাই, খাাপা কুকুরের কাছে: তার কাছে যদি উদার ভাবের ব্যবহার নিয়ে যাই, তাহলে সে আমাকে কামড়াতে পারে; মাথা নত করলে, মাথায় বা পায়ে কামড়াতে পারে। আমরা যখন দেখতে পাচ্ছি, তারা উস্কানী পাচ্ছে উপর থেকে, তথন আমাদের শন্ত হতে হবে। কিন্তু কেন্দ্রীয় সরকার কি তাই শন্ত হয়েছেন? তাঁরা দেখছেন বাংলা কি করে ধরংস হতে পারে, তারা ভাবছে বাংলা এখনও নিঃশ্বেস হল না? তারপর তারা পর্দার আড়াল থেকে খেলা খেলছেন, "বাংলার জন্য বংগ-বিহার সংঘ্রন্তি করণ"। আজ বাঙ্গালীকে নিঃশেস করতে হবে, এই মনোভাব চতুর্দিকে জেগে উঠেছে। স.তরাং ক্রুসেড যুদ্ধের মত আজ আমাদের সেখানে দলে দলে যেতে হবে: কিন্তু তা কিছুই হচ্ছে না। সেখানে আমাদের একদল হিন্দু, যখন নির্য্যাতিত হচ্ছে, তখন সেই ইউরোপের ক্রুসেড যুদ্ধের মত্ আমরা সেখানে দলে দলে যাবো, এবং তাদের বলবো কেন তোমরা ভাল কাজ করছো না; যদি তারা, তা না শোনে তাহলে দেখা যাবে।

[3-10-3-20 p.m.]

**क्लिटी** प्रमुक्तात्वर धेर भाव कार्यात्र जारात स्वादा श्राह्य ? वाश्मात जाग कि जांता जाम গিয়েছেন? আজ তাঁরা দেখছেন, বাংলার ধ্বংসের পথ কি করে হতে পারে!! ভাগ হয়ে দ্বি-র্থান্ডত হয়েও বাংলা ধরংস হল না। তাই তাকে শেষ করবার জন্য বঙ্গ-বিহার সংযুদ্ভি। আমাদের মধ্যে একদল এই নিয়ে নির্য্যাতিত হচ্ছে। তব, তাঁরা কি এটা দেখতে পাচ্ছেন না? তিন কোটি হিন্দু, যাবে, তাদের হাতে ধরবে, পায়ে ধরবে, তবু, র্যাদ না শোনেন তখন অন্য পথ দেখা যাবে। কেন্দ্রীয় সরকার কি মনে করছেন? তারপর তারা যে আর একটা কাজ করছেন. এতখানি উপকার যারা করেছে, সেই পূর্ববিষ্ণা হতে আগত ভাইদের এক এক দলে দু, হাজার তিন হাজার করে বিভিন্ন জায়গায় নিয়ে যাচ্ছেন। জিজ্ঞাসা করছি তাদের যে নিয়ে যাচ্ছেন. **সেখানে রাস্তাঘাট, জলের ব্যবস্থা এসব স্বন্দরভাবে করেছেন কি? অথচ বাংলাতে তারা** নিডেরাই ভাল বাসম্থান স্থাপন করেছে। আর কেন্দ্রীয় সরকার করছেন কি? কোন পরিকল্পনা স্ক্রেভাবে না নিয়েই গবিতের মতন কতকগুলি টাকা ছডাচ্ছেন সেখানে, সে টাকার সম্ব্যবহার रक्त ना रयथान। याता म्ही-भूत निरात, तृष्ध वाभ-मा निरात स्थान त्थरक हुन्हें अस्प्रह, जामत **দ**ুঃখ মোচনের চেণ্টা কোথায়? বার বার অভিযোগ হচেচ, যারা সাহায্য পাবার যোগ্য তারা পায় নি. অপরে পাচ্ছে। পাওয়া যাদের উচিত, তারা পথের ভিখারী হয়ে ঘরে বেডাচ্ছে। তাদের দিকে তাকান। মন্ত্রী বা উচ্চপদম্থ কর্মচারী যারা তাঁদের প্রাণে সহানভূতি নাই। গতান,গতিক পন্থায় অফিসারী নোট পাঠিয়ে কর্তব্য শেষ করেন, তাতে ফল কিছুই হয় না। আপনারা যদি জায়গায় জায়গায় সারপ্রাইজ ভিজিট দিয়ে দুর্নীতি ধরতেন, তাহলে দুর্নীতিও দ্রে হত এবং এই বাস্তুহারা সমস্যা এবং অন্যান্য বহ্ সমস্যার সমাধান হত। আপনারা তা কিছ, করছেন না। আপনারা কেবল দুনীতিকে প্রশ্রয় দিয়েই চলেছেন। আপনারা কেবল বলছেন যে, আমরা উদ্বাদ্তুদের জন্য এত টাকা বায় করছি, কিন্তু সে টাকা যাচ্ছে কোথায়? লোকগ্রাল যে এত অভিযোগ করছে সেসব সত্য না মিথ্যা, একবার খোঁজ কর্ন। কেন্দ্রীয় সরকার তেমন কিছু, চেষ্টা করছেন না। কিন্তু যে বাঙ্গালী একদা স্বাধীনতার মূল্য দিয়েছে, সে বাঙ্গালীকে রক্ষা তাঁরা কেন করছেন না? স্বাধীনতা অমনি এসেছে কি? স্বাধীনতার মন্ত্র দিয়েছিল কারা? কেন্দ্রীয় সরকারের এই রক্মটা করবার ফলে বাণ্গালীর মনে হতাশা জেগেছে। কিন্তু বাংগালীকে আজ ধীর স্থিরভাবে অগ্রসর হতে হবে। বাংগালী আজ কোন পথে যাচ্ছে? এখানে একটা ঘটনা বলছি। আমি ট্রেনে যাচ্চিলাম, কোলাঘাট ভেটশনের কাছে দুই বন্ধ্য রিফিউজি ডিপার্টমেন্টে কাজ করেন এবং প্রচুর টাকা রোজগার করছেন ঐ বিভাগ থেকে। দুই বন্ধুর একজনের ছেলে মরেছে, তাই তার বৃদ্ধামাতা বলে দিয়েছেন দেখরে তই আর ঐ রকমভাবে টাকা নিস নে। ঐ রকমভাবে টাকা নেবার জনাই, আমার ধারণা তোর ছেলে মরল। এবং সে অপর বন্ধকে বল্লে যে সে টাকা নেওয়া বন্ধ করেছে। দ্বিতীয় বন্ধটি বল্লে ওসব वारक कथा। मुरुवेत प्रमय अथन विकावी निर्क्त थाक भरत आत अ प्रत्यांग उ मुरिवेश भावि नि। সেই বন্ধ্ও তার পর থেকে আবার টাকা নিতে সূর্ব করবে বলল। বহু ঘটনা এই রকম ঘটছে। বাংলা ভারতেরই একটা অংশ। এই বাংলার প্রতি তার সমসাার প্রতি কি দুটিট দিচ্ছেন কেন্দ্রীয় সরকার? বাংলার প্রতি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সে প্রতিশ্রুতি তাঁরা রক্ষা করনে। কেন্দ্রীয় সরকার যদি বাংলার প্রতি অবিচার করেন, তাহলে তাঁরাও ছাডান পাবেন না। উত্তর প্রদেশ যথন মহম্মদ ঘোরি জয় করেছিল, তখন প্রস্পরের মধ্যে ঝগড়ার ফলেই ভারত প্রাধীন হয়েছিল। এখন যদি আবার তাঁরা ঝগড়া করতে থাকেন, তাহলে সেই রকম ফলই ফলবে। তাই বলছি, আসনে সকলে মিলে কি করে বিফিউজিদের সমস্যার সমাধান হতে পারে সেই চেণ্টা করি। সকলে মিলে কিসে তারা নিরাপদে থাকতে পারে, আসনুন সেই বাবস্থা করি।

## Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শ্রম্পাৎপদ বন্ধ বিজয়লাল চট্টোপাধ্যায় মহাশয়কে জানতাম তিনি "সর্বহারা"দের কবি । সেই "সর্বহারা" দরিদ্রের দ্বংথের গান একদিন তিনি গেয়ে ছিলেন । কিন্তু আজ তার কাছে "সব পেয়েছি"র গান শানে আনন্দিত হলাম ব্রুলাম যে, সবহারাদের আজ আর দ্বংথ কিছু নাই। বন্ধ জগন্নাথবাব্ও কালকে অনেক তথ্য দেখিয়েছেন। তিনি যে

সব ফিগার দিয়েছেন, সেগুলোর সম্বন্ধে বলতে পারি, হয়ত এক দিক দিয়ে টাকা খরচ ছে কিছু হয়েছে উম্বাস্কুদের জন্য, সৈকথা অম্বীকার করব না। উম্বাস্কুদের শিক্ষার নামে টকো খরচ <u> হয়েছে. যেটা জগন্নাথবাব, দেখিয়েছেন, সেটা নিশ্চয় খরচ হয়েছে, কিন্তু তার সংগ্রাসংখ্য</u> কতগরেল ছেলের পিছনে কোন স্কুলে কত টাকা খরচ হয়েছে, সে কথা যদি না বলতেন, তাহলে ব্রান্ধ্যন্তার কাজ করতেন। তার কারণ এই আমরা অস্বীকার করছি না যে, এই দশ্তরের টাকা খরচ হচ্ছে, কিন্ত সংগ্রে সংশ্রে এটাও অস্বীকার করতে পারছি না যে, এই দুস্তরে যা খরচ হচ্ছে, তা সঠিক লোকের কাছে পে'ছাতে পারছে। এ বিষয়ে আমাদের ঘোর সন্দেহ রয়েছে। সেদিনও একথা বলেছিলাম কিন্তু উত্তর পাই নি। গোবরডাঙগা গার্লাস স্কুলে রিফিউজি ছেলে ছিল. সেখানে অডিট করতে গিয়ে যে জিনিস বেরিয়েছিল, তার ভিতর দিয়ে এটা পরিষ্কার বোঝা গেছে যে. এই টাকা যথাযথভাবে ব্যয় করা হয় নি। যে উদ্বাদ্ত ছাত্রীদের নাম কোরে টাকা বার করা হয়, তারা কোথায় থাকে খ'লেলে পাওয়া যায় না। এ যেন আঁটকুড়ো রাজার চার ছেলে. তার দ্বটো মরে গেছে, আর দ্বটো বে'চে নেই, সেই রকম। সংখ্যা ঠিক আছে। সমস্তই ঠিক আছে. কেবল ছাত্রীরা নেই। আমরা সেদিন গোবরডা॰গা স্কুল সম্বন্ধে উত্তর পাই নি প্রশ্ন করেছিলাম, কারণ জাবরডাগ্গা স্কুল ব্যাপার নিয়ে কেবল এ হাউস কেন, উম্বাস্ত্র দৃশ্তর পর্যাস্ত সেই গোবর মাঠময় হয়ে গিয়েছে। সে জিনিষের উত্তর সেদিন দিতে পারেন নি বা সে উত্তর দেন নি। আজ সে উত্তর আমরা চাই।

চন্দননগরে উম্বাস্ত্ অনেক আছে। সেখানে উম্বাস্ত্রদের স্বচক্ষে দেখে এসেছি, কাজেই আমরা জানি। উম্বাস্তু দশ্তরের মন্ত্রী তিনিও এসেমরি নির্বাচনের সময় চন্দননগর গিয়েছিলেন এবং উদ্বাস্তু কলোনি দেখে এসেছেন। জগল্লাথবাব**ু আমাদের নিমন্ত্রণ করেছেন নদী**য়ার উম্বাস্ত কলোনি দেখে আসতে। আমি তাঁকে এবং মন্ত্রীমহাশয়কে নিমন্ত্রণ করছি যে, চন্দুন্নগুর উদ্বাস্ত্র কলোনি দেখে আস্ন। চন্দননগরের ট্রেন্চিং গ্রাউন্ডএর স্বাস গ্রীম্মকালের মল্য বাতাসে দক্ষিণ থেকে উত্তরে নিয়ে আসে, আবার শতিকালের উত্তরের বাতাস উত্তর দিক থেকে দক্ষিণে নিয়ে, সেই স্গৰ্ধ নিয়ে আসে। দুই দিকেই যথন সেই স্গৰ্ধ নিয়ে আসে তথন মনে হয় যে, যত স.বাস বিতরণ কবতে এই সোসালিন্ট পাটোর্ন এর সরকার কাকেও বঞ্চিত করেন নি। দক্ষিণের হাওয়া উত্তব দিকের রিফিউজিদের আর উত্তরের হাওয়া দক্ষিণ দিকের রিফিউজিদের সমভাবে সুক্রণ্য আঘ্রাণ করাচ্ছে, এবং এই দুণ্তরেরও গৌরব বুদ্ধি করছে। চুন্দুন্নগর নির্বাচনের প্রে এই দণ্ডরের দূজন কর্মচারী চন্দননগরে গিয়ে বহু উদ্বাস্তুকে জিজ্ঞাসা করেন, আপনাদেব ঘর তৈরি করবার জন্য যে ১,২০০ টাকা কোরে দেবার কথা ছিল, তারই বাবস্থা করতে আমরা এসেছি। তাদের কেউ বা মাত্র ৭০০ টাকা, কেউ বা ৬০০ টাকা পেয়েছে। বাড়ীর কোনটার পাঁচিল আছে, ছাদ নেই, কোনটার বা ছাদ আছে, দরজা নেই বা পাঁচিল নেই। এই অবস্থা চলে আসছে। তারা চীংকার কোরে, আবেদন নিবেদন কোরেও কিছ<sup>ু</sup> পায় নি। এই অবস্থা যথ**ন** চলছিল, তথন সেখানে গত ইলেকশনএর পনের দিন আগে রাইটার্স বিক্তিংস থেকে দুজন কর্মচারী গলদঘর্ম হয়ে, সেটা জুন মাস ছিল, তাই ঐ গলদঘর্ম হয়ে, সেখানে হাজির হয়ে বলেছিলেন, তোমাদের কি প্রয়োজন আছে? কার কি নেসেসিটী? সেজন্য একেবারে সেখানে দৃশ্তর তৈরি হয়ে গেল। তারা ভাবলে একেবারে দানীয়েল ইজ কাম টু জাজমেণ্ট। কিন্তু ইলেকশন যথন হয়ে গেল, ইলেকশনের ফল যথন বের্ল, তারপরে আর তাঁদের দেখা নাই, তাঁরা রাইটার্স বিশ্ভিংসএ ফিরে চলে গিয়েছেন। এটা যেন নির্বাচনের পূর্বে একটা ফিভারিস য়্যাক্টিভিটি, এবং তার পরে একেবারে ম্যালেরিয়া জনুরের মত খুব কাঁপুনি, ব্যাস। তারপর জনুর ছেড়ে কোথায় গেল, এই অবস্থার দিকে মন্দ্রীমহোদয়ার দুদ্রি আকর্ষণ কর্রাছ।

শ্বিতীয় কথা হচ্ছে, সেখানে কি রকমভাবে কাজ হয়, সে কথা কিছু বলব, বেশী কিছু বলব না, সেখানকার কিছু তথ্য আপনাদের জানাব। শ্নলে প্লোকিত হবেন, অন্ততঃ আপনাদের প্লেক সন্থার হবে। গভর্নমেন্ট ইভাাকুয়ি ক্যাম্পএর কথা, একটা ভান্তার নিয়োগেব বাপোর। এটা মেডিকেল কাউম্পিল অফ ওয়েন্ট বেংগলএর ইনভেন্টিগেশনএর ফল, এই ইনভেন্টিগেশন আমরা বিরোধী পক্ষীয়েরা করি নি, করেছিলেন ক্যান্টেন পি, বি, মুখার্জি, মেডিকেল কাউম্পিল-এর ভাইস প্রেসিডেন্ট। তিনি ইনভেন্টিগেশন করতে গেলেন, একজন ভান্তারের সম্বন্ধে, যিনি মোটেই ভান্তার নন; তাঁর ভান্তারী কোয়ালিফিকেশন নাই, কিম্কু গভর্নমেন্ট সাভিসে ব্যাপরেন্টমেন্ট

পেরেছেন। কি কোরে পেরেছিলেন, তার দরকার নেই; তবে তিনি যে লেটার হেড ছাপিরেছিলেন তাতে লিখেছেন, চীফ মেডিকেল অফিসার, গভর্ণমেন্ট ইভ্যাকুরি ক্যাম্প, মহানদ, হ্বগলী। সেই লেটার হেডিং নিয়ে ওয়েন্ট বেণ্গল মেডিকেল কাউন্সিলএ কোন্টেন এল। তাতে ভাইস প্রেসিডেন্ট চিঠি লিখলেন হ্বগলীর এস, ডি, ও-কে। ভাইস প্রেসিডেন্ট লিখেছিলেন, এই ডাছার কেমন করে য্যাপরেন্টেড হন, তার উত্তরে এস, ডি, ও, লিখেছেন—

"With reference to your memorandum under reference I am to inform you that while in jail as a political prisoner during the salt campaign a batch of co-prisoners including Dr. Bhattacharjya got lessons and training in medical science regularly for a year from Dr. Indra Narayan Sen Gupta, ex-I.M.S. and Dr. Charu Chandra Sanyal, political prisoners in the same jail, Dum Dum."

[3-20-3-30 p.m.]

যে ডান্তার গডর্নমেন্ট র্য়াপরেন্ট করেছেন, সেই ডান্তার মেডিকেল কলেজএ পড়ে নি, মেডিকেল স্কুলএও যার নি। তিনি জেলের ভিতর ইন্দ্রনারায়ণ সেন ও ডাঃ চার, সামালের পাঠশালার পড়েছেন। এই হচ্ছে তার মেডিকেল ট্রেনিং এবং তাকেই র্য়াপরেন্ট করা হোল। শেষকালে লিখেছেন, তিনিও স্বীকার করেছেন—

"In this connection it may be noted that Dr. M. Bhattacharya, though a quack, is still one of the most popular and experienced medical practitioners in the area and is known to be an honest and self-less worker. In view of the above I can only say that Dr. Bhattacharya was an appropriate man to be in medical charge of an evacuee camp and his appointment was justified in the circumstances then prevailing."

- 8j. Bijesh Chandra Sen: Which Camp?
- Dr. Hirendra Kumar Chatterjee: Mahanad Evacuee Camp.
- 8]. Bijesh Chandra Sen: Which year?
- Dr. Hirendra Kumar Chatterjee: Mr. Speaker, Sir,

আমি এই কাগজখানা দিয়ে দেব। আপনি হ্বললী এস, ডি. গুর কাছে খোঁজ নেবেন। তাহলেই সব জানতে পারবেন।

Mr. Speaker: If you want a reply you will have to give the detail.

#### Dr. Hirendra Kumar Chatterjee:

এই চিঠিখানার ডিটেল্স দিচ্ছি লিখে নিন।

Copy of a letter No. 14, dated 5th January, 1956, from the Subdivisional Officer, Sadar, Hooghly.

(ভরেস: পাশ কাটাচ্ছেন কেন?) পাশ আমরা কাটাই না। মন্দ্রী বা উপমন্দ্রীকৈ যখন অপোজিশন থেকে একটা স্থেট কোয়েশ্চেন করা হয়, তখন তাঁরা পাশ কাটান, তখন তার উত্তর বাঁকাভাবে পাওয়া যায়, এবং অনেক সময় মোটেই পাওয়া যায় না।

এখানে এই এস, ডি, ও, যার হাতে এই ম্যানেজমেন্ট বা এ্যাডমিনিস্ট্রেশন। তিনিও নিল'জের মত বলেছেন, দি য়্যাপয়েন্টমেন্ট ইজ জাণ্টিফায়েড, কেননা তার ডাঙ্কারি ট্রেনিং আছে। এই ডাঙ্কার তৈরি হয়ে ছিল, জেলের মধ্যে এক বংসর ইন্দ্রনারায়ণ সেন ও চার, সান্যালের কাছে পড়ে। তাই আমি ডাঃ রায়কে বলি যে₅ আপনার মত ডাঙ্কারের সপ্পে ১২ বংসর আছে, এমন লোককে আপনি দয়া করে মেডিকেল কলেজএর প্রিন্সপাল করে দিন, কারণ সে হাতয়শ আপনার আছে, এবং তাঁর ডাঙ্কারী করবার অধিকার জন্মে গেছে, অন্ততঃ আপনার গভনমিনেন্টর নাতি অনুসারে।

8]. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, we have again come to our annual routine discussion of the worst calamity that ever befell a large section of human beings. The tragedy of the whole thing is that we have not any clear vision as to the magnitude of the problem as also the ways and means by which we can combat or cope with this problem. According to my humble opinion this is the greatest and most serious of all the problems that now confront us but a corresponding attention has not been given to this problem. It is certainly a problem of national emergency and therefore it should have been treated as such but it is to be regretted that the Government is not going to treat this problem in that way. There is callousness and there is want of sympathy so far as this problem is concerned. Now, at least there is one ray of hope that this Government is increasingly realising that the Hindu population of East Bengal will not be in a position to stay there for any length of time. The last Hindu will have to come here specially after they have got their Islamic Constitution declaring East Pakistan as an Islamic State. So they are to come. Most of them will come but those people who will not be able to come will be forcibly converted into the Muslim faith. That would be a great onslaught on Hinduism. We cannot tolerate that. Therefore, I think, Sir, it is high time that the Government of India should begin negotiations at a high Governmental level with the Government of Pakistan to evacuate all the Hindus that are remaining there into Hindusthan. That will save the refugees themselves a lot of trouble and that will save also this Government a lot of difficulties. But there should be one indispensable condition-Pakistan will have to concede to us a proportionate territory of East Pakistan bordering on the eastern side of the State of West Bengal and they will have fully to compensate us for the assets that the East Bengal Hindu population have already left or will leave there. We should be prepared to go to any legitimate and logical extreme in order to achieve this end. This should be the only policy. We have tried our week-kneed and foolish policy which has not paid. Nobody should be misled by the camouflage and evewash that is now being adopted in East Pakistan by means of conferences and by means of appeals sent to the Hindu population to stay there. I will say it is only an eyewash. This is only a camouflage. We should not be misled in any way by this. This may have a propaganda value but it has no other value. Now they are to come here and they will have to be brought here but where and how they will be rehabilitated. This Government say they have no other land, they have no other means to settle them, the Hindus in West Bengal and they say that they should be sent to distant parts of India in unsympathetic and in unhealthy atmosphere. Sir, I join issue and I say that we do not like that this Bengali society should be disintegrated in this way. So the Hindu population that have come here should be rehabilitated in West Bengal and in the Bengalispeaking areas bordering on West Bengal which are now in Bihar or in Assam and in that tract of land which we are to get from East Pakistan. In this way we can save the integrity and solidarity of the Bengali population. We cannot allow this great society to be disrupted. Now, Sir, of course, some money has been allotted but I must say that no amount of money is sufficient for a problem of such a magnitude and such dimensions. It is the creation of the Congress and the Congress Government—I mean this refugee problem. They divided the country foolishly and it is the direct aftereffect of that policy of that division. Therefore, it is the direct responsibility of the Congress and the Central Congress Government to cope with the situation, to spend as much money as is required for this purpose. Therefore, I do not like that there should be any definite sum allotted to Bengal from time to time for the purposes of refugee rehabilitation but there should be an arrangement between the Government of West Bengal and the Central Government that this Government should be allowed to draw as much money as in their discretion they would feel necessary for the purpose of refugee rehabilitation. This is the only arrangement that should be there. Unless and until there is an arrangement like this, this Government cannot cope with this problem.

There are waste lands and all of them should be given to the refugees and they would be given as much help as possible to reclaim these waste lands. In this way we achieve two purposes. We will be able to settle or resettle a sufficient number of refugees and in the same process we will be able to reclaim our waste lands. That should be done. Now, Sir, in this connection I have often said here that to me it strikes that the vast areas of land on the side of the railway lines can also be reclaimed and these lands can be converted into culturable lands and there also some refugees may be settled and they may be provided with lands that we may get therefrom.

As regards the internal management of the Refugee and Rehabilitation Department I will only say that there is want of sympathy, there is callousness and there is want of understanding and therefore we should purge this department with an iron hand.

[3-30-3-40 p.m.]

## 8]. Bijesh Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল আর আজকে রিহ্যাবিলিটেশন সম্বন্ধে অনেক আলোচনা শ্রনলাম। সকল সদস্যই এই সমস্যাকে বিরাট সমস্যা বলে বলেছেন। আমরা করেছিলাম সমস্যা সমাধানের ইঙিগত তারা কিছ; দেবেন। কিন্তু প্রত্যেক সদস্যই বল্লেন. কোথার টাকা খরচ হয় নি, কোথায় কোন অফিসার কি করেছে এই সমসত। যখন কিছুই বলবার থাকে না. তখনই এসব হয়ত বলতে হয়। যে সমস্ত কথা বলেছেন করাপশন সম্বন্ধে তাতে দেখলাম অনেক সদস্য বলেছেন, সমস্ত করাণ্ট অফিসার। দুই একজন হয়ত করাণ্ট অফিসার থাকতে পারে, একথা অস্বীকার করি না, কিন্তু এমন কথা বলা ঠিক হবে না যে, সমস্ত অফিসারই করাণ্ট। এমন অনেক অফিসার আছেন, যারা সকাল থেকে রাত পর্যান্ত অমান্মিক পরিশ্রম করছেন। এই যে হাজার হাজার উদ্বাস্তু যারা প্রবিষ্ণ থেকে আসছে, তাদের দেখা. তাদের সঞ্খস বিধার দিকে নজর দেওয়া এটা তারা কর্মচাবী বলেই কাজ করছে না, সেটা সোসাল ওয়ার্কার হিসাবেই কাজ করছেন। সত্তবাং যারা এইভাবে কাজ করছেন তাঁদের সুস্থ্য র্যাদ বলেন সকল স্টাফই করাণ্ট, সমস্ত পিডার্টমেন্টই করাণ্ট, একথা বললে পর যারা ভাল কাজ করছেন, তাদেরও মনোবল নন্ট হয়ে যাবে। যারা করাণ্ট অফিসার নিশ্চয়ই দরকার হলে जारमंत्र <del>प्राप्तराथ व्यवस्था कता र</del>दा। <del>जाशनारमंत्र कानार</del>ू हारे र्य, कताश्रमन यार्ज ना रय स्म সম্বন্ধে সরকারের সজাগ দ্ভিট আছে: এই কারণেই মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের ডিপার্টমেন্টএর ১৪০ জন নন-গেজেটেড স্টাফ এবং ১২ জন অফিসারএর বিরুদ্ধে ডিপার্টমেন্টাল এনকোয়ারী হচ্চে।

Anti-corruption enquiry pending with the Police 5, dismissed or discharged 5, degraded 5, censured 4.

এই ফিগার দেখলেই আপনারা ব্রুতে পারবেন, সরকার এই দিকে বিশেষ দ্ভি রাখছেন, যথনি যে খবর পাওয়া যাছে, অনেক সময় অপোজিশনএর মাননীয় সদসারা কিংবা বেনামী চিঠি যা পাওয়া যাছে, পাবার সঙ্গে সঙ্গে খবর নেওয়া হয় এবং প্রয়োজন হলে শাহ্তিবিধানের ব্যবস্থাও করা হয়।

তারপর মাননীয় সদস্য স্ধীরবাব্⊷কতকগ্লি জমি সম্বন্ধে আমাদের জানিয়েছেন. আমি এ সম্বন্ধে আপনার কাছে কয়েকটি কথা রাখবো। তিনি সোনারপুর সম্বন্ধে বলেছেন যে, সেখানে কি জমি নিয়ে গোলমাল হয়েছে। সোনারপুর অঞ্চলে আপনারা জানেন যে বহুদিন থেকে সেখানে পোড়ো জমি ছিল তা রিক্লেম করা হয়ছে। তার মধ্যে ২৪ হাজার একর জমির

ন্তপর সেক্সন ৪ করা হয়েছিল। তারপর সার্ভে করার সময় দেখা গেল, অনেক গ্রাম এসে পড়েছে সেজন্য ফের সার্ভে করা হল, তারপর ৩,৮০০ একর জমি নেওয়া হয়, সেখানে ২৪ হাজার একর ্রুমি নিয়ে আরম্ভ করা হয়েছিল। তার মধ্যে প্রয়োজনীয় জমি যা ছিল তা আমরা ছেডে দিয়েছি। কোতরং (২) সম্বন্ধে উল্লেখ করেছেন, ১৯৫২ সালে ২১৭ একর জমি স্ন্যাকোয়ার করা হয়। কলেইর তার মধ্যে ১৬ একর জমি নেবার জন্য বলেন এবং ল্যান্ড য়্যাকইজিশন কলেইর ভালেয়েশন করেন ১৩ হাজার টাকা। তাতে তারা রাজী হয় নি এবং আমরাও রাজী হই নি। আমাদের <sub>সিলিং</sub> হচ্ছে ৯ হাজার টাকা। তারপর কাণ্ডনজঙ্ঘা কোম্পানী আমাদের জমি অফার করে. আমরা ল্যান্ড ম্যাকুইজিশন কলেক্টারের কাছে পাঠাই, আমরা বলি যে প্রাইস আছে, তা যদি দেয় তাহলে নিতে পারি। তারপর ৭,৫০০ টাকায় সেই জাম নিই। যেখানে আমাদের সিলিং ছিল ৯ হাজার টাকা, সেখানে আমরা কোন অপচয় তো করি নি বরং সরকারের কিছু টাকা সেভড হয়েছে। লম্করপুরে সম্বন্ধে বলেছেন। লম্করপুরুএর জমি সংগ্রহ করতে বলা হয় পরে কলেক্টর জানান যে, এ জমি পাওয়া সম্ভব নয়। এর পরে রিজেন্ট এস্টেট জমি অফার করে, আমরা ১৪-পরগণার কালেক্টরএর কাছে পাঠাই এবং কলেক্টর যে দাম ধার্য করেন, সেই দাম অনুযায়ী জমি য়্যাকোয়ার করা হয়। ব্রোকারেজএর কথা প্রসঙ্গে বলতে চাই যে, গভর্ণমেন্ট সব সময় জমি য়্যাকোয়ার করে ব্রোকারএর থকেে জমি কেনা হয় না, কাজেই কাউকে ব্রোকারেজ দেওয়ার প্রশ্ন উঠে না।

তারপ্পর বেলা বানাজির জমির কথা, বলেছেন। বৈষ্ণবঘাটায় ২১ একর জমির জনা ১৯৫০ সালে গভর্নমেন্ট নোটিফাই করে। তার মধো বেলা বানাজির নামে সাত একর জমি ছিল। কারেন্ট রেট দাম কন্পেনসেশন পাবার জনা তিনি গভর্নমেন্টএর বিরুদ্ধে কেস করনে, গভর্নমেন্ট রেটে দাম কন্পেনসেশন পাবার জনা তিনি গভর্নমেন্টএর বিরুদ্ধে কেস করনে, গভর্নমেন্ট হেরে যার, এবং কারেন্ট রেটএ এই টাকা দিতে হবে এই রার হয়। তারপর গভর্ণমেন্টএর সঙ্গে বেলা বানাজির কমপ্রোমাইজ হয়, এবং পরে তাকে যে রেট দেওয়া হয়, সেটা হাই কোর্টএ এবং স্কুপ্রিম কোর্টএ কেসএর কন্ট বাদে এবং গাছপালার কন্ট ধরে ব্যালান্স টাকা দিয়ে দেওয়া হয়। স্কুতরাং যিনি বলেছেন, তাকে জনেক বেশী টাকা দিতে হয়েছে, তাকে জানাচিছ যে, এটা ঠিক নয়, বরং কম দেওয়া হয়েছে।

তারপর দেবীপুর গুরুগোরিয়াতে ১৯৫৪ সালে সেখানকার জমির মালিক গভর্নমেন্টকে জমি অফার করে, তারপর গভর্নমেন্টএর নিয়মানুসারে,

Law Officer of the Refugee Rehabilitation Department, right, title and interest

সমসত দেখে এবং য়্যামিকেবলী পোজেসন দেওয়া হয় এবং ওখানে য়ায়ুইজিশন স্টার্ট করা হয়,
সেজনা য়ামিকেবল পজেসন নেওয়া হয়েছে বলে তাকে সেই য়ামিকেবলী পজেসনএর
কিপ দেওয়া হয়। স্বতরাং উনি যে বলেছেন সমসত কাগজ পত্র দেওয়া হয়েছে,
এটা ঠিক নয়। জমি আমাদের বহু প্রয়েজন যেভাবে উন্বাস্তু আসছে তাতে জমি
নিশ্চয়ই প্রয়েজন, যেখানে যা আছে, আমরা খোঁজ করছি, আমরা চেণ্টা করছি।
কিন্তু অত্যন্ত দ্বংথের সংগ্র বলতে হয়, আমাদের বিরোধী দলের অনেক বন্ধ্ব বলছেন য়ে,
জমি দরকার। বাস্তুহারাদের বাংলার বাইরে পাঠান চলবে না, তাদেব এখানেই বসাতে হবে।
আবার আমরা যখন জমি য়্যাকোয়ার করতে মাছি, তখন তারা বলেন, এ জমি নেওয়া যেতে
পারে না। তাদের নিজের কর্নস্টিট্রেনিসতে কাজ দেখাবার জন্য এইসব করছেন। একদিকে
তারা বলছেন, জমি সংগ্রহ করতে হবে, অন্য দিকে তারা বলছেন, জমি ছেড়ে দিতে হবে, কি
করে তা সম্ভব হবে, আমি তা বৃশ্বতে পারি না। [নয়েজ]।

অনেকে বায়নানামার কথা বলেছেন. বায়নানামা সম্বদ্ধে অনেক সময় হয়ত দেরী হয়, একথা স্বীকার করছি, কিন্তু বায়নানামার সময় দেখতে হয় যে, টাইটেল ঠিক আছে কিনা, মৃসলমান কিংবা বিধবা কিংবা মাইনরএর জমি কিনা, এবং যে জমি কিনছি, সেটা রিফিউজিদের পক্ষে ঠিক হবে কিনা, তাছাড়া অনেক সময় আমরা দেখি মিডিলমেনরা এসে মাঝখান থেকে জমির দাম বাড়িয়ে দেয়। লোকাল এরিয়াতে যে জমির দাম তার চেয়ে বেশী হয়েছে। এসব কারণগ্লি থেকে ব্রুমা বায় যে, ভবিষ্যতে রিফিউজিদের অস্ক্রিধা হবে, সেখানে বায়নাপত্ত কার্যকরী হচ্ছে না, দেরী হচ্ছে, আমরা বাবন্থা করছি, যাতে দেরী না হয়। এবং যে সমস্তগ্রিল

দেরী হয়েঁ গেছে, ডেট এক্সপায়ার করে গেছে, আমরা ল্যান্ডলর্ড দের য়্যাপ্রোচ করেছি, টাকা ষেটা তারা দির্মেছিলেন, সেটা যাতে তারা ফেরত দেন। বেশীর ভাগ ল্যান্ডলর্ড এগ্রি করেছেন। কাল জ্যোতিবাব, মরারীপ্রকৃর সম্বন্ধে উল্লেখ করেছেন যে, বহু উন্বাস্তু বায়নানামা করেছিল, এস, বি, ইন্ডান্দ্রী থেকে জমি নেবার বাবস্থা করেছিল, যে কোন কারণেই হোক এস, বি ইন্ডান্দ্রী তাদের জমি দিতে পারে নি। আমরা তাদের হয়ে জমি দেরছি, জমি য়্যাকোয়ার করছি, শীঘ্রই সেটা পাওয়ার সম্ভাবনা রয়েছে। ল্যান্ড পার্টেজ লোন সম্বন্ধে কানাইবাব, বলেছেন যে, নন-এগ্রিকালচারিন্টদের ল্যান্ড পার্টেজ লোন দেওয়া হয় না।

[3-40-3-50 p.m.]

তারপরে বলেছেন হাউজ বিল্ডিং লোন, বিজনেস লোন সম্বন্ধে, এস, টি. লোন সম্বন্ধে অনেকে বলেছেন কম—কম এটা ঠিক, সেজন্য আমরা উদ্বাস্ত্র ভারেদের বর্লোছ, যেসমস্ত কলোনীতে তারা এস. টি. লোন নিয়েছে, ঐভাবে না নিয়ে যেন কো-অপারেটিভ ফার্ম করে এবং সেই স্কীম করার জন্য আমাদের অফিসার তাদের সবসময় সাহাষ্য করবেন। এই রকম কো-অপারেটিভ ফার্ম করলে মেম্বার্সদের আমরা আড়াই হাজার টাকা পর্যন্ত লোন দিতে পারি এবং এইভাবে কাজ করলে বাবসাও ভাল হতে পারে। ৫০০।৭০০ টাকা লোন নিয়েও অনেক সময় সাক্সেসফলে হওয়া যায় নি. কিল্ডু সকলে মিলে যদি স্কীম করে বাবসা দেখেন, তাহলে ভাল হয় এবং বেশী লোনও নিতে পারবেন। টি বি সম্বন্ধে অনেকেই বলেছেন যে. এটা সারা বাংলার সমস্যা। রিফিউজিদের মধ্যে এটা খুব বেশী, সেটা ঠিক। তারা আন্ডার নারিসাড বলে এই রোগ তাদের মধ্যে বেশী দেখা দিয়েছে। আগে আমাদের ২৫০টি বেড ছিল. এখন আরো ২৫০টি বেডের স্যাংসন পাওয়া গেছে, কিন্তু যত সংখ্যা রুগী তত সংখ্যার বেড করা সম্ভব নয়। টি বি পেসান্ট একবার হাসপাতালে । ঢুকলে সম্পু না হলে ডিসচার্জ হয় না। অনেক সময় দেখা যায় যে, হাসপাতাল ডিসচার্জ নোটিশ দিয়েছে, কিন্ত তারা সেখান থেকে যাচ্ছেন না। তাছাড়া টি বি রোগীদের সাহাযোর জন্য সরকারের আগে যে নিয়ম ছিল, সেটা অনেক ক্ষেত্রেই বিলোপ করেছেন, এখন প্রতোক পেসান্টকে আগে যেখানে এক টাকা চার আনা ছিল, সেখানে আড়াই টাকা হিসাবে স্পেশাল ডায়েট দেওয়া হবে এবং ফাামিলিকে ৬৫ টাকা পর্যন্ত সাহায়। করা হবে। এ ছাড়া ৪টি মোবাইল ইউনিট করা হয়েছে এবং তারা রিফিউজিদের জন্য ব্যবস্থা করবেন, ওষ্ট্রধ দেবেন। রানাঘাট, কৃষ্ণনগর, হুগুলী এবং হাবডায় চারটি মোবাইল ইউনিট করা হয়েছে। যেসমস্ত পেসান্ট ভর্তি হচ্ছে, তাদের মেডিকেল হেল্প দেবেন এবং ওয়াধ যা লাগে, তার খরচ দেবেন। এরপরে মাননীয় সদসারা কো-অপারেশনের কথা বলেছেন। এটা আমরাও চাই। তারা বলেছেন এই সমস্যা রাজনীতির উদ্ধের্ব রাখতে হবে। আমরা সব সময় সেটা করেছি এবং তা সত্ত্বেও কিন্তু বাস্তবক্ষেত্রে দেখেছি অন্য রকম। যেকোন একটা ব্যাপারেই এদের খেলার পত্তুলের মত ব্যবহার করছেন। যখন তারা সমস্ত ছেড়ে চলে এসেছে, এবং যখন নৃত্ন করে ঘরবাঁধা আরম্ভ করেছে, তখন তাদের উৎসাহ না দিয়ে, সাহাষ্য না করে, যদি বৃথা আশা দিয়ে ভূল পথে চালায়, তাহলে সেটা অন্যায় হবে। সমস্যার সমাধান করতে হলে সকলের সহযোগিতা প্রয়োজন এবং উচিত তাঁদের রাজনীতির ক্ষেত্র থেকে দূরে রাখা। তাঁরা বেশীর ভাগ ক্ষেত্রে রিফিউজিদের যেখানে একটা গোলমাল হয়েছে, সেখানে গিয়ে হয়ত সামানা চেণ্টা করে সমস্যা মেটাতে পারতেন। তা না করে যাতে গোলমাল আরো বাডে সেদিকে তাদের উৎসাহ দিয়েছেন এবং তাদের সংকটের পথে টেনে এনেছেন, তারপরে চীংকার করে বলেছেন রিফিউজিদের কি দুর্দশা। তাদের যদি আন্তরিকতা থাকতো তাহলে এইভাবে রিফিউজিদের নতেন করে ঘর থেকে টেনে রাস্তায় বের করতেন না। র্যাদ সতাই সদিচ্ছা আপনাদের থাকে তাহলে আস্কুন আজকে সমস্ত বাদান বাদ ভূলে যেসমস্ত পন্থায় এই বিরাট সমস্যার সমাধান হতে পারে মিলিতভাবে সকলে সেই চিন্তা করি, যাতে যারা সর্বস্ব ছেড়ে চলে এসেছে, তান্ধের নূতন করে জীবনে স্প্রতিষ্ঠিত করতে পারি, সেই চেষ্টাই করি এবং সেইটাই হবে আমাদের জীবনে সবচেয়ে ভাল কাজ এবং ভগবান আমাদের আশবিদি করবেন, এই বলে মাননীয় মন্ত্রীমহাশয় যে বায় বরান্দের দাবী উপস্থিত করেছেন তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি।

The Hon'ble Renuka Ray: Mr. Speaker, Sir, from the trend of this debate it struck me that there is at least a better appreciation of the tremendous nature of the problem that we face in West Bengal, this problem of refugee 1ehabilitation and the incoming influx of refugees. Yet before I deal with the arguments that have been brought forward by a few of the members of this House I would like to say first that there are unfortunately certain members who do not seem to have arguments at all, who seem to believe in villification, distortion of facts, untruths and half-truths. This is the manner in which they proceed. Sir, I think that this traduces the fair name of Bengal and of this House, and as you very rightly pointed out vesterday, to bring in names of persons who are not in this House, who cannot defend themselves and to take the protection of this House to do so and not to face the consequence is not only wrong but, if it is parliamentary to say so, I would say, sheer cowardice. This was done by a certain number of members. I do not wish to inflate their ego by replying to them because they know probably better than any one of us how very wrong are the statements that they have made. I would reply to one or two points.

Sir, my colleague Shri Sen has replied to the points regarding certain land acquisition schemes. I will reply to one or two other points made by some honourable members before I go to reply to those who have really brought forward some arguments. In the first place, one of the members yesterday brought a charge against the Superintendent of the Cossipore camp saying that at Cossipore camp the names of refugees are put in the books who are not there. If he had tried to apprise himself of the facts he would not have brought this charge. At Sealdah station when new arrivals come, we are now following the procedure and there is a Government order on this, that they should be supplied with three days' doles, their names have to be entered into the camp books. Their names are entered in the Cossipore camp but physically they are not moved there. Why they are not moved there? In order to obviate the delay of going to one transit camp and then to some other transit camp so that they should not be harassed. In order to eliminate one step this is done.

[3-50—4 p.m.]

Therefore, on arrival, as the honourable members should well be aware of it, they do not arrive, generally speaking, with much with them. They need the dole. Therefore, assoon as their bona fides have been ascertained and they are removed, the transit camp stage is eliminated. Three weeks' dole is given ahead and their names are put into the Cossipore transit camp which is the nearest. Had the honourable members bothered to apprise themselves of the facts, they would not have brought such an untrue and false charge.

Secondly, Sir, there is another point. A charge has been brought, sometimes very sweepingly, saying that all moneys have been wasted, and then one or two examples are brought ferward. Some of them were wholly untrue and some of them were not right. We have taken steps long ago. I will give an illustration—Basthuhara Bidyaputh, Tangra. Here the honourable member has said that this school was getting help from the Refugee Rehabilitation Department in the form of stipends, and that we have not found out what the school was like. First of all, I want to say that the Refugee Rehabilitation Department, Education Section, gives stipends to such schools as the State Government recommends. Sometime back this particular school was investigated by the Director of Public Instruction and our Educational Officer on the recommendation of the Refugee Rehabilitation Department itself, who were not satisfied that the stipends were given to a proper place. As the investigation showed that

something was wrong, during these past years we have not given ar stipends or any money to the school; and bringing up against us a charg that we waste money in regard to the particular school where we invest gated-and it was the Refugee Rehabilitation Department which found or the state of affairs—is, I think, really surprising to say the least. In th way, there are some honourable members who make very sweeping genera isations. As my colleague Shri Sen has already said, it is very unfair t those who are working so hard day and night and whose work we see befor our eyes. I do not say that there are no corrupt persons there. There ma be corrupt persons as there are corrupt persons amongst every section of th society. I do not say that there are no inefficient persons amongst official also. But to generalise and say that all those who are working day and nigh ceaselessly—all of them are corrupt, all of them are inefficient, is not fair Is that fair, is that just, I ask you? Sir, I want to reiterate what m colleague has said that wherever corruption is found, we make tremendou endeavour and we take steps against such corruption. Sometimes, it i unfortunate but true to say, when we do try to take steps against corruption the honourable members of the House instead of giving their co-operation make charges against us. These are facts that I am stating. I would request every one of the honourable members "please give us evidence and we shall definitely take steps" It is our constant endeavour to see that corruption is eliminated and I might say that such corruption amongs officialdom does naturally affect the refugees, exploit the refugees. Bu exploitation of the refugees is not confined unfortunately to our officialdom It is easier to take steps against the officials than taking steps against other who have made money or, I should say, have exploited the misery of the refugees. We do our best also to see that this is eliminatel, but it become very difficult and I would ask those who have complained to us so far, my critical friends and others to come forward and help us in the matter.

I will now speak about certain charges brought up by my honourable friend Shri Jyoti Basu. First of all I want to tell him—he is not here bu I want to tell him through you, Sir,—that when he heard me I do not think he heard me with as much attention when I spoke at the beginning as heard him, because he seems to think that there was some dispute between the Union Minister and myself. As I mentioned in my opening remarks I was grateful to the Union Minister and it was due to his stay in this city and in the Eastern Region for a long period, to his going round to apprise himself of the facts that had led to a better appreciation on the part of the Central Government of the problem of rehabilitation as it faced this Province of ours.

Shri Basu has also said that I have expressed the magnitude of our problem in terms of money. I think he misunderstood me there also What I was trying to say was something different. I gave the magnitude of the problem and I tried to make the point that so far I think in the past the money provided has been inadequate. I did not make out that the amount of money spent showed the magnitude of the problem. He has spoken and several other members have also said that rehabilitation is a national emergency and it should be dealt with as a war measure. I entirely agree with them, and I also want to tell the House that so far as the relief side is concerned, for years now, since June 1954 and in earlier periods also, we have had to deal with it on a war-time basis. As an emergency measure it is being dealt with and to those who are working in this field, I had expected that the members of the House would pay tributes to them, because they have ceaselessly worked. I will say that in this department there may be casualties amongst the officials because of the manner in which thty have to work. If they had not worked in the manner in

which they work, then today the position in camps—I shall speak in more details about the camps a little later—would have been very different from what it is. The death rate in camp is not higher. It is, as I have said, slightly lower than the death rate in West Bengal. Please realise this: How this has been possible, those who have seen these under-nourished people when they came to the station would realise this. Surely inadequacy may be there—and I do not claim that all the measures we have taken for them are adequate—but at least this much is true that those refugees who have come to West Bengal and throughout the whole India—I think we can say this—have been looked after in such a manner that the death rate amongst them is not higher than the normal death rate, but as I have said before it is slightly lower.

## [4-4-10 p.m.]

He said that in the pamphlet regarding the Second Five-Year Plan of refugee rehabilitation why 92 crores have been mentioned instead of 113 crores which he heard from the earlier estimate. He perhaps does not know that 113 crores estimate is for relief as well as for rehabilitation. This booklet has given figures for rehabilitation as we have placed them and the figures for relief have not been purposely mentioned. This figure will be very much higher with the increasing influx. The rehabilitation figures are also taken on the basis of those refugees who have come up to June, 1954, under that plan. Sj. Jyoti Basu also said that at the outset the Minister did not say anything about the achievements. It is true that I had not much time and so I could not say anything on that score. I explained the difficulty and I tried to show that the problems should be viewed in its proper perspective. I would give some idea of the work done during the present year. We have spent 4 crores 20 lakhs on non-camp refugee loans to 35 thousand families during the year which has come to end on the 31st March. I will repeat as I find Sj. Jyoti Basu in the House that it is not in terms of money that I am judging the problem. It is a fact that the money spent was not quite adequate. Camp refugees we have only been able to settle to the tune of 14 lakhs due to the fact that we have not been able to acquire sufficient land for them. The amount of land that we have notified during this year is 11,074 acres. The amount of land that has come to our possession is only 2,899 acres. The amount of land regarding which acquisition proceedings are on is 9,521 acres and I might say that only 300 acres have come to our possession as land which have been notified in the year before.

আমি ১৯৪৫ সালে দিল্লীতে গিয়েছিলাম, দিল্লীর বিভিন্ন জায়গায় যে সমুল্ত শিল্প রয়েছে. আমি সেই সমস্ত দেখেছি। তার পাশে ছোটথাট শিল্প ঘোড়ার লেদ প্রভৃতির অসংখ্য শিষ্প গড়ে উঠেছে। এই রকম ধরণের ছোট ছোট অনেক জিনিস আমাদের এখানেও হতে পারে। তার ছোট ছোট কম্পোনেন্টসএ সেগনিল হয়ত ডিসট্রিবিউট করে দিতে পারা যায়। लिम निराय, এको छिल स्मिनन निराय, এই ধরণের অলপ পর্বাজ নিয়ে, সেই সমস্ত জিনিস এখানে করতে পারা যায় এবং সেই রকম ধরণের জিনিস হলে পরে এতে ব্যাপকভাবে এমপলয়মেন্ট হতে পারে। গভর্ণমেন্ট সহজেই এ জিনিসগর্নল করতে পারেন। সেটা রেডি হলে তার মার্কেট আছে। গভর্ণমেন্ট অন্ততঃ এটুকু জিনিস করতে পারেন। সেই এমপ্লয়মেন্ট দেবার জন্য তার যে পাচেজি, সেই পাচেজিটা এটা বলবেন কোয়ালিটা জিনিস হওয়া চাই। আমরা জানি, কোয়ালিটীতে কিছু যায় আসে না। ওয়ার টাইমএ স্পেসিফিকেশন অন্যায়ী জিনিস কোয়ালিটী অনুযায়ী জিনিস বিলিজারেন্ট কন্ট্রীজ থেকেও পেয়েছেন। এই রকমভাবে দিল্লীতে হয়েছিল। আমি এমন কি পেশোয়ার গিয়ে দেখেছি সেই সময় রাইফেল পর্যত্ত তারা আফ্রিদিদের কাছে গিয়ে সেখান থেকে নিয়েছেন গভর্নমেন্টের জন্য। এ খবর আমার কাছে আছে। সেইজন্য এই সমস্ত কথা নয়, কথা হচ্ছে এদিক থেকে আমরা যদি সত্যিকারের শিশ্প গড়ে তুলতাম এবং সতািকারের কৃষি গড়ে চলতে চাই, তাহলে সেই দ্রণ্টিভগ্গী নিয়ে আমরা এগিয়ে যেতে পারতাম। তা যদি আমরা না করি, তাহলে পরে এই যে জিনিস হচ্ছে এই জিনিস ম্বারা খুব প্রচন্ড রকমের একটা ধোকা দেবার চেণ্টা করা হচ্ছে। আসল কথা ও'দের মনের যে ওয়ারী, সেই ওয়ারী আমরা আগেই দেখেছিলাম। চেণ্টার বোলস প্রভতি বলেছেন, এই যে অভাগা কৃষক তাদের শুধু অভাব, দারিদ্রোই বিগ্লব আসে না, যদি তাদের ভেতর ফ্রাস্টেটেড মিডিল ক্লাস না থাকে, সেই জন্য ফ্রাস্টেটেড মিডিল ক্লাস এর ভেতর এদের ভাল করে বাই আপ করে এ'রা তাদের দ্বারা গ্রামীণ ক্ষমতা রাখবার জন্য মেকানিজম হিসেবে বাবহার করছেন। আমি জানি ভিলেজ ওয়ার্কাররা কি করে এবং আজকে সমুদ্র জায়গায় সোসাল এড়কেশনএর নাম করে ক্লাব ইত্যাদিকে রাইব করে মানুষের স্বগালি নীচ প্রবৃত্তি যা আছে, সেই নীচ প্রবৃত্তির উপর ইন্ধন যুগিয়ে করা হচ্ছে। মানুষের চরিত্রকে ভেগে দিয়ে যদি মনে করা যায় এই রকম ধরণের ব্রাইব করে লোককে যদি মনে করা যায়, আমরা জাতি গঠনের মহৎ কাজ করবো, তাহলে সে জিনিস হতে পারে না। তার জন্য সত্যিকার এবং সেখানে যেটা দরকার. সেই সমসত জিনিস যদি উপর থেকে করা হয়, তাহলে তা হয় না। এর পরে যথন পঞ্চায়েং বিল আসবে, তখন বিস্তারিতভাবে ভাল করে এর আলোচনা করবো। সত্যিকারের যে পণ্ডায়েং তাতে অনেক ডিফিকালটীজ আছে। কিন্ত সত্যিকারের জনসাধারণের ম্বারা নির্বাচিত এই রকম যে লোক, সেই পিপলএর হাতে গভর্নমেন্ট কাজ করান। গভর্নমেন্টের উচিত তাদের হেল্প করা যেটা মেন জিনিস। সেই সমস্ত জিনিস দিতে গেলে, তার প্রধান জিনিস আসে লোনের ব্যাপার। সেই ব্যাণারটা হল একদিক দিয়ে অত্যন্ত কম। যদি সেই ব্যাপারটা হতো, গভর্নমেন্টের অন্য সমস্ত ডিপার্টমেন্টের সেখানে মূল কথা হওয়া উচিত ছিল, গ্রামে গ্রামে সেই গ্রামের সমগ্র কমিউনিটি, সেই কমিউনিটি নীচ থেকে একটা প্রেরণা নিয়ে কাজ করবে, কর্মোদাম নিয়ে কাজ করবে, শুধু সর্বর্পে সাহায়া করবার জন্য গভর্নমেণ্ট প্রস্তৃত থাকবে, উপর থেকে নয়, বন্ধ, হিসেবে, সেখানে গভর্নমেন্ট উপস্থিত থাকবে। এইভাবে যদি হতো তাহ**লে সত্যিকারের জিনিস হতো। কিন্তু এখানে সম্পূর্ণ একটা অন্য দ্**ষিউভগী নিয়ে

কাল্প হচ্ছে। তাঁরা উপর থেকে একটা মতলব নিয়ে করাচ্ছেন এবং যেজন্য তাঁরা একট্ -শ্রেলারি করে থাকেন, তার মানে আমাদের ছেলেদের শেখাবেন। এই মনোভাব নিয়ে সমস্ত তির্জানস চলেছে, যার জন্য আমাদের বাংলার পল্লীজীবনের উন্নতি করবার জন্য সেখানে ঐ ইউ, এস, ডিপার্টমেন্টএর সার্কুলার করে বাংলার পল্লীজীবনের তাঁরা উন্নতি করবেন। কিন্তু যারা জানে না, ঝোরা কাকে বলে, যারা জানে না, কোন ধান থেকে কোন ধান কি করে হয়, এই সমস্ত জিনিস যারা জানে না, তাদের ন্বারা যদি এ জিনিস করা হয়, তাহলে তার যা পরিণতি, তার চেয়ে ভল আর কিছু হতে পারে না।

[6-6-10 p.m.]

## Sj. Narendra Nath Chosh:

মিঃ স্পাকার স্যার, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট এবং ন্যাশনাল একসটেনশন সাভিসের দকীম সম্বন্ধে কিছা, বলতে গেলে, আমাদের এই কথাই বলতে হয় যে, সরকার যে নৃত্ন নৃত্ন শহর নির্মাণের পরিকল্পনা করেছেন তা না করে যে সমস্ত পরোনো শহর আছে বা যে সমস্ত জায়গায় নানা শিশের কাজ আজও বেপ্টে আছে, সেই সমস্ত জায়গার যদি উন্নতি করা হত, তাহলে আমার মনে হয় এর চেয়ে ঢের বেশী কাজ হত। নৃতন নৃতন শহর নির্মাণ করতে গিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে বটে, কিন্তু সেখানে লোকে থাকতে যাচ্ছে না। সতেরাং ঠিক নতন শহরও গড়ে উঠতে পারছে না। কিন্তু যে সমস্ত জায়গায় যেমন আরামবাগ মহকুমার বালি দেওীয়নগঞ্জ অঞ্চল পিতল-কাঁসার বাসন তৈরি হয় সেইর্প বাংলা দেশে এই রকম আরো অনেক গ্রাম আছে, যেখানে নানা রকম কুটির শিল্প আজও বে'চে আছে যথা, তাঁতের কাপড় তৈরি হয় ইত্যাদি, সেই সমস্ত গ্রামগ্রালির যদি উন্নতির চেষ্টা করা হত, তাহলে আরো বেশী লোক সেখানে যেতে পারত, সেই সমসত শিলেপর আরো উন্নতি হতে পারত, এবং আরো বেশি লোক নিয়ে তাঁরা সেখানে এমপ্লয়মেন্ট দিতে পারতেন, তা না করে নতুন নৃত্ন জায়গায় নৃত্ন ন তন শহর নির্মাণের পরিকল্পনা করে যে অর্থ ব্যয় করা হচ্ছে, সে অর্থে ঠিক কাজ পাওয়া याएक ना वर्लारे आभात भरन रस। न्यामनाल এकमर्रोनमन ब्लक मन्दरम वलरू शिल वलरू হয়, বিভিন্ন ডিপার্টমেন্টের হাতে কাজ দেওয়া হয়েছে, কিন্তু তাতে কাজ ত্বরান্বিত করার কোন আগ্রহ নাই বা করে উঠতে পারে না। যা তাঁরা স্কীম ঠিক করেন, যেমন এড়কেশনে এই টাকা খরচ করা হবে, কমিউনিকেশনে এত টাকা খরচ করা হবে, ইন্ডাস্ট্রীতে এত টাকা খরচ করা হবে, স্কুল বিল্ডিংএ এই টাকা খরচ করা হবে বা ক্রাফটসএ এত টাকা খরচ করা হবে, কিন্তু স্কীম অনুযায়ী সে টাকা ও'রা খরচ করতে পারে না. কারণ বলা হয়, অমূক ডিপার্টমেন্টে যেতে হবে. তম.কের সাংশন নিতে হবে, ইত্যাদি করে অনেক সময় পেরিয়ে যায়, তথন আর ঠিকমত করে कदाव एकान शांक ना। य स्थात्नत आिम. जन कलाात्वत मर्टन मर्शम्लको, स्मथात्न प्रत्योह, গত এক বছরের মধ্যে কোন কাজ করা সম্ভব হয় নি। গত বছরের মধ্যে আমরা দেখতে পাই নি যে একটা নলকূপ সেখানে হয়েছে। ধর্ন নলকূপ বা রাস্তার একটা একটা স্কীম হল, কিন্তু তা কার্যকরী করা সম্ভব হয়ে উঠলো না, এক বছরেও। কারণ বিভিন্ন ডিপার্টমেন্টের আওতা থেকে বার করে আনতে এবং টাকা ঠিকমত সময়ে না পাবার দর্ন কাজ করার সময় অতীত হয়ে যায়। এতে যে কি স্বিধা হচ্ছে, আমরা তা ব্রুতে পারি না। আমার মনে হয় একসটেনশন সার্ভিস স্বাকের জায়গায় সমস্তই ডেভেলপমেন্ট স্বাক করছে, ন্যাশনাল একসটেনশন দার্ভিসেস ব্লকের মাধ্যমে তাঁরা যে সমস্ত কাজ করতে চাইছেন, তা যদি সমস্ত প্রাণ দিয়ে গ্রামিন লোকের দ্বারা করাতে পারতেন, তাহলে কিছু সফল হতে পারে। আমরা দেখেছি, যে সমুহত গ্রামসেবকেরা সেখানে গিয়েছেন, এক একটা ইউনিয়নে এক একটি গ্রামসেবক থাকেন, তাঁরা বাইরের লোক সেখানে তাঁরা থাকবার স্থান পান না : আমি জানি না, এমন কোন পরিকম্পনা মাছে কিনা, যাদের যে অঞ্চলে বাড়ি তাদের সেই জায়গায় রেখে অন্য লোককে অন্য জায়গায় দেওয়া। আমরা দেখেছি, স্থানীয় লোক তার অঞ্চলে থাকে না, সেখানে অন্য জায়গা থেকে লোক মানা হয়, এর কারণ কি? আমরা শ্বনেছি, গ্রামসেবকদের জন্য ট্রেনিং সেন্টার আছে। তাঁরা কি ট্রনিং পান? কিন্তু যে সমস্ত গ্রামসেবক পল্লীগ্রামে যাচ্ছেন, তাদের কতট্কু অভিজ্ঞতা কৃষি ন্দবন্ধে আছে জাঁনি নে। দেখছি গ্রামসেবক কৃষির যন্ত্রপাতি অনেক সময় অপারেট করতে পারেন না, সে এক অম্ভূত ব্যাপার। তথন এক গ্রামসেবক বলে উঠলেন, ষদ্রটা খারাপ হরে

গৈছে। যাদের সাধারণ বৃদ্ধি আছে, তারা পরে যন্টাকৈ এদিক ওদিক ঘ্রিয়ে য্থন চালিদেল, তথন তিনি বল্লেন, হাঁ এইরকমেই চালাতে হয়। পেরিনক্স কি করে গালাতে হয়, তা তার জানে না, জল ঢেলে এতটা পাতলা করলে যে তাতে পোকা মরে না। এই রকম আরো অনেক কিছু তাদের কাজ সম্বন্ধে অভিজ্ঞতার অভাব দেখা যায়। স্তরাং কৃষি সম্বন্ধে কোন রকা অভিজ্ঞতা নাই, এরকম গ্রামসেবকদের যদি গ্রামে পাঠানো হয়, তাহলে স্ফলের জায়গাঃ কফলই হবে।

আমি একটা কাট মোশন দিয়েছি, আমাদের গোঘাট থানা নাাশনাল একসটেনশন সার্ভিচ্চ কর্মমে ইনকুসেন সম্বন্ধে, আমি এখানে বলতে চাই, আমাদের আরামবাগ মহকুমার গোঘা থানার ১৫টা ইউনিয়নে মাত্র ৬টা হাই স্কুল গড়ে উঠেছে, কিন্তু একটিও হেল্থ সেন্টার নাই এই রকম অনুষত স্থানে ন্যাশনাল একসটেনশন সার্ভিস ব্লক হবে, সেজন গোঘাট থানাকে ন্যাশনাল একসটেনশন সার্ভিস ব্লকএর অন্তর্ভুক্ত করলে ভাল হয়। কারণ স্বচেয়ে অনুষত অপুল যেগ্লি সেখানেই করা উচিত। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যখন সমস্ত ন্যাশনাল একসটেনশন ব্লকগ্লি কমিউনিটি ডেভেলপমেন্ট, ব্লক ট্রান্সফার কর হবে তখন থানাকুল, আরামবাগ ও প্রসনুরায় যে ন্যাশনাল একসটেনশন সার্ভিস রকগ্লি গড়ে উঠেছে, তারা নিশ্চয়ই আগামী বছরে কমিউনিটি ডেভেলপমেন্ট রকএর মর্যাদা পাবে এটাই মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন জানাই।

মিঃ দপীকার সাার, ন্যাশনাল সার্ভিস ব্লক সম্বন্ধে বলতে গেলে আরো অনেক কথা বলতে হয়, সেখানে আমরা দেখছি, অনবরত সেখানকার কর্মচারী বদল করা হয়, তার ফলে এই হয় ফে কাজত এগােয়ই না বরং পিছিয়ে যায়। তাছাড়া আর একটা অস্ক্রিধাও আছে। চাষীদের সেখাে একজন গ্রামসেবকের সঙ্গে জানা শােনা হয়ে গেল, কিছ্বিদন পরই তার জায়গায় যাি নতুন লােক আসে, তাহলে কাজের স্ক্রিধা হয় না। ধর্ন একজন চাষী একজন গ্রামসেবকের কাছে কিছ্ব জানতে গেল, যখন সে তার খােঁজে গেল, তখন দেখল, অন্য লােক বসে কাজ করছে সে তাকে জানে না, আবার গ্রামসেবকও চাষীকে জানেন না। ফলে চাষীর যে জিনিস জানার জন গ্রামসেবকের কাছে যাওয়া, তা আর জানা হল না। এইভাবে ঘন ঘন ট্রান্সফার যাতে না হয় সেইজন্য আমি এ বিষয়টির প্রতি মন্ত্রীমহাশয়ের দ্বিত আকর্ষণ করছি।

[6-10-6-20 p.m.]

#### Sj. Sudhir Chandra Das:

মিঃ প্পীকার সারে, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রক্রেক্ট ও ন্যাশনাল একসটেনশন সার্ভিং বলক সম্পর্কে মাননীয় মন্ট্রীমহাশয় যে উজ্বল চিত্র আমাদের চোথে ধরে তুলেছেন, মাছ. ডিম্প্রভৃতি খাদোর এবং শিক্ষা স্বাস্থ্য ও শিল্পের যথেষ্ট উন্নতি আমাদের হচ্ছে বলে, তিনি য বলেছেন, আমি তাঁর সে কথার প্রতিবাদ করছি। এবং এটা যে অধিকাংশ ক্ষেত্রেই একেবারে শোচণীয় বার্থাতায় পর্যবসিত হচ্ছে এই কাগজখানা দেখলেই ব্রুতে পাবেন। এই যে শোচণীয় বার্থাতায় পর্যবসিত হচ্ছে এই কাগজখানা দেখলেই ব্রুতে পাবেন। এই যে শোচণীয় বার্থাতায় পর্যবসিত হয়েছে, তার পর্বে আমাদের বিরোধী দলের পক্ষ থেকে বার বার বল হয়েছে, এ জিনিস উপর থেকে জাের করে না দিয়ে, জনসাধারণ কি জিনিস চায়়, সেখানকার সাে ব্যবস্থায়, শিল্পে, শিক্ষায়, স্বাস্থ্যে কি উর্নতি করা আবশ্যক, সেটা বাস্ত্র অবস্থার পরিচয় ন পেলে, এবং সেখানকার লােকেরাই বা কতখানি সাহায্য দিতে পারবে এবং কতটা গ্রহণ করতে পারবে, সব অবস্থা সঠিক না জেনে উপর থেকে পরিকল্পনা চাপিয়ে দেবার ফলেই এই অবস্থ ঘটেছে।

স্তরাং একটা জায়গা নয়। মেদিনীপুর জেলার ঝাড়গ্রামের অধিকাংশ ব্লক সম্বন্ধে ইতিপ্রে আলোচনা হয়ে গিয়েছে, আমি আর সে কথা বর্লাছ না। আমি আমার ওখানে ন্যাশনাল একসটেনশন সার্ভিস ব্লক গত বংসর থেকে যে কাজ আরম্ভ করে দিয়েছে, তার চিচ আপনাদের সামনে তুলে ধরছি। এবং তা থেকেই ব্রুবতে পারবেন, জনসাধারনের কোন মত ন নিয়ে এবং স্থানীয় অবস্থা সম্পর্কে কিছ্ব না জেনে পরিকম্পনা উপর হতে চাপানর ফলে

আধিকাংশ পরিকম্পনা ব্যর্থ হয়েছে, টাকা অপচয় হয়েছে। আমি খেজ্বরির ন্যাশনাল একসটেনশন সার্ভিস ব্লকএর কথা বলছি। গত এপ্রিলএ অফিস স্টার্ট করল এবং সেকেন্ড এপ্রিল্ব সমস্ত অফিসার এনগেজড হয়ে গেল।

(১)	ব্লক ডেভেলপমেন্ট অফিসার		২০০ টাকা
(২)	এগ্রিকালচার অফিসার		১৫০ টাকা
(ပ)	ওভারসিয়ার		১২৫ টাকা
(8)	২ জন সোসাল এডুকেশন অর্গ্যানাইজার (ওয়ান	মেল	
	এ্যান্ড ওয়ান ফিমেল)		১০০ টাকা ইচ
(&)	গ্রামসেবক (৮ জন)		৬০ টাকা ইচ
(৬)	২ জন ভেটেরেনারী হেল্থ এর্গাসসট্যান্ট		৪০ টাকা ইচ
(9)	ফিটার মেকানিক		৬০ টাকা
(B)	টাইপিস্ট (১ জন)		৫৫ টাকা
(8)	পার্বালক হেল্থ আঁফসার		১৬০ টাকা

এবং আর চার জন শীঘ্রই য়াপেয়েন্টেড হবে। এত টাকা থরচ হচ্ছে সমস্ত অফিসার সেথানে পেশছে গেল. কিন্তু তাদের হাতে কোন পরিকল্পনা নেই। তারা নির্দিষ্ট হারে বেতন পাচ্ছে, মাসে প্রায় তির্ন হাজার টাকা বেতনের জনা থরচ হচ্ছে, কিন্তু এই মার্চ মাস পর্যন্ত গত এক বংসরে কি কাজ হয়েছে, তার নম্না দেখন। এখানে যে গ্রান্ট মানি দেওয়া হয়েছিল, তা পর্যন্ত থরচ করতে পারেন নি। ১৯৫৫-৫৬ সালে টাকা ধার্য ছিল—

সোসাল ডেভেলপমেন্ট ... 8,৫০০ টাকা এগ্রিকালচার ... ১৬,০০০ টাকা রোডস এগান্ড ইরিগেশন ... ১৭,০০০ টাকা পার্বালক হেল্থ ... ৬,০০০ টাকা ডাগ-ওয়েল ল্যাগ্রিন ... ১,৫০০ টাকা ওয়াটার-সাম্লাই ... ১১,০০০ টাকা

মোট ৭৬ হাজার টাকা স্যাওকশন করা হল, কিল্তু খরচ সে তুলনায় কিছ্বই হল না। এক্সপেন্ডিচার আপ ট্র ডেট হয়েছে—

সোসাল এড়ুকেশন	 ১,২০০ টাকা
ফারনিচার	 ১,২০০ টাকা
<i>স্টে</i> শনার <b>ী</b>	৫০০ টাকা
টাইপ-রাইটার	৮৫০ টাকা
কুক	 ৭৫ টাকা
সাইকেল	 ৩৭৫ টাকা
ক্যারিয়িং কন্ট	 ৫১২ টাকা
ফার্টি'লাইজার ডিস্টিবিউশন	 ৭৬৭॥ আনা
কণ্টি <b>ন</b> জেণ্সি	 ৬০০ টাকা
टस्क्रचे	 ৬,০৭৯॥ আনা

খরচ হয়েছে অথচ স্যাত্তশন ছিল ৭৮ হাজার টাকা।

অর্থাৎ এখানে দেখলে দেখা যায় যে, ফিসারীর জন্য যে ২০ হাজার টাকা ধরে রাখা হয়েছিল কিল্ত কি করে বায় করা হবে, তার পরিকম্পনা না থাকায় সে টাকা খরচ করে উঠতে পারেন নি। ১৬ হাজার টাকা এগ্রিকালচারএর জন্য ধরা হয়েছিল, কিন্তু কো-অপারেটিভ সোসাইটী ছাড়া লোন দেওয়া হবে না। ফলে কৃষকরা ঋণ পেল না, ১৬ হাজার টাকা গ্র্যান্ট ফেরং গেল। সরকারের গাফিলতি এবং উপর থেকে পরিকল্পনা চাপিয়ে দেবার ফলেই এই জিনিস হচ্ছে। পার্বলিক হেল্থএর ৬ হাজার টাকারও সেই অবস্থা হয়েছে। লম্জার কথা, ১১ হাজার টাকা ওয়াটার-সাংলাইএর জন্য ধরা হয়েছিল, আমার জেলায়, বিশেষ করে খেজুরি থানায় এপিডেমিকএ কলেরায় তিন জন লোক মারা যায়। এই এপিডেমিকএর সময় নানা জায়গার জল পাওয়া যায় না। এথচ এই ১১ হাজার টাকা যে গ্র্যান্ট, তার একটা টাকাও এই প্কীমএ খরচ করা হয় নি। এর কি উত্তর দেবেন? লোক দেখান কতকগুলি কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট করেছেন অর্থাৎ এক্সটেনশন ব্লক করছেন, উপরওয়ালা অফিসার প্রেষবার জন্য। এক কথায় বলতে গেলে এটাকে অফিসার্স মেনটিনান্স ব্লক বলা যায়। এই কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেষ্ট্র অর ন্যাশনাল এক্সটেনশন ব্লক, এটা অফিসার্স্ মেন্টিনান্স ব্লকএ পরিণত হয়েছে। এখানে টাকা রাখা হল ৯ লক্ষ্ক, এই ৯ লক্ষ্ক টাকার স্কীমএ কাজ হচ্ছে, এর মধ্যে দেড লক্ষ্ক টাকা ঘর-বাড়িতে খরচ করা হয়েছে এবং বেতন বাবদ ১ লক্ষ ২৫ হাজার টাকা খরচ হয়েছে। এই ভাবে ২॥।৩ লক্ষ টাকা ঘর-বাডি ও বেতন বাবদই চলে যাচ্ছে। কাজ কি টাকায় হবে, সেই কাজের নম্না, এই চিত্র থেকেই ব্রুতে পারছেন। এই হচ্ছে সরকারী বিভাগের কর্মকুশলতা - খেজারির অফিসাররা বসে আছে, তাদের কোন কাজ নেই, বসে বসে মাইনে পাচ্ছে। গ্রাম-সেবকরাও কিছু করে না। এখানে ওভারসিয়ার নিয়ে যে চার জন অফিসার, তাদের কোন কাজ নেই। এই কথা আমরা বারবার বিরোধী পক্ষ থেকে বলেছি যে এই কাজে সম্পূর্ণ অকর্মণাতার পরিচয় দিয়েছেন সরকার পক্ষ থেকে। সব বিষয় উপর থেকে চাপিয়ে দেওয়ার ফলে বহু টাকা এইভাবে অপবায় কবা হচ্ছে। ঝাড়গ্রামে যেয়ে দেখুন যে, লোক থাকবার জনা যে সমুহত ঘরবাড়ি করেছেন, তার সবগুলি দিয়ে জল পড়ে, থাকবার উপায় নেই। এই যে ঘরগালি করেছেন, তার কোন পরিকল্পনা নিয়ে করেন নি। স্তেবাং আমি আপনার কাছে এই কথা প্রমাণ করবার জন্য দাঁডিয়েছি যে, আপনারা একটা জিনিস পরিষ্কার করে দিন, যেটা করবেন, তার একটা নিদি দ্টি পরিকল্পনা নিন, যাতে এই টাকা ভালভাবে ব্যয় হয়। আমাদের পাশে পটাশপুর ও ভগবানপুর থানার ব্লকএর অবস্থা একই হয়েছে, সেখানেও অফিসাররা বসে আছে, গত বংসর থেকে কাজ নেই। হাজার হাজার টাকা সবকার খরচ করছেন, কিন্তু রাস্তাব উয়তি নেই। পানীয় জলের বাবস্থা নেই। শুখু মাসে মাসে এই সমস্ত অফিসারদের कार्षे भाग्ने भरत घुरत राष्ट्रारा एका यात्र। अथारन यिन आभनाता भिर्मिश करतन, এवर जारमत মত গ্রহণ করেন, তাহলে তারা নিশ্চরই সহযোগিতা করবে। জনসাধারণ সহযোগিতার জনা প্রস্তুত আছে। কিন্তু সরকারই সহযোগিতা চান না। ঘেটুয়া পরামর্শ কমিটি বলে ছিল. এই অফিসটা সরিয়ে কেন্দ্র পথলে নেওয়া হোক, কিন্তু তারা পিচের রাস্তা ছেডে যেতে চায় না। তা ছাড়া রাম্তার ধারে থাকলে ছাটীতে কলকাতায় এসে ঘুরে ফিরে যেতে পারে। তাদের কাজ কিছ ই নেই।

এই যে সমণ্ড অনাচার চলছে, আমি তার তীর নিন্দা করছি। এবং এই কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট বা এক্সটেনশন রকে, যেভাবে টাকা থরচ করা হচ্ছে, তাতে এই টাকার অপবাবহাবই হচ্ছে। এন্বারা সরকারী অক্মন্যিতার চড়ান্ত পরিচয় পাওয়া যাচ্ছে।

[6-20-6-30 p.m.]

## Sj. Nripendra Copal Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, সমালোচনা যে করি সে শ্ব্দ্ মাত্র মন্ত্রীমহাশয়কে হেয় প্রতিপন্ন করবার জনা নয়, তাঁরা যে কাজ করের উঠতে পারেন নি, এই কথাই আমরা বলতে চাই। এবং কেন অকৃতকার্য হচ্ছেন তারই ইপ্গিত করি। কমিউনিটি ডেভেলপ্রেন্ট প্রজেক্টএর পরিকল্পনা ডাঃ রায়ের মাহ্নতন্দ্র প্রস্ত। তিনি চেয়েছেন এই পরিকল্পনার মাধ্যমে গান্ধীয়ন ইকোনমির সংগে যান্দ্রক জগতের ইকোনমির সামঞ্জস্য বিধান। তাই তিনি শ্ব্দ্ মাত্র আইডিরেল ভিলেজ

গড়তে চান নি, তিনি চেয়েছেন ভিলেজ টাউনশিপ, কিন্তু এই ভিলেজ টাউনশিপ কিভাবে গড়ে ক্রমরে সে সন্বন্ধে সমাক ধারণা ডাঃ রায়ের নেই। তার কারণ বাংলার গ্রামগ্রনিকে তিনি চেনেন না এবং তার যৌবনের প্রথম অবস্থায় যদি বা চিনতেন; গ্রাম থেকে শহরে মান্ত্র হুমড়ি থেয়ে পড়বার পর সে গ্রামণ্ট্রলির যে চেহারা হয়েছে, তার সঙ্গে ডাঃ রায়ের এতট্টকুও পরিচয় নেই। কাজেই তাঁকে নির্ভার করতে হয়েছে, তার সহকর্মীদের এবং রাজকর্মচারীদের উপরে। সহক্ষীদের মধ্যে দ্ব দল। এক দল গান্ধীয়ান ইকোনমিতে বিশ্বাসী, তাঁরা ভিলেজ টাউনশিপএর পরিকল্পনায় তেমন উদব্বন্ধ হতে পারলেন না। আর এক দল যারা সদ্য আমদানী তাঁদের কাছে সকল পরিকল্পনাই দুজ্রের, তাঁরা মতলবে এসেছেন, মতলব নিয়েই ঘোরাঘর্রি করছেন, অতএব পরিকল্পনার পোষণে, কাজে অবতীর্ণ হলেন, সেই সব রাজ-কর্মচারীরা যাঁরা ব্টিশ আমলে গতান,গতিক কাজকর্ম চালিয়ে কোন রক্মে মাথা না ঘামিয়ে উপরওয়ালাকে তোয়াজ করে, ধাপে ধাপে উঠে এসেছেন, উপর শাখায়। এই সব মাস্তিষ্ক-বিহানি, ব্রিলিয়েন্টএর দল যাদের ধারণার বালাই নেই, উপরে গদিয়ান হয়ে, নীচের দিকে নজর দেবার অবকাশ নেই, তারা রাতারাতি খসড়াকে রূপ দিতে লেগে গেলেন। প্রহসন সূত্রে হলো। প্রথমে তারা গ্রামিণ চিত্তজমের পশ্থা আবিষ্কার করলেন, রকের বহ, জায়গায় ক্লাব গড়ে তুলে থাকে গাল ভরা নাম দেওয়া হল সোসাল এডুকেশন সেন্টার। এলো তবলা, হারমনিয়াম, সতরাণ্ড, পেট্রমাক্স লাইট। গ্রামের যারা ধড়িবাজ লোক এগিয়ে ধরলেন বাড়ীর সংলগন এক চিলতে জমি যাব উপর প্রজেক্টের পয়সাতে খাড়া হলো ঘর, প্রজেক্ট অফিসার রিপোর্ট লিখলো সকলের সহযোগিতায় বিপলে সাডা পড়ে গেছে, ঘর হয়েছে তৈরী নিত্য নৈমিত্তিক পেট্রমাক্স জনলছে গ্রামে গান বাজনার চর্চা হয়ে উঠেছে পঞ্চমুখ। কিন্তু ভাবের ঘরে চুরি চলে না? পেট্রনক্সের মেন্টাল আব পাম্প গেল খারাপ হয়ে, হারমনিয়ামের বেলো গেল উইয়ে খেয়ে, তবলাব ছাঁড়ীন গেল ফে'সে, সতরণ্ডি হারিয়ে কার ঘরে উঠলো হদিস পাওয়া গেল না। পর্বটা যে বিফল হলো কর্তৃপক্ষ ব্রুঝলেন। কিল্তু সবজান্তাদের পক্ষে স্বীকার করতে বাধে, অজ্ঞতা বশতঃ ভুল করেছেন এই কথা কবলে করলে মর্যাদা হানি হয়। ওদিকটায় ভাঁটা পড়তে দেখতে পাই, এক্সচেঞ্জ থিওরী ইন্টোডাকশন। কিনা, নাকের বদলে সহযোগিতায় নর্ণ কিনে ঘরে ফেরো। একজনের মুগ আছে, আর একজনের আছে শাক, শাকওয়ালার যদি মুগ প্রয়োজন হয়, আব মূগওয়ালার যদি শাঁক দরকার থাকে এয়াজ ফের করে নাও। কত বড় সুন্দর প্রস্তাব। রাম বাজ্যের চমংকার নম্না। কিন্তু কিন্তু রয়ে গেল অনেক। শাকওয়ালার মুগ দরকাব না হতে পারে আবার মুগওয়ালার এক বোঝা শাঁকের প্রয়োজন না থাকতে পারে। ম্গওযালা যেদিন শাকের চাহিদা নিয়ে হাটে পে'ছিল, সেদিন শাকওয়ালা গর হাজির থাকতে পারে। কত শাকের বদলে কত মুগ পাওয়ার সে হকদার তা নিয়ে তর্ক বাধতে পারে। আরো কত পরিস্থিতির উদ্ভব হতে পারে, নজির দিতে হয় তো সময় মিলবে না। তথাপি ঝানো আই, সি. এসএর মাথা থেকে পরিকল্পনা গজিয়েছে তার উপর মুখামন্ত্রীর প্রিয় পাত, উঠে পড়ে লাগলো নীচের কর্মচারীরা আর এখানে ওখানে সেখানে রাজ্যের কড়ি খরচ করে কো-অপারেটিভ এক্সচেঞ্জএর হাট বসে গেল, আর সফলতার কি বিরাট ফিরিস্তি। এই প্রথম সংতাহে ১৭ জন লেনদেন করেছে, দ্বিতীয় সংতাহে ১১৭, তৃতীয়তে সাত শত। হাজারে বাাজার নেই। লোককে জিজ্ঞাসা করি কি গো হাট কেমন চলছে। তোমাদের সব চাহিদা যদি সেই সহযোগী হাটে মিটছে তবে আবার শত কোশ ঠেগ্গিয়ে বাবসাদারী হাটে কেন আর প্রসাই বা পেলে কোথায়? নাকের বদলে নর্ম নয় শাকের বদলে মুগ নিয়ে তো ঘরে ফিবেছ প্রসার আমদানী হলো কোথা থেকে? লোকটা ভাাবাচাকা খার বলে, এমন হাটের হদিস জানিনে, যেখানে বিনা পয়সায় লেনদেন হয়। অফিসের বাব্দের হাট সে তো অব্ধা পেয়েছে অনেক কাল? আমি মনে মনে বলি, হাট অক্কা পেলেও হিসাবের অঞ্ক বেড়ে চলেছে জি, পি, প্রসেসএ। রাস্তা ঘাট, জলকণ্ট নিবারণ সম্বন্ধে অনেক বর্লোছ অনেক ব্যর্থতার নজির তুলে ধরেছি অনেক বার, আর কর্তৃপক্ষও আমাদের কাছে গলাবাজী করলেও মনে মনে অপরাধী মনে করেন, একথা আমি জোরের সঞ্চোই বলতে পারি।

আর স্মল<sup>9</sup>স্কেল ইন্ডান্ট্রিজ আর কটেজ ইন্ডান্ট্রিজ কি অদ্ভূত অগ্রসর হয়েছে, ভিলেজ টাউনশিপএ তার নম্না যদি চান, একবার ঝাড়গ্রামে যান। এক বিড়িওয়ালা, বিডির

ফ্যাক্সারিতে লোন পেয়েছেন ৫,০০০ টাকা নিয়েছেন কিনা জানিনা, কিল্তু কর্মচারীর সংখ্যা যথা পূর্বম তথা প্রম। একজন ষষ্ঠীবাব, বলে নাম, চমংকার খাম আর ঠোজ্গা করতে পারেন, এবং সেই হাতে গড়া ঠোজা আর খাম বিক্রয় করে: দিন গ্রেজরাণ করছেন। প্রজেক্ট অফিসারএর কাছে ধর্ণা দিয়ে পড়লেন, কাটিং মেসিনএর জন্য দাম নাকি ২,৫০০ টাকা। প্রজেক্ট অফিসার থেকে আরম্ভ করে, উম্পর্কতম সকল অফিসার দেখা শোনার পর তারিফ করে বলা হল তুমি ১,৫০০ টাকা জোগাড় করলে ১,০০০ টাকা দেওয়া হবে। কিংবা তুমি ১,৫০০ তোল আর না তোল ১,০০০ টাকা লোন তুমি নিয়ে যেতে পারো। লোকটি বোধ হয় ধর্ম ভীর কিংবা **एम्मा (भाषतात मन जात আছে, एम वलाल, এक शाकात जाकात आमात जारिमा मिर्हेट्स मा. शतीय** মান্য হয়তো টাকাটা থেয়ে ফেলবো, শোধ করতে পারবো সেই শর্তে সিজ্গার সোহিং মেসিন যেমন হায়ার পার্চেজ সিসটেমএ জিনিস দেয় সেইভাবে আমায় মেসিনটা কিনে দিয়ে প্রতিপালন করুন। আমি মাসে মাসে টাকা পরিশোধ করে যাই। ম্যাটার ড্রপড় সেইখানে যর্বনিকা পডলো। লোকটা আমার কাছে এসে জানলো তাকে আসকারা দেওয়া হবে বলে বলিনি नकुरा वलवात रेष्ट्या र्राष्ट्रल । "लु.एवेत हतका लाख"। ১,००० होका निर्प्न मस्त পएएलना रकन । ওদের তো দেখাতে হবে। স্মল-স্কেল ইন্ডাড্রিজএ কি টাকা সাহায্য বা হাওলাত দেওয়া হয়েছে, গরজ তো তোমার কারবার ফাঁপানোর নয়। ওদের ফিগার ফাঁপানোর। জার্মানীর ম্যানেজার করিতকর্মা লোক, অনেক ছোটখাট ইন্ডাণ্ট্রিজ গড়েছে, হার খাচ্ছেন, তব্যুহতাশ **হচ্ছে না. চালিয়ে যাচ্ছেন। পেট্রোমাক্স তৈ**রী করেছেন তাকে পাকডাও করে প্রঞেক্ট অফিসার উৎসাহিত করলেন, ঝাডগ্রামে ম্যাচ ফ্যাক্টরী করবার, বেচারা মোটর পেট্রোলএ খবচ করে বসল ৫০০, ৭০০ টাকা আর কলকাতা ঝাডগ্রাম করে খরচান্ত আর হায়রান হয়ে যখন এলিয়ে পড়েছেন, তখন তার সাড়ে তিন লক্ষ টাকার স্কীমএর এক লক্ষ টাকা সরকার দিতে রাজী হলেন। বেচারা অঙক কশে দেখে তার তদবিরের খরচের অঙক যদি সূদ কব্ল কবে কোন भराजतात काष्ट्र (थरक এक नाथ ठोका राउनाउ निर्चन चात्र रहेक अकरें जारी थाकरचा। ভদ্রলোক নিরাশ হয়ে আর না এগিয়ে সরে পড়লেন।

কাজেই আমার জিজ্ঞাস্য ডাক্তার রায় সেকেন্ড ফাইভ-ইয়ার স্কীমএ আবার কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএর প্রহসন করবেন কি না। যদি মতলব থাকে। দোহাই তাকে তিনি পথ পরিবর্তনি করনে। গত পাঁচ বছরের ব্যর্থতার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সকলের মতামত নিয়ে স্বত্বী পরিকল্পনা গড়ে। তুলান। তিনি। শুধু মাত্র খোসামোদে তংট না হয়ে. হক কথাকে সম্মান দিতে বন্ধপরিকর হন। স্বপক্ষেব লোকেদের কাছে (যেমন তিনি নিজে গ্রামে গ্রামে ঘ্রতে পারবেন না) খবর সংগ্রহ কর্ন কিছু বিপক্ষের কাছ থেকে তথা সংগ্রহ করে, স্বপক্ষীয় মতকে একট্ন সাঁতলে নিন। পাঁচ বংসর ব্যর্থ হয়েছে ক্ষোভেব কিছু নেই, আনাড়ী হাতে পড়ে যা গেছে, তা গেছে, আর টাকা পয়সা এনার্জি সময়ের অপচয় না করে ধীরে সংস্থে গ্রামের প্রাণের সংখ্য যাদের সংযোগ আছে এমন লোকদের সংগ্রে প্রামশ্ করে স্ক্রিমর চিন্তা ধারায় আস্কা। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণের পূর্বে স্বদল ও বিরুদ্ধ দল এবং বিশেষজ্ঞদের কাছ থেকে পরিকল্পনা আহ্বান করুন। আর অন্তর প্রশস্ত রেখে, সেইগ্র্লিকে যাচাই করে যেটিকে গ্রহণযোগ্য বিবেচিত হবে সেইটি গ্রহণ কর্ন এবং পরিকল্পনা ব্রুয়িতাকে নিজের উদ্ধের্ব সম্মান দিন, জাতকে এমনভাবে সকল দিক থেকে গোষ্ঠ পোষণের খাতিরে ভোবাবেন না। ডাঃ রায় বলেছেন, য়ার্নিমেল হাসবান্ড্রী, পোলট্রী, কটেজ ইন্ডান্ট্রি, স্বাস্থা, পার্বালক হেল্থ সব কিছুরে উন্নতির বাবস্থা। জানি না পোলট্রী এসংগ্র ইনকু,ডেড কিনা। যদি ইনকু,ডেড হয়, ডাঃ রায়কে জানাই যে, আমি নিজে প্রেসিডেন্ট হিসাবে, ঝাড়গ্রামে এগ্রিকালচার মন্দ্রীর উপদেশেই পোলট্রী ক্লাব খুর্লোছ। এবং এগ্রিকালচার মন্দ্রী গ্রাম থেকে ফিরে আসবার পর প্রায় মাস খানেক ধরে নানা অফিসারের কাছ থেকে কিছু আশ্বাস পেলাম। কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএর এক্সিকিউটিভ অফিসারও উপস্থিত ছিলেন। ক্রাবএ কম দরে মেম্বারদের মধ্যে উন্নত ধরণের ম্বাণী আসে আসে আর কি। শর্ত গভর্ণমেন্টকে একটা বাঁধা দরে ডিম বিক্রী করতে হবে। তারপর তার পরের অভিজ্ঞতা যথা প্রেম তথা পরম। ছমাস কেটে গেছে, কি আরো বেশী মুগী আর পেণছাল না। ক্লাব থেকে গ্রামের লোকের জন্য সরল ভাষায় লিটারেচার পাবলিশএর কথা হলো, আর তার জন।
"লিটারেচার" পেণিছে দিতে কর্মাচারীরা স্বীকার পেলেন? কিন্তু সেই পর্যন্ত। আজ পর্যন্ত একট্টকুরো কাগজও গিয়ে পেণিছায় নি।

[6-30-6-40 p.m.]

Si. Jogesh Chandra Cupta: Mr. Speaker, Sir, I was very amused when I heard members from the Opposition benches running down the work of the Community Development Projects. Sir. I will ask you to realise the unreality of the criticism by looking at at least half a dozen cut motions—Nos. 10, 15, 16, 17, 19 and 26—in which the Opposition members have claimed extension of the National Extension Service or Community Development Projects in certain areas. They have complained that Government has failed, as in No. 10, to include Dantan within Community Development Projects or National Extension Service. They want to have included Moina thana in Tamluk—cut motion No. 15. Then 16 and 17 mention—it should be extended to every thana. Then No. 19—it should include Keshiari thana and Shri Narendra Nath Ghosh wants it to be extended to Goghat thana. I ask you, Sir, if the Community Development Projects work and the National Extension Service work are as miserable as some of my opposition friends depicted from the Opposition benches would you have expected those Opposition members to table cut mentions showing their annoyance that their respective areas have not been included? I think, Sir, this is the best proof. The arguments which have been given by Dr. Roy may not have appealed to them, but I hope a look at these six cut motions will convince them that Community Development Project and National Extension Service are good things, are things which are wanted by the Opposition members and the people.

# (শ্রীহেমনত কুমার ঘোষালঃ ডিফেক্টসগ**্**লি বল্ন।)

There has been mention of certain defects. It is altogether a new approach, altogether a new thing. Sj. Benov Chowdhury was complaining that some American books are read. Sir, the idea of Community Development Projects, we are not ashamed to say, have been borrowed. In America they have made a headway and therefore if we get things from countries which have made headway it is not to be blamed. We often refer to books and booklets about China about Russia when we think of doing certain things in the way those countries have successfully done.

Sit, I was also sorry to hear the complaint that it is only governmental appointments and governmental machinery but no work. That is again ignoring the whole fact. Sir, the difficulty is this. Community Development Projects seek to get the initiative of the people. The whole project, the whole activity is based on ensuring the initiative from the people and hence there is a delay, hence lots of preparatory work have got to be done and afterwards the people have got to be brought into this work.

Sir, my time is short but I will only refer to a few of the remarks made by Si. Nripendra Gopal Mitra. Sir, I am sure you will be surprised to learn that Si. Nripendra Gopal Mitra is also a member of the Jhargram Community Block Advisory Council and I am also a member there. Sir, I have never heard from him as a member of the Advisory Council what he has stated here from the Opposition benches. I have made it a point to go from here and attend all those Advisory Council meetings and Si. Nripendra Gopal Mitra had been in many of them. He has deprecated village exchange system. If I remember aright when this village exchange system was expounded in the meeting of the Advisory Council he was present there. This village exchange system does not contemplate to substitute the

ordinary rule of demand and supply. Village exchange system is intended not to interfere with the ordinary business and the rule of demand and supply. What is intended through it is that many of the artisans have spare time, many materials remain unutilised, but if they go on producing more then the market demand will not consume all productions. We know that the standard of living of the average people is very low. Now to increase the living standard among people who have no cash to pay, the village exchange system intends to supply those primary needs to people, who cannot afford to pay cash, by the exchange of materials they produce. Moreover, Sj. Mitra has twitted at the mention of the fact by Dr. Roy that five villagers sit down together and what they can do. Sir, I have participated in this village exchange system. I have asked officers not to do anything but to watch, how villagers themselves work. The villagers themselves sit down in the market, make a list of the things as they are brought in, mutually discuss what they can give and take and they decide prices. Therein the villagers learn the co-operative method. They develop a cooperative mind, the villagers themselves learn how to help themselves, and that is the biggest achievement of the Community Development Projects work and what the village exchange system are aiming to get.

My friends miss the whole spirit in which this village exchange system is organised; they have missed the whole spirit that underlies the success of the Community Development Projects and National Extension Service work.

### [6-40-6-50 p.m.]

I heard Sj. Sudhir Das to say that the Government officers are sitting there, but I can assure you that the Government servants' first duty is to find out what the people think and how the people want to go about. They have got to go there, meet the best cultivator in the village, gather from him the information that he can give, and then co-ordinate all those activities. There is generally a co-operative system amongst the villagers. Thus one lends his cattle, another lends his plough, and the labour is exchanged. But these have got to be canalised, these have got to be developed into a co-operative effort, and this is the work which they have got to do. The result is that today we have been able to go ahead. Because of this work, because of this pioneer work that they have done in developing the initiative of the people we are able now to form those village societies, village panchayats in the places where Community Development Project has worked, and we will be able through the village panchayats which we want to be established early. The Planning Commission has said that land reforms and everything can be utilised at its best if we get the people to handle them. Therefore, I would request my friends not to criticise because they have not been able to see eye to eye and to appreciate the work lone. But let us put all our heads and shoulders together, let us try to make this initiative among the people a success and through these to bring in the village panchayats who will be able to solve many of the difficulties. I agree that Government officers from outside living far off will not be able to do their duties to develop the local initiative.

With these words, Sir, I resume my seat.

Sj. Nripendra Copal Mitra: On a point of personal explanation, sir. উনি বলেছেন যে—

Mr. Speaker: What is the charge against you that you want to reply

## 8j. Nripendra Copal Mitra:

উনি বলেছেন যে, আই হ্যাভ পয়েন্টেড আউট, যে এক্সচেঞ্চ সম্বন্ধে উনি নিজে প্রৈসিডেন্ট ছিলেন এবং উনি অনেকক্ষেত্রে ভোট চাইলেন ও ভোট পাবার জন্য বলেন।

Mr. Speaker: That is no point of personal explanation. Please sit down.

#### Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই সমাজ উন্নয়ন বিষয়ে দুই পক্ষের কথাই শুনলাম। সমাজ উন্নয়ন করতে হবে দুই পক্ষকেই কেবল তফাত হচ্ছে, শ্রদেধয় গৃংতসাহেব যেভাবে এইটাকে দেখেছেন, সেখানে দু, ঘিটর কেবল তফাৎ, অনা কিছ, তফাৎ নৈই। তিনি এই क्मिडीनिं ट्याटक्ट्रेंटक त्य मूर्किटेंड एम्यट्सन, यीम स्मिडी आत्मीत्रकात मूर्कि वील, डाइटल जिन সে জায়গায় ভালই দেখেছেন, কিন্তু আমরা সেটা ভারতীয় দ্বিটতে দেখতে চাই। জাতির জনক মহাত্মা গান্ধী স্বাধীন ভারতের গ্রামগর্নালকে কেমন করে গঠন করতে হবে, একথা বলেছিলেন. এবং যেখানে একটা বড় অভিজ্ঞ দল শ্রী জে. সি. কুমারাপ্পা, বিনোবাভাবে, সতীশ দাশগ ৩০ প্রভৃতি এই রকম ধরণের পশ্ডিত লোকেরও অভাব ছিল না। অধাক্ষ মহাশয় আমেরিকার ট্রুমাানএর জ্যাঠামহাশয়ের গ্রান্থের ফর্দ যদি আমাকে করতে দেওয়া হয়, তাহলে আমি তো আলে গোবর, গণ্গাজল, তুলসীর বাবস্থা করবো, আর ট্রুমাানকে যদি আমার ঠাকরদার প্রাদেধর ফর্দ করতে দেওয়া হয়, তাহলে তিনি টেবিল, কাঁটা-চামচ, চেয়ার ইত্যাদি এবং মারগীর ঠাাং নিয়ে বাবস্থা করবেন। আমাদের এই যে কমিউনিটি ডেভেলপমেন্ট, যেটা গ্রাম উন্নয়ন সমাজ উন্নয়ন ব্লক যেভাবে হয়েছে. সেটা দূর্গিউভগ্গীর তফাং। আমার বন্ধ্ব সুধীর দাস মহাশ্য কটাক্ষ করেছেন যে, সব কর্মচারীরা বসে থাকেন; সুধীরবাব্ব কথা ঠিক; আবার যে কর্মচারীরা কাজ করতে চান, যে কথা গ<sup>ু</sup>ণ্ডসাহেব বলেছেন সেটাও ঠিক। কর্মচারীরা বসে আছেন কারণ ভাদের কাজ করবার কোন স্বাধীনতা নেই, তাদের স্থিটর কোন আনন্দ নেই। প্রোগ্রাম দেওয়া হয়েছে, তাদের । য কাঠামো সেই অনুযায়ী কাজ করতে হবে। সব জাতার এক রকম মাপ করে দিয়েছেন : সেটা পরতেই হবে যে সাইজই হোক। সেই বুকম সেই কর্মচারীদের সেথানে কাজ করবার কোন স্বাধীনতা নাই।

আমরা চেয়েছিলাম, গ্রামগ্লি কেমন হবে? বাংলার দাবী ছিল, "ম্যালেরিয়ার ধরংস চাই. শহর স্থের অংশ চাই"। মোটাম্টি যে জিনিস সেখানে তৈরী হয়েছে, ম্যালেরিয়ার ডি, ডি, চিতে সব না গেলেও আবহাওয়া পরিবর্তনের জনাই প্রায় ধরংস হয়েছে; কিন্তু তার হথল নিয়েছে টি, বি। অবশ্য স্বাস্থা বিভাগের কৃতিত্ব এতে নাই। আশা করেছিলাম, শহরের যেগ্লি ভাল জিনিস, সেগ্লি আমরা ঐ জায়গায় খানিকটা পাব, স্কুল পাব, কলের জল পাব, লাইট পাব ভাল পায়খানা পাব ইত্যাদি। শহরের লোক গ্রামে যেতে চায় না দ্টো কায়ণে, একটা হছে ম্খরোচক খানা নাই, আর ভাল পায়খানা নাই। এই কমিউনিটি ডেভেলপমেন্টেতে নাকি এই দ্টো জিনিস হবে। মফস্বলের বড় প্রেম হলো, সেখানে ভাল পায়খানা নাই। গত ৫।৬ বছর ধরে বলছি, এ সম্বন্ধে কান বারস্থা হল না। এর নীতি সম্বন্ধে প্রে অনেকেই অনেক কথা বলেছেন। মুখা মন্ত্রীমহাশ্র উয়য়নমন্ত্রী হিসেবে আমাদের সামনে এক উজ্বল চিও পরে বলেছেন, নানা রকম শিল্প প্রতিষ্ঠা করবেন। তাতে ল্যাম্প হবে, নানা রকম হাড়িয়া হবে, ইত্যাদি। কিন্তু আমরা এখন এর মধ্যে দেখছি, কোন শিল্পই সেখানে হয় নাই। তিনি হাট-বাটের কথাই বলেছেন, কিন্তু সেখানে কবির কল্পনায় চাঁদের হাট হয়েছে, কোন কোন স্থানে।

তারপর রাস্তার যে ব্যাপার, তাতে দেখি, আমার বাড়ীর পাশে শক্তিগড় রক যেটা আছে. সেখানে সেই গ্রামে যে জুগল ছিল, তা অবশ্য ভাল হয়েছে, কিন্তু তার রাস্তা একেবারে স্বাক্ত আছে। এখানে যারা আসেন তাদের অধিকাংশ লোক ট্রান্স-দামোদরের লোক. এই অঞ্চলে রাস্তা হলে প্রর তবেই সেখানে শহর গড়ে উঠবে। কিন্তু সেখানে কোন রাস্তা নাই। আমরা বলেছিলাম, সেখানে যদি ভাল করতে হয়, তাহলে কমিউনিটি প্রজেক্টের যেটা কেন্দ্র, সেই ট্রান্স-দামোদরের বেশী লোক সেখানে আসবে। অন্ততঃ শক্তিগড় রক থেকে রায়না পর্যন্ত যদি

একটা কমিউনিকেশন থাকে, তাহলেই শহর পরিকল্পনা সফল হতে পারে। দ্বিতীয় কথা, শাস্ত্রগড় গ্রাম নগরীর জন্য ইলেকট্রিক পাওয়ার হাউস সরকার অনেকদিন করেছেন। এতে বহু পয়সা খরচ হয়েছে এবং খরচ হয়ে এক-দিন দু-দিন এখানে আলোও জনুলেছিল, ঐ ডেভেলপমেন্ট কমিশনার দ্রী এস, কে, দের ফেয়ারওয়েল পর্যন্ত। সেখানে কোন কনস্মার নাই। গ্রামের লোক চেয়েছিল। কিন্তু তারা বললো কর্তার হ্কুম নেই, কেমন করে দেই। এখনো সেটা অকেজো হয়ে আছে। ইতিমধ্যে ডি, ভি, সি ইলেকট্রিক এখানে এসে যাছে। পাওয়ার হাউস করে শাধ্য ক্রেণ্ড কর্ত্বালি টাকা অপব্যয় হলো।

এবার ডি, ভি, সি দেখাছি। ভেবেছিলাম লোকে ডি, ভি, সির কনেকশন পাবে, তা হচ্ছে না। আপনারা যদি তা করতে পারেন, তাহলে বহু শিশপ ও গ্রাম নগরীতে গড়ে উঠবে। কিন্তু এখানে ইলেকট্রিসিটী কি দরে দেবেন, তা এখনো ঠিক করেন নাই। মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয় বলেছিলেন, ডি, ভি, সির ইলেকট্রিক সাড়ে পাঁচ আনার কমে মফঃপ্বলে দিতে পারি না। কলিকাতায় তিনি দেবেন, দশ প্রসায়, আর গ্রামনগরীতে হবে সাড়ে পাঁচ আনা। তার কারণ কি? তিনি বলেছেন, ওখানে দ্রবতী লাইন তৈরী করতে হবে, ইলেকট্রিক মেসিন বসাতে হবে ইত্যাদি বহু খরচ তার জনা হবে। স্তরাং আমাদের খরচ বেশী পড়বে। তাহলে আমরা কি এ কথা ভাববো বন্ধমান পর্যন্ত যে লাইন নিয়ে আসবেন, তা তার যোগে, আর কলিকাতায় যে ডি, ভি, সি, বিদাং আসবে বেতার যোগে? সেই জনাই বোধ হয় ওখানের রেট সাড়ে পাঁচ আনা, আর এখানে দশ পয়সা! এই কমিউনিটি প্রজেক্টে যদি সম্তায় ইলেকট্রিসিটী পাওয়া যায়, তবেই সেখানে শিশপ সম্ভার গড়ে উঠবে। স্তরাং এই কমার্সিয়াল রেট যদি সাড়ে পাঁচ আনার কম না করেন, তাহলে কিছুতেই সেখানে কোন উর্মাত হতে পারে না

## [6-50—7 p.m.]

জল সরবরাহের বাবস্থা যেকটি গ্রামনগরী সেখানে হয়েছে। অনেক বাড়ী হয়েছে, সে বাড়ীগুলো বালির উপর হয়েছে এবং সে বাড়ীগুলোর এমনই অবস্থা যে বুণ্টি হলে জল ভিতরে পড়ে. আর দর্জার কথা, সেগ্রলো নিজের চোখে দেখে এসেছি, আর স্যার, তাদের এত বিনয় যে তারা একেবারে বে'কে পড়ে রয়েছে, সোজা পাবার জো নেই । রাস্তাঘাট কর্দমান্ত, এবং সে জায়গায় যে পায়খানা করা হচ্ছে, আমার স্যার, পায়খানার উপর বড় ঝোঁক, কিন্তু সেখানে দেখে এসেছি যে সব আছে। কিন্তু পায়খানা নেই। অন্ততঃ এক বংসর ধরে ঘরগ্বলো তৈয়ারী হয়ে পড়ে আছে। সেগ্রলোতে জলসরবরাহ ও পায়খানা যদি করা হয়, তাহলে ত ভাডা দিলেও সরকারের কিছু, আয় হোত। তা নয়, সে ঘরগুলো বাজে, অকেজো হয়ে যাচ্ছে। পাছে ঘরগুলো পড়ে থাকলে ভতের বাসা হয়ে যায় তাই সেখানে ন্যাশনাল কেডেট কোরএর কাজের ব্যবস্থা হয়েছে এবং সেই নাাশনাল কেডেট কোরএর তংপরতা দেখলাম। আমি একটা কাগজের এডিটর কিনা তাই সেখানে গিয়েছিলাম এডিটর হিসাবে, এসেমব্লির মেন্বার হিসাবে যাই নি। আমাদের মুখ্য মন্ত্রীমহানয় ডাঃ বিধানচন্দ্র রায় হিসাবে যেমন রেডিওতে বক্তুতা দেন, মন্ত্রী হিসাবে নয়, সেই হিসাবে আমিও গিয়েছিলাম, সাংবাদিক হিসাবে। সেখানে যেয়ে দেখি যে সমুহত মহিলা এন. সি. সি. ঘরে ঘরে গিয়ে মেয়েদের কাজ দেখাচ্ছেন, তারা সব পরে,থের মত সামরিক পোষাক পরা। আমি একটা বাগদীর মেয়েকে জিজ্ঞাসা করলাম, হাঁ, বৌ! তোমাদের যে এই মেয়েরা শেখাতে এসেমে ওরা সব কি রকম? ওদের সঙ্গে মিশতে তোদের গা ছম ছম করে না? সে বললে, আমরা ভাল করে মিশতে পারি নে. বাবা। আরও বললে, আমাদের তব্য মিশতে ভয় হয় না, কিন্তু ম্সলমান মেয়েরা ওদের দেখে বনে ল্কিয়েছিল। ওদের পোষাক দেখে মনে করেছে ওরা বুঝি পুরুষ, আর মাথার ঝ'ুটি দেখে মনে করেছে, ওরা বুঝি শিখ; পাঞ্জাবী; তাই ভয়ে পালিয়ে গিয়েছিল। স্যার! সাংবাদিক হিসাবে আমি সে জায়গায় গিয়ে দেখেছি। এক জায়গায় দেখি, ন্যাশনাল কেডেট কোরএর মহিলা কমী তার পোষাক পরে একজন টিউবওয়েল পাম্প করছে, আর একজন একটি প্রায় দশ বছরের ছেলের গায়ে জোর করে সাবান লাগিয়ে দিয়ে ভাল করে পরিষ্কার করছে, আর ছেলেটা বাপান্ত করে চীংকার করছে। কোন কালে তাদের গায়ে সাবান ওঠে নি। এক দিকে সেই রকমভাবের ট্রেনিং দেওয়া হচ্ছে। আর অন্য রকম ভাবের মৌনংও নেওয়া হচ্ছে। আর সাঁওতাল মেয়েরা, বাউরীর মেয়েরা বডিস আর স্লাউজ কাটতে

শিখছে, প্রানো খবরের কাগজ দিয়ে। আমরা জিজ্ঞাসা করতে বললে, বাবা! কাপড় কোথায়ই পাবো যে আনরা জামা তৈয়ারী করবো? যদি কাগজ দিয়ে শেমিজ হোতো, তাহলে না হয় হতে পারতো।

তারপর গোপালনের কথা বলছি। এই ব্লকে রস্লুপ্রের কৃষ্ঠিম উপায়ে গো-প্রজননের স্ক্রেণ স্বিধা হয়েছে, কিন্তু গ্রসকরায় কিছ্ব হয় নি। গতবার যে কমণেলন করেছিলাম: এখনও সেই কমণেলন রয়েছে। আমি বলেছিলাম, কোথা থেকে একটা থারপারকার না কি এক জাতীয় যাড় এনেছেন, সেগ্লো কাজেই লাগে না, একেবারে ব্রহ্মচারী যাড়। পোলাট্রর ব্যবস্থা যা করা হয়েছে, তাতে গতবারে ইনজেকশন দেওয়ার ফলে শত শত হাঁস ম্রগী মরেছে। আমি যদিও "তা" সে জায়গায় আমার সপ্রেণ কনসাল্ট করতে আমি বলি না। কিন্তু অন্ততঃ ডিমে "তা" দেবার ব্যবস্থাটা আধ্নিক না করলে পোলাট্র হতে পারে না। সেখানে হিম্মর করা দ্রকার, কেন না আল্ব খ্ব হয়, কিন্তু আল্ব থাকবে কোথায়? কমিউনিটি প্রজেক্টে বহ্ব টাকা দেওয়া হয়েছে, কিন্তু সরকারের এমনিই ব্যাপার যে এ পর্যন্ত হিম্মর হল না।

শিল্পের ব্যাপারে বিশেষ কোন শিল্প দেখলাম না, এক সাবান শিল্প হয়েছে। সাবান যা দেখে এসেছি, সে সাবানে কাপড় ছাড়ে না, বাঁদর মারা চলে, সে এমনই শন্ত সাবান। সরকারী সাহায়েক স্বল্পতার জন্য সে সাবান এখন উঠে গেছে। সেই সাবানওয়ালাকে নোটিস দেওয়া হয়েছে, ধেহেতু তোমার বাবসা উঠে গেছে, তুমি যে টাকা নিয়ে গিয়েছ, সেই টাকা সাড়ে বার টাকা হাবে স্দ দিয়ে তোমাকে শোধ করতে হবে। তার ত ঢাকের দায়ে মনসা বিক্রী। ৫০০ টাকা কোবে লোন, তার জামীন দিতে হবে না। কিছু কিছু এই লোন দেওয়া হয়েছে মেশিন কেনবার জন্য, কিল্তু সোয়িং মেসিন এ পর্যানত কেউ কেনে নি। আমি গিয়ে দেখে এসেছি, সেখানে কেন শিল্প হয় নি, একমাত্র সেখানে একটা শিল্প কাঠের কারবার রস্ক্রেন্ত্রেক বা হছে।

# [At this stage the blue light was lit.]

পনেব মিনিত হয়ে গেল গনা, দশ মিনিট ব্ঝি। যাই হোক, আমি সংক্ষেপ কোরে আনছি। কৃষিব দিক থেকে উন্নতির কথা চুলোয় গেছে। যে যে জায়গায় নিয়ে কৃষি প্রদর্শনী ক্ষেত্র করেছেন, তাতে ত লোকসান হয়েছে। এতে লোকেরা সাহস পাছে না। সরকার যাতে হাত দিছেন, তাতেই সোনা। সরকার যে স্কীমগুলো নিছেন, তাতেই লোকসান হছে। সেথানকার চাষীরা ভয়ে তাদের এই সাহায়া নিতে পারছে না। শিশপ অনেক হতে পারে। এখানে চিনি শিশপ হতে পারে, সেখানে ভাল আম হয়; তামাক শিশপও ভাল হতে পারে। এসব বিষয়ে চিন্তা করলে তবে তা হয়, কিন্তু সেসব কিছুই করা হল না। যদি কাজ না দেওয়া যায়, তাহলে কিকুরে সেখানে গ্রামনগরী বা ন্তুন কিছু গড়ে উঠতে পারে?

শিক্ষার দিক থেকে কমিউনিটি প্রজেক্টে মনে করেছিলাম, শিক্ষার বাবস্থা হচ্ছে। কিন্তু দেখলায় সেখনে শিক্ষার কিছু হয় নি। তবে কৃণ্টি কিছু কিছু হয়েছে। আমাদের শ্রীযুক্ত তর্গকানিত ঘোষ মহাশয় তাব সপেগ সংশ্লিকা, সেখানে তাদের খোল দেওয়া হয়েছে। আধ্নিক উসায়ে সেখানে পানেট পরে বাব্রা খোল বাজাছে। জনসাধারণকে ডেকে বলা হয়েছে যে, তোমরা ভোট কি করে দিতে যাবে। কাজেই নাতন কোরে ভোটটা কি কবে দেবে, তা শিক্ষা করে নিয়েছে। ইতিমধ্যে ঐ পবিকল্পনা পালটিয়ে দিয়ে প্রজেক্টকে গয়ায় পিশ্চ দিয়ে নাতন করে জন্মগ্রহণ করেছে, নাাশনাল এক্সটেনশন সার্ভিস। এদের বর্তমানে হাতে কোন কাজ না খাল য় দিরদু গ্রামবাসীদিগকে তীর্থাস্থানের স্ব্রিধা করে দেব বলছেন। ১০০ টাকায়, ২৫০ টাকায় সেকেন্ড ক্লাস, ফার্ডাই ক্লাসএর ব্যবস্থা করা হয়েছে। খবরের কাগজে দেখছি, তীর্থায়াটী সেপশাল ট্রেন মাবে, কৃণ্ডুবাব্র স্পেশাল ট্রেনের মত। কমিউনিটি প্রজেক্টে এখন এই কাজ হয়েছে। এব সম্বন্ধে জে, সি, গৃণ্ড মহাশয় বলেছেন, তোমরা চাও বা না চাও, একদিন ভাত ধরে গেছে বলে কোন মান্য কি বলবে, যে আর ভাত থাব না? জে, সি, গৃণ্ড মহাশয় ভাল ব্যারিডাই : তিনি মামলার পয়েন্ট না থাকলেও কিছু কিছু পয়েন্ট নিশ্চয়ই বের করবেন। কিন্তু আমরা তা থেকে কিছুই আলোক পেলাম না। এইটাই দুঃথের কিথা।

আমাদের উন্নয়ন মন্ত্রীমহাশয়কে বলা যায় যে, শিল্পের মধ্যে কিছ,ই হয় নি, শিল্পের মধ্যে হাঁড়িয়া শিল্পেই বেড়েছে, এবং সেই সুযোগে এবার চিণ্ড়ে শিল্পের জন্য চিণ্ড়ের কল হয়েছে, ধানের কল হয়েছে, আর সেথানে ঢের্গিক শিল্প এবং চিণ্ড়ে কোটার শিল্প ডকে উঠেছে। সেই যে শিল্প তাও গিয়েছে। কোন কিছুই হয় নি। এখনো বৃঝে সুঝে কাজ করান যাতে সাধারণ মানুষের উপকার হয়। নচেৎ শৃধ্ব, শৃধ্ব, ভক্ষে ঘি ঢালা হবে, আর কিছুই হবে না।

## Sj. Tarun Kanti Chosh:

মাননীয় অধ্যক্ষ মহোদয়! আজকে আমরা সমাজ উন্নয়ন বিষয়ে বাজেটে আলোচনা করছি। আপনি নিশ্চয় জানেন আমাদের দেশের কাজে প্রধানমন্দ্রী নেহর এবং শ্ল্যানিং কমিশন এই জাতীয় সমাজ উন্নয়ন কেন্দ্র এবং জনসম্প্রসারণ ও উন্নয়নের যে দুটো জিনিস তাতে খুব গুরুত্ব আরোপ করেছেন। আর পঞ্চবার্ষিকী পরিকম্পনার মধ্যে এটা সবচেয়ে গ্রুত্বপূর্ণ বললে ভুল হবে না। আমি আজকে শ্নতে শ্নতে একথা চিন্তা করছিলাম যে, বোধ হয় আমাদের এখানকার বন্ধরা যাঁরা এই আলোচনা করছেন, তাঁরা ঠিক সেভাবে এ সম্বন্ধে উপলম্ঘি করেন নি। বিশেষ করে প্রশেষ্য বন্ধ্য লাশ্রথি তা মহাশয়ের যে বক্তৃতা শ্নলাম, তাতে করে এ রকম গ্রুত্বপূর্ণ ব্যাপারকে হাসির খোরাক হিসেবে বাবহার করা হয়ত আমাদের ৩।৪ ঘন্টা এসেমন্জির অধিবেশনের মধ্যে মনের একট্ব খোরাক হতে পারে, কিন্তু ঠিক এই জিনিসকে এই ভাবে বিবেচনা করা উচিত বলে মনে করি না। আমি অন্য কথা বলবার আগে একটা কথা বলতে চাই, সেটা এই যে, তিনি যে উচ্চকণ্ঠে সোসাল সার্ভিস ক্যাম্পএ আমাদের দেশের যে সম্মত মেয়েরা বোনেরা গিয়েছে, তাদের নিয়ে ঠাট্টা করতে গিয়ে যে র্ন্চ দেখালেন তা মনে হয় না দেখালেই ভাল হত। তাদের মত বয়সের লোকের পক্ষে এটা অশোভন: আমাদের মত ত তাঁর বয়স নয়। আমি অন্যরাধ করব আমাদের দেশের মা বোনদের যদি আর একট্ব বেশী সম্মান দেখান হয়, সেটা সবার পক্ষে ভালই হবে।

আজকে উন্নয়ন খাতে এই বায় করার প্রস্তাব পাশ করতে গিয়ে মুখামন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় বিশদভাবে আমাদের এই সভাতে ব্যক্তিয়ে দেবার চেন্টা করেছেন যে, সমাজ উন্নয়ন পরিকল্পনা বলতে কি বোঝায়। জাতীয় সম্প্রসারণ পরিকল্পনা এবং এই পরিকল্পনা বলতে কি বোঝায়। জাতীয় সম্প্রসারণ পরিকল্পনা এবং এই পরিকল্পনা বলতে কি বোঝায় এবং কিভাবে এর মাধামে দেশের উন্নতি করবার চেন্টা করছেন তা ব্যঝিয়েছেন।

একটি কথা আমি প্রথমে বলে রাখতে চাই যে, সমস্ত কিছুই আমরা যে ঠিক করেছি এবং কিছুই ভূল করি নি, এরকম মনোভাব নিয়ে আমরা কাজ করি নি। নিশ্চয়ই আমাদের কাজের মধ্যে ভূল হওয়া স্বাভাবিক। যে কাজ করে সে নিশ্চল হয়ে বসে থাকে না। সে হয়ত ভূল করবে। সেই ভাবে দেখলে বলতে হবে সরকার নিশ্চয়ই কিছু কিছু কাজে ভূল করেছেন, আবার অনেক জায়গায় তাঁরা হয়ত সফলতা লাভও করেছেন।

## [7-7-10 p.m.]

প্রথমেই একটা কথা আমি বলে রাখতে চাই যে, সমস্ত কিছ্ই আমরা ঠিক করেছি, কোন ভুল ক<sup>দি</sup>র নি এই রকম মনোভাব নিয়ে আমরা কাজ করি না। আমাদের কাজেব মধ্যে ভুল হওয়া স্বাভাবিক, কেন না কাজ যে করে সে নিশ্চয় ভুল করবে, অতএব সেই রকমভাবে দেখতে গেলে এই সরকার নিশ্চয় কিছ্ কিছ্ ভুল করেছে এবং অনেক জায়গায় আবার সাফলা লাভও করতে পেরেছে, দেশের উর্মাত সাধনও করতে পেরেছে। কিন্তু ভুল বা সাফলা লাভ করাটাই সবচেয়ে বড় কথা নয়, বড় কথা হচ্ছে যে, আজ পর্যন্ত সমাজ উয়য়ন পরিকল্পনা বা জাতীয় সম্প্রসারণ কেন্দ্র বা অন্যান্য যে কোন উয়য়নম্লক পরিকল্পনার মধ্যে দিয়ে হোক যা কিছ্ সরকার করে থাকুক না কেন, তার একুমাট লক্ষ্য সেখানে ছিল যে, কি করে দেশ এবং জাতিকে সেবা করা যায়, কি করে দেশের এবং জাতির উয়তিবিধান করা যায়। ক্রিটিসিজমকে আমরা নিশ্চয় অপচ্ছন্দ করি না, তার কারণ আমরা বিশ্বাস করি যে, যদি সত্যিজারের ক্লিটিসিজম হয় তাহলে সরকারের পক্ষে যা ভূল হয়, তার সংশোধন করা সহজ হয় এবং ঠিক পথে পরিচালনা করাও আমাদের পক্ষে সহজ হয়ে দাঁড়ায়। কিন্তু সেই ক্রিটিসিজম যদি ভূল তথ্য বা অজ্ঞানতার

197

উপর হয়, তাহলে তা আমাদেব কোন সাহাযে। আসে না এবং আজকে যে সমস্ত ব্রিটিসিজম আমাদের এখানে হয়েছে সেখানে আমি দৃঃখের সংগ্য বলতে বাধ্য যে তার কিছু কিছু ভুল তথ্যের উপরেই হয়েছে।

ষাই হোক, আপনারা জানেন যে, ১৯৫২ সালে ভারত সরকার প্রথম এই দেশের মধ্যে সমাজ উন্নয়ন পরিকল্পনা নিয়ে আসেন এবং ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ৫৫টি পরিকল্পনা ভারা স্থাপন করেন, তার মধ্যে আমাদের বাংলাদেশে ৮টি পরিকল্পনার কেন্দ্র তাঁরা দিয়েছিলেন। প্রথম যে পরিকল্পনা তাঁরা করেছিলেন তাতে বাংলাদেশে প্রতিটি কেন্দ্রের জন্য গড়পড়তা খরচ ছিল ৪০ লক্ষ টাকা। ১৯৫৩ সালে পশ্চিমবঙ্গের ভাগ্যে আরও তিনটি সমাজ উন্নয়ন পরিকল্পনা কেন্দ্র আসে এবং তার জনা ২৭ লক্ষ্ণ টাকা বায় বরান্দ ছিল। ১৯৫৩-৫৪ সালে প্রথম যে সমাজ উল্লয়ন পরিকল্পনা সারা ভারতবর্ষে ছড়িয়ে দেওয়া হয়েছিল, তার কার্য-কলাপের ফলে লোকের মধ্যে যে উৎসাহ ও আশার সন্তার হল, তাতে করে সরকারেব কাছে ডিম্যান্ড আসতে লাগল যে, আমার এলাকায় এই পরিকল্পনা নিয়ে আস্কুন। কিন্তু তাতে দেখা গেল যে, সমাজ উন্নয়ন পরিকল্পনা করে এক একটা জায়গার জনা এত বেশী খর্চা করা আমাদের পক্ষে সম্ভব নয়। আমাদেব পক্ষে যদি বেশী জায়গাকে এর আওভায় আনতে হয় তাহলে খবচ কিছু কমিয়ে দিয়ে আমাদের বেশী জায়গা আনতে হবে এবং এর জনোই ন্যাশনাল এক্সটেনশন সাভিসে বা জাতীয় সম্প্রসারণ কেন্দ্রের সূষ্টি হল। এই জাতীয় সম্প্রসারণ কেন্দ্রেব খরচ কিছ, কম কিন্ত কাজেব প্যাটার্ন এক রকমের। আপনারা মুখামন্ত্রীর কাছ থেকে শ্রনেছেন যে সমষ্ট জাতীয় সম্প্রসারণ কেন্দ্রের আজকে আমরা উদ্বোধন করেছি, ভবিষাতে এর শতকরা ৪০ ভাগকে সমাজ উল্লয়ন কেন্দ্রে রূপান্তরিত করা হবে। এবং তার জনো বায় বরাদ্দও বেশী করা হবে।

তারপর আজকে আমাদের এখানে যে সমস্ত আলাপ আলোচনা হয়েছে তার মধ্যে আমি দেখতে পাই যে, আমাদের বিনয়বাব, অনেক কথা বলে গেছেন তার মধ্যে একটি কথা তিনি বলেছেন যে, তিন বংসরে এই কাজ শেষ হবার কথা ছিল, কিন্তু তিন বংসর পার হয়ে যাবার পরেও আজও সেই কাজ শেষ হয় নি। এই কথার উত্তর দিতে গেলে আমি তাঁকে বলব যে. সমাজ উন্নয়ন পরিকলপনা বলতে কি বোঝা যায় এবং সেটার সমাক উপলব্ধি করলেই আপনারা ব্রুতে পাবরেন যে, কেন এত দেরী হচ্ছে। সরকারের অনেক রকম উন্নয়নমূলক পরিকল্পনা আছে, কিল্ড বেশার ভাগ উল্লয়ন পরিকল্পনার সংগ্রে এই ক্রিটানিটি ডেভেলপ্রেট প্রজেষ্ট এবং ন্যাশনাল এক্সটেনশন সাভিসএর মধ্যে একটা বিরাট পার্থকা রয়েছে। সেই পার্থকা राष्ट्र এই যে অনা যে কোন উন্নয়নমূলক পরিকল্পনা থাকক না কেন, সরকারই হচ্ছে তার একমাত্র এঞ্চিন, স্বকারই ভার পরিকল্পনা করেন এবং সেই কাজও করে যান, কিন্তু সমাজ উন্নয়ন পরিকল্পনা বা জাতীয় সম্প্রসারণের মূল লক্ষ্য হচ্ছে যে, আমাদের দেশের গ্রামের সরল মান্মকে জাগিয়ে তুলতে হবে, উদ্বৃদ্ধ করে তুলতে হবে, তাদের নিজেদের সদ্বশ্বে তাদের সচেতন করে তুলতে হবে এবং তাদের নিজেদের দেশ সম্বন্ধেও তাদের সচেতন করে তুলতে হবে যাতে করে ভাঁবা নিজেরা চিন্তা করতে পারেন যে, কোন পথে বা উপায়ে গেলে ভাঁরা নিজেদেব বা দেশের ভাডাতাড়ি সর্বাংগীণ উন্নতি করতে পারেন। সরকার বা সরকারের কর্মচাবীবৃদ্দ ষাঁরা সেখানে উপস্থিত রয়েছেন, তাঁরা সেখানে গেছেন সাধারণ মান্মকে সাহায্য করবার জন্যে ইনিসিয়েটিভ যেটা সেটা সেথানকার মান্যদের নিতে হবে এবং সরকার সেথানে এক্সপিরিয়েন্স, ইমপ্লিমেন্টস প্রভৃতি দিয়ে সাহায়া করতে যাবেন, সো দ্যাট দে ক্যান সাম্রাউন্ট দি অবস্ট্যাকেল অর্থাৎ তাদের সামনে যে সমুহত বাধা আছে সেই সমুহত বাধাকে যাতে তারা অতিকুম করে এগিয়ে যেতে পারে তার জনোই সরকাব সেখানে যাবেন। অতএব আজকের দিনে ক মাইল রাস্তা বা কটা টিউবওয়েল বা কটা ডাগওয়েল ল্যাণ্ডিন করতে পেরেছি, এটা দিয়ে আত্ররা সাফলাফণিডত হয়েছি কি হয়নি তা আপনারা বিচার করবেন না, বরং বিচার কবতে গেলে আপনাদের এটাই দেখতে হবে যে, আজকের দিনে সমাজ উন্নয়ন বা জাতীয় সম্প্রসাবণ কেলের মারফং আম্বা দেশের মান্যকে উদ্বুদ্ধ করতে পেরেছি কিনা বা দেশের উন্নয়ন সম্বন্ধে তাদেই সচেতন করে তুলতে পেরেছি কি পারি নি। আজু আমরা দেখতে লক্ত যে যে সমুহত ভারুদার সমাজ উন্নয়ন বা জাতীয় সম্প্রসারণ কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে, সেথানকার মানুষের কথা আমি বাদ দিচ্ছি, তার কারণ আপনারা দেখেছেন যে, আমাদের মুখামনতী যথন বাজেট পেশ করেছিলেন তথন তিনি বলেছেন যে, ৪৫ লক্ষ টাৰুার বেশী টাকায় হোক বা লেবারে হোক তাঁরা সেখানে থেকে দিয়েছেন। কিল্ত আজ আমরা দেখতে পাচ্ছি যে, সারা দেশ থেকে আজকে দাবী আসছে যে আমার এলাকাকে তোমরা জাতীয় সম্প্রসারণ কেন্দ্রের অন্তর্গত কর। এই দাবী আসার একমান্র কারণ হচ্ছে যে, এর সত্যিকারের মূল্য আজ সমস্ত মান্ত্র ব্রুতে পেরেছে, সমস্ত মানুষ আজ সত্যিকারের জেগেছে এবং এই জাগরণের মধ্য দিয়ে তারা ব্রেছে যে, নিজেদের উন্নতি নিজেদেরই করতে হবে। এখানে একটা কথা ভূললে চলবে না যে, শত শত বছর ধরে আমাদের গ্রামের সরল ভাইবোনদের কোর্নাদন সামগ্রিকভাবে দেশের উন্নতির কথা চিন্তা করবার বা তাদের গ্রামের বাহিরে যে একটা কিছু, তা জানবার সূ্যোগ দেওয়া হয় নি। তাদের লেখাপড়া শেখবার বা চিকিৎসা পাবারও কোন রকম স্বযোগ দেওয়া হয় নি. এ ছাড়া তাদের জলকণ্ট ও পথচলারও কণ্ট ছিল, কিন্তু আজকে শত শত বংসরের পর তাদের মনে একটা উপলব্ধি এসেছে যে, তারাও স্বাধীন দেশের মানুষ। স্বাধীন মানুষ হিসাবে যেমন তাদের দাবী আছে, সরকারের কাছ থেকে যেমন চাইবার অধিকার আছে, তেমনি জাতি ও দেশের প্রতিও তাদের একটা কর্তব্য আছে। সেই কর্তব্য হচ্ছে যে, আমাদের এই দীন দরিদ্র দেশকে র্যাদ এগিয়ে নিয়ে যেতে হয়, যাদ সত্যিকারের এই দেশ থেকে দারিদ্রকে চিরতরে বিল্যুপ্ত করতে হয়, তাহলে শুধু সরকারের একলা কাজের স্বারা এই জিনিস সম্ভবপর নয় তাদেরও সরকারকে সাহায্য করতে হবে, কারণ সেই জিনিস করতে ১০।২০।৫০ বছর লাগবে। অতএব যদি সরকারের সঙ্গে এই দেশের ৩৫ কোটি মান্যে সহযোগিতায় কাজ করে, তাহলে এই কাজ সহজ হবে এবং সম্ভব হবে। সেজনোই আজকে জাতীয় সম্প্রসারণ এবং সমাজ উন্নয়ন পরিকল্পনার মাধামে আমরা এই কাজ করবার চেণ্টা করছি।

যাই হোক. এই প্রসঙ্গে আমি এখানে আর একটা কথার উল্লেখ করতে চাই। আমি কোন मिल्लिक প্রতি কোন রকম অবজ্ঞা প্রদর্শন করবার জন্য এটা উল্লেখ করছি না, শৃংধু একটি সতি। জিনিস এখানে রাখবার জনোই আমি এটা উল্লেখ করছি। সেটা হচ্ছে এই যে আপনারা নিশ্চয় জানেন যে, গত বংসরের জনে মাসে যখন ভারতীয় কমিউনিন্ট পার্চি দিল্লীতে কংগ্রেস করেছিলেন, তখন সমাজ উন্নয়ন পরিকল্পনা সম্বন্ধে যে নীতি তাঁরা গ্রহণ করেছিলেন, তার পরিবর্তন তাঁরা করেন। যদিও দেরীতে সেই নীতির পরিবর্তন তাঁবা করেছেন, কিন্ত তাঁদের এই পরিবর্তনের জন্য আমি তাঁদের ধনাবাদ দিচ্ছি। সেখানে তাঁরা স্বীকার করেছেন যে, এই উন্নয়নের মধ্যে এমন ভাল ভাল জিনিস আছে, যার দ্বারা মানুষের সত্যিকারের উপকার হতে পারে এবং তাঁরা তাঁদের পার্টির সভ্যদের এই কথাই বলেছেন যে, তোমরা এই সমস্ত কর্মিটি থেকে দরের সরে থেকো না. তোমরা এর সঙ্গে সহযোগিতা করবে এবং যাতে করে দেশের মান,ষের উপকার হয়, তার চেষ্টা কর। (নয়েজ) আমি তাঁদের কোন অন্যায় কথা বলি নি, যার জন্যে আমার ভাই হেমন্তবাব্রে রাণের কিছু কারণ আছে, বরং আমি এই কথাই বলেছি যে দেরী করে হলেও তাঁরা আজকে এটাকে উপলব্ধি করেছেন বলেই এর ন্বারা প্রমাণিত হয় যে. তাঁরা ব্রুতে পেরেছেন যে, দেশের মানুষ এই পরিকল্পনাকে চায় এবং এই পরিকল্পনা জনপ্রিয় হয়ে উঠেছে। যারা এই পরিকল্পনার বাহিরে থাকবে তাদের সঙ্গে মানুষের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে বলে তাঁরা এই পরিকল্পনাকে গ্রহণ করবার পথে এগিয়ে আসছেন। যাঁরা এগিয়ে আসছেন তাঁদের সহযোগিতা আমি নিশ্চয় কামনা করি।

[7-10-7-20 p.m.]

আর একটা কথা আমি বলতে চাই যে, আমাদের কি উন্নতি হয়েছে, না হয়েছে সেটা বিচার করবার সময় আমরা কতটা এগিয়ে যেতে পেরেছি, সেটা বড় কথা নয়, কিন্তু আমি এট্কুক্ জানাতে চাই যে, তার মানে এই নয় যে, আমরা সতিকারের এগতে পারি নি। আমি এখানে আপনার সামনে কিছ্ তথ্য পরিবেশদ করতে চাই, যার শ্বারা প্রমাণিত হবে গত বছর জাতীয় সম্প্রসারণ এবং সমাজ উন্নয়নের মাধামে সতিয়কারের কতট্কু কাজ আমরা করতে পেরেছি।

Distribution of improved seeds—36,543 maunds. Distribution of manures and fertilisers—2,52,756 maunds.

Preparation and distribution of compost—1,524,392 maunds. Plant Protection (use of Chemicals)—2,58,542 lbs.

Number of demonstration half plots—24,787.

Co-operative Marketing Societies—60.

Short-term finance to agriculturists—Rs. 12,82,580.

Development of tank fisheries in dry districts—Rs. 1,68,008.

Unionwari tank fishery Scheme—82,058.

- 8j. Madan Mohan Khan: Sir, I beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about construction of new hostel building at Midnapore for the students of the Scheduled Tribes and Castes for only college students attached to old college building for common hostel facility.
- 8j. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

কোল্লনগর লছমী নারায়ণ জন্ট মিলে শ্রমদ শতরের সরাসরি যোগসাজসে অমল সিং নামক একজন স্পারভাইজারের দ্বারা শ্রমিকদের মধ্যে সাম্প্রদায়িক দাংগা ও বাংগালী অবাংগালী দাংগা লাগাইবার চেন্টা হয়, সরকারকে প্নঃ প্নঃ জানান সত্ত্বেও এ সম্পর্কে প্রতিকার করিতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92.19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)' be reduced by Rs. 100. I move this to raise a discussion about

কোল্লগর হয়েল রবসন য়্যান্ড বার্ণেট কোম্পানীর প্রায় ৫০ জন শ্রমিককে সর্বদাই টেম্পোরারি রাখা হয় ও তাহাদের পারিশ্রমিক দুই টাকা নয় আনার ম্থলে এক টাকা বার আনা পর্যন্ত নামান হয়। এ সম্পর্কে প্রতিকার করিতে পশ্চিমবংগ সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

পশ্চিমবংগের বিভিন্ন কারথানা ও অফিস হইতে ব্যাপকভাবে শ্রমিক ও কর্মচারীদের ছাটাই রোধ করিবার উদ্দেশ্যে মালিকশ্রেণীকে বাধ্য করিতে সরকারের অক্ষমতা।

Sr., I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under (frant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

পশ্চিমবংগের চটকলসমূহে ন্তন মেশিন আমদানির ফলে যে হাজার হাজার প্রতিদিন ছাঁটাই হইতেছে তাহা রোধ করিতে পশ্চিমবংগ সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

গত দ্ই বংসরের মধ্যে ৮টি বস্তকল বন্ধ হইয়া যাওয়ায় যে হাজার শ্রমিকের জাঁবিকা অর্জনের পথ বন্ধ হয়, সে সম্পর্কে পশ্চিমবঞ্গ সরকার কোন বিকল্প ব্যবস্থা করেন নাই, ইহা পশ্চিমবঞ্গ সরকারের বার্থতার পরিচায়ক।

Sir, I also beg to move that the demand of Rs. 92.19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

গত দুই বংসরের মধ্যে ৮টি বস্তুকল বন্ধ হইয়া যাওয়া পশ্চিমবণ্গ সরকারের শিল্পনীতির চরুল বার্শতার পরিচারক। Sir; I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

পশ্চিমবং<mark>পার ক্ষেত মন্ধ্রদের টেড ইউনিয়ন গঠন ক</mark>রার অধিকার দিতে এই সরকারের স্বদাসীনা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

নারী শ্রমিকদের প্রতি মানবোচিত ব্যবহার করিতে মালিক শ্রেণীকে বাধ্য করা ও তাহাদের জীবনযাত্রাকে উন্নত করার উদ্দেশ্যে সুষ্ঠু আইন প্রণয়ন করিতে পশ্চিমবণ্গ সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

রাজ্মীয় বীমা আইন প্রোপ্রি শ্রমিক স্বার্থে সংশোধিত করিতে পশ্চিমবঙ্গ সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

সরকার কর্তৃক নিযুক্ত শ্রমবিরোধ টাইব্যুনালগালি শ্রমিক আন্দোলন ধরংসের ফ্রন্থরুপ হইরা দাঁড়াইরাছে—এগালিকে স্কুথ শ্রমিক আন্দোলনের পক্ষে পরিবর্তিত করিতে পশ্চিমবঞ্চা সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32. Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about the Employees' State Insurance Scheme.

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about the policy of the Government with regard to Labour.

8j. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

পশ্চিমবঞ্গ সরকার জাতিগত ও সম্প্রদারগতভাবে তপশীল শ্রেণী নির্ধারণ করিয়া বহু জ্ঞামিদার, জ্ঞোতদার, ধনীক ও অবস্থাপন্ন ব্যক্তিদেরও সাহায্য দিতেছেন। অথচ বর্ণ হিন্দু ও মোসলেম সম্প্রদারের বহু সর্বহারা শ্রমিক, কৃষক, শিল্পীদের ও নিন্দ মধ্যবিত্ত বেকারদের সরকারী সাহায্য হইতে বঞ্চিত করা হইতেছে। ইহা ভেদ স্টিটর ও অস্প্যাতা স্ভিটর পরিচারক।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

ওনং ধর্মতলা আঁটির এস, হরলালকা এত কোং নামক প্রসিন্ধ পোষাক ব্যবসারী তাহার দল্পিদের (ওল্ডাগরদের) প্রতি অমান্বিক ব্যবহার করিতেছে ও মজ্বরির হার অসম্ভব পরিমাণে কমাইরাছে, বাহার ফলে দল্পিরা আসম ধ্বংসের সম্মুখীন হইরাছেন। ইহার প্রতিরোধে সরকারী বার্ধতা। Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure nder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about

## মুস্পূশ্যতা প্রতিরোধে সরকারী ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92.19,000 for expenditure nder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about

াশ্চিমবঙ্গের দার্জি শ্রামিকদের সংরক্ষণের বাবস্থায় পশ্চিমবঙ্গ সরকারের বার্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92.19,000 for expenditure inder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about

জি শিৎপীদের অর্থাৎ ওদ্তাগরদের সংরক্ষণের ব্যবস্থায় পশ্চিমবংগ সরকাবের বার্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure inder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about

াশ্চিমবংগর দাজি শ্রামকদের বহ<sub>ু</sub>লাংশের পক্ষে ক্রীতদাসের জীবনযাপন করিতে হইতেছে—ইহার মবসানে সরকারী ঔদাসীন্য।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure inder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments [excluding Fire Services]" be reduced by Rs. 100. I move this to raise i discussion about

জি শ্রমিকদের মজ্বরীর হার নিধারণে পশ্চিমবংগ সরকারের বার্থতা।

- 8j. Suhrid Kumar Mullick Chowdhury: Sir, I beg to move that the lemand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Mojor Head '47—Miscellaneous Departments (excluding Fire Services)' be reduced by Rs. 100. I move this to raise a discussion about anti-Labuor policy of the Government of West Bengal.
- 8j. Bibhuti Bhushon Chose: Sir, I beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head '47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about rationalisation in the leld of jute and cotton industry.

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 tor expenditure inder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about failure of the Government in the matter of the execution of the State Insurance Scheme.

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure inder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about failure of the Government in its present labour policy.

#### Sj. Bankim Mukherjee:

সভাম্থা মহোদয়, মাননীয় শ্রীকালীপদ ম্থার্জির বস্তৃতা থেকে একটা অবাস্তব চিন্তু, গ্রমিকদের সম্বন্ধে ফ্রটে উঠেছে এবং গভর্নমেন্টের শ্রমনীতি সম্বন্ধে সত্যিকার যে চিন্তু তা পরিস্ফুট হয় নি। আমরা দেখছি—প্রথম পঞ্চবার্ষিকী স্ল্যানএ যে নীতি গভর্নমেন্ট অনুসর্গ করে এসেছেন শ্রমিক সম্বন্ধে—িদ্বতীয় পঞ্চবার্ষিকী পর্যায়ে তার চেয়ে বেশি অগ্রসর নীতি, বাস্তব আকারের নীতি অবলম্বন করা হবে তার আভাষ শ্ল্যানিং কমিশন রিপোর্ট থেকে পাই, এবং কেন্দ্রীয় সরকার থেকে তাঁরা যে লেবার প্যানেল সৃষ্টি করেছেন তার রিপোর্ট থেকে এ সম্বন্ধে স্মুসপন্ট ইঙ্গিত পাওয়া ষায়। কিন্তু তাঁরা যে নীতি অন্মরণ করে আসছেন—তার সায়মর্ম হচ্ছে এই যে, যথার্থ ফেয়ার ওয়েজেস এ পর্যন্ত শ্রমিকদের কোথায়ও নেই। খ্ব সামান্যতম তাদের মাহিনা—তার উপর দিনের পর দিন আজ জিনিসপত্রের মূল্য বৃদ্ধি হচ্ছে—ইনম্রেশন আরম্ভ হয়েছে—সেটা অম্বীকার করা যায় না এবং এই অলপ মাহিনা থাকা সত্ত্বেও এখানকার গভর্নমেন্টের পলিসি হচ্ছে আরও ছাঁটাই, আরও র্যাসানালাইজেশন, নানুনতম শ্রমিক নিয়েগ কোন কাজের জন্য, এবং শ্রমিক সংগঠনের উপর আক্রমণ চালিয়ে শ্রমিক শান্ত পর্যম্বন্দত করে শ্রমিক সংগঠনগুলির ন্যায়্য দাবীদাওয়া চ্বিবিচ্ব করে দেওয়া, এবং সঙ্গে সঙ্গে নিজেদের সংগঠন গড়ে তোলা—রাজনীতিক তাদের যে ইন্টারেন্ট তার জন্য কোন বিশেষ শ্রমিক সংগঠনকে পেট্রোনাইজ করা। মালিকদের মুনাফা আরও ভালভাবে যাতে বেড়ে যায়—সেদিকেই গভর্নমেন্টের দ্বিট। এবং এই নীতি তাদের আরও কঠোরতর হওয়ার সম্ভাবনা। কেননা দ্বিতীয় পঞ্চবার্ষিকী শ্র্যানএর মেমোরান্ডাম থেকে দেখা যাচ্ছে—

"An under-developed country mobilising all its resources to bring about rapid social and economic progress is in no position to afford low productivity and loss of production through strikes and stoppages."

খ্ব ভাল কথা। এই রকম একটা পশ্চাৎপদ দেশকে উন্নত করতে গেলে দটপেজ নীতি চলবে না। কিন্তু তাদের দেশের অল ইটস রিসোর্সেস, দেশে যেসমস্ত রিসোর্স আছে, সেটা মোবিলাইজ করার ফলে বংসরের পর বংসর মুনাফাথোর ক্যাপিটালিস্ট ধনিকদের মনেফা বেড়ে যায় কেন? যদি সমস্ত রিসোর্সেস মোবিলাইজ করাই হয়, তাহলে প্রমিকদের আয় বা রিসোর্সেসও মোবিলাইজ করা উচিত ছিল। কিন্তু তা হয় নি। হলে, এত লো প্রোডাকটিভিটি হত না—অন্ততঃ স্টারভেশন অর সেমি-স্টারভেশন ওয়েজেস হত না। এখানে ফেয়ার অর্থাং ভাল ওয়েজেসএর কথা বলছি না—এ্যাবাভ স্টারভেশন ওয়েজেস কথা মাইে বলছি। আজ যথন দ্বিতীয় পশুবার্ষিকী পল্যান অনুষ্ঠিত হতে চলেছে—তখন প্রমিকদের ওয়েজেস কেন বাড়ছে না—লো, প্রোডাকটিভিটি কেন কমছে না? আজ র্যাসনালাইজেশন করার ফলে প্রমিকরা কারখনার মধ্যে হাপিয়ে যায়—এটা বেড়ে যায় কেন? এই যে ওয়েজেস—্যেটা এখনও ফেয়ার ওয়েজেস স্কেলএ পেশছায় নি, এটা আমার কথা নয়—গভর্নসেট দ্বারা প্র্ণুগ্রেশিত ট্রেড ইউনিয়ন মুভ্যেন্ট যেটা আই এন টি ইউ সি এই সম্পর্কে যে এক্সিকিউটিভ রিজনিউশন নিয়েছে তাতে বলছে—

Having regard to the fact that the wages of industrial workers have nowhere reached even a fair wage scale.

অর্থাৎ কোথায়ও ফেয়ার ওয়েজ স্টেক্কএ পেশছায় নি। অতএব রিভিসন অফ ওয়েজ পলিসি দরকার।

[3-40-3-50 p,m.]

আজকে যদি সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যান স্মৃথিল, নিরপেক্ষভাবে, মস্ণভাবে চালাতে হয়, তাহলে পর সমস্ত জায়গায় ওয়েজেস সন্বশ্ধে একটা কমিশন বসানো উচিত যাতে শ্রমিক প্রতিনিধিও থাকবে, তাদের অন্ততঃ বাঁচবার মত ওয়েজেস দিতে হবে। সে সন্বশ্ধে বহু তথা পড়ে দেখেছি, যে ওয়েজেস তারা পায় তাতে কোনরকমে একটা ফ্যামিলির প্রা পেট খাওয়া চলে না, সেমি-স্টার্ভেশন অবস্থায় তাদের থাকতে হয়। ও'রা বলছেন যে, আমাদের আয় কিছু বেড়েছে, কিন্তু বাংলা গভর্নমেন্ট এই সমস্ত তথ্যাদি কোথা থেকে সংগ্রহ করেন জানি না। অন্ততঃ এদেশে কলকাতায় লেবার স্থান্তেশ্বে কোন গেজেট এখনও করেন নি,—যেমন বোন্বে বা অন্যানা প্রভিন্স করেছে। কোন ডিসপ্টে হলে তাতে শ্নতে পাই যে, কলকাতায় কোন এরকম রিলাইয়েবল জিনিস নেই। যা হোক ইন্ডিয়া লেবার গেজেট ১৯৫৫, তাঁরা বলছেন—

The index of real earning of the factory workers remained during 1954-55 at the level of 1939.

১৫।১৬ বছরে লেভেল উঠে নি, এটা হচ্ছে গিয়ে ইন্ডিয়া গভর্নমেন্টের লেবার গৈছেট।
১৯৩৯ সনে যদি একশ ধরা যায়, তা হলে ১৯৪০ সালে ছিল ১০৮ অর্থাৎ যুন্থের সময় রিয়েল ওয়েজেস কিছ্, কিছ্, বাড়ল, ১৯৫১—৯২·২, ১৯৫২—৯৯·৯, ১৯৫৪—১০২·৭, এবং এখন হচ্ছে কি, কিছ্,টা খাদ্য প্রভৃতি সম্তা হওয়র দর্গ গত দুই বংসর কিছ্,টা জিনিসপরের দাম কমে গিয়ে ওয়েজেস সামান্য বেড়েছে কিন্তু সম্প্রতি আবার প্রাইস লেভেল বেড়েছে এবং তার ফলে দেখা যাছে ১৯৫৫ সালে ১৯৩৯ সালের চেয়ে সামান্য ২।৩ পয়েন্ট বেশি কিন্তু ১৯৪৭এ যা লেভেল তার চেয়ে উপরে উঠে নি। রিয়েল ওয়েজেস লেভেল দিন দিন বাড়ছে এবং সে সম্বন্ধে রিজার্ভ বাজিক অব ইন্ডিয়ার লেটেস্ট ব্লেটিন ফেরুয়ারি ১৯৫৬. তাঁরা বলছেন যেসমম্ব কমোডিটি ইতিমধ্যে একট্, উপর থেকে উঠছে -৮ পার্সেন্ট চালের দাম কলকাতা এবং আমেপাশে এলারমিংলি বাড়ছে যাতে করে কন্ট অব লিভিংএর উপর এর এফেক্ট হওয়া একেবারে অবশাদ্ভাবী। ইতিমধ্যে যে এডিসনাল ট্যাক্সেশন, আরও বাড়তি ট্যাক্সেশন এবং হেভি ডেফিসিট যা হয়েছে তাতে করে আরও থানিকটা বোঝা ওয়ার্কারনের উপর পড়ছে। মিঃ দেশম্খ, কেন্দ্রীয় অর্থসচিব তাঁর বাজেটের রিন্লাইএ ৬ই মার্চ বলেছিলেন তাঁকে যথন জিজ্ঞাসা করা হয়েছিল যে, এফেক্ট অব দি ডেফিসিট কি হবে ১২শো কোটি টাকা ডেফিসিট, তখন তিনি বলেছিলেন—

"There is no use asking me to answer the statements of financial journals about what effect 1,200 crores deficit financing will have on the economy. Their own economic advisers have also done some calculations and expect that it would increase the price level by 40 per cent."

প্রাইস লেভেল আরও শতকরা ৪ আনা থেকে ৭ আনা পর্যন্ত বাড়বে। তার মানে আজকে প্রাইস ইনডেক্স করলে পর ৮০ থেকে ১৫০, কারণ আরও দুঃখ কণ্ট বাড়বার সম্ভাবনা,--ম্বয়ং দেশমুখ দ্বীকার করছেন। এই যে অবস্থা প্রাইস বাড়ছে, রিয়েল ওয়েজেস ১৯৪৭ সালের উপরে যায় নি। ১৯৩৯ এর থেকে সামান্যমাত্র ২।৩ প্রেন্ট। এবং এইমাত্র শ্বনলাম মন্ত্রী-মহোদয়ের কাছ থেকে যে, জুট ওয়াকারদের মাইনে বেড়েছে। একি বদান্যতা একবার দেখুন। কতকগর্নি ইন্ডাস্ট্রিতে যা ওয়েজেস, তা একবার দেখন। জুট ৩৪॥/০ + ডিয়ারনেস এগলাওয়েন্স ৩২।৯০—মোট ৬৭ টাকা, ইঞ্জিনীয়ারিং ৩০ টাকা + ৩৫ টাকা –মোট ৬৫ টাকা, টেক্সটাইল ৫২ টাকা, ২০ টাকা আজও তাদের বেসিক ওয়েজেস এবং টেক্সটাইলে গত ২ বছর ধরে নানারকম আবেদন করে চলেছে। গত অক্টোবর মাসে মুখ্যমন্ত্রীর কাছে গণ ডেপুটেশন যায়, এবং তিনি वर्तान रत्र सम्बर्ग्ध किছ्, १८व। तारेगिर्स विन्छिश्स्य कारेन आज्ञ भर्यन्य भए तराहि। টেক্সটাইল ওয়াকারদের সভেগ কমপেয়ার কর্ন,—বোন্বে, আমেদাবাদের সভেগ, তাদের প্রায় অর্ধেক মাইনা এরা পায়। কেন, বাংলাদেশের টেক্সটাইল ওয়ার্কার বলে? বাংলাদেশের টেক্সটাইল ম্যাগনেটদের ম্নাফা কি কিছ্ব কম হয়? এই হল গিয়ে ওয়েজ স্ট্রাকচার। ১৯৪৮ সাল থেকে কোন বেসিক ওয়েজ এই কটি ছাড়া চায়ে সামান্য ১১০ পার ডে হয়েছে, এবং যে কটাতে বললাম তাতে কিছুটা বেড়েছে। তা ছাড়া ১৯৪৮ সাল থেকে এ পর্যন্ত কোথাও মাইনে বাড়ে নি কোন ইন্ডাস্ট্রিতে। অথচ মন্ত্রীমহাশয় বললেন, বহু, কিছু, করেছি, তাঁদের ট্রাইবানোলে ৪ হাজার ৫ হাজার কেস হতে পারে কিন্তু সেই ৪।৫ হাজার কেসে কোন ফান্ডামেন্টাল যায় নি, ষখন ফান্ডামেন্টাল যায় তখন অস্বীকার করেন। কোথায় কটা ছাঁটাই হয়েছে, মালিক অন্যায় করেছে এই রকম ফান্ডামেন্টাল ডিসপটেস মেটে নি। এইভাবে এথানে দেখতে পাই কি. যে কটা দ্রীইবানোল তাদের কিছুটা মাইনে বাড়ালে ৪৮ ঘণ্টা হিসাবে, সেটা ২।৩ মাস যেতে না যেতে মালিকরা ৪০ ঘণ্টায় পরিণত করলেন। অর্থাৎ ট্রাইবানাল বললেন ৪৮ ঘণ্টা, সামান্য কোথ ৪ ঘণ্টা বেশি পাওয়া যাবে, যেই ট্রাইব্যুনাল হয়ে গেল, তাঁরা ৪ ঘণ্টা কমিয়ে দিলেন। সেখানে কি ব্যবস্থা করেছেন? আই জে এম এর কাছে দাঁত ফোটাবার সাধ্য এ'দের নেই। মাইনে বাড়ানো হল ট্রাইব্যুনালে ৮॥৴০ কিন্তু সঙ্গে সঙ্গে মাগ্গী ভাতা কেটে দেওয়া হল ৪৮৴০ দক্ষিণ হস্তে দান, বাম হস্তে বঞ্চন। কি বলে কাটলেন

by reducing the existing dearness allowance per month on the plea of a fall in the cost of living.

ডি. এ. কেটে দেওয়া হল কল্ট অব লিভিং কমেছে বলে। এর মধ্যে কল্ট অব লিভিং বেড়ে বাচ্ছে, এখন জুট ট্রাইব্যুনাল বসছে কি মাগ্গী ভাতা বাড়াবার জন্য? স্বধন দাম বাড়ছে তখন ষ্টাইবানাল মাগ্গী ভাতা বাড়াতে পারলেন না, কিন্তু যখন দাম কমছে তখন মাগ্গী ভাতা কমিয়ে দিলেন। সবচেয়ে আন্চর্য এই যে, কলকাতা হচ্ছে একটিমার জায়গা যেখানে মাইনের সন্দেগ কস্ট অব লিভিংএর কোন সম্পর্ক নেই। অন্যান্য সেন্টারে কস্ট অব লিভিং উঠানামার সন্দেগ সপো প্রমিক্রের কান সম্পর্ক নেই। অন্যান্য সেন্টারে কস্ট অব লিভিং উঠানামার সন্দেগ সপো প্রমিক্রের মাইনে উঠানামা করে, ৫ প্রেণ ভাগে হবল পর উঠে বা কমে। ভারতবর্ষের মধ্যে সবচেয়ে হাইলি ইন্ডাম্ম্রিলাইজড় জায়গা এটা, কিন্তু এখানকার প্রম দন্তর, এখানকার গভর্নমেন্ট এত অপদার্থ এবং অপারগ এবং প্রমিক্রের সম্বন্ধে তাঁদের এত বিপরীত দৃষ্টি যে একমার এই জায়গায় স্লাইভিং স্কেলে ডিয়ারনেস এলাওয়েন্স করা হল না। কারণ এখানে বেশুলা চেন্বারস অব কমার্স এত জােরালাে যে, সেখানে এন্দের মুখ খােলার উপায় নেই। আজও আই, জে, এম, এ, সেই ফ্রাইভের বংশধরগণ কলিকাতায় আবিপতা বিস্তার করে আছে। তাঁদের সামনে প্রমন্দ্রীর এতট্কুও হাঁ করার উপায় নেই। এইরকম ভয়ত্বর ব্যাপার, এবং এখানে ওয়েজ লেভেল অত্যন্ত অসম্ভব রকমের কম। এখনও পর্যন্ত আমরা প্রায় ২৩০টা ফ্যামিলি যখন সাভের্ণ করি জন্ট ওয়ার্কারদের ট্রাইবানুনাল দেবার সময় নিশ্চয়ই প্রমন্দ্রী সেকথা জানেন।

[3-50—4 p.m.]

সেই সার্ভেতে ২৩০টা ফ্যামিলি বাজেট দেখেছি। দেখেছিলাম ৪ টাকা পায় ৮১ পার্সেন্ট এই ফাামিলিতে। তাদের স্বাইকাব চিরন্তন দেনা ১৭১৮ পার ফ্যামিলি। আমি তাই দাবী করাছ খুব শীঘ্র একটা ওয়েজ কমিশন বসানো হোক। এই হল আমাদের অবস্থা। সংগ্য তাম পল্যমেন্টএ কি দেখতে পাচ্ছি, না এইমাত্র আমি শ্নলাম আনএমংলয়মেন্টএর অবস্থা ভাল কিন্তু ১৯৫১-৫৪ সালের ভেতবে প্রায় ৫০ হাজার ডিক্লাইন করেছে। এটা হল ফ্যাক্টরী ফ্যারএ লাস্ট পজিসন, যদিও এর মধ্যে প্রায় ১৫৭টি ন্তন ফ্যাক্টরী হয়েছে তা সত্তেও ৫০ হাজার কমে গিয়েছে। সম্প্রতি ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে একটা সার্ভে হয়েছিল—তারা বলাভন--

Since the launching of the First Five-Year Plan the total volume of employment in the organised Sector in Calcutta declined by 3.7 per cent. এবং ফ্যাক্টরী আনএমপ্লয়মেন্ট বলছেন প্রায় ডবল ৬-৪ পার্সেন্ট্, ফ্যাক্টরী আনএমপ্লয়মেন্ট ৬-৪ পার্সেন্ট অর্গানাইজড সেক্টরএ ৩-৭ পার্সেন্ট। ডাঃ রায় বাজেট বক্ততায় বললেন, শ্রমিকশ্রেণী সবচেয়ে আরামে আছে। কিন্তু দেখছি আনএমপ্লয়মেন্টএর ব্যাপারে তাদেরই হচ্চে ৬-৪ পার্সেন্ট এবং সমস্ত অগ্যানাইজ্ড সেক্টরএ আনএমপ্লয়মেন্ট ৩-৭ পার্সেন্ট। এই যখন শ্রমিকের অবস্থা এবং স্ল্যানিংএর সমস্ত রিসোসেস বায় করা হবে সেখানে দেখতে পাই প্রফিট আরও ক্রমাগত বেডে যাচ্ছে। আমি একটা এক্সাম্পল দিয়ে দেখাচ্ছি। আইরন এ্যান্ড ষ্টীল এবং দটীল ইন্গট ১৯৫৩-৫৪ সালে ৫ কোটি ৮০ লক্ষ। কিন্তু সেলেবল ষ্টীল ২ কোটি ৯১ লক্ষ ইত্যাদি। কিন্তু সেটা বেড়ে ৪ কোটি ৬১ লক্ষ হয়েছে—মোট যদিও প্রোডাকশন বেড়েছে ১৪ পার্সেন্ট ১৯৫৩ থেকে ১৯৫৫ সাল পর্যন্ত, প্রফিট সেথানে ১৯৫৩-৫৪তে ৩ কোটি ৬২ লক্ষ্. ১৯৫৪-৫৫তে ৭ কোটি ৭ লক্ষ অর্থাৎ ১৪ পার্সেন্ট প্রোডাকশন বেড়ে ৯৪ পার্সেন্ট প্রফিট হয়েছে। অথচ স্বীকার করতে হবে এই গভর্নমেন্টের শ্রমনীতি অত্যন্ত সন্দর এবং শ্রমিকের পক্ষে অত্যন্ত কল্যাণকর! ইন্ডিয়া গভর্নমেন্টএর স্ট্যাটিস-টিকস যদি নেওয়া যায় তা হ'লে পর ১৯৪৮কে যদি ১০০ ধরা যায় তা হ'লে জাট ইন্ডিাস্ট্রিতে এমণ্লয়মেন্ট ইন্ডেক্স ৮৩ অথচ প্রোডাকটিভিটি ১২৯-৯, তথন আনএমণ্লয়মেন্ট কমেছে ১০০ থেকে ৩০. অর্থাৎ দেডা প্রায় প্রোডার্কার্টিভিটি বাড়ল, কিন্তু ওয়েজেস বাড়ল না—ওয়েজ ৪ টাকা মাত্র। অথচ শ্রমমন্ত্রী হাস্যবিগলিত মুখে বললেন, মাইনে বাড়িয়ে দিয়েছি ৩৮০। ইতিমধ্যে আমরা খবর শনেতে পাচ্ছি ট্রাইব্যুনাল প্রভৃতি হবে : কিন্তু এই জুট ট্রাইব্যুনালএতে দেখা যায় এরবড় একটা আন্দোলন সমস্ত কলকাতায়, এবং আশেপাশে চটকলমহলে বিরাট আন্দোলনের পর তখন গভর্নমেন্ট অস্থির হয়ে তাডাতাডি একটা কিছু করতে চান। বোনাসের কথা নিরে ज्यात्मालन रास्तरह किन्छू यथन त्मरे त्वानात्मत कथा रासरह. गर्छन्त्रामणे नाना कासमास निष्ट হটাবার চেণ্টা করেন। শৈষ পর্যন্ত ট্রাইবানোলে দেন—এইরকম র্নীতিনীতি সতাই দঃখের কথা। গভর্মমেন্টের সংগ্র ঘারা শ্রমিক আন্দোলন করেন তারা সেসময় আপত্তি করেছিলেন বলে শ্রনেছি

—বর্লোছলেন, বোনাসটা অন্ততঃ টার্মস অফ রেফারেন্স অনুসারে....... (শ্রীকালী মুখার্জি ঃ ভল শনেছেন। ঠিক নয়।) যিনি ঠিক নয় বলছেন আমার রিপোর্ট তিনিই আপত্তি করেছিলেন এবং তিনি এ্যাসেম্বলির বাইরে গেলে দ্বীকার করবেন যে, হ্যা, আমরা আপত্তি করেছিলাম। সেখানে সংকীর্ণ রাজনীতি ছিল, সেথানে মেন ডিম্যান্ড ছিল বোনাস । বোনাস সম্বন্ধে যাদের অবস্থা ভাল তারা এ বছর বোনাস দেয় নি, কিল্তু তারপর কি হয়েছে। এই কোম্পানিস্ফলি এই বছরে কতকগুলি শেয়ার বোনাস দিয়েছে তার দাম হচ্চে ৬ কোটি ১ লক্ষ ৮৩ হাজার ৮ শো টাকা। এত টাকা শেয়ার বোনাস দিয়েছেন, কিল্তু শ্রমিককে দিতে পারেন নি। ফোর্ট উইলিয়াম কোম্পানি ফেব্রুয়ারি ১৯৫৫ এইসমস্ত ইস্কু করছেন বোনাসএর শেয়ার ৭ লক্ষ টাকা। হুকুমচাঁদ ১৯৫৪ মার্চ ২২ লক্ষ ৫০ হাজার টাকা, ক্লাইভ ৮ লক্ষ, এ্যালবিয়ান জুন ১৯৫৪ ১२ लक्ष, विकृता कान्याति ১৯৫৪ १ लक्ष, रमब्याति ১৯৫৫ १ लक्ष। প্রত্যেকবারই এমন করে কিছু না কিছু দিয়ে যাচ্ছেন। আবার দেখন জেসপ এয়ান্ড কোম্পানি ১৯৫৩ সালে ১৮ লক্ষ্ ১৯৫৫ সালে ১৯ লক্ষ্ ৮২ হাজার ডানলপ এয়ান্ড কোঃ ২৯ লক্ষ্ ১৯৫৩ সালে তারপর ১ কোটি ৬০ লক্ষ্, তারপরে ১ কোটি ৮৭ লক্ষ—এইভাবে ম্নাফা ক্রমাগত বেড়ে যাচেছ অথচ বলা হচ্ছে শ্রমিকদের মাইনে বাডানো হবে না। আমরা দেখতে পাচ্ছি নতন যে বংসর অস্বাহে তাতে আরও বেশি করে লাভ করবে, কারণ শতকরা ৩৩ ইযদি লেবার মেন্বার না থাকে তাহলে তাদের রেকগনাইজ করা হবে না। তাঁরা যা করবেন তা মেনে নিতে হবে শতকরা ৬০ জন শ্রমিক না মানলেও। আমাদের কথা, এ আই টি ইউ সি কমী তাঁরা বলেছিলেন, অন্ততঃ এটা একটা রেফারেন্স করা হোক, জেনারাল ওয়ার্কার্সদের ভোট পলে করা হোক অর্থাৎ কোন-প্রকারে সরকারপোষিত যদি ইউনিয়ন 🕏 মেম্বার্রাশপ দেখাতে পারেন তাহলে তারাই হবে গিয়ে মনোপলি রিপ্রেজেনটেটিভস অফ দি ওয়ার্কার্স এবং মালিকেরা তাদের সাপোর্ট করবেন। অন্যান্য ট্রাইব্যুনালএ যে কোথায় কি হচ্ছে তা এই অল্প সময়ে বলতে পারি না। আমি স্টেট ইনস্ট্রেন্স বাবস্থার কথা বলি। শুনেছি এটা খুব চমংকার হয়েছে, কিন্তু কি অবস্থা আজকে সেখানে। শ্রমিকেব নামে টাকা নেওয়া হচ্ছে, কিন্তু বাবস্থা এত সাংঘাতিক যে, তাতে করে অত্যনত শোচনীয় অবস্থা নেখা দিয়েছে। সম্প্রতি ২টি সংবাদ পেয়েছি। হাওড়াব জটে মিলের একজন কমী বড়বুন্দিন, সে মই বেয়ে উপরে উঠে কাজ করতে করতে পড়ে যায়— ২টার সময় আহত হয় তারপর থেকে এয়ান্যলেন্স পাওয়া যায় নি। ৩ ঘণ্টার পরে তাকে লরী করে পাঠানো হয় এবং তারপর সে মারা যায়। আর একটা কেস রয়েছে যে, সেখানে ঠিক এইরকমভাবে ৩ ঘণ্টা পরে গাড়ীর বাবস্থা হয় এবং লোকটা মারা যায়। সেথানে বলা श्य रय. एम्पेर रेनमपुरतन्मवत लाएकत जना व्यान्युनाग्म भाउया याय ना। वना रन भारनन्व এতগালি ডান্তার দেখতে পাচ্ছি কলকাতার লিমিট ১ হাজার, হাওডায় ১২ শো থেকে ১৮ শো —সকালে বিকালে ৩ ঘণ্টা করে এদের ডিউটি। আগে নিযম ছিল ডি. এইচ, এস, টাইম ফিক্স করবেন, যিনি ইন-চার্জ, মেডিকেল, কারণ অফ কোর্স উইথ দি এ্যাপ্রভালে অফ ডি, এইচ, এস, কিন্তু সেই রুল ৬ সিডিউল ১ সাব-সেক্সন ২ এখন আর তা মানা হয় না। ডি, এইচ, এ**স,** এখন নিজের মিজির মত সময় ফিক্স করেন। এখানে যেসসমত ব্যাপার ঘটে তা অমান,যিক। <u> ট্রিটমেন্টএর ব্যাপারে এমন কি ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া, ব্যাসিলারী ডিসেন্ট্রি, কলেরা ইত্যাদি</u> আর্জেন্ট যে কেস তাদের বিশেষ যে ঔষধ তা পাওয়া যায় না। এদের সম্বন্ধে ক্লিনিক্যা**ল** ট্রিটমেন্টএর জন্য স্পেস্যালিস্টদের কাছে পাঠানো হয়, কিন্ত স্পেস্যালিস্ট এমন হয়ত করে থাকেন যে, ব্রাড এক্সামিনেশন হয়েছে ১৭ই অক্টোবর, ২রা নভেম্বর রিপোর্ট এল। এক্স-রে ৩১এ জানুয়ারিতে হয়েছে, ১৬ই মার্চ তা পাওয়া গেল। অর্থাৎ ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া আক্রান্ত একজনের ব্রাড এক্সমিনেশন রিপোর্ট একমাস পরে পাওয়া যায়। ব্যাসিলারি ডিসেন্টিতে ভগছে তার ঔষধ পাওয়া যায় না। টি-বি সাসপেক্টেড তার এক্স-রে প্লেট ৩ মাস পরে পাওয়া যায় —তা হ'লে স্পেসালিস্ট ট্রিটমেন্ট করবার কি প্রয়োজন থাকতে পারে!

# [4-4-10 p.m.]

এক্স-রে ১৯এ জান্যারি দেওয়া হয়েছে, পাওয়া গেল ২৭এ মার্চ। আর একটা ১৬ই ফের্য়ারি দেওয়া হয়েছে, ১৫ই মে পাওয়া গেল। এতে লাভ কি হয়? হয়ত একটা মার্লিগালাট মার্লেরিয়া রোগার রাডটা এক্সামিন করে এক মাস পরে যদি তার রিপোর্ট পাওয়া যায়. তাহলে তার মানেটা কি হবে? কারও রাড ডিসেন্টি হয়েছে—তারও এক্সামিনেশনএর রিপোর্ট

র্যাদ এই রকম দেরীতে পাওয়া যায়, তাহলে লাভ কি? হয়ত একজনের টি-বি সাসপেক্টেড. তিন-চার মাস পরে এক্স-রে শেলট পাওয়া গেল, আর এর মধ্যে তার রোগ কতথানি বেড়ে গেল। কাজেই স্পেসালিস্ট সম্বন্ধে আপনারা এই করেছেন। একজন স্পেসালিস্ট থাকেন এখানে, আর একজন থাকেন ওখানে ; এইরকমভাবে চারিদিকে ছড়িয়ে থাকলে তাদের দিয়ে কি কাজ হয়? হাওড়ায় রোজ যাবে ; কিব্তু কলিকাতার মত ইন্ডাস্টিয়াল এরিয়াতে সংতাহে দু-তিন দিন। কেবল এক নীলরতন সরকার হাসপাতালে রোজ বসে। একজন ডেন্টাল ম্পেসালিস্ট দিবারাত্র কোথাও নাই। আমার বন্তব্য হচ্ছে যতগর্নল হাসপাতাল আছে, সেখানে স্বব্যুক্ম স্পেসালিস্ট থাকা উচিত। লোকে হাতড়ে হাতড়ে কোথায় বেড়াবে? এখান থেকে ওখানে। এটা সম্ভব নয়। একটা জায়গায় ডেন্টাল সার্জেন, গাইনোকোলজিস্ট, এক্স-রে, ব্লাড টেস্ট একই হাসপাতালে যদি থাকে, তার যদি একটা নির্দিষ্ট টাইম থাকে. আওয়ার থাকে. जा *काल त्लारक रम्थारन शांत* পর ব্রুতে পারে, সুবিধা হয়। যতদুরে সম্ভব সেটা ইন্ডান্ট্রিয়াল এরিয়ার কাছাকাছি থাকা উচিত। এদের ট্রিটমেন্ট সম্বন্ধে এথনো কোন স্ব্রাবস্থা হয় নাই। আজ পর্যশ্ত যা হয়েছে, ট্রিটমেন্ট পোজিশন যা হয়েছে, ইনজিয়োর্ড হলে পরে এক্ষর্ণি টাকা পাচ্ছে না, ৯ মাস পরে তার টাকা পাচ্ছে। এই হচ্ছে ট্রিটমেন্টএর ব্যাপার। ট্রিটমেন্ট হবার পরে অল সর্টস অফ সার্টিফিকেটস ভাল হয়ে তাদের দিতে হবে। তাঁরা বললেন—অম.ক জায়গায় যাও, আইডেন্টিফাই করবার লোক নিয়ে গেলে ট্রিটমেন্টএর টাকা পাবে। একজন শ্রমিক রু৽ন—অবস্থা স্বচ্ছল নয়, তার ট্রিটমেন্টএর টাকা সেই সময় দেওয়া উচিত। তাকে তখন কোনো মিল থেকে বলা হল—অম্ক জায়গায় গিয়ে ডাক্তারের সার্টিফিকেট নিয়ে এস। এখান থেকে ওখানে ঘুরবে। এইরকমে হয়রানির শেষ করেন। যথন স্টেট ইনসা,রেন্সএ ট্রিটমেন্টএর ব্যবস্থা করা হয়েছে—তথন যাই হোক না কেন. গভর্নমেন্টের ডিউটি হবে, যেমন ফ্যাক্টরীর দেওয়া উচিত মাইনে দিয়ে দেওয়া, তেমনি সার্টিফিকেট গভর্নমেন্টের দেওয়া উচিত-কালেক্ট করা উচিত। কোন অস্কৃথ লোক-যে টালিগঞ্জে থাকে, তাকে রিপোর্ট করতে হবে নীলরতন সরকার হাসপাতালে। এও কি সম্ভব? একটা অমান যিক ব্যাপার! বড় বড় দণ্তর উপর থেকে কোন সংস্রব রাখেন না। যাঁরা রাখেন আমাদের কথা তাঁরা গ্রাহা করেন না, শোনেন না। রিজিওন্যাল এ্যাডভাইসরি বোর্ড যেটা আছে, তার সেন্ট্রাল গভর্নমেন্টএর এ্যাডভাইসরি কমিটির মেশ্বার আছেন ডাঃ রনেণ সেন। তিনি কমিটির কার্যকলাপ দেখে এতদ্র পর্যন্ত হতাশ হয়ে পড়েছেন যে, তিনি বলেছেন, তাতে কিছুই হবে না। আমাদের কোন কথা সেখানে গৃহীত হয় না। আমাদের প্রস্তাবগালি সব উপেক্ষিত হয়। তাঁরা যেন একটি দলীয় ইস্করে নিয়েছেন। এতে করে এই স্টেটস্ইনস্রেন্সএর রিজিওন্যাল এ্যাডভাইসরি কমিটির সংখ্য আর কোন সম্পর্ক আমাদের রাখা উচিত নয়। অন্ততঃ গভর্ন-মেন্টের যদি নীতির পরিবর্তন না হয়, তাহলে এই স্টেট ইনস্মরেন্সকে বয়কট করে বিরাট আন্দোলন করা ছাড়া আর কোন উপায় নাই। আমরাই শ্রমিকদের উপদেশ দিয়েছিলাম. তোমরা এতে যোগ দাও। তাই আজ আমরা শ্রমিকদের কাছে লঙ্জিত। সেথানে শ্রমিক স্বার্থ-বিরোধী যেসমুহত ব্যবস্থা চলেছে তাতে তার বিরুদ্ধে একটা ভীষণ রকমের বিক্ষোভ স্মৃতি হয়েছে। একজন দেপসালিষ্ট মনে কর্বন দ্ব' ঘণ্টায় ১৩০ জন রোগী দেখেন—অর্থাৎ প্রতি মিনিটে একটি করে রোগী তিনি দেখবেন। তাতে রোগীর কি দেখবেন? কালীঘাটের একটা পাঁঠা কাটতেও তার চেয়ে বেশি সময় লাগে। দেপর্সালস্টএর কাজ-যেভাবে রোগী দেখা চলেছে— সেইভাবে চলে, তাহলে আসলে কোন কাজ হবে না। এই গভর্নমেন্টের দলীয় রাজনীতির স্বার্থ এতদ্রে সংকীণ যে, তাঁরা আমাদের কোনরকম সহযোগিতা গ্রহণ করেন না। রিলিফ আন্ড রিহ্যাবিলিটেশন সম্পর্কে দেখেছি—বার বার বলা হ'ল আমাদের সংগ্য সহযোগিতা করতে। শেষ পর্যন্ত বলতে শ্নলাম—সহযোগিতা কর্ন। কি উপায়ে কর্ন? বাড়িতে গিয়ে, অফিসে গিয়ে পায়ে ভেল দেওয়া? এমন কোন মেসিনারি হয়েছে? এাড-ভাইসরি বোর্ড করা হবে। তা করলেই হয় না। কংগ্রেস গভর্নমেন্ট দেখছি লীগু মিনিস্টির মত হয়েছে—তখন খাদাসঞ্কটের সময় কংগ্রেস থেকে যেমন বলা হয়েছে এ্যাডভাইসরি বোর্ড করতে। काলকে শ্রীমতী রেণ্টকা রায়ের বস্তুতা শানে মনে হচ্ছিল যেন সারাবদি সাহেবের বস্তুতা শানলাম। প্লাসন্ন না, আপনারা সব এসে কাজ কর্ন না, আপনারা এলে তো হবে। এটা একেবারে ফাঁকি। 3খানে গেলেই বন্ধৃতা একরকম হয়। কারণ ওটা রাবণের দেশ, যে যাবে লঙ্কায়, তাকে রাবণ হতেই হবে। এটাই তখন মনে হয়েছিল। [হাসাধর্নন]

#### Sj. Bibhuti Bhusan Chose:

মাননীয় প্পীকার মহাশয়, আজকে আমাদের শ্রমমন্ট্রী তাঁর বায়বরান্দের দাবী উপস্থিত 
চরেছেন। আজকে সেই সংগ্র সংগ্র আমার বন্তবাটা পরিষ্কার করে রাখা দরকার যে, আজ
গ্রমনিলেপ শ্রমমন্ট্রীর ব্যর্থতা ও শ্রম দশ্তরের বার্থতা কত বড়। সরকারী নীতি সাধারণত
গ্রমনিলেপ, শান্তি অব্যাহত থাকার বার্থনীতি। আমরা দেখেছি সব জায়গায় এই নিলেপ
গান্তি রক্ষার জন্য যে প্রচেন্টা, সেই প্রচেন্টাটা সব সময় অপপ্রচেন্টায় পর্যবিসত হয়। তার
কারণ হচ্ছে, এই শ্রম দশ্তরের মালিক-ঘোষা নীতি, এবং এই কংগ্রেসের যে শ্রম-প্রতিষ্ঠান
দরকারের পৃষ্ঠপোষকতার বার্থতা, সেই বিশেষ সংগঠনকে রাজনৈতিক কারণে বিশেষ স্বিধা
দেওয়া,—এই দ্বাটি কারণে আজ শ্রমনিলেপ অশান্তি আরও বেশি মাথাচাড়া দিয়ে উঠেছে। এক
দিকে দেখান হয়েছে উৎপাদন ব্রিধ হয়েছে; এবং শ্রমমন্ট্রীর দাক্ষিণার কথা শোনা গেল।
তিনি শ্রমিকদের জীবনযাপনের মান নিয়্ন্ত্রণ করেছেন—তার হিসাব দিলেন। শ্রম্বের জীবনের
দ্বিনান্দন গ্রুপ্ততা হিসেবে কিছ্, প্রসারতা লাভ করেছে।

আমি প্রথমে আপনার দৃষ্টি আকর্ষণ কর্রছি যে, শ্রমশিলেপ শান্তি অব্যাহত রাখবার জন্য ১৯৪৭ সালের ডিসপিউট এ্যান্ট অনুযায়ী এবং তারপর যেসমস্ত এ্যামেন্ডমেন্ট তাতে যোগ করা হরেছে—তার একমাত্র উদ্দেশ্য হওয়া উচিত ছিল শ্রমিকদের মুগলের দিকে তাকানো, শ্রমিকদের মুগলের জন্য আরও কিছু শ্রমিকদের উন্নত জীবনযাত্রার ক্ষেত্র প্রস্তুত করবার। কিন্তু আজ দেখা যাচ্ছে শ্রমদশ্তরের মালিক-ঘোষা নীতি সমস্ত আইনকে বানচালই করেছে তা নয়, মালিকদের প্রচুর মুনাফা লুট্বার একটা সুযোগ করে দিয়েছে। এই আইনের ১০ম ধারায় আছে যে, শ্রমিক-মালিকের বিরোধ যেটা নাকি ট্রাইবানালে যাবে, তার ইস্টু তৈরি করবে শ্রম-দণ্তর। আজকে শ্রমমন্ত্রী এখানে নাই— যদিও তার এখানে থাকা উচিত ছিল। তিনি নাই এটা জন্মন্য অপরাধ। (এ ভ্রেসঃ আম্রা রয়েছি!) আপনাদের দিয়ে তা ভবের টাট সাজান

সেই ১০ ধারায় পরিম্কার করে একথা উল্লেখ রয়েছে যে, ট্রাইবানুনালের ইস্ন ঠিক করেন কাবা? না. আমাদের শ্রম-দুংতর।

## [4-10—4-20 p.m.]

আমবা দেখেছি শতকরা ৯৯টা কেসে যে শ্রমিকরা হারে তার একমাত কারণ হচ্ছে যে. যে ইস্কর্গনি তৈরি করা হয় সে ইস্কর্গনি ঠিক মালিকের সন্তেয়ের জন্য, মালিকের দিকে তাকিয়ে সে ইস্করা হয়; এবং তারই ফলে শ্রমিকেরা হেরে যায়। (গ্রীকালী মুখার্জিঃ অত হারে না।) হাঁ হারে, দেখেন না আপনারা ভাল করে।

১১নং ধারায় আছে—কর্নসিলিয়েশনের কথা। ও'রা এই যে একটা দণ্ডর করে রেখেছেন প্রমিক-দণ্ডর সেটা হচ্ছে—একটা ভবের টাট। কিছু ক্ষমতা নাই, তারা কেবল অপরের মুখের দিকে তাকিয়ে আছে। আইনগত কোন অধিকার তাদের দেওয়া হয় নাই, এমন কি যা তারা নিজেরা নায় বলে মনে করে সেটার জন্যও তারা তাদের মত জাহির করতে পারে না। বিহারে কিন্বা ইউ-পিতে কেন্দ্রীয় গভর্নমেন্টের ক্ষমতা দেওয়া ছাড়াও প্রাদেশিক গভর্নমেন্ট কমিশনারের হাতে দিয়ে রেখেছেন, যার ফলে প্রমিকের কিছু কিছু কল্যাণ অন্ততঃ ইছা করলে তাঁরা করতে পারেন, কিন্তু দুর্ভাগোর বিষয় সবচেয়ে বৃহৎ প্রমিক অঞ্চল যে বাংলাদেশ—এখানে প্রমিক দণ্ডর দয়া করে সেট্রুকু করবার মতন ইচ্ছা প্রকাশ করেন না। যার ফলে এটা একটা পোস্টাফিসের পিয়ন ছাড়া আর কিছুই নয় [হাসা] তাদের কাজ—পিয়নগিরি করা।

১২নং ধারার ৬নং উপধারায় বলা রয়েছে—১৪ দিনের মধ্যে ট্রাইবানোল শেষ করতে হবে। আমি শ্রমমন্ত্রীকে জিল্প্তাসা করি—তিনি হিসেব দিয়ে যান, এই সভার সমক্ষে—আজ পর্যন্ত, তাঁর প্রাকাকালীন কয়টা কেস ১৪ দিনের মধ্যে ট্রাইবানোলে দিয়েছেন। ১৪ দিন—১৪ মাস, আরও কর্তাদন কেটে যায়—ট্রাইবানোলে পাঠাবার পক্ষে নানারকম অসুনিধার সূচিট হয়।

তারপর ১৫নং ধারায় আছে যে, ট্রাইবানোল তাড়াতাড়ি শেষ করবেন, এটাও তিনি বলে যান এই সভার সমক্ষে কটা কেস তাড়াতাড়ি হয়েছে? তিনি হিসেবের বেলায় ত বলে গেলেন---৫ राष्ट्रां प्रोहेरा नाम कता रास्ट्र, १ राष्ट्रांत प्रोहेरा नाम कता रास्ट्र, मसा करत रिस्मवर्ग प्रािश्टर দিন ট্রাইব্যুনাল শেষ করতে কতদিন সময় লাগে—মায় এ্যাপেলেট ট্রাইব্যুনাল এবং কিভাবে শ্রমিকেরা এই ট্রাইব্যুনালের আওতায় পড়ে নির্যাতিত হয়ে যায়। আশা করি, সে তথ্যটুকু দয়া করে তিনি আমাদের কাছে রেখে যাবেন, যাতে করে সত্যিকারের অস্কর্বিধাটা সকলেই জানতে পারে। একদিকে দেখানো হচ্ছে, শ্রমিকদের বাসস্থানের ব্যবস্থা হচ্ছে, তাদের মাইনে বাড়াবার ব্যবস্থা হচ্ছে, তাদের জন্য স্টেট ইনসিওরেন্সের ব্যবস্থা হচ্ছে—অতএব তারা স্বর্গ-রাজ্যের দরজায় এসে গেছে! কিন্তু শ্রমিকদের কি দেখানো হচ্ছে, কত লোক ছাঁটাই হচ্ছে, তা ছাড়া বিভিন্ন কল-কারখানায় কত পার্সেন্ট ছাঁটাই হচ্ছে? তা দেখানো হচ্ছে না। মালিকেরা দিনের পর দিন কত পার্সেন্ট মূনাফা লুটছে—এই দুটোর চেহারা যদি সামনাসামনি রেখে বিচার করা হয়, তা হ'লে সত্যিকারের যেটা আসল সমস্যা সেটা মানুষ বিচার করতে পারবে। নইলে কেবল একদিকে ঢাক পিটিয়ে বলা হল যে, প্রমিকরা রোজগার করছে, তাতে আসল সমস্যা বোঝা যাবে না। তাঁরা যে বলেছেন যে, শ্রমিকরা রোজগার করছে, আমি জিজ্ঞাসা করি— হাওড়ায় এবং ২৪-পরগনায় নদীর ধারে যেসমুহত চর্চাশল্প আছে, সেখানে যেসমুহত শ্রমিকরা **तरप्रदर्भ** जारनत कमा कि वावस्था कता रसाएक र स्पेष्ठे रेमिन अतरस्था जाँता वर्ल शास्त्रम्थ. সে বিষয়ে আমি তাঁদের কাছে প্রথম থেকে বলবার চেণ্টা করেছি আগে মজরুরদের কিছু মাইনে বাড়িয়ে দেওয়া হোক, তারপরে তাদের সেই বার্ড়াত মাইনে থেকে কিছা কেটে ইনসিওরেন্সে নেবার ব্যবস্থা হোক। আগে যে ব্যবস্থা ছিল, যেটাকু সাব্যবস্থা ছিল তা থেকে কিছা একটা জিনিস ভুল বোঝাবার বাবস্থা করায় বঙ্কিমবাব, বলে গিয়েছেন স্টেট ইনসিওরেন্সকে সাপোর্ট করতে গিয়ে মজ্জরেরা কোথায় গিয়ে পৌছেচে? স্টেট ইনসিওরেসের হাওডার যেসমুহত অঞ্চলের মজ্বরেরা বিরোধিতা করেছিল তাদের জন্য নানা ব্যবস্থা এবলম্বন করা হয়েছিল মায় ইষ্টার্ন রাইফেল পর্যন্ত আনা হয়েছিল। সেটা হর্যেছিল এইজনা যে, ম্যানেজারের তরফের বন্ধ্দের বেশ গায়ে লাগে! ইংরেজ মালিক, অবাঙালী পণ্লিপ্তিদের থেলা তারা ব্রুবতে পারে নি, ব্রুবতে পারে নি যে তাদের মাইনে কাটা যাবে। সেইজনা ঘেরাও করেছিল। আমি জিজ্ঞাসা করি, সেটট ইন সওরেন্স চাল্ব করবার আগে ঐ যে তাঁদের অকেজো ডিপার্টমেন্ট পার্বালিসিটি, আর ঐ যে লেবার ডিরেক্টরেট রয়েছে তারা কি প্রচেণ্টা করেছিল মজরেদের কি বর্ঝিয়েছিল যে, এই এই ব্যবস্থা করা হয়েছে? তানা করে করা হল কি না আচমকা চাপিয়ে দেওয়া হল স্টেট ইন্সিওরেন্স তাদের ঘাড়ে। তাদের তরফের বন্ধারা গেলেন, গিয়ে মিল চালাবার উপদেশ দিলেন। আমি মন্ত্রীমহাশয়ের কাছ থেকে প্রতিশ্রুতি পেয়েছিলাম যে, একমাত্র ক্রিমিন্যালি প্রসিকিউটেড ছাড়া আর কাউকে ছাঁটাই করা হবে না। এথান থেকে যাঁরা শ্রমিক দরদী গিয়েছিলেন আজ আর তাঁদের পাত্তা নাই। গেলে পিঠের চামড়া উঠিয়ে নেবে। তারপর তাঁরা মালিকের সংগে দেখা করে কি বাবস্থা করেছিলেন তার পরই মিল চাল, করবার বাবস্থা করে এলেন!! আজকে মন্ত্রীমহাশয় জবাব দিয়ে যাবেন কত লোককে সেখানে ছাঁটাই করা হয়েছে, কত লোককে বিনা কারণে শাহ্নিমালক ব্যবহ্থার মধ্যে ফেলেছেন। কত লোককেই বা মিছিমিছি হয়রান করবাব জন্য তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করেছেন। কার ডাকে প্রলিশ এবং মালিকদের দালাল সেথানে গিয়ে সেদিন বড় বড কথা বলে এসেছে? সেইটে অনুধাবন করে স<sup>2</sup>তাকারের মজুরদের যাতে হয়রানি না হয়, যাতে তাদের কাজের অস্কবিধা না হয় সেই প্রতিশ্রুতি যে দিয়েছিলেন মন্ত্রীমহাশয়, দয়া করে সেই প্রতিশ্রুতি রাখবার যেন চেণ্টা করেন। সূতাকমীদের কথা রাখতে গিয়ে ১৯৪৭ সালে একটা এ্যাওয়ার্ড দিয়ে-ছিলেন। আজ আবার বার বলছি, তাঁদের নৃতন করে এ্যাওয়ার্ড করা উচিত। তাদের ২০ টাকা মাইনে, ১৮৮০ আনা পর্যন্তও আছে বেসিক ওয়েজেস, আমাকে যদি জিজ্ঞাসা করেন মন্ত্রীমহাশয়, আমি বলে দিতে পারি কোথায় রয়েছে। গতবার যখন আমরা ক্যাটিগরিক্যা**লি** घर्षेना पिर्खिष्टलाम, ज्थन वर्ष्णिष्टलन-र्श, म.जाकभीरमुत क्रना निम्हत ब्रोहेवा नाल वमारना हर्द. কিন্তু আজ্ঞ পর্যন্ত তা বসানো হয় নাই। আমরা ত জানি না—আজকে যখন সেতাকলের

মালিকেরা কোটি কোটি টাকা ম্নাফা ল্টছে, তথন কেন, কি কারণে আজও পর্যন্ত ম্তাকমী-দের জন্য স্তাকলের ট্রাইবা্নাল বসানো হচ্ছে না? সেইজন্য আমরা পরিজ্কার বলতে বাধ্য হচ্ছি, সরকারের মালিক-ঘে'ষা নীতির দর্শ শ্রমিকদের এই অবস্থা হয়েছে।

প্রশীকার মহাশয়, আজ শ্রমিকদের জীবনযাত্রার যা নাকি সত্যিকারের ছবি—তারা যদি গিয়ে দেখতে চান, আমি জানি না, তাঁরা সেখানে কোর্নাদন গিয়েছেন কিনা। সেসমন্ত বস্তিততে তাঁরা কেউ কেউ অবশা আগে যেতেন, মর্নিড় খেতেন, চট পেতে বসে গল্প করতেন, কিন্তু আজকাল আরু তাঁদের বিশেষ কারও যাবার প্রবৃত্তি হয় না—ঐসব নক্কারজনক জায়গায়।

[4-20-4-30 p.m.]

সেইজন্য আজকে সত্যিকারের শ্রমশিলেপর যদি ব্যবস্থা করতে হয় তাহলে দুটি জিনিসের উপর পরিষ্কারভাবে লক্ষ্য রাখতে হবে। একটা জিনিস হচ্ছে এই মালিকদের একচেটিয়া প<sup>\*</sup>্জিবাদকে এবং প<sup>\*</sup>্জিবাদী মনোভাবকে যে-কোন রকমেই হোক দাবিয়ে রাখতে হবে। এবং সেই সংখ্য সংখ্য মালিক ও শ্রমিকদের মধ্যে সত্যিকারের সম্বন্ধ স্টিট করবার জন্য মালিকদের মুনাফার একটা বিশেষ অংশ শ্রমিকদের জন্য নিদি<sup>ভে</sup>ট করে দিতে হবে। একথা আমার কথা নয়. এই কথা তাঁদের বড় বড় নেতারাই মাঝে মাঝে ভুলক্রমে বক্তৃতা দেবার সময় বলে ফেলেন। অতএব যদি শ্রমশিলেপ শান্তি রাথতে হয়, আগামী পঞ্বার্যিকী পরিকল্পনা সার্থক করে তলতে হয় তাহলে সর্বাত্মকভাবে প'ক্লিপতিদের একটা অংশ এই আওতায় নিয়ে আসতে হবে এবং তা হলে একমাত্র শ্রমিকদের বলতে পারা যাবে যে দেশের উল্লতির জন্য, দেশের বৃহত্তর কল্যাণের জন্য তোমরা স্বার্থত্যাগ কর। তা না হলে মালিকদের বেলায় স্বার্থত্যাগের কথা বলতে গেলেই র্যাদ মন্ত্রীমহাশয়ের গায়ে লাগে, শ্রমিকরা মালিকদের দুয়োরের একটা কচে ভাগ্যলেই ইস্টার্ন तारेक्न म निरंत यावात पत्रकात रस ठारल मानिकस्पत रकां हि रकां है होका भूनाया लाहित जना সাহায্য করা হচ্ছে কিন্তু দিনের পর দিন শ্রমিকদের জীবনযাত্রার মান ভেণ্গে চুরমার করে দেওয়া হচ্ছে, তাদের জন্য আপনারা কি করছেন? সেইজন্য আপনার কাছে পরিন্কার করে আমার বক্তব্য রাখছি যে, শ্রমমনত্রী যে চিত্র দেখিয়েছেন সে চিত্র সঠিক চিত্র নয়। আজকে এই কথা পরিম্কারভাবে আমাদের স্বীকার করে নিতে হবে যে, শ্রমশিশ্পের সর্বাংগীণ উন্নতির যদি প্রচেষ্টা হয় তাহলে আগে শ্রমিক কল্যাণের দিকে এমোদের মন্ত্রীমহাশয়কে এবং শ্রম-দণ্তরকে নজর দিতে হবে। সাথে সাথে শ্রমিকদের পেট ভবে থেতে দেবার জন্য, শ্রমিকদের জীবন ধরণের মান উল্লত করবার জন্য, তাদের ছেলেমেয়েদের মানুষ করবার জন্য, তাদের ভবিষ্যতে সান্দর, সান্দ্র, সবল করে গড়ে তুলবার জনা, তাদের জীবনে প্রতিষ্ঠিত করবার জনা যদি মন্ত্রীমহাশয় এবং তাঁর শ্রম-দতংর লক্ষ্য না রাখেন তাহলে আজকে এই কথাই দ্বিধাহীন ভাষায় আমাদের বলতে হবে যে, এই মন্ত্রী কিন্বা শ্রম দণ্ডর শ্রমিকদের জন্য নয়, এটা পর্জাজনাদী মিল-মালিক এবং কারখানার মালিকদের স্বার্থ রক্ষা করার জন্য। আমরা আজকে এই কথাই জোর করে বলতে চাই যে, যদি আজকে শ্রামিকের জীবন্যাত্রার মান উন্নত করার বাবস্থা না করা হয় তাহলে শ্রমিকরা আজ সম্পংগঠিতভাবে তাদের নিজেদের জীবনে উন্নতি করবাব জন্য তাদের নিজেদের হাতে নিজেদের ভবিষাৎ গড়ে তলবার জন্য দায়িত্ব নিয়ে সংগ্রাম শবে, করবে এবং সেই সংগ্রাম নিশ্চয়ই সার্থক ও সফল হবে।

Dr. Maitreyee Bose: Mr. Speaker, Sit, I rise to support the demand for grant made by the Hon'ble Labour Minister. While supporting it I make hold to observe that in spite of our repeated requests to put this grant under a separate major head, this has not been considered possible. Moreover, no regular publication of any gazette giving details about labour has come into being. Such a gazette or journal is a prerequisite to all social surveys in the labour field. I pointedly draw the attention of the Hon'ble Minister in this direction.

I congratulate our Labour Minister about the establishment of the Employees' State Insurance in Calcutta and Howrah. Though still in its infancy, the beginning of good work is most welcome. I would have been happier if the Regional Board saw its way to establish hospitals of their

own instead of crowding the overcrowded city hospitals, thus depriving the general public of their rightful dues. I respectfully urge upon the Hon'ble Minister to fulfil this demand at an early date.

I draw his attention to the laudable effort of the Calcutta Dock Labour Board who has decided to build a hospital of their own for the present labour force of eleven thousand odd at a cost of approximately Rs. 5 lakhs for 69 beds. In spite of initial opposition employers' representatives are now willing partners to the scheme which is under way to implementation. Money is not lacking in the Employees' State Insurance Directorate. Therefore, no difficulty can arise to the building of a new hospital or hospitals in Calcutta and Howrah area.

Our friend Sj. Bankim Mukherji has criticised the Employees' State Insurance in a most unmerciful manner. He has also said that their representative, Dr. Ranendra Nath Sen, does not feel like participating in the State Insurance Committee any more. Nothing can be more deplorable because, true to the character of his party, there was a lucid moment when they supported the Employees' State Insurance Bill and Employees' State Insurance Organisation. But this lucid moment as usual has disappeared. They are again in their usual state of mind and therefore they even go so far as to say that they will dissociate themselves from such a scheme which has done so much good to such a great number of people. I hope that the lucid moment would come back again to Dr. Ranendra Nath Sen as a medical man and he would reconsider his decision.

I also congratulate our Labour Minister about the implementation of the award of bonus to plantation workers in the State of West Bengal—though I know that the amount of bonus that has been given to the workers is very inadequate because for one acre of land about ten maunds of tea is produced and for each maund of tea about a thousand rupees profit is made by the planters. Only Rs. 130 has been given to the workers as bonus in gardens over five hundred acres which is most inadequate but in spite of that bonus is a new thing in plantations and therefore I congratulate our Labour Minister for implementation of the same.

He has said about the difficulties of the Indian Tea Planters' Association, i.e., I.T.P.A. I hope that he will not relax his vigilance and he will not allow the Indian Planters to shirk their responsibility and not to give the bonus which is the workers' rightful due.

I also congratulate him for successfully averting the proposed threeanna cut in the minimum wages of the Plantation workers which specially the Indian Tea Planters' Association was trying to do. But with his usual vigilance our Labour Minister has been able to avert it and I congratulate him for the same.

You will excuse me if I become a little academic at this point. It has been the usual practice amongst speakers on this matter of labour to be abusive to one another. But I think time has come when we must also give a lead to people and also show our mind to the Government so that a new wage policy may be chalked out in the near future.

#### [4-30—4-40 p.m.]

Apart from unemployment the most serious consideration of the country today is a wage policy for industrial labour. Up till now wages have been determined almost arbitrarily depending on tradition. Analysis of wage claims made by different unions also shows that the cost of living or living index has been the guiding factor. Time has now come when a social foundation of wage policy must be considered. What I mean by social

foundation of wage policy will be illustrated by a case. A University Professors earns, say, Rs. 400 a month—and he is supposed to be just comfortably off. A skilled workman earns theoretically at the rate of Rs. 3-8 per day, Rs. 105 per month, if he works all 30 days. Therefore, I call it theoretical because nobody works for 30 days, and the workman is considered to be at the height of his possible earning capacity and thus very well off. If we accept the principle of rate for the job, then the Professor's and the skilled man's work must be analysed on the four accepted principles of job analysis: skill, say, at the rate of 35 per cent.; effort 15 per cent.; responsibility 30 per cent.; and working condition 20 per cent. These are again subdivided under various heads into which I do not want to go at this particular juncture. The final step is to convert these point values thus calculated into money values. In other words, after job analysis comes job evaluation, thus fixing the rate for the job. The class the man belongs to is then considered, and here slabs are introduced. Brain work is considered to carry more prestige than manual work. This is morally wrong. This differential must be brought down in calculating the new wage structure. New Pay Commission which even our friend Shri Bankim Mukherji wanted so badly is not going to help us by merely upgrading our present earnings and linknig it up with the cost of living index only and maintaining and perpetuating the existing differential. Wage fixation, be it by statutory regulations, quasi-judicial settlement by tribunals or collective bargaining, the three recognised methods up till now, has not considered in our country either the real rate for the job or the family budget enquiry based on social justice; or in other words all wage-fixing machineries follow the same pattern which is a reflection of the present-day social structure. Our legal measures which are in their turn a reflection of our social structure also follow suit. This wage policy must change, if we are to change our present-day society into a socialist one which all of us desire. This new wage policy must consider revision of wage and salary structure on a moral and ethical, and not on the traditional principle so that differentials in real earnings of different classes are narrowed as far as practicable. This narrowing should depend upon job analysis, job evaluation and job rating, as I have already stated, and family budget enquiry or simply the basic needs of a man and his family must be considered accepting the principle of brotherhood of man and not only of living index and tradition. When I say family budget enquiry, I mean that the family budget enquiry must not be on working class basis or on middle-class basis as such, as it is being done today. This outlook should be gradually changed because the working man's son needs an operation for appendicities as much as a middle-class man's son does. He also needs the education which is suitable for him, for his brain, as much as a middleclass man's son does. It depends on the brain, the capacity of the brain, and not on the social status. Therefore, the slab for dearness allowance that has been allowed up till now should be narrowed. I know that opposition will come not only from the monied classes but also from the workers themselves who believe in differentials.

The next question is unemployment. Unemployment can surely be tackled to a great extent if all industrial labour is given training in alternative trades which can stand them in good stead, in establishing cottage industries on co-operative basis for, say, cycle parts, padlocks, latches, zari, etc. Here, a change in the import policy will be needed to give protection to articles produced by the co-operatives.

I draw our Labour Minister's attention to these observations. I support the demand for grant placed by him.

## Mr. Speaker:

ওঃ, আর্পনিও লেবরএর উপর বলবেন?

#### 81. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমাকে প্রথমেই দাঁড়িয়ে উত্তর দিতে হল আপনার প্রশেনর, তার কারণ হচ্ছে আপনি মিঃ স্পীকার স্যার জিল্প্রাসা করলেন, আমিও লেবর সম্বন্ধে কিছ্ব বলব কিনা? হয়ত বলতাম না, তার কারণ, শহরে যাঁরা বাস করেন, তাঁরা ভালই জানেন, এই একটা ডিপার্টমেন্ট মিসলেনিয়াস বাই মিসলেনিয়াস, যার মধ্যে সমস্ত রকম জিনিস এই বাজেটে দেখান হচ্ছে। দুইটি গ্রুত্বপূর্ণ বিভাগ—একটা হল শ্রমবিভাগ, যার উপর শিলেপামতি নির্ভব্ব করছে, তার সপ্পে আদিবাসী উপজাতি যারা অনগ্রসর সম্প্রদায়, যার জন্য ভারতীয় সংবিধানে স্পেশাল ইন্সট্রাকশন আছে সে বিষয়ও এর অন্তর্ভুক্ত করা হয়েছে। যদি এটা পৃথক করা হত তাহলে হয়ত বলবার কিছ্ব আবশ্যকতা হত না। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই যে, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় হয়ত এই আদিবাসী অনগ্রসর সম্প্রদায়ের সম্বন্ধে কিছ্ই বলবেন না কারণ, মাননীয় কালীপদবাব্ হলেন লেবর মিনিস্টার। তবে আশা করব, সময় থাকলে তিনি যেন এবিষয়ে কিছ্ব বলেন।

# Mr. Speaker:

সময় থাকলে ট্রাইব্যাল মিনিস্টার এ বিষয়ে বলবেন।

#### 8j. Rakhahari Chatterjee:

আমি অতি সংক্ষেপেই বলব এবং আপনার সিগন্যাল মেনেই চলব।

প্রথম কথা হচ্ছে, সমাজ এবং রাণ্ট্রকৈ গঠন করতে হলে যারা শিক্ষায় এবং অর্থনৈতিক ক্ষেত্রে অনগ্রসর তাদের পূর্ণাঞ্গ করে অন্যান্য সমাজের প্রতিষ্ঠিত লোকের সমান করতে না পারলে এই রাষ্ট্রের কল্যাণ করা সাকঠিন হবে বলে আমরা মনে করি। এই কার্য যে শুধু রাষ্ট্রেই কর্তব্য তা নয়, সমাজের কর্তব্য বলে মনে করি। প্রথম কথা হচ্ছে, আমাদের দেশে আদিবাসী ও অন্যান্য তপশীলভুক্ত শ্রেণীর জন্য শিক্ষায় অনগ্রসর সম্প্রদায়ের উন্নতির জন্য যে পরিকল্পনা সরকার করছেন তাদ্বারা অগ্রগতি যে হবে তা আমি মনে করি না। তারপর দেখতে। পাচ্ছি আনটাচেবিলিটি দ্রেকিরণের জন্য, অস্প্রশ্যতা দ্রেকিরণের জন্য সরকারের একটা স্কীম আছে কিন্তু অম্পূশাতা দুরীকরণ করতে গেলে গোটা কতক ম্কুল কিংবা হোস্টেল স্থাপন করলেই হবে না। অসপ্শাতা দ্রৌকরণ করতে গেলে সামাজিক বাবস্থায় এমন কিছু পরিবর্তন আনা দরকার যাতে সেটা হয় এবং তার জন্য যে প্রচারের প্রয়োজন সেটাও করতে হবে। অম্পূশাতা সমাজকে বড দূর্ব'ল করে এবং অস্বাভাবিক ক্ষতির কারণ হয়েছে, প্রত্যেক চিন্তাশীল ব্যক্তিই তা স্বীকার করেন। এই কারণে সরকার যে টাকা খরচ করেন তাম্বারা এমন প্রচারের উচিত ছিল যা দ্বারা বিভিন্ন রকম সামাজিক সম্পর্ক স্থাপনের দ্বারা নিম্ন ও উচ্চপ্রেণীর মধ্যে স্থায়ী সম্পর্ক স্থাপিত হয়, কিন্তু সরকারের প্রচেন্টায় তা আজ পর্যন্ত হয় নি। শুধু রিমুভ্যাল অফ আনটাচেবি লিটি এ।। ই ইত্যাদি পাশ করলেই কাজ হবে না। এটা করতে গেলে করবার জন্য যেরকম সামাজিক কম্বী ও সমাজসেবকের প্রয়োজন তা সরকারপক্ষ থেকে করা হয় নি এবং না হওয়া পর্যন্ত সনুষ্ঠা, কাজ হতে পারে না। এ বিষয়ে সরকার যদি দুন্টি দেন তাহলে দেশের সতাকার কলাাণ হবে।

দিবতীয় কথা হচ্ছে, দ্কুল ইত্যাদি বাবদ তপশীলগ্রেণীর এবং উপজাতিদের জন্য কিছ্ব টাকা বর দ করা হয় বটে, কিন্তু সেই টাকার বায় সদ্বদ্ধে অতান্ত বিদ্যা ঘটে। প্রথম আদিবাসী ও উপজাতি এবং তপশীলী গ্রেণীর ছেলেরা দ্কুলে ভর্তি হলে বৃত্তি পাবে কিনা, আর্থিক সাহাযা পাবে কিনা, তার নিশ্চয়তা নাই। দ্কুলে ভর্তি হলে পর ছেলেদের বই কেনবার দরকার, কিন্তু সেই টাকা ৬ মাস হয়ে গেলেও অনেক সময় স্যাংশন হয় না এবং হবে কিনা সন্দেহ থাকে। সেজনা দ্কুলে এই উপজাতি ও তপশীলীদের কত ছেলেমেয়ে পড়ছে তাদের স্ট্যাটিসটিকস যদি আগে থেকে নেওয়া হয় এবং সেই অনুষায়ী দ্কীম তৈরি হয় এবং সেসমুস্ত হিসাবনিকাশ করে

মুন্ততঃ তিন মাস প্রের্ব ব্যবস্থা করতে পারেন তাহলে ভাল হয়। এ বিষয়ে স্কুল কর্তৃপক্ষ এবং জলার স্কুল ইন্সপেক্টর্স আগে থেকেই যদি এ বিষয়টা স্থির করেন তাহলে নিশ্চয়ই তাদের কোন গ্রাধা হয় না।

4-40-4-50 p.m.]

প্রত্যেক স্কলের কর্তৃপক্ষ এবং জেলার যিনি স্কুল ইন্সপেক্টর তাঁর দ্বারা আগে যদি ঠিক হয়, তাহলে নিশ্চয়ই পড়তে হয় না। মাননীয় স্পীকার স্যার, আরও দুঃখের কথা হচ্ছে, এই তপশীল সম্প্রদায়ের মধ্যে বংগজযোগ, কুলীন, ইত্যাদি আছে, তারা নিজেরা নিজেদের মধ্যে এক হতে না পারলে জিনিসটা ব্যাহত হবে। বাঁকুড়া জেলার কথা বলি, সেখানে বাউডির সংখ্যা 🖒 লক্ষ্ণ ৬ হাজার, হাঁড়ীর সংখ্যাও কম নয়, মুচি এবং বর্গক্ষতীয় বিরাট অংশে আছে। তাদের জন্য বিভিন্ন কোন বরান্দের ব্যবস্থা নেই। আমি গত চার বছর ধরে বলে আসছি তপশীল वलाक र्वाल जारनत मर्पा स्मिधारी अवर मित्रप्त ছात्ररात कना रकान वावस्थारे करतन नि। आमि তাঁকে জিজ্ঞাসা করি, বাঁকুড়া জেলায় একটাও হাঁড়ী কি বাউড়ির ছেলে কি সাহায্য পেয়েছে? কেবলমাত অনুস্নত সম্প্রদায়ের লোকেরা তারা কিছু কিছু সূবিধা পেয়ে থাকে। প্রতোক শ্রেণী যাতে পায় তার ব্যবস্থা কর্ন। শিক্ষার সংগে সংগে আর্থিক উন্নতি যদি না হয় তাহ**লে** অম্পূশাতা দূরীকরণ হবে না। দিবতীয় কথা হচ্ছে, যেসমম্ত লোক শিক্ষাপ্রাণ্ড হয়েছে এবং যাদের আর্থিক অবস্থা ভাল তাদের সঙ্গে উচ্চশ্রেণীর কোন পার্থকা নেই। কিন্তু যেখানে অভাব যেখানে অশিক্ষা সেখানে তারা সেই নীচেই পড়ে আছে। আমার বক্তবা হচ্ছে, যাদের হয়ত বয়স বেশি হয়ে গেছে তাদের আর্থিক অবস্থার উন্নতির দিকে বেশি লক্ষ্য করান। কারণ আমরা দেখেছি সাঁওতাল বা বর্গক্ষতিয় এবং সদারদের মধ্যে যাদের শ্রীর অতান্ত সবল তাদের আপনারা প্রোভাইড করতে পারেন, তাহলে তাদের আর্থিক উন্নতি হবে। তাদের পুলিশ কনস্টেবলএর মধ্যে, পাইওনিয়ার সোলজারএর মধ্যে গ্রহণ করতে পারেন, কিন্তু আমরা এতব্ড ম্যানপাওয়ারকে ইউটিলাইজ করতে পাচ্ছি না, যার ফলে সমাজ বিভিন্নভাবে দর্বল হরে পড়ছে। শুধু কতকগুলি মাঝে মাঝে মেলা করলেই হবে না, প্জাপার্বণের মধ্য দিয়ে, স্বভোজনের মধ্য দিয়ে একটা নৈকট্য সম্বন্ধ স্থাপন করতে হবে, তাহলে এতদিনের পঞ্জীভূত পাপ দূরীভূত হবে। এবং এই বিষয়ে বহু লোক আপনারা পাবেন যারা সহযোগিতা করতে প্রস্তৃত। এর পরে আমি খেজারীর সম্প্রদায়ের কথা বলব যাদের ক্রিমিন্যাল ট্রাইবস বলা হত। বাঁকুড়া জেলায় বহু সংখ্যায় আছে। যদিও ১৯৫০ সালে কর্নাস্টিটিউশন হবার পর ক্রিমিন্যাল দ্রাইব্স বলে আর কেউ নেই। এরা হচ্ছে ওয়ান্ডারিং গ্যাং যাদের পেশা হচ্ছে ডাকাতি, খুন। বাঁকডায় অন্বিকানগর বলে একটা জায়গা আছে সেথানে এরা বহুকাল ধরে বাস করছে। সেখানে একটা কলোনি তৈরি করা দরকার।

তারপর আমি শ্রমিক সম্বন্ধে ২।১টি কথা বলব। কলকাতা এবং হাওড়া ইন্ডিলিন্ট্রাল এরিয়া—সেথানকার শ্রমিকরাও সংঘবংধ এবং এখানে বহু নেতৃস্থানীয় লোক আছেন যাঁরা তাঁদের দাবাঁদাওয়া সম্পর্কে ফাইট করছেন : কিন্তু মফঃস্বলের কারখানার কি অবস্থা। সেখানে কোন ট্রেড ইউনিয়ন নেই, সেখানে সম্পূর্ণ মালিকদের দয়ার উপর নির্ভর করতে হয় এবং যদিও ২।১টা ইউনিয়ন রেজিস্টি হয়েছে, তব্ও তারা রাইটার্স বিল্ডিংসএ এসে ফাইট করতে পারে না। এখানে আমি একটা কথা বলব যে, বাঁকুড়াতে একটা বড় তেলকল আছে তার নাম লালজী রাজ অয়েল মিল। সেখানে একজন কম্বীকে বিনা কারণে ছাঁটাই করে দেওয়া হল। তিনি লেবার অফিসারের কাছে দরখাস্ত করলেন, লেবার অফিসার বহুদিন পরে এসে মালিকদের বলে গেলেন যে, ওকে একটা কাজ দিয়ে দাও। তাকে রিএমস্লয়েড করল কিন্তু অন্য পোস্টএ দেওয়া হল। তারপর কিছুদিন বাদে তাকে আবার কাজ থেকে ছাড়িয়ে দেওয়া হল। তারপর সে আবার বহু দরখাস্ত করল, কিন্তু লেবার ডিপার্টমেন্ট থেকে বলা হল তাদের আর কোন উপায় নেই। এখানে আমি বলতে চাই, এতে কারও কল্যাণ হবে না। ১৯৫২ সাল থেকে আমি বলে আনছি যে, মালিকের সপো শ্রমিকদের যদি সন্থ্য হর, তাহলে কিছুতেই সমজের উন্নতি হতে পারে না। এবং সর্বপ্রথম শ্রমিকদের কল্যাণ করা দরকার। প্রত্যেক ইন্ডান্টিতে শ্রমিকদের বদি একটা পার্টনার করে নেওয়া হয় তাহলে এইসব থাকবে না, সত্যকারের সমাজের

উন্নতি•হবে, they should be treated as partner of the industry এই হচ্ছে আমার বহুবা।

#### 8j. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি গভীর দঃখের সহিত এই ডিপার্টমেন্টের নামকরণের প্রতি আপনার দুট্টি আকর্ষণ করিতেছি। আমরা বার বার অনুরোধ করেছি যে, এই দুর্গুরের নাম মিসলেনিয়াস ডিপার্টমেন্ট রাখা উচিত নয়। আর যদি রাখেন তা হ'লে এই দণ্তরের মন্ত্রীর নাম পাঁচমিশাল মন্ত্রী বলে রাখা হোক। আমাদের সরকার মুখে সমাজতান্ত্রিক রাণ্ট্র গঠনের কথা ঘোষণা করেন কিন্তু আসলে প'র্বাজবাদী স্বার্থে সরকারের শ্রমনীতি পরিচালিত হচ্ছে। এবং ব্রটিশ সরকার যেমন একদিন সমাজে কৃষকদের ও শ্রমিকদের গুরুত্বপূর্ণ ভূমিকা উপেক্ষা করে প'্রাজবাদীদের স্বার্থ রক্ষায় শক্তি নিয়োগ করতেন, তেমনি কংগ্রেস সরকারও তাঁদের নীতি অনুসর্ণ করে চলছেন এবং যারা আসলে সম্পদ স্টিট করছে, তারাই প্রতাহ লাঞ্ছিত ও শোষিত হচ্ছে। আজকে সমাজতান্দ্রিক রাষ্ট্র কর্ণধাররা শ্রমিকদের গরেত্ব নন্ট করবার জন্য চেন্টা করছেন, এটাই হচ্ছে সবচেয়ে দুঃখের বিষয়। আমি মনে করি যে, সমাজতান্ত্রিক রাণ্ট্র গঠন করা তাদের নীতি নয়, তাদের নীতি হচ্ছে শ্রমিকদের বিরুদেধ মালিকদের তোষণ। প্রতিদিন ছাঁটাই চলছে, लक-आउँ हलएए। किन्छ अतकात नीतव। मालिकता दर्कां देकां है होका मनाया कतरह. বোনাসের আন্দোলন, শ্রমিক আন্দোলন যদি হয়, তাহলে সেখানে মালিকদের গায়ে হাত দেবার সাহস এই মন্ত্রীর নেই। পশ্চিমবাংলার শতকরা ৮০ ভাগ সম্পদ কারখানার শ্রমিকরাই উৎপাদন করছে, কিন্তু দুঃখের বিষয় শতকরা ৮০ ভাগ কারখানার শ্রমিকরা বেতন পায় না জীবনধারণের উপযোগী—মিনিমাম ওয়েজ পায় না, ফেয়ার ওয়েজ পাওয়া তো দূরের কথা। কিন্তু এ'রা কথায় কথায় বলেন, বিদেশীরা যেমন ক্রন্সেভ, টিটো, এ'রা কিরকম প্রশংসা তাঁদের দিয়েছেন সেটাই প্রচার করেন। কিন্তু আমি তাঁদের জানাতে চাই কিছুদিন পূর্বে আন্তর্জাতিক শ্রমিক সংস্থা আই. এল. ও.-এর এক্সপার্ট গণ বাঙ্গালোরে এসেছিলেন, তাঁরা ভারতের শ্রমিকগণের অবস্থা প্রীক্ষা করে এই অভিমত পোষণ করেছিলেন যে, ভারতের শ্রমিকদের যদি বেতন ও স্থোগ-সূরিধা বাডিয়ে দেওয়া হয়, তাহলে বর্তমানে যা যন্ত্রপাতি আছে তার দ্বারাই উৎপাদন ৩ গুল বৃদ্ধি করা সম্ভব।

[4-50—5 p.m.]

কাজেই বিদেশীর কথা যদি বিশ্বাস করেন, তাহলে আমি অন্রোধ করব, এখানে যেসমস্ত শ্রমিকরা খেতে পাচ্ছে না, পরতে পাচ্ছে না, যাদের বাসস্থানের বাবস্থা হচ্ছে না, যারা বোনাসএর জন্য দিনের পর দিন লড়াই করে আসছে, তাদের জন্য এইসমস্তের ব্যবস্থা করা একাস্ত আবশাক।

আমি মনে করি, যে উৎপাদন বর্তমানে হচ্ছে এবং যেটা গভর্নমেন্ট নিজে স্বীকার করেছেন এই উৎপাদন আরও তিন গুল বেড়ে যেতে পারে; এটা আমার কথা নয়, এটা বিদেশী এক্সপার্ট এর কথা। ১৯৪৮ সালে যে মেজর ট্রাইবানুনাল হয়েছিল তাতে পাট শ্রমিকদের ৭১॥০ টাকা নানুনতম বেতন ধার্য হয়েছিল। তারপর আজ প্রায় ৮ বছর হতে চলল, সরকার তাদের জন্য আর বেশি কিছুই করলেন না। অথচ আমরা দেখতে পাচ্ছি এর স্বারা ভলার আনিং বেশী হয়। প্রায় তিন লক্ষ শ্রমিক তার মধ্যে অংশ গ্রহণ করে রয়েছে, কিল্তু তাদের প্রতি সরকারের কোন লক্ষ্য নাই। আমি এই ভিপার্ট মেন্ট সম্বন্ধে কয়েকটি অভিযোগ উত্থাপন করছি। যায়া ১০।১২ বছর ধরে টেম্পোরারি কাজ করে আসছে, তাদের কাউকে পার্মানেন্ট করা হয় না। যাদের এটাপ্রেল্টিস হিসাবে রাখা হয়েছে, তাদের স্বায়াভাবে চাকরীতে নিম্বুন্ত করা হয় না। যায়া কোটি কোটি টাকা কোম্পানির আয় করে দিছে, তাদের প্রতি সরকারের কোন নজর নাই, তাদের জন্য সরকার কোন কিছু ব্যবস্থাই করছেন না, কারণ তাদের গায়ে হাত দিতে গেলে, ভালাময়া টাটা প্রভৃতি বড় বড় মিল মালিক ও বিদেশী ইংরাজ পার্লুজিবাদীদের গায়ে হাত পড়বে; তাই তারা তা করছেন না। ইঞ্জিনীয়ারিং, টেক্সটাইল প্রভৃতি অন্যান্য বড় বড় শিক্ষেপ নিম্বৃন্ত শ্রমিকরা আজ পর্যণ্ড একটা লিভিং ওয়েজেস আদায় করতে পারে নি। ইঞ্জিনীয়ারিং শিক্ষেপ

নিযুক্ত শ্রমিকরা সর্বমোট ৬১ টাকার বেশী পায় না। এটা তাদের জীবনধারণের পক্ষে সম্পূর্ণ অনুপ্যোগী। এদের পরিশ্রমের ম্বারা বড় বড় মিম্পের সম্পদ বাড়ছে অথচ শ্রমিকদের বেতন, মাগ্রিগ ভাতা বাড়ছে না।

তারপর চা শিল্পের শ্রমিকরা দৈনিক মাত্র ১৯/০ পেয়ে থাকে: তার বেশী তারা পায় না: অথচ বানারহাট চা বাগানের মালিক, একশ বছর ধরে, তাঁরা যথেন্ট লুটেছেন, তাঁদের অংশীদার-গণকে ১৯৫২ সালে ৩৫ পার্সেন্ট এবং ১৯৫৩ সালে ৪৫ পার্সেন্ট ডিভিডেন্ড দিয়েছেন। সরকার তাদের গায়ে হাত দিতে পারছেন না, তাঁরা মনে করছেন এই ১। 🗸 যথেট। কিন্তু আমি মনে করি, এইসমসত বড বড শিল্পপতিদের গায়ে হাত দেওয়া দরকার: কারণ দেশের শ্রমিক যদি না বাঁচে তাহলে উৎপাদন বাডবে না. এবং তার ফলে সরকারের আয়ও বাডতে পারে না। তারপর আর একটা বিষয়ের প্রতি আমি দুণ্টি আকর্ষণ করব। কয়েকদিন আ**গে দেখলাম** ইন্ডিয়া গভর্নমেন্ট পরিকল্পনা করেছেন যে, বোনাস শেয়ারএর উপর টাক্স ধার্য করবেন না। কিল্ত আমি এখানে সমরণ করিয়ে দিতে চাই যে, একশ বছর ধরে যেসমসত ইঞ্জিনীয়ারিং কোম্পানি. জ্রট মিল, টেক্সটাইল মিল ও টেক্সটাইল ইঞ্জিনীয়ারিং, কয়লা কিন্বা চা শিলেপর যেসমুহত কোম্পানি রয়েছে এইসমুহত শিলেপর মালিকদের বোনাস শেয়ার দ্বারা কোটি কোটি টাকা মূলধন বেডে গিয়েছে : এবং অংশীদারগণকে বোনাস শেয়ারের নামে প্রকৃত শেয়ার অপেক্ষা বহু,গুণ বৈশি লভ্যাংশ দিয়ে আসছেন। সত্তরাং এখন যদি এইসমস্ত কারখানাগলৈকে দখল করে নেওয়া যায় তাহলে তাদের আর কিছু বলবার বা কোন দাবীদাওয়া থাকতে পারে না। কাজেই আমি বলব-সরকার আজ যে কোটি কোটি টাকা ঋণ করে বসে আছেন, সেই ঋণ শোধ করবার এই হচ্ছে একটা উপায়, অর্থাৎ যারা কোটি কোটি টাকা বোনাস শেয়ার হিসাবে লটেছে, তাদের কলকারখানাগালি এখনই দখল করে নিন; এবং তা করতে পারলে বহু লোকের কাজ হতে পারে ও যথেষ্ট টাকাও পাওয়া যেতে পারে। তা ছাড়া এই বোনাস সম্পর্কে জাস্টিস তারাচাঁদ ট্রাব্যুনালকে সমর্থন করে গিয়েছেন। কাজেই আমি মনে করি শ্রমিকদের এই তিন মাসের বোনাসের যে দাবী সেটা বিবেচনা করা উচিত। কোন জায়গায় তাঁরা বোনাস দিতে পারেন. সেটা ডিফেল্ড করবেন: আবার ওদিকে তারা লোকসান দিচ্ছে, তাদের লাভ নাই: সতেরাং কোথা থেকে তারা বোনাস দেবে একথাও বলবেন।

গত বাজেটের সময় আমি বলেছিলাম, আবার এখন আমি বলব --আপনি বিবেচনা কর্ন— যেখানে সতি।-সতি। রিজার্ভ ফাল্ডএ কোটি কোটি টাকা জমা আছে, অথচ থেখানে দেখা যাছে প্রমিকরা অর্থাভাবে বাঁচতে পারছে না, সেখানে তাদের ঐ টাকা, বোনাস প্রভৃতি দিয়ে বাঁচাবার বাবস্থা কর্ন। তারপর হয়ত তাঁরা বলবেন প্রমিকদের ভালর জন্য অনেক পরিকল্পনা করেছেন যেমন

Trade Disputes Act, Minimum Wages Act, Payment of Wages Act, Shops and Establishments Act

ইত্যাদি। আমি বলি আপনারা এই যে ট্রেড ডিসপিউটস এট্রন্থ প্রভৃতি বিভিন্ন এট্রন্থ করেছেন, এর দ্বারা জনসাধারণের বিশেষ কোন উপকার হচ্ছে না, বরং উলটে তাদের জনলাতন করছেন। এক-একটা কেস শেষ করতে ২।০ বছর সময় লেগে যায়। অন্যান্য জায়গায় অযথা টাকা অপবায় করছেন, অথচ দ্ব-একজন জজের সংখ্যা বাড়াতে কুপণতা করছেন। আমি বার বার বলি প্রমিকদের টাকা নাই, স্বতাং তখনই তারা বাধ্য হয়ে মামলা করতে কোটে যায়, যখন সে কোন কেসএর মধ্যে পড়ে। সেইজন্য আমি বলছি বিশেষ করে শ্রমাবিরোধী আইনের ১৪নং, ২০নং ও ৩০নং ধারাগ্রালি শ্রমিক স্বার্থের উপযোগী করে সংশোধন করা উচিত। ১৪নং ধারায় বলা হয়েছে যে, ১৪ দিনের মধ্যে কর্নাসলিয়েশন প্রসিডিংস শেষ করতে হবে, কিন্তু দেখা গিয়েছে ১৪ সংতাহ, এমন কি আরও অধিক সময় লেগে যায়। এটা খ্ব অন্যায়; স্বতরাং এই ধারাটা পরিবর্তন করা দরকার। তারপর ২০নং ধারায় আছে সার্ভিসএর ব্যাপার। এখানে বলা হছে যে, কর্লাসলিয়েশন প্রােসিডিংস শেষ হলেও, তার ৭ দিনের মধ্যে দ্যাইক করা চলবে না এবং তা করলে সেটা বেআইনী হবে। কিন্তু যেখানে কর্নাসলিয়েশন প্রােসিডিংস শেষ হতে যানের পর মাস কেটে যায়, যেখানে শ্রমিকদের বাধ্য হতে হয়, তাদের ন্যায়সঞ্গত দাবী আদারের

জন্য স্থাইক করতে; কারণ এর জন্য তারা অনিদিপ্টি কাল ধরে বসে থাকতে পারে না এবং তাদের দাবী আদায়ের পক্ষে স্থাইক হচ্ছে তাদের ন্যায়সংগত শেষ অস্ত্র। কাজেই এই বারাটির পরিবর্তন হওয়া উচিত।

তারপর ৩৩নং ধারায় বলা হচ্ছে যে, কনসিলিয়েশন প্রোসিডিংস বা ট্রাইবানাল চলাকালীন চাকরীর সর্তাবলী শ্রমিকের স্বার্থের বির্দেধ পরিবর্তন বা শ্রমিককে জবাব দেওয়া, বরখাস্ত করা বা কোন শাস্তি দেওয়া চলবে না, তাদের বেতন ঠিকভাবে দিতে হবে। কিন্তু তা করা হয় না; মালিকরা আইনকে, এমন কি সরকারকে বৃদ্ধাঙ্গান্ত দেখিয়ে কাজ করে যায়—তারা শ্রমিকদের ছাটাই করে, সাসপেন্ড করে রেখে দেয়। তারপর তাদের একবারে বিদায় করে দেয়। এইসমস্ত ধারাগানিল অত্যন্ত গ্রেপ্ন্, এগানিল পরিবর্তন করা দরকার।

তারপর মিনিমাম ওয়েজেস এয়াক্ট তৈরি হয়েছে বটে, কিন্তু কোথাও এখনও চাল, করা হয় নি। পশ্চিম বাংলায় কারখানা শ্রামক ছাড়াও লক্ষ লক্ষ শ্রামক রয়েছে ; বড়বাজারে যান সেখানেও দেখবেন হাজার হাজার শ্রমিক রয়েছে: কিন্তু এই মিনিমাম ওয়েজেস এাক্ট অনুসারে তাদের বেতন বান্ধি করতে পারেন নি। অর্থাৎ এই এ্যাক্ট কাজে লাগে নি। অতএব এটা যদি কাজে না লাগে তাহলে এই আইন করায় লাভ কি? এই আইনের সুযোগ হতে প্রমিকরা বণিত হচ্ছে। সতেরাং অবিলন্তে সর্বত্র কমিটি গঠন করে সর্বশ্রেণীর শ্রমিকগণকে এই আইনের সুযোগ দেওয়া উচিত। তা ছাড়া এই মিনিমাম পেমেন্ট অফ ওয়েজেস এ্যাক্ট অনুসারে সমুস্ত মামলা বিচার করবার জন্য সমগ্র পশ্চিম বাংলায় একজন মাত্র অর্থারিটি বা জজ নিয়ন্ত আছেন। সতেরাং একজন জজের পক্ষে বংসরে ৫।৭ শত মামলা বিচার করা কম্পনাতীত। যদি অবাস্তব অসম্ভব জিনিসকে সামনে রাথতে না চান, যদি জনসাধারণকে ধোঁকা দেবার ইচ্ছা না থাকে, যদি সতাই শ্রমিকদের স্বার্থ রক্ষা করতে চান, তাহ'লে এই মিনিমাম পেমেন্ট অফ ওয়েজেস এ্যান্ট অনুসারে যেসমস্ত কেসের বিচার করতে হবে, তার জনা আরও জজের সংখ্যা বাড়ান দরকার। তারপব শপ এপ্টার্বালসমেন্ট ভাক্টে, এটা একটা অকেজো আইন। অর্থাৎ এই আইন সর্বত্র প্রয়ন্তে হলেও দোকান কর্মচারীরা অধিকাংশ ক্ষেত্রে দেড়দিনের ছাটি পায় না। দোকান স্বদিনই খোলা থাকে। যাঁরা ইচ্ছা করে দোকান বন্ধ করেন না, তাঁদের ধরা হয় না; আপনারা এমনই সব কর্তব্যপরায়ণ কর্মচারী রেখেছেন ফে, তাদের কথা আর বলা যায় না। গতবার এ সম্পর্কে আমি বহু উদাহরণ দিয়েছিলাম, কিন্তু তার কোন ফল হয় নি। আমি বেশিদুরে যাব না: বড়বাজার এলাকায় বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মচারিগণ তাঁদের বহু,বিধ অভাব-অভিযোগ সম্পর্কে সরকারের দুর্গিট আকর্ষণ করেছে এবং গত বংসর বিধানসভা মারফংও ঐ সম্পর্কে বহু অভিযোগ উত্থাপন করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার করা হয় নি। যদি মন্ত্রীমহাশয় গোপনে এই সমস্ত বিজনেস এরিয়াতে ছাটির দিন গিয়ে দেখে আসেন, যে সেখানে সারাদিন দোকান খোলা আছে কিনা? এটা ত' সতিাকারের কাজ, মানুষ সেখানে কি অবস্থায় আছে তা জানবার যদি ইচ্ছা থাকে তাহলে নিশ্চয়ই তিনি সেখানে গিয়ে দেখে আসবেন। মিঃ স্পীকার, সাার, আপনি নাম করতে বারণ করেছেন : কিন্তু কয়েকটা নাম না বলে উপায় নেই। শপ ডিপার্টমেন্টের মিঃ নীলকান্ত চ্যাটাজি ও মিঃ দত্তের অভিযোগ যে, বড়বাজারের প্রায় সমস্ত এলাকার দোকান ১০।১২ ঘণ্টা খোলা থাকে। আইন অনুসারে পে রেজিস্টার, এাটেন্ডেটস রেজিস্টার বা নোটিশ বোর্ডে ছটির দিনের নোটিশ লাগান থাকে না। এইরকম একটা গ্রেত্ব অভিযোগ শোনা যাচ্ছে যে. উত্ত বড়বাজার এলাকার যে সরকারী ইম্সপেক্টার রয়েছেন, তার সঞ্জে নাকি মালিকদের একটা টাকার ব্যবস্থা রয়েছে। সেইতেত সেখানে ছাটির দিন দোকান খোলা থাকলেও. সেই সমস্ত দোকানের মালিকদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করেন না। এই রকম শত শত কেস আছে। বিভিন্ন সংস্থার পক্ষ হ'তে বহু কেস, অর্থাং যেসকল দোকান খোলা থাকে তার নামের তালিকা শ্রম দশ্তরকে कानान रायुष्ट । किन्छ এ পর্যন্ত সে সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি।

যেসমুহত মালিক আইন ভণ্গ করছে তাদের মধ্যে আমি করেকটির নাম উল্লেখ-করে মন্দ্রী-মহাশরকে জানাতে চাই। এইগর্নালর নাম ইতিপ্রেই জমাদার সন্দের পক্ষ হতে শ্রম দুর্হতকে দেওরা হয়েছে। বেমন, (১) প্রের্ষোন্তম লাল রোসনলাল, (২) শালগ্রাম মহিলাল, (৩) ারায়ণদাস হরিদা, (৪) সীতারাম পামালাল, (৫) গণেশ স্টোর্স এটান্ড অল ভেরিয়ার শপ, ৬) রামদাস খামা, (৭) হংসরাজ খামা ইত্যাদি।

তারপর শপ এস্টার্বালশমেন্ট এ্যাক্ট সম্বন্ধে আমি আর একট্ব দ্র্যিট আকর্ষণ করতে চাই। ।টারও একটা পরিবর্তান হওয়া দরকার। অর্থাৎ একটা অণ্ডল ধরে বন্ধ রাখা উচিত, এবং যে reace বন্ধ হবে, সেখানে সমুহত দোকান, ঐ একদিনেই বন্ধ থাকবে : তা না হ'লে যদি কিছু, দদিন বন্ধ থাকে, আবার অন্য এক দিনে কিছু বন্ধ থাকে, তাতে জনসাধারণের **অনেক অস্কিধা** য়। কারণ এও দেখা যায় যে, হয়ত একই এলাকার কতগ**্রাল দোকান** তার ছেলের ামে লাইসেন্স দেওয়া আছে, আবার কতগুলি দোকান তার বাপের নামে আছে: সেইজন্য নামার মতে এখানে একটা নামে লাইসেন্স দেওয়া দরকার : এবং একটা অণ্ডলে সমুস্ত দোকান াতে বন্ধ থাকে তার বাবস্থা করতে হবে। তারপর দেখা যাচ্ছে যে, কোন মালিক যদি টাকা া দেয়, তা হলে ঐ মালিকের কাছ থেকে সেই টাকা আদায় করতে পারেন না, বড় জোর তা**কে** র্গরমানা করতে পারেন। কাজেই এটাকে সংশোধন করে এখানে পেমেন্ট অফ ওয়েজেস এ্যাক্টএর তিন একটা আইন কর্মন, যাতে ম্যাজিস্টেট টাকা আদায় করে দিতে পারে। পেমেন্ট অফ ঃয়েজেস এ্যাক্টএ যে-সমষ্ট সুযোগস্বিধা আছে, শপস্ এন্ড এন্ট্যাবলিশমেন্ট এ্যাক্টএ সেই সমষ্ট ুযোগ-স্কৃবিধা নেই। কাজেই এই আইনকে সেইভাবে পরিবর্তন করে, ঢেলে সাঞ্জাবার চেণ্টা স্রান। একটা কমিটি করে, তাতে এটা বিচার করে, নেম্মট সেসনে এটা একটা বিল হিসাবে ঠকভাবে আন্তুন, যাতে বাংলাদেশের লক্ষ্ণ লক্ষ্ণ নবনারী যারা নানারক্ম অস্ত্রবিধা, দুর্গতি ভোগ ন্রছে, তারা যাতে দুর্গতির হাত হতে মৃক্ত হতে পারে তার জন্য একটা আইন করুন।

#### 5-5-10 p m. ]

তার পরে স্টেট ইন্সিওরেন্স সম্পর্কে ও'রা বলেছেন, আমি বিস্তৃত বলব না। খালি দটক মন্থচার দিয়ে লাভ হবে না, অথবা ভিটামিন ট্যাবলেট কি কুইনাইন মিশ্রচার দিয়েও কাজ হবে।। অধিকাংশ ঔষধই লভাব থেকে কিনতে হবে। শ্রমিকদেব টাকা দিতে হয়, অথচ ঔষধ গায় না, শ্রমিকেরা বিরস্থ বোধ কবছে, অস্ক্রিস্ত বোধ করছে। শ্রমিকেরা ষেভাবে লোয়ার পেড গাতে তাদের কাছ থেকে টাকা আদ্য করে যে নেওয়া হয তা ঠিক নয় . যদি তারা স্কেয়ার রয়েক্সের পেত তা হ'লেও কথা ছিল : কিন্তৃ তাদের লিভিং ওয়েজও নয়, তাদের কাছ থেকে।। সে বে দ্ব্'টাকা কেটে নেওয়া হবে এটা অন্যায় : সেজনা মনে হয গভন মেন্টের সমস্ভটা হবে কবা দরকার বা মালিককে বাধ্য করা দরকার, যে আগে থেমন চিকিৎসার ব্যবস্থা ছিল সইভাবে যেন করেন।

তারপরে প্রেস ওয়ার্কারদের সম্বন্ধে বলি। বাংলাদেশে হাওড়ায় ও কলিকাতায় ৩৫ হাজার
প্রস ওয়ার্কার আছে। তাদের মিনিমাম ওয়েজএর ব্যবস্থা নেই। সেদিকে আমি দ্ভিট আকর্ষণ
গরি, সেখানে কমিটি গঠন কর্ন। মিনিমাম ওয়েজ এয়ৢয় অন্সারে বেতন এবং ছ্টির ব্যবস্থা
য়র্ন। আর স্পুরীম কোর্ট ২৮ টাকা ত ডিয়ারনেস এয়লাওয়েস্পএর রায় দিলেন, কিন্তু
ভর্নমেন্ট থেকে জানিয়ে দিচ্ছেন যে, আমরা আদায় করে দিতে পারব না: তবে সেখানে
গয়ে কি হ'ল? যদি আদায় করে দিতে পারবেন না, তবে স্পুরীম কোর্ট পর্যন্ত যাবার
রকার কি ছিল? গভর্নমেন্টের পক্ষে প্রেস ওয়ার্কারদের যে ২৮ টাকা দেবার রায় হয়েছে
য় আদায় করে দেবার ব্যবস্থা করা দরকার।

তারপরে বিশেষ দরকার মন্ত্রীমহাশরের দপ্তরকে সাবধান করে দেওয়া যে, তাঁরা যেন একট্র ক্ষপ্রতার সহিত কাজ করেন। বেচন ওঝা আর ভগবত প্রসাদ সিং অন্যায়ভাবে ছাঁটাই হয়েছে, গর ব্যবস্থা হছে না। একখানা চিঠি দিলে এক বংসর লাগে চিঠির জবাব আসতে। একটা চিঠির কথা বলব, তাহলে ব্রুক্তে পার্বেন যে, এক একখানা চিঠির জবাব দিতে কত সময় লাগে। গাবত প্রসাদের সম্বন্ধে চিঠি দিয়েছি ২৯এ এপ্রিল, ৬ই জ্লাই, ৯ই জ্লাই, ১১ই আগস্ট, ৭এ আগস্ট, ২৭এ সেপ্টেম্বর, ৮ই নবেম্বর, ২৯এ নবেম্বর—এই একজনের জন্য চিঠি লেখা য়েছে ১৯৫৫ সালে। তাহলে ভাবনে, এক জনের জন্য যদি এতগ্রনি চিঠি লিখত হয় গ হ'লে কিরকম করে চলে? ১০ মাস ১২ মাস চিঠি লিখে লিখে তবে জবাব পাওয়া যায়। ময় নাই, সব কথায় আসব না, আর একটা বিষয়্ন সম্বন্ধে ব'লে আমার বন্ধব্য শেষ করছি।

তদ্মপরে ক্যালকাটা ক্লিনিক্যাল রিসার্চ এসোসিয়েশনের জন্য ২৮-১-৫৪ তারিখ থেকে কর্মানরী বিভূতি সিংহকে সাসপেন্ড করা হয়েছে। খবর নেওয়া হয়েছে, লেবার কমিশানারের কাছে দরখাসত করবার পর শেষে এম সি মৈত্রের এয়িসস্টান্ট সেক্টোরীর কাছে চিঠি দেওয়া হয়েছে। কিন্তু কোন প্রতিকার হয় নি। মডার্ন আর্ট প্রেসে ৩ জন ছাটাই করায় ডিসপুট দেওয়া হয়েছে ১২-৭-৫৪ তারিখে, আজ পর্যন্ত তার মীমাংসা হ'ল না। এইভাবের বহু প্রতিষ্ঠান আছে তাদের কোন স্ট্যান্ডিং অর্ডার নাই, মাসে মাসে বেতন দেবার ব্যবস্থার কিছু নাই। এইরকমভাবের জিনিসগুলো বন্ধ হওয়া দরকার।

তারপরে এসোসিয়েটেড ইন্ডাম্ট্রিজ গভর্নমেন্ট কন্ট্রাক্টর তারা শ্রমিকদের ফাঁকি দেন, গভর্ন-মেন্টকেও ফাঁকি দেন। ওভারটাইম দেন না। সেখানে ৭০ জন শ্রমিককে লিখিত নোটিশ না দিয়ে লে অফ করেছে। নিয়ম অনুযায়ী প্রত্যেককে অর্ধেক বৈতন দেওয়া দরকার। শ্রম দশ্তরেও ৬ মাস আগে দরখান্ত করেও আজ অর্বিধ জ্বাব পাওয়া যায় নি। এইত এক কথা, ৪৮ ঘণ্টারও বেশী কাজ করান হয়, স্ট্যান্ডিং অর্ডার কিছু নাই। অথচ ১৫ বংসর আগে গভর্নমেন্ট ওয়ার্কিং আওয়ার ঠিক করেছেন, সেখানে রবি মিত্র ব'লে ভদ্রলোক টেলিফোন নিয়ে বাবহার করছেন, সকলকে ঠকাচ্ছেন।

[At this stage the red light was lit.]

আর একটির বিষয়ে বলে শেষ করছি।

তার পরে জেম্স আলেকজান্ডার সম্পর্কে বলব যে, সেখানে জ্লুম্ম চলছে। সেই কোম্পানির সংগ্র আমাদের জালান সাহেব রয়েছেন, আগে পাল্লালালাবাব্ ছিলেন। সেটা স্বজন্মল নাগরমল ম্বারা পরিচালিত। তাদের সেখানে লক আউট করা হয়েছে। শ্রমিকদের উপর জ্লুম্ম চলছে সেখানকার শ্রমিকের আবেদন নিবেদন করেছে। সকলে মনে করে, যেহেত্ জালান সাহেব তার সঞ্জে যুক্ত সেই হেতু কিছ্ই করা যাবে না। সেখানে ৪৮ ঘণ্টা ডিউটি লেখা আছে কিম্তু ৮৪ ঘণ্টা খাটার। অথচ সেখানে কোন বাড়তি মজ্বরি দেওয়া হয় না। ১৯৫০ সন থেকে ইনজিমেন্ট বন্ধ করা হয়েছে। এইসব প্রকার কত অন্যায় করা হছে তার প্রতিকার করা হউক।

8]. Biswanath Roy: Mr. Speaker, Sir, I rise to support the demand for grant made by the Hon'ble Labour Minister. The magnitude of the labour problem in our State is obviously great. Since Independence we have been trying to establish economic freedom and social justice and I am glad to find that the Government has been proceeding on the right line. There may be many shortcomings and difficulties, but it must be admitted that there has been at least some progress. Members of the Opposition belonging to different political parties cannot naturally admire anything good coming from the Government. Sj. Bankim Mukherji in this House made a remark today that the speech of our Minister for Relief and Rehabilitation was a reactionary one and was like that of Mr. H. S. Suhrawardy of the Muslim League regime. Though he disliked Mr. Suhrawardy's policy I do not understand why then he and his party actively supported the League Ministry during the period 1942-45. In any case I do not like to enter into any controversy on the speeches of the Opposition members. From the facts and figures it is clear that in spite of the difficulties created by the elements hostile to the interest of labour, industrial peace has been established in the country. Many disputes are being settled by conciliation, by tripartite meeting round the table and by adjudication by the tribunal. If the number of judges is increased to meet the heavy pressure of work, the accumulated arrears may be speedily disposed of and this will give considerable relief to the workers. We believe in the settlements of disputes by peaceful methods without hampering the progress of production and development of industries. If we can proceed along the path shown by Mahatma Gandhi in the field of trade nuion and also follow the advice of our Prime Minister,

Shri Nehru, we shall be able to establish the right of workers to participate in the management and in sharing the profits and I am sure that the gradual changes brought about by labour legislation will ultimately lead to the building up of a socialistic State.

Nobody will deny that our country is poor today. It is necessary to increase minimum wages and to give employment to those who are unemployed. Though the number of persons employed has decreased in the last few years owing to the rationalisation scheme it is hoped that those who are unemployed today will get opportunities for employment in the Second Five-Year Plan. The scheme of rationalisation should be discouraged now. Those who are already employed today will, it is hoped, get their wages in the revised scale of living wages, not to speak of the fair wages only. This of course will take a little time for gradual implementation and I find that the Government is paying its increasing attention to this.

We are glad that the housing scheme, labour welfare work and employees' provident fund scheme have been introduced and the State Insurance Scheme is under operation in Howrah and Calcutta. To give more facilities for medical treatment, more hospitals are necessary in the industrial areas. The Government should improve the existing hospitals to make provision for the treatment of the industrial workers.

The Cossipore area is a vital industrial belt comprising the Ordnance Factory in Cossipore, the Raiway yards, the Calcutta Electric Supply Corporation power house, the Talla Pumping Station and factories like the National Carbon Company, the Angelo Brothers and also many other factories and from the labour point of view, it is one of the most important industrial areas in West Bengal.

[5-10-5-35 p.m..]

A separate hospital is absolutely necessary and if arrangement is made with the local North Suburban Hospital in expanding its services, it may to some extent give relief to the ever-increasing suffering workers.

Unemployment has been increased due to the closing down of the Press Houses in view of the fact that the jute mills are not purchasing jute from the balers of Cossipore. If the Government wants to solve the probem of unemployment of 25,000 workers, it should insist on the I.J.M.A. to purchase jute from these Presses. It will also give employment to the people attached to the various types of transport including the carters as well.

[At this stage the House was adjourned till 5-35 p.m.]
[After adjournment.]

[5-35-5-45 p.m.]

8j. Subodh Banerjee: Mr. Deputy Speaker, Sir,

মাননীয় শ্রমমন্ত্রী মহাশায় তাঁর প্রারণ্ডিক ভাষণে শ্রমিকদের জীবনধারণের মান উন্নয়নের অনেক কথাই বলেছেন। তিনি দেখাতে চেয়েছেন বে, সাধারণ শ্রমিকদের জীবনধারণের মান উন্নততের হয়েছে, জিনিসপত্রের দাম কমেছে ইত্যাদি। এই সমস্ত বিষয় আমি বিশদভাবে আলোচানা করতে চাই না। কারণ বাজেটের সাধারণ আলোচনাকালে আমি দেখিয়েছিলাম, ভাজার রায় বেকথা বলেছিলেন সেই সরকারী পরিসংখ্যানগুলি অসত্য। কেবলমাত্র কতকগুলি ফিগার মগজের মধ্যে রাখলেই চলতে পারে না। মানুষের জীবনধারণের সাধারণ মান উন্নত হরেছে কিনা সেটা এ্যাকাডেমিক ডিসকাসনএর জিনিস নর। ব্যবহারিক জীবনে প্রতি মৃহতে বাধ করতে হবে বে, ক্রম্মেন্ট্রের মান উন্নত হরেছে কিনা। সেনিক থেকে দেখি বে, সামারণ

মান্ধের জীবনের রিয়েল আর্নিং আরও কমে গিয়েছে। গভর্নমেন্ট এটা স্বীকার করবেন কিনা জানি না। কিন্তু ভারত সরকারের "লেবার গেজেট"এ এই কথাই বলা হয়েছে। বিড়লার "ইন্টার্ন ইক্রমিন্ট"এ যে কথা বলেছে সেটা আপনাদের স্মরণ করিয়ে দিছি যে, ১৯৪৫ সালে একজন প্রমিকের প্রকৃত আয় বা ছিল আজ ১৯৫৩-৫৪ সালে তার চেয়ে শতকরা ২ ভাগ প্রকৃত আয় কমে গিয়েছে। এই কথাই বিড়লার "ইন্টার্ন ইক্রমিন্ট" এবং কেন্দ্রীয় গভর্নমেন্টএর "লেবর গেজেট"এ একথা স্বীকার করেছে। কোথা থেকে বলছেন যে, এদের ইনকাম বেড়েছে ইতিমধ্যে—তা বাড়ে নি। এই অবস্থায় শ্রম বিভাগের কার্যকলাপ দেখলে অন্তুত লাগে। মন্ট্রীমহাশয় প্রমাণ করার চেন্টা করেছেন যে, মালিক এবং শ্রমিন্দের মধ্যে সরকার তৃতীয় পক্ষ। একথা ঠিক না। আমাদের সরকারের শ্রমনীতি সম্পূর্ণ মালিকঘেন্যা, মালিক তোষণ্কারী। একথা ছেড়ে দিলেও আমরা জানি বা বিশ্বাস করি, যতদিন পর্বাজ্ঞাকার তৃতীর প্রমিকদের এক্সল্লয়েট করা হবে, তাদের উপর অত্যাচার করা হবে এবং তাদের কেন উর্মাত হবে না। কারণ ওয়ার্কার ইজ নো বেটার দ্যান ওয়েজ স্লেভ। তাদের কিছ্টা স্থস্মবিধা দেবার জন্য আপনার। ইন্ডিফারেন্ট। তারা এখন ওয়েজ স্লেভ ছাড়া আর কিছ্ই নয়। অনাান্যা রাজ্যে যেসব স্বস্ববিধাগ্রিল আছে এখানে তাও নেই।

আমি মল্তীমহাশয়কে জিজ্ঞাসা করছি, ইন্ডাম্ম্রিয়াল ডিসপ্টেস এ্যান্ট ১৯৪৭এ যে এ্যানো-ম্যালি রয়েছে, কি চেণ্টা করেছেন তা সংশোধন করার জন্য? ইউ-পি ইন্ডাম্ট্রিয়াল ডিসপ্টেস এাক্টে, বোম্বে ইন্ডাম্ট্রিয়াল ডিসপ্টেস এ্যাক্টে কনট্রাক্ট সিস্টেমে তারা নিজেরা আইন করে নিয়েছে। বাংলাদেশের মন্ত্রীমহাশয় সেদিকে তাকাবার ফুরসমুত পান না। হাজার হাজার লেবারার এই এার্ট্রের স্থোগ পাচ্ছে না। তারা চেণ্টা করেছে ওয়ার্কারদের স্থাবিধা দেবার জন্য। কন্সি-লিয়েশন—পেন্ডেন্সি অব কন্সিলিয়েশনএর কোন সংজ্ঞা নেই। এমন একটা জিনিস ইন্ডাস্ট্রিয়াল ডিসপ্টেস এয়াক্টে রয়ে গেছে। তা ছাড়া ইন্ডান্ট্রিয়াল ডিসপ্টেস এয়াক্টে আছে কন্সিলিয়েশন এয়াজ এক্সপিডিসার্সাল এয়াজ পসিব'ল, ১৪ দিনের মধ্যে কন্সিলিয়েশন শেষ করে দিতে হবে। সে জায়গায় মাসের পর মাস, বছরের পর বছর লেগে যাচ্ছে। ট্রাইব্যুনালে এ্যাডজাডিকেশন করার জন্য আমি শ্রম দণ্তরকে দোষ দেব না, আমি লেবার কমিশনারএর অফিসকে দোষ দেব না, আমার আক্রমণস্থলই ঐ মন্ত্রীমহাশয়—সম্পূর্ণ রেসপন্সিবিলিটি মন্ত্রীমহাশয়ের। আমি জানি শ্রমদৃত্রকে রি-অর্গানাইজ করার জন্য শ্রমবিভাগ মন্ত্রীমহাশয়ের কাছে দীর্ঘদিন আগে ফাইল দিয়েছেন। আমি এও জানি তাঁর জয়েন্ট সেক্রেটারী তাঁর কাছে সেই ফাইল পাঠিয়ে দিয়েছেন, মাসের পর মাস সেই ফাইল তিনি ধামাচাপা দিয়ে রেখে দিয়েছেন। ১৯৪৬ সালে কতজন কন্সিলিয়েশন অফিসার ছিলেন আর ১৯৫৫ সালে কতজন কন্সিলিয়েশন অফিসার আছেন? এর সংখ্যা কমে গিয়েছে, এদিকে কন্সিলিয়েশনের কেস একের পর এক বাডছে। ফলে হচ্ছে কি. কন্সিলিয়েশনের জন্য শ্রমিককে ধর্ণা দিতে হচ্ছে, মাসের পর মাস কেটে যাচ্ছে, কিম্তু স্বিচার পাচ্ছে না। লেবার কমিশনার, ডেপ্রিট লেবার কমিশনারস, এ্যাসিদট্যান্ট লেবার কমিশনারস, কন্সিলিয়েশন অফিসারস, লেবার অফিসারদের আমি দোষ দেব না, সমস্ত নাটের গরে, হচ্ছেন ঐ মন্ত্রীমহাশয় যার কোন শ্রমনীতি নেই, যিনি এদিকে তাকাবার ফ্রস্বুং পান না, যার ব্যক্তিগত কোন অভিজ্ঞতা নেই শ্রমিক আন্দোলন সম্পর্কে। ৪০ জন মন্ত্রী হতে পারে, পার্লামেন্টারী সেক্রেটারী হতে পারে, ডেপর্টি মিনিস্টার হতে পারে কিন্তু কর্মচারীদের সংখ্যা, কান্সলিয়েশন অফিসারদের সংখ্যা বাড়াতে যত অসমবিধা লাগে। এই গৈল কম্পিলিয়েশনের দিক থেকে।

এ্যাডজ্ব্ডিকেশনের ক্ষেত্রেও তাই। তিনি বলেছেন, ৭ জন ট্রাইবা্নাল জজ আমি নিযুক্ত করেছি। আমি জিজ্ঞাসা করি, ৭ জন এমন কি একটা সংখ্যা, যদি প্রয়োজন হয় তাড়াতাড়ি বিচার করার জন্য তাহলে ২০ জন জজ নিযুক্ত করার যদি দরকার হয় তাহলে তাই-ই করতে হবে। উদাহরণ দিই, ১৯৫৩ সালে লেবার কেস ট্রাইবা্নালে রেফার্ড হ'ল, তার বিচার আজ পর্যক্ত হল না। বিচারের ক্ষেত্রে বলে কি delay in justice means denial of justice,

বিচার যদি দেরি হরে বায়, তার অর্থ হল বিচার না পাওয়া। মাইনে বাড়ানো, ডিয়ারনেস °

গ্রালাওরেন্স, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, এইসমন্ত কথা ছেড়ে দিছি। সেক্সন ৩৩এ এ্যান্সি-কেশন, কন্সিলিয়েশন প্রসিডিংস চলছে, ছাঁটাই করে দিল। স্ট্যাটাস কো?

to the detriment of the interests of the labourers

স্মার্ভিস কন্ডিশন চৈঞ্জ করে দিল। ক্যাটিগরিক্যালি বলছে তাডাতাডি বিচার করে শেষ করে দিতে হবে, এর বিচার ২॥ বছরের মধ্যেও হল না। আমার কাছে ফাইল আছে, আপনার কাছে দেখিয়ে দিয়েছি। যেগ্রলো সাধারণ জিনিস, সেগ্রলোর জনাও শ্রমিকদের অযথা হয়রানি হতে হয়। তা হ'লে কি ক'রে মন্ত্রীমহাশয় বলেন যে, তাঁর শ্রম-দণ্ডর, শ্রম-বিভাগ শ্রমিকদের স্বার্থ-রক্ষা করে। কোনদিক থেকে এতট্কুও তারা শ্রমিকদের দ্বার্থরক্ষা করে না। তা ছাড়া যে-সমস্ত জায়গায় মন্ত্রীমহাশয়ের সংগে মালিকের জানাশনা আছে তার কথা ছেড়েই দিন। একটা ইউনিয়ন আছে, কন্সিলিয়েশন ফেল করল, মালিক কন্সিলিয়েশন অফিসারের কাছে এল না। ক্রিকলিয়েশন অফিসার চার চারবার নোটিশ দিলেন, মালিক অস্বীকার করলেন আসার জন্য। কোন ক্ষমতা নেই কব্সি লয়েশন অফিসারের তাঁকে আসতে বাধ্য কবার জন্য। কম্পিলিয়েশন অফিসারকে গালাগালি দিলে হবে না। আইন প্রবর্তন করে মালিক যদি তা ভায়লেট করেন, না আসেন, তাঁকে ধরে আনার ক্ষমতা দিন, সাজা দেবার ক্ষমতা দিন। এলেন ना—म्हिकोत्रिद्धरि त्नारे हरल राजः। मन्दीभशासा वनरानन, प्रोहेवरूनारल एउथा हरव ना। भन्दी-মহাশয় বিচার করে বলছেন--তিনিই যদি বিচার করতে পারবেন তাহলে ট্রাইব্যুনাল তুলে দিন। তাহলে ট্রাইবানোলে কেস রেফার করেন কেন? এইরকম হাজার হাজার উদাহরণ আমার কাছে আছে যা থেকে পরিষ্কার বুঝা যাবে যে, মালিকদের স্বার্থারক্ষা করার জন্য মন্দ্রীমহাশয় ডাই-রেক্টলি ইন্টার্রাভন করেন।

সর্বশেষে আমি একটা ঘটনার কথা বলি। সব জায়গায় ছাঁটাই হচ্ছে--আমি প্রভিন্সিয়া-লিজমের কথা বলছি না, যা বাস্তব ঘটনা তার কথাই বলছি। ডালহাউসি স্কোয়ারে মাকে'ন-টাইল ফার্ম গুলোর দিকে তাকিয়ে দেখুন, বেছে বেছে বাঙ্গালী কর্মচারী ছাঁটাই হয়ে যাচ্ছে। একথা বলতে গেলে বলবেন বাণ্যালীর কথা বলছে, প্রভিন্সিয়ালিজমের উপ্কানি দিচ্ছে কিন্তু ফ্যাক্ট ইজ ফ্যাক্ট, ট্রেড ইউনিয়নিস্ট হিসাবে আমি এই ছাঁটাইএর প্রতিবাদ করছি। যেহেতু বাস্তবক্ষেত্রে বাঙ্গালী, বাঙ্গালী হিসাবে কথা বলতে হচ্ছে। সব জায়গায় এটা হচ্ছে অথচ তাকে বন্ধ করার জন্য কোন স্টেপ নেওয়া হচ্ছে না। ফিলিপস কোম্পানি একটা বড কোম্পানি–যারা রেডিও থেকে আরম্ভ করে, আলো থেকে আরম্ভ করে সব কিছুই করে। একটা ছোট কোম্পানি নিয়ে তারা পশ্চিমবাংলায় ব্যবসা আরুভ করেছিল, এখন তারা সাধারণ মানুষের অর্থে লাল হয়ে গেছে। যে জায়গায় আগে ছিল ৫০ হাজার টাকা ক্যাপিটাল, আজ সেখানে ১ কোটির বেশি ক্যাপিট্যাল হয়ে গেছে। সেই কোম্পানি পশ্চিমবাংলা থেকে হে**ড** অফিস তলে নিয়ে যাচ্ছে। এখানে যেসমুহত কর্মচারী এবং শ্রমিক কাজ করে—তারা চাকরী-চ্যুত হয়ে যাবে। মন্ত্রীমহাশয়ের কাছে জানানো হয়েছে আমি জানি। তিনি কি স্টেপ নিয়েছেন এটা বন্ধ করার জন্য? আমাদের এখান থেকে লাভ করে কোম্পানি টাকা করল, তারপর তাদের সূর্বিধামত এখান থেকে কোম্পানি তুলে অন্য জায়গায় নিয়ে যাবে আর এখানকার সাধারণ মান্য বেকার হয়ে যাবে—এ জিনিসকে প্রশ্রয় দেবার পেছনে কি নীতি থাকতে পারে তা আমি জানি না। জানি না মন্ত্রীমহাশয় এটা রোধ করতে পারবেন কিনা? আমি অন্তত মুখামন্ত্রীমহাশয়ের কাছে এই অনুরোধ করব, তিনি যেন জয়েন্ট স্টক কোম্পানির রেজিস্টারকে এই নির্দেশ দেন যে, ফিলিপস কোম্পানি তাদের অফিস পশ্চিমবাংলা থেকে তলে নিয়ে যেতে পারবে না। শুখু ফিলিপুস কোম্পানি নয়, এইরকম বহু, কোম্পানি তাদের অফিস বাংলাদেশ থেকে তুলে নিয়ে ষাচ্ছে যার ফলে শ্রমিকদের উপর একটা বিরাট আঘাত পড়ছে। বড় বড় কথা আপনারা বলছেন। সোস্যালিন্টিক প্যাটার্ন ছেড়ে দিন। আপনারা যা আইন করতে পারেন সেটা কর্ন, আইনকে সংশোধন কর্ন যাতে শ্রমিকরা এতট্কুও স্বিধা পায়। তাতে শ্রমিকরা কৃতার্থ হবে। এর বেশি কিছু শ্রমিকরা প্রত্যাশা করে না অন্ততঃ আপনার মত মন্দ্রীর কাছ থেকে।

## Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা অত্যন্ত গ্রেপ্প্রণ শিল্পাঞ্চল সম্পর্কে এখানে আলোচনা করব। সেখানে সরকার কি শ্রমনীতি নিয়ে চলেছেন এবং তার পরিণাম কি ভয়াবহ হতে পারে সে সম্পর্কে আমি বলব। আমি আসানসোল সম্পর্কে বলছি। এটা লোহ এবং ইম্পাত শিল্পের জায়গা, কয়লা শিল্পের জায়গা। সেখানে প্রধানতঃ সরকার যে নাঁতি নিয়ে চলেছেন তাতে সেখানে একটা প্রশন উঠেছে যে, বৈধ টেড ইউনিয়ন করার অধিকার শ্রমিকদের আছে কিনা? সরকার যা চান এবং মালিকপক্ষ যা চান সেই ধরনের কাজ সেখানে হচ্ছে এবং তার জন্য সরকারের পর্কান এবং ইম্টার্ন রাইফেল্স বাহিনী ইত্যাদি যা কিছু দরকার তাই সেখানে প্রয়োগ করা হবে—এই হচ্ছে প্রশন। বার্নপর্ক সম্বন্ধে আমি আলোচনা করতে চাই। সেখানে দেখা গেছে যে, ১৯৫৩-৫৪ সালে যা উৎপাদন ছিল—সেখানে স্টীল প্রোডাকশন ছিল ৩ লক্ষ ৪৭ হাজার ৮ শ' ৬১ টন, সেটা ১৯৫৪-৫৫ সালে বেড়ে ৫ লক্ষ ২৮ হাজার ১ শ' ১৮ টন হয়েছে, পিগ্ আয়রনের উৎপাদন ছিল ৫ লক্ষ ৭৯ হাজার ৪৪০, সেটা বেড়ে '৭ লক্ষ ১৫ হাজার ৬০১ হয়েছে। লেসলি মার্টিন এক সভায় তাঁর চেয়ারম্যানের বক্ততার বলেছেন যে—

"The outstanding feature of the working results of your company for the year under review was the phenomenal production of steel which constitutes a record for the company. Given plant facilities and avaiability of raw materials production is of course governed primarily by the will to work on the part of labour and I am pleased to report that since the unfortunate events of 1953 there has been vast improvement in efficiency and effort on the part of workers."

[5-45—5-55 p.m.]

এর প্রক্রার কি পেয়েছেন সেটা দেখুন। সেটা হচ্ছে এই শ্রামকরা এই ধরনের কম্পাারাবেল ইন্ডাম্থ্রি যেখানে এবং ১৯৫৩ সালে যখন সমসত ট্যাক্সেশন, তারপর ডিবেণ্ডার ইন্টারেন্ট, সিংকিং ফান্ড এবং সমসত রকম বেনিফিট স্কীম ইত্যাদি বাদ দিয়ে নেট প্রফিট ছিল ৪৫ লক্ষ ৭৬ হাজার ৪২৮। ১৯৫৫ সালে বেড়ে ৬৪ লক্ষ ১১ হাজার ৪০৫। ১৯৫৫ সালে সেটা বেড়ে ২ কোটি ১০ লক্ষ ৬৯ হাজার ২০০। এইরকমভাবে যেখানে গ্রস প্রফিট সেখানে বেড়েছে ৩ কোটি ৪৫ লক্ষ সেটা অরও বেড়ে ৭ কোটি ৭০ লক্ষ ৭৬ হাজার ৪৫৬। এইরকমভাবে প্রফিট বেড়েছে সেখানে এরকম ধরনের ইন্ডাম্থ্রি নয়, এর চেয়ে কমপ্যারাবেল ইন্ডাম্থ্রিতে যখন তিন মাসের বোনাস পাওয়া যায়—সেখানে মাগ্র ২০ দিনের জায়গায় ১০ দিনের বোনাস দেওয়া হয়। তারপরে এইরকম একটা ইন্ডাম্থ্রি যেখানে দেখেছি কুলটি বিশেষ করে ফেড়িয়াঝাজারের পেছনে সেখানে যা হয়েছে সেটা কম্পনা করতে পারবেন না যে, এইরকম একটা কোম্পানি যারা এতখানি লাভ করে তাদের হাউসিং কন্ডিমন এত খারাপ এবং সেখনে বার বার বলা সত্ত্বেও এ সন্বন্ধে কোন ব্যবস্থা নেই। এ সন্পর্কে ইউনিয়নের অন্যতম ভাইস-প্রেসিডেন্ট তিনি একটি প্রন্ম করেছিলেন দিল্লীতে এবং সেই প্রশেনর উত্তরে সদার স্মরণ সিং তিনি বলেছেন, যদি

"The State Government's programme of industrial housing during the Second Five-Year Plan includes proposal for the construction of a number of tenements in this area to meet the housing requirements of the worker."

এবং আরেক জায়গায় তিনি উত্তরে বলেছেন

"We are always suggesting to the State Government to give priority to this work and we are encouraging them to take assistance, but, primarily after that, it is indicated to the State Government, the initiative lies with the State Government to utilise the assistance of loans and subsidies."

এখন এইরকম ধরনের কেন্দ্রীয় সরকার যেখানে বলছেন যে, রাজ্যসরকারের এই ব্যাপারে উদ্যোগ নিয়ে এইসমন্ত অণ্ডলে হাউসিং করা দরকার সেখানে কি উদ্যোগ নিয়েছেন সেটা আশা করি ভাল করে বলবেন। এখন এইসব ক্ষিছ্রই না করে অন্য একটা জিনিস যা করেছেন সেটা সব-চেয়ে মজার ব্যাপার, সেটা হচ্ছে এই যে, এইরকম ধর্নে যেখানে উৎপাদন ব্রিণ্ট্ হয়েছে সেখানে শ্রমিকদের সক্রিয় সহযোগিতা না থাকলে হতে পারে না। এবং ১৯৫৩ সালের পর থেকে যে এয়াকশন কমিটি গঠিত হয় সেই এয়াকশন কমিটির ভিতরেতে বার্নপরে ১৪ হাজার ৬০০ লেবারএর ভিতরেতে ১৩ হাজার লেবারই এই এয়াকশন কমিটিতে ছিল। সেই এয়াকশন

মিটি আজকে একটা লিগ্যাল ট্রেড ইউনিয়ন হিসেবে ইউনাইটেড আয়রন এয়াল দ্বীন ায়ার্কার্স ইউনিয়ন হিসেবে গঠিত হয়েছে এবং বার্নপারে এক্ষরিণ এর মধ্যে প্রায় ১০ হাজারের ্রপর মেম্বার হয়েছে এবং কুলটিতে ১৫ হাজারের মত মেম্বার হয়েছে. সেই জায়গায় এতগ**্রিল** যখানে মেম্বার রয়েছে তাদের সক্রিয় সহযোগিতা ছাড়া এইরকম জিনিস হতে পারে না। এখন সেই ১৯৫৩ সাল থেকে একটা যে জিদ মালিক তরফের রয়েছে যে শ্রমিকরা চাক না চাক , मुখात्न জनत्क ওদের ঘাড়ে বসাতে হবেই। এবং সেই প্রচেষ্টা আজও সেখানে চলছে। সে**খা**নে নানাদিক থেকে বার্থ হয়ে আজকে ইউনাইটেড আয়রণ এ্যান্ড দটীল ওয়ার্কারস ইউনিয়ন এই গ্রায়রন এ্যান্ড স্টীল যেখানে বার্নপারে এবং কুলটিতে ২৩ হাজারের মধ্যে ১৫ হাজার যেখানে গ্রলরেডি মেম্বার হয়ে রয়েছে সেথানে তারা ফাংশন করতে চাচ্ছে। সেথানে তাদের সর্ববাদী-দম্মত নেতা তাহের হোসেন, চন্দ্রশেথর মুখার্জি, পশ্পতি পাণ্ডে এবং চটুরাজ ইত্যাদি নেতা-দের গ্রেণ্ডার করা হয়েছে—৪ জনকে গ্রেণ্ডার করা হয়েছে পি. ডি. এ্যাক্টএ এবং অন্য কয়েক-জনকে বিভিন্ন ধারায় গ্রেণ্তার করে রাখা হয়েছে। কি কারণে গ্রেণ্ডার করা হয়েছে? এই-সমুহত সুর্যবাদীসমূমত নেতাদের গ্রেগ্তার করার অর্থ কি প্ররোচনামূলক নয় এবং এর ফলে র্যাদ সেখানে কোন ঘটনা ঘটে তখন এ'রা বলবেন কতকগুলি লোক শ্রমিকদের ফোমেন্ট করছেন। এদের গ্রেম্তার করা সত্ত্বেও সেখানে সঠিকভাবে কাজ চালানো হচ্ছে এবং অন্য দিক থেকে আরেকটি জিনিস মনে রাখা দরকার যে, ট্রাইব্যুনাল বসেছে এবং সেই ট্রাইব্যুনালএর কাজেরই জন্য তাহের হোসেন আসছিলেন কলকাতায় এবং পথে বর্ধমানে তাঁকে গ্রেণ্ডার করা হয় উধর্বতন কর্তৃপক্ষের আদেশে। আমি নিজে খবর নিয়েছি বার্নপূরে গিয়েছি. কুলচিতে গিয়েছি খবর পেয়েছি এখান থেকে ডি. আই, জি, এই ব্যাপারটা করছেন। আমি জিল্পাসা করব, কেন, কি উদ্দেশ্যে তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। এই জায়গায় একটা জিনিস মনে রাখা দরকার কি নীতি সেখানে চলেছে. বার্নপ্রের ইতিহাস এবং সমস্ত আসানসোলের ইতিহাস, সেটা হচ্ছে এই দীর্ঘদিন ধরে চলছে—সেখানে অশোক চ্যাটার্জি এবং মাম্পের কথা না বলে বার্ন প্ররের ইতিহাস বলা সম্ভব নয়-সেজনা বাধা হয়ে বলছি এরা সেখানে একটা গ্রুভামিব রাজন্ব, একটা টেররএর রাজন্ব করে তলেছে, এইসমুস্ত অঞ্চলকে ভিসিয়েটেড করে এবং নর্ম্যাল ট্রেড ইউনিয়ন লাইফ তাঁরা চালা করতে দেন নি। তার পরিণাম এইরকম ধরণের याता मात्रिनाति, यात्मत ठोका मिरस, এইतकम धतरात मान यरक, गर जारक त्वीवार प्राप्त रहा, তাঁরা যথন টাকা কম পান তখন তাঁরা মালিকদের বিরুদেধ নানারকম কাজ করেন তাও আমরা দেখেছি। কোলিয়ারি ফিল্ডএ এইবকম আমরা দেখেছি বলতে এখানে লঙ্জা হয় যে. মেদিনীপুরে ১৯৩৩ থেকে আরম্ভ করে ১৯৩৪ সালে ওয়াসটি এ্যান্ডার্সানী যুগে যিনি এস.পি. ছিলেন সেই জনসন হচ্ছে গিয়ে লেবার ওয়েলফেয়ার অফিসার, বেণ্গল কোল।

সংযক্তির নাম করে বিধানবাব, অনেক কথা বলেন যে, আমাদের এখানে লোহশিল্প আছে এবং বিহারের যদি লোহ এবং ইম্পাত-শিল্প আমে বাংলায় তাহলে তিনি সম্পদ গড়ে তুলবেন। কিন্তু তাঁকে বলি রাণীগঞ্জে যে সম্পদ আছে, সেই সম্পদের কি জিনিস পাচ্ছে সেখানকার অধিবাসী, বাংলার অধিবাসী। সেই সম্পদকে নিশ্যতে নিচ্ছে ঐ বিলাতী কোম্পানি। আমি জানি ১৯৫০ সাল থেকে আরম্ভ করে ১৯৫৪ সাল পর্যন্ত কম করে ১ কোটি ৭৭ লক্ষ টাকা সেই বেণ্গল কেম্পানি আমাদের সেখানে নিয়েছে। আগে তার ব্যবস্থা কর্ন তারপর অন্য জায়গা নিয়ে সম্পদ করবেন। কোন ক্ষমতা তাঁর নেই আমরা জানি। যেই চাঁফ লেবার ওয়েলফেয়ার অফিসার মেদিনীপুর ঠেগাল সেই এস-পি এবং তারই নির্দেশে জগদীশ পাণ্ডে এবং তারই নির্দেশে দেবেন সেন, তারই নির্দেশে আই এন-টি-ইউ-সিকে চলতে হয়। তারই ম্বারা এইসব হচ্ছে। এর আগে একজন বন্ধ: এইসমুহত দার্গ্যা-হার্গ্যামার কথা বর্লোছলেন। 'আমি তাঁকে স্বিনয়ে জিজ্ঞাসা করি, দেবেন সেনকে মেরেছিল সে কে এবং আই-এন-টি-ইউ-সির কোন গ্রুপ এবং সেইদিক থেকে নিজেরা মারামারি করছেন এবং নিজের সেখানে রীপ করেছেন আজকে তার ফল তোগ করছেন। সেইজনা আজকে প্রশ্ন উঠছে যে, কুলটি অঞ্চলে সেখানে ৫০০ মতন মজনুর, ৩৭টি ছাড়া আর সমস্ত মজ্ব এই ইউনিয়নএর মেশ্বার। আমরা বার বার একথা বলেছি, এস-ডি ওকে বলেছি আপুনি যদি সেখানে ৯০ পার্সেন্ট লোক আমাদের ভোট না দেয় যেরকমভাবে হাত ভুলে वलान, जिल्ला वलान, त्यत्रकमानात् वलान यित एना ना त्यत्र जाराल डेरेन्ड जान करत नित्त স্বাসব আমাদের ইউনিয়ন। কিন্তু তা সত্ত্বেও বার কিছু নেই সেই ৩৭টি লোক জোর করে গ্র-ভার সাহায্যে চালান হচ্ছে। ওখানে দেখা গেছে, কোলিয়ারি অণ্ডলে এই সমস্ত গ্র-ভার সর্ণারকে নিয়ে লীডার ফাইন্ড আউট করা হয়েছে এবং যথন ঐ অণ্ডলে শ্রমিক আন্দোলন হয় তখনই গ্রন্ডা ভাড়া দেয় কারা, এবং এইরকমভাবে যারা মনে করেন প্রিলশের বেয়নেট দিয়ে. সেখানে হাজার হাজার মজ্বর না চাইলেও জনকে রাখতে পারা যায় এবং তাঁরা ভূলে যান কি আগুন নিয়ে খেলা করছেন। কোন গুণ্ডার সেখানে সাধ্য নেই ২২-২৩ হাজার যেখানে শ্রমিক থাকে, যেখানে পাঠান, যেখানে শিথ, যেখানে বহ, বলশালী ব্যক্তি আছে সেখানে কারও সাধা নেই, দ্নিয়ার কোন গ্রন্ডার সাধা নেই এই সংঘবন্ধ শ্রমিকদের বিরুদ্ধে লড়তে পারে। আমি জানি ঐ শ্রমিক এলাকায় যেখানে লাখ লাখ কোলিয়ারি লেবার আছে সেখানে কারও সাধ্য নেই। আজকে দের্খোছ সেখানে আউটপ্টে বেড়েছে, এটা আমার কথা নয়, তাঁদেরই রিপোর্ট, অথচ আমরা দেখি যেখানে কস্ট পার টন ১৪ টাকা থেকে ১৫ টাকা সেখানে লেবারার-এর জন্য—যেখানে কোলিয়ারিতে লেবার কস্টই ৯০ পার্সেন্ট হওয়া উচিত সেখানে লেবার কদ্ট হচ্ছে মাত্র ৫ টাকা কয়েক আনা। ১৯৫১ সালে যা ছিল ১৯৫৪ সালেও ঠিক সেই লেবার কদ্ট রয়েছে। কেন এটা থাকে। আমরা দেখেছি বিধানবাব,র ঘনিষ্ঠ লোক জালান সাহেব তাঁর বন্ধ্র কোলিয়ারি রয়েছে, সেথানে এইরকম শ্রামিক আন্দোলন হয়, সেথানে ইউনিয়নএর নেতা মুরুলীধরকে মারা হয়। লালবাজারে আমাদের ইউনিয়নএর সেক্টোরী লালমোহন মাঝিকে মারা হয়েছে। কর্তাদন এইরকম চলবে? আমরা জানি, ১৯৩৮ সাল থেকে ঐ বামার-লরীর যখন কাগজের কল ছিল সেখানে আমারই সামনে আমাদেরই অন্যতম বন্ধই স্কুমার ব্যানার্জিকে লরী চাপা দিয়ে মারা হয়েছে। আমরা একটা পর একটা জীবন দিয়ে যাচ্ছি কিন্তু মনে রাথবেন এইরকম করে শৃধু গৃণ্ডার উপর দাঁড়িয়ে শৃধু পর্যলশের উপর ভরসা করে, শুধু মার্টিন বার্নের টাকার উপর ভরসা করে, বেণ্গল কোলএর টাকার উপর ভরসা করে যদি মনে করে থাকেন যে, আপনাদের এই রাজত্ব চালাতে পারবেন তাহ'লে আগনে নিয়ে খেলা করছেন।

# [5-55—6-5 p.m.]

র্যাদ প্রয়োজন হয় আমাদের হাজার জন মরবে এবং আমরা সেখানে মরব যাতে করে মাইন্স-এর মতন ওখানকার মজ্বেরা সব ত্যাগ করে। আমি ছোট একটা সিরামিক কারখানার ব্যাপার নিয়ে দেখেছি—আজকে অনেকথানি বড়াই করেন, ক্ষমতার স্পর্ধা করেন, কিন্তু আমি **एमरश्रंष्ट** विधानवात रक थिनि वाश्रित वीर्तामश्र किन्छु मात वीरतस्तत कार्ष्ट हे म्हरत्त भणन। সেখানে এই নিয়ে কথা হবার সময় ডিভিসনাল কমিশনার বি সরকার ছিলেন, বর্ধমানের জেলা ম্যাজিন্টেট ছিলেন, হোল ডিপার্টমেন্ট ছিল এবং সেখানে সমুহত জিনিস্টারই আলোচনা করা হয়েছে। এমন কি সেখানে রঞ্জিতবাব্ত স্বীকার করেছেন যে, এটা ন্যায়সজ্গত, যুক্তিসজ্গত এবং একটা জোর দিয়ে বললেন যে. আমি স্যার বীরেনের সঙ্গে আলাপ করে দেখব। কিন্তু তিনি যথন আলাপ করে কিছুই করতে পারলেন না তথন তিনিও ব্রুলেন এবং আমরাও ব্রুলাম মে, তার দৌড কতথানি। এই ডিপার্টমেন্টকে স্যার বীরেনের কাছে যেথানে ধমক থেতে হয় সেথানে এই ডিপার্টমেন্ট কাজ কি করতে পারে। অতএব আপনদের যদি মর্যাদা থাকে তাহলে সেইসব খোলসাভাবে বল্লন এবং তারপরেই আমরা বিচার করে নেব। সেদিক থেকে আজকে আমি এই হ'বিসয়ারি দিয়ে যাচ্ছি যে, বার্নপরের আগনে নিয়ে খেলা করছেন, কুলটিতে আগনে নিয়ে খেলা করছেন এবং সমগ্র আসানসোল ফিল্ডএ আগ্নুন নিয়ে খেলা করছেন। আপনারা ঠিক পথে চললে হয়ত আপনাদের অন্য বন্ধুরা সেখানে প্রতিষ্ঠিত হতে পরিত, কিন্তু সেসময় সেটা করবার সাধ্য হয় নি. সেজনো নিজেদের অন্ধনীতি এবং ভূলের জন্যে সমগ্র ঘটনা ক্রমে ক্রমে আপনাদের হাত থেকে বেরিয়ে এসেছে। আজ সেখানে মজ্বররা এমনভাবে দাঁড়িয়েছে যে. কোন একটা দলের কথায় তারা চলছে না, তারা এগিয়ে চলেছে নিজেদের বাঁচার দাবী নিয়ে। তারা কোন পথ পায় নি বলে সমুহত পথ আঁজকে তাদের কাছে বন্ধ হয়ে গেছে বলে নির্পায় হরে তারা আমাদের কাছে এসেছে। যখন তারা আমাদের কাছে এসেছে তখন আমরা জনপ্রাণ সর্বাস্ব দিয়ে তাদের রক্ষা করবার জনে। চেণ্টা করব এবং সেই জায়গায় যদি বিবেচনা করে না চলেন তাহলে তার পরিণাম ভয়ানক হবে। এবং সেখানে কার্ব্র সাধ্য নেই, কোন দালালের সাধ্য নেই যে, সে জিনিস থামায়। সেজন্য আপনারা আর একবার চিন্তা করুন যে, সেখানে আগুন জনালাবেন, कि জনালাবেন না এবং সেদিক থেকে চিন্তা করার প্রয়োজন আছে বলেষ্ট এটা নিয়ে বার বার করে আপনাদের বলছি। ১৯৫৩ সালে দেখছেন যে যেখানে আপনারা ৭টি বার্ন প্রের মজ্বরকে হত্যা করেছেন, দমদম ব্লেট চালিয়েছেন, টমিগান চালিয়েছেন, কিন্তু তা সত্ত্বেও সেখানে আপনারা মজ্বরের মের্দণ্ড ভাঙতে পারেন নি। ১৯৪৬ সালে কলকাতায় যখন রম্ভর্বাল চলেছে, হিন্দু-মুসলমানের দাখ্যা হচ্ছে, তখন সেইসময় প্রফেসার আবদুল বারির নেতৃত্বে যেখানে পাঠান, হিন্দুস্থানী মজুর এক হয়ে লড়াই করতে পারে সেখানে সেই মজুরের ঐক্যবোধকে আপনারা মনে রাখবেন। তারা সেখানে একটা ইতিহাস স্থিট করেছিল। অতএব আপনাদের কোন বিভেদ চলবে না, কোন অত্যাচার চলবে না এবং কোনরকম জ্লুম, জবর-দিহ্নততেও আপনারা তাদের হটাতে পারবেন না। সেজন্য একমার পথ যেটা আছে সেটা হচ্ছে সত্যিকারের ন্যায়বিচারের পথ অনুসরণ করা। আমি লেবার ডিপার্টমেন্ট বা লেবার মিনিস্টারকে ব্যক্তিগতভাবে বলছি না, কারণ দীর্ঘদিন থেকে আমি তাঁকে জানি এবং ব্যক্তিগতভাবে বহুদিনের তাঁর সাথে আমার পরিচয়। সেজন্য আজকে যেটা প্রয়োজন সেটা হচ্ছে যে, ব্টিশ আমলেও আমি দেখেছি যে, যখন একটা ডিপার্টমেন্ট যে নাকি নিজের ন্যায়নীতিকে বিবেচনায় মনে করে ঠিক এবং এটা হতে পারে না। কিল্ড সেখানে অন্ততঃপক্ষে রিজাইন করবার একটা ক্ষমতা ছিল। আমি দেখেছি বর্তমান মিনিস্টারদের কার্ব সেই মর্যাদাবোধ নেই যে, যেখানে তার নিজের ডিপার্টমেন্টের উপরে যদি অন্যায়ভাবে হস্তক্ষেপ হয় তাহলে সেখানে তাঁর ডিপার্টমেন্টাল প্রেসটিজ রক্ষা করবার জন্যে তিনি রিজাইন করেন না। কিন্তু সেইরকম মর্য্যাদাবোধ পর্যানতও আমরা হারিয়ে ফেলেছি। সেদিক থেকে আজকে সমগ্র গভর্নমেন্টের কাছে এই প্রশ্ন যে গভর্মেন্ট এইরকম ধরনের ঐ মার্টিন বার্ন, বেখ্যল কোল ইত্যাদির মুনাফার পাহারাদার হিসেবে সংগীণ নিয়ে সমস্ত ক্ষমতা নিয়ে তাঁরা সেখানে গিয়ে সেই ধরণের কাজ করবেন, না, বর্তমান অবস্থায় যেটাকু হওয়া সম্ভব, সেটাকু করবার মতন সংসাহস দেখাবেন?

সর্বশেষে আর একটা প্রশ্ন হচ্ছে ফিলিপস কোম্পানি সম্বন্ধে। কারণ এর আগে একটা জিনিস হয়েছে ফিলিপস কোম্পানির জিনিস থেকে বলে একটা বিশেষ তাৎপর্য নিয়ে আমি আপনাকে জিনিসটাকে দেখতে বলছি। সেই তাৎপর্য হচ্ছে এই যে, আমি লক্ষ্য করে দেখেছি যে, গত ২০ বছর ধরে যখন আমাদের দেশে প্রভিন্সিয়াল অটোর্নাম হল তখন থেকেই মালিক সম্প্রদায়রা এটা লক্ষ্য করেছেন যে চাই না চাই এইসমস্ত জায়গায় একটা প্রগ্রেসিভ লে জসলেশন হবে এবং তথন থেকেই ইন্ডাম্ট্রি ব্রটিশ প্রভিন্সএ যা হয়েছে, যেখানে আইনের বালাই নেই, সেইসব নেটিভ স্টেটসএ হতে লাগল। আবার এই স্টেটসগুলের ভেতরে যেথানে ডেমো-ক্র্যাটিক মূভমেন্ট যত দূর্বল সেখানে যাবার টেন্ডেন্সি ছিল। সেজনা বড় বড় কথা বলবার আগে এবং মধ্যবিত্তদের কাজ দেব ইত্যাদি বড় বড় কথা বলার আগে গভর্নমেন্টের তরফ থেকে অন্ততঃ এই জিনিস হওয়া উচিত যে কাজ আছে তাকে রক্ষা করা উচিত। কোন কোন উন্দেশ্যে যখন একটা কিছ্ব থাকার ভেতরেতে যেসমস্ত ইন্ডাস্ট্রি যেখানে করেছে, যেখান থেকে তারা সব কিছু আহরণ করেছে, তারা নিজের মুনাফা বৃদ্ধি করেছে, নিজের সম্পদ বৃদ্ধি করেছে, কিল্ডু সেই জায়গা ত্যাগ করে অন্য জায়গায় যাবার কোন অধিকার তাদের দেওয়া উচিত নয়। এই অধিকার যদি দেওয়া হয় তা হলে ক্রমে কল হবে এই যে, ভারতবর্ষের যেখানে যেখানে গণতান্ত্রিক আন্দোলনের অগ্রগতি হবে সেখান থেকে সমুস্ত শিল্পপতিরা শিল্পকে নিয়ে অনগ্রসর জায়গায় চলে যাবে। এবং তার ফলে হবে এই যে, ওদের রাখবার জন্যে নিজেদের সব দিক থেকে পশ্চাৎপদ হয়ে থাকতে হবে— গণতান্ত্রিক আন্দোলন হলে পরেও তাদের সেখানে রাখাটাই প্রশ্ন। অতএব সেদিক থেকে এটাকে গরেত্ব দিতে হবে, কারণ এটি একটা ঘটনা নয়—ইট ইজ এ ট্রেন্ড, একে যদি "টাইমলি চেক" না দেওয়া হয় তাহলে ইট উইল রট হ্যাভক।

#### Sj. Kali Mukheriee:

মাননীর সভাপাল মহাশয়, ৩২নং গ্রান্টে মাননীয় শ্রমমন্দ্রী তাঁর বায়বরান্দের যে দাবী উপস্থিত কর্ষেছেন, তার সমর্থনে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলব। শ্রমনীতি নির্ধানিক হয় এমন একটা বিচারের উপর—তাতে হাঁসও বাঁচে সোনার ডিমও পাওয়া যায়। হাঁস মেরে সব "স্বর্ণ ডিম্ব" নেব—এ উপাখ্যান আপনারা জানেন। কাজেই যথন শিল্পকে ধরংস করে

শ্রমিকদের উপকার বা মণ্গলের নামে কেউ কোন আন্দোলন করতে বান, হরতাল করেন, ও ঘোরতর অবস্থায় হিংসা প্রবৃত্তি নিয়ে কার্যকলাপ করেন, তথন সেথানে নিশ্চিতই শিলপ ধরংস হয়। সেথানে যে-কোন সরকার বা কোন গণতান্দিক সরকার তাঁর শ্রমনীতি এইভাবেই পরি-চালিত হবে যাতে শ্রমিকও বাঁচবে, শিলপও বাঁচবে অর্থাৎ হাঁসও বাঁচবে এবং রোজই সোনার ডিম দেবে। । এ ভয়েসঃ দলকে।

আমরা দেখেছি ১৯৫৫ সালের কয়েকটি ঘটনা আপনার সামনে পেশ করলে আপনি কিছু কিছু অবস্থার গ্রুত্ব ব্রুতে পারবেন। ৩৭টি কাঁচের কারথানা আছে; বাংলাদেশে বিশেষ করে হাওড়া অণ্ডলে বেশি। ২০টি কারথানায় অশ্ভূত রকমের বোনাসএর দাবিতে এবং হরতাল ও মারপিটের দর্ণ বংধ হয়ে যায়। 'লাস ওয়ার্কাসপএর কারথানার মালিকরা দেউলিয়া ঘোষণা করলেন। ফলে দেখা গেল ৭২০ জন বাংগালী শ্রমিক যারা সেখানে কাজ করত তারা বেকার হয়ে গেল। সেই কারখানা আর খুলল না। তারপর পোলার ফ্যানের কারখানায় দেড়শো লোক কাজ করত, বেহালায় ৪ মাসের বোনাসের দাবী ও মাইনে ১০০ পার্সেণ্ট বাড়াতে হবে—এই দাবীতে হরতাল হল। সবই ঐ লাল ঝান্ডার ব্যাপার। এই হরতালের ফল দাঁড়ালো সম্পূর্ণ-ভাবে কারখানাটি বন্ধ। এক বংসর হয়ে গেল দেড়শো শ্রমিক বেকার হয়ে পথে পথে ঘ্রছে।

তারপর ক্লাইড ফ্যান—আর একটা পাখার কারখানা—১১০টি লোক কাজ করে। দাবীর চোটে দে কারখানা একদম উঠে গেল। বংশা স্টীল কারখানার ৩২০ জন শ্রমিক কাজ করে, এদের বোনাসের দাবীর গ'্তোর মালিকের গণেশ উল্টে গেল। স্টীল প্রোডাক্ট্রস কারখানার ২৮০ জন শ্রমিক কাজ করেন। তাদের আন্দোলনের পথে সে কারখানাও বন্ধ হয়ে পড়ে আছে।

#### [6-5--6-15 p.m.]

আপনার সামনে বেশী হিসাব দিচ্ছি না, সময় কম। ১.৪০০ শ্রমিক এই হিসাবে বেকার হয়ে গেল এবং জীবনে আর ঐখানে কাজ পাবে না। কাজেই নীতি কি? নীতি কি এইরকম যে, এমন দাবি করতে হবে, এমন আন্দোলন করতে হবে, এমন অবস্থা আনতে হবে যাতে কার্থানা উঠে যায়, শিল্প উঠে যায়, দেশ জাহান্নমে যায় যাক, কিন্তু শ্রমিকদের হাত করবার অজ্বহাতে তাদের বেকার করে দেওয়া? আমি তাই বন্ধ,দের জিজ্ঞাসা করি যে, এই নীতির, এই প্রসেস এসন্ড প্রোসিডিওরএর পরিবর্তন তাঁদের পক্ষে সম্ভব কি না? আমরা দেখেছি ১৯৫৫ সালে ৩৪৭টা म्प्रोहेक रासुरहा। जात भारत भाग एक वनाया या वाबास स्मेर भाग एक आभारत या नम रासुरह তা হ'ল ২০ লক্ষ ৯৬ হাজার-প্রায় ২১ লক্ষ। মোটাম টি তার মধ্যে বড় হরতাল বলতে ব ঝি তটা। একটা জয়েন্ট স্টীমার কোম্পানি একটা টী গার্ডেন—দার্জিলং ও তরাইএর, আর একটা আমদের বন্ধ্য বিভৃতি ঘোষ মহাশয় যে বিষয় উপস্থাপিত করেছিলেন সেই বাউডিয়ার চটকলে হরতাল তিনি এখন এখানে নাই—তার কন্স্টিটিউর্মেন্সতে বাউড়িয়ায় তিনি খবে জােরগলায় বলেছেন ১২।১৩ দিন হরতাল চলেছে, শ্রমিকেরা ১৮০,০০০ দিন নন্ট করেছে বা ৬॥ লক্ষ টাকা রোজগার নন্ট করেছে। এই যে টাকাটা নন্ট করলে তার হিসাব আমি তাঁর কাছে চাইছি যে কেন তিনি ইন্সটিগেট করে—এইভাবে গরীব শ্রমিকদের ৬॥ লক্ষ টাকা নষ্ট করলেন? আমরা দেখেছি হরতালের ফল কি। বেষ্গাল মেরিনার্স স্ট্রাইকএ আমরা দেখেছি ৬০ লক্ষ চায়ের চেস্ট হেল্ড আপ হয়েছে—আমাদের বাংলার উত্তর অণ্ডল থেকে যে চা বিলাতে চালান যেত। তা খেকে একটা বিরাট আয় ভারত গভর্নমেন্ট পেয়ে থাকেন ; সেই ৬০ লক্ষ চেস্ট আটকে রেখেছিল এবং তা আসাম থেকে আসতে পারে নি। ফলে হল যে, আমরা শ্বে, যে ভারত গভর্নমেন্ট একটা বড় রেভিনিউ ৪৫ লক্ষ টাকা লক্ষে করলাম তা নয়, তা ছাড়া শ্রমিকেরা এবং অন্যান্যেরা কিভাবে ক্ষতিগ্রন্থত হয়েছে তা থোঁজ নিয়ে দেখেছি। সে হিসাব দিতে গেলে হাউসের টাইম যায়। আমরা দেখেছি যে, এক কাণপুরের হরতালে কি ঘোরতর অবস্থার স্ভিট করেছিল, আমরা দেখেছি তা। তাতে ম্যান-আওয়ার্স নণ্ট করেছে ১০ ৩ মিলিয়ন রুপ ইয়ার্ড ৪॥ কোর্টি গজ নঘ্ট হয়েছে, জাট ইয়ার্ডেজ নঘ্ট হয়েছে ৫০৮ মিলিয়ন—অর্থাৎ একটা হরতালে দেশের কিভাবেই ক্ষতি হয়েছে! এজন্য ত কর্নসিলিয়েশন মেসিনারী আছে, ট্রাইবানোলএর ব্যবস্থা আছে, সেইসব যে প্রসিডিওর রয়েছে সেটা এক্সন্সরেট না করে এই হরতাল করার শুধু বিপদ দেশের নয়, শ্রমিকের নয়, সমস্ত জাতিই বিপদগুস্ত হয়ে থাকে। আমরা দেখেছি কেন এরক্ষ

হয়। একটা ছোট হিসাব দিলে ব্রুবতে পারবেন আমাদের এখানে যাঁরা ইউনিয়ন পরিচালনা করেন, বিরোধী পক্ষের কথা বলছি, কি ধরণের ইউনিয়নে কি হয়েছে, কত ইউনিয়ন ক্যানসেল্ড হয়েছে তার হিসাব দিতে পারেন নি। ৩ বার করে ৬ মাস ধরে তাগিদ দেওয়া হয়। কমিউ-নিস্ট পার্টির যে ইউনিয়ন ১৯৫৪ সালে ক্যানসেল্ড হয়েছে ১৬টা বি-পি-টি-ইউ-সির যে ২৯টা তার হিসাব দিতে পারে নি। ১৯৫৫ সালে বি-পি-টি-ইউ-সির ইউনিয়ন ক্যানসেল্ড হুয়েছে যা তার মেন্বারশিপ ১৮৭,০০০। সুষ্ঠুভাবে ইউনিয়ন গঠন করে পরিচালনা করা— সেদিকে তাঁদের লক্ষ্য নাই। তা তাঁরা করতে পারেন না। ফলে হচ্ছে এই যে, ইউনিয়নগুলি রূপে নিচ্ছে শুধু স্ট্রাইক কমিটি রূপে, তা ছাড়া তাদের অনা রূপ থাকে না। তাই বলব শ্রমনীতি এইরক্মভাবে হবে, এই নীতিতে পরিচালনা করতে হবে, যাতে কারখানা বাঁচে, সারা দেশ সমর্থন করে, শ্রমিকদের মধ্পল হয়, শিল্পের উন্নতি হয়। আমাদের এই যে বাজেট—এই বাজেটের যে অংশ এখানে তোলা হয়েছে তার মোটাম:টি উদ্দেশ্য বহুলোকের প্রয়োজনে, তাদের মজ্গলের উন্দেশ্যে এই বাজেটের টাকা দেওয়া হয়। আমরা জানি আমাদের এখানে ফার্ক্টারতে কাজ করে ৬ লক্ষ ২০ হাজার, স্ল্যানটেশনএ ২ লক্ষ ৩৯ হাজার, আর কোল মাইন্সএ ২ লক্ষ ২০ হাজার। মোট ১০ লক্ষ ৮০ হাজার লোক কাজ করে। তা ছাড়া ল্যান্ডলেস লেবার সম্বন্ধেও বাজেটে প্রভিসন আছে, যদিও সে টাকা খরচ হয় না। তারাও প্রায় ২৮ লক্ষ<sub>।</sub> অর্থাৎ মোট দাঁডায় প্রায় ৪০ লক্ষ। এই এত লোকের ব্যাপার নিয়ে এ জিনিস তো যথেষ্ট নয়, ল' লেস লেবার এ্যান্ড ওয়ার্কিং ক্লাস মোট পশ্চিম বাংলার পপ্লেশনএর ১৫ পার্সেন্ট লোকএর শ্বারা উপকৃত হয়। এখানে আমি আপনাদের সামনে একটা হিসাব রাখছি যাতে এই পরিস্থিতি ভাল করে বোঝা যায়। একটা ইনভেম্টিগেশন করা হয়েছে, স্যাম্পল সার্ভে করা হয়েছে আই-এন-টি-ইউ-সির সেক্টোরিয়েট থেকে যে টোটাল আর্নিং অফ ফ্যাক্টরী ওয়ার্কার্স ২০০ টাকার নীচে যারা কাজ করে—তাদের ৫৩ কোটি ৫০ লক্ষ ৬১ হাজার টাকা। আর সেথানে याता काक करत এवर यार्मत कृत পেমেम्टे रमख्या इरस्टाइ जारमत २० भार्स्नम्टे नन-रवश्नानी, माठ ২৭ পার্সেন্ট বাংগালী কাজ করে। কারখানারও সাাম্পল সার্ভে করা হয়েছে—টিটাগড়, শ্রীরাম-পুর, খিদিরপুর ডক অণ্ডলে এবং কিছু কিছু বজ বজ অণ্ডলে—তাতে দেখেছি চটকল, ইঞ্জি-নিয়ারিং, ডক, ট্রান্সপোর্ট এ পার্সে ন্টেজ এই ধরণেরই দাঁড়ায়। অর্থাৎ ৭৩ পার্সেন্ট যারা আছে তাঁরা মোটামুটি ৪০ কোটি টাকা রোজগার করেন এবং এ'রা বাংলাদেশের বাহিরে বসতি করে। তারা রোজগারের ৩ ভাগের ১ ভাগ এখানে খরচ করে এবং রেস্ট এ্যামাউন্ট ২৭ ক্রোরস অফ রুপিজ অন্য স্টেটে চলে যায়। তার মধ্যে বিহারে যায় এ্যাবাউট ২০ ক্লোরস অফ রুপিজ— ২০ কোটি টাকা। তা হলে দাঁড়ায় এই যে বাংলাদেশে এত বড় বড় ইন্ডাম্মি থাকা সত্ত্বেও, বাংলা হাইলি ইন্ডা স্ট্রয়ালাইজ ড হওয়া সত্তেও এখানকার লোকেরা কাজ পায় না : তেমনি এখান থেকে যে টাকা আমদানী হয় তাও সব খরচ এখানে ক'রে উঠতে পারে না। আমরা আনএম লয়মেন্ট রেজিন্টেশনএর যে একটা খতিয়ান তাতে দেখি ১৭৩.৮১৫ জনকে কাজ দেওয়া সম্ভব হয়েছে ১৯৫৫তে। কিন্তু আনম্কিল্ড আর স্কিল্ড হিসাব করলে মোটামুটি বোঝা যায় যে, এখানকার লোক কত, অনা জায়গার লোক কত, এবং মোটাম টি বলা যায় আনম্পিল ড লেবার বাংলাদেশে পাওয়া যায় না। আমরা হিসাব করে দেখেছি ১৯৫১ সালে আনম্কিল্ড ৩১ হাজার কাজ পেলে সেমি-স্কিলড পেলে ৫ লক্ষ্ ১৯ হাজার আর ক্রারিক্যাল স্টাফ ১.৫৯১. তা কমতে কমতে দেশে আনম্কিলভ ৩ হাজার, ২ হাজার মাত্র সেমি-স্কিল্ড এবং ক্লারিক্যাল স্টাফ দাঁড়ায় ১,৬১৭; অর্থাৎ এম লয়মেন্ট অনেক কম হচ্ছে। এদিকে শ্রমন্ত্রী মহাশয় দৃষ্টি দিয়েছেন এবং সে সম্বন্ধে তিনি উল্লেখও করেছেন যে, এই পিরিয়ডএ কিছা কারথানাও বেড়েছে। কিন্তু এমম্লয়মেন্ট বাড়তে পারে নি। আগে ২,৯৩৫টা কারথানা ছিল, সেথানে ১৯৫৫ সালে ৩,১০৩টা হয়েছে অর্থাৎ ১৬৮টা কারখানা বেড়েছে। সে অন্পাতে এমণ্লয়মেন্ট পোজিশন কিছ্, ইম্প্রভ করছে না। তা ছাড়া আর একটা বিষয় উল্লেখ করতে চাই, যেটা অতাস্ত বেশী প্রয়োজনীয়। আমাদের ডিফারেন্সিয়াল ইকনমিক পজিশন তাতে বিশেষভাবে দেখা যায় —আমাদের এথানে মোটামুটি ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি। অর্থাৎ ১৬৮; ১৯৪৬ সালের যা তাকে যদি ১০০ ধরা যায় তা হলে সারা ভারতবর্ষের এ্যাভারেজ হয় ১৪৬ ৮। এতে বোঝা যায় আমাদের এখানে ন্যাশনাল ইনকাম বেড়েছে ১৮ পার্সেন্ট— সারা ভারতবর্ষে বেডেছে। এই আন্দাব্ধ যেহেতু আমাদের প্রোডাকসন সবচেয়ে বেশি তাই এ**ই** 

অন্মান হয়। বোধ হয় একটা জিনিস সবচেয়ে বিবেচনার এবং বেটার সম্বন্ধে প্রস্তাব গ্রহণ কয়া হয়েছে—সোসিয়ালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি—তার এই উদ্দেশ্য হ'ল যে

fundamental idea of democratic socialism is "that all wealth socially produced must in justice be equitably distributed".

এই হওয়া উচিত এখানে। এ সম্বন্ধে সামানা হিসাবে আপনাকে দেখালাম। আপনি চায়না ঘ্রের এসেছেন। আমি তাদের হিসাবপত্র দেখেছি। তাতে দেখছি ৬০ টাকা মাহিনা শ্রমিকদের নিম্নতম বেতন দেওয়া হয়। আর ১,২০০ টাকা সবচেয়ে উ'চুদের অর্থাৎ তাতে অনুপাত দাঁড়ায় ১ ঃ ২০। এ-আই-সি-সি ইকর্নামক রিভিউ, মার্চ ১৯৫৬, তাতে এই কথা বলা হয়েছে যে, আমাদের এখানে পার্বালক সেক্টরে লোয়েস্ট হচ্ছে রুপীজ ৫৫ এবং হাইয়েস্ট হচ্ছে রুপীজ ৪,০০০ এবং তার রেসিও দাঁড়ায় ১ ঃ ৭৩; আবার প্রাইভেট সেক্টরএ দেখছি—লোয়েস্ট দাঁড়ায় রুপীজ ৪৮—আর ম্যানেজিং ডাইরেক্টর্স—বিড্লাস. টাটাস, সিংঘানিয়াস, ডালমিয়াস, গ্লানটেশন ওনার্স প্রভৃতির আয় হচ্ছে রুপীজ ২৭,৬০০ পার মান্থ। উইথ এ্যামেনিটিজ দাঁড়ায় ১ ঃ ৬০০ —অর্থাৎ এই হিসাবে দাঁড়ায়—৬০০ টাইম্স।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about দ্বংশ্বাসপুর সাকেলের বিহারীচকে অতিরিক্ত নিকাশী পুল নির্মাণে অক্ষমতা। মন্দ্রীমহাশয় প্রশ্নের উত্তরে স্বীকার করছেন যে, প্রতি বংসর ছয় হাজার বিঘা জামির ফসল নন্ট হয়, জল নিকাশ স্ক্ত্বভাবে না হওয়ায়। তব্ ওখানে বার বার দ্ভিট আকর্ষণ করা সত্ত্বে অতিরিক্ত নিকাশী পুল নির্মাণে অস্বীকৃতি। উক্ত এলাকায় এই বংসরই প্রায় ২ লক্ষ্ক টাকার ফসল হানি হয়েছে।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about • মোহনখালি সার্কেলের বসন্তপ্র মৌজার কংসাবতী নদীতে সেচপ্রল নির্মাণে বার্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about চেতুয়া সার্কেলের গাদীঘাট মৌজায় (শীলাবতী নদী) সেচের প্ল নির্মাণে সরকারের টাল-বাহনা। জলাভাবে এখানের ১০-১২টি মৌজা প্রতি বংসর ক্ষতিগ্রস্ত হয়। এ বিষয়ে স্থানীয় জনসাধারণ মন্দ্রীমহাশয়ের জরুরী দুন্টি আকর্ষণ করেছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about সেচবাৰুশার প্রতি সরকারের অমার্জনীয় অপরাধ।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

### সেচ বিভাগের অপচয় নিবারণে অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about চেতুরা সার্কেলের মধ্যে গোমরাই খাল সংস্কার ও পলাশপাই খালে জ্লানিকাশের জন্য নিকাশী প্রল নির্মাণে বার্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about শলাটপা খালের উপর আমদহের প্ল নির্মাণে ব্যর্থতা। ৪-৫ বংসর এখানে প্ল নির্মাণের জন্য বিরাট খাল কাটিয়ে রাখা হয়েছে। এটি একটি সদর রাম্তা, ডাক চলাচল করে এবং বহু এলাকার মান্বের যাতায়াতের পথ। দীর্ঘ ৫ বংসরেও প্ল নির্মাণ হল না। এ বিষয়ে সরকার অমার্জনীয় বার্থতা দেখাচ্ছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about সেচব্যক্থার স্কার ক্ষার স্ক্র্ পরিকল্পনার অভাব।

8j. Proboth Dutt: Sir, I beg to move that the demand of Rs 4.65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII--Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about its policy and pernicious effects for want of proper irrigation schemes in Chhatna constituency of Bankura district.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of an embankment in mouja Bonpukuria within union Jamtara, police-station Chhatna, district Bankura, to divert rain-water for the cultivation of about 300 bighas of lands.

8]. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 4.65.63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Rania Khal within police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Bowali Khal from Bowali to Birlapur, within police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Kowrapukur Canal from Kowrapukur to Julpia within police-stations Tollygunge and Bishnupur, Instrict 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the canal from halt No. 2 to Thakurpukur by the side of Diamond Harbour Road within police-stations Bishnupur and Behala, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expendiure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about he failure of the Government to make drainage system for Kowrapukur masin within police-stations Behala, Tollygunge and Bishnupur, district 11-targanas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expendiure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to make drainage system for Charial basin within police-stations Budge Budge and Mohestolla, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expendiure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced y Rs. 100. I move this in order to raise a discussion about he failure of the Government to re-excavate the Akusha canal within olice-station Bishnupur, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expendiure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced v Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-executate Gadakhali Khal within policeation Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expending under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced v Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to construct a purea bridge over Gadakhali hal at village Gadakhali within police-station Budge Budge, district 4-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditre under Grant No. 10. Major Heads "XVII—Irrigation, etc." be reduced Rs. 100. I move this in order to raise a discussion about a failure of the Government to re-excavate the Burul Khal within policeation Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expendiire under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced Rs. 100. I move this in order to raise a discussion about e failure of the Government to re-excavate the Bahir Kunja Khal ithin police-station Budge Budge, district 14-Parganas.

- Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Raipur canal within police-station Budge Budge, district 24-Parganas.
- Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to excavate canal from Nabasan to Sontoshpur within police-stations Falta and Budge Budge, district 24-Parganas.
- Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to Poali Branch Khal of Gadakhali Khal within police-station Budge Budge, district 24-Parganas.
- 8]. Rameswar Panda: Sir, I beg to move that the demand of Rs. 4.65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about re-excavation of Kholachatia Khal in the Bhagawanpur thana of Midnapore.
- Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1.65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to erect a bridge over canal connecting Ultadanga Road and Ultadanga Main Road
- Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs 4.65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about non-inclusion of dramage schemes of different basins of the Contai subdivision, such as Contai, Dabda, Barachowka, etc.
- 8j. Narendra Nath Chosh: Sir, I beg to move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about re-excavation of the Kana-Darakeswar which flows through Khanakul.
- Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about re-excavation of the Amodar and the Tarajuli rivers in Goghat and Ghatal police-stations.
- Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Darakeswar Control Scheme which may irrigate the lands under Arambagh and Khanakul police-stations.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about minor irrigation schemes of Khanakul and Arambagh area.

8j. Nalini Kanta Haldar: Sir, I beg to move that the demand of Rs 4.65.63.000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to take a discussion about the failure of the Government to make any provision for improvement of the drainage system at Satpukur under policestation Mathurapur in 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of a major irrigation system for the district of 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Head "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of a sluice-gate at the mouth of the Charaganga Khal in manza Ghat-Bakultala, police-station Mathurapur, 24-Parganas.

Sj. Nagendra Dalui: Sir, 1 beg to move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to reise a discussion about

পশ্চিম বাংলায় ছোট ছোট সেচ পরিকল্পনা নেওয়া হইলে গ্রাম্যদেশের ক্ষেত্মজ্ব কাজ পেত, আর প্রচুর ফসলও বেড়ে যেত—কিন্তু সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দাসপুর থানার ৩নং ইউনিয়নের জলনিকাশী করা সরকারের উদাসীনতা ও অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ডেবরা থানায় ভষড়ার খাল সংস্কার করার জন্য ৭ লক্ষ ২২ হাজার ৫ শত ৬৭ টাকা পরিকল্পনা করিয়াছেন, অথচ কার্যকরী করা হইতেছে না। সরকার এ বিষয়ে আদৌ সচেতন নয়।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দাসপ্রে থানার ২নং ইনিয়নের পাশ দিয়ে যে শীলাবতী নদীর বাঁধ যে কালসাফাঁ মাঠকে ঘিরে রেখেছে, এই বাঁধ সংস্কার করিলে প্রায় ৭০-৮০ হাজার বিঘা জমিতে প্রতি বছর কৃষকরা নির্মামত ফসল তুলিতে পারিত,—সামান্য করেক হাজার টাকা থরচ করিলেই, অথচ সরকার এ বিষয়ে আদৌ সচেতন নয়। সরকারের বার্থাতা। Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মেদিনীপুর জেলার কেশপুর, দাসপুর, ও ঘাটাল থানায় বন্যা নিরোধ বন্ধ করায় সরকারের ব্যর্থতা।

8]. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সেচ বিভাগ হইতে অবিলন্দের গড়বেতা থানার চাঁপাখাল হইতে গড়বেতা থানার ৫নং ইউনিয়নের খড়িকাশ্বলি গ্রামের নিকট হইতে কুইলীবাদ, ধাদিকা প্রভৃতি মৌজার মধ্য দিয়া একটি খাল খনন করিতে হইবে এবং ঐ খাল খনন করিলে প্রায় ৬,০০০ বিঘা জমিতে জলসরবরাহ হইবে তন্মধ্যে প্রায় ৫০০ বিঘা পতিত জমি আবাদযোগ্য হইবে এবং ৩০০ বিঘা জমি দোফসলী হইবে। ৪ ও ৫নং ইউনিয়নের নিন্দোক্ত মৌজায় জল পাইবে—ভাটমারা, গোপাল-শোল, সাতসগেড়া, বিরসিংপ্র, বনকটৌ, রঘ্নাথপ্র, সানকিবাঁধ, বেড়াচাপা এবং ঐ খালের জল আর, এম, বোর্ডের ৬৪নং প্লে দিয়া চালিত করিবার পর কাকার বাঁধ, ধাদিকা রঘ্নাথপ্র, বড় ভূম্বিয়া, ছোট ধাদিকা, লধাস্লী, লালপ্র ও কোঙরপ্র মৌজায় জল পাইবে।

ইহা জর্রী সেচব্যবস্থা হিসাবে সরকারকে গ্রহণ করিতে হইবে নচেং তাহার ছোট সেচ পরিকল্পনার নীতি বার্থ বিলিয়া গণ্য হইবে।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about গড়বেতা থানার যেসব ডাণ্গা অঞ্চলে বৃষ্টির জল ছাড়া সেচের আর কোন ব্যবস্থা না থাকায় ঐ সব অঞ্চলে যেমন ১নং, ২নং, ১৯নং, ২০নং, ২১নং, ২২নং, ২০নং, ২৪নং, ২৫নং প্রভৃতি এলাকায় ছোট সেচব্যবস্থার জন্য বড় বড় ঢল বাঁধ করার প্রয়োজনীয়তা আছে; ইহা না করিলে ঐসব অঞ্চল কথনও নিয়মিতভাবে ফসল রক্ষা করা যাইবে না বা ফসল বৃদ্ধিও হইবে না। ইহা না করা অর্থে সরকারী সেচব্যবস্থার ব্যর্থতাই প্রকাশ পায়।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to vaise a discussion about গড়বেতা থানা ও কেশপ্র থানায় বহু ছোট ছোট থাল রহিয়াছে কিন্তু ঐ থালগ্লিতে বছরে সব সময়ে এমন জল থাকে না যাহার খ্বারা চাষের কাজ হইতে পারে। এই থানা দুটিতে প্রায় প্রতি বছরই বৃণ্ডির অভাবে ফসলের ক্ষতি হয়। সরকারী সেচ বিভাগের খ্বারা এই সব খালগ্লিতে বাঁধ না দিয়া ছোট ছোট সেচব্যবস্থা না করায় দেশের ফসলহানি হইয়া প্রচুর ক্ষতি হইতেছে। অথচ অতি সামান্য খরচে ছোট সেচব্যবস্থার মাধ্যমে বহু হাজার বিঘা পতিত জমিতে ফসল উৎপন্নও করা যায় এবং বৃণ্ডির অভাবে ষেসব জমির ফসল নণ্ড হয় তাহাও সেচের জলের খ্বারা রক্ষা করা যায়। সরকারের ছোট সেচ পরিকল্পনার যে নীতি আছে ইহা না করায় তা বার্ধ হইয়াছে।

8]. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 4.65.63,000 for expenditure under Grant No. 10. Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and practice of the department.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the urgent necessity of—

- (1) re-excavation of Jallabaj Khal and Radhapur Khal,
- (2) reconstruction of the Kataldaha bridge over the Nakole-Kataldaha Khal, and
- (3) construction of a sluice-gate on the Rupnarayan Left Embankment at the mouth of Deuli Khal in mauza Deuli,
- all in police-station Shyampur, district Howrah.
- Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 4.65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা অণ্ডলের ও পশ্চিমবংগ্যর অন্যান্য অণ্ডলের কৃষিকার্যের জন্য সেচব্যবস্থার উন্নয়নে পশ্চিমবংগ সরকারের বার্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মহেশতলা থানার মনিথালী থালটি সংস্কারের জন্য পশ্চিমবঙ্গ সরকার গত চারি বংসর যাবত পরিকল্পনা করিতেছেন। কিন্তু উহা কার্যকরী করিতে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of R: 4.65.67.000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

काँथि थानात काँथि, भगता ও आँउतार र्तामरनत जनानकारभत मृतावस्था ना कता।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about ভগবানপুর থানার অন্তর্গত দেড়িয়াদীঘি খাল খনন না করায় পুনঃ পুনঃ চাষের ক্ষতি ও ব্যবসার মাল সরবরাহে অত্যন্ত অসুবিধা।

- 8j. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to rais: a discussion about issue of notices for forcible payment of water-tax for the Mayurakshi Canal water at Ketugram police-station without supplying any water in due for irrigation.
- 8j Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 4.65.63.000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the irrigation schemes in the district of Howrah, specially about the Kendua and the Saraswati Schemes.

8j. Tarapada Bandopadhyay: Sir I beg move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and irregularities in supplying water from Mayurakshi canal and realisation of illegal rates.

Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by  $R_8 = 100$ . I move this in order to raise a discussion about water rate.

# 8j. Jnanendra Kumar Chaudhury:

মিঃ প্পীকার, স্যার, স্বর্ণরেখা নদীতে প্রায় প্রতি বংসর বন্যা হয়। এই সর্বনাশা বন্যায় আমাদের পশ্চিমবাংলার মেদিনীপুর জেলার নর্য়াট থানায় প্রতি বংসর ফসল নণ্ট হয়। রামনগর, এগরা, দাঁতন, মোহনপুর, গোপিবক্সভপুর, কেশিয়ারী, নয়াগ্রাম, সাঁকরাইল প্রভৃতি নর্য়টি থানায় প্রতি বংসর হওয়া ফসল, যে সময় ফসল কাটবার সময় হয়, অর্থাং ভাদ্র-আশ্বিন মাসে সমস্ত ফসল নণ্ট হয়ে য়য়; এবং তার ফলে সরকারকে ঐ অঞ্চলের অনেক জায়গায় রিলিফ দিতে হয়। এইজন্য আমরা অনেক দিন থেকে চেণ্টা করছি, এটার সম্পর্কে বাতে একটা স্মুষ্ঠ্যু পরিকল্পনা করে দ্বিভীয় পঞ্বার্যিকী পরিকল্পনার ভিতর চ্বাহিরে উর্লাত করা যায়। কিছ্দিন প্রের্থি উড়িয়ার জলেশ্বরে একটা সভা হয়েছিল, তাতে উড়িয়া গভর্নমেন্টএ যে খরচ হবে ঐ জলাধারের জন্য, তার ৡ অংশ বায় বহন করতে রাজী হয়েছিল। তারপর টাটা কোম্পানীর রিপ্রিজেন্টেটিভ এখানে এসেছিল, তাঁরাও ঐটার জন্য বায় বহন করতে চেয়েছিল। আমি অনুরোধ করবো মন্টামহোদয় এই পরিকল্পনাটি গ্রহণ কর্ন, এবং যাতে সেই পরিকল্পনা অনুসারে কংসাবতী নদীর জন্য যেমন পরিকল্পনা গ্রহণ করেছেন সেই রকম একটা পরিকল্পনা এখানেও কর্ন। তা করতে পারলে, অনেক জমি উখিত হবে এবং জনসাধারণের দ্বঃখ কণ্ট অনেক অংশে লাঘব হবে, এবং প্রতি বংসর যে ফসল নণ্ট হয়ে যায়, সেটা বন্ধ হবে; ও যেসমন্ত অনাবাদী জমিতে পরিণত হতে পারবে।

তারপর আমি বলছি—ঐ নদীর বর্ষায় অনেক জায়গার কোর্সা বদলে গিয়ে অনেক জায়গা ওয়াটার লগড হয়ে গিয়েছে। দাঁতন থানার ১নং, ২নং ইউনিয়নের ভিতরে সেই সমস্ত পড়ে। ঐ নদীটা যদি এই রকম করেন, যে রকমভাবে কংসাবতীর জন্য পরিকল্পনা করেছেন, সেই রকম-ভাবে যদি সূবর্ণরেখা নদীতে করেন, তাহলে অনেক বিঘা জমি উথিত হবে এবং প্রনরায় আবাদী হবে। এ বিষয়ে মন্দ্রীমহাশয় বলেছিলেন যে, তিনি চেণ্টা করবেন, কিন্তু এখনও পর্যন্ত এ সম্পর্কে কোন উল্লেখ দেখতে পাচ্ছি না। তাই বাধ্য হয়ে বলতে হচ্ছে।

তারপর পশ্চিমবাংলায় সবচেয়ে বড় দিঘী, ডাগ-আপ-পন্ড, সেটার নাম হচ্ছে 'সরাসংকা'। এটা পশ্চিমবাংলার সবচেয়ে বড় প্রুর দাঁতন থানার অন্তর্গত। বর্তমানে এটা নিশ্চয়ই সরকারের হাতে আছে। কারণ যতট্রু আমি জানি, এটা কখনও জমিদার রাখেন নি। এই বিরাট প্রুরটি লন্বায় প্রায় এক মাইল এবং প্রশ্বে প্রায় ৡ মাইল হবে: সেখানে যদি একটা জলাশার করেন, তাহলে ভাল হয়। ঐ প্রুরটির কয়েকটা জায়ণা ছাড়া প্রায় সব দিকেই খ্র উ'চু পাড় আছে, এখানে সামান্য মেরামত করলেই চলবে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে প্রে একটা সার্ভে করা হয়েছিল, তাতে তারা বলেছিলেন য়ে, এই প্রুরটা নিয়ে ঠিকভাবে কাজ করতে গেলে ২০ হাজার টাকা খরচ হবে, তার কমে হবে না, তাই এটা গ্রহণ করা হয়নি। তারপর আমি যখন জেলা বোডের মেছার ছিলাম ১৯৩০ সালে, তখন আর একটা পরিকাশনা করা হয়েছিল, তখন দেখা গেল য়ে, তাতে প্রায় ৭ লক্ষ টাকা খরচ হবে, কিন্তু জেলা বোডের সেই টাকা দেবার ক্ষমতা ছিল না বলে এই পরিকাশনা গ্রহণ করা হয় নি। আমার মতে এই পরিকাশনাটা এখন সরকারের গ্রহণ করা উচিত। এই 'সরসঙ্কা' প্রুরটি দাঁতন রেলওয়ে ভেশন থেকে মাত্র দেড় মাইল তফাতে। এই সরসঙ্কার পাড়ের ধার দিয়ে বদি একটা মন্তবড

রাস্তা নির্মাণ করা যায়, তাহলে সেখানে একটা কলোনী স্থাপন করা সম্ভব হবে। তারপর ঐ 
সায়গার জল ঢোকাবার জন্য যদি সেখানে একটা গেট করেন এবং জল বার করবার জন্য একটা
লাইজ গেটের ব্যবস্থা করেন তাহলে সেখান থেকে জল নিয়ে বহু বিঘা জমির আবাদ হতে
পারবে। অর্থাৎ যে সময় ব্লিটর জলের অভাব দেখা দেবে তথন ঐ জলাশয় থেকে জল নিয়ে
স্কামিতে দেওয়া যাবে এবং বহুল পরিমাণে ফসল উৎপন্ন হতে পারবে। আমি মল্টী মহাশয়কে
সন্বোধ করছি, তিনি স্বয়ং এটা একবার দেখে এসে, প্রয়োজন অন্যায়ী ব্যবস্থা অবলম্বন
সর্বন।

## Si. Nalini Kanta Haldar:

মাননীয় দ্পীকার মহাশয়, আমার কাট মোশন হচ্ছে তিনটা। প্রথম হচ্ছে—মথ্রোপ্র থানার মধ্যে সাতপ্রকুরের স্লুইসটা বহুদিন থেকে অকর্মণা হয়ে পড়ে আছে। কুলটীর ৩নং, ওনং, এনং স্লাইস গোট দিয়ে জল নিকাশ হয়, কিন্তু সম্প্রতি সেটা বন্ধ হয়ে যাওয়ায়, সেখানে তিনটা থানার চাষের খুব ক্ষতি হচ্ছে। এই স্লুইসগ্রিল পরিম্কার করবার জন্য একটা কিছু গ্রবন্থা করা দরকার: আর তা নাহলে স্লুইসটা তুলে অন্যত্র বসাতে হবে। আমার মতে ওথান থেকে তুলে, চার মাইল দ্বে চড়াগংগা খালের মুখে স্লুইস গেট তৈরী করা দরকার। এটা র্যাদ করা যায় তাহলে সেখানে ২২ হাজার বিঘা জমি চাষের উপযোগী হতে পারবে। আমার দ্বিতীয় কাট মোশন হচ্ছে—২৪-প্রগণা থেকে কোন বড় ইরিগেশন স্কীম এ পর্যস্ত নেওয়া হয় নি। প্রথম পঞ্চবাধিকী পরিকল্পনায় এখানকার ইরিগেশন সম্পর্কে কোন বাবস্থাই করা হয়নি ; যা কিছ্ব হয়েছে সেটা ড্রেনেজএর জন্য। সোনারপ্র ড্রেনেজ স্কীমএর জন্য যা কছ্বব্যবস্থা হয়েছে। ব্টিশের আমলে মগরা হাট ইরিগেশন এ্যান্ড ড্রেনেজ স্কীম একটা ্রেছিল বটে, এবং ইদানিং হরহাট্রঞ দকীম হয়েছে, কিন্তু হ্রলী নদীর জল গ্রীজ্মে লানা থাকায় তাতে ইরিগেশনএর কোন ফল পাওয়া যায় না। ২৪-পরগণা, এতবড় একটা জলা, যার একারেজ হচ্ছে প্রায় ৩৬ লক্ষ ১০ হাজার একর এবং তার কালটিভেবল এরিয়া ংচ্ছে ১৮ লক্ষ ৯৩ হাজার একর, ও কার্লাটভেবল ওয়েন্ট ল্যান্ড হচ্ছে ২ লক্ষ ১৮ হাজার ১২৩ একর অর্থাৎ কালটিভেটেড ল্যান্ড হচ্ছে ১৪ লক্ষ ৮২ হজার একর। এই মোট ২১ লক্ষ ১১ হাজার ৫২৩ কার্লাটভেবল একরএর মধ্যে মাত্র ৩৫ হাজার ২৮৩ একর হচ্ছে ইরিগেটেড এরিয়া। কাজেই এই ২৪-পবগণা জেলায় ইরিগেশনএর কত প্রয়োজন সেটা ব্ঝতে পারা शास्त्रह ।

# [3-50—4 p.m.]

তারপরে রেন ফল সন্বন্ধে—লান্ট ১৮৯০—১৯৫০ পর্যন্ত যে রেন ফল ন্ট্যাটিন্টিক আছে, 
গতে দেখা যায় ইয়ারস অব এবনরম্যালিটি ১১টা তার মধ্যে ফাড ইয়ারস হয়েছে ৭টা আর 
ফি ইয়ারস হয়েছে ৪টা—এই ৬০ বংসরের মধ্যে। এই ফাড ইয়ারসএর জন্য ড্রেনজএর ব্যবস্থা 
মাছে, কিন্তু ড্রট ইয়ারসএব জন্য জলের কোন ব্যবস্থা হয় নি। তার জন্য ধান একেবারে নন্ট 
য়ে। এমন কি যেসব নরমালে ইয়ারস তাতেও ইরিগেশনএর প্রয়োজন আছে। এই বিরাট 
এলাকার ২,১১১,৫২৩ একরের মধ্যে ট্-ক্রপ এরিয়া মান্ত ১১৮,৮০০ একর—বাকী সব এক 
ফসলা। ভাল ইরিগেশনএর ব্যবস্থা করলে সম্বত্ন এরিয়া দো-ফ্সলী হতে পারে।

২৪-পরগণায় বড় সেচ পরিকল্পনা নেওয়ায় অস্ন্বিধা আছে—হ্গলী নদীর জল লোনা বালে। ম্খ্যমন্ত্রী মহাশয়ের কাছে শ্নেছিলাম, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ফরারায় গণা ব্যারাজএর পরিকল্পনা নেওয়া হবে। সেই পরিকল্পনা কার্যে পরিণত হলে মেজর ইরিগেশন স্কীমএর স্বিধা হবে। এই গণা ব্যারাজ হলে হ্গলীতে যে আপল্যান্ড ওয়াটার শাওয়া যাবে তার চাপে. বর্তমানে বারাকপ্র পর্যন্ত যে লোনা জলের জোয়ার যায়, তা যেতে পারবে না। তাতে কলকাতার উপরে বা নীচে হ্গলী থেকে খাল কেটে দক্ষিণে অল্প ধরচে দীর্ঘ সেচের ব্যবস্থা হতে পারবে। এখন দেখছি ফরারা বাঁধ সেন্টাল গভর্নমেন্টের

হাতে। আমার অনুরোধ যে সেন্টাল গভর্নমেন্টের উপর চাপ দিয়ে যদি গণগা ব্যারাজ করে নিতে পারেন, তাহলে ২৪-পরগণা জেলার সপো সপো নদীয়া জেলারও সেচের উর্মাত হতে পারবে। যতদিন তা না হচ্ছে ততদিন অন্যরকম ইরিগেশনের যা ব্যবস্থা করতে পারা যায়টিউবওয়েল ইরিগেশন ইত্যাদি—তা করে নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

## Sj. Narendra Nath Chosh:

মিঃ স্পীকার, স্যার, ইরিগেশন সম্বন্ধে বলতে গিয়ে আগে আমাদের যে অন্তরের কথা ত বলছি।

প্রপীকার মহাশয়, আপনি নিশ্চয় জানেন, দামোদরের সর্বনাশা বন্যার ফলে গত ৫০ বংসর ধরে আমরা কি রকম দুর্দশা ভোগ করছি। তারপরে যখন দেখতে পেলাম, সরকার দামোদর নিয়ন্ত্রণ করছেন, তখন আমাদের মনে আশা জেগেছিল যে, দামোদরের যে সর্বনাশ আমরা পেরেছি, তার অভিশাপ থেকে রক্ষা আমরা এবার নিশ্চয় পাব। দামোদরের জন্য কোটি কোটি টাকা থরচ করা হচ্ছে, দামোদরের জলে হাজার হাজার মাইল সেচ পরিকল্পনা হচ্ছে, কিন্তু দেই দামোদরের জল থেকে মাত্র ১৮ হাজার একর জামতে জল পাবে আমাদের এই আরামবাগ মহকুমার।

## Mr. Speaker:

দামোদর ভ্যালির কথা ত এখানে নাই।

# 8j. Narendra Nath Chosh:

কিন্তু, স্যার, যেমন দামোদরের বান থেমে গিয়েছে, সেই সংগে সংগে আমাদের সমগ্র আরামবাগ মহকুমা একটা মর্ভুমিতে পরিণত হল। এ বছর সামান্য পাট ফসল যা হয়েছিলা, তা জলের অভাবে পচাতে পারে নি। মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানিয়ে পত্র দিয়েছিলাম যে, যদি সম্ভব হয় ত সঞ্চিত জল থেকে কিছ্ জল দিন, তাতে চায়ীরা পাট ভিজাক। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়েছিলেন যে, আমাদের এমন জল নেই যে সে জল ছেড়ে দিলে চাষীদের উপকার হবে। সে জল দামোদরের মধ্য দিয়েই চলে যাবে। কিন্তু যেহেতু মর্ভুমির মত অবস্থা হল আমাদের এই অঞ্চলের, তার জন্য বর্তমান সেচ পরিকল্পনাকে ক্রিটিসাইজ ন করে পারছি না। এইটাই আপনার কাছে নিবেদন।

মাননীয় মন্দ্রীমহাশায় জানিয়েছিলেন, ১৯৫৪ সালের এক প্রদেনর উত্তরে যে দ্বারকেশ্বর পরিকল্পনা কোরে আরামবাগ মহকুমার এবং খানাকুল খানার বিশেষ কোরে জল দেবার চেড়া করবেন। কিন্তু আশ্চর্যোর ব্যাপার যে: দ্বিতীয় পঞ্চবার্যিকী পরিকল্পনায় বা অন্য কোন পরিকল্পনায় সেটা খ'্জে পাচ্ছি না। তাহলে আমরা চিরকালই যে তিমিরে সেই তিমিরেই থাকব? এতদিন সর্বনাশা দামোদরের শ্লাবনে সব নন্ট হয়ে গেছে, এখন আবার দামোদরের জলা বন্ধ কোরে মর্ভুমির মত থাকবে? আমাদের কি কোন বাবস্থা এই সরকার করবেন না:

Mr. Speaker: Why are you raising all these points? The Hon'ble Minister will not be able to reply to them.

#### 8j. Narendra Nath Chosh:

মিঃ দ্পীকার, স্যার, দ্বিতীয় পশুবার্ষিকী পরিকল্পনায় বদি দ্বারকেশ্বর পরিকল্পনাকে স্থান দিতেন, তাহলে নিশ্চয়ই আমাুদের আরামবাগের স্মৃবিধা হত, এবং নিশ্চয় তার আওতার মধ্যে আমরা আসতে পারতাম। গোঘাট থানা এলাকায় আমোদর, তারাজ্মলি—এই দুটি পরিকল্পনা দ্বিতীয় পশুবার্যিকী পরিকল্পনায় গ্রহণ করা হবে শুনেছিলাম, কিন্তু আজকে তাঁর বস্থৃতায় সেই পরিকল্পনার কথা শ্নতে পেলাম না। সেখানে প্রায়্ন সাড়ে ছয় মাইল লন্বা ও দেড় মাইল চওড়া জায়গা জলাভূমি হয়ে রয়েছে, সেটা গোঘাট থানা এবং মেদিনীপুর জেলার

ঘাটাল থানায় অবিদ্থিত। সামান্য কয়েক লক্ষ টাকা খরচ করলে এই বিস্তৃত জলাভূমির জল নিকাশ হয়ে সোনার ফসল ফলবে; কিল্কু তারও আভাস পেলাম না। মিঃ স্পীকার, স্যার, যথন বড় বড় স্কীমগুলো হচ্ছে না, তথন ছোট খাট কয়েকটা স্কীম কোরে আরামবাগ এবং খানাকল থানা তথা সমগ্র আরামবাগ মহকুমকে বাঁচাবার চেণ্টা করা কর্তব্য। মিঃ স্পীকার, স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন যে, সমগ্র পুড়সুড়ো থানা এবং আরামবাগ থানার কয়েকটা ইউনিয়ন, যেমন—হারন খোলা ইউনিয়ন, আউড়ি ঘাট ইউনিয়ন, বালিপার ইউনিয়ন—এই সব ইউনিয়নের জমিতে ধান ফসল আদৌ হয় না। কিন্তু অদুভের পরিহাস যখন দামোদরের জল ছিল, তথন রবি ফসল হত, এখন মাঘ মাসেতেও প্রভূস্ভেল থানায় যেখানে লোক আলু চাষ করত সেই মাঘ মাসেতে সেচ দিতে পারে না এবং সংখ্য সংখ্য আলা চাষও হতে পারছে না। কাজে কাজেই সেখানকার লোকের কি রকম অবস্থা তা সহজে কম্পনা করতে পারেন। লক্ষ্ণ লক্ষ্ণ টাকা সেই অণ্ডলকে বাঁচাবার জন্য টেস্ট রিলিফে খরচ করতে হচ্ছে, সেই জন্য সাার, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীমহাশয়কে জানাই যে, ঐ সব অঞ্চলে ছোট ছোট সেচ পরিকল্পনা কতকগ্রেলা গ্রহণ কর্ন এবং তার স্বারা আমাদের ঐ অঞ্চলকে রক্ষা কর্ন। তা নাহলে আমাদের এই অঞ্চল প্রায় মর্ভূমিতে পরিণত হবার উপক্রম হয়েছে। সেই জন্য তাঁকে জানাই যে, কানা দ্বারকেশ্বরের সংস্কার করার চেষ্টা কর্ন। ভ্রুয়েড়া থেকে হলান পর্যত্ত নদার যদি সংস্কার করা হয়, তাহলে মনে হয় যেট্রকু জল দামোদর দিয়ে বেরিয়ে আসবে সেই জল দিয়ে নদীর দু পাশের চাষের কিছু কিছু উপকার হবে। এ বংসর সেই অগুলে বিভিন্ন বাঁধের জনা যে বাধা হয় তাতে জল পাওয়া যায় নি। কিছুদিন পূর্বে একটা গিজা পড়ে গিয়ে নদীর মুখ বন্ধ হয়ে গিয়েছে। সেই জনা ভূ'য়েড়া থেকে হেলান প্র্যুন্ত নদীর যদি সংস্কার করা হয়, তাহলে ঐ বিস্তৃত এলাকার প্রভৃত উন্নতি সাধন হয়। খানাক্ল ও আরামবাগের ক্ষুদ্র ক্ষুদ্র সেচ খালগ্রালি—আরোরা খাল সংস্কার এবং সালানপুর পর্যক্ত বাড়িয়ে দিন এবং তার সংস্কার কর্ন। আর ভোমরা খালের সংস্কার সাধন করার পর সেটাকে রতনপরে পর্যন্ত যদি বাড়িয়ে দেন, তাহ**লে সেই অঞ্লের** চাষীদের অনেক উপকার হবে। তাছাড়া সোনাটিকরী থেকে কেদারপুর পর্যন্ত এবং মইখন্ড থেকে গোবিন্দপুর একটি খাল এবং ফিগব্ট থেকে তাঁতিশাল পর্যত একটি খাল-এই রক্ম ছোট ছোট পরিকল্পনাগ লো যদি কার্যাকরীভাবে গ্রহণ করা হয় তাহলে এই অঞ্জের চাষীদের কিছা উপকার হতে পারবে। তাদের জানতে যে বালি রয়েছে, সেই বালি সরাতে না পারলে এবং ধান না হলেও ছোট ছেট খাল বিল দিয়ে যদি জল দিতে পারেন তাহলে ঐ অগুলে রবি ফসল গলে কতকটা অভাব আমবা প্রণ কবতে পারব। তা না হলে ঐ অঞ্লের প্রায় লক্ষাধিক কৃষি পরিবারের পক্ষে অম সংস্থান কবা আদৌ সম্ভবপর নয়। এ বিষয় আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি যে, তিনি যেন আরামবাগ মহকুমা সম্বন্ধে বিশেষ পরিকল্পনা কোরে আমাদেব জানিয়ে দেন এবং ওখানকার চাষীদের বাঁচাবার চেষ্টা করেন। এই কয়েকটি কথা বোলে আমি আমার বন্ধবা শেষ করছি।

[4-4-10 p.m.]

#### Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, মন্দ্রীমহাশয় যে বিরাট টাকার হিসাবে দিয়েছেন, তা দেখলে মনে হয় যে আমাদের দেশের, এই পশ্চিমবঙ্গের সকল রকম সমস্যা সমাধানের আর কিছুই বাকী নেই। এই যে একটা বিরাট টাকা আমাদের দেশে খরচ করা হচ্ছে—তার আগে বাংলালেশের সেচ বাবস্থা আগে কি ছিল এবং বর্তামানে কি আছে—সেটা আলোচনা করে দেখা বিশেষ প্রয়োজন। ইংরাজরা আসবার আগে আমাদের দেশে যে সেচ বাবস্থা ছিল তা জমিদারী প্রথা প্রবর্তনের পর এবং রেল লাইন আসবার পর একেবারে ধরুংস হয়ে গেল। তারপর ১৯৪৭ সালের পর থেকে আজ পর্যন্ত সেচ বাবস্থা এগিয়েছে—তার প্রাপ্রি তথ্য না দিলে বর্তামান অবস্থা ব্রা যাবে না। শাধ্ বিরাট একটা টাকার অঙক দিলেই সতাকার দোষ ব্রটি ধরা যার না। তিনি আবাদ্যোগ্য জমির একটা হিসাব দিয়েছেন, কিন্তু কত বংসর এতে লেগেছে—টিক সেই তথ্য তিনি দেন নাই। কত পতিত জমি আছে, কত পতিত জমি উন্ধার করা হয়েছে, তার

হিসাব দেন নি। তা ছাড়া মোটাম্টি তিনি বলেছেন যে এণ্টেট একুইজিশন হয়েছে—জমিদারী প্রথার উচ্ছেদ হয়েছে, কিন্তু আসল যে নীতি—ভূমির সঙ্গে সেচ ব্যবস্থা করা—সে কথা তার বক্ততার মধ্যে নেই। কৃষি ও সেচ হচ্ছে দেশের মূল সমস্যা—সে সমস্যা সমাধান হবে কি হবে না-তার ইঞ্চিত এই বাজেট বক্তুতার মধ্যে নেই। সরকার কাজ করেন নি-কোন কাজই হয় নি, একথা বলছি না, কিন্তু যেভাবে কাজ করছেন সেই কাজ সমালোচনার যোগ্য। ময় রাক্ষীতে কম্পালস্ত্রি কর ধার্য্য করেছেন—যার ফলে যাদের জলের প্রয়োজন নেই তাদের উপরও জোর করে কর আদায় করছেন। তাছাড়া সাড়ে ছয় টাকা বিঘা প্রতি কর আদায় করছেন-এমন সময় হবে যখন দশ টাকা পর্যশ্ত হবে। এর ফলে সাধারণ লোকের মধ্যে অস্পেতাষ দেখা যাচ্ছে। তাছাড়া এই কর খরচের উপর ধরা হচ্ছে কেন? মেনটিনেন্স কন্টএর উপর ধরা উচিত বলে আমি মনে করি এবং মেনটিনেন্স কণ্ট দেড় টাকা দু টাকার বেশী হয় না। তাছাড়া আর একটা জিনিষ লক্ষ্য করছি যে ময়্রাক্ষীর জন্য বাজেটে ১৯৫৫-৫৬ সালে ধার্য হয়েছিল ৯ লক্ষ ৭৫ হাজার টাকা—সংশোধিত বাজেটে ধরা হর্মেছিল—২১ লক্ষ টাকা। কিন্তু আমরা শ,নোছ যে ময়্রাক্ষী দ্বারা ২ লক্ষ একর জমি আবাদযোগ্য হয়েছে। ২ লক্ষ একর জমিতে ৬॥ টাকা রেটে জল দিয়ে ২১ লক্ষ টাকা হয় না। এখানে আরও বেশী জমিতে জল দিয়াছেন কিনা বুঝা যায় না। এর পর বংসর ধরেছেন ৪৬ লক্ষ ৫০ হাজার টাকা। যদি আমরা ধরে নি যে, ৬॥ টাকা হিসাবে নেবেন, তাহলে প্রায় ৭০১৫ লক্ষ একর জমি নিচ্ছেন। মন্ত্রীমহাশয় যা বলেছেন তাতে আরও বেশী জমি নেবেন কিনা সেটা ঠিক ব্রঝা যাচ্ছে না। আশা করি মন্ত্রীমহাশয় তার জবাব দেবেন। তা ছাড়া আমরা যেটা মনে করি, সরকার যেভাবে কাজ করছেন, সেটা কোন হিসাবে করছেন—ইংরাজ সরকার যে ধরণের কাজ করেছিল। সাম্রাজ্যবাদী শাসন বাবস্থা চালাবার জন্য অনেক পরিকল্পনা করেছিল--রেললাইন, টেলিগ্রাফ অনেক কিছ্ম করেছিল। তারা যে পথে গিয়েছিল আপনারাও সেই পথ অন্সরণ করে সেই পথেই চলেছেন; সেই সামাজাবাদের পথেই চলেছেন। সেই জন্য যে কথা আমরা বলি তা গ্রহণ করেন না— কার্য়োম স্বার্থকেই বাঁচিয়ে রাখতে চাচ্ছেন। এই ধনিক গোষ্ঠীর শোষণকে কায়েম করার জন্য অনেক ছোট ছোট সেচ ব্যাপারে দলীয় রাজনীতি প্রচার করছেন এবং এই ছোট ছোট পরিকল্পনা-গর্মিতে কংগ্রেস তাই করছেন। এইগ্রমি যাতে না হয় তার চেণ্টা মন্দ্রীমহাশয়ের করা । তবীৰ্ভ

এবার হাওড়া জেলার কথা বলি। হাওড়া জেলার মধ্যে দেখছি আমতা বেসিন নেওয়া হয়েছে। এই আমতা বেসিন ও কেদ্রা বেসিন এক কিনা জানি না।

# (The Hon'ble Ajoy Kumar Mukherji:

এই কেদুয়া পরিকল্পনা ও আমতা বেসিন একই।)

তা যদি হয়, তাহলে এটা স্থের কথা। যে কেদ্য়া পরিকল্পনার জন্য এতদিন লোকে আন্দোলন করে এসেছে। মল্ট্রীমহাশয় সেটাকে এই পরিকল্পনার মধ্যে গ্রহণ করেছেন—এটা নিশ্চয়ই আমরা সমর্থন করব। কিন্তু কেদ্য়া বেসিন ছাড়াও হাওড়ায় আরও সমস্যা আছে— তাজপ্র দকীম, হাওড়া ড্রেনেজ প্রভৃতি। তাজপ্র ড্রেনেজ ১৮৯৬ সালে হয়েছিল। সেটা এখন মরে যাছে- আশেপাশের জমি ধরংস হয়ে য়াছে। ফলে প্রত্যেক বংসরই বন্যা হছে। এটা ন্তন করে পরিকল্পনা না নিলে বহু লোকের অস্বিধা হছে এবং হবে। হাওড়া জেলায় ১৯ লক্ষ লোকের বাস— তার মধ্যে গ্রমেই ৬ লক্ষ গরীব চাষী, ভাগচাষী কৃষকের বাস। হাওড়ার ভূমির পরিমাণ ৬ লক্ষ ৩৬ হাজার বিঘা। এই জমিতে মাত্র ৫ মাসের থাওয়া হয়। এই ৫।৬ লক্ষ লোক—গরীব লোক থারা গ্রামে বাস করে তারা ধান চায করা থেকে আরম্ভ করে পাকা ধান কাটার সময় কিছু কাজ পায়। অন্য সময় তারা বসে থাকে। সেইজন্য হাওড়া জেলায় মজ্বের হাট বসে গিয়েছে। শত শত শ্বজন্ব কাজ পাছে না; রোজ আসছে, চলে যাছে— না থেয়ে দিনের পর দিন কাটাছে। হাওড়া ড্রেনেজ দ্বীম, সরন্বতী দ্বীম কার্যকরী হলে আর ৪ লক্ষ বিঘা জমি আবাদযোগ্য করা যেতে পারে এবং এই জমি আবাদযোগ্য হলে পর হাওড়ায় যেথানে পাঁচ মাসের খাবার হয়, সেখনে। অন্ততঃ পক্ষে আর তিন মাসের খাবার

বাড়ান যেতে পারে। এর ফলে এক দিকে যেমন সরকারের খাদ্য বৃন্ধি হবে, অন্য দিকে তেমনি ভাগচাষী গরীব চাষীদের সমস্যা সমাধান হতে পারে। এটা মসত বড় জিনিস। এই পরিকল্পনা যাতে গ্রহণ করতে পারেন মন্টামহোদয় সেদিকে লক্ষ রাখবেন। তা ছাড়া ছোট ছোট পরিকল্পনা, সেচ পরিকল্পনা, হাওড়ার মধ্যে নেওয়া যেতে পারে। অত্যন্ত দ্বংথের বিষয় হাওড়া জেলায় আজ পর্যন্ত এই রকম ছোট খাট সেচ পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা তা আমাদের জানা নেই। আমতা সদর সাবাভিভিসনে, উল্বেড়িয়া সাবাভিভিসনে অনেক পরিকল্পনা কার্যকরী করা যেতে পারে, এবং তার ভিতর দিয়ে দেশের মান্যকে খাওয়াবার বাবস্থা হতে পারে। আর একটা কথা—সরকার তরফ থেকে যে কথা বলা উচিত ছিল কিন্তু সে কথার উল্লেখ নেই। এখানে ন্তন করে অনেক সেচের বাবস্থা হচ্ছে—অনেক পরিকল্পনা হচ্ছে, সরকার তরফ থেকে এর মধ্যে যে দ্বাতি থাকে, সে কথার উল্লেখ এই বাজেট বস্তৃতার ভিতর নেই। এমন কি ভি, ভি, সি,র সংগ্য কেন্দ্রীয় সরকার, বাংলা সরকার ও বিহার সরকার জড়িত আছে। এই দানীতির কথা আপনার বাজেট বস্তৃতার উল্লেখ নাই। সে দিক থেকে বলছিলাম, ভি, ভি, সি,র সংগ্য কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবংগ সরকার জড়িত আছে।

তার মধ্যে বিহার সরকার আছেন। সেখানে অভিট রিপোর্টে দ্নীতির কথা আছে। আ ম উল্লেখ করে যাছি মাত্র। যালগাতির জন্য অধিক মূলা দেওয়া হয়েছে। বেহিসাবী খরচ করা হয়েছে। হিসাব না রেখে দ্রগাপরে মাটি কাটা হয়েছে। মাইখনে ইট তৈরী করা হয়েছে, তার হিসাব নেই। এমন যালগাতি কেনা হয়েছে, যা কাজে লাগে না। টেন্ডার না দিয়ে খ্নীমত কনট্রান্ট দেওয়া হছে, এগ্রিমেন্ট সই করা হয় নি কনট্রান্ট ছেড়ে দেওয়া হয়েছে, বেহিসাবী স্কীম করা হয়েছে, মেসিন কাজে লাগানো হয় না ইতাদি। তাঁর বক্তৃতার মধ্যে কোথায় কি চ্র্টি বিচ্যুতি আছে, কনট্রান্ট মারফত কোথায় কি কাজ হছে, সেগ্রিল স্পান্ট করে বলা উচিত ছিল এবং সেটা সকলে মিলে—শ্রেষ্ সরকার পক্ষের নয়—যাতে বন্ধ করা য়ায় তার ব্যবস্থা করা উচিত ছিল। যে সমসত দোষ হাটি, গাফিলতী, প্রভৃতি আছে, সেগ্রিল তাঁর আলোচনার মধ্যে বলা উচিত ছিল।

[4-10-4-20 p.m.]

# Sj. Nishapati Majhi:

স্পীকার মহাশয়, আজ ৪ কোটি ৬৫ লক্ষ ৬৩ হাজার টাকার যে বাজেট উপস্থিত করা হয়েছে, আমরা মনে করেছিলাম যে, এ বিষয়টা আলোচনা করবার জন্য মাননীয় সদস্যগণ এথানে উপস্থিত থাকবেন কিন্তু দেখছি যে অধিকাংশ আসনই শ্লা। আমরা এখানে আর একটা ভাল জিনিস দেখছি যে, ১৫৩টা ছাঁটাই প্রস্তাব আছে, তার মধ্যে ৭২টা প্রেসিডেন্সী স্কুরবন বিষয়ে আছে এবং মেদিনীপুর বাঁকুড়া সম্বন্ধে ৫৪টা, হুগুলী, হাওড়া সম্বন্ধে ১২টা, দামোদর সম্বন্ধে ১৫টা, বীরভূমের ভাগ্যে শূন্য। এরূপ অবস্থায় এক বন্ধ, এখানে বীরভূমের কথা বলেছেন, আমি তাঁকে সেজন্য ধন্যবাদ জানাচ্ছি। তবে তিনি সত্য ঘটনাটকে বলেন নি। [বিরোধী পক্ষ হতে তুমুল হটুগোল।] একবার নিতে কি জলকর দিতে হয়, দুবার নিতে কি দিতে হয়, তিন বার নিতে কি দিতে হয়। [হটগোল]। আর একটা জিনিস মাননীয় সদস্য মহোদয়দের আপনার মাধ্যমে জানাতে চাই--বীরভূম জেলার একটা শ্রী। এই এ্যাসেম্বলী গ্রহ থেকে বেড়িয়ে গিয়ে গঙ্গার ধার দিয়ে একেবারে বর্ধমানের ভেতর দিয়ে দামোদর দেখতে দেখতে ষাবো, দেখবো একটা বৃহৎ সেতু নিমিতি হয়েছে, সেখান থেকে দ্বৰ্গাপুৱে যেতে দেখবো দামোদর ভালির যোগাযোগ বাবস্থা, বৈদ্যুতিক শক্তি একটা মুস্তব্য ব্যাপার, এক একটা সতুস্ভ, চন্দ্রভাগার ভেতর দিয়ে সিউড়ি কাটিয়ে পাশ করে একেবারে ময়রাক্ষীর উপর একটা প্রকান্ড বাঁধ, কি বিরাট ব্যাপার, সেথান থেকে যদি যাই মাসাঞ্জোরে, মন ভরে উঠবে আনন্দে। এই সব বড় বড় দিকগ্রিল আমাদের বিরোধী বন্ধদের চোথে পড়বে না. সংগ নিয়ে গেলেও তাঁরা বিশ্বাস করবেন না, একটা কথা বলতে গিয়ে তাঁরা আর একটা কথা বলেন। [তুম্ল হটুগোল] এখানে আমি বীরভূমের একটা সমস্যা উপস্থিত করছি। আমি একটা চিঠি পড়ছি—"বোলপুর থানায় এই অঞ্চলের এলাকাভুক্ত গ্রামগর্মালর জমিতে কোপাই সাউথ মেন ক্যানেল হইতে গত

একবার জল দেওয়া মাসের মাঝামাঝি নাত সেচের 94 হারে জল দেওয়া সত্ত্বেও একরে একবারমাত্র ধার্য করিয়া নোটিস পাওয়ায় এই অণ্ডলের কৃষকগণ অত্যন্ত বিপন্ন বোধ করিতেছেন"—এখানে আমার বন্ধ, দুশু টাকা বলেছেন—"উৎপাদনের হার বিশেষরূপে বৃদ্ধি না পাওয়ায় উপরোক্ত হারে কর দিতে কৃষকগণ অক্ষমতা জানাইয়া যথাস্থানে আবেদন করিয়াছেন এবং কর্তপক্ষগণের নিকট প্রার্থনা করিয়াছেন যে একবারমাত্র জল নেওয়ার জন্য হারহারি জলকর দেওয়ার ব্যবস্থা করিয়া আমাদিগকে বিপদ্মন্ত কর্ম। এ অগুলের কৃষকগণের উপর কর আদায়ের জন্য সার্টিফিকেট জারীর ব্যবস্থা চলিতেছে। জনসাধারণ অত্যত বিপন্ন বোধ করিতেছেন এবং আতৃ কত হইয়া পড়িয়াছেন। আপনি এ বিষয়ে মাননীয় সেচ মন্ত্রীমহোদয়ের পহিত সাক্ষাৎ করিয়া উপরোক্ত বিষয় আলোচনা করিয়া যাহাতে আংশিক কর লইবার বাবস্থা হয় এবং যতাদন সুবোবদ্থা না হইতেছে ততাদন পর্যন্ত কর আদায়ের জন্য যেন সাটিফিকেট জারী না হয় তাহার বাবস্থা করিয়া এই অঞ্চলকে বিপন্মন্ত কর্ন।" আজ এই বিষয়ে ভালভাবে প্রচারিত হওয়া দরকার যে সেচ আইনের নিয়ম কান্যনের মধ্যে আছে ফসল তোলবার ১৫ দিন আগে সেচ বিভাগের কাছে আবেদন জানাবেন এবং সেচ বিভাগ সেটা বিচার করে দেখবেন, তদন্ত করে দেখবেন, ব্যবস্থা করবেন। যদি সেচ বিভাগের বিচারে তারা সন্তন্ট না হয় তাহলে বরাবর ডি, এম,এর কাছে তারা আবেদন জানাতে পারেন। আজ এ বিষয়ে জনসাধারণ ভালভাবে জানতে পারে নি। আমি সেইজন্য সেচ মন্ত্রীমহাশয়ের কাছে গিয়েছিলাম, তিনি অনুগ্রহ করে এ বিষয়ে বিবেচনা করে দেখবেন বলেছেন এবং যথোপয<del>়েঙ্</del>ত ব্যবস্থা করবেন বলেছেন। আজকে এইরূপ ছোট ছোট সমস্যা আমাদের সামনে উপস্থিত হওয়া স্বাভাবিক। আজু আনন্দ হয়, আমাদের সেচ মন্ত্রীমহাশয় একটা বড় পরিকল্পনা হাতে নিয়েছেন কংসাবতী জলাধার পরিকল্পনা। পশ্চিম বাংলায় মাত্র শতকরা ১৭ ভাগ জমিতে জলসেচ হত, আজ দেখানে ৩১ ভাগ জমিতে জলসেচ হতে চলেছে এবং আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর দেখবো যে. ৪৬ ভাগের কাছাকাছিতে আমরা উপস্থিত হয়েছি। আগামী পণ্ড-বার্ষিকী পরিকল্পনায় প্রায় ১৯ কোটি টাকা এই সেচ খাতে বায় হবে। কেন? এই জনাই যে এই কাজের উপর আমাদের কৃষির উয়তি এবং সমাজের উন্নতি নির্ভার করছে। পশ্চিম বাংলায় সাড়ে তিন কোটির কাছাকাছি ধানের ফসলের জমি ছিল, আজ সেই জমি প্রায় চার কোটির কাছাকাছি। আজ যদি তার অধেকি অংশেরও জল সেচের বাবস্থা হয়, মাটি সিক্ত করতে পারা যায়, তাহলে ফসল আমাদের প্রচুর বাড়বে। বীবভূমে এইরূপ ছয় লক্ষ বিঘা জমিতে ফসল বেড়েছে। আজ চাষীরা কর দিতে চায়, সরকারের এই মহান কার্যে সহযোগিতা করতে তার কোনর্প কাতর নয়। কিল্তু ছোট খাট এক একটা ঘটনাকে নিয়ে কোন কোন বক্তা নিজেদের দল গঠন করবার জন্য চীংকার করেন, এমন কি জলসেচের সময়ে তাঁবা নিজেবা সামনে দাঁড়িয়ে তাদের নিজেদের স্বিধা করে নেয়। এগ্রিল সমাজ উন্নয়ন কাজে, কৃষি উন্নয়ন কাজে, ব ন্তনভাবে অগ্রসর হবার কাজে সহায়ক নয়। আজকে এ বিষয়ে আমার এখানে কিছ, বল উচিত নয়, কিন্ত আমরা দেখছি যে এ বিষয়টাকে আজকে সকলে মনেপ্রাণে গ্রহণ করেছেন সকলেই আজ এই মহান কার্যে অগ্রসর হচ্ছেন এবং আশা করি যে আমাদের কৃষির উন্নতিং ম্বারা ন্তন সমাজ জীবন গড়ে উঠবে। সমাজে নূতন দুফিটভংগী দেখা দেবে। আমর সেকথা ভালভাবে বিবেচনা করে এই জলসেচের কাজকে সর্বান্তকরণে কার্য্যকরী করবার দিবে এগিয়ে যাবো।

স্পীকার মহাশয়, আর একটা ছোট খাট সমস্যা দেখিয়ে দিই, যেমন কানেলের জল—যঞ্জ খুব জল টানের সময় ফাল্গুন, চৈত্র, বৈশাখ মাসে, তখন চাষীরা পর্যাপত পরিমাণে জল পায় না যদি আমরা সেচ আইন সংশোধন করি এবং যদি আমরা সর্বদল এক মত হতে পারি তাহলে মনে হয় আগেকার দিনে যেমন এক একটা স্থানে খাল, বিল, প্রুর, জলাশয় তৈর হত এবং সেই জল নিয়ে তারা বারমাস্ফ্রিসল ফলাবার চেণ্টা করতো.

একই জামতে ২।৩ বার ফসল উৎপন্ন করত। আমরা তেমন করতে পরবো। আজকে দেং বাবে ক্যানেলের মুখ যদি এক জারগার খুলে দেয়, নীচে জল ভেসে চলে বার এবং এতে অনে ক্ষতি হয়। আমরা যদি সকলে ঐকাবন্ধ হয়ে সমবার সমিতির মাধ্যমে একটা ছোট নালা বের ক দিতে পারি, তাহলে সেই জল চাষীরা স্বচ্ছন্দে নিতে পারে। এবং আরও বিজ্ঞানসম্মত উপারে যেথানে আথের চাষ হচ্ছে, সেখানে যদি পাদপ সেট বসাতে পারি তাহলে আরও উন্নতি করতে পারি। তারপর আমাদের মাননীয় সেচমন্দ্রী শ্রীঅজয় মুখাজীমহাশয় কংসাবতী জলাধারের পরিকল্পনা গ্রহণ করেছেন, তার জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। শুধু এই কাজের জন্য নয় আরও তিনি যেসমন্দত ছোট ছোট বহু পরিকল্পনা গ্রহণ করেছেন এবং বহু লক্ষ লক্ষ্টাকা বায় করেছেন এবং আগামী পাঁচ বংসরে ১৯ কোটি টাকা থরচ হবে এজন্য সতি্য আমাদের আনন্দ হচ্ছে। আমি স্বান্তকরণে তাঁর এই বাজেটের টাকা সমর্থন জানাচ্ছ।

[4-20-4-30 p.m.]

# Sj. Dhananjoy Kar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দৃঃথের সহিত আমি আজ সেচথাতে সমালোচনা করতে দাঁডিয়েছি। তার কারণ হচ্ছে, গোপিবল্লভপার, নয়াবসান, সাঁকরাইল, এই তিনটি থানা বরাবরই বলে এসেছি, পাঁচ বছর ধরে বলছি যে খুব শুকনো জায়গা এবং সেখানে সেচের কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। আগামী পাঁচ বছরের পরিকল্পনার মধ্যেও একটি সেচ ব্যবস্থাও এই তিন থানার মধ্যে দেখতে পাচ্ছি না। কিন্তু এখানে দেখছি কংসাবতী পরিকম্পনা আপান নিচ্ছেন। কংসাবতীর জল যে সমুহত জায়গায় যাবে সেখানেও ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনা আপনি নিচ্ছেন। কিন্তু কংসাবতীর জল গোপীবল্লভপ্রে, সাঁকরাইল, নয়াবসান থানায় কোন প্রকারে যাবার সম্ভাবনা নাই। সেজনা আমি আপনাকে অনুরোধ করবো যাতে ক্ষুদ্র সেচ পরিকল্পনা ঐ তিন থানার মধ্যে নিতে পারেন, তাহলে ওখানকার হাজার হাজার লোকের উপকার হবে। তা নাহলে প্রত্যেক বছর তাদের চাযের ক্ষতি হচ্ছে এবং ফসলের ক্ষতি হচ্ছে, শুধু জলের অভাবের জনা। সূরণরেখার দক্ষিনাংশ অতানত উর্বর জায়গা কিন্তু ময়্রভঞ্জের সীমা সূরণরেখার এই এক মাইলের পর থেকে অত্যন্ত উ'চু। সেই সমস্ত জায়গা থেকে অনেকগ্রলি থাল সূবর্ণরেখায় এসে পড়েছে। সেই উ'চু ভায়গা থেকে জ্বুগলের ভেতর দিয়ে ঘাসের ভিতর দিয়ে নিন্দের এই জায়গাগলি প্রত্যেক বছর বালি চাপা করে দিচ্ছে এবং শত শত বিঘা উর্বর জমি বালি চাপা হয়ে নষ্ট হয়ে যাছে। যদি সেই খালগলে বাঁধ দিয়ে দেওয়া হয় ভাহলে ময়ুরভঞ্জের বর্ডারএ আমাদের বাংলাব সমস্ত অঞ্চল সেচ কার্যের দ্বারা উপকৃত হবে। তেমনি দক্ষিণাণ্ডলেও আমাদের স্বেণারেখা পর্যাত সমসত উর্বার জাম জায়গাগনলৈতে সেচের কাজ কিছু, হবে এবং বালি চাপা থেকে রক্ষা হবে। কিছুদিন আগে একটা প্রশ্ন করেছিলাম যে ঝিমি খালের কত বিঘা জমি বালি চাপা পড়েছে? তাতে মন্ত্রীমহাশয় স্বীকার করেছিলেন এবং বলেছিলেন ৮ শো বিঘা জমি। এইরকমভাবে শত শত বিঘা জমি ঝিমি, বাগদিয়া, সীতা খাল, কালনাগিনী এইর প কতকগুলি খালের দ্বারা প্রত্যেক বছর বালি চাপা পড়ে যাছে। সেজন্য আমি মাননীয় সেচমন্ত্রী-মহাশয়কে অনুরোধ করবে, ঝিমি, বাগদিয়া, সীতা খাল, গোপীবল্লভপুরে যে কয়টি আছে কালনাগিনী, উড়া ভাগ্গা, রাখ্গিয়া, মুড়োলি এই খালগুলিতে তিনি যেন সেচের ব্যবস্থা করেন। তাহলে হাজার হাজার বিঘা জমিতে জল সেচের বাবস্থা হতে পারে।

আর একটা কথা বলবা, দ্বিতীয় পঞ্চবার্যিকী পরিকল্পনাতে দোলং নদীকে বাঁধার পরিকল্পনা তিনি নিয়েছেন। কিন্তু এখানে দেখতে পাচ্ছি দোলংএর নামগন্ধও নেই। যদি এই দোলং বে'ধে আজকে সেচের বাবস্থা করতেন, দোলংএর দক্ষিণাংশ সুবর্ণরেথা পর্যন্ত গোপীবল্পভপুর এবং সাঁকরাইলের বহু হাজার বিঘা জমিতে জল সেচের কাজ হতে পারতো। আর একটা কথা বলবো, সুবর্ণরেখা বন্যার—অবশ্য ২ ।৩ বংসর হল হয় নি—এই সুবর্ণরেখার দুই ধার দিয়ে হাজার হাজার বিঘা জমিতে ফসল নন্ট করে দিছে। যদি সুবর্ণরেখার উপর বাঁধ নির্মাণ করেন, তাহলে সেচের কাজ ভালভাবে হতে পারতো। এবং হাজার হাজার বিঘা জমি বালি চাপা থেকে রক্ষা হোত। আমি অন্রোধ করবো উড়িষ্যা সরকারের প্রতিনিধি নিয়ে, বিহারের টাটার প্রতিনিধি নিয়ে এবং বাংলার এম. পি, এবং এম. এল. এ,দের নিয়ে একটা সিন্ধান্ত করা হয়েছিল, যদি বাংলা, বিহার এবং উড়িষ্যা গভর্নমেন্ট সুবর্ণরেখার উপর বাঁধ নির্মাণ করতেন, তাহলে বিহার এবং

উড়িষ্যা গভর্নমেন্ট তাদের যথাসাধ্য চেন্টা করবেন বলে জানিরেছিলেন। কিন্তু আমাদের সেং বিভাগের মন্দ্রী মহাশয় এতে কোন সহযোগিতা করতে রাজী নন। তিনি বলেছিলেন, তার বাদ করতে প্রস্তুত হন. তাহলে বাংলার যেটা ন্যাষ্য শেয়ার সেটা তারা দিতে পারেন। আমি তাঁকে বলতে চাই যে, প্রতি বংসর হাজার হাজার বিঘা জমির ক্ষতি হচ্ছে, গৃহ, ফসল ধরুসে হয়ে যাছে, সরকারকে তার জন্য টেন্ট রিলিফএর ব্যবস্থা করতে হচ্ছে, লোন দিতে হচ্ছে কিন্তু যাদ স্ব্র্বরেথার উপর একটা বাঁধ নির্মাণ করতেন তাহলে এই সব সাহাষ্য করতে হত না। সেজন্য আমি তাঁকে অনুরোধ করবো যাতে তিনি এদিকে দুটি দেন। তারপরে আর একটা কথা সেচ মন্দ্রী মহাশয়কে বলবো। আশ্রই-ধর্মপুরে বাঁধ যেটা নির্মাণ হচ্ছে, তাতে অনেক লোকের জমি জায়গা নেওয়া হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত তাদের কোন ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা হয় নি। এ বিষয়ে মাননীয় মন্দ্রীমহাশয় যে প্রতিশ্রুতি আমার প্রশোভরের সময় দিয়েছিলেন যে তাড়াতাড়ি ক্ষতিপূরণ দেওয়া হবে, সেটা রাখবেন আশা করি। ক্ষুত্র ক্ষুত্র সেচ পরিকল্পনা নেওয়ার জন্য তাঁকে অনুরোধ করছি। একটা হছে আধারী থেকে কাটা খাল, এটা প্রায় দু মাইল হবে এবং এতে অনেক গ্রাম ও জমির ক্সল বন্যা হতে রক্ষা পাবে। তারপর নরস্কুদর থেকে মলান, নয়ান্হামের মধ্যে এতে অনেক জায়গা এবং ফসল রক্ষা পাবে।

# [4-30-4-40 p.m.]

একটা হচ্ছে আকড়া থেকে কাটপুর, দেড়-দু মাইল বাঁধ হলে অনেক গ্রাম রক্ষা পাবে, হাজার হাজার বিঘা জামির ফসল রক্ষা পাবে। তা না হলে বন্যার জল সেই সব জামির উপরে গিয়ে ফসল নণ্ট করবে। নবাবপুর-নয়াগ্রাম প্রভৃতি জায়গার হাজার হাজার বিঘা জামির ফসল নণ্ট হচ্ছেপ্রতি বছর এই বন্যার জলো।

আর একটা ডাহি-নয়াগ্রামের কাছ থেকে কমলাপুর-কুয়ারপুর পর্য'লত একটা বাঁধ দেড়-দু-আড়াই মাইল হবে, এই কয়টি বাঁধ যদি ঠিকভাবে বে'ধে দেওয়া যায়, তাহলে দশ হাজার থেকে বার হাজার বিঘা জিম বাল, চাপা ও ফসল নডের হাত থেকে রক্ষা পাবে। মাননীয় মন্ত্রীমহাশয় একট্ব বিবেচনা করে দেখুন, এবং যদি অনুসন্ধান করে দেখেন, তাহলে দেখবেন আজ আমি যে কথাগুলি বলছি সবই সতাি, কোন কথা অতিরঞ্জিত বলছি না। আমি মন্ত্রীমহাশয়কে এ বিষয়ে বিবেচনা করে দেখতে বলবাে। তিনি ভাল করে বিবেচনা করে দেখুন।

শেষ মৃহ্তে বলতে চাই—যে খালগানির কথা বললাম সেগালির যদি বাঁধ হয়, তাহলে এক দিকে যেমন বাল, চাপার হাত থেকে হাজার হাজর বিঘা জমি রক্ষা পাবে, তেমনি আবার অনাদিকে অনেক অনাবাদী ডাহি, হাজার হাজার বিঘা অনুব্র জমি জল পাবে, জলসেচ দ্বারা সেগালি ভাল জমিতে পরিগত হবে। এক নদ্বর থেকে পাঁচ নদ্বর ইউনিয়ন পর্যদ্ত ১৬।১৭ মাইল এলাকা সমদ্তই বর্তমানে ডাহি, সেই জমিগালি জল পাবে। এ বিষয়ে প্নরায় মন্ত্রীমহাশয়ের দ্লিট আকর্ষণ করছি।

#### 8]. Sasabindu Bera:

মিন্টার স্পীকার, স্যার, আমি হাওড়া জেলার দক্ষিণ অংশে বিশেষ করে শ্যামপ্র থানার সেচ ব্যবস্থা সম্বন্ধে এবং জলনিকাশ সম্বন্ধে আলোচনা করবো। হাওড়া জেলার দক্ষিণ অগুলে শ্যামপ্র থানার দ্ব পাশ দিয়ে র পনারায়ণ ও হ্গলী এবং মাঝখানে দিয়ে দামোদর প্রবাহিত। সেই জন্য এথানকার স্বাভাবিক সেচ ব্যবস্থা এবং স্বাভাবিক জল নিকাশের ব্যবস্থা থাকার দর্ন এই অপ্তলে ভাল ফসল হতে পারে। সেই জন্য এথানকার পলিমাটি ও জমির উর্বরা শক্তি থাকার জন্য এই অপ্তলকে হাওড়া জেলার গ্রেনারী বলে আখ্যাত করা হয়েছে। কিন্তু বর্তমানে এখানকার সেচ ব্যবস্থার অপ্রত্নতার জন্য সেই স্নাম চলে গেছে। এই বংসর ও আর বংসর সেখানে আশান্বর্প ফসল হয় নাই। সাধারণ গড়পড়তা ফসল যা আশা করা য়য়, তার চেয়েও কম

হয়েছে, দু পাশে দ্টি নদী স্বাভাবিক প্রবাহ রক্ষা করে চলেছে। কিন্তু মাঝখানের দামোদর একেবারে মজে যাওয়ার ফলে স্বাভাবিক জলসেচ ও জলানকাশের বিশেষ ক্ষাত হয়েছে। দৃর্গাপ্রের ব্যারেজ হওয়ার ফলে দক্ষিণ দামোদরের অবস্থা খুবই শোচনীয় হয়ে পড়েছে। তার প্রতাক্ষ আঘাত দক্ষিণ হাওড়াকে ভোগ করতে হচ্ছে। এই দামোদরের ভীষণ বন্যার প্রভাবে এই জেলার উত্তর অংশের আশেপাশের জমি ক্ষতিগ্রস্ত হচ্ছে। কিন্তু এই দক্ষিণ হাওড়ায় দামোদরের বন্যা কোনদিন ক্ষতি করে নাই। বরং দামোদর বাহিত বন্যার জল ও পলি জমির ফসল বৃন্ধির সহায়তা করে এসেছে। বর্তমানে এই অংশ মজে যাওয়ার ফলে সেই স্ক্রিধা বরাবরের জন্য নন্ট হয়েছে। এই দামোদরের দক্ষিণাংশে এখন একেবারেই জল বহন করে না এবং এক অংশ প্রায় প্রেবার বি, এন, আর, লাইন পর্যানত দামোদর উর্ণ্ডু হয়ে যাওয়ায় সেই অংশে আদৌ নৌকা চলাচল করতে পারে না। জল চলাচল বাবস্থা এমনই হয়ে গেছে। দক্ষিণ হাওড়া জেলার জলসেচ ব্যবস্থা ভাল রাখবার জন্য এই দামোদরকে ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে গ্রহণ করে, এটা প্নঃখনন করবার ব্যবস্থা কর্ন। চাষবাসের স্ক্রিধার জন্যও বটে এবং নৌকা প্রভৃতি চলাচলের স্ক্রোগ স্ক্রিধার জন্যও। এই খননের উন্দেশ্যে সম্বর্টাকা বরান্দের দাবী করছি।

আমি শ্যামপুর থানার কতকগ্লি খাল সম্বদ্ধে বলবো। সেই খালগ্লি আশ্ব্ সংস্কারের যদি ব্যবস্থা করা হয়, তাহলে সেথানকাব কল সরবরাহের ব্যবস্থার এবং জলনিকাশের ব্যবস্থার থানিকটা উন্নতি হতে পারে এবং তার দ্বারা শ্যামপুর থানায় বর্তমানে যে অস্ববিধা আছে, তার কিয়দংশ দ্রীভূত হতে পারে। আমি শ্যামপুর থানার কয়েকটা বৃহৎ বৃহৎ খাল যেমন জাল্লাবাজ খাল, রাধাপুর খাল, মোহনপুর খাল, এর এক একটি খাল চার মাইল দীর্ঘ, খাজুরেভিয়া খাল ইত্যাদি কয়েকটা বৃহৎ খালের দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই খালগ্লি গত কয়েক বছর অনাব্দিটর ফলে শ্লিকয়ে গেছে, মজে গেছে। এই খালগ্লি যদি সংস্কার তাড়াতাড়ি না করা হয়, তাহলে শ্যামপুর থানায় ফসল উৎপাদনের মাত্রা আবও বেশী কমে যাবে এবং তার ফলে সেখানে দার্ন অল্লাভাব দেখা দেবে।

উল-বেডিয়া মহকুমার আরও কয়েকটি খালের প্রসংগ আলোচনা করে মাননীয় মন্ত্রী-মহাশয়ের দূল্টি সে দিকে আকর্ষণ করছি। হাওড়া জেলার বাউরিয়া থানার অন্তর্গত সিন্দুর মহল খাল, একটা বিখ্যাত খাল, সেটা মজে গেছে। তাড়াতাডি তার সংস্কার করা দরকার। উল,বেড়িয়ার অত্তর্গত গৌরীগংগা খাল, রাজাপুরে বনম্পতি খাল, ২৪-পরগণা জেলার বজবজ এলাকার নন্দনপূর কালভার্ট-এইগ্রালর দিকে সরকারের দ্র্টিট আকর্ষণ করছি। আমি আশা করি, সরকার এগালি তাড়াতাড়ি গ্রহণ করে সংস্কার করবেন। এই প্রসঙ্গে আর একটা কথা বলবো। আমাদের এই সমস্ত অণ্ডলের আশেপাশের নদী দিয়ে সেচের বাবস্থা ছিল, খালের মধ্যে দিয়েও সেচের কাজ হতো। এখন সাধারণ বৃষ্টিপাতের হার অত্যন্ত কম হওয়ার ফলে সমস্ত नमी থেকে জল সরবরাহ তেমনভাবে হয় না। কাজেই এই কয়েকটি খাল যা রয়েছে. कराव वर्मत थरक स्थान थरक माम्य अवता क्रम मतवतार रहा ना। सारे कना श्रासाकन रख़ए এই नमीत वौधग्रीन প্রয়োজনমত বিভিন্ন স্থানে কেটে বিভিন্ন চাষের জন্য জল নেওয়া। এই সমস্ত এক একটা ব্যাপারে অনেক হ্যাপ্যামা পোয়াতে হয় জনসাধারণের। অনেক ক্ষেত্রে সরকার পক্ষের অনুমতি পাওয়া যায় না। আর অনুমতি পাওয়া গেলেও অনেক টাকা সিকিউরিটি হিসেবে ডিপজিট দিতে হয়। সেই টাকা দেওয়া জনসাধারণের পক্ষে অনেক সময় কট্টকর হয়ে ওঠে। তারপর এই খালগর্নলি ও নদীর বাঁধগর্নল কেটে জল নিয়ে এবং জল নেওয়া শেষ হয়ে গেলে, সেগালি বন্ধ করে দেওয়া ইত্যাদি ব্যাপারও খ্ব বায়সাধ্য ও কণ্টকর। এই ব্যবস্থা দ্বারা খালের স্লুইস গোট থাকলে যে সুবিধা হয়, সেই সুবিধা পাওয়া যায় না। रयमकल कासगास এই तकम मतकारतत अन्मिक निरस वाँध कार्किस कल तनवात वावन्था आह्य. সেই বাঁধগন্নিতে যাতে তাড়াতাড়ি সরকার পক্ষ থেকে স্বাইস গেট করবার বাবস্থা হয়, তার জন্য আমি সরকারকে অনুরোধ করছি। শ্যামপুর থানায় কমলাপুর ইউনিয়নে দেউলী মৌজায় প্রতি বছর খাল কাটিয়ে জল নিতে হয়। এখানে স্লুইস গেট করবার জন্য দরখাসত করা

হর্মোছল, স্থানীয় ইউনিয়ন বোর্ডের তরফ থেকে একটা আবেদনও তার জন্য জানান হর্মোছল। সে ব্যাপারে সরকার পক্ষ কতদূর কি করেছেন জানি না।

আমি আর একটা কথা মাননীয় মন্ত্রীর কাছে নিবেদন করতে চাই—এস্টেট এ্যাকুইজিশন এ্যাক্টএর পর মধ্যুন্বজাধিকারীদের কাছ থেকে যে জাম নেওয়া হয়েছে, তা অবিলন্দের বিতরণ করার বাবন্থা করা হোক এবং এই বিতরণ করার নাতি কি হবে সেটা জানতে চাই। কত পরিমাণ জাম সরকারের হাতে এসেছে এবং তা কিভাবে বিতরিত হবে। তা ছাড়া খাজনা নিন্পণ ব্যাপারে দেখতে পাচ্ছি ষেসমুহত জামতে সাঁজা প্রথায় রেন্ট ছিল, সেই সমুহত জামতে খাজনা বেশি ধরা হচ্ছে এবং এসমুহত জায়গায় খাজনা নির্পণ করার কোন নাতি নেই। ধান্যের মূল্যে হিসাব করতে গোলে বিভিন্ন জায়গায় বিভিন্ন মূল্য ধরতে হয়। গতবারে ধানের মূল্য বয়া৹ টাকা ছিল এবার ৬॥৹ টাকা হয়েছে। বহু জায়গায় ধানের মূল্য বেশি করে ধরে খাজনা নির্পণ করা হয়েছে। সাঁজা খাজনা যা ছিল সেই জায়গায় ধানের মূল্যে খাজনা ধরা হছে। এ সম্বন্ধে একটা সুহুপ্ট ভিরেকশন মুক্যুহ্বলে দেওয়া দরকার।

# 8j. Cangapada Kuar: Mr. Speaker, Sir,

কৃষি প্রধান দেশে কোন পরিকল্পনা সার্থক করতে হ'লে এবং সমাজ্বতান্দ্রক সমাজ ব্যবস্থা প্রবর্তন করতে হ'লে সর্বাগ্রে যে জিনিস প্রয়োজন, সেটা হচ্ছে, প্রান ভূমি ব্যবস্থার মৌলক পরিবর্তন ঘটিয়ে প্রকৃত চাষীর হাতে জমি দেওয়া। এই সর্বজনস্বীকৃত মত সামনে রেখে আমরা যদি পশ্চিমবংগ সরকারের ভূমিনীতি সমালোচনা করি তাহলে অপ্রিয় সতা হ'লেও বলতে বাধ্য হব এটা আপনাদের বার্থ নীতি। এবং বেশি করে বলতে গেলে বলা যেতে পারে গোষ্ঠীতোষণ নীতি। সারা বাংলাদেশে ৩২ লক্ষ কৃষিজীবী পরিবার আছে, তার মধ্যে ৭ লক্ষ পরিবার ভাগচাযের উপর নির্ভর করে। এই ৭ লক্ষ পরিবার একেবারেই ভূমিহীন। সেখানে যেভাবে দুইটি আইন পাস করে প্রান ভূমি ব্যবস্থা সংস্কার করার চেণ্টা হচ্ছে তাতে আসলে ভূমি ব্যবস্থার কোন মৌলিক পরিবর্তন হবে না।

Maximum ceiling, reclaimable land, personal cultivation,

ইত্যাদি—এই সব রক্ষাকবচ মারফং তারা তাদের জমিদার, জোতদার, প্রাক্রপতি, মিল মালিক বন্ধ্বদের যেভাবে দরাজ হাতে জমি পাইয়ে দেবার বাবন্ধা করছেন, তার পরে ভূমিহীন চাষী, ভাগচাষী, যে ১৪ লক্ষ পরিবার আছে তাদের জন্য তারা হিসাব করে বলেছেন যে ৬ লক্ষ একর জমি তারা পাবেন। আমরা অনেক আগেই আশঙ্কা প্রকাশ করেছিলাম এই ৬ লক্ষ একর ত দ্বের কথা ২ লক্ষ একরও তারা পাবেন না। কেন পাবেন না সে কথা বলার জন্য এই প্রস্থা উপস্থিত করছি। সত্যিকার ভূমি ব্যবস্থার আম্ল পরিবর্তন করতে হ'লে, দেশে ভূমি বিশ্বব প্রতিষ্ঠা করে প্রকৃত চাষীকে যদি ভূমির মালিক করতে হয় তাহলে এই সমন্ত পারেনালা কাল্টিভেশন, ম্যাক্সিমাম সিলিং প্রভৃতি প্রশ্বপ্রতিষ্ঠা না করে নতুন করে চিন্তা করে পরিবর্তন করা দরকার। আমার কাছে সেকেন্ড ফাইভ-ইয়ার শ্লানএর ড্রাফট্ আউটলাইন আছে, সেখানে ক্মিশন পার্সোনাল কাল্টিভেশন সম্পর্কে যে কথা বলেছেন, আমি সেই কথার দিকে মন্ত্রীমহাশয়ের দ্রিট্ আকর্ষণ করাছ—

"A person who does not bear the entire risk or parts with a share of the produce in favour of another cannot be described as cultivating the land personally"

#### আর এক জায়গায় বলেছেন-

"when the land is resumed for personal cultivation however it is necessary that each of the elements of personal cultivation including labour participation in the main agricultural operation should be insisted upon."

#### [3-40-3-50 p.m.]

সেজনা আমি বলব যে এই সমস্ত যে দু'টি আইন পাস করা হয়েছে তাতে গরীব চাষীদের প্রকৃত জমির মালিক করার কথা চিন্তা করে সেগর্নল আবার সংস্কার কর্ন। একট্ আগে বলতে চাচ্ছিলাম ৬ লক্ষ একর জমি তারা পাবেন না, কেন পাবেন না একথা প্রেবিতী বক্তা রামেশ্বর বাব্বলেছেন যে, বেনামী হস্তান্তর মারফং ইতিপূর্বে বহু জমি পাচার হয়ে গিয়েছে। এবং এই যে জমির জরীপ হচ্ছে এই জরীপের পূর্ব পর্যন্ত সেই সমস্ত খাস জমির অধিকাংশ ভাগ-চাষীরা যা চাষ করত, চাষ করার পর তারা ভাগের ধান জমির মালিককে মিলিয়ে এসেছে কিল্ড এর পরে যে বেনামদার জমিদার হয়েছে তারা রশ্যমণ্ডে অবতীর্ণ হয়ে তাদের কাছ থেকে ৩ বছরের ধান দাবী করছে অথবা তাদের উচ্ছেদের নালিশ করছে। এভাবে এক দিক বেনামীতে জমি হস্তাম্তরিত হচ্ছে অন্য দিকে চাষীদের যারা সেই সমস্ত জমি চাষ করছে তাদের নানা রকম সমস্যার সম্ম্রখীন হতে হচ্ছে। সেজন্য আমি বলব মন্ত্রীমহাশয়ের যদি চাষীদের প্রতি বিন্দ্রমাত্র দরদ থেকে থাকে তাহলে মন্ত্রীমহাশয় হাই পাওয়ার কমিটি করে এনকোয়ারির বন্দোবস্ত কর্ন যাতে ষেসমুস্ত জমি ১৯৫৩ সালের মে মাস পর্যন্ত অন্তত ১০ বছর পূর্বে পর্যন্ত জমিদার জ্ঞোতদারদের যা কিছু জমি হস্তান্তরের কাগজপত্র আছে সেগর্নল ভালভাবে এনকোয়ারি কর্ন। আমি আমার এলাকার কেশপুরে থানার ১৩ নন্বর ইউনিয়নএ এক ভদুলোকের কথা জানি তার নাম হচ্ছে নলিনীকানত চট্টোপাধ্যায়, তার অধীনন্থ ৫-৬ শ' বিঘা জমি এভাবে বেনামদারী করে দিরেছে এবং সেই সমস্ত স্থানীয় সাঁওতাল ভাইরা বারা তা পায় নি তাদের সংশ্যে সংঘর্ষ লাগিরেছে। স্থানীয় এস, ডি, ও, তদন্ত করতে গিরেছিলেন এবং তদন্ত করবার সময় সেই সমস্ত বহু জমি বেনামী হয়ে গিয়েছে এ ধরনের যথেণ্ট প্রমাণ পেয়ে এসেছেন। এই সমস্ত বেনামী হস্তান্তরের বিরুদ্ধে বোর্ড অব রেভিনিউর সেক্টোরির কাছে, স্থানীয় জেলাশাসকের কাছে অভিযোগ করা হয়েছে কিন্তু এ পর্যন্ত কোন এয়াকশন নেওয়া হয়েছে বলে আমি জানি না।

তারপর গত বছর ল্যান্ড রেভিনিউ সম্বন্ধে আলোচনায় আমি একটা কথা বলেছিলাম যে, আজকে যে আন্দোলন আমাদের সামনে এসেছে সেই ভূদান আন্দোলনের প্রতি শৃধ্য ভারতবর্ষেই নয় ভারতবর্ষের বাইরেও বহু চিন্তানায়কের দৃষ্টি এর দিকে পড়েছে এবং এই আন্দোলনের প্রতি তারা উৎসাহ জানিয়েছেন। এই আন্দোলনে যেসমস্ত জাম পাওয়া গিয়েছে সেই জমিকে লিগ্যাল স্যাঞ্চশন দেওয়ার জন্য একটা আইন পাস করা দরকার। এই ধরনের আইন উত্তর প্রদেশ, বিহার, উড়িষ্যা, রাজস্থানে ও বিভিন্ন জায়গায় হয়েছে। এবং এই যে সেকেন্ড ফাইভইয়ার কমিশনএর রিপোর্টএ যা দেখতে পাছি তাতে দেখছি যে, এই সম্পর্কে তারা স্পারিশ করেছেন এবং তারা মনে করেন যে ভূমি এই ভূদান আন্দোলনের শ্বারা পাওয়া গেছে সেই ভূমি স্তিতাকার যারা ভূমিহীন চাষী তাদের যদি ভূমির মালিক করার ইচ্ছাই থাকে তাহলে এই আন্দোলনকে সমর্থন না জানানর কি কারণ থাকতে পারে তা ব্রে উঠতে পারা যায় না। গত বছর এই সম্পর্কে মন্ত্রীমহাশয় জবাব দিতে পিয়ে বলেছেন—

"There is not enough land to give land but if any person who is entitled to retain any land under section 6 is willing to make over any land for the purpose of bhoodan we may have no objection."

এখানে অবজেকশনএর প্রশ্ন আসছে না। আজকে যেসমস্ত জমি ভূদানে পাওয়া গিয়েছে সেই সমস্ত জাম ঠিকমত রেকর্ড করা হচ্ছে না। যেসমস্ত কর্মচারী জরীপের কাজে নিয়ত্ত হয়েছে তারা বলেছে আমাদের কাছে এ ধরনের ইনম্ট্রাকশন নাই, এটা বেআইনী, আমরা করতে পারব না। যারা জমি দিয়েছে তাদের নামেই রেকর্ড করা হয়েছে, ফলে নানা রকম জটিলতার উম্ভব হয়েছে. অতএব অন্যান্য রাজ্যে যেভাবে আইন করে লিগ্যাল স্যাৎক্ষন করা হয়েছে সেথানে, এথানে কেন যে তারা তা করতে পাচ্ছেন না তা আমরা ব্বেথে উঠতে পাচ্ছি না। আশা করি মন্ত্রীমহাশয় ভালভাবে আমাদের পয়েন্টএর জবাব দেবেন। জরীপের প্রসংশ্য আমি বলব যে, পূর্ববতী বক্তা যে কথা বলেছেন যে, বহু জায়গায় এরকম দুন্নীতি চলেছে আমি তার সপো এক মত। এটা ঠিক সেটেলমেন্ট ক্যাম্পএ প্রত্যেকটি কর্মচারী অসং এবং দুনশীত তারা সকলেই চালিয়েছে এ কথা আমরা মনে করি না। তবে অধিকাংশ ক্ষেত্রে দ্বনীতি চলছে। এবং এমন অনেক জায়গা রয়েছে যেখানকার আবহাওয়া এত দূর্যিত যে নূতন যারা চাকুরিতে ঢুকেছে তাদের অতিষ্ঠ হয়ে উঠতে হয়েছে এবং যেসমুহত দুনীতিপরায়ণ কর্মচারী আছে তাদের সঙ্গে খাপ খাইয়ে নিতে না পারার জন্য চাকুরি ছেড়ে দিতে পর্যন্ত তারা ইচ্ছ্বক হয়েছে। এ ধরনের চিঠি আমার কাছে আছে। মন্ত্রীমহাশয় এক সময় বলেছিলেন যে, বিভিন্ন ক্যাম্প রয়েছে তাতে নাকি বেশ ভালভাবে তারা কাজ করছে। ভাল কাজ করছে, ভাল কথা, কিন্তু সবগুলি ক্যাম্পএ তো তার যাওয়া সম্ভব হয় নি, অন্তত কোন অভাব যাতে না ঘটে, যাতে স্বুষ্ঠ্যভাবে চলে সেটা দেখা দরকার। এভাবে যদি চলে তাহলে মন্ত্রীমহাশয়ের স্কুনাম বিপন্ন হওয়ারই কথা।

তারপর আমি সাঁজা চাষীদের সম্বন্ধে কিছু বলব। আমার একটা কাট মোশনও এ সম্পর্কে আছে। যেসমসত মৌথিক সাঁজা চাষী আছে তাদের শর্তা লিখিত হচ্ছে না এরকম বহু জারগায় অভিযোগ উঠেছে। আমার এরিয়ার কেশপুর থানার ১৬ নম্বর ইউনিয়নএ ৩০-৪০ জন সাঁজা চাষী মৌথিকভাবে সাঁজা চাষ করে আসছে তাদের কি শর্তা ছিল তা লেখা হয় নি। সেই সমসত টেন্যান্টরা বরাবর দুমান করে সাঁজা দিয়ে এসেছে কিন্তু রেন্ট রিসিট বেশি লিখে রাখা হয়েছে এবং সেই রেন্ট রিসিট অনুযায়ী রেকর্ডেড হচ্ছে। এরা যে সত্যই দুমান করে সাঁজা দেয় সেটা রেক্র্ড করা হয়ু নি। সেজনা এই ক্যান্পএ, অন্যান্য ক্যান্সপএ ভাগচাষী কোরফা-চাষীদের শর্তাদি কিক্সত রেক্র্ড করা হচ্ছে না। এদিকে মাননীয় মন্ত্রীমহাশয়ের দুটি দিতে বলব। শুমু তাই নয়, এই ল্যান্ড রেভিনিউ খাতে যেসমসত কাট মোশন আছে তাতে যেসমসত অভিযোগ করা হয়েছে সেগুলি যাতে খুব ভালভাবে তদ্বত করা হয় তার দিকেও মন্ত্রীমহাশয় দুভি দিন। বলাই বাবুর

হব ৮নং কাট মোশন আছে তাতে একটা গ্রহুতর অভিযোগের কথা বলা হয়েছে। কেশপ্র থানা এলাকা সম্পর্কে আমার যে অভিযোগ, সে সম্পর্কে তিনি বলবার আগে যদি তদন্ত করে থাকেন ভাল, নতুবা তিনি যেন ভালভাবে তদন্ত করে দেখেন এই অন্রোধ করব। সাঁজা খাজনা সম্বন্ধে মন্দ্রীমহাশের বলেছেন যে চাষী খাজনা দিয়ে দিয়েছে। এ সম্পর্কে আমার বন্ধবা, ইছা করে যে কোন দিন চাষীরা খাজনা বাকী রাখে এ সম্পর্কে আমার কোন ঘটনা জানা নাই। যদি থাকে তাহলে তাদের প্রতি সহান্তিত বা দরদ থাকা উচিত নয়। কিন্তু আজকে যে অবস্থা চলেছে লেট মনস্বাএর জন্য নবেশ্বর মাসে ব্রিট হওয়ার দর্বা বহু জায়গায় ফসল হানি হয়েছে। সেই সম্মত জায়গায় চাষীরা খাজনা দিতে পাছেল না। এমন অনেক মৌজা রয়েছে। সদর মেদিনীপ্রের দনং মৌজা, ভেরা থানার ১ নম্বর এবং রামনগর থানায় যেখানে একেবারে ফসল হয় নি সেই সম্মত মৌজায় তাদের খাজনা ম্কুব করা দরকার এবং যেসম্মত জায়গায় বেশি খাজনা বাকী রয়েছে এবং খাজনার দায়ে বহু কৃষক ভূমিশ্বা হয়ে যাছে সেখানে এ বিষয়ে চিন্তা করা দরকার। সরকার ওয়েলফেয়ার সেটট করতে চাছেন—যাদের নিয়ে স্টেট সেই সম্মত গরীব দ্ব্র্গত কৃষকদের ওাদের দ্বুংখ লাঘ্ব করার দরকার হয়ে থাকে, বিশেষত এই রক্ম একটা অম্বাভাবিক অবস্থায় তালে সেটা ওয়েলফেয়ার সেটকৈ প্রতিষ্ঠা করবার জনাই দরকার বলে মনে করি।

তারপর যেসমস্ত টেন্যান্টেড সাঞ্জা তাদের বহ, জায়গায় বছরে ৭। করে থাজনা দেওয়ার কথা বলা হয়েছে। এই সম্পর্কে তারা মন্দ্রীমহাশয়ের সঙ্গে দেখা করেছে বা ওথানে মাস পিটিশন দিয়েছে। কিন্তু সে সম্পর্কে তিনি কোন ব্যবস্থা করেছেন বলে মনে হয় না। তবে একটা জিনিস তিনি বা বোর্ড অব রেভিনিউ সেক্তেটারি করেছেন সেজনা তাকে ধন্যবাদ দেব।

[3-50-4 p.m.]

কিন্তু আলোচনা প্রসণেগ আমরা জানতে পেরেছিলাম যে, এটা আরও কম হবে। এখন পর্যন্ত সেই সব এলাকার লোকের কাছ থেকে আমাদের কাছে বহু চিঠি এ সন্বন্ধে আসছে। এ সন্বন্ধে আমি বলছি একটা ফ্ল্যাট রেট ধর্ন, যাতে ৪-৫ টাকা হয়। এটা বহু প্রের্ব উঠিয়ে দেওয়া উচিত ছিল। এখন গরীব চাষীদের রিলিফ দেবার জন্য ফ্ল্যাট রেট করে আদায় করা হয় সেজন্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ভারপর যেসমৃত হতভাগ্য ছোট ছোট জমিদার লোয়ার ইনকাম গ্রুপ, যাদের ৫০০ টাকা থেকে হাজার টাকা নেট য়্যানুয়াল ইনকাম ছিল তাদের ক্ষতিপ্রণ দেবার ব্যাপারে বিশেষ কিছু ব্যবস্থা করছেন বলে আমি জানি না। মন্ত্রীমহাশয় বলেছেন তারা কোন দরখাসত করেন নি এবং তার কারণ উল্লেখ প্রসংগা বলেছেন বোধ হয় তারা কম টাকা পাবে বলে। সাঁতাই বার্যিক ३ আয় নিয়ে তাদের কোন কিছু হবে না। তাদের জন্য নিউ য়্যাভোকেশন করতে হবে। সেই যত্তিদন পর্যন্ত কাগজপত্র সেটেলমেন্ট অপারেশন না হচ্ছে তত্তিদন পর্যন্ত তারা যাতে মেজর পোর্শনি শায় তারজনা দুটি দিতে তাঁকে অনুরোধ কর্রছ। কারণ বহু ফ্যামিলি আমি জানি, তারা ছেলেমেয়েদের পড়াশ্না, মেয়েদের বিয়ে পর্যন্ত দিতে পারছে না। তারা অত্যন্ত দুর্দশার মধ্যে দিন কাটাছে। আপনারা সব সময় উপর তলার দিকে দুটি দেন, আর এদিকে মুখে বলেন সমাজতান্ত্রিক রাত্র্য গঠন করব।

আরেকটা কথা আমি আমার কাট মোশনএ উল্লেখ করেছি যে, ডেবড়া থানায় গোলগ্রামে হালোয়ারা যে স্টেট আছে তারা সব চ্যারিটি বন্ধ করে দেবার হুমকি দিচ্ছেন। সেখানে আপনি নিজেও গিয়েছেন। এই চ্যারিটি যাতে বন্ধ না হয় সেজনা আপনার দুটি আকর্ষণ করিছে। এর পর আমি বলব সেটেলমেন্ট কর্মচারীদের ইতিমধ্যে ছাঁটাই করে দেবার হুকুম দেওয়া হচ্ছে। ক্রুচিবহারের সেটেলমেন্ট ক্রাক্স এাাসোসিয়েশনএর সেক্টোরি আমাদের টেলিগ্রাম করে জানিয়েছেন যে, ৪১ জনের উপর ছাঁটাইএর নােট্রিস দেওয়া হয়েছে। আমি তাঁকে অন্রোধ করব যাতে এই সমস্ত ছাঁটাই না হয় এবং ওখানকার কাজ শেষ হয়ে গেলে তাদের যেন অনাত্র প্রোভাইড করা হয়। আপনারা অন-এমন্সয়মেন্ট সন্ত করতে যাচ্ছেন আর যারা অলর্রেড এমন্সরেড তাদের ছাঁটাই করে দিচ্ছেন। এ আপনাদের কি নাঁতি? আশা করি এই সমস্ত হতভাগ্যদের যাতে সন্বাবন্ধা হয় তার বাবন্ধা মন্দ্রীমহাশয় করবেন। আমি শেষ করার আগে বলব আমরা যেসমন্ত অভাব

আভিষোগের এবং দ্ন<sup>ন</sup>িতর জন্য কাট মোশন দির্মোছ তার উত্তর এখনই যদি না দিতে পারেন তাহলে পরে তদন্ত করে এই সমস্ত অভাব অভিযোগ এবং দ্ন<sup>ন</sup>িত যাতে দ্র হয় তার ব্যবস্থা করবেন এবং জবাব দেবেন।

# 8j. Narendra Nath Ghosh:

মাননীয় প্পীকার মহোদয়, ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রেভিনিউ সম্বন্ধে বলতে গিয়ে প্রথমে আমি সেটেলমেন্টএর কথা বলব। এর আগে আমি বলেছি ১৯৩২ সালে আরামবাগে একটা আন্দোলন হয়েছিল, তথন সেটেলমেন্টকে বর্জন করে সেখানে আন্দোলন ঘনীভূত হয়েছিল। এবং মাননীয় প্রফাল্ল চন্দ্র সেন মহাশয় এর নেতা ছিলেন তথন সাধারণ লোককে বলা হয়েছিল প্রাধীনতা আসার পর এই সমন্ত সেটেলমেন্টের গণ্ডগোল আমরা নিজেরা সংশোধন করে দেব। কিন্তু বড়ই দুঃথের বিষয় প্রাধীনতা আসার পর এই ব্যাপার নিয়ে বহু বার সরকারের দুণ্টি আকর্ষণ করা হয়েছিল কিন্তু সরকার একেবারে নির্বিকার। এবারে সেটেলমেন্টএর পূর্বে কংগ্রেসের কাছ থেকে এক ইপ্তাহার বিলি করা হয়েছিল যে, সেটেলমেন্টের এই সমন্ত গোলমাল যা আছে তার বাবস্থা করা হবে। কিন্তু আইনগত হুটি রয়ে গিয়েছে এবং যেসমন্ত গোলমাল ছিল তার কোন সংশোধন হচ্ছে না। এখন সেটেলমেন্ট অফিসাররা বলে দিচ্ছেন "গো টু সিভিল কোটে"। এ ক্ষেত্রে আমি অনুরোধ করব যেন আইনের প্রয়োজনীয় সংশোধন করা হয়। আমাদের বন্ধুরা সেটেলমেন্টে অনেক দুনীতির কথা বলেছেন সে সম্বন্ধে অনুসন্ধান করা উচিত।

তারপর এস্টেটস য়্যাকুইজিশন এাা
রুএর বিধান অনুসারে যেসমদত দলিল ১৯৫৩ সালের মে-র
পরে হয়েছে, এই এটেস্টেশনএর সময় সেই দলিলগ
রুলির দিকে বিশেষ নজর দেওয়া উচিত, তা
র্যাদ না হয় তাহলে ঐ আইনের নিদেশিমত ঐসমদত সদপত্তি যথাযথ লিপিবশ্ধ হবে না, তার
ফলে যেসমদত জমি সরকারের হাতে আসতে পারত সেগ
রুলি আর আসবে না। তারপর যেসমদত
গোচারণ ভূমি ছিল, জমিদাররা অথের লোভে বন্দোবদত দিয়ে দিয়েছেন জমিদারী সরকারের
হাতে আসার পর কিছ্ উদ্বৃত্ত জমি থাকবে সেগ
রুলির মধ্য হতে যেন গোচারণের জনা সরকার
কিছ্ জমি রাখার বাবদথা করেন। কারণ কৃষির উন্নতি করতে গেলে গো-জাতির উন্নতির
প্রয়োজন। এস্টেটস য়াাকুইজিশন পাস হবার পর মাননীয় মদ্যীমহাশয় বলেছিলেন, যেসমদত
ভূমিহীন কৃষক আছে তাদেরকে ভূমি বিতরণ করা হবে। আমি জানতে চাই এটা কি আপনার
আমলে হবে? আমি আরেকটা কথা বলতে চাই যে, আরামবাগ এলাকায় এবার আদৌ ফসল
হয় নি সেইজন্য দরিদ্র চাষীদের যাতে থাজনা মকুব করে দেওয়া হয় তারজনা অন্রোধ করিছ।
কারণ চাষীদের ধারণা হচ্ছে যদি তাদের খাজনা বাকী থাকে তাহলে সেটেলমেন্টএ তাদের স্বন্ধ
রেকর্ড হবে না—এইজন্য তারা খোরাকী ধান, সম্মত জিনিসপত্র বিক্রী করে দিয়ে খাজনা দিছে।
এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করিছ।

তারপরে আরেকটি বিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, ষেসমস্ত তহশীলদার আপনারা নিয়োগ করেছেন তাদের মাহিনা ২৭ টাকা দিচ্ছেন—যাঁদও তারা একটা কমিশন পায়, তাদের প্রমে গ্রামে ব্রে আদায় করতে হয় এবং সণ্তাহে একদিন করে আদায়ী টাকা মহকুমায় যেয়ে জমা দিতে হয়। মাননীয় স্পীকার, সায়র, আপনি জানেন খানাকল থানার সবচেয়ে দক্ষিপ প্রান্ত থেকে আরামবাগ ৩০ মাইলের উপর, যদিও তারা ১ আনা করে মাইলেজ পায়, কিন্তু তাদের এতটা পথ বেয়ে টাকা দিয়ে আসতে হয়। তার বদলে তিনি যদি কতকগ্লি জোন করে দেন যেখানে তারা টাকা জমা দিয়ে আসতে। কারণ গ্রামাণ্ডলে বর্ষার সময় কত কণ্ট করে তাদের টাকা নিয়ে যেতে হয়। হয় ত রাগ্রতে তাদের কছে থেকে টাকা ছিনিয়ে নিতে পায়ে, তথন দায়য়ী হবে কে? এই সামান্য চাকরী ত যাবেই তার উপর জেল হবে। এদিকে মাননীয় মন্ত্রীমহাশরের বিশেষ দৃষ্টি দিতে বলছি।

[4-4-10 p.m.]

শ্বে তাই নয়, অনেক সময় রাত্রিতে টাকা নিয়ে বাহির হ'তে হয়, সেই সময় যদি সেই টা**কা** কেউ পথ থেকে কেড়ে নিয়ে যায়, তখন দায়ী হবে কে? ২৭ টাকা মাইনের তো চাকরী। পাঁচ শ্বেম টাকা তার কাছ থেকে ছিনিয়ে নিয়ে গেলে যদি তাকে সেই টাকার জন্য দায়ী হতে হ**ু**  তাহলে তার সেই চাকরী যাওয়া তো দ্রের কথা, নিজের যা কিছ্ আছে, সেসব বিক্রী করে সেই টাকা মেটাতে হবে। এ সম্বন্ধে আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দূচ্টি আকর্ষণ করি।

আর একটা কথা মন্দ্রীমহাশয়কে জানাতে চাই আপনার মারফতে। যারা বড় বড় জোতদার তারা এখন থেকে চেণ্টা করছে যে যাতে কিছু খাজনা বাকী রেখে সেই বাকী খাজনার দায়ে জমি নিলাম করিয়ে অন্য লোকের নামে কিনে নিতে পারবেন। এই সম্পর্কে বি, টি, এ্যাক্টএ কিছু সংশোধন করা যাবে কি না, সেসমস্ত খাজনা বাকীর জন্য সেই সমস্ত জমি সেল হবে, সেটা এস্টেটস য়্যাকুইজিশন এ্যাক্টএর আন্ডারএ আসতে পারে কি না, ইত্যাদি বিষয় সম্পর্কে বিবেচনা করতে মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাব।

Dr. Srikumar Banerjee: Mr. Speaker, Sir, the Minister in presenting his demand for grant under the head "Land Revenue" has given an account of the steps taken by him so far for implementing the provisions of the Etsates Acquisition Act and the Land Reforms Bill. He has pointed out the colossal and complicated nature of the task that confronts us all for the implementation of the legislation we passed. Government are to be congratulated that they have been able to set up a fairly adequate machinery for coming into contact with the people and for making arrangement for the realisation of revenue. No doubt, it is a makeshift arrangement, no doubt, the parts of the machine have got to be strengthened, but still the beginnings of an effort have been made and I am quite sure that with the passage of time this machinery for collecting rents and revenues will be brought into a greater and greater measure of perfection.

Sir, the most outstanding feature of the work during the last year has been the progress of the settlement operations. My friends of the Opposition had put forward various complaints about the corruption and inefficiency in these settlement operations. Many of them have also admitted that this corruption is not universal but it is to a cerain extent localised. Sir, these charges of corruption and inefficiency are natural and many of them are perhaps true. Therefore, Sir, Government ought to set up a machinery for quickly enquiring into these allegations of corruption and inefficiency and other injustice so that the people—the rural people—do not come to suffer because, after all, the reputation of the Government will depend to a large extent upon our handling of this colossal problem of land reforms. I am quite sure that the Minister would take note of the various charges which have been brought and he will set on foot speedy enquiry for these allegations and see that the proper rights of the people are safeguarded.

Sir, complaint has also been made by some of our friends about attempts to defraud the provisions of the Estates Acquisition Act by benami transactions. Sir, there is a provision under section 5A that Government would set on foot a comprehensive enquiry into all these cases of fraudulent transfer of property and there might be some delay in the beginning of these operations because, as the Minister has explained already, no action can be taken till the settlement operations are concluded and till the interprediaries exercise their right of option as to the retention of property. So, a machinery would be set on foot and I am quite sure that the arm of law will be long enough to tackle these cases of fraudulent transactions of transfer. My friends should not be so impatient and should not take it for granted that because action is not taken quickly and immediately, action would be delayed or action would not be taken at all. But even then the whole question can be reopened and, if there is evidence, I am quite sure that the question can be reopened and reopened with success.

Then, Sir, there is the further question that during the coming year, we have got to bring into operation the provisions of the Estates Acquisition Act and the Land Reforms Bill, and, therefore, the quicker the settlement operations are disposed of and the quicker the decision is communicated as to the retention of land by the intermediaries and by the possessors of land who have surplus land, the earlier steps can be taken for implementing the provisions of the two Acts which have been passed by the legislature. Though, of course, it has been already given out by the Government that the surplus land will not be adequate to meet the demands of the landless labourers or of those who are in possession of uneconomic holdings, yet proper steps ought to be taken to distribute the land which has been found to be surplus and which has been taken possession of by the Government in the best possible manner and according to equitable principles to which all our friends of the Opposition would agree.

Sir, Government, in an amendment passed during the last session in the Estates Acquisition Act have admitted charitable and religious endowments and they have taken the responsibility of making available to the holders of these religious and charitable endowments the net income which is left to them after the costs of collection. I do not think Government have, as yet, taken any steps to redeem their responsibility in this respect. 1 sincerely hope that in view of the great distress in which these people find themselves and in view of the threat to the religious and charitable endowments because of the suspension of income, Government will take the earliest possible opportunity of making available to the owners of these endowments some sort of ad interim payment so that our religious and charitable functions might continue without any interruption. Sir, apprehension has been expressed that these will be put to fraudulent or converted use. Sir, every right is liable to be abused, but that does not mean that the right should be denied. It is up to the Government to find out whether the net proceeds of these religious and charitable endowments are being properly utilised, are being utilised for the purposes for which they were instituted. Sir, I am quite sure that if they can stop fraudulent transactions, if they can stop the money from being appropriated to other ends than the legitimate ends, then their action would be appreciated because, in spite of the opposition of some of my friends here, the people of the countryside attach great importance to religious ceremonies and they are very anxious to see that they are not interfered with on account of the change in the nature of the land laws.

# [4-10—4-20 p.m.]

Sir, there has been much apprehension expressed about retrenchment and unemployment. Certain staff has been employed for the settlement operations, and as soon as these operations are concluded they will be found to be surplus. Sir, some steps should be taken to see that these people are Now the Government is faced with employed in some other department. the problem of making provision for surplus staff, because their sphere of work is quickly changing, and therefore they must have a ready machinery by which new demands will have to be assessed, and quick transfers could be effected from one kind of work to another without these people being put out of employment. Surely, the Government is thinking of some such device by which as soon as the work of these people is finished in the Settlement Department some other work will be found for them in some other department, because the law as we have passed envisages a great assumption of responsibility on the part of Government in the sphere of rural reconstruction.

Sir, with these words, I support the demand for the Grant which has been put forward by the Hon'ble Minister.

## 81. Suboth Chowdhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়! বাংলাদেশে এন্টেট য়্যাকুইজিশন বিল এবং ল্যান্ড রিফর্ম বিল পাস হয়ে যাবার পর যখন এই হাউসে এই বিল নিয়ে আলোচনা হয়, তখন ভবিষাতে ভূমি সংস্কার যেভাবে হবে, চাষীর হাতে জমি আসবে, এবং অবস্থার উন্নতি হবে বলে যেসকল কথা শুনতে পেরেছিলাম, আর এবারকার বাজেট বস্তুতায় প্রধানমন্ত্রী আমাদের যেকথা শ্রনিয়েছেন এবং রাজাপাল মহাশয় আমাদের যেকথা শুনিয়েছেন তাতে আমরা আশ্বস্ত বোধ করতে পারি; কিন্তু গ্রামাঞ্চলের আমরা যে বাস্তব চেহারা দেখতে পাই, এবং এই বিল পাস হবার পর বিশেষভাবে যে অবস্থা দাঁডিয়েছে সে সুদ্রন্থে আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়ের দূল্টি আকর্ষণ করতে চাই। প্রথমেই এই বিল পাস হ্বার পর গ্রামে ব্যাপকভাবে এভিকশন শ্রে, হয়েছে, নৃতন করে এভিকশন শুরু হয়েছে, যদিও এস্টেট একুইজিশন বিল পাস হবার পর যেভাবে এভিকশন হয়েছিল আর এবার যা হচ্ছে তার মধ্যে কিছু তারতম্য আছে। অবস্থা অন্য রকম আছে, কিন্তু এভিকশন বন্ধ হয় নি। তার কারণ বর্তমানে সেটেলমেন্টএর সময় এবং সেটেলমেন্টের যে এটেস্টেশন হচ্ছে তাতে বিভিন্ন কারণে নূতন করে এভিকশন হচ্ছে এবং যে কারণ ল্যান্ড রিফর্মস বিলের মধ্যেই নিহিত আছে। ইল্লিগ্যাল ট্রান্সফার সম্বন্ধে এবং ১৯৫৩ সালের ম্যালাফিডে प्रोम्भफात भन्यत्न्थ এको विन जाना इत्व वर्त्नाष्ट्रत्नन, किन्छू जास्र भर्यन्छ छ। इरा नि। यथन ল্যান্ড রিফর্মস বিল পাস হয় তথন দাবী করেছিলেন যে এই রকম কেস এই বিলের আওতায় আনুন, কিন্তু আজ পর্যন্ত তা করা হয় ন। ফলে ভেস্টেড ইন্টারেস্টকে সুযোগ দেওয়া হয়েছে. তাদের বিভিন্ন প্রকারে এবং বিভিন্নভাবে এভিকশন করাবার ব্যবস্থা করা হয়েছে। মন্ত্রীমহাশয় বলেন বাংলাদেশে ৬ লক্ষ একর জমি পাওয়া যাবে, কিন্তু প্রকৃতপক্ষে তাঁরা কতথানি জমি পেয়েছেন? একটা জায়গার উদাহরণ দিই। আমার যে সার্বার্ডাভশন-কাটোয়া সার্বার্ডাভশন-সেখান থেকে খোঁজ নিয়ে জেনেছি সেখানে সারুলাস কাল্টিভেবল ল্যান্ড ৭ একর আর নন-কাল্টিভেবল ল্যান্ড ৪৫ একর মাত্র। আমি মন্ত্রীমহাশয়কে বলছি আপনারা ত কম্পেন্সেশন দেবেন ব'লে ঠিক করে বাজেটে প্রভিশন রেখেছেন, সতেরাং আপনাদের কাছে কম্পেন্সেশন যথন পাবে তথন সারণ্লাস ল্যান্ড কত তার হিসাব তাঁরা পেতে পারবেন এবং মন্ত্রীমহাশয় আশা করি আমাদের কাছে সে কথা বলবেন। কারণ, এর উপর নির্ভার করেই ত আপনারা পরিকল্পনা করেছেন। এই সমুদ্ত উদ্বুত্ত জুমি ভূমিহু নিদের মধ্যে বিতরণ করতে গেলে উদ্বুত্ত জুমি কত তা জানার প্রয়োজন আছে। ভূমি উদ্বন্ত না থাকলে বিভরণ করার প্রদন আসে না। আর তাও কিভাবে বিতরণ করবেন তা আজ পর্যন্ত সেই নীতির কথা জানান নি। স্তরাং আজ মন্ত্রী-মহাশয়ের কাছে দাবী করি যে উত্তর দেবার সময় সত্যিকার উদ্বৃত্ত জমি কত পেয়েছেন তা জানাবেন। আপনারা যে দেবোত্তর জমি রাখবার স্থোগ দিয়েছেন-এখানে জমিদার পক্ষের অনেক লোক আছেন –তাতে তাঁরা রাতারাতি জমিদারী এস্টেট দেবোত্তর এস্টেটে পরিণত করে যাতে সরকারের আইনকে ফাঁকি দেওয়া যায় তার ব্যবস্থা করেছেন। আর তাঁরা যে এইভাবে দেবোত্তর সম্পত্তিতে পরিণত করেছেন এরকম ঘটনাও আমাদের জানা আছে। এই সমস্ত ব্যাপার দেখে মনে হয় মন্ত্রীমহাশয় বিলের মধ্যে অনেক ভাল ভাল কথা লিখেছেন কিন্তু সেগালি বাস্তবে পরিণত করার জন্য বাবস্থা করছেন না. বরং এই সমস্ত ভেস্টেড ইন্টারেস্টকে সুযোগ দেওয়া হচ্ছে আইনের আওতা থেকে বেরিয়ে যাবার। তা না হ'লে এ সম্বন্ধে তাঁরা কি বাবস্থা করবেন সে সম্বশ্ধে আমাদের জানালে ভাল হয় এবং তাতে স্ববিধা হয়। আজ গ্রামাণ্ডলে যখন এভিকশন চলেছে এবং ইল্লিগ্যাল ট্রান্সফার হচ্ছে তখন তাদের রক্ষা করতে গিয়ে বেশি করে এভিকশনএর ফলে ক্ষেত্রমজ্বরের সংখ্যা এবং বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে। উপরন্ত অনাব্ন্তির ফলে ফসল ভাল হয় নি, তাতেও বেকার দিনের পর দিন বাড়ছে: কিল্ড আজ পর্যন্ত মুনাফাখোরী ভাষ্গবার জন্য কিছুই করা হয় নি। সেটেলমেন্টএর দুনীতি সম্বন্ধে এখানে যাঁরা পূর্বে বলে গিয়েছেন তাঁদের একটি কথা বলি—আইনতঃ বিধান আছে যে এক বিঘা জমির উপর যদি বাডি থাকে তাহলে সেগলো নিষ্কর হবে: কিন্তু মন্ত্রীমহাশয় জানেন কি না জানি না এই বিধানের সুযোগ যাতে গরীবেরা না পায় তার ব্যবস্থা জমির মালিকেরা কিভাবে করছেন তা বলি। গরীবদের মধ্যে অধিকাংশই হয় ক্ষেতমজ্ব, নয় কোরফা প্রজা, বা তারা জমিদারের জায়গায় বাস করছে বহুকাল ধরে, এবং সেখানে মেহনত দিয়ে যাচ্ছে, তাদের কায়িক পরিশ্রমটাই খান্ধনা হিসাবে দিচ্ছে। তার কোন রেকর্ড থাকত না। তারা বখন সেটেলমেন্ট করতে বান

আঙ্গে থেকে বরাবরই জানি ঐ জমিদারের বাড়ীতেই তাঁরা ক্যাম্প করেন এবং অধিকাংশ জায়গাতেই জমিদারের সন্দেগ পরামর্শ কোরে সেইসব খাস বোলে লিখে দিচ্ছেন। নিতান্ত কু'ড়ে ঘর হলে দেখান না, কারণ সে ঘরবাড়ী দেখাবার মত নয়। না হলে বেশার ভাগ জায়গায় জবর দখল, আপোষ দখল লিখে দেওয়া হয়। এর ফলে আইনের সুযোগ তারা পাবে না। আপনারা ঐ জমি নিম্কর হবে বলে ঘোষণা করেছেন, অথচ সে জায়গা তারা পাবে না। এ সন্বন্ধে বহু আবেদন মন্ত্রীমহাশয়ের কাছে করা হয়েছে, কিন্তু কোন ব্যবস্থা হয় নি। কেবলমাত্র যদি দখল থাকে তাহলেই সেটেলমেন্ট রেকর্ড হবে। অধিকাংশ ক্ষেত্রে দেখা গিয়েছে সেটেলমেন্ট অফিসারেরা করেছেন না, যারা জমির মালিক তারাই ভূয়া কাগজে মৌখিক তাদের জমি একজনের নামে রেকর্ড করে দিচ্ছে। তার ফলে ওরা সেই সমস্ত জমি থেকে বণ্ডিত হচ্ছে।

আর একটি কথা আপনার মাধ্যমে উপস্থিত করতে চাই। এই সমস্ত সেটেলমেন্ট কর্মচারী তাদের কাজ যথন শেষ হয়ে যাবে তাদের সারশ্লাস করা হবে। সেটেলমেন্ট বহু বংসর আগে হয়েছিল। এমন কর্মচারী আছেন যাঁরা ১৫-২০-৩০ বংসর পর্যন্ত কাজ করছেন। অধুনা একটা সার্কুলার দেওয়া হয়েছে যে তারা যদি ডিপার্টমেন্টের কর্মচারী না হন তাহলে এক মাসের নোটিশ দিয়ে তাদের স্বাইকে সারশ্লাস বলে ঘোষণা করা হবে। আজ হাজার লোক এমশ্লয়মেন্ট পাছে না, সেখানে যারা এত বংসর কাজ করেছে এবং এখনও কাজে আছে তাদের বিশ্বত করার কি কারণ হতে পারে? আমি মন্দ্রীমহাশয়কে অনুরোধ করব যাতে অন্ততঃ এইসমস্ত লোককে কাজ দেওয়া হয়। যদি তাদের কাজ না থাকে তবে অন্য ডিপার্টমেন্টে কাজ দেবার ব্যবস্থা যেন করেন।

খাজনা আদায় করার জনা আগে জমিদারদের যে ব্যবস্থা ছিল সে ব্যবস্থা বানচাল করা হয়েছে। আগে তহশীলদারদের রেমিউনারেশন কম হলেও পরিশ্রমও কম ছিল, লোকে জমিদারের কাছারীতে থাজনা দিয়ে যেত। এখন বাড়ী বাড়ী গিয়ে খাজনা আনতে হয়। তা ছাড়া যতদিন পর্যন্ত কালেকটরীতে গিয়ে জমা না দেওয়া হয়, ততদিন পর্যন্ত তাদের নিজেদের কাছে রেখে দেওয়াও বিপজ্জনক। এর ফলে খাজনা আদায় স্কুট্ভাবে হয় না। আগে জমিদারের পাইক, পেয়াদা ছিল, তারা প্রজাদের ডেকে আনত। তা থেকে এখন তারা বিশ্বত হয়েছে। ন্তন সিন্টেম ইন্টডিউসভ করার ফলে তাদের অস্থিধা হয়েছে, এ সন্বন্ধে মান্টমিহাশয়কে ভাববার জন্য বলছি।

আর একটা কথা আপনার মাধ্যমে উল্লেখ করতে চাই—ভাগচাষ সন্বন্ধে। ভাগচায বোর্ড এই ৩০শে মার্চ তার মেয়াদ শেষ হবে ও এই আইন উঠে যাবে। এ সন্বন্ধে কি বাবস্থা হচ্ছে বা কি চিন্তা করছেন, সে সন্বন্ধে মন্ত্রীমহাশয় আশা করি জবাব দেবার চেন্টা করবেন। তারপর ভাগচাষ বোর্ডের দ্ননীতি সন্বন্ধে উদাহরণ দিছি। তমল্বে ময়না থানায় এই ফসল ভাগ করে দেবার জনা প্রায় দ্বই মাস আগে দরখাসত করা হয় কিন্তু আজ পর্যন্ত তার উত্তর পাওয়া যায় নি। উপরন্তু বোর্ডে থেকে তাদের ভাগের সময় চাষীদের ফাঁকি দেবার চেন্টা করা হয়—তাদের বলা হয়—তোমাদের ধান দেওয়া হবে না, যদি না তোমরা জমির মালিকের সপ্তো আপোষ মীমাংসা কর। এই যদি নীতি হয়, তাহলে মন্ত্রীমহাশয়কে জিব্জাসা করব গরীবদের স্ব্বিধার জন্য এই আইন নতন করে করবেন কিনা।

[4-20-4-30 p.m.]

# Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ দপীকার, সাার, এখানে ল্যান্ড রেভিনিউতে যে আয় আগে ছিল—এস্টেট য়্যাকুইজিসন য়াাক্টএর প্রের সেই আয় ছিল দ্বই কোটি সাত লক্ষ সাইতিশ হাজার টাকা। তারপর এখন দেখছি যে পাঁচ কোটি আটাশ লক্ষ প'চান্তর হাজার টাকা আয় হবে এইটা মল্টীমহাশয় আশা করেন। তার মধ্যে থেকে খরচ বেড়ে গেল—অবশ্য বেড়েছে—সেটেলমেন্ট অপারেসন হচ্ছে—কমপেনসেসন দিতে হছে—এটা দ্বীকার করি। কিন্তু এখান কয়েক বিষয় আমি আপত্তি করি। সরকার তহশীলশারকে ২৭ টাকা বেতন দিচ্ছেন—১২ টাকা পিয়নদের বেতন দিচ্ছেন। তার মধ্যে তাদের উপর
ক্রম হচ্ছে যে ১০-১২ দিনের মধ্যে অধেক টাকা আদায় করে দিতে হবে। আপনি আপনার

লোকের উপর জ্ল্ম করছেন—তারা আবার প্রজার উপর জ্ল্ম করছে। গোড়া থেকেই আমরা ভয় করেছিলাম যে এই এস্টেট য়্যাকুইজিসন য়্যান্ত চাল্, হলে—খাসমহল হয়ে গেলে অত্যাচার হবে— এর আভাস দেখতে পাচ্ছি। আমি বলব দাঁতন থানায় অনেক জায়গায় দুই বংসর ধান হয় নি। সেখানে জুলুম চলছে যতশীঘ্র থাজনা আদায় হয়। তারপর আর একটা জিনিষ আপনার নজরে আর্নাছ—মধ্যবিত্ত সম্প্রদায় যারা কেউ কাকে জমি বিলি করে নি বা জমি ২৫ একরএর চেম্নে কম তারা এস্টেট য়্যাকুইজিসন য়্যাক্টএ ২৫ একর জমি ৬ ধারা অনুসারে রাখছে তারা সেই মত রিটার্ন দিয়াছে। তাদের মধ্যে যারা আইনমত ভাগে বিলি করেছে—সরকার পক্ষের তহশীলদার তাদের কাছ থেকে ভাগধান আদায় করবার চেণ্টা করছে। ভাগধান সেটা সাঁজা নয়। সাঁজা হ**লে** ব্রুতাম সেটা রেন্ট। সেইজনা এই ভাগধান তাদের কাছ থেকে আদায় করবার কোন কারণ নেই। কারণ তারা জীম ২৫ একরএর মধ্যে রাখছে এবং আইনতঃ তা রাখতে পারে। কেননা আপনি বলেছেন, আপনার খাজনা আইনে দেখিয়েছেন—২৮ সালের সংশোধিত খাজনা আইনে—তাতে বিধান আছে প্রজা হবে মাত্র দ<sub>র</sub>ই জায়গায়। এক হচ্ছে যে ক্ষেত্রে মালিকদের সপ্<mark>গে রেজিণ্ট্রি করেছে</mark> দলিল সে প্রজা বলে স্বীকৃত হবে। আর একটা হচ্ছে কোন আদালতে প্রজা বলে প্রমাণ হলে তাকেও প্রজা বলে মেনে নেওয়া হবে। কিন্তু সেখানে যদি শুধু একটা সেটেলমেন্ট রেকর্ড থাকে, তাহলেই আর্পান ধান আদায় করতে পারবেন না। আমি জানি অধিকাংশ লোকের ২৫ একর জমিও নাই—সেখানে মধ্যস্বত্বাধিকারীর ১০ একর জমি আছে তারা হয়ত তার মধ্যে ৫ একর ভাগে দিয়েছিল এবং সেইরকমভাবে রেকর্ড হয়ে গেল। সেই জমি রাখবার রিটার্ন দিলেন— তখন কেন সে সেই জমি পাবে না। এইরকম করলে মধ্যস্বত্বাধিকারীরা একেবারে উচ্ছেদ হয়ে যাবে। এর প্রতিকার কর্ন। এটা অত্যন্ত পরিষ্কার জিনিষ যে তারা ২৫ একর জমি রাখতে পারবে। গরীবদের উপর জ্লুম করবেন না। বড়লোকদের উপর জ্লুম কর্ন বাধা নেই। কিন্তু যারা গরীব—মাত্র ২৫ একরএর চেয়েও কম জমি—তাদের জমি কেড়ে নেবার চেন্টা করবেন

তারপর রাজম্ব আদায়ের জন্য কর্মচারী যারা নিযুক্ত হয়েছে—তাদের জন্য বাড়ী ভাড়া নেওয়া হয়েছে। আমি জানি না মন্ত্রীমহাশয় প্রতি থানায় থানায় বাড়ী ভাড়া নিয়েছেন কিনা। দাঁতন থানায় ১২০ টাকা দিয়ে বাড়ী ভাড়া নেওয়া হয়েছে। অনেক ত আপনাদের সার্কল অফিসায় আছেন—তাদের ঘাড়ে এটা চাপিয়ে দিন তবেই রেভিনিউ আদায় করতে পায়বে। যখন খাসমহল ছিল—তখন প্রতি সাবডিভিসনএ একজন খাসমহল অফিসার এবং কোর্ট অব ওয়ার্ডসএর জন্ম প্রতি সাবডিভিসনএ একটা অফিসার ছিল। এখন প্রতি থানায় থানায় অফিস বড়ানোর কি প্রয়োজন আছে। তাতে খয়চ বেড়ে যাবে অনর্থক। প্রথান মন্ট্রীমহাশয় বর্লোছলেন এস্টেট হাতে এলে আমাদের চার-পাঁচ কোটি টাকা আয় হবে এবং ২০ বংসরের মধ্যে দেনা শোধ করতে হবে। এ সমস্তই আকাশকুসমুম হয়ে যাবে। এজনা এটা বন্ধ কর্মন।

তারপর যানবাহনের স্ক্রিধা হয়েছে স্তরাং থানায় থানায় এরকম অফিস করতে হবে এর কোন মানে হয় না।

তারপর গ্রামপঞ্চায়েত আইন আসছে ; এটা চাল্ব হলে—অন্য প্রদেশেও হচ্ছে—গ্রামপঞ্চায়েত রাজস্ব আদায় করতে পারবে। স্বৃতরাং এইভাবে ঘর ভাড়া করে খরচ বাড়াবার কোন কারণ নেই।

আমার শেষ বন্ধব্য হচ্ছে—প্রজাদের উপর যেভাবে জ্লুম করে খাজনা আদায় করা হচ্ছে, সেটা বন্ধ কর্ন। এবং যাদের ২৫ একর জমি আছে—তার সম্বন্ধে একটা ব্যবস্থা কর্ন।

#### 8j. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, ভূমিসংকাশত যে দুইটি গ্রেছ্পূর্ণ আইন পাশ হয়েছে সেই দুটি আইনকে কার্যকরী করার জন্য যে সৈটেলমেন্ট অপারেসন আরম্ভ হয়েছে সেই প্রসংগ উত্থাপন করে প্রারম্ভেই আমি আপনার বিরন্ধি উৎপাদন করব বলে আপনি হয়ত ভাবছেন। কিন্তু আমি যতটা পারি প্রনর্ছি এড়িয়ে এ সম্বন্ধে দুই-একটি কথা বলতে চেন্টা করছি। এই সেটেলমেন্ট অপারেসনএর ভিতর দুন্নীতির কথা বলা হয়েছে। আমার প্রব্ততী বল্কারা বলেছেন। আমি নতুন করে এই সম্বন্ধে ও সরকারের নীতি সম্বন্ধে দুই-একটি কথা বলাছ। য়েহেতু বর্তমান

ভূমি বাবস্থায় ভূমির সঞ্চো ভূমির মালিকের সম্পর্ক পাকাপাকিভাবে স্থির করে নেওয়া হবে এই সেটেলমেন্ট খাস, গভর্নমেন্টের তরফ থেকে এ বিষয়ে একটা নির্দিণ্ট নাঁতি নিধারণ করে দেওয়া উচিত ছিল। কিন্তু তা তারা দেন নি। সাঁজার ব্যাপারে, কর্মচারীদের দ্বর্নীতি বা ঘ্রা নেওয়ার জন্য মালিকরা বেশী করে সাঁজা লিখিয়ে নেয়—এটা ত আছেই তার সঞ্চে এও আছে সরকার থেকে ধান নির্দিণ্ট হয়ে গেছে যে ধান এই পরিমাণ দিতে হবে কিন্তু সেই ধান নির্দিণ্ট করে দেওয়া হয় নি। সেইজন্য দেখছি যে বিভিন্ন অপলে সাঁজার ধানের ম্লোর ব্যাপারে অনেক তারতম্য হছে। আমাদের হাওড়া জেলার দ্যামপুর থানার কয়েক বংসরের ধানের ম্লোর গড় ধরে নেওয়া হয়েছে। তার ফলে, এবং এই অগুলে সাঁজা ধানের ম্লা তানেক বেশী বলে, অনেক জমির উপর ৫০-৬০ টাকা খাজনা ধরা হয়েছে— সাঁজা ধানের ম্লা হিসাবে। ধানের ম্লা ক্রমশঃ কমে আসছে। সেইজন্য ঐ দরটা বর্তমান দরে বেশ্বে দেওয়া উচিত ছিল। সেই দর বেশ্বে দেওয়া হলে সেইসম্বত ক্ষেত্রে সাঁজার ধানের মান্ট ম্লা কম্বতা।

## [4-30-4-40 p.m.]

এই অতিরিক্ত হারে সাঁজায় জমির ধানের মূল্য হিসাব করে খাজনা নিধারণ করার ফলে অনেকে সাঁজায় জমি ভয়ে ছেড়ে দিতে বাধ্য হচ্ছে। বর্গাদারদের সম্পর্কে যেভাবে মালিকপক্ষের প্রভাবে প্রভাবান্বিত হয়ে ঘুষ ইত্যাদি থেয়ে এবং অন্যভাবে দুন্নীতির বশবতী হয়ে সেটেলুমেন্ট कर्म ठावीता वर्गामातरमत উচ্ছেদ कर्त्राष्ट्र, राम सम्बल्ध आमि विराग करत आत्नाहमा कराया मा। অনা একটা আলোচনা আমি করতে চাই যে বহুদিনের যে ভূমি বাবস্থা চলে আসছিল, সেই ব্যবস্থার ফলে দেশের জনসাধারণের কয়েকটা ক্ষেত্রে যে বিশেষ ক্ষতি হয়েছে নতন ভূমিব্যবস্থায় সেদিকে সরকারের দুষ্টিপাত করা উচিত ছিল এবং সেদিকে দুষ্টি দিয়ে নীতি নিধারণ করা উচিত ছিল। আমাদের দেশে বহুদিন পূর্ব থেকে বহু গোচরভূমি ছিল, শ্মশান, পতিত, খাল বিল ছিল সেগ্রলিকে জমিদার বা আশেপাশের জমির মালিকরা আত্মসাৎ করে নিয়ে জমিতে পরিণত করেছে। আমাদের দেশে যেসমুহত জলনিকাশের খাল ছিল বা সেচের খাল ছিল. সেগ্রলির পাড়গর্নল এখন আর সাধারণের বাবহার্য নয়, সেগ্রালিকে ব্যক্তিগত মালিকানার মধ্যে আনা হয়েছে। সরকারপক্ষ থেকে যাতে এই সমস্ত গেচরভূমি, শ্মশান, খাল বিল এবং খালের পাড়, এগালি যাতে আবার সাধারণের ব্যবহার্য জমি হিসাবে ফিরে পাওয়া যায় সেদিকে দুণ্টি দেওয়া উচিত ছিল এবং সেটেলমেন্ট মাপের কাজের সময় কর্মচারীদের সেইভাবে নির্দেশ দেওয়া উচিত ছিল। কিন্তু ঐসমূত কর্মচারীদের সেরকম কোন নির্দেশ দেওয়া হয় নি, এদিকে আর একটা বিশেষ অস্ক্রিধা হয়েছে, এবং সেটেলমেন্টের ক্ষেত্রে যা কিছু, দুন্নীতি, সেই দুন্নীতির করা হয় নি। আমরা জানি যে এই সেটেলমেন্ট অপারেসন খুব তাড়াতাড়ি করবার আমীনদের তাড়াতাড়ি কাজ সারবার নির্দেশ দেওয়া হয়েছে যার জন্য সমস্ত জিনিষ্টা খাটিনাটি-ভাবে দেখবার সুযোগ তারা পায় না এবং অনেক ক্ষেত্রে একই খ'্টি একই জায়গায় বিভিন্ন र्भानित्कत अधीरन तरप्रष्ट, जारमत পृथक करत स्मर्ट खीमग्रीनित्क जानामा करत रतकर्ज कतावात কোনরূপ বাবস্থা তাঁরা করেন নি এবং অনেক ক্ষেত্রে যেসমস্ত জমি আগে এক এক দাগে মাপ হয়েছে, সেগ্রলিকে বর্তমানে বিভিন্ন দাগে বিভিন্ন মালিকের নামে হয়ত মাপ করা উচিত ছিল কিন্তু তা করা হয় নি। সেটেলমেন্ট ক্যাম্পগ্রিল অনেক দূরে দূরে অবস্থিত হওয়ার ফলে সেগ,লি একটা ছোটখাট আদালতে পরিণত হয়েছে। সেই কাম্পগরেল যদি কাছাকাছি জায়গায় হোত, ঘন ঘন জায়গায় যদি হত, তাহলে তার মধ্যে এত দুনীতি হতে পারত না এবং ভূমিস্বত্বের ঠিক পরিচয় পাওয়া যেত বলে আমি মনে করি। সেটেলমেন্ট ক্যাম্পগর্বল ছোটখাট আদালতের মত হয়েছে এবং সেখানে টাউটরা প্রভাব বিস্তার করেছে এবং সাধারণ মান্ষ, যারা বিশেষ কিছ্ম বোঝে না, তারা এইসমুস্ত টাউট্দের হাতে পড়েছে এবং তাদের অনাথা ঘূষ দিতে হচ্ছে ও অনাভাবে অর্থ বায় করতে হচ্ছে। তাদের স্বার্থও স্বাদিক দিয়ে উপেক্ষিত হচ্ছে এইসব ব্যাপারে. কাব্রেই আমার মনে হয় ডাঃ ব্যানার্জি যা বললেন সেটেলমেন্ট অপারেসন এটা কন্টিনিউড অপারেসন, এটা এখানেই হয়ত শেষ নয় : আমার মনে হয় সরকারকে এইসমস্ত কথা বিবেচনা করে তাদের বর্তমান নীতি পরিবর্তন করে ন্তন করে সেটেলমেন্টের ব্যবস্থা করতে হবে এবং তাহলে

ভূমি সন্বন্ধে একটা সঠিক চিত্র আমরা পেতে পারবো। জমিদারী দখল করে নেওয়ার ব্যাপারে যে খাজনা আদায়ের ব্যবস্থা হয়েছে সে সন্বন্ধে দুই-একটা কথা আমি বলতে চাই। আমি বলতে চাই যে এইসমস্ত ক্ষেত্রেও সেই আগেকার দুন্নীতি রয়েছে। বিভিন্ন লোকের নামে যেসমস্ত ক্ষেত্রে খাজনা আদায়ের ব্যবস্থা হয়েছে, নাম খারিজ হয়ত অনেকদিন আগে থাকতে রয়েছে, সেইসমস্ত জমিগ্রিল এইসমস্ত ন্তন আদায়কারীরা আলাদা আলাদা করে দিছে না, সেগ্রিল জড়িয়ে রাথছে এবং টাকাকড়ির চাপ দিছে যাতে টাকাকড়ির চাপে পড়ে জনসাধারণ সেগ্রিলকে আলাদা করে নিতে পারে। এমনকরে জনসাধারণকে কিরকমভাবে চাপ দিছে, তার একটা উদাহরণ আমি দিছি। মাননীয় জনাদনি সাহ্মহাশয়ের জায়গা পটাশপ্রে থানার কথা বলি।

[At this stage the blue light was lit.]

আর দুই-এক মিনিট সময় লাগবে স্যার। পটাশপর থানায় বাগবাসপর গ্রামাণ্ডলে যেসমন্ত বর্গাজিম সরকারের অধীনে এসেছে সেইসব বর্গার জমির ধান আদায় করবার জন্য সেই সমন্ত আদায়কারী কর্মচারীরা গিয়ে বলছে যে আমরা থেকে ধান কাটাবো, আমরা যতক্ষণ পর্যন্ত ধানের পরিমাণ নির্ধারণ করতে না পারি ততক্ষণ পর্যন্ত তোমরা ধান কাটতে পারবে না। তাদের নির্দেশে পড়ে এইভাবে চাষীরা জমির ধান কাটতে পাছে না, ধান তাদের ঘরে নিয়ে যেতে পাছে না, ফলে ধান মাঠে পড়ে সব নন্ট হয়ে যাছে। এইসমন্ত দুনীতির দিকে সরকারের বিশেষভাবে দুটি দেওয়া প্রয়োজন এবং ভূমিবারন্থা পরিবর্তন করে জনসাধারণের অস্ক্রবিধা দ্র করে যাতে তাদের কিছু স্ক্রবিধা হয় সেদিকে দুটি দেওয়া বিশেষভাবে দরকার। যদিও নৃতন পরিবর্তিত ভূমি আইনের ন্বারা জনসাধারণ বিশেষ উপকৃত হয় নি, তব্ও যে বাবন্থা হয়েছে সেই ব্যবন্থাকে যথোপ্যক্তভাবে কার্যকিরী করার জন্য বিশেষভাবে চেন্টা করা উচিত।

সরকারের জনস্বার্থবিরোধী ভূমিনীতি সম্বন্ধে একটা উদাহরণ দিই। গডিয়ার নিকটবতী বৈষ্ণবঘাটায় সেটেলমেন্ট কান,নগোজ কলোনী নামে পরিচিত একটি জায়গা আছে সেখানে সরকারের একটা অনাায় নীতির দিকে আমি আপনার দূর্টি আকর্ষণ করছি। এখানে সেটেলমেন্ট কান,নগো এবং সেটেলমেন্ট বিভাগের বিভিন্ন কর্মচারীরা একটা কো-অপারেটিভ সোসাইটির মত করে তাঁরা সেখানে একটা কলোনী প্রতিষ্ঠা করবার জনা ল্যান্ড একুইজিসনের চেষ্টা করেন সরকারের মারফত এবং বিভিন্ন সময়ে তারা এক লক্ষ ৭২ হাজার টাকা সরকারকে জমা দিয়েছিলেন সেইসমুদ্ত জমি একোয়ার করার জনা। এই একইজিসনের বিরুদ্ধে জমির সাবেক মালিক যাঁরা जाँदा भाभना भारतम्भा नाराद्य करतन आनिश्चत् त्रिष्टिन कार्राटन, कार्रानकाठा हार्डे कार्रे, **এ**वर স্প্রীম কোর্ট পর্যন্ত তার বিচার হয়। এই বিচারের সময় ইনজাংসন দেওয়া ছিল এইসমস্ত সম্পত্তির উপর। এই মোকর্দমায় এবা জিতলেন, এবং সেটেলমেন্ট কান,নগোরা জমির মালিকানা পেলেন এবং ইনজাংসনও উঠলো কিন্তু দুঃখের বিষয় ইনজাংসন উঠবার সজ্গে সংগে দেখা গেল সরকার অনেকথানি জায়গা, এই কর্মচারীদের টাকা দিয়ে একোয়ার করা অনেকথানি জায়গা স্টেট দ্রীন্সপোর্ট ডিপার্টমেন্টকে দিয়ে দিলেন এবং শুধু তাই নয়, শিক্ষাবিভাগের গড়িয়া কলেজ প্রতিষ্ঠার জন্য সেখানে আরো অনেকটা জায়গা দিয়ে দেবার মতলব তাঁরা করেছেন। সেটেলমেন্ট কান,নগোরা টাকা জমা দিয়ে রেখেছেন, তাঁদের টাকায় একুয়ার করা জায়গা, সেগর্লি তাঁদের মতামত উপেক্ষা করে সরকার ইচ্ছামত ব্যবহার করলেন। সাধারণ মধ্যবিত্ত মান্য, তাঁদের প্রতি এই যে অবিচার এটা অন্যায় এবং অসংগত। সরকারের যে নীতি ভূমি সংক্রান্ত যেনীতি সেটা বাস্তবিকপক্ষে সাধারণ দরিদ মধ্যবিত্তের স্বার্থের দিকে দুডিট না রেখে নিজেদের এবং অপেক্ষাকৃত সম্পন্ন সম্প্রদায়ের স্বার্থের দিকে দূচ্টি রেখেই যে করা হয়েছে, এটা তার একটা উদাহরণ। আমি আশা করি সরকার এর প্রতিকারের ব্যবস্থা করবেন।

## Sj. Provash Chandra Roy:

মাননীর সভাপাল মহাশয়, আমাদের পশ্চিমবঞা কৃষিপ্রধান দেশ এবং পশ্চিমবগোর ৩২ লক্ষ্পরিবার অর্থাৎ এক কোটি ৬০ লক্ষের মত মান্ষের ভাগ্য ভূমির সঞাে জড়িত। পশ্চিমবগোর প্রকৃত উন্নতি করতে গোলে এইসমসত মান্ষের জীবনকে কি করে আমরা স্থসম্ভিশতে গড়ে ছুলতে পারবাে সেদিকে ম্লতঃ নজর দিয়ে ভূমিবাবস্থা করা দরকার। সেইজন্য অম্রা মাননীর মন্দ্রীমহাশয়কে ইতিপ্রেশ জানিয়েছিলাম যে তা করতে হলে বিনা ক্ষতিপ্রেশে জমিদারী প্রথার

জিলেল করতে হবে কৃষকদের মধ্যে বত বেশী পরিমাণে জমি বিলি করা যায় সেই দৃষ্টিভগণী নিরে কৃষি সমস্যার সমাধানের ব্যবস্থা করতে হবে, কৃষকদের ঘাড়ে যে কোটি কোটি টাকা ঋণের বোঝা চেপে আছে তা থেকে কৃষকদের মত্তে করতে হবে, ট্যাকসের বোঝা দিনের পর দিন না বাডিয়ে তাদের ঘাড় থেকে ট্যাকসের বোঝা কমাতে হবে, কৃষিজাত দ্রব্যের ন্যায়সগ্গত মলো বিক্রয়ের বারক্থা করতে হবে। এবং শিক্পজাত ও কৃষিজাত মূল্যের সামঞ্জস্য বিধান করতে হবে। তা র্যাদ করু যায় তবে কৃষকদের অবস্থা ফিরবে এবং তার মধ্য দিয়ে কৃষকদের ক্রয় ক্ষমতা বাড়বে এবং তার মধ্য দিয়ে আমাদের দেশে শিল্প ব্যবসার বিকাশ ঘটবে এবং মধ্যবিত্ত শ্রমিকরা তাদের কাজের সংস্থানের ব্যবস্থা করতে পারবে। এই দুষ্টি নিয়ে মূলতঃ ভূমি ব্যবস্থার সংস্কার হওয়া উচিত কিন্তু আমাদের বর্তমান সরকার, তাঁরা আবাদী সমাজতন্ত্রের কথা বলেন কিন্তু আসলে তাঁদের মূল দূগ্টি সমাজতন্ত্রবাদের দিকে নয়। সেইজনা মূখে এই কথা বললেও বাদ্তবে কাজের মধ্যে তার কোন পরিচয় আমরা পাই না। জমিদারী দখল আইনের মধ্যে আমরা দেখেছি যে তাঁরা জমিদারদের চাষের বাগান, কয়লার থনি, পোম্বেটী, অচার্ড, প্রভৃতি মেছোঘেরির নাম করে লক্ষ্ণ লক্ষ্ণ বিঘা জমি তাদের হাতে রেখে দেবার বাবস্থা করেছেন। ভূমিসংস্কার আইন তাঁরা পাশ করেছেন, তার মধ্য দিয়ে আমরা দেখেছি পার্টিসন রোধ করবার নাম করে এতে যেসমুহত আইন লিপিবন্ধ করেছেন তার মধ্য দিয়ে ভায়ে ভায়ে যদি জমি বন্টন করা যায় তাহলে হয়ত পাঁচ ভায়ের মধ্যে চার ভাইকেই পথে বসতে হবে, ভূমিহীন হতে হবে।

# [4-40-4-50 p.m.]

তারা আইন করেছে যে, একজনের যদি বিভিন্ন দাগে জমি থাকে, সমস্ত দাগে একটা হোলিডং করা হবে এবং সেখানে একটা হোল্ডিংএর উপর সমগ্র খাজনা ধার্য করা হবে। এবং সেই হোল্ডিংএর খাজনা যদি কোয়ার্টারএ না দিতে পারে তা হ'লে সার্টিফিকেট জারী করবেন এবং সার্টিফিকেট জারী করে সেই জামকে নীলাম করে দিয়ে অন্য লোক কিনে নেবে তার বাবস্থা করছেন। সূত্রাং একদিকে জমিদারী ক্রয় আইনের মাধ্যমে ব্রুটি, অন্যাদিকে সেই ব্রুটি ভূমি-সংস্কার আইনের মধ্যে রয়েছে এবং এই ত্রটিগর্মাল ও দর্বলতা সংশোধন করার জন্য মন্ত্রী-মহাশয়ের কাছে দাবী করছি। তারপর বর্তমানে আমরা দেখতে পাচ্ছি, গ্রামা এলাকায় আটেসটেশন চলছে। তার মধ্য দিয়ে সরকার আমাদের আশ্বাস দিয়েছিলেন যেসমুস্ত বিনা হস্তান্তর পাটা প্রভাত চলছে সেগ্রলি তাঁরা ধরবেন বলেছিলেন এবং আমরা আশা করেছিলাম সেগ্রাল তাঁরা কৃষকদের মধ্যে বিলি বণ্টন করতে পারবেন। আমরা গ্রাম্যএলাকায় ঘরে ঘরে দেখতে পাচ্ছি এইসমুহত ধরা ত দূরের কথা, যেসমুহত অ্যাটেসটেশন অফিসার তারা জিমিদার. বড বড মালিকদের কাছ থেকে ঘুষ নিয়ে সেইসমস্ত হস্তান্তর করবার বাবস্থা করছেন না। আমি ব্যক্তিগতভাবে জানি। ৪ মাস পূর্বে আমি ডায়মন্ডহারবার হাকিমের কাছে কোন কার্য উপলক্ষে গিয়েছিলাম। তাঁকে আমি জিজ্ঞাসা করেছিলাম, ডায়মন্ড হারবারে আপনার হাতে কত জমি এসেছে। তাতে তিনি আমাকে বলেছেন, মাত্র ১৫ হাজার বিঘা জমি তাঁর হাতে আসতে পারে বলে তিনি আশা করছেন। ডায়মন্ড হারবারে আমি জানি রথি দিন্দা নামে একজন লাটদার আছে যার ১০ হাজার বিঘা খাস আছে এবং সন্দেশখালি থানায় শ্রীনাথ জমিদারদের ২২ হাজার বিঘা লাটদারী আছে, তার মধ্যে ১৬ হাজার বিঘা খাস জমি রয়েছে। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি রথি দিন্দা এবং শ্রীনাথ জমিদারদের কত বিঘা জাম তাঁর হাতে এসেছে। শুধু তাই নয়, আমরা জানি আজকে ৬ লক্ষ একর জমি পাবার আশা এই সরকার করছেন-সেখানে ২ লক্ষ একর জমি তাঁরা পাবেন বলে আমি মনে করি না। সেদিক থেকে পশ্চিমবাংলায় যে ৭ লক্ষ বর্গাদার আছে, যেভাবে এাটেশটেশনএর কাজ চলছে, যেভাবে ভাগচাষীদের উচ্ছেদের কাজ চলছে, তাতে ৫ লক্ষ্ম পরিবার উচ্ছেদ হয়ে যাবে বলে আমরা দেখতে পাচ্ছ। এবং পশ্চিমবাংলায় যে দেড় লক্ষের মত ঠিকা, গলে। এবং সাঁজাচাযী রয়েছে যাদের আন্ডার রাইয়ত বলা হয়, তাদের যেভাবে ব্যবস্থা হচ্ছে তাতে আমার মনে হয় সোয়া লক্ষ পরিবারই উচ্ছেদ হয়ে যাবে। আমি ব্যক্তিগতভাবে জানি বিষ্ণুপুর, বেহালা, ক্যানিং প্রভৃতি থানায় ঠিকা এবং গ্রেলা চাষী ব্যাপকভাবে রয়েছে এবং যারা ২০।২৫ বছর ধরে চাষ করছে তাদের নামে ঠিকমত রেকর্ড করা হয় নি। সতেরাং আজকে তারা জমি থেকে উৎপাত रस याट्छ। कान कान कान्नशाप्त ठिका, भूत्ना ठायौ जापन कान न्नाम तन्हे, स्मानका

এ্যাটেস্টেশন অফিসাররা তাদের ঠিকা এবং গ্রেলা হিসাবে, আন্ডার রাইয়ত হিসাবে রেকর্ড করছেন না। এ সম্পর্কে আমরা বার বার মাননীয় মন্ত্রীমহাশয়ের দূল্টি আকর্ষণ করেছি এবং তিনি এই হাউসে প্রতিশ্রতিও দিয়েছিলেন যে. ঠিকা, গুলো চাষীদের ষাতে রেকর্ড হয় সে বিষয়ে নজর দেবেন। কিন্তু তিনি তাঁর প্রতিশ্রতি কার্যে পরিণত করতে পারেন নি। এর কারণ আমরা ব্রুরতে পারি, ম্লতঃ কৃষকদের রক্ষা করা তাদের উদ্দেশ্য নয়, কত বেশি কৃষকদের জুমি থেকে উচ্ছেদ করতে পারেন তার দিকে তারা নজর দেন এবং সেই জুমিগুলিকে কি করে জ্যোতদারদের হাতে দিতে পারেন, এটা হচ্ছে তাঁদের নীতি। কয়েকদিন আগে আমি খবর পেয়েছি সরকারের হাতে যে জমি এসেছে—হাসনাবাদ থানার কথা বর্লাছ—র্যাদও সরকার ভূমি-সংস্কার আইনে এই কথা বলেছেন যে, ৬০ ভাগ পাবে চাষী এবং ৪০ ভাগ পাবে জুমির মালিক। যেসব ভাল জমি তাদের হাতে আসছে তাতে নির্দেশ দেওয়া হয়েছে অর্ধেক ধান-খড সরকারকে দিতে হবে আর অর্ধেক পাবে ভাগচাষী। এইভাবে নিজেদের তৈরি করা আইনকে নিজেরাই পরিচালিত করছেন। এই খবর আমি হাসনাবাদ থানার ভাগচাষ বোর্ড থেকে জেনেছি। আশা করি এর সদ্বত্তর দেবেন। তারপর আমি বলব যেসব জমি নিয়ে ভাগচাষ বোর্ডে চাষীদের সংখ্য মামলা হয়েছে এবং চাষীরা সেখানে তাদের পক্ষে রায় পেয়েছে সেই ভাগচাষ বোর্ডের রায় দেখানো সত্ত্বেও এই এ্যাটেস্টেশন অফিসাররা তাদের নামে রেকর্ড করছেন ना। এইরকম ব্যাপকভাবে সোনারপত্নর থানায়, বজবজ থানায়, বিষ্ণুপত্নর থানায় এইরকম চলছে। সেইজন্য অবিলম্বে সেখানে ভাগচাষীর নাম রেকর্ড হয়েছে বা বোর্ডের কাছে কোন ডকুমেন্ট আছে যাতে তাদের নামে রেকর্ড হয়, তার ব্যবস্থা করবেন এবং আজকে সরকার যেভাবে তাডাহতে করে এাটেন্টেশনএর কাজ করছেন তাতে লক্ষ লক্ষ মানুষের ভাগ্য নিয়ে ছিনিমিন খেলা হচ্ছে বলে আমি মনে করি। হৃতুম দেওয়া আছে এইসমস্ত জরীপের কাজ ৩ বংসরের মধ্যে শেষ করতে হবে যেখানে ৫ বংসরেও সম্ভব নয়। আমি জানি প্রত্যেক এ্যাটেস্টেশন অফিসারকে প্রতিদিন ৫০ থতিয়ান করে রেকর্ড করতে হয়। এক-একটা ক্ষতিয়ানে ২৫।৩০টা करत भ्लो तरहाए । यञार काक २ एक जार अधिमातरात भरक नाहि नहार करता मण्डव नहा তারা কেবল চার্কার বজায় রাথবার জন্য দুতে কাজ করে যাচ্ছে। এইভাবে লক্ষ লক্ষ ভাগচাষী. ঠিকা গলো সাঁজাচাযীর জীবন নিয়ে ছেলেখেলা হচ্ছে। যাতে রেকর্ড অব রাইট্স ন্যায়-সংগতভাবে হয় তার জন্য ব্যবস্থা করতে মন্ত্রীমহাশয়কে আমি অনুরোধ জানাচ্ছি। বিশেষ करत ठिका, भरत्ना धवर मौजाठायौ यार् जारमत नारम त्त्रकर्ण २८७ भारत, तिमन थाक ना ना থাক যদি প্রমাণিত হয়, তা হলে যেন তাদের নামে রেকর্ড করা হয়, যাতে গরীব চাষীরা রক্ষা পায় তার জন্য চেণ্টা করবেন।

[4-50—5 p.m.]

### Si. Surendra Nath Pramanik:

মাননীয় দপীকার মহাশয়, সরকারের অন্যান্য পরিকল্পনা বিশেষ প্রশংসা লাভ না করলেও একটা পরিকল্পনা বিশেষ স্নাম ও প্রশংসা অর্জন করেছে। সেটা হ'ল দ্নীতি উন্নয়ন পরিকল্পনা। সরকারের এমন কোন বিভাগ নেই যেখানে দ্নীতি না আছে এবং প্রলশ বিভাগের সংগ্য দ্নীতির যে ঘানন্ত দসপর্ক তা সর্বজনবিদিত। আর একটি হচ্ছে সেটেলমেন্ট বিভাগ। এই বিভাগে দ্নীতির জন্য কত দরিদ্র কৃষকের যে সর্বনাশ হচ্ছে তার হিসাব নেই। এগাটেস্টেশন অফ্সিএ দরিদ্র চাষীর উচ্ছেদ হচ্ছে, অনেক জমি-জায়ণা পর্যক্ত উধাও হয়ে যাছে। এরকম বহ্ন দ্যুটান্ত রয়েছে, তারু মধ্যে দ্ব-একটি আমি বলব। আমি করেকটি উদাহরণ দিছি। একটা এগাটেস্টেশন ক্যাম্পএর কথা বলব।

শাউড়ী ক্যান্দেপর একটা ঘটনা বলব। এই ক্যান্দেপিট দাঁতন থানার অন্তর্গত নারায়ণগড় থানার নিকটবতী কয়েকটি মৌজা এই ক্যান্দেপর অধীন পড়েছে। তন্মধ্যে তর্থা একটি মৌজা। তৈলক্ষ্য মাইতি নামক এই গ্রামের একজন দরিদ্র ক্লমকের উক্ত মৌজায় বাস্কৃতিটা সহ ৭ ।৮ বিঘা জিমি ছিল। জনৈক জিলার এই ক্লমকের সম্হ জিম বাকী থাজনায় নালিশ করে নীলামে ক্লয় করেন এবং কোর্ট থেকে এই জমির দথল না নিয়ে তাঁহারই তহশীলদার উক্ত গ্রামের শশীভূষণ অধিকারীকে আমলনামা পাট্টা শ্বারা বন্দোবস্ত দেন এবং থাজনা আদায়ের দাখিলাও দিতেছেন। শশী অধিকারী পাট্টা ম্লে এইসকল জমি দখল করতে যায়।

তখন দ্রৈলক্ষ্য মাইতি সমস্ত অবগত হয়ে মোকন্দমা চালাতে না পেরে তার বাবতীয় সম্পত্তি स्रोतक त्रामकृष्ण वत्रक विक्रि करत अवर अना शास्म भागित शिरत स्मर्थात किए स्मिकायुगा ক্রয় করে বসবাস করে। রামকৃষ্ণ বর এইসমস্ত জমি প্রায় ৩।৪ বছর দখল করেন এবং তাঁর অন্তে তার পুত্র ধরণীধর বর উক্ত তর্মা গ্রামের ৩।৪ জন দরিদ্র কুষককে কিছু জমি বিক্রয় করে। তারা এই জমিতে ফসল উৎপন্ন করে এবং ফসল কেটে বাডিতে নিয়ে যায়। এইসকল ক্ষকের দারিদ্রোর সংযোগ নিয়ে শশীভূষণ অধিকারী জমিদারের প্রামর্শে তার দর্খাল জমি হতে জাের করে ধান কেটে নিয়ে গেছে—এই অভিযােগ করে উন্ত ৩।৪ জন কুষককে আসামী करत এकि भिष्णा स्माकम्ममा नारमत करत अवर सारे मामला स्मिननीभूरतत कार्चे क्रांत्र माणिलाष्ट्रीहे মিঃ জে, সি, দাসের কোর্টে বিচার হয়। ম্যাজিজ্টেট উভয়পক্ষের সাক্ষীর সাক্ষ্য নিয়ে আসামী-গণের এইসকল জমি—যাদের দখলে আছে এবং তারাই এই জমিতে প্রকৃত স্বত্ববান স্থির করেন। বাদী ৭নং সাক্ষী জমিদারের প্ররোচনায় যাতে আসামীগণ গত সেটেলমেন্টে তাদের নাম রেকর্ডা করতে না পারে সেই উন্দেশ্যে মিথ্যা মামলা উত্থাপন করেছেন। কিন্তু বিচারক মামলার সত্যাসত্য উপলব্ধি করে আসামীগণকে নির্দোষ সাবাস্ত করে খালাস দেন। এইসমুস্ত কুষকদের সমূহ কাগজপত্র এবং ম্যাজিস্টেটের রায় দেখান সত্ত্বে শাউড়ী ক্যান্সের এ্যাটেস্টেশন অফিসার শশীভ্ষণ অধিকারীর নিকট মোটা ঘুষ নিয়ে তাঁরই নামে এইসকল জমি রেকর্ড করে দিলেন। দরিদ্র চাষীরা মিথ্যা মোকন্দমায় বহ, অর্থ বায় করেছে এবং এর ন্বারা ভবিষ্যতে আরও যে কত হয়রানি ভোগ করতে হবে তার সীমা নাই।

এইরকম আরও একটা ঘটনার কথা বলব। সেটা হচ্ছে নারায়ণগড় থানার বেলদা এাটেস্টেশন অফিস। গোপাল মাইতি নামে জনৈক লোক জরীপের সময় উপস্থিত ছিল। কিন্তু তা সত্ত্বেও সেই গ্রামের নগেন্দ্রনাথ দে'র নামে তার কয়েকটা জমির দাগ রেকর্ড হয়ে যায়। তারপর এাটেস্টেশন অফিসে গিয়ে নগেন্দ্রনাথ দে ও গোপাল মাইতি দ'্ভানে গিয়ে আপত্তি করল। নগেন্দ্রনাথ বলল, এইসকল জমি যা আমার নামে রেকর্ড হয়েছে, তা আমার নাম, গোপাল মাইতির। তব্ও গোপাল মাইতির নামে রেকর্ড করা হল না। তারপর গোপাল মাইতিকে একজন ক্লার্ক ডেকে বলল, তুমি যদি ৪০ টাকা দিতে পার, তা হ'লে আমি এটা তোমার নামে রেকর্ড করে দিতে পারি।

এইরকম দুন্নীতির বহু খবর আমরা পেয়েছি। আমার সময় খুব কম, সেই সবগুলি বলব না।

আর একটা কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব। ষেসকল জমিদারদের অলপ জমিদারী ছিল, সেই জমিদারীর আয়ের উপর তাদের পরিবারের ভরণপোষণ নির্ভব করত। সেই জমিদাররা তাদের জমিদারীর কম্পেনসেসন না পাওয়ার জন্য অত্যুক্ত বিপদে পড়েছে। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এইসকল জমিদার এবং মধ্যন্বস্থাধিকারিগণ যাতে শীঘ্র এই ক্ষতিপ্রণের টাকা পেতে পারে, তার একটা স্বাবস্থাকরবেন।

তারপর আর একটা কথা বলব। ভাগচাষ বোর্ডে যেসমস্ত মামলা বিচারাধীন রয়েছে সেগ্রেলা মার্চমাসের পর এই ভাগচাষ বোর্ডের যাঁরা মেম্বার আছেন, তাঁরা সেই মামলার বিচার করবেন, না, কাঁরা করবেন? সেই বিচার যাতে ত্বরাম্বিত হয় তার জন্য মন্দ্রীমহাশয় স্বাবস্থা করবেন। এদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

এ্যাটেস্টেশন অফিসের দ্ননীতি দমনে সরকার এত উদাসীন এবং অক্ষম কেন তা আমরা কিছ্মই ব্ঝতে পার্রাছ না। এই এ্যাটেস্টেশনএ যেসমস্ত দ্মনীতি চলেছে সেইসমস্ত ন্নীতি দমনের জন্য যাতে শীঘ্র একটা ব্যবস্থা সরকার অবলম্বন করেন, সেইজন্য মন্ত্রী-মহাশরের দ্বিট আকর্ষণ কর্রাছ। তিনি যেন এর একটা ব্যবস্থা শীঘ্র করেন যাতে দরিদ্র স্বীদের বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হতে না হয়।

# 8j. Lalit Kumar Sinha:

মাননীয় স্পীকার মহোদয়, অন্যান্য সদস্যরা সেটেলমেন্টের দ্নীতি সম্বন্ধে অনেক কথা বলেছেন। আমি এই সেটেলমেন্টের একটা বিশেষ ব্যাপারের প্রতি মাননীয় মন্দ্রীমহাশরের দ্ভি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে—প্রের্ব জব্পালের চাষীরা ষেসমন্ত জব্পালের অধিকার ভোগ করে আসছিল, বর্তমানে সেটেলমেন্টের অফিসারদের খামথেয়ালিতে কিভাবে চাষীরা সেইসমন্ত জব্পালের অধিকার হারিয়েছে। চাষীদের জব্পালে পাতা ও ফ্ল ফল কুড়ান, আকটো কাঠ কাটা, গর্ব চরান প্রভৃতি সম্পর্কে যে বিবিধ স্বত্বের অধিকার জরীপে রেকর্ড ছিল, সেগ্রেল বর্তমানে রেকর্ড করা হচ্ছে না। ফলে কৃষকদের এতদিনের অধিকার নন্ট হয়ে যাছে।

ডাঃ রায় বলেছেন একটা সেফ-গার্ডের কথা, যদি প্রয়োজন হয় তাহলে ভবিষাতে বাংলাদেশ সেপারেট হয়ে যেতে পারবে। এখন কথা হচ্ছে, যদি সেই পরিস্থিতি হয়, এবং বাংলার সীমানা নিম্পারিত এখন না হয়, তাহলে সেপারেশনএর সময় আজকের যে বাংলা আছে সেই বাংলাই থাকবে কিনা সেটা আমাদের জানার বিশেষ প্রয়োজন। তা না হ'লে যখন কাউন্সিল রয়ে গেল, এবং সীমানাও নিম্পারিত না হয় এই দ্টো থেকে এই কনকুসানই আসে যে তাঁরা এতদিন ধরে প্রেফ একটা ধাণ্পা দিয়ে গেছেন, বাংলাদেশের লোককে, এবং আজকে তাদের ভূবিয়ে দেবার চেণ্টা করছেন। তাদের যে দাবী ছিল ভাষাভিত্তিক তা কোন দিন-দেওয়া হবে না। এবং যদি বাংলা কোনদিন ইউনিয়ন থেকে ফিরে আসতে চায় তাহলে টেরিটার যা আছে, তা থেকে এক ইঞ্চিও বেশী পাবে না। এতে হলো কি না বেহার যা চেয়েছিল এক ইঞ্চি জমিও বাংলাদেশকে দেবে না, সেই বেহারকে খোসাম্দ করে এলেন ডাঃ রায় এবং এদিকে বাংলাকে হিন্দী ভাষাভাষীর যে সাম্বাঞ্কাবাদ, তার অধীনপথ করবার জন্য যে প্রচেণ্টা চলেছে তাতেও তিনি সায় দিয়ে আসছেন।

Mr. Speaker: What specific information do you want to get from the Government? You are stating many things which are purely your conclusion or inference. Do not make inference. I have given you permission to speak to enable you to get some information. Sj. Jyoti Basu raised specific questions to ascertain categorically three points.

## 8j. Sudhir Chandra Ray Chaudhuri:

আর্সাছ আমি, আর্সাছ স্যার, এইসব ফ্যাক্ট থেকে যা আরছে—

Mr. Speaker: They are debatable, they are inferences.

8j. Sudhir Chandra Ray Chaudhuri:

এইসব ফ্যাক্টস থেকে যা আসছে তার উপর জবাব চাই। তার উপরই আমার প্রশ্ন হবে।

Mr. Speaker: Put your specific question on which you want to get information.

## Sj. Sudhir Chandra Ray Chaudhuri;

আমার প্রথম প্রশন হচ্ছে এই, এই যে বিলটা পার্লামেনেট আসছে, এই বিল ডাঃ রারের জ্বানা আছে কিনা এবং তার সর্ত সম্বন্ধে পূর্বে তাঁর সঙ্গো পরামর্শ করে এই জিনিষ করা হয়েছে কিনা?

২য় প্রশ্ন হচ্ছে, আমাদের ভাষাভিত্তিক দাবীতে বাংলার যে যে অংশ আমরা চেরেছি সেটা একেবারে চেপে দেওয়া হয়েছে কিনা? এবং সে সম্বন্ধে আমাদের এখানে কোন আইন আসবে কিনা?

০য় প্রশ্ন হচ্ছে, ইউনিয়ন শ্ল্যানের কথা প্রসংশ্য উনি হাজারো জিনিষ বলে বেড়াচ্ছেন, কিশ্চু আমাদের প্রশন হচ্ছে এই বিলের সংগ্য সে বিল এল না কেন? এবং সেটা আলাদা করে রাখা হ'ল কেন, এবং কবে, কোন তারিখে সেই জিনিষটা আমাদের সামনে আসবে. বা এ্যাট অল আসবে কিনা?

৪ নম্বরে, আরেকটা জিনিষ জানতে চাই, ইউনিয়ন স্প্যানে যে-সমদত সর্ত দেশের সামনে ডাঃ রায় দিয়েছেন সেই বিলে সে সব সর্তাগ্নলি থাকবে কিনা?

[Sj. Subodh Banerjee rose to speak.]

Mr. Speaker: I want to know what additional points you want to know other than those which were raised by Sj. Jyoti Basu and Sj. Sudhir Ray Chaudhuri.

## 8j. Subodh Banerjee:

আমার এ-বিষয়ে কিছু জিঞ্জাস্য আছে।

Mr. Speaker: There cannot be any debate on this. Let me know your specific points other than those raised by Sj. Jyoti Basu and Sj. Sudhir Ray Chaudhuri.

#### Sj. Subodh Banerjee:

আজ যা সংবাদপতে আমরা দেখছি, তাতে আমার প্রথম জিজ্ঞাস্য বিষয়, আগে যে সংবাদ আমাদের জানা আছে, তাতে এই কথা ছিল যে—

States Reorganisation Commission's recommendations

এই বিলের মধ্যে ইনক্রডেড হবে

as modified by the High Power Committee

এবং তারপর যদি মার্জার হয়, ইউনিফিকেশন হয়, তাহলে তার জন্য বেহার এবং পশ্চিমবংগার লোজসলেচার মত দিলে আলাদা একটা এ্যামেন্ডেড বিল আসবে। এই সংবাদ দিল্লী থেকে বেরিয়েছিল, এবং কলকাতারও নাম করা সংবাদপত্রগর্নিতে প্রকাশিত হয়েছিল। আজ যা দেখছি, তা নয়।

States Reorganisation Commission

এমন কি হাই পাওয়ার কমিটির রেকমেন্ডেসনস পর্যাতি ইনক্লডেড হন্ধ নাই। আমার প্রথম জিজ্ঞাসা এই যে জিনিষটা বাদ গিয়েছে এটা ডাঃ রায় জানেন কিনা, তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল কিনা?

Mr. Speaker: That is not a new point.

#### Sj. Subodh Banerjee;

২য় নম্বর পরেন্ট হচ্ছে, আমরা এই সংবাদ পেরেছি যে অধিকাংশ পার্লামেন্ট সদস্যরা নেহের,র কাছে এ সম্বন্ধে একটা প্রস্তাবনা ডাঃ রারের প্রন্তে পাঠিয়েছেন ডাঃ বার এ্যান্ড দি চীফ মিনিন্টার, তারা ডাঃ রায়কে একটা চিঠি লেখেন এবং ডাঃ রায় সেই চিঠিটা সেখানে ফরওরার্ড করেছেন। আমার জিজ্ঞাস্য হচ্ছে সেই চিঠিতে তাঁরা এমন কিছু লিখেছেন কিনা বাতে

States Reorganisation Commission

এবং হাই পাওয়ার কমিটির রেকমেণ্ডেশন বাদ চলে গেছে? এটা আমার কংগ্রেসের ঘরোরা কথা হিসেবে জিজ্ঞাসা নয়; যেহেতু তিনি চীফ মিনিন্টার হিসাবে সেটা প্রাইম মিনিন্টারএর কাছে ফরওরার্ড করেছেন, সেইহেতু তিনি জানেন সে চিঠিতে কি ছিল। এবং সেই চিঠিতে কি ছিল তা আমরা জানতে চাই।

৪র্থ নন্বরে জিজ্ঞাস্য, যেভাবে এই বিলটা ড্রাফটেড হয়েছে, তাতে ডাঃ রায় মনে করেন কিনা যে বাংলার স্বার্থকৈ চিরকালের জন্য চেপে দেবার ষড়যদ্ম হয়েছে? এবং তা যদি তিনি মনে করেন তাহলে তিনি এই হাউসে ওপেনলি বলবেন কিনা ক্যাটিগরিক্যালি তিনি এই জিনিষ চান কিনা? আর তিনি রাজী আছেন কিনা এই ধরণের কথা বলতে, যে ভাষা-ভিত্তির যা আমরা ডিম্যাণ্ড করেছিলাম তাতে এস, আর, সি, কিম্পন ও হাই পাওয়ার কমিটি যে জিনিষ দিয়েছেন সে জিনিষ যদি ওতে ইনক্রুডেড হয়ে না আসে তাহলেও তিনি ওটা এয়াক্সেপ্ট করতে যাচ্ছেন কিনা?

Mr. Speaker: That is also not a new point.

## Sj. Subodh Banerjee:

আমি এই প্রশ্ন তুর্লোছ, কারণ এই প্রশ্নের জবাবের উপর আমাদের এ্যাটিটিউড ফ্রেমিং নির্ভার করে, সেইজনা আমরা চাই তিনি ক্যাটিগোরিক্যালি এই জিনিষগর্নাল বল্ন। অন্যথায় আমাদের দাবী নিয়ে আমরা ফাইট করতে থাকব।

Mr. Speaker: That has been asked for already.

## Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, আমি জানতে চাই আমাদের ওয়েট বেণ্গলএর যে অংশ বেহারে, সে অংশগ্রনির উপর দাবী কি আমাদের বর্ত্তমান গভর্গমেন্ট ছেড়ে দিয়েছেন?

আমার আর একটা প্রশ্ন হচ্ছে, ডাঃ রায় ইউনিয়ন হ'লে যে দ্ব-একটা সেফ-গার্ড'সএর কথা বলেছেন, তিনি সেই সেফ-গার্ড'স সম্বন্ধে কি সেম্ট্রাল গভর্গমেন্টের সঞ্চে এবং বেহার গভর্গমেন্টের সঞ্চে আলোচনা করেছেন?

#### Mr. Speaker:

আগেই সে প্রশ্ন এসে গেছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, it is neither a

ধাপ্পা nor a প্রহেলিকা।

ίω,

I am afraid, my friends, in their anxiety to show that the anti-merger policy is the policy adopted by the people of this province, have lost all trace of logic. I may say at once that up till now I have received no Bill from the Government of India nor any communication from the Government of India.

Sir, let us take the facts as they are. On the 16th January the Prime Minister made a broadcast in which he gave the opinion of the Government of India with regard to the recommendations of the States Reorganisation Commission in respect of the boundaries of Bihar and Bengal. On the 24th January, the proposal was made by us—myself and Shri Babu, Chief Minister of Bihar—for the merger of the two provinces. Therefore, there are two proposals before the Government and it is obvious to any man even of the meanest intelligence to appreciate that if there are two proposals, both cannot be there—either it is the one or the other.

[9-20-9-30 a.m.]

I have not got the Bill. Perhaps I have seen the press report in which it is stated that the question of Bihar and Bengal is not being included. because they are waiting for finding out the views of the people of this Province for or against the merger proposal. Therefore, they are waiting to get the views of the people. There are many ways of getting that. (Sj. Jyoti Basu: How?). One of the ways in which my friends are trying to do that is to try and prevent the people from getting out of their houses. Is that a democratic way? You want to force a man, coerce a fellow. Is that the way? One of the members of the Assembly yesterday was not allowed to come out. In your exuberance, in your enthusiasm you are preventing a man from doing his ordinary work. I say that is not the way of democracy. That is not the way by which you can get the people's opinion on a very important question which affects every member of this State. (Sj. Jyoti Basu: It is a lie). It is a coercive method and no coercion will be allowed by any right-thinking man anywhere. [Noise from the Opposition Benches.] (Sj. Subodi Banerjee: It is not a fact.) Sir, my friends have expressed their opinions and I am entitled to express my opinion on this issue. My friend Shri Subodh Banerjee might shout but that does not make any difference. The fact is that the people of this Province have to give their opinion. (Sj. Subodh Banerjee: How?) In whotever manner it is possible for them. It may be heavened they not the province have to give their opinion. whatever manner it is possible for them. It may be by meetings; it may be by election; it may be by various other methods. Until that is decided, no question of a Bill is before the House and can come before the House. I can assure my friend Shri Jyoti Basu that no surprise will be sprung upon them. The Bill if it comes and when it comes a previous warning will be given to them that the Bill is coming, so that he need not be very excited over this matter. (Sj. Jyoti Basu: কোন বছরে?) I cannot tell you that. You will I do not know কোন বছরে? remember that we are working under the Constitution and the Constitution says that if the Bill which is to be prepared by the Parliament is placed before the Parliament for altering or amalgamating the States and so on, it shall be placed before the Legislature at a particular moment. I do not know whether the Central Government has prepared a Bill about the merger. I have received no information. I have got no communication either. My friends say there is a mystery. They say it is প্রাক্তেরিকা। Some say Everybody uses an adjective according to his own mode of thinking. It has nothing to do with that. I say the matter is before the public. Let the people decide. Until that decision is taken—(Sj. Jyoti Basu: How?) Not by creating hartals. No; I do not agree that the hartal has expressed the opinion of the people. That hartal took place at a time when people did not have all the facts before them. I think the people are getting more conscious, and the restlessness of my friends opposite shows that every day the people are getting more conscious about the problem of merger, and this is a good thing. That is why they are getting more fidgety. I am not bothering about that. The question then arises—[Cries of "resign" from the Opposition Benches.] Don't be in such a hurry. Even if I resign Sj. Jyoti Basu will not get the chair of the Chief Minister of Bengal, I can assure you that. Supposing the merger question by some means or other is not acceptable either to the Central Government or either of the two States. what will happen to the provision that has been made by the States Reorganisation Commission about the boundaries of Bengal and as modified by the Government of India? I personally feel that if this merger question is out of the way, naturally the question of Reorganisation Commission's recommendations will come and when the matter comes, for instance, if the Bill comes without any change in the boundary, it is for us to fight and we shall fight and

we shall get it. (Sj. Jyoti Basu: How?). My friend Shri Jyoti Basu has mentioned somewhere that even if the States Reorganisation Commission's report as modified by the Government is accepted, they will not accept unless 14,000 square miles or something like that are given to them. I am not worried about all these things. I have put the matter before the people. Let the people decide it in any manner they like, and if the Government of India feel that the time has come when they can act upon the opinion of the people of this State, then only they can do that. I do not think, therefore, that the Bill has any chance of coming during this session. It is impossible. As I have said before, there will be plenty of time given for the members to know when the Bill is coming, so that they can prepare the country for hartals and any other tals that they like.

With regard to the conditions or I should say with regard to the suggestions I have made, a question has been asked: will they be included in the Bill? As I have said before, and I repeat again, these are important suggestions and if the Bill does not provide for them, it is open to us to reject the Bill if it is put to us. But remember, even if you reject the Bill, in the Constitution there is nothing to prevent the Parliament from introducing—[Uproar and cries of "bah, bah, bah".] It is not bah, bah; bah; it is the Constitution. Bah, bah, bah, do not help you. Therefore, my suggestion is that do not get restive and do not use these coercive methods. It will go against you. You cannot force the people of this Province to give consent to a particular mode of thinking simply by preventing people from getting out of their houses, or as was done yesterday night by throwing stones and making damages into the houses of people, because they are considering this question in their own way. I say "Please eschew these methods".

8]. Jyoti Basu: Will the Hon'ble Chief Minister have general election immediately in order to ascertain the views of the people on this issue? উনি থ্যাইক চাচ্ছেন না, ডিমন্থ্যেশন চাচ্ছেন না, হরতাল চাচ্ছেন না, কিছ্ই চাচ্ছেন না। তবে জেনারেল ইলেকসন কর্ন। জেনারেল ইলেকসন করে লোকের মতামত নিন।

The Hon'ble Dr. Bidhan Chtndra Roy: Please don't be pontifical.

## 8j. Jyoti Basu:

জেনারেল ইলেকসন করবেন কিনা জানতে চাই। জেনারেল ইলেকসন ত আপনাদের কর্নার্ঘটিউসনে আছে।

Mr. Speaker: The answer has been given.

## 8j. Sudhir Chandra Ray Chaudhuri:

উনি বলে গেলেন লোককে রাস্তায় বের,তে দেওয়া হচ্ছে না, ঢিল ছোঁড়া হচ্ছে, এই সমস্ত কথা বললেন। দেশের লোক জানে যে, যে দ্টো হরতাল হয়ে গেল তাতে কোন গোলমাল হয় নি, এই রকম হরতাল কখনও বাংলাদেশের ইতিহাসে হয় নি। তারপরে দিনের পর দিন ষেভাবে আন্দোলন চলছে, সত্যাগ্রহ আন্দোলন তাতে কোথাও কোন গোলমাল হয় নি বরং উনিই মতলব করেছেন মার্রাপিট বাধাবার জন্য।

#### 8j. Jyoti Basu:

জেনারেল ইলেকসন কর্ন।

## Sj Subodh Banerjee:

এ ছাড়া আর একটা প্রশ্ন ছিল—কাগজে দেখেছি। প্রশ্নটা হ'ল এই যে পশ্চিমব**ংগর** কংগ্রেস এম, পিরা ওঁর কাছে একটা চিঠি দিয়েছিলেন এ্যান্ত চীফ মিনিন্টার, সেটার জ্ববাব উনি দেন নি। The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not propose to discuss that matter.

## 8j Subodh Banerjee:

उठों कि र'न मात?

Mr. Speaker: That question has been answered.

- 8j. Jyoti Basu: What about general election? Will he hold general election immediately to ascertain the views of the people? [Cries of "no. no" from Congress Benches.]
- Mr. Speaker: You asked him to raise the question, regarding the statement of merger.

## [Noise,]

8j. Jyoti Basu: I ask the Chief Minister to answer my point. Let him answer. Let the master answer. What about the General election on this issue. [Interruptions] Sir, does he not hear?

উনি কাণে শ্বনবেন না, বিধর হয়ে গেছেন।

[At this stage the Chief Minister left the Chamber] [Noise and interruptions] Well, Sir, this is democracy.....

## 8j. Sudhir Chandra Ray Chaudhuri:

উনি চলে গেলেন, আমাদের জন্য একট্ব ধরে রাখতে পারলেন না, স্যার—উনি পালিয়ে গেলেন। [কংগ্রেস বেঞ্চ হইতে হাস্য] কালা মুখে হে'সে লাভ নেই, লঙ্জা হওয়া উচিত—
মীরজাফরের দল।

Mr. Speaker: We shall now resume the discussion on the Demands for Grants.

#### **DEMANDS FOR GRANTS.**

## Grant No. 46-Major Head "81-Civil Works".

8]. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, not only the affairs of this Department are as bad as those of the other departments of the Government, it surpasses the other departments in its competition for inefficiency and corruption. The time allotted to me being very short I will try to justify my remarks by two or three instances. One is the money spent over repairs of buildings and roads. We find that almost every year from 1 crore 70 lakhs to 2 crores are spent over repairs of roads and buildings. We have tried to find out specific instances of such repairs and we have found in 1952-53 Rs. 93.518 was spent over repairs of the Presidency Jail; in 1953-54 Rs. 1,21,045 for the same place—the Presidency Jail—and in 1954-55 Rs. 81,097 for the same Presidency Jail. When we repair a house we do it in such a way as to see that there may not be any necessity at least of any further repairs in the course of 5 or 6 years. That is what an ordinary prudent man does. But what we find in respect of Government properties is that they are repaired year after year. The system is, before a repair is undertaken, to find out from the authorities concerned the exact details of those repairs. On those basis estimates are prepared and tenders are invited on the estinated amount. This is calculated on the basis of the scheduled rates and a certain percentage is taken as security money. When the exact nature of the repairs is known to the department we fail to follow how after the repairs are executed in a particular year it has to be continued year after year spending such huge sums of money. Now these expenses have been shown

and are incurred to provide the people of the camp of my friends opposite. A number of contractors have been introduced. New tactics have been introduced and they are given unfair opportunities, if I may be permitted to say so, so as to make provisions for them, being recklessly careless as to the interest of the work itself. A very curious thing is happening in the matter of acceptance of tenders. As I have said tenders based on scheduled rates are accepted even when much lower percentage is quoted. For road works tenders quoting rates 16 per cent. less than the current scheduled rates of the Works and Buildings Department, in one place, have been accepted and tenders of the same contractor for road works 33 per cent. less than the current scheduled rates have been accepted in another place. I may tell you, I have in my possession the names of the contractors. In buildings tenders have been accepted with a rate 27½ per cent. less than the scheduled rates and also 60 per cent. less than the scheduled rates. Naturally, the question arises that either your rates—scheduled rates are not correct or the works that are being carried out under these reduced rates are not being properly carried out. It is inconceivable that a work worth Rs. 100 according to the estimate of your own experts could be carried out at a cost of Rs. 40 only, that is, 60 per cent. less. There must be some dishonesty somewhere. Now, Sir, if the rates are not correct, if the rates are not proper, I mean the scheduled rates—why do you maintain them at all? If you feel that a man can execute a work at 60 per cent. lower rate than the rate that has been maintained by you why don't you correct these rates?

## [9-40—9-50 a.m.]

These rates have been maintained to otherwise benefit the contractors because when extra works are done they are paid on the basis of your own scheduled rates. In a way you are indulging in corruption. You are favouring a contractor when he quotes a lower rate knowing full well that the work cannot be done at that rate. You are paying him for the extra works through the back door on the basis of your scheduled rate. This must be stopped.

Now, Sir, when the quotation is so much lower than the scheduled rates you must be making some savings. What are you doing with those savings? It is high time that the Minister should speak about it.

I would also mention about the collections from roadside lands, stalls and hawkers' stalls in the Chowringhee area. A large sum has accumulated as arrears of rent. The rent is very low; it should be increased. It is a direct loss to the revenue of the State. The arrears should be properly collected. With a view to realise the arrears you appointed an Estate Officer recently—you newly created a post to absorb the Deputy Director of Procurement Department. You have also appointed three or four collecting Sarkars but the arrear rents are not being collected; on the contrary the arrears are mounting up. I need not say that among these appointees there are some related to the Minister himself.

A large number of items of old inspection reports and audit objections are still outstanding. The Chief Minister, the Chairman of the Public Accounts Committee took a serious view of the audit comments. B. K. Singha, Joint Secretary, reminded the Chief Engineers concerned to cope with these arrears. Circulars were sent to the Superintending Engineers and Executive Engineers but to no effect. I know the power is entrusted in a weak hand but still I would ask the Minister to see that things are properly attended to.

## Sj. Tarapada Doy:

মাননীয় স্পীকারমহাশয়, বাজেটে অনেক রাস্তার কথা বলা হয়েছে, কিস্তু তুলনাম্লকভাবে বিচার করলে আমরা কোন জায়গায় আছি সেটা বোঝা বাবে।

আমেরিকার প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ২২·৭ মাইল। ইংলন্ডে হচ্ছে ৩·৯ মাইল, ফ্রান্সে হচ্ছে ৯·৪ মাইল আর ভারতবর্ধে হচ্ছে ০·৭৫ মাইল।

এইসবের তুলনায় বাংলাদেশে আরও কম।

মাদ্রাজে প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০ ৭৭ মাইল বোম্বাইতে প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০ ৯৫ মাইল বিহারে প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০ ৮৭ মাইল উড়িষ্যায় প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০ ৭৭ মাইল পশ্চিম বাংলার প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০ ৫৬ মাইল

পশ্চিম বাংলায় মোটাম্টি প্রায় ২০,০০০ মাইল রাস্তা আছে। উনি প্রথম পঞ্বাধিকী পরিকল্পনার যে হিসাবে দিয়েছেন, তাতে প্রতি বংসরে ৩০০ মাইল করে ধরা হয়েছে, তাহলে পাঁচ বছরে মোট ১,৫০০ মাইল। আর দ্বিতীয় পঞ্বাধিকী পরিকল্পনার হিসাবে দেখিয়েছেন মোট ২,২০০ মাইল রাস্তা হয়েছে। অর্থাৎ ১০ বছরে মাত্র ৩,৭০০ মাইল রাস্তা করেছেন। এই হিসাবে যদি কাজ হয়, তাহলে ২০,০০০ মাইল রাস্তা নিম্মাণ করতে প্রায় ৫৪ বংসর লাগবে। আমাদের হাওড়া জেলার অবস্থা আরও খারাপ। হাওড়া জেলার রাস্তা আছে ১,০৭০ ২ মাইল। ইউনিয়ন বোর্ডের রাস্তার কথা আপনাদের হিসাবে নাই। ইউনিয়ন বোর্ডের রাস্তার কথা আপনাদের হিসাবে নাই। ইউনিয়ন বোর্ডের রাস্তার কথা বলেছেন, কিন্তু ইউনিয়ন বোর্ডের রাস্তার কথা উল্লেখ করেছন তাতে কেবল গ্রাম্য রাস্তার কথা বলেছেন, কিন্তু ইউনিয়ন বোর্ডের রাস্তার কথা বলেলেন, কিন্তু গ্রামের মধ্যে ইউনিয়ন বোর্ডের যে অসংখ্য রাস্তা আছে, সেগ্রালর কোন তথ্য আমরা পাইনি।

হাওড়া জেলায়, যা জানি তাতে জেলা বোর্ডের রাস্তা আর ওয়ার্কস এয়ন্ড বিল্ডিংসএর রাস্তা, উভয়ে মিলিয়ে প্রায় ২,০০০ মাইলের উপর হবে। এখানে আপনি আপনার পরিকল্পনায় লিখেছেন যে, বংসরে ১১৫ মাইলের মত রাস্তা মেরামত হয়। তাহলে হাওড়া জেলায় সমস্ত রাস্তাগ্রিল সারাতে প্রায় ৯০ বছর লেগে যাবে। এখন আমি আমার কর্নান্ডিটিয়েরিসের কথা বলছি। হাওড়া জেলার ডোমজর্ড় থানা এলাকায়, ছোট ছোট ইউনিয়ন বোর্ডের রাস্তাগ্রিল বাদ দিয়ে কম্সেকম প্রায় ১০০ মাইল রাস্তা আছে। ডোমজর্ড্-কোড়ী, এই একটিমার ৪ মাইল রাস্তা, সরকার তাঁদের পরিকল্পনার মধ্যে নিয়েছেন। কিন্তু, এই ডোমজর্ড্-কোড়ী রাস্তা ছাড়া, আরও অনেকগ্রিল রাস্তা সেখানে আছে, তার কি বাবস্থা সরকার করছেন? যে হিসাব তিনি এখানে দেখিয়েছেন, তার মধ্যে এগ্রিলর কোন বাবস্থা নাই।

এই ডোমজন্ড-বেগড়ী রোড অতাত জর্রী দরকারী। বেগড়ীতে একটা হাট হয়, এবং সেখনে শত শত কারবারী আসে, তাদের জিনিষপত্র বিক্রয় করতে। কিন্তু সেখানকার রাসতা এফ খারাপ যে গর্ব গাড়ী পড়ে লোক মারা যায় এবং মোটর গাড়ী একদম চলতে পারে না। সেই রাসতা সম্বন্ধে কোন পরিকল্পনাই সরকার নেন্ নি। তা ছাড়া মাকড়দহ-বিশ্রামপাড়া বিখ্যাত রোডটি হ্রগলী থেকে মাকড়দহ-মহায়াড়ী যে রাসতা তার সংগ্র মিশেছে। সেই রাসতার অবস্থা অত্যুক্ত শোচনীয়। বর্ষাকালে সেই রাসতা দিয়ে মান্বের চলাফেরা একেবারে অসম্ভব হয়ে পড়ে। এ ছাড়া এখানে আরও অনেক রোড আছে, যেমন, শলপ-একসরং রোড, কোড়া-কোলাড়া রোড, কুলাডিসি রোড, মাকড়দহ-ঝাল্য়াড় রোড, রাজাপ্র-খস্সরা রোড, ক্রিকাট-ভগবতীপ্র রোড, ডোমজন্ড-পুয়রাট্নিল রোড, কাটালিয়া-ক্রোতগিরি রোড, প্রভৃতি অসংখ্য রাসতা আছে, যা আপনাদের পরিকল্পনার মধ্যে গ্রহণ করেন নি। ডোমজন্ডের এই ১০০ মাইল রাসতার মধ্যে যদি हু ভাগ, অর্থাং ২৫ ভাগ রাসতাও সরকারী পরিকল্পনার মধ্যে

গ্রহণ কর্মুতন, তাহলে বোঝা যেত যে আগামী ২০ বংসরের মধ্যে গ্রামবাসীদের কিছ্টা উপকার হবে; কিন্তু, সেখানে মাত্র ৪ মাইল রাস্তা ছাড়া আর কোন ব্যবস্থাই করেন নি, এবং এ থেকে সরকারী মনোভাব বেশ স্পণ্ট ফ্টেছ। তারপর জগংবল্লভপরে থানার অন্তর্গত সেখানে জেলা বোর্ডের যে ১৫০ মাইল রাস্তা আছে, তা তাঁদের পরিকল্পনার মধ্যে গ্রহণ করেন নি। মোটাম্টি এই রাস্তাগ্লি হ'ল—সন্তোষপ্র-কানাইডাঙ্গা রোড, বড়গাছিয়া-চাঁপাডাঙ্গা রোড, বড়গাছিয়া-হাটাল কুলডাঙ্গা রোড, মান্সিংহপ্র-হাটাঙ্গা সাদতপ্র রোড, বড়গাছিয়া-চাঁপাডাঙ্গা ফেটকগাছি রোড, মাজ্-গোবিন্দপ্র ফটিকগাছি, শেক্রাহাটী-বোড়ামহ, শেক্রাহাটী-পে'ড়ো বসন্তপ্র, কেশরাহাটী-রাঘবপ্র প্রভৃতি এইরকম বহু রাস্তা আছে, কবে করবেন, কিভাবে হবে, তা আমরা কিছ্ই জানতে পারলাম না। তারপর, আপনারা কতকর্গাল ডেভালপমেন্ট প্রজ্ঞের কথা বলেছেন; যেখানে খরচের ই ভাগ দেশের লোক দের, আর বাকী ই ভাগ আপনারা দিয়ে রাস্তা করেছেন। এইসব রাস্তাগ্লির কাল্ল সন্ত্র্ভাবে করবার পরিপন্থী। একেবারে ১০ হাজার টাকার স্প্যান নেওয়া হয়়; কিন্তু সেখানে আগে ৭ই হাজার টাকা জমা রাখলে, তবে আপনারা কাজ আরম্ভ করবেন।

রোজ রোজ মজুরী দিয়ে কাজ করাবার ব্যবস্থা করলে, অনেক স্বিধা ও ভাল হয়।
কিন্তু আমাদের ফাইন্যান্স ডিপার্টমেন্ট কোথায় কি গণ্ডগোল করেন, যার জন্য এই নিয়মে
কাজ করান হয় না। কেন যে এটা করা সম্ভব নয়, তা আমরা ব্রুতে পারি না। যারা
রোজ রোজ মজুরী চায়, তাদের তাই দেবার ব্যবস্থা কর্ন, তাহলে তাতে গ্রামের কুষকরা
সাহায্য পেতে পারে, এবং রাস্তার কাজও অনেক দ্রে এগিয়ে যেতে পারে। এই কথা আমি
বহুবার বলেছি, কিন্তু আপনারা তা শোনেন না।

## [9-50-10 a.m.]

তা ছাড়া যে-সমস্ত কাজ আপনারা নেন সে কাজ করবার পথেও অনেক কিছু চুন্টি-বিচুত্তি আপনারা করেন। হাওড়া-আমতা রাস্তা নিয়েছেন—ভালই করেছেন। কিস্তু তারপরে ঝাপড়দহ বাজার, প্পতিরামহাশয়! আপনি সেই রাস্তায় গিয়েছেন—সেই রাস্তায় হাজার হাজার লোক বাজার করতে আসে; সেই ঝাপড়দহ বাজারের ড্রেনেজ বন্ধ হয়ে গেছে। তার পাশাপাশি একটা গর্ভ্ত হয়েছিল; সেখানে গর্পড়েছে, মানুষ পড়েছে, একটা মুটেও পড়েছে এবং তাকে হাসপাতালে পাঠান হয়। সাধারণ লোকে সেটা বুজিয়ে দিয়েছে। অথচ লেখালোখি কোরে কিছুই হয় না। আপনারা রাস্কা করেছেন, ভালই করেছেন, কিন্তু এই যে সব অস্ববিধা করেছেন তার জন্য প্রতীকার হয় নি। এদিকে লক্ষ্য করা উচিত। তা ছাড়া উল্বেছেন্মৌড়ীগ্রাম যে রাস্তা আসছে তার জন্য চাখীদের হাজার হাজার বিঘা জমির ড্রেনেজ বন্ধ হ'ল; বিলকুলাই গ্রামের লোকদের ড্রেনেজ বন্ধ। এগ্লো একট্ কাটাবার ব্যবস্থা কর্ন। আর সেটা এই রকমভাবে কর্ন যে, সাধারণ মানুষের ক্ষতি না হয়।

আর একটা কথা বলছি। রাস্তা যে করেন, কি উদ্দেশ্যে করেন? সেই রাস্তা যাতে সতা সতাই কাজে লাগে তার বারস্থা করা উচিত। পিচ্ দিয়ে রাস্তা করবার সময় বলেছিলেন সে রাস্তায় বাস যাবে; হাওড়া-ডোমজ,ড়-আমতা পর্যাদত পিচ্টালা রাস্তা করবার সময় বলেছিলেন এই সমস্ত রাস্তায় বাস চলবে; সেজনা কংগ্রেস এম, এল, এরা পর্যাদত সাধারণের সপ্রো মিলে লিখেছিলেন। কিন্তু আপনারা সেজনা তদন্ত করতে পাঠালেন এ, ডি, খানকে। তিনি মার্টিনের স্পেশ্যাল ট্রেনে ক'রে গেলেন এবং মার্টিন কোম্পানীর ম্যানেজারের সপ্রো উপরে বসলেন, চা-টা খেলেন, আর হাজার হাজার লোক বসে; তারপরে আমানের মত দ্বই-একজনের সপ্রো কথা বললেন। মার্টিন কোম্পানীর সাহেব কি বললেন জানি না, কিন্তু উনি বললেন "বাস চলবে না" এই ঠিক করেছেন। যেখানে বাস চলাচল করার কথা সেখানে তার বাবস্থা হওয়া উচিত।

## Sj. Khagendra Nath Bandhopadhyaya:

মাননীয়া স্পীকারমহাশয়, আমাদের এই খাতে মন্ত্রীমহোদয় যে দাবী উপস্থাপিত করেছেন তাতে আমি পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। রাস্তা সম্বন্ধে বিরোধী পক্ষের দুর্ভান বন্ধার বন্ধূতা শ্নলাম। আমার সময় অলপ, কাজেই বেশী না বোলে তারাপদবাব বে-সমস্ত কথা বললেন সেগ্লির কিছ্ কবাব দেবার চেন্টা ক'রব। তারপর বারভূম জেলার কথা কিছ্ বলতে চাইব।

আমি যে-সমস্ত কাট-মোশন দেখেছি তার বেশীর ভাগ ক্ষেত্রেই বিরোধী পক্ষের বন্ধ্রা বলেছেন যে ভিলেজ রোডএর দিকে নজর দেওয়া হয় নি। তাঁদের অনুরোধ ক'রব আমাদের যে রেড বৃক দেওয়া হয়েছে তার ২৫৮-৩৩ পাতা দেখলে দেখবেন যে এমন অনেক রাস্তা নেওয়া হয়েছে যেগ্রিল ভিলেজ রোড এবং বেশীর ভাগ রাস্তা ভিলেজের মধ্য দিয়ে গিয়েছে। कारक कारकरे ०-कथा वना ठिक नम्र। कानरक मन्दीमरराम्य यथन आमारमत नामरन आमन्ना দেখেছি যে ভিলেজ রোড সম্বন্ধে দ্'রকম কম্প্রিবিউটরি স্কীমে কাজ করা হচ্ছে—সেম্থাল গভর্ণমেন্টের স্কীম, এবং কিছু ভেট স্কীম। हे অংশ জনসাধারণ দেয় কায়িক পরিশ্রমে বা নগদে: তাহেল সেই রাস্তা করার বন্দোবস্ত হয়ে থাকে। এ বছর ৯ লক্ষ টাকার ষ্টেট বাজেট থেকে ১৭২ মাইল রাস্তার পরিকম্পনা নেওয়া হয়েছে। আর সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে ৪৪টা রাস্তার জন্য ৯ লক্ষ টাকা বরান্দ করা হয়েছে। বন্ধ,বর তারাপদবাব,কে বিচার করতে বলি যে দু'শ বছর বিটিশ রাজত্বে যেখানে সমগ্র পশ্চিম বাংলায় মাত্র ১.১৮৫ মাইল রাস্তা ছিল সেখানে পশ্চিমবঙ্গ সরকার প্রথম পঞ্চবার্যিকী পরিকল্পনায় ২০ কোটি টাকা খরচ কোরে এবং ণ্টেট থেকে আজ পর্য্যন্ত ২৮ কোটি টাকা খরচ কোরেছেন এবং তা থেকে অনেক বেশী কাজ করেছেন—৫,০০০ মাইল রাস্তা পশ্চিম বাংলায় করতে পেরেছেন। যেদিন দ্বিতীয় পশুবাষিকী পরিকল্পনা শেষ হবে সেদিন দেখব পশ্চিম বাংলায় সরকারী রাম্তা ৭,৫০০ মাইল রাম্তা হয়ে যাবে। তিনি যে বললেন এইভাবে ৯০ বছর লাগবে তা ঠিক নয়। এইরকম দৃই-একটা স্পান পশ্চিম বাংলার রাস্তার ক্ষেত্রে যদি প্রয়োগ করতে পারা যায় তাহলে পশ্চিম বাংলার রাস্তার দুর্ন্দশা নিশ্চয়ই আর থাকবে না।

তারপরে বীরভূম জেলার একটি চিন্ন উপস্থাপিত করতে চাই। স্বাধীনতা পাবার আগে বীরভূম জেলার পি. ডব্লিউ, ডির র স্তা ছিল ১২ মাইল, এখন ফার্টে ফাইভ ইয়ার শ্লানএ সেখানে দেখতে পেলাম ১৮১॥ মাইল রাস্তা করার বাবস্থা হয়েছিল এবং এর মধ্যে ৬০ মাইল সম্পূর্ণ সূর্য্যভাবে হয়েছে, বাকী ১২১ মাইলের একট্ম একট্ম খাটিনাটি কারু যা আছে সেগন্লি স্মুন্দরভাবে হয়ে যাবে। আর সেকেন্ড ফাইভ ইয়ার শ্লানএ দেখতে পাছিছ ১৩১ মাইল রাস্তা ১ কোটি ৫৬ লক্ষ টাকায় করবার বন্দোবস্ত করা হয়েছে। কাজে কাজেই বীরভূম জেলায় রাস্তার যে দ্বুন্দা। ছিল তা কিছ্বুদিন পরে আর থাকবে না। সেই রক্ষ একটা অবহেলিত জেলায় এই বিভাগের ভারপ্রান্ত মন্দ্রীমহাশয় কয়ের্চিন সমস্ত জেলায় নিভ্ততম পঙ্গাতি পর্যান্ত নিজে কণ্ট স্বীকার কোরে ঘ্রে-ফিরে, কোন মতবাদের উপর নির্ভর না কোরে, বংগ্রেসী, অকংগ্রেসী বিচার না কোরে, যেভাবে সার্ভে কোরে এসেছিলেন এবং যেভাবে স্কীম রচনা করেছেন, তাঁকে এজন্য এই হাউসের সামনে আমাদের অভিনন্দন জানাছিছ, আমাদের বীরভূম জেলাবাসীর তরফ থেকে। আজ সময় কম, তাই মাত্র ২।০টি জিনিষ গুণানকার সম্বন্ধে এখানে উপস্থাপিত করতে চাই।

গত বছর বীরভূম জেলায় অজন্মা হওয়ার ফলে টেণ্ট রিলিফে অনেক রাস্তা করা হয়েছে, যে রাস্তাগ্রোলা করার ফলে দ্র নিভ্ততম পঞ্লীর সংগ যোগাযোগ স্থাপিত হয়েছে, এখন সেই রাস্তাগ্রোলার স্থায়িছসাধন কারে এবং সেখানে কালভার্ট ও ছোট ছোট রিজ্ঞ যদি কোরে দেন তাহলে গরীব গ্রামবাসীর বিশেষ উপকার হবে।

আর একটি কথা, হলামবাজা: ঘাটের যে সেতু নিশ্মিত হ'তে যাচ্ছে তার ভিত্তি প্রতিষ্ঠা হয়েছে। সেই সেতু পরিকল্পনায় দিয়েছেন। সেইজন্য অনুরোধ হ'ল পাণ্ডবেশ্বর ঘাটে অজয় নদের উপর টেম্পোরারি ব্রিজ করা যদি সম্ভবপর হয় তাহলে সেটা যেন করেন, কেন না সেটা হ'লে পর আসানসোল এবং ধালবাদ এলাকার সপো বীরভূম জেলার সংযোগের স্ববিষা হবে।

শেষে আর একটি কথা বলতে চাই যে মর্রাক্ষী পরিকল্পনার ফলে সিউড়ি-দ্বরাজপুরপাশ্ভবেশ্বরের যেটা প্রধান সভক সেটা ঘ্রিরের দেওরা হয়েছে; তার ফলে মোলারপুর একটা
গণ্ডপ্রাম এবং সেই গ্রামের সমসত হাট-বাজার, জিনিষপত্র নিয়ে জেলার সদর সিউড়ীতে আসার
খ্ব অস্বিধা হয়েছে। এক মাইল দেড় মাইল রাস্তা ঘ্রে আসতে হয়। বহুদিন ধরে
এজন্য আবেদন-নিবেদন করা হয়েছে। সেটা যেন একট্ চিন্তা করেন। আর বীরভূম
জেলার বক্তেশ্বর একটা বড় তুর্থিশ্পান। দ্র-দ্র থেকে সেখানে লোক যায়। সেইজন্য
বক্তেশ্বর থেকে চন্দ্রপুর অবধি বা হরিপুর পর্যান্ত ৪ মাইল রাস্তা এগিয়ে দিলে বিহারের
সংশা সংযোগ স্থাপতি হবে। এ কথাও মন্দ্রীমহাশয়ের কাছে নিবেদন করছি।

আজ যেভাবে রাস্তার ক্ষেত্রে মন্ত্রীমহাশয় দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তাতে তিনি যে দাবী উপস্থাপিত করেছেন সেটার সমর্থন জানিয়ে আমার বস্তুতা শেষ করছি।

[10-10-10 a.m.]

## Si. Madan Mohan Khan:

আজকে কংগ্রেস সরকার যেভাবে রাস্তার পরিকল্পনা করেছেন এই পরিকল্পনা এর অনেক আগে ১৯২৭ সালে জয়াকর কমিটি যথন বসেছিলেন তখন তাঁরা ঠিক করেছিলেন। গোটা ভারতবর্ষে কিভাবে রাস্তা তৈরী হবে এবং সেই পরিকল্পনা অনুযায়ী পেটোলের উপর ।৮০ আনা এ০ আনা এবং ॥ ভিউটি চাপিয়েছিলেন, সেই ভিউটিতে রাস্তা-ঘাট হবে। তারপর বাংলাদেশের জনা "কীন্স্ কমিটি" বসে; তখন বাংলাদেশে ৫০ হাজার মোটর ছিল। সেই ভিউটির উপর মোটর ভিহিকিল্স্ টাক্সেও পাওয়া বেত। তাতে যে টাকা পাওয়া বেত সেই পরিমাণ রাস্তা করা হ'ত।

আমাদের উদ্দেশ্য হচ্ছে সরকারের যে সমস্ত মোটর রাস্তা দিয়ে যায় বা যাচ্ছে, সে রাস্তাগ্রিল ভাল করে পিচের রাস্তা করা দরকার। কারণ সরকার বলেছেন, আমাদের যে কর্ম্মচারী মোটরে ও রেলে কাজ করে, তার মধ্যে ১০ পারসেন্ট মোটরে কাজ করে জীবিকা নির্ম্বাহ করে এবং রেলে ৩ পারসেন্ট কাজ করে। আমাদের দেশে যে বেকার-সমসা। বেডে যাচ্ছে তাতে এই রাস্তার উন্নতি করলে আরও লোক এতে কাজে নিযুক্ত হতে পারবে এবং আমাদের বেকার-সমস্যাও ক্রিছটো সমাধান হবে। দ্বিতীয় কথা সিডিউলড় রেট সম্পর্কে আমার পূৰ্ববন্ত্ৰী বন্ধারা বলে গিয়েছেন। সিডিউলড রেটএ মন্ত্রীমহাশয়কে বলতে পারি তিনি काक कता रहा। এই तिए कि स्थानीय भार्किए तिए रिमार्ट के क कता रहा? এখान मिथा यात्र त्य वर् लाक रहे फात प्रता भार्कि तहें वह रहा लाम रहि ५० भारतम्हे । ५० পারসেন্ট।৭০ পারসেন্ট লেস রেটএ কাজ করায়। এখানে সরকার বলেছেন যে তাঁদের কাজ না দিলে আমাদের অডিট ধরবে। কিল্ত আমাদের স্টেটএর টাকা আমরা খরচ ক'রব এবং এই <u> जेका थतरु करत याट्य ভाल काळ कता यात्र छात रुष्णे कत्रव। अथार्ग कम्प्रोङ्घेतता ६० भातरमध्ये.</u> ৬০ পারসেন্ট লেস দিয়ে কিভাবে কাজ করবে ব্রুবতে পারি না। লেসএ কাজ করলে যে কাজ ভাল হ'তে পারে না। সেইজনা সিডিউলড় রেট যা আছে সেই রেটএ কাজ করান উচিত। তারপর কন্টাক্টরদের রেজিন্টার্ড করার ব্যাপারে প্রচুর গোলমাল আছে। মেদিনীপুর জেলায় স্কুল ও হাসপাতাল করার ভার দিয়েছেন ফোর্থ ক্লাস কন্ট্রাক্টরদের এবং সেখানে বলা হয় যে, ফোর্থ ক্লাস কন্ট্রাক্টর ৫০ জন নিউ এর্নালন্টেড হবে। বহুলোক দরখাস্ত করেছিল। আপনি শ্নলে অবাক হয়ে যাবেন, সে সমস্ত কান্ট্যাক্টররা আই ডব্লিউ ডিতে রেজিণ্টারড কন্ট্রাক্টর, যারা অজয়বাব্র ইরিগেশন ডিপার্টমেন্টএ কাজ করেছে তাদের পর্যন্ত নেওয়া रम्न नि। न्नि एक कार्या को को को को कार्या को कार्य के कार कार्य के कार्य মিউনিসিপ্যালিটিতে। আমি ২।১টা নাম দিচ্ছি, যিনি আগে গভর্ণমেণ্ট সার্ভিস করতেন পরে কন্ট্রাক্টরএর কাজ করছেন, অক্ষয় মিত্র, যিনি একজন রেজিণ্টারড কন্ট্রাক্টর, মাননীয়া অজয়বাব্র ডিপার্টমেন্টএর চিফ ইঞ্জিনিয়ার যাকে রেকমেন্ড করেছিল তাকে বাদ দিয়ে দেওয়া'হ'ল। এর একমাত্র কারণ, যাদের স্পারিশ করার কেহ নেই বা হাতে কিছু দিতে भारत ना, जारमत्र नाम त्नि देश रह ना। बार्ग जन्द्रमधान करत्र रम्थरान, राम रामिन हाराज्य

থেলা। তারপর দেখছি আমাদের মেদিনীপরে ঝাডগ্রামের ভায়া খেডরা একটী রাস্তা বহুদিন চলে আসছে। এই রাস্তাটি গত ১০।১২ বংসর আগে যে বন্যা হয়েছিল সেই বন্যায় এই রাস্তার অধিকাংশ জায়গা ভেশো নন্ট হয়ে যায়। কিন্তু আজ পর্যন্ত সে রাস্তাটি মেরামত করা হয় নি। তারজন্য রাস্তা ব্লক হয়ে পড়েছে। মেদিনীপরে ট্র ঝাড়গ্রাম ভায়া ঢেলুয়া এই রাস্তার মেরামতের জন্য অনেকবার দর্থাস্ত করা হয়েছে। ডিন্ট্রিক্ট বোর্ড এর কাছে পিটিশন করা হয়েছে, ডিন্ট্রিক্ট বোর্ড তা করছে না। সেই রাস্তাটা আপনারা মেরামত কর্ন। বন্যায় <sup>গ</sup>সেই রাস্তা নন্ট হয়ে গেছে, বন্যায় নন্ট হয়েছে এমন বহু, রাস্তাই তো মেরামত করেছেন? আপনি বলবেন সে কাজ আপনার ডিপার্টমেন্টএর নয়, কিন্তু বন্যায় ভেন্সে যাওয়া, নন্ট হয়ে যাওয়া বহু রাস্তাই তো মেরামত করেছেন, তবে बिंग कर्तिन ना रकन? गत्र शाफ़ी याख्या वन्ध रुख शास्त्र, वान याख्या वन्ध रुख शास्त्र, ঝাডগ্রাম থেকে মেদিনীপুর সমুহত সংযোগ বন্ধ হয়ে গেছে। এ রাহতা মেরামত করতেই হবে। ডিম্মিক্ট বোর্ড এ পাঠালে বলে আমাদের টাকা নাই। সেজনা আমরা বলি মেদিনীপুর থেকে ঝাড়গ্রাম ভায়া ধেলুয়া এটা মেরামত করা হোক অবিলম্বে। শালবনীর পাশ হয়ে যে রাস্তা সেই রাস্তা অকর্মাণ্য হয়ে পড়ে আছে। মানুষ যেতে-অসতে পারছে ন, এ্যাক্সিডেন্ট হচ্ছে, সেটা মেরামত করতে অনুরোধ করছি। আমার কথা হচ্ছে বাজার দর মত সিডিউলড রেট প্রস্তৃত কর্ন। উপযুক্ত লোককে শ্রেণীভূক্ত ঠিকাদার কর্ন। মেদিনীপুর-ঝাড়গ্রাম ভায়া ধেড়ুয়া রাস্তা ও মেদিনীপুর সহরের রাস্তা মেরামত করে মানুষ ও যানবাহন যাতায়াতের म्हित्या कत्ना वर्णायक लाम द्विष्ठे कार्या विकि वन्ध कत्ना।

[10-10-10-20 a.m.]

## 8]. Sasabindu Bera:

মাননীয় ডেপর্টি ম্পীকারমহাশয়, হাওড়া জেলার কয়েকটি রাম্তার দিকে আমি আপনার মাধামে মন্ত্রীমহাশয়ের দ্বিট আকর্ষণ করতে চাই। হাওড়া জেলা কোলকাতার নিকটে, কিন্তু অন্যান্য স্থানের তুলনায় হাওড়া জেলায় রাস্তা-ঘাটের অত্যাধিক অস্কবিধা রয়েছে, বিশেষ করে হাওড়া জেলার দক্ষিণাংশে শ্যামপ্রের থানা এলাকায় এবং উল্বর্বোড়য়ার দক্ষিণ অণ্ডলে রাস্তা-ঘাটের অতাস্ত অস্বিধে রয়েছে। এইসব অংশের কোন পথানই কোলকাতা থেকে ৩৫ মাইলের বেশী দ্বে নয়, কিস্তু রাস্তা-ঘাটের এমন অস্বিধা যে এইসব অঞ্চল থেকে দোকজনের যাতায়াত অত্যন্ত কণ্টকর হয়ে ওঠে এবং রাস্তা-ঘাটের এই প্রকার অস্ববিধা থাকার জন্যেই এই অঞ্চলগ্রিল কোলকাতা এবং হাওড়া সহর থেকে এক রকম বিচ্ছিল্ল হয়ে রয়েছে। সেজনোই আমি হাওড়া জেলার উল্বেড়িয়া মহকুমার উল্বেড়ে এবং শ্যামপুর থানার মধ্য দিয়ে উল্বেড্ড থেকে খাড়ুবেড়ে এবং শ্যামপুরের মধ্য দিয়ে শিবপুর পর্যান্ত যে রাস্তা আছে সেই রাস্তাটির কথা একট, বলতে চাই। এর উত্তরাংশটা ডিউক রোড নামে পরিচিত-এই রাস্তাটিকে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে অন্তর্ভুক্ত করবার জন্য আমরা বিশেষ চেণ্টা করেছিল ম এবং যাতে দিবতীয় পণ্ডবার্ষিকী পরিকল্পনাতেও অন্তর্ভুক্ত হয় তার জন্যেও অনুরোধ জানিয়েছিলাম, কিন্তু দুঃথের বিষয় যে এটা এখনও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতেও গৃহীত হয় নি। এই বিষয়ে মন্দ্রীমহাশয়ের কাছ থেকে একটা যুত্তি শুনেছিলাম যে শ্যামপুর থেকে বাগনান পর্যান্ত যে রাস্তা হয়ে যাচ্ছে তাতেই এই অপলের রাস্তা-ঘাটের সম্স্যা মিটে যাবে বলে এই অপলের রাস্তার এত তাড়াতাড়ি কোন প্রয়োজন নেই। কিম্তু যদি শ্যামপরে থেকে বাগনান পর্যানত রাস্তাটির দিকে লক্ষ্য করেন তাহলে দেখবেন যে সেই রাস্তাটি হাওড়া জেলার দক্ষিণ অংশের পশ্চিম পাশ ঘে'সে গেছে। হাওড়া জেলার এই দক্ষিণ অংশটির পশ্চিমে র্পনারায়ণ, প্রের্ব হ্গলী এবং মাঝখানে मारमामत्र नम तरहारक-- এই नमी काज़ा विक्रिक्त अरम याजाहारजत अना कान अथ निरु। কাছেই এই যে ন্তন রাস্তাটি হচ্ছে সেটা এই অণ্ডলের একেবারে পশ্চিমধার ঘে'সে হবার ফলে প্র্পের এবং দক্ষিণ অংশের বহ, অ্ণলের লোকের যাতায়াতের অত্যাধিক অস্বিধা হয়। সেইজনা এই রাস্তাটির দিকে আমি মন্ত্রীমহাশয়ের দূটি আকর্ষণ করছি। এই ব্লাম্তাটি ২০ মাইল দীর্ঘ এবং বিশেষ করে আমাদের ওখানকার মহকুমা হেডকোয়ার্টার

উলুবেড়িয়ার সংশা সংযুক্ত বলে এই রাস্তাটির অত্যন্ত জরুরী প্ররোজন। শ্যামপুর থানায় বর্ত্ত সানে শ্যামপুর থেকে কমলপুর, কমলপুর থেকে শ্যামপুর এবং শ্যামপুর থেকে শিবগঞ্জ পর্যান্ত যে রাস্তাগানিল হচ্ছে তার স্বারা এই অঞ্চলের যাতায়াতের সমস্যা খানিকটা মিটতে পারে বলে আমি মনে করি। তাহ'লেও শ্যামপুর থেকে বাগনান পর্যান্ত যে রাস্তাটি হচ্ছে সে সম্বশ্যে ২।১টি কথা আমি বলতে চাই। শ্যামপুর থেকে বাগনান পর্যান্ত যে নাত্রন রাস্তাটি করে আদার ভিন্দ্রিক রোড স্কীমএ নেওয়া হয়েছে। আমি আগে জেনেছিলাম যে শ্যামপুর থেকে বাগনান পর্যান্ত এবং কমলপুরের মধ্য দিয়ে রাস্তাটিকেও আদার ভিন্দ্রিক রোডএর মধ্যে নেওয়া হবে। যদিও এটা প্রথমে ভিলেজ রোডএর স্কীমএর মধ্যে ছিল, তব্ মাঝখানে আমরা শ্নলাম যে এটা আদার ভিন্দ্রিক রোডএর মধ্যে যাবে, কিন্তু হঠাং আবার শ্নলাম যে মতলবটা পরিবর্তন হয়েছে এবং এটাকে ইম্পুভড টাইপ অফ ভিলেজ রোডএর মধ্যে রাখা হবে। সেজন্য আমি অনুরোধ করি যে, শিবগঞ্জ থেকে শ্যামপুর রাস্তাটিকে যেমন করে আদার ভিন্দ্রিক রোডএর স্কীমের মধ্যে নেওয়া হয়েছে তেমনি অন্ততঃ আপাততঃ শ্যামপুর থেকে বাগনান পর্যান্ত রাস্তাটিকেও ঐরকমের মধ্যে ফেলে উল্লভ আকারের রাস্তায় পরিণত করা উচিত। আমি মনে করি যে এটাকে একমার রাস্তা।

এই প্রসংগ্য আমি আর একটা কথা বলতে চাই যে এই সমসত রাস্তা-ঘাট নিম্মাণেব ব্যাপারে আশেপাশের জমিগ্র্লিকে যথন গ্রহণ করা হচ্ছে তথন সাধারণতঃ দরিদ্র কৃষকদের জমিগ্র্লিই বাচ্ছে, সামান্য সম্বল জমিগ্র্লিই তাদের যাচ্ছে, অবশা জনসাধারণের প্রয়োজনে তা নেওয়া উচিত। কিন্তু তাদের কন্দেপনসেসনএর টাকাটা যাতে খ্ব তাড়াতাড়ি বাবস্থা করা হয় এবং সেই কন্পেনসেসনএর টাকাটা যাতে বাজার ম্লা হয় তার বাবস্থা করা উচিত, অর্থাৎ এই অর্থের ন্বাবা যাতে তারা যে পরিমাণ জমি হারাছেে সেই পরিমাণ জাম পেতে পারে তার বাবস্থা যেন হয়।

এর পর আমি হাওড়া জেলার আরও ২।১টি রাস্তার সন্বন্ধে মন্দ্রীমহাশ্রের দ্ভি আকর্ষণ করতে চাই। হাওড়া জেলার সাঁকরেল ভেট্শন থেকে উত্তর-পশ্চিমে যুঝেরসা পর্যান্ত প্রায় ৮ মাইল দীর্ঘ যে রাস্তাটি রয়েছে সেই রাস্তাটিতে ২০টি প্যাসেঞ্জার মোটর গাড়ী যাতায়াত করে এবং তাহ সাঁকরেল ভেট্শনে প্রায় এক হাজার প্যাসেঞ্জার বয়ে নিয়ে আসে। দ্রবন্তী পল্পরী অঞ্চলের বহু লোকের যাতায়াতের অত্যন্ত প্রয়োজনীয় এই রাস্তাটিকে এখনও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা হয় নি। স্তরাং এটাকে যাতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা হয় তার জন্যে আমি মন্দ্রীমহাশারকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। এই রাস্তাটির অবস্থা অতাধিক খারাপ, মোটর চলাচল করে অত্যন্ত প্রয়োজনের থাতিরে, কিন্তু অনেক সময় দুর্ঘটনা ঘটে এবং খ্ব বিপদের মধ্যে মোটর চালনা করতে হয়। ঐ অঞ্চলের সাতরাগাছি থেকে মহিয়ারী রাস্তাটির দিকে আমি মন্দ্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রামরাজাতলা ভেট্শন থেকে বেরিয়ে এটা জগোছা থানার জীগাছা, জগাছা, গড়পা এবং অনশানীর মধ্য দিয়ে আন্দ্রল রোডএ গিয়ে এই রাস্তাটি মিশেছে। যাই হোক ৪ মাইল দীর্ঘ এই রাস্তাটিক দ্বিতীয় পঞ্বাযিকী পরিকল্পনায় গ্রহণ করা হবে বলে একটা খবর আমরা পের্য়েছিলাম, কিন্তু বাজেট বইতে এর কোন নাম উল্লেখ দেখলাম না বলে আমি অনুরোধ করব যে আগামী বংসরের বাজেটে যেন এটা গ্রহণ করা হয়।

সর্বশেষে আরামবাগ মহকুমার ২।১টি রাস্তার দিকে আমি মন্দ্রীমহাশরের দ্ভি আকর্ষণ করছি। আরামবাগ বন্দর রোডটা আরামবাগ মহকুমার অতান্ত প্ররোজনীয় রাস্তা—৬টি ইউনিরনের মধ্যে একমাত্র যাতায়াতের পথ এবং এটার একদিকে আরামবাগ মহকুমা হেড কোয়ার্টার ও অপর প্রান্তে র্পনারারণের উপর বন্দর, একটা ব্যবসার কেন্দ্রন্থল। এই রাস্তাটিতে বহু লোক যাতায়াত করে এবং এটা ১৪ মাইলের মতন দীর্ঘ পথ। এটা কেরার ওয়েদারএ ৮ মাইল মাত্র পথে আরামবাগ থেকে গৌরহাটি পর্যান্ত ৪।৫ মাইল পথ, মোটর চলে, তার বেশী চলতে পারে না বলে এই ১৪ মাইল রাস্তাটিকে একটা স্থায়ী অল ওয়েদার

রোডএ পরিণত করবার জন্যে আমি বিশেষ অন্রেধ জানাছি। এটার জন্যে বহু আবেদননিবেদনও করা হয়েছে, এমন কি আরামবণের এস, ডি, ও, মহাশরের তরফ খেকে অনেক চেন্টা করা হয়েছিল, কিন্তু এটাকেও দ্বিতীয় পশুবার্ষিকী পরিকল্পনায় এ পর্যান্ত গ্রহণ করা হয় নি। আরামবাগ মহকুমার আরও কয়েকটি রাস্তা, যেমন আরাণ্ডি থেকে বাস্বেবপ্রে রোড, আরামবাগ থেকে ডিহিরাতপ্রে এবং বুন্ধমান-প্রেরী রাস্তার যে অংশটি আরামবাগের মধ্যে রয়েছে, অর্থাং হাজীপ্রে পর্যান্ত রাস্তাটি একটা ইন্টার প্রতিশিসয়াল রোড এবং একটা ইন্সেরেছি, অর্থাং হাজীপ্র পর্যান্ত রাস্তাটি একটা ইন্টার প্রতিশিসয়াল রোড এবং একটা ইন্সেরেটা রাস্তা। সেজন্য এই রাস্তাটিকে একটা ইন্টার স্টেট রোড বা মেজর ডিন্টিট্ট রোড হিসাবে এটার সংস্কারের জন্য আমি অন্রোধ করি। আরামবাগ মহকুমায় রাজা রামমোহন রায় রোড নামে খ্যাত যে রাস্তাটি আছে, সেই রাস্তাটিরও যাতে আশ্র সংস্কার হয় তার জন্যেও আমি মন্ত্রীমহাশয়কে অন্রোধ জানাছি।

[10-20-10-30 a.m.]

### Si. Amulya Charan Dal:

মাননীয় ডেপ্টৌ স্পীকারমহাশয়, এই বিভ.গ সম্পর্কে বলতে গেলে প্রথমে বলতে হয় এই বিভাগে যে সমুহত রাস্তা-ঘাট তৈরী করার প্ল্যান এয়ান্ড প্রেপ্তাম করেন সেটা স্থানীয় জনসাধারণের স্তেগ প্রামর্শ করে এবং জনসাধারণের স্বার্থের দিকে না তাকিয়ে করা হয়। তাই আজকে দেখা যায় বোম্বে রোড যা তৈরী হচ্ছে, পাঁচকুড়ার ৮ নম্বর ইউনিয়নের কতকগুলি গ্রামের মধ্যে দিয়ে এই রাস্তা করা হচ্ছে, ফলে ঐ অণ্ডলে কতকগর্নল চাষের জমি. ফলের বাগান নন্ট হচ্ছে। এই স্ল্যানএর প্রতিবাদে আমরা আরেকটী আলাদা স্ল্যান দিয়েছিলাম কিন্তু এ'রা তা গ্রহণ করেন নি। এই নিয়ে এই অণ্ডলের সাধারণ মান্য যথন সত্যাগ্রহ আন্দোলন করলেন তখন সরকার পর্লিস দিয়ে তাদের গ্রেপ্তার করলেন। তা ছাড়া এই বিভাগে যে দ্বনীতি আছে এবং কন্টাক্টর, ওভারসিয়ার, ইঞ্চিনিয়ার প্রভৃতি খুব সংগঠিতভাবে লাভের টাকা ভাগাভাগি হয় সে সম্বন্ধে সকলেই জানেন। ডিড্টিক্ট বে.ড এবং লোক্যাল বের্ডা এর অধীনে যে সমস্ত রাস্তা ছিল তার কতকগর্বাল রাস্তা এই সরকার গ্রহণ করেছেন। এবং এখন বহু, রাস্তা পড়ে আছে যা সংস্কারের অভাবে পড়ে আছে, এবং জনসাধারণের যাতায়াতের পক্ষে খুব অসুবিধা হচ্ছে। আশা করি এই রাস্তাগর্বল সম্পর্কে যত তাড়তাড়ি হয় সংস্কার করবেন। ঘাটাল মহকুমায় আর কয়েকটা রাস্তা সম্বন্ধে বলব। বরদা হ'তে ইওপালা ভায়া খড়ার। এটা পাকা রাস্তা। ক্ষিরপাই হ'তে রামজীবনপরে এটাও পাকা রাস্তা। এই রাস্তা দুটি এমন অবস্থা হয়ে আছে এবং জনসাধারণের কল্টের সীমা নাই। বিশেষতঃ বর্ষার সময় বাস চলে না লোকে ঘাটাল যায়, ৩২ মাইল পথ, জনসাধারণের দুভোঁগেয় সীমা নেই। এ ছাড়া আরও কাঁচা রাস্তা, কালকেপুরে হ'তে কোওরগেড়া পর্যান্ত, এটা কাঁচা রাস্তা, বামরা হ'তে হাজিপরে রাস্তা এটাও কাঁচা রাস্তা, এগলের অবস্থা শোচনীয়। আরেকটী কথা বলব, সরকার ইচ্ছায় হউক, অনিচ্ছায় হউক, টেস্ট রিলিফএর সময় কতকগালি রাস্তা করেছিলেন, এই সমস্ত রাস্তায় জল-নিকাশের জন্য কতকগালি পালের প্রয়োজন। আমি সরকারকে বলছি এ সম্বন্ধে কোন পরিকল্পনা নিয়েছেন কিনা? যদি না নেওয়া হয়ে থাকে তাহলে পূল দেওয়ার ব্যবস্থা করেন সেজন্য দূল্টি আকর্ষণ কর্রছ।

## SI. Nalini Kanta Halder:

মাননীর স্পীকারমহাশার, আমাদের রাস্তা-ঘাটের যেরকম প্রয়োজন সেই অন্পাতে রাস্তা-ঘাটের খ্ব অস্বিধা এবং অপ্রচুর। আমি বিশেষ করে ডায়মণ্ড-হারবার সার্বাডিভসনের কথাই এখানে ৰলব। প্রথম পঞ্চবার্ধিকী পরিকল্পনার ডায়মণ্ড হারবার-কাকন্বীপ রোডটা নেওয়া হয়েছে এবং সেটা এক্সটেণ্ড করে নামখানা পর্যাস্ত নেওয়া হয়েছে। দ্বিতীর পঞ্চবার্ধিকী পরিকল্পনার আবার দেখাছ যে সেটাকে আরও এক্সটেণ্ড করে নেওয়া হয়েছে। ফলে এর ন্বারা পশ্চিমাদিকের সমস্যার সমাধান হয়েছে, কিন্তু প্র্বাঞ্চলে বা মধ্যভাগের অস্বিধা রয়েই গেছে। এই অঞ্চলের উত্তর্রাদক দিয়ে ফট্গঙ্গ, ও কুল্পী থেকে বিক্স্ব্রে, রার্মাদিষ রোড় হ'লেও এই মেজর ডিন্টিক্ট রোডকে আর এক্সটেণ্ড করে স্ক্রের্বনের দিক দিয়ে নিয়ে বাবার উপায় নেই। এইজন্য আমি প্রস্তাব করি যে রার্মাদিষ থেকে ৬ মাইল উত্তরে

াশীনগর থেকে চাপলার ভেতর দিয়ে রায়প্র ফেরীঘাট হয়ে যে রাস্তাটা পাথরপ্রতিমা বিদ্বত গৈছে সেটাকে এই মেজর ডিড্মিক্ট রোডএর পর্য্যায় ভূক্ত করলেই ভাল হয়। আর ধ্রাপ্র ভেটশন রোড যেটা থানা পর্যাদত গেছে সেটাকে আরও ৩ ।৪ মাইল এক্সটেন্ড করে রামপ্র ফেরীঘাট পর্যাদত যোগ করে দিলে মথ্রাপ্র থোনার সংগ্য, স্ক্রেরনের ভেতরে থ্রোপ্রের যে বিস্তৃত অঞ্চল পড়ে তাতে একটা যোগাযোগ ভালই হবে।

আমার দ্বিতীয় কথা হচ্ছে যে, প্র্ব বিষ্ণুপ্র-কুম্পী রোডের লক্ষ্মীকাশ্তপ্র থেকে নলা পর্যাশ্ত ৭ মাইল যে মেজর ডিজ্বিষ্ট রোড করা হচ্ছে তাতে মাত্র এই ৭ মাইল করে কোন । সেজন্য এটাকে দক্ষিণাদকে এক্সটেন্ড করে জ্মাই নম্করের হাট ও দ্বাচিট ব্যালত নিয়ে যাবার প্রস্তাব আমি করছি। আর জ্মাই নম্করের হাট পর্যাশত যে রাস্তা মাছে সেটাকে একট্ ডেভেলপ করলেই হবে এবং সেটা করলে সেখান থেকে আরও ৫।৬ ।ইল দক্ষিণে দ্বর্শ্বাচিট পর্যাশত যাওয়া চলে। এবং উত্তর্গদকে লক্ষ্মীকাশ্তপ্র থেকে টেকপ্র বা মন্দির বাজার পর্যাশত প্র্ব বিষ্ণুপ্র রোডের উপড়ে আরও ৩ মাইল যোগ দরে দিলে

lirect communication with Calcutta

তে পারে এবং ডায়মণ্ড হারবার, সাবডিভিসনাল হেডকোয়াটারএ আসারও স্বিধা হতে পারে। তারপরে মথ্রাপ্র থানার অন্তর্গত ১৬ নন্বর লাটে প্র্চিন্দ্রপ্র থেকে জ্মাই দকর হাটের মধ্য দিয়ে কেওড়াতলার ভেতর দিয়ে ডায়মণ্ড হারবার-কাকন্বীপ রোডের নি-চন্তপ্র পর্যান্ত একটা বড় এমব্যাম্কমেন্ট যে আছে সেটাকে একট্ম সামান্য থরচা করলে একটা বড় রাদ্রতা হতে পারে এবং সেটা করলে কাকন্বীপ এবং ডায়মণ্ড হারবারের সঞ্জে প্রজ্ঞানের একটা যোগাযোগ স্থাপন হতে পারে।

তারপরে আর কয়েকটি রাস্তাকে আমি আদার ডিড্টিক্ট রোডএ নিতে বলি। যেমন লক্ষ্মীক তপ্র-চুণফুলি রেড। লক্ষ্মীকাতপ্র থেকে চুণফ্লি ৭ মাইল, কিন্তু সেটা ভিজ্ঞিষ্ট বোর্ড রোডএর অবহেলার জন্য নষ্ট হয়ে যাচ্ছে। সেজন্য আমি বলি যে এটা টেক-আপ করা দরকার এবং এই লক্ষ্মীকান্তপ্র ভৌশনের দক্ষিণ অঞ্জের সমস্ত প্যাসেঞ্জার এই রাস্তা দিয়ে আসে বলে এটা ভাল হওয়া প্রয়োজন। আর একটা রাস্তা প্র্ব-বিষ্ণুপ্র-কুলপী রোডের দ্যারামপরে থেকে গাববৈড়ে হয়ে বাশবেড়িয়া পর্যানত গেছে-গাববৈড়েতে একটা হাই দ্কুল, বড়বাজার ও চালের কেন্দ্র আছে এবং বাশবেড়িয়াতেও একটা হাই দ্কুল ও বড চালের কেন্দ্র আছে, কিন্তু মাত্র এই ৩ মাইল রাস্তাকে আদার ডিম্মিক্টএর ভেতরে না ফেললে ঐ অঞ্লের খুব অসুবিধা হয়। আর একটা কথা বলেছিলাম যে প্র্ব-বিষ্ণুর-কুল্পী রোভের বীরেশ্বরপুর থেকে চূণফুলি রোডের দুর্গাপুর পর্যানত ঘাটেশ্বরের ভেতর দিয়ে যে এক মাইল রাস্তা আছে সেটাও ডেভেলপ করে ঐ রাস্তা দু'টো যোগ করে দিলে ভাল হয়। কারণ ঘাটেশ্বর একটা ইম্পরটেন্ট জায়গা, সেথানে একটা সাব-রেজিন্টি অফিস, একটা সাব-পোণ্ট অফিস, একটা হাই স্কুল, ডিসপেন্সারী, খাসমহল অফিস এবং গভর্ণমেন্টের একটা বড় বাজার আছে। মন্দির বাজার থেকে পূর্বে-বিষ্ণপ্র পর্যানত এই ৫ মাইল রাস্তার দক্ষিণ দিক দিয়ে যে খাল চলে গেছে, সেখানে ৭।৮টা ভিলেজ রোড এসে এই রাস্তার সংগ্র মিশেছে, কিন্তু সেখানে একটাও রীজ নেই। আমরা দেখেছি যে জগদীশপরে হাই দ্কুলের পাশেই একটা বাঁশের সাঁকো মাত্র আছে, ছেলেদের যাতায়াতের খুব অস্কবিধা হয় এবং গত শীত কালে একটা মেয়েছেলে তার শিশ্বসন্তান কোলে করে নিয়ে বাঁশের উপর দিয়ে যেতে যেতে পা শ্লিপ করে পড়ে যাবার ফলে একটা এ্যাক্সিডেন্ট হয়ে গেছে, এইগর্নার দিকে আমি মন্ট্রী-মহাশয়ের দুষ্টি আকর্ষণ করছি। আর একটা রাস্তার কথা আমি বলব, সেটা হচ্ছে ঐ হট,গঞ্জ-পূর্ব-বিষ্কৃপুর রোডে মতিলাল থেকে মগরা হাট পর্য্যনত বিষ্ঠীণ জলামাঠ থাকাতে তাদের কোন কালেই যাতায়াতের কোন স্ক্রিধা নেই। এবং বর্ষাকালে এক সালতি করে যেতে পারে, তা নাহলে যাবার কোন উপায় নেই। অতএব এই ক'টা রাস্তার জন্য আমি মন্দ্রীমহাশয়ের দ গি আকর্ষণ করছি।

[10-30-10-40 a.m.]

# Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় ডেপ্টি প্পীকারমহোদয়, দেশের রাস্তা-ঘাট সম্পর্কে আমরা আগে থেকে বলে এসেছি যে গ্রামাণ্ডলের রাস্তা-ঘাটের অভাব আছে এবং তার জন্য কি দুর্ন্দাশা লোকের হচ্ছে তাও বলে এসেছি; কিন্তু মন্ট্রীমহাশয় তাঁর জবাবে সব সময় বলেছেন যে ন্বিতীয় পণ্ডবার্ষিকী পরিরুপনার ভিতরে হয় ত গ্রামের রাস্তা-ঘাটের ব্যবস্থা করা যেতে পারে। আমরা দেখছি যে এবার কমিউনিকেসন খাতে ২ কোটি ৫৪ লক্ষ ৪ই হাজার টাকা গ্রামাণ্ডলের রাস্তা-ঘাটের জন্য থরচ করা হছে, কিন্তু আমি দেখছি আমার কনিষ্ট্যিউর্যোন্সর একটি জায়গাতেও একটি রাস্তা নেওয়া হয় নি। এর প্রের্ব আমরা বলেছি যে রিটিশ গভর্গমেন্টএর যে সমস্ত রাস্তা ডিন্টিক্ট বোর্ড বা লোকাল বোর্ড থেকে তৈরী হয়েছিল সেগালি মেরামতের দিকে দ্ছিট দেওয়া হয় নি। আমি আপনার দ্ছি আকর্ষণ করতে চাই যে খঙ্গাপরে থানার খঙ্গাপ্র থেকে ডাকপ্র, খাটরঙ, বলরামপ্র, হৈতামিল সংঘ হয়ে কাম্পী রোড এবং মালাত-গোকুলপ্র ছেন্টান হয়ে মেদিনীপ্রের ভিতর দিয়ে কংসাবতী নদীর তীরের মেদিনীপ্রের রাস্তা: লছমপ্র থেকে জনান্দনপ্র হয়ে মান্বলদ হয়ে আঁকড়া, বেলপ্রে থেকে সাঁকো, প্রী রাস্তা থেকে ধাতপ্র হয়ে চাঙ্গা্মলা ইত্যাদি রাস্তাগ্রালর দিকে নজর দেওয়ার অবিলন্তে প্রয়োজন। তারপর নারায়ণগড় থানার কথা বলব।

তারপর নারায়ণগড় থানায় মকরামপ্র হ'তে কোতাইগড় রাস্তা, চাতুরীভাড়া হতে বেনাডিহাবাঁকী বাজার, ব্যাররাবাদ হতে ফুলবথান ও মাকুড়দা হতে কুলবথান, এই যে রাস্তাগ্রিল আছে এগ্রিল উপযুক্ত মেরামতের অভাবে সম্পূর্ণ প্রায় লুক্ত হতে বসেছে। এদিকে বারবার সরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তাঁরা নজর দিচ্ছেন না। এবারের বাজেটেও এর কোন রাস্তা ধরা হয় নাই।

তারপর মেদিনীপুর জেলায় যে সমস্ত রাস্তা নেওয়া হয়েছে, তার মধ্যে যদিও বেলদা থেকে কোশিয়াড়ী, বেলদা থেকে নয়াবাসন পর্যাদত রাস্তা এবারের বাজেটের অন্তর্গত করা হয়েছে, তা সত্বেও আমি এ সম্বদেধ কিছু আলোচনা করতে চাই। ঐ রাস্তা ৬ বছরের উপর মানুষের পর্যাদত যাতায়াতের অনুপ্যান্ত হয়ে পড়েছিল। সেখানকার মেদিনীপুর ডিছিক্টি বোর্ডে, মেদিনীপুর ডিছিক্টি বোর্ডের মেম্বার ও কেশিয়াড়ী থানার মেম্বাররা ঝগড়াঝাটি করে কার কন্দ্রান্তর সকাজ করবে এই করে ৬ বছর কেটে গেল কোন কাজ হ'ল না। অথচ ৬ বছর ধরে সেখানকার সাধারণ লোকজনকে ঘোরান হলো, আর সরকার চুপচাপ বসে রইলেন। এটা বড়ই দুঃখের কথা। যাহোক এটা যে এবারের বাজেটে নেওয়া হয়েছে ডাতে এখানকার লোকজন স্বিত বোধ করবেন।

তারপর আর একটা, খজপরে থেকে প্রত্নী রাস্তার জন্য গত বছর ৪ লক্ষ ৪৩ হাজার টাকা ধরা হয়েছিল। তার মধ্যে মাত্র ৫০ হাজার টাকা খরচ হয়েছে। সেখানে আমরা উন্নতির মধ্যে দেখছি রাস্তার মাঝেমাঝে যে প্রকুরের মত গর্তগর্নাল ছিল, সেগ্নাল ধ্লা ও বালি চাপা এবং মাটী চাপা দিয়ে মেরামত করা হয়েছে। কেউ যদি এখন সেখানে যান সেটা দেখতে পাবেন। সেখান দিয়ে এখন কোন মোটর গাড়ী গোলে পরে ধ্লার মেঘ স্টি হয় এবং বর্ষাকালে কাদা ছিটিয়ে পথচারীর এবং আশেপাশের ঘরবাড়ীগ্নাল কাদায় হোলী খেলা স্ব্র হয়ে যায়। যদিও এই খজাপ্র থেকে বেলদা রাস্তার জন্য ৪ লক্ষ ৪৩ হাজার টাকা ধরা হয়েছিল, তাতে এট্কু কাক্স হয়েছে।

তারপর ভিলেজ রোড সম্বন্ধে এবারকার বাজেটের মধ্যে আমরা দেখলাম, ৩৩ লক্ষ ৩৪ হাজার টাকা খরচের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু আমি আগেকার যেসব রাস্তার কথা বলে গোলাম, এর মধ্যের একটা পরসাও স্থেখানে খরচ করবার ব্যবস্থা হয় নাই।

তারপর ধারেন্দা যাবার রাস্তা, যেটা সরকার অধিকার করে নিরেছেন, সেই রাস্তা কলাইকুন্ডা ন্টেশন ও ঝাড়গ্রাম থেকে ধারেন্দা পর্য্যন্ত সরকার তৈরী করে দিতে বার্য্য। কিন্তু কলাইকুণ্ডা থেকে বা ঝাড়গ্রাম থেকে বারবার সে সম্পর্কে বলা সত্ত্বেও সরকার কেন সেটা কর্ছেন না, তা আমরা কিছুতেই উপলব্ধি করতে পার্রছি না।

তারপর ও, টি রোড সম্পর্কে বলা হয়েছে, একটা ডাইভার্সানএর জন্য। এই রাস্তা খুড়াপুর প্রোতন বাজারের ভেতর দিয়ে যে অংশ চলে গেছে, তার মধ্যে মেদিনীপুর থেকে ৪ মাইল ৭ ফার্লাং থেকে ৫ মাইল ১ই ফার্লাং অর্থাৎ মাত্র আড়াই ফার্লাং ডাইভার্সান রোড তৈরী হবে বলে ইংরেজদের আমল থেকে শ্নছি। কিন্তু এই ডাইভার্সান এমন জায়গার মধ্য দিয়ে हालान इएक एव रमटे खराम खीरकाश्म भन्नीय र्शन्नक्रनामन वाफ़ी भफ़्रह । **अन्न करल** हान्ना উচ্ছেদ হয়ে যাবে। আর ষে-সব প্রকুর, ডোবা আছে, সেগর্বলও ভরাট করতে হবে এবং ৫টী বাঁধ বাঁধতে হবে। কাজেই ,এতে অনেক অস্,বিধা হবে ও অযথা টাকা অপবায় হবে। সূত্রাং এই ব্যবস্থা পরিতান্ত হওয়া আবশ্যক। কেন না রাস্তা তো সোজা, সরল হবে না। রেল প্লের জন্য ইউ-সেপ্ড্ সার্প বেণ্ড তো থাকবেই। প্রাতন বাজার এনজোচমেন্ট এড়াবার জন্য ব্যবস্থা করতে হ'লে মেদিনীপরে থেকে ৪ মাইল ৬ ফার্লাং থেকে কোশিয়াড়ী द्राञ्जात সংযোগস্থলে ৫ মাইল ৫ ফার্লং, এই ৬३ ফার্লং পর্যানত বাদ দিয়ে রাস্তা ডাইভার্ট করতে হয়। কারণ প্রোতন বাজারের সমস্ত অংশটাই কোশিয়াড়ীর রাস্তার সংযোগস্থল ছাড়াও পুরাতন বাজার ফাঁড়ি পর্য্যন্ত সব জায়গাটাই ২৫ ফিটের বেশী কোথাও নাই। দ,'ধারে দ,-তিন ফ,ট করে এনক্রোচ্ড হয়ে গেছে। এর স্থানীয় তদন্ত হওয়া দরকার। সেখানকার লোকে এই রাস্তার বিষয়ে মন্দ্রীমহাশয়ের কাছে যে নন্ধা পাঠিয়েছে, তার নকল আমার কাছেও আছে। রাস্তা সোজা করতে হ'লে রেল রাস্তার উপর দিয়ে একটা ওভারহেড ব্রিজ করা দরকার এবং এনক্রোচমেন্ট বাদ দিতে হ'লে প্রাতন বাজারের পশ্চিমে রেল বাউণ্ডারীর ফাঁকা জায়গা যেটা পড়ে আছে, তার উপর দিয়ে রাস্তা তৈরী করতে হয়। আর না হয় এনক্রোচ্ড অংশটা প্রোতন বাজারে এ্যাকোয়ার করে নিতে হয়। তা না হ'লে বাদ দিতে হ'লে সমস্তটা বাদ দিতে হয়। এটা হ'**লে খরচ অনেক কম হবে। তাঁরা যেভাবে** ডাইভার্সান করতে যাচ্ছেন, তাতে প্রচুর খরচ হবে।

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দুর্গত অঞ্চলে ১৯৫৬-৫৭ সালেও দুর্ন্দর্শা লাঘব কল্পে টেন্ট-রিলিফ, খয়রাতি সাহাষ্য, ক্লযিখগাদি আবশাক।

Sir, I also beg to move that the demand of Rs. 1.25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about টেণ্ট-বিলিকের সময় তৈরী রাশ্তা সংরক্ষণ ও মেরামত সম্বশ্যে।

- Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the micappropriation of money in Test Relief Works in Arambagh subdivision.
- 8j. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the famine condition prevailing in different parts of the Contai subdivision.
- 8j. Nripendra Gopal Mitra: Sir, I beg to move that the demand Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about general policy particularly about an incident at police-station Binpur.
- 8j. Proboth Dutt: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about its policy and the relief to the distressed people of Bankura district suffering from the failure of crops due to the drought.
- 8]. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to grant more money for agricultural loan, cattle-purchase loan, gratuitous relief and test relief work.

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to grant more money under this head.

- Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to give work or unemployment allowance to the agricultural workers and poor peasants during the period of their unemployment.
- 8]. Raipada Das: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the test relief work and the way in which it is being done.
- 8j. Madan Mohan Khan: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about suspension of realisation of agricultural loans and other Government loans due to distress in Bankura Sadar subdivision.

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about famine condition now prevailing in the Sadar subdivision (Bankura), specially Kenjamura, Anchuri, Kalpathar, Jagdalla and Kalpathar unions of Bankura police-atation.

- 8j. Suboth Choudhury: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take adequate measures for providing relief to the distressed people of Burdwan district, particularly of police-station Raina, parts of Katwa subdivision of police-stations Raniganj and Faridpur, affected by drought and other natural calamities.
- 8j. Biren Banerjee: Sir. I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গত বংসর গড়বেতা থানায় ব্লিটর গোলমালের জন্য ফসল ঘার্টাত হইয়াছে অর্থাৎ ধান অনুগ্ড়ার পরিণত হইয়াছে। এমত অবস্থায় বহু অঞ্চলের লোকের মধ্যে ইতিমধ্যেই অমাভাব দেখা দিয়াছে। গড়বেতা থানায় ক্ষেতমজ্বের সংখ্যা অতান্ত বেশী, বর্তমানে তাহারা কোন প্রকার কাজও পাইতেছে না। এইর্প অবস্থায় অবিলন্দেব বিভিন্ন অঞ্চলে টেণ্ট-রিলিফের কাজ শ্রুব্ করা দরকার। এবং দ্বংস্থাদের জন্য খ্য়রাতী সাহায্যের অতানত জর্বী

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গত বংসর গড়বেতা থানায় যেসব কৃষকদের প্র্বে বংসরের লওয়া এগ্রিকালচারাল লোন-এর কোন সামান্য অংশও দিতে বাকী আছে তাহাদের বহু প্রয়োজন থাকা সত্ত্বে কৃষি-লোন দেওয়া হয় নাই। ফলে দ্বঃস্থ কৃষকদের চাষ করায় ক্ষতি হইয়াছে, এবং তাহাদের লোনের বাকী টাকাও দেওয়া সম্ভব হইতেছে না; তাহাদের উপর এই বংসর সার্টিফিকেট জ্বারী করা হইতেছে।

Sir, I also beg to move that the demand of Rs. 1.25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about গড়বেতা শহরের ও গ্রামাণ্ডলের মৃহী, ডোম, কামার প্রভৃতি অতি দরিদ্র গ্রাম্য-শিক্সীদের প্রয়োজনমত অবিলম্বে রিলিফ দিতে হইবে। ইতিমধ্যেই অনেকে উপবাস দিতে আরম্ভ করিরাছে।

Sir, I also beg to move that the demand of Rs. 1 25.68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বর্ত্তমান বংসরে ইতিমধ্যেই গড়বেতা থানার কেশপ্রে ও শালবনী থানার বহু ইউনিয়নে কাজের অভাবে ক্ষেত্তমজ্বেরা চরম অভাবে পড়িয়াছে। বর্ত্তমানে গ্রামাণ্ডলে কোন প্রকার কাজও তাহারা পাইতেছে না। অবিলন্দেব টেন্ট-রিলিফ-এর কাজ শ্রের করিতে হইবে। যেসব টি, আর, ওয়ার্ক অসমাণ্ড রহিয়ছে সেইগ্র্লির কাজও অবিলন্দেব শ্রের করার প্রয়োজন হইয়াছে। টি, আর, ওয়ার্ক-এর মাধ্যমে গড়বেতা থানায় রাদ্তা করার কাজ অপেক্ষা চাষের জল্মেসচনের জন্য বাধ ও আল কাটার কাজ অনেক বেশী কাজে লাগিবে। সরকারের সেইদিকে বর্থাযোগ্য লক্ষ্য দিতে হইবে।

Sir, I also beg to move that the demand of Rs. 1.25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা থানার মধ্যবিত্ত শ্রেণী গত বংসর "মধ্যবিত্ত" লোন পাইবার জন্য ষেসব আবেদন পাঠায় সেই আবেদনে সরকার পক্ষের যথাৰোগ্য সাড়া না দেওরা এবং বেশীর ভাগ ক্ষেত্রেই মধ্যবিত্তদের লোন না দেওয়ার বার্থাতা। Sir, I also beg to move that the demand of Rs. 1.25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতায় ক্রমশঃ চাউলের দর বৃণ্ধি পাইতেছে, বর্ত্তমানে ১৭॥ টাকা মণ দরে বিক্রয় হইতেছে, ভবিষ্যতে আরও বাড়িবার সম্ভাবনা আছে, এই অবস্থায় এই অণ্ডলে গরীব লোকেরা ইতিমধ্যেই দ্বঃস্থাবস্থায় পড়িয়াছে। অবিলম্বে টেণ্ট-রিলিফের কাজ শ্বেন্ করিতে হইবে। এবং ষাহাতে অল্পম্ল্যে সরকারী ব্যবস্থায় চাউলের দোকান খোলা হয় তার ব্যবস্থা করিতে হইবে।

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা থানায় গ্রামাণ্ডলের দ্বঃস্থা মহিলাদের জন্য গত বংসর ধান ভানার জন্য সরকারী ব্যবস্থা করানোর জন্য বহ<sup>ু</sup> আবেদন করা সত্তেও ধান ভানার ব্যবস্থা না করায় সরকারী কাজের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1.25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা শহরের মধ্যে টেণ্ট-রিলিফের কাজের মাধ্যমে একটী প্রুক্তরিণী কাটা শ্রুর্ হইয়াছিল। ওই প্রুকরিণীর জন্য স্থানীয় লোকেরা সরকারকে পরিমাণমত জমিও রেজিস্ট্রী লেখা-পড়া করিয়া দিয়াছেন, অথচ প্রুকরিণীটি সম্পূর্ণ শেষ না করিয়াই কাজ বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। ইহা সরকারী কাজের একটী দ্বঃখজনক বার্থতা। ওই অঞ্চলে বহুকাল যাবং জলাভাব চলিতেছে। গ্রীম্মকালে প্রায় ১॥ মাইল দ্বের নদীতে প্রের্ব, নারী সকলকেই স্নানের জন্য যাইতে হয়। গর্ব, বাছ্রকে জল খাওয়াইবার জন্যও নদীতে যাইতে হয়। ওই অঞ্চলে গ্রীম্মকালে জলাভাবে আরও বহুপ্রকার ক্রট, দ্বঃখ দেখা দেয়। অবিলন্ধে ওই প্রুকরিটিকে সম্পূর্ণ করার জন্য টেণ্ট-রিলিফ-এর মাধ্যমে কাজ শ্রুর করাইতে হইবে।

Sir, I also beg to move that the demand of Rs. 1.25.68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গত বংসর গড়বেতা থানার বিভিন্ন অঞ্চল টেণ্ট-রিলিফ ও ডোল রিলিফ দেওয়ার কাজে প্রচুর দ্বনীতি ও অন্যাম হইয়াছে। ইহা সরকারের নীতির বার্থতা প্রমাণ করে। ভবিষাতে ওইর্প কাজে যে ইউনিয়নে রিলিফ কাজ ঢালান হইবে সেই ইউনিয়নবাসীর দ্বারা নির্বাচিত কমিটীর সহযোগিতায় ওই রিলিফ কাজ ঢালানর ব্যবস্থা সরকারকে গ্রহণ করিতে হইবে। রিলিফ কাজ ঢালানের ক্রমন্টীর নিয়োগ করা হইবে তাাহদের ওই কমিটীর মতামত লইয়া নিয়োগ করিতে হইবে।

- 8j. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34. Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about
- (১) রিলিফ ও টেণ্ট-রিলিফে দুর্নীতি ও চলতি বংসরে টেণ্ট-রিলিফ কার্য্য আরন্ডে দীর্ঘস্ততা, (২) রিলিফ ও লোন বিতরণ সম্পর্কে অব্যবস্থা, (৩) দরিদ্র জনসাধারণের জন্য সরকারী ধান্যগুদাম খুলিয়া সম্তা দামে ধান্য সরবরাহের ব্যবস্থা না করা।
- 8j. Surendra Nath Pramanik: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need of immediately adopting relief measures in the police-stations of Keshiary, Narayangarh, Dantan in the district of Midnapore due to failure of crops arising out of scarcity of rainfall.

8j. Tarapada Dey: Sir, I beg to move that the demand of ts. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: '54—Famine' be reduced by Rs. 100. I move this in order to raise a liscussion about the failure of the Government to administer any relief to he unemployed people of West Bengal and to make provisions for sufficient mount of test relief work for the unemployed day labourers in rural areas.

### 8j. Kanai Lal Bhowmick:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার বড় দুর্ভাগ্য যে আমরা এমন একজন খাদ্যমন্দ্রী পর্মেছি, যিনি প্রথম থেকেই বক্তুতা করতে উঠে এমন আত্মতুন্টির মনোভাব দেখান. এমন *চল* তথা পরিবেশন করেন, যাতে বাংলাদেশের সতি।কারের অর্থনৈতিক অবস্থাকে ঢাকা দওয়ার নানা চেন্টা চলে। ঠিক গত বছর বাজেট সেসানের সময় যখন আমরা আর্থিক ুরবন্ধার কথা উল্লেখ করেছিলাম, তখন তিনি টন টন করে খাদোর হিসাব দিয়েছিলেন এবং দাগজে-কলমে সার্প্লাস দেখিয়েছিলেন। তখন ঠিক এই রকম রিলিফ গ্র্যান্টের টাকা বাড়াবার ছথা বলার সঙ্গে সঙ্গে তিনি বলেছিলেন ভাববার কিছু নেই, আমি সব ঠিক করে দেবো। মাজ এক বছর পরে আবার তিনি দাঁড়িয়ে বলছেন যে টেণ্ট রিলিফ দরকার নেই, দেশের মবস্থা ততথানি খারাপ নয় এবং ভাববার কিছু নেই। অথচ গত বছরের অভিজ্ঞতায় আমরা দানি যে তাঁরা যে গ্রান্ট মঞ্জার কর্বোছলেন তার প্রায় তিনগণে টাকা তাঁদের খরচ করতে স্মেছে। আমার বস্তব্য হ'ল এই যে লুকোর্চারর ব্যাপার, এটা বন্ধ হওয়া দরকার। এবারে তিনি বলেছেন যে যদিও আমরা এবটা গ্র্যান্ট মঞ্জুর করিয়ে নিচ্ছি, দরকার হ'লে আরো দেবো। এইভাবে যে তাঁরা দেশের অবস্থাকে নানাভাবে বিকৃত করে দেখাবার চেণ্টা করেন, লোকের ্বেখ-দ্বন্দ শাকে লঘ্ করে দেখাবার চেন্টা করেন, লোকের অভাব-অভিযোগের প্রতি ছাকুটি চরেন এ জিনিষ বাংলাদেশের পক্ষে খবেই খারাপ। এই ধরনের খাদামল্তীর হস্তে ্যাংলাদেশের জনসাধারণ যতাদন থাকবে ততাদন তাদের জীবন যে অতিষ্ঠ হয়ে উঠবে, সে ব্রষয়ে কোন সন্দেহ নেই। তিনি বলেছেন, গত বছরের তুলনায় এ বছর ফসল ভাল হয়েছে। কান কোন অণ্ডলে কিছুটা ভাল হয়েছে কিন্তু তিনি যা হিসাব দিয়েছেন তা সম্পূর্ণ সত্য ায়। আমি শুধু তাঁদের দেওয়া যে হিসাব তা থেকে বলবো—একটা জেলার উদাহরণ দিই, মদিনীপুর জেলা। মেদিনীপুরে উনি বলেছেন যে ১৯৫৪-৫৫ সালে একর প্রতি ৭ ৭৭ in ফসল হয়েছে, আর এ বছর ১০·৯২ মান্ডস অর্থাৎ গত বছরের তুলনায় এ বছর কি রডেছে, তা যদি হিসাব করি তাহলে দেখবো গত বছর ও'রা স্বীকার করেছিলেন যে াধারণভাবে মেদিনীপুর জেলায় শতকরা ৪০ ভাগ ফসল হয়েছে, ওঁরা যে বইখানা সাকুলেট মরেছেন, তাতে লিখেছেন যে গত বছর মেদিনীপুর জেলায় নরম্যাল প্রোডাকসন মাত্র শতকরা 30 ভাগ ফসল হয়েছে। এ বছর যদি ওঁদের দেওয়া হিসাবকে ঠিক বলে ধরি, তাহলে দেখবো এই বছর ফসল হয়েছে শতকরা ৫২ ভাগের বেশী নয়, অথচ খাদামন্ত্রীমহাশয় বলছেন ষে १ वहत थामावन्था थून जान, तिनिस्मत ठाउँथान श्रद्धांकन त्नरे वन सामता जीनसा सारा। মামরা গত বছর দেখেছি যে নরম্যাল প্রোডাকসন মাত্র ৪০ পার্সেন্ট হওয়ার জন্য তাঁদের রলিফ এবং টেণ্ট রিলিফের কাজ আরম্ভ করতে হয়েছিল। তিনি যতই বলনে না কেন যে রলিফ এবং টেন্ট রিলিফ আমরা এমনি আরম্ভ করেছিলাম কিন্তু প্রকৃতপক্ষে তা নয়, দশের লোক কাজ পায় নি বলে। এই বছর তাই অবস্থা হয়েছে, লক্ষ লক্ষ লোক বেকার ারে গেছে। হাওড়া, ডোমজন্ড়, সেখানে মজনুরীর হাট বসে, মজনুরী বিক্রীর জন্য হাট বসে। নাননীয় মন্ত্রীমহাশয় জানেন কিনা জানি না যে গ্যাঞ্চেস বেল্টে বেশীর ভাগ জমিতে अनार्गाण्डेत नत्न कमल नष्टे रुखाइ। ध्याननीभृत खलात भरोगभृत এवः प्रयुना थाना. মাড়গ্রাম এবং সদর মহকুমার বিভিন্ন অঞ্চলে ফসলহানি হয়েছে এবং ২৪-পর্গণার সন্দেরবন প্রপ্তলে ফসলহানি হয়েছে, বন্ধমান জেলায় কতকগুলি, যেমন কাটোয়া মহকুমার মধ্যে ম্পলকোট, কাটোয়া, কেতৃগ্রাম, দুর্গাপুর, এইরূপ বিভিন্ন জায়গায় ফসলহানি হয়েছে।

[12-40-12-50 p.m.]

তা ছাড়া অনেকে জানেন, অনেক মাননীয় কংগ্রেস সদস্য জানেন যে এ বছর ঠিক ফসল দাটবার আগে যে ব্ভিট হয়ে গেছে, তার ফলে আমাদের দেশের অনেক ফসল নন্ট হয়েছে

धावः यात्र करण विचिन्न अन्नाल देजियस्य थाम्याज्ञाव मृत्यः राष्ट्र लाहः, जाता काञ्च भारकः ना অনাহারে দিন কাটাছে। এই অবস্থা যথন বাংলাদেশে দেখা দিয়েছে, তথন খাদ্যমন্ত্রী মহাশয় দেশের যে চিত্র দেখালেন তা বাস্তব অবস্থার সঞ্গে মেলে না। আর একটা কথা বলচ্ছি রিলিফ এবং টেন্ট রিলিফএর ব্যাপারে আমি মেদিনীপরে জেলার হয়ে উদাহরণ দিয়ে বলছি যে কিরকম দুনীতি চলছে এই টেণ্ট রিলিফএর ব্যাপারে। যা বায় হচ্ছে তার ৫০ ভাগ আসলে চরি-চামারি। চাল পর্যানত উধাও হয়ে যাচ্ছে। যে সমস্ত অণ্ডলে টেল্ট রিলিফ हर्सिष्ट्रक रमशान भिरस य-रकान माज्य कर जिल्ह्यामा करान, जाता वलाव এই एपेचे तिलिक्यात কাজের মধ্যে তাদের ন্যায্য পাওনা, তারা ঠিক পায় নি। মেদিনীপরে জেলার এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট এই রকম ৭০।৭১টা কেস পেয়েছিল। কাজেই টেন্ট রিলিফএর কাজে যে লক্ষ লক্ষ টাকা চরি হচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। যে-সমস্ত পে-মাণ্টারকে এরা বিশেষ করে এ্যাপয়েন্ট করেছিলেন, এই টেল্ট রিলিফএর টাকা চুরি করছেন। যে ক্যাস টাকা দিতেন তাও পর্যানত চুরি হয়েছে। এই রকম বহু ঘটনা এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টএর কাছে আছে। তারপর লোন সম্পর্কে বলতে গেলে বলতে হয়, গত বছর মিড্লু ক্লাস লোন या मिर्सिছर्लन, ১०० টाका लान प्रयात जना य किन्छमन कर्ताहर्लन, कांगजभव प्रशास्त्र হবে, রেজিন্টি করতে হবে। ফলে সেই মধ্যবিত্তের মধ্যে মাত্র এক-একটা ইউনিয়নএ ১২।১৪ জনকে মাত ১০০ টাকা করে লোন দেওয়া হয়েছে. আর ১॥।২ মণ ধানের দামও নয়, এই রকম লোন দেওরা হয়েছে, কৃষি লোন যখন সত্যিকারের প্রয়োজন, তখন এই সব লোন দেওয়া হয় নি এবং দেওয়ার সময় নানাভাবে হয়রান করা হয়েছে, ২।৩ দিন ধরে তবে লোন দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের তরফ থেকে রুর্র্যাল ক্রেডিট সার্ভে রিপোর্ট বেরিয়েছে. তাতে বলা হয়েছে যে শতকরা ৯০ পারসেন্ট লোন এখনও পর্যান্ত দেওয়া হয় নি অর্থাং গভর্ণমেন্ট শতকরা এখনও ১০ পার্সেন্ট দেবার বাবস্থা করতে পারেন নি। এর মধ্যে थामामन्त्री त्य वारक्षरे वक्कुण कतरमन এवः এ वहरतत थामावन्थात त्य हित मिरमन आग्नि मतन করি এই আত্মসন্তোমের মনোভাব র্যাদ ত্যাগ না করেন তাহলে বাংলার গরীব লোকেরা না থেয়ে মারা পডবে।

#### Sj. Madan Mohan Khan:

মাননীয় স্পীকারমহাশয়, আমার প্র্ববিত্তী বস্তা আপনার সামনে বলেছেন, মেদিনীপুর জেলায় কিভাবে দ্ভিক্ষি এবং আমাদের কংগ্রেসএর মনোনীত পে-মাণ্টার কিভাবে টাকা চুরি করেছে। আমি আপনার সামনে একটী উদাহরণ দেবো। মেদিনীপুর ডিভিট্ট বোর্ড এর চেয়ারম্যান, মাননীয় মহেন্দুনাথ মাহাতো, কংগ্রেস এম,এল,এ, তাঁর ভাইপো প্রেশ মাহাতোকে পে-মাণ্টার করেছিলেন। জামবনী-শাবলমারা রাস্তা ১০।১৫ হাজার টাকার এণ্ডিমেট ছিল। ৫।৭ হাজার টাকা খরচ করবার পর যারা কাজ করেছিলেন তারা ঝাড়গ্রাম এস, ডি, ওর কাছে টাকা পাই নাই বলিয়া পিটিশন করেছিলেন সেই পিটিশন অনুসন্ধান করিয়া অভিযোগ সতা প্রমাণ হবার পর এস. ডি. ও ডিণ্টিক্ট বোর্ড এর কাছ থেকে কাগজপুর চায়। আপনি শ্নলে অবাক্ হবেন যে গভর্গমেন্টকে ডিড্টিক্ট বোর্ড কাগজপত্র দিতে অস্বীকার করে এবং পরে এস. পি. এনফোর্সমেন্ট, যখন জোর করে ডিড্রিক্ট বোর্ড এর কাছ থেকে কাগৰুপত্র সীজ করে নিলেন, সেই সময়, সেই সেই ডিড্টিক্ট বোর্ড এর কাছ থেকে পে-মান্টারএর পাওনা ৭ হান্তরে টাকা বাকী ছিল। মাননীয় কংগ্রেস এম,এল,এ, মহেন্দ্রবাব, তারপর ডেকে পরেশবাব কে ৭ হাজার টাকা পেমেন্ট করে দিলেন। অথচ যথন পেণ্ডিং পড়েছিল কিভাবে টাকাটা তিনি দিতে পার**লে**ন তা ব্রুতে পারি না। টেম্ট রিলিফ ওয়াকাররাও বহুটাকা এখনও পার নি। শুবু মহেন্দুবাব আছে বলে তার টাকাটা প্রলিশ সীজ করে নিয়েও দিয়ে দেওয়া হ'ল। আমাদের সরকার স্বীকার করেছেন যে সেইনীপুর জেলাতে সবচেয়ে দ্ভিক বেশী, তার জন্য যে বরান্দ দিয়েছেন আতে যেটা খরচ হয়েছে তা হল ह অংশ অথচ যে বছর দ্ভিক হ'ল সে বছর জলকর দিতে পারে নি, ধান হয় নি বলে কিল্ড সেখানে এখন টাবে না দিতে পারার জন্য তাদের জিনিষপত্র ক্রোক করা হচ্ছে, ট্যাঞ্চ ইম্প্রভযেন্ট ডিপার্টমেন্ট খেকে গর্-বাছ্র পর্যাদত ক্রোক হয়েছে। সেখানে সরকার নিজে স্বীকার করেছেন দুভিক্ষাবস্থা আছে, প্রতিদিন ১৪ হাজার লোককে আমরা বাচিয়েছি, তাহলে কি করে বেখানে চাষবাস

হর নি সেখানে জলের ট্যাক্স অনাদায়ের জন্য জিনিসপত ক্লোক করা হয় তা ব্রবি না। ট্যাক্স ইম্প্রভমেন্ট ডিপার্টমেন্ট জমিতে চাষের জন্য জল সরবরাহ করতে পারেন না বলে ধান হয় নাই, কিন্তু টাাক্স না দিতে পারার জন্য জিনিষপত ক্রোক করা হচ্ছে। জল না দিতে পারার জনা ধান হয় নাই, ট্যাক্সও বন্ধ করতে হবে। উনি বলেছেন একটা ঢেকি প্যাডি হাস্কিংএর ব্যবস্থা করেছেন। এখানে যারা কাজ করত, মালটি-পারপাস কো-অপারেটিভ বেসিসএ তারা প্রথম লোকসান থেয়েছে। যখন তারা আন্তে আন্তে দাঁড়ানোর চেণ্টা করলো তখন সরকার তাদের ধান দেওয়া বন্ধ করে দিলেন। আমরা দেখেছি সরকার যদি ঢেকী প্যাডি হাস্কিং স্কীম যা ছিল, সেটা দেখেন তাহলে দেখবেন ওথানে বেশ কিছ, লোক, প্রায় ৭২০ জন লোক কাজ করে খাচ্ছিল। আজ তারা কাজ পায় না বেশীর ভাগই ব্ডো লোক। আমরা মনে করি তাদের কুটীর শিল্পের মাধ্যমে বাঁচানোর চেন্টা করা উচিত। আপনি জ্ঞানেন পটাশপরে এবং দাঁতন থানায় কয়েক বছর যাবং লোকের খ্ব দ্রগতি চলছে। তাদের নাকি টেষ্ট রিলিফ দেবার বাবস্থা করেছেন কিন্তু সেটা এখনই দেওয়া দরকার, কারণ লোক খেতে পাচ্ছে না। আমাদের মাননীয় সদস্য শ্রীজনার্দ্দন সাহ, ওথানে হাৎগার-দ্রৌইক করতে গিয়েছিলেন। ডি এম এস ডি ও, ও জনসাধারণের অনুরোধে তিনি হাঙ্গার-ড্রাইক বন্ধ করেছেন, **ভালই** হয়েছে। কিন্তু পটাশপুর ও দাঁতন থানার লোকগুলোকে বাঁচাবার বাবস্থা এখনও করা হয় নাই।

[12-50—12-58 p.m.]

## Sj. Cangapada Kuar:

মাননীয় স্পীকারমহাশয়, আমাদের ত্রাণমন্তীর উন্বোধনী বস্কৃতায় বাংলাদেশের যে চিচ্চ আমাদের সামনে রেখেছেন. তাতে মনে হ'ল, হয় তাঁর বর্ত্তমান পরিস্থিতি সম্বন্ধে ধারণার অভাব, অথবা তিনি আসল অবস্থাকে বিকৃতভাবে চিচিত করেছেন।

তিনি বলেছেন বাংলাদেশে তেমন কোন খাদ্যাভাব নাই: কেবল বেকারদের কর্ম্ম-সংস্থানের জনা বিভিন্ন ধরণের বিলিফের কাজ করিয়েছি। আবার তার সঙ্গে বলেছেন যে, গত বছর যেখানে ১ কোটী ২৬ লক্ষ টাকা বরান্দ হয়েছিল, তার স্থলে ৪ কোটীর উপর বায় করা হয়েছে। কিন্তু গত বছর যেভাবে সারা বাংলাদেশে অনাব, গ্লিউ ও বন্যার দর্ন শ্বাহানি হয়েছিল, এ বছর ঠিক সেইমত শষ্য হানি না হ'লেও, আমরা এ কথা বারবার বলেছি যে গত নভেম্বর মাসে পর্য্যাপ্ত বৃষ্টি হওয়ার দর্ন, অর্থাৎ অসময়ে বৃষ্টি হওয়ার দর্ন, আমরা যে পরিমাণ ফসল পাবো বলে আশা করেছিলাম তারচেয়ে অনেক কম ফসল ফলেছে। শহে তাই নয়, আমি এমন কতকগ্রিল জায়গার খবর জানি যেখানে ফসল একেবারেই হয় নি। মেদিনীপুর সদর থানায় ৮নং ইউনিয়নের অনেকগর্লি মৌজায় ও দেবরা থানার ৮।৯টি মৌজায় একেবারে ফসল হয় নি। এ ছাড়া সাধারণভাবে মেদিনীপুরের বহু, জায়গায়, যেমন রামনগর, কেশপুর, গোপিবল্লভপুর, নয়াগ্রাম প্রভৃতি বিভিন্ন থানা এলাকায় বৃণ্টি না হওয়ার দর্ন যথেণ্ট পরিমাণে ফসল নণ্ট হয়েছে। শ্ব্ব তাই নয়, গত বছর এবং তার আগে থেকে বছর বছর ধরে ফসলহানি হয়েছে, তার উপর এ বছর যে যৎসামান্য ফসল উৎপন্ন হয়েছে তা ইতিপ্ৰেবি বহু কৃষক একেবারে নিঃশেষ করে ফেলেছে, এমন কি খোরাকীর ধানও বিক্রয় করে ফেলতে হয়েছে, লোন আদায়কারী সরকারী কর্ম্মাচারীদের জ্লুমের জনা। বহু জায়গায় সাটিফিকেট জারী প্রসেস্এর শ্বারা খুব জবরদঙ্গিততে লোন আদায় করা হয়েছে। গত বছর যেখানে লোন সাস পেণ্ড করা হয়েছিল, সেই সমস্ত জায়গায়ও লোন সাস্পেণ্ড হওয়া সত্ত্বে কিন্তি খালাস হয়েছে। এই অজ্হাতে যে তাদের উপর সার্টিফিকেট জারী করে তাদের জমিজমা নীলামে বিক্রয় করা হচ্ছে। বিশেষ করে দেবরা ও কেশপত্নর থানার অত্যাধক পরিমাণে ও অসময়ে বৃণ্টি হওয়ার ফলে চাষের অত্যত ক্ষতি হয়েছে। এবং প্রতি বছরই সেচের অসুবিধার জন্য অথবা বন্যার জন্য শস্যহানি হয়। সেথানে এটা ইউনিয়নে জবর-দিতিম্লক পন্থায় ঋণ আদায় করা হচ্ছে। তিনি বলেছেন, গত বছর আমরা ক্যারি-ওভার করতে পেরেছি প্রায় ৮ লক্ষ টন এবং এ বছর খাদ্য ফলন হবে প্রায় ৪১ লক্ষ টন; এই দ্টো যোগ করলে ষা পাব, তাতে আমাদের যা অভাব আছে তা মিট করা যাবে। খাদাশষ্য সরকারের অঙ্কের ভিতর থাকতে পারে, বা বড় বড় জোতদার বা জমিদারের গোলার মধ্যে থাকতে পারে, কিন্তু সাধারণ

মানুৰ তার স্বারা কতটুকু উপকৃত হবে তা বুঝতে পারছি না। বে ৭ লক্ষ ভাগচাবী ও ভূমিহীন চাষী আছে, তাদের যে প্রতি বছর কত অবর্ণনীয় বেকারীর মধ্যে পড়তে হয়, তা যাঁরা পল্লী বাংলা থেকে এসেছেন, তাঁরা সবাই জানেন। সেদিক থেকে সহর অণ্ডলে এমপ্লয়মেন্ট এস্বচেঞ্চএর মাধ্যমে বেকারীর একটা মাপকাঠি মোটামর্টি জানতে পারি। সেই রকমভাবে বদ্রি পল্লী অণ্ডলেও বেকারীর হিসাব-নিকাশ নেওয়া হয়, তাহলে দেখা যাবে যে অঞ্চ পাবো তাতে অবাক হয়ে যেতে হবে। তম্জনা আমি মনে করি, এ বছর বিভিন্ন জায়গায়, যেখানে कनात्मत र्शान राह्म त्रथात व्यविमान्य छोचे त्रिमारकत काक हाम कता मतकात। धमन বহু কৃষক পরিবার আছে, যাদের অম্লাভাব গত পৌষ মাস থেকেই দেখা দিয়েছে এবং অনেক কৃষক পরিবার রয়েছে যারা ধার করে বা অন্যের কাছে সাহায্য নিয়ে জীবন যাপন করতে বাধা ্ হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলবো টেণ্ট রিলিফের কাজ অবিলন্দের সূত্র, করুন, এবং গতবারের অভিজ্ঞতা থেকে এই টেফ্ট রিলিফের কাজ যাতে ভালভাবে বাবস্থা করতে পারেন ও চরির হাত থেকে রক্ষা করে, ভালভাবে অগ্যানাইজড় ওয়েতে চাল, করা যায় সেদিকে দ্বিট দিন। ব্যাপকভাবে যে-সমস্ত দ্বর্গত কৃষক, তাদের ঋণের বোঝায় ভারাক্রান্ত হয়ে পড়েছে. সেই সমস্ত কৃষকরা যাতে তাদের ঋণ মকুব পায় সেদিকে বিশেষ দ্ভিট দেওয়া উচিত। তারপর আর্ম ফোর্স নিয়ে যেখানে টাকা-পয়সা আদায় করবার ব্যবস্থা হয়েছে. সেটাও বন্ধ করা দরকার। আর খয়রাতি সাহায্যের কথা উঠেছে। আমি মনে করি কন্মক্ষম মানুষকে কাজ দিয়ে তাদের দুর্গতি মোচন করা হোক। এই কথা আমরা বরাবর বলে আর্সছি এবং আজও বলছি বেশীর ভাগ লোকের মধ্যে কাজ দেবার যে নীতি, সেই নীতি অনুসরণ কর্ন। মন্ত্রীমহাশয় বলেছেন গত বছর প্যাডি হাস্কিং মেসিন বহু, কৃষক পরিবারকে দেওয়া হরেছে। কিন্তু আমরা পাড়াগাঁরে ঘুরে দেখেছি, সেখানে মাত্র দু-একটা জায়গায় এই প্যাডি হাস্কিং স্কীম চাল, করা হয়েছে; এইভাবে, কাজ আরও আগে থেকে স্বর্ করলে যতটা ভাল হ'ত, তা হয় নি। প্র্রেব দেখা গিয়েছে যে মন্ত্রীমহাশয়ের ঢেকী ও কুটীরশিলেপর দিকে বেশী ঝোঁক ছিল, কিন্তু আজকাল আর তাঁর এই সমস্ত দিকে দূল্টি নেই। এবং যার জন্য প্রমাণ আমরা পাবো—তিনি বিভিন্ন জায়গায় হাস্কিং মেসিনএর ব্যবস্থা করে ঢেকী শিল্পের ধনংস সাধন করছেন; এই থেকেই আমরা ব্রুত্তে পার্রাছ তাঁর কোথায় দরদ বেশী।

তিনি আর কি কি করেছেন তার ফিরিস্তি দেখুন—এই যে লাল রংএর মোটা মোটা বইগ্রিল বাঁধাই করে কত হাজার হাজার টাকা যে করেছেন, তা জানি না; এইভাবে, দ্বঃস্থদের জন্য এই টাকা খরচ করলে বেশা উপকার হ'ত। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় গ্রামের কৃষক পরিবারদের প্রতি বিশেষ দ্ভিট রেখে, তাদের খাদ্যাভাব দূর করবেন।

Mr. Speaker: The House stands adjourned till 2-30 p.m. on Monday. There will be no question.

## Adjournment,

The House was then adjourned at 12-58 p.m., till 2-30 p.m. on Monday, the 19th March, 1956, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 19th March, 1956, at 2-30 p.m.

#### Present:

Mr. Speaker (the Hon'ble Saila Kumar Mukherjee!) in the Chair 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 183 Members.

[2-30—2-40 p.m.]

Mr. Speaker: Mr. Banerjee, do we follow the list of speakers as was fiexd on Saturday or is there a change?

Sj. Biren Banerjee: There will be no change.

### Fixation of time for guillotine.

Mr. Speaker: Today is the last day for the voting of Demands for Grants. There are as many as 22 heads of Demands under which no fewer than 477 cut motions are still there for disposal. In conformity with the previous practice I fix that the House will sit today up till 8 p.m. and I also fix that the guillotine will fall at 7 p.m. Thereafter I shall put all outstanding demands without any debate. I hope the members of both sides will try to be brief in their speeches so that the business may be finished before the time the guillotine arrives.

Now we shall proceed with the Demand for Grant No. 34.

#### **DEMANDS FOR GRANTS**

#### Major Head 54—Famine

#### Sj. Hemanta Kumar Chosal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের খাদামন্ত্রী ওরফে দুভিক্ষিমন্ত্রী গত শনিবার দুভিক্ষি খাতে চাকা বরান্দের ক্ষেত্রে যে বন্তব্য রেখেছিলেন এবং তা রাখতে গিয়ে যে ক'টি কথা উনি বলেছিলেন তার মধ্যে প্রথম এবং প্রধান কথা হচ্ছে এই যে, গত বছরের তলনায় এ বছরের অবস্থা অনেকটা ভাল। সেই ভালর কথা বলতে গিয়ে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে যে তথা পরিবেশন করেছেন তাতে দেখিয়েছেন যে, ৪১ লক্ষ টন উৎপাদন হয়েছে এবং জনসাধারণের কাছে গত বছর যে উৎপাদন হয়েছিল সেই উৎপাদন এবং খরচপত্র বাদ দিয়ে আর আট লক্ষ টন মজতু আছে। সেই নিয়ে উনি ৪৯ লক্ষ টন খাদ্যের হিসাব দেখিয়েছেন। এই হিসাব দেখিয়ে তার পরে বলেছেন যে, জনসাধারণের চাহিদা মিটিয়ে, বীজ ধান দিয়ে দ্র' লক্ষ টন উদ্বৃত্ত হবে। অতএব ভাবনার কিছ, নেই। আর অন্য দিকে উনি বলেছেন যে, লোক কাজ পাচ্ছে না, বেকার হচ্ছে; रमकना **এই সরকার—খুব গণতান্ত্রিক সরকার—যেখানে যখনই** এমন খবর পাচ্ছেন যে, লোক কাজ পাচ্ছে না, অর্মান মেশিনারি ঠিক আছে, তাদের ব'লে দিচ্ছেন এবং কাজ দিচ্ছেন: কাজেই **ভाবনা নেই। এইসব মিলিয়ে এই হিসাব অনুযায়ী লোকের অবন্থা খুব ভাল হ**য়ে গেছে, আর ভাবনা-চিন্তার কিছু নেই। কিন্তু আসলে ঠিক তার উলটো। আমি কয়েকটা তথ্য আপনার কাছে রাখব। র্ডান গড় শস্য উৎপাদনের তথ্য ষেভাবে রেখেছেন, সেটা কোথা থেকে পেলেন জানি না। ও'দের খাদ্য বিভাগের এবং এগ্রিকালচার বিভাগের যে সার্ভে, সেই সার্ভে হচ্ছে যে, স্কুরনন অণ্ডলে খুব ভাল ফসল হয়েছে: অর্থাৎ এগ্রিকালচার ডিপার্টমেন্টের সন্দেশ-<del>খালি থানায় যে সার্ভে</del> তা হচ্ছে বিঘাপ্রতি ৪ মণের বেশি ফলন এবার হয় নি। এই হ'**ল** তাঁদের গোটা সন্দেশখালি থানার হিসাব। তার মধ্যে এমনও রয়ে গেছে যে, কোন কোন এলাকার তিন বিঘা জমিতে চিশ সেরের বেশি ধান হয় নি। যেহেড়ু তিনি সেদিন ঐ তথ্য পরিবেশন করেছিলেন, সেইজনা আমি ব্যক্তিগতভাবে কালকে সেই এলাকায় গিয়ে ঘ্রেছি এবং তথ্য সংগ্রহ করবার চেন্টা করেছি যে আসল ঘটনা কি। হাড়োয়া থানার ১৪নং ইউনিয়নের রাইচরণ দাসের বার-তের বিঘা জমি; তাতে যে ফসল হয়েছে, তা গড়ে দ্বু' মণের বেশি বিঘাপ্রতি পায় নি। সেটা ও'দের এগ্রিকালচার ডিপ্রার্টমেন্টএর তথা; ও'র বিশেষ ডিপার্টমেন্ট আলাদা আছে কিনা জানি না, যেখান থেকে অন্য রকম তথ্য সংগ্রহ করেছেন। অন্য দিকে আমরা দেখেছি, আড়াতলা ইউনিয়নে এবং চৈতাল ইউনিয়নে বাঁধ বন্দী করার জন্য ফসল ভাল হয়েছে—এই রিপোর্ট কোট করেছেন। কিন্তু প্রত্যেক জায়গায়, মেদিনীপ্রে, বাঁকুড়া, বর্ধমান, হাওড়া, হ্রগলি, জলপাইগ্র্টি, দিনাজপ্র—সব জায়গায় যে রিপোর্ট, তাতে বলা হয়েছে যে, সব জায়গায়ই লোকের অভাব রয়েছে। সেই অভাব অনুযায়ী কিছু কিছু প্রেণ করার চেন্টা হয়েছে। তা থেকে এমন কোন তথা পাই না, যা থেকে বলা যেতে পারে যে, গতবারের তুলনায় লোকের অবস্থা ভাল হয়েছে। আমি কয়েকটা তথ্য দিচ্ছি যে, অবস্থা কি দািড়য়েছে। গতবারে আমি নিজে জানি যে, সাধারণ মান্য ফালগ্রন-চৈত্র মাস পর্যন্ত কোনরক্রমে থেয়ে বে'চে ছিল। এবার মাঘ মাস থেকেই সাধারণ মান্য কালগ্রন টোল্যকট শ্রহ্ব হয়েছে।

তারপরে উনি বলেছেন, কাজ দিয়েছেন। আমি জানি—গোটা স্কুদরবন অণ্ডল ঘুরে দেখেছি
—সরকারী দশ্তর থেকে যে তথ্য সংগৃহীত হউক না—যে স্কুদরবনের কোথাও টেস্ট রিলিফের
কাজ, কোথাও বাধের কাজ, এবার নাই। একমাত্র ঐ বাগজলা-ঘুনি-যাহাগাছি—সেখানে স্কামের
কাজ হচ্ছে; কন্দ্রান্তর এস, পি, নন্দ্রী, তিনি কাজ করছেন। দলে দলে গ্রামের লোক কাজে
আসছে। কন্দ্রীন্তর ব'লে দিয়েছেন যে, পাঁচ পোয়া ক'রে চাল নিয়ে কাজ করতে থাক: এক
সশ্তাহ, দেড় সশ্তাহ পরে, সরকারের কাছে বিল করব, সেই বিলের পেমেন্ট পেলে পর তোমাদের
মজ্বি দেব। এইরকম শ্ব্র খোরাকীর উপর নির্ভর ক'রে লোক তার পরিবার-পরিজনকে
বাঁচাবার বাবস্থা করতে পারছে না। তারা বিক্ত হাতে—উইদাউট এনি পেমেন্ট--নিজেদের গ্রামে
ফিরে গেছে। এই তো বাস্তব চেহারা। কোন জায়গায় এখনও প্র্যন্ত কাজের কোন ব্যবস্থা
নাই।

শ্বিতীয়তঃ, গতবারে ধানচা'লের যা দাম ছিল তার তুলনায় আমি কালকের বাজার দরের কথা বলছি। গতবারে এসময় যে পরিমাণ ছিল, এবার ধানচা'লের দাম তার চেয়ে অনেক বেশি। গতবার ১৪ টাকা মণ ছিল, এবার সেথানে ১৭-১৮ টাকা মণপ্রতি দর দাঁড়িয়েছে। তা সত্ত্বেও ধান যথন উঠল, তখন এ'দের কিরকম বাবস্থা, তা দেখন। ও'রা জানেন. দেশের অবস্থা খারাপ, এবার ভাল ফসল হয় নি, কিন্তু কৃষক যেই উৎপাদন করল অমনি খাজনা, দেনা, টাাক্স আদায় করবার জন্য সাটিফিকেট জারী করতে লাগলেন। এমন ঘটনাও হয়েছে যে, সারাদিন ধ'রে এনে কাছি দিয়ে রেখে বলা হয়েছে, "তুই দিতে পারবি কিনা; যেখান থেকে পারিস এনে দে, তোকে দিতেই হবে"। আমি কয়েকটা ঘটনা জানি সন্দেশখালি, হাড়োয়া অণ্ডলে যে, ধ'রে এনে বে'ধে রেখে বলা হয়েছে—"খাজনা. ট্যাক্স, ঋণ শোধ ক'রে দিয়ে তবে উঠে যেতে হবে"। কি করবে? গর্বাছ্রে বিক্তি ক'রে, ধান যা ছিল ১০ টামা মণে বিক্তি ক'রে, দেনা খাজনা চুকিয়ে দিয়ে আজ সে রিক্তহুস্তে এসে চাল কিনছে ১৭ টাকা ১৮ টাকায়। এই সেখানকার অবস্থা, এই সেখানকার চিত্ত, তাদের ব্যবস্থা নাই।

[2-40-2-50 p.m.]

তিনি যে চিত্র এ'কেছেন—আমাদের দেশের সাধারণ মান্ধের খাদ্যের অবস্থা ভাল, অভাবগ্রস্ত লোক কাজ পাছেই ইত্যাদি। সেখানে আমি শ্ধ্ব এই কথাই বলব, আপনাদের যে একমাত্র ডিপার্টমেন্ট আছে, যে জায়গায় কাজ দেবার বন্দোবস্ত আছে, সেখানে ১৫-২০ দিন লোকে কাজ ক'রে পাঁচ সিকা দিয়ে বায় চালিয়েছে, আবার কোথাও পেমেন্ট না পেয়ে কাজ ছেড়ে চ'লে যাছে। এই অবস্থাকে যদি কাজ দেওয়া হয়েছে বলা হয়, তা হ'লে নিশ্চয়ই বলব, কাজ দেওয়া হছে এবং দেশের লোকের স্ট্রবিধা হছে। তারা কাজ পাছেই বলা যায়।

তৃতীয়তঃ, ও'রা বলেছেন সাধারণত গ্রামাণ্ডলে ধান ভানার ব্যবস্থা করেছেন, মাদ্রে বোনার ব্যবস্থা করেছেন, কিন্তু আমি নিজে জানি, হাড়োয়ায় ধান ভানার যে ব্যবস্থা হয়েছে তাতে ২৫-৩০ জন লোকের বেশি কাজ পায় না। বাংলাদেশে পর্যাশ্ত পরিমাণ ধান ভানার ব্যবস্থা করলে দেশের গ্রামাণ্ডলে যেসব বিধবা আছে, যারা ধান ভানার উপর নির্ভরশীল, তারা কাজ পেতে পারে। কিন্তু স্কুলরবন অণ্ডলে সদেশখালি থানার ৬-৭টা ধান ভানার কল বা মেশিন বসানো হয়েছে। এর ফলে এই হয়েছে—এক-একটা অণ্ডলে মেশিন বসানোর ফলে সেই অণ্ডলের দ্ব্'-চারটি ইউনিয়নের সাধারণ বিধবাদের সমুহ্ত কাজ বৃষ্ধ হয়ে গিয়েছে। তাদের ধান ভানার কাজ কেড়ে নিয়েছেন, তাদের আজকে বাঁচবার ব্যবস্থা নেই। এটা আমি নিজে প্রতাক্ষভাবে দেখে এসেছি। এমন কোথাও নেই যে, ক্ষেত্মজর, ভাগচাষী, বিধবার বাড়িতে অনশন শ্রেনা হয়েছে। আপনারা যে কাজের কথা বলেছেন, সেটা অবাহত্ব কথা। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি যে, সাধারণ মান্বের কাজের ব্যবস্থা নেই। এইরকম একটা অবাহত্ব, অসত্য তথ্য পরিবেশন করে যদি আপনারা দেশের লোককে এর প্রতিকারের ব্যবস্থা করেছেন ব্র্ঝাতে চান, তা হ'লে তা পারবেন না।

আর একটা কথা আমি এখানে বলতে চাই যে, সন্দেরবন অঞ্চলে যে প্রোডাকশনএর কথা তিনি বলেছেন, তাতে আমি জানি, হিলনগঞ্জ ও হাসনাবাদের বর্ডারএ এবং সমস্ত বর্ডার লাইনএ —এর এপারে ১৮ টাকা মণ, অন্য পারে ৩০ টাকা মণ। ওপারে দাম বেশি ব'লে সমস্ত পাচার হয়ে পাকিস্তানে চ'লে যাচ্ছে। এইসমুস্ত জায়গায় চোরাকারবারী মজ্বতদারদের বিশেষ ক'রে একটা মেশিনারি আছে। এদের সংগে ওদের সহযোগিতা আছে, এইজনা ব্যাপকভাবে এখান एथर्क भव धानहां न भाहात रहा यारह । एतम भाधातम मान, स्वत क्यक्रमण तन्हे। यात करन এত দাম দিয়ে কিনে খেতে পারছে না এবং তারা যে কাজ পাচ্ছে, তাতেও তাদের চলছে না। সেইজন্য আমার বন্তব্য হচ্চে যে টেস্ট রিলিফএর কথা এখানে বলা হয়েছে এবং সন্দরবন অঞ্চলে সেই টেস্ট রিলিফএর যে কিরকম ব্যবস্থা করা হয়েছে, তা নিয়ে কথা কাটাকাটি ক'রে লাভ নেই— সরকারী টাকা নিয়ে কিভাবে ছিনিমিনি খেলা হচ্ছে, সে তথ্য আজকের দিনে উড়িয়ে দিয়ে লাভ নেই। আবাদী অণ্ডলে বাধ বন্দী হয় বা মেরামত হয়। আমি নিজে যেয়ে দেখেছি, সকালবেলায় মাটি কাটা হচ্ছে এবং মাটি কাটা হচ্ছে কোথা থেকে? নদীর যে কিনারা সেথান থেকে मार्चि काठो २८७६। ফल्न २८७६, यथन राजाह्मादत्रत नमरा जल जारन, ७थन रमणे छतावे २८४ यास এবং তার মাপ ঠিকমত নেওয়া যায় না। তারা যে মাপ বলে সেইভাবে তাদের পেমেন্ট করা হয়। উচ্চু জায়গা থেকে মাটি কাটলৈ মাটির মাপ ধরা যাবে, সেইজনা সেখান থেকে কাটা হয় না। এই কাজ দেবার নামে কতকগ**ুলি বিশেষ বিশেষ লোক এ অণ্ডলের, যারা মা**সে ৩০ টাকা অর্জন করে, তাদের পাকাবাড়ি হয়ে গিয়েছে। আমি চ্যালেঞ্জ করছি, আপনি যদি তদস্ত করেন তা হ'লে দেখতে পাবেন। আমাব কাছে লিস্ট আছে। আমি একটা একটা ক'রে এই লিস্ট পরিবেশন ক'রে দেখাতে পারি যে, কিভাবে টাকা অপচয় হচ্ছে। তারপর ক্যানিং থানায় চোরাকারবারের ১০০ মণ ধান ধরা হ'ল এবং থানায় জমা দেওয়া হ'ল। এই থানা হচ্ছে সীতারামের কাছারীঘর। তার ধানকল আছে। এই রি**লি**ফএর ধান রাতারাতি পার হয়ে গে**ল** সেই ধানকলে। আপনারা সাত্যিই যদি জনসাধারণের সহযোগিতা নেন তা হ'লে ভাল কাজ হ'তে পারে। আমি সুন্দরবন অঞ্লের এবং ২৪-পর্যানার হিসাব দিয়ে দেখাতে পারি যে. কত লোককে টেস্ট রিলিফএর কাজ দেওয়া হয়েছে। আমি চ্যালেঞ্জ ক'রে বলতে পারি বে, র্যাদ বেসরকারী তদন্ত কমিটি ক'রে তদন্ত করা যায়, তা হ'লে দেখবেন যে, স্বন্দরবন অঞ্চলে শতকরা ৮০ ভাগ মজুর উপবাস করতে আরম্ভ করেছে। কান্ধেই দুর্ভিক্ষ আছে এই আসল ঘটনা স্বীকার ক'রে নিয়ে তার ব্যবস্থা করতে হবে। বিধবাদের কাজ দেবার ব্যবস্থা করতে হবে যাতে তারা বাঁচতে পারে। সেখানে মজুর ও সাধারণ চাষী কাজ পাচ্ছে না, তাদের কাজের ব্যবস্থা করতে হবে। আপনাদের স্কীমএ ১০-১৫ মাইল দূরে থেকে হে'টে হে'টে এসে কাজ করছে, কিল্তু ১০-১৫ দিন পরে তারা শংধ, পাঁচ সিকা পায়, তার ফলে কাজ ছেড়ে দিয়ে চলে যেতে বাধ্য হয়। এবং কন্ট্যাক্টররা সেই পয়সা মারছে। এইসমুস্ত দুর্নীতি বন্ধ করতে হবে। গ্রাম অপ্রলে জমি থেকে চাষী উচ্ছেদ হয়ে বাচ্ছে। কৃষক যে জমি চাষ করছে তার উৎপাদন অনেক ক'মে গিয়েছে। আমি বলছি না যে, তাদের রিলিফ দিয়ে বাঁচাতে হবে, তাদের কাজ দিয়ে ৰাচাতে হবে। একথা অস্বীকার ক'রে লাভ নেই যে, দেশের অবস্থা থারাপ হয়েছে। দেশে দুভিক্ষি হয়েছে। তাই এদের বাঁচাতে হ'লে সরকারকে সাধারণ মান্যকে খাদ্য দিতে হবে, রিলিফএর ব্যবস্থা করতে হবে এবং কৃষিঋণ দেবার ব্যবস্থা করতে হবে। তা যদি না করেন, তা হ'লে দেশের মানুষের কাছে নিশ্চয়ই তার জবাব দিতে হবে।

[2-50-3 p.m.]

## Sj. Narendra Nath Ghosh:

মিঃ স্পীকার, স্যার, আরামবাগ অগুলের অবস্থা কি তা আমাদের মন্দ্রিমহাশর "রিলিফ অব ডিসট্রেস ইন ওয়েস্ট বেণ্গল" ব'লে যে প্রস্তক বিতরণ করেছেন তাতেই দেখতে পাচছি। এতে আমরা দেখতে পাচছি যে, সমগ্র আরামবাগ মহর্কুমার ৪১২ স্কোরার মাইল এবং ৩ লক্ষ ৩৩ হাজার লোক এতে আ্যাফেক্টেড হয়েছে। ও'র রিপোর্টএ উনি বলেছেন—

"A unionwise survey of crop position in the subdivision recently made by local officers revealed that about 40 per cent. of aman areas in the subdivision could not be cultivated and that the worst-affected areas in the subdivision were the western portion of Goghat police-station, the entire Pursurah police-station and eastern portion of Khanakul police-station and some portions of Arambagh police-station both in the north and south. As the drought considerably delayed agricultural operations in the district there was evidence of distress and Government had to undertake various relief measures."

অবশ্য ও'র রিপোর্ট এ বলেছেন যে, ৪০ পার্সেন্ট আবাদ করতে পারা যায় নি, কিন্তু আমাদের বাস্তব অভিজ্ঞতায় আমরা দেখতে পাচ্ছি যে, শতকরা ৫০ ভাগ জমি প'ড়ে আছে এবং যে ৫০ ভাগ জমি আবাদ করা হয়েছে সেই ৫০ ভাগের শতকরা ৬০ ভাগের বেশি জমিতে অ্যাভারেজে ফসল হয় নি। কাজেই সেখানে অবস্থা কি দ্বংসহ, কি দ্বিসহ হয়েছে, তা মিঃ স্পীকার, স্যার, আপনি ব্রুতে পাচ্ছেন। অবশ্য মন্তিমহাশয় আমাদের আশ্বাস দিয়েছেন—

"Test relief will have to be continued in Arambagh subdivision."

ভাল কথা, উনি এখানে স্বীকার করছেন যে, আরামবাগে দূরবস্থা আছে, টেস্ট রিলিফএর কাজ করতে হবে—এর জন্য সতাই আমি ও°কে ধন্যবাদ দিচ্ছি। তবে তার সংগ্যে সংগ্য একথা বলব যে, টেস্ট রিলিফএর কাজ করবার সংগ্র কতকগুলি নীতি ও'কে ঠিক ক'রে নিতে হবে যে, কিভাবে টেস্ট রিলিফএর কাজ করলে পর সত্যিকারের সেখানকার দুর্দশাগ্রস্ত জনসাধারণের সূর্বিধা হবে। আমার পূর্বে অনেক বস্তাই ব'লে গেছেন যে, টেস্ট রিলিফএ দুর্নীতি অনেক আছে। অবশ্য উনিও সেটা অস্বীকার করেন নি. উনি স্বীকার করেছেন যে, হয়ত কিছু, কিছু, लात्कत भरे। प्रतीि আছে, किन्जू आभि भन्तिभरागत्रत्व आपनात भाषात्म जानात्ज हारे त्य, কিছ্ম কিছ্ম ক্ষেত্রে নয়, আমরা দেখতে পাচ্ছি, বেশির ভাগ ক্ষেত্রেই দর্নীতি আছে—সেগর্মেল সম্বন্ধে উনি যেন একটা সজাগ হন, সেইসমস্ত দানীতি ধরার জনা উনি যেন একটা সচেন্ট হন। আরামবাগ মহকুমায় এমন কয়েকটা কেস আছে আমি জানি যে, ওভারসিয়ার রিপোর্ট করলে যে এখানে কাজ কিছুই হয় নি. এস.ডি.ও. মহাশয় ইনকোয়ারি করলেন, করে সংশ্লিষ্ট পে-মাস্টারকে-নাম করতে চাই না-এক হাজার টাকা কেন ফেরত দেওয়া হবে না, তার জন্য 'শো কজ' করলেন। কিন্তু কয়েকদিন পরে তাঁকে এ দেবারে ও দেবারে; আনাচে কানাচে ঘ্রতে দেখা গেল। তারপর 'দুব্যং মূল্যোন শুধাতি" এই নীতি কার্যকরী হ'ল। মিঃ স্পীকার, স্যার, এইরকম আরও অনেক ঘটনা আছে। শৃ্ধৃ তাই নয়, শৃ্নলে আশ্চর্য হয়ে যাবেন যে, এমন একটা ঘটনা আছে যে রাস্তার নামে টাকা খরচ হয়েছে অথচ সেই রাস্তার অস্তিত নেই। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে কিছু কিছু তথ্য দেব। তিনি যদি সেগালি অনুসন্ধান করেন, তা হ'লে সতাই আমরা বাধিত হব। তবে কথা হচ্ছে, তিনি যদি তাঁর বিভাগকে দিয়ে অনুসন্ধান করান, তা হ'লে ফল কিছুই হবে না, "বিড়ালকে মাছ বাচতে" দেওয়ার মত অবস্থা হবে। যদি তার সতাই দুনীতি দুর করার ইচ্ছা থাকে, তা হ'লে যেসমস্ত তথ্য তাঁর কাছে দেব এবং যেসমস্ত তথ্য তার কাছে আছে, সেগালি এনফোর্সমেন্ট ব্রাণ্ডকে দিয়ে যদি অন্সন্ধান করান, তা হ'লে ব্রুতে পারবেন যে, সতাই সেখানে কিরকম দ্নীতি চলছে, কিসে কিসে দ্নীতি হচ্ছে। প্রথমত, দেখা যায় যে, মাটির অনেক কমবেশি হিসাব দেখানো হয়, তাতে অনেক টাকা মারা যায়। তারপর ধান বা চা'ল দিয়ে কাজ করানো হয় না যে কোন কারণেই হ'ক টাকা দিয়ে কাজ করাবার চেন্টা করা হয়। কিন্তু কাগজেকলমে দেখানো হয় যে, ধান চা'ল দিয়ে কান্ধ করানো হচ্ছে। আরও আছে। স্থানীয় লোকেরা দুর্দশাগ্রন্ত হ'লেও তাদের বাদ দিরে বেশিক্স ভাগ বাঁকুড়া, মেদিনীপুরে বেসমস্ত সাঁওতাল আছে, তাদের নিয়ে কাজ করানো হয়। কারণ, অনেকেরই ধারণা এই যে, তারা বিশেষ কিছু বোঝে না, তারা প্রতিবাদ করতে পারবে না। সেইজন্য স্থানীয় লোক থাকলেও অনেক সময় বাইরের লোক দিয়ে কাজ করানো হয়। আমি মাননীয় মিল্মহাশয়কে বর্লাছ, তিনি যদি আগে থেকে ট্রুর প্রোগ্রাম না পাঠিয়ে হঠাং সেখানে যান এবং দ্ব্-একটা ওয়ার্কিং সেন্টার দেখেন, বিশেষ করে দ্ব্পুরের দিকে যখন পেমেন্ট হয়, তা হ'লে তিনি ব্রতে পারবেন যে, লোকে সেখানে কিরকম কাজ করছে, কিভাবে সেখানে পেমেন্ট হছে এবং সেখানের কি অবস্থা। মাননীয় মিল্মহাশয়কে আমি অনুয়োধ করব যে, তিনি প্রত্যেকটি ইউনিয়নে একটা ক'রে কমিটি কর্ন—সেখানে কংগ্রেসের মেজরিটি থাক, কিন্তু যদি অপোজিশনের অন্তত একজনকেও সেখানে রেখে সেখানকার কাজকর্ম তদারক করার কিছ্ব ভার দেন, তা হ'লে আমার মনে হয় হয়ত কিছুটা কাজ হ'তে পারে।

আর একটা কথা আমি মাননীয় মন্দ্রিমহাশয়কে আপনার মাধামে নিবেদন করতে চাই বে. টেস্ট রিলিফএর নিয়মকান্নগর্নিল বাংলায় প্রকাশ ক'রে ভালভাবে বিতরণের ব্যবস্থা কর্ন। আমাদের ওখানে টেস্ট রিলিফ চলবে, টেস্ট রিলিফ চলার সময় কি ধরনের সেখানে কাজ হবে, সেটা আমি আপনার মাধামে মাননীয় মন্দ্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই। অবশা এর **প্**রের্ব তাঁকে আমি চিঠি লিখে জানিয়েছিলাম, তাঁর সংগ্রে যথন কিছুদিন আগে এক সভায় উপস্থিত হওয়ার সুযোগ পেয়েছিলাম, তখন সেখানে তাঁকে এটা জানিয়েছিলাম। এখানে তাঁর কাছে আপনার মারফত আমি আবেদন বলুন, নিবেদন বলুন আর দাবিই বলুন, করব যে টেস্ট রিলিফএর মারফত যেসমুহত রাস্তা হয়েছে সেগুলি সংস্কার করার চেণ্টা কর্ন, ক'রে টেস্ট রিলিফএর যে কাজ হবে, তাতে অন্তত আর নতুন রাস্তা না ক'রে মাঠে যেসমস্ত মজা প্রকুর আছে সেগুলোকে সংস্কার করবার ব্যবস্থা করুন। অবশ্য তাঁর রিপোর্টএ দেখেছি যে, সমগ্র পশ্চিম বাংলায় ১৭৭টা প্রকুর কাটা হয়েছে বা হচ্ছে। আরামবাগ সার্বাডিভিশনএ ৪টা প্রকুর কাটা হচ্ছে, তার মধ্যে তিনটা প্রায় হয়ে গেছে, আর একটার কাজ আরম্ভ হয়েছে। আমি বলি, ৩-৪টা পুকুর কাটলেই হবে না. মাঠের মাঝে যেসমন্ত ছোটখাট পুকুর আছে, হাজামজা পুকুর আছে, সেগ্রালকে তিনি যদি সংস্কার করেন, তা হ'লে বৃণ্টির অভাবে যে অনেক সময় চাষ হ'তে পাচ্ছে না, যার জন্য দেশে দূরবস্থা হচ্ছে এবং যার জন্য আপনারা টেস্ট রিলিফএর কাজ দিতে বাধ্য হচ্ছেন, সেটার স্কবিধা হবে। ছোট ছোট প্রকুরগর্নল কাটলে পর তাতে সেচের ব্যবস্থা হবে এবং মাছেরও ব্যবস্থা হবে। অবশ্য কয়েকটা বড় বড় পত্রুর কাটানো হচ্ছে আমরা দেখতে পাচ্ছি, কিন্তু বড় বড় পত্নুর কাটানো সম্বন্ধে আমাদের একদিক দিয়ে আপত্তি আছে। তার কারণ অনেক সময় অনেকে জল্পনাকল্পনা করেন—সেখানে বহু মতাবলম্বী লোক আছে ব'লে মনে হয়—যে যারা সরকারের বা বিশেষ দলের অনুগ্রহভান্সন ব্যক্তি তাদের বড় বড় পুকুরগুলো কাটানো হচ্ছে। সেজন্য বলি, তা না ক'রে মাঠের মধ্যে যেসমুস্ত পুকুর আছে, ষেগ্রলিতে এক হাজার, দেড় হাজার, দৃ হাজারের বেশি টাকা খরচ হবে না, সেইরকম প্রকুর র্যাদ অধিক সংখ্যক কাটানো হয়, তা হ'লে একদিক দিয়ে চাষের কাজের সূর্বিধা হবে, অন্য দিক দিয়ে স্থানীয় লোকেরা কান্ত পাবে। আর একটা কথা আপনার মাধ্যমে মাননীয় মন্তিমহাশয়কে বলতে চাই যে, আমাদের অণ্ডলে দেখতে পাচ্ছি কয়েকটি অনুগ্রহভাজন প্রেসিডেন্ট আছেন। সেখানে তাঁরা কি কাজ করেন এবং তাঁদের কর্মক্ষমতা কি তা অবশ্য আমি জানি না, কিন্ত একজনকে ৩-৪টা ইউনিয়নের কাজ দেওয়া হচ্ছে। অনা ইউনিয়নে কি যোগ্য বা কর্মক্ষম লোক নেই, নাকি এর পেছনে আরও কিছ্ম আছে যার জন্য কয়েকজন বিশেষ অনুগ্রহভাজন ব্যক্তি আছেন যাদের দিয়ে এইসমুহত কাজ করার চেণ্টা করা হয়? সেদিক দিয়ে মাননীয় মন্ত্রিমহাশয় ষেন একট্ খোঁজখবর নেন—এই অনুরোধ আপনার মারফত তাঁকে জানাই।

আর একটা কথা। আরামবাগ মহকুমায় যথন অভাব চরম তখন লোকদের ক্রয়ক্ষমতা নেই—সেইজনাই সেখানে টেস্ট রিলিফএর কাজ হচ্ছে। স্তুরাং সেখানে টেস্ট রিলিফএর কাজ দেখবার জন্য অন্তত একজন স্পেশাল অফিসার দেওয়ার ব্যবস্থা কর্ন। সরকার বিভিন্ন দিকেলক্ষ লক্ষ টাকা খরচ করছেন। এখানে ঐ বিশেষ কাজের জন্য যদি একজন স্পেশাল অফিসার দেন তা হ'লে ভাল হয়। কারণ আরামবাগের এস,ডি,ও, ব্ডো মান্য, তার রিটায়ার করার সময় হয়ে এসেছে। আরামবাগের মাননীয় রাধাকৃষ্ণ পাল মহাশয় যতই বল্ন না কেন রাস্তাঘাট বচ্ছল, কিছু কিছু রাস্তার কঠামো হয়েছে—একথা ঠিক। কিস্তু এখনও অনেক জায়গা আছে

ষেখানে অনেক কিছু করার বাকি আছে। কাজেই এই অবস্থায় ঐ ব্ডো মান্যকে দিয়ে এও কাজ করানো সদ্ভব নয়। তিনি সব জিনিসও দেখে উঠতে পারেন না। স্তরাং সেখানে বিদ স্পোশাল অফিসার দেন এবং তিনি যাদ ওখানকার কাজকর্ম দেখেন ও যেসমস্ত দ্ন<sup>ন</sup>ীতি চলছে তার বির্দেখ অভিযান শ্রু করেন, তা হ'লে আমার মনে হয়, সত্যিকারের কিছু কাজ হ'তে পারে। তা না হ'লে যতই টাকার অঞ্চ বাড়ান না'কেন সত্যিকারের অভাব মোচনের দিক দিয়ে কিছুই হবে না—এটা আমার ধারণা। আমি প্নরায় আপনার মাধ্যমে যে কয়েকটা সাজেসশন দিলাম সেগ্লো সম্বশ্যে তাঁকে বিশেষ ভাবে বিবেচনা করার জন্য অনুরোধ জানাছি।

[3-3-10 p.m.]

8j. Raipada Das: Mr. Speaker, Sir, Test Relief Department is corruption's paradise. The Ministry, the District Congress organisation, the District Board, through which relief operations are carried on, the supervisors, the pay-masters—are all of a piece and seem to have been working on a co-operative basis to loot the people's money. The whole show is so carefully manipulated that the areas which are Congress-ridden are mostly selected for relief work to the exclusion of those whose need is much greater and which, therefore, call for more and prior attention. The men who are employed in the relief operations are all men of the Congress brand with a catalogue of proved misdeeds to their credit. The result is that regular looting goes on under the very nose of the authorities that be who are themselves often involved in it. The story of the mysterious disappearance of Rs. 50,000 from the well-guarded iron-chest of the Malda District Board and of its mysterious re-appearance a couple of days after by the Vice-Chairman of the Board, led by a mysterious dream, dreamt overnight, must have been read by the honourable members of the House. And the fact remains that the self-same spot was searched and thoroughly both by the police and the D.B. staff during the three previous days. The whole matter was shamelessly hushed up, and no attempt, whatever, was made to bring the offender to book who stood well-nigh self-convicted. All this is about the distributing agents. Then about the supervisors and paymasters. The less said about them, the better. Most of these men are unscrupulously dishonest and their dishonesty has been exposed and proved not once or twice but on many occasions. Still, whenever relief work is undertaken, these men invariably appear on the scene and get engaged in a regular campaign of corruption and misappropriation. Their activities go absolutely unchecked. For, their employers are as corrupt as themselves and are very often in collusion with them. A major part of relief money thus goes to fill the pockets of men, masquerading as Congressmen, and the minor portion that is actually spent on relief work is, as a rule, confined to areas dominated by Congress.

It is not my point that no relief work is at all done. What I mean to say is that a very large amount of the relief money is misappropriated with the deliberate connivance of the relief officers and that an invidious discrimination is made in selection of areas for relief. Wide-spread corruption is the bane of the present administration, and this one vice alone, if not checked and stopped with an iron hand, will bring about the down-fall of the Congress Government. It passes our understanding why Government is not serious enough to fight and eradicate this vice of corruption which is demoralising not only the whole administrative set-up but the people also. Is it too much to expect that sanity will yet return to our rulers, professedly committed to the establishment of a welfare State? Or, will this looting, taxing and policing continue till the people are driven to the desperate step—the only step left to them—of a bloody revolution to be directed not against an alien ruler but against a government run by a section of their own men?

#### Si. Janardan Sahu;

মাননীয় প্পীকার মহাশয়, অমাচিন্তা চমংকারা! যেমন এই চিন্তা আসে সেই সময় আমাদের মাননীয় খাদ্যমন্ত্রীমহাশয় যদিও পরেষ মানুষ, তথন তাঁকে বলতে হয়—অল্লহীনে অল্ল দে মা অমদা অমদায়িনী। তাঁর নিজের রিপোর্টএ আছে, গত বছর মধ্যবিত্ত ক্লাসকে তাদেরও অনভাস্ত নানাভাবে কাজ যেমন মাটিকাটা কাজ ইত্যাদি করতে হয়েছে। এটা তিনি নিজেই স্বীকার করেছেন। ১৯৫৫ সালে ফসল না হওয়ার জন্য যে ক্ষতি হয়েছে তা সকলেই জানেন। বর্ষা-কালে অবস্থা ভয়াবহ। আমি নিজে গিয়ে থবর নিয়ে দেখলাম, পটাশপরে থানায় ছ'টি ইউনিয়নএ গত বছর ফসল হয় নি, এ বছরও হয় নি। প্রথমে দাঁতন থানার পাশে কতকগুলি ইউনিয়ন দেখেছি, সেখানেও হয় নি। এগরা থানাতেও হয় নি. কিন্ত সেখানকার অবস্থা অত্যন্ত শোচনীয়। প্রথম দিকে বৃণ্টি হ'ল না, শেষের দিকে ধানগাছ কিছু হ'ল, কিন্তু বন্যা হয়ে সমস্ত গেল। এমন কি টেস্ট রিলিফএর মাধ্যমে যে রাস্তা হয়েছিল তাও নন্ট হল। গত বছর টেস্ট রিলিফ হয়েছে. গভর্নমেন্ট অনেক লোককে রক্ষা করেছেন। এবছর চাইছি, যে টাকা ব্যয় করবেন যেন সেটা ভালভাবে দেওয়া হয়। তর্ণকান্তিবাব্কেও বলেছি, কারণ পটাশপুরে একটা এন ই.এস. রকও আছে। তিনি যদি প্রফ্রেবাব্র সংগ্র কাজ করেন তা হ'লে দুইজনের চেন্টার কাজ দ্বাল হবে। আমি তাই অনুরোধ করছি এই টেস্ট রিলিফএর কান্তের মধ্যে কোন দুন্নীতি ষেন না থাকে। ঋণ দেওয়া ব্যাপারে দেখেছি আইনে বঙ্গে একটা ঋণ থাকতে আবার আরু একটা ঋণ? দ্র'-তিন বছর আগে ঋণ দেওয়া হয়েছে এখনও শোধ করতে পারে নি। ঋণ যদি না দেন তা হ'লে তারা ছেলেমেয়ে নিয়ে যাবে কোথায়? রিলিফ দিয়ে সেখানকার সকলকে অলস কর্ন, তা বলি না। কিন্তু তাদের বাঁচাতে বলি। আপনি এটা চিন্তা কর্ন। আমি নিজে গিরে দেখে এসেছি, আমাকে বিপন্ন কৃষকেরা জিজ্ঞাসা করেন—কি ক'রে আমরা বাঁচবো? তখন কি আমি বলতে পারি? দ্ব' বছর যেখানে ধান হয় নি, জমিতে আগাছা জন্মেছে, সেই আগাছা নদ্ট করতে অনেক লোকের দরকার। আপনি দয়া করে একবার চলান, দেখাব মাঠের অবস্থা কি। গত বছর ডি. এম. রিলিফএর ভাল বাবস্থা করেছিলেন, তা সত্তেও অনেক জায়গায় বলব সময়মত দেওয়া হয় নি। বারবার ঝগড়া করতে হয়েছে যে. এরকম করবেন না। যদি রিলিফ দেন তা হ'লে যা দেবেন সেটা তাড়াতাড়ি দিন। এবছর যেন আবার ঐরকম না হয়। পুনঃপুনঃ ঝগড়া করব, আর আপনারা বলবেন বিবেচনা করব, এটা বাঞ্চনীয় নয়।

# [3-10-3-20 p.m.]

গত বছর আর একটা অস্ববিধা হরেছিল। যে টেস্ট রিলিফএর জন্য চাল ডাল প্রভৃতি বিতরণ করা হয়েছিল তার বহন ধরচ মণপ্রতি আট আনা, দশ আনা যা দেবার কথা ছিল তা অনেক ক্ষেত্তে দেওয়া হয় নি। আমি আশা করি, মাননীয় মন্ত্রিমহাশয় এদিকে একট্ নজর দেবেন। কারণ তারা অতান্ত গরিব লোক এবং এ বছর ফসলের বিশেষ ক্ষতি হওয়াতে তারা কোথাও কাজ পাবে কিনা, তাতে সন্দেহ আছে।

ভারপর আর একটা ব্যাপার হয়েছে। এইসমস্ত গরিব লোকদের ভাদের মজত ধান চাল বিক্রয় ক'রে তাদের অন্যানা বিশেষ প্রয়োজনীয় জিনিস, যেমন—তেল, ন্ন, চিনি, কাপড়চোপড় প্রভৃতি কিনতে হয়েছে। কিন্তু এইসমস্ত প্রয়োজনীয় জিনিসের দাম অতিরিক্ত বেড়ে যাওয়াতে তাদের থরচও বেশি বেড়েছে এবং ফলে তাদের প্রয় সমস্ত মজ্বত ধান বিক্রয় ক'রে দিতে হয়েছে। তাদের বর্তমান অবস্থা অত্যান্ত খারাপ, তারা তাদের প্রয়েজনীয় জিনিসপত্র থারিদ করতে পারছে না। স্তেরাং এগালির দিকে আমাদের জাতীয় সরকারের দেখা উচিত। অবশ্য এজন্য আমি ধানের দর বাড়াতে বা কমাতে বলছি না; আপনারা খালি তাদের দিকে দেখন্ন, তারা গরিব লোক তারা কি ক'রে বাঁচবে তার একটা ব্যবস্থা কর্ন। আমি একথাও বলি না যে, তারা রিলিফএর স্ববিধা নিয়ে ব'সে ব'সে খাক। আমি চাই যে, রিলিফএর কাজটা ভালভাবে এমনভাবে করা হ'ক যেন তার মধ্যে কোন প্রকার দ্বনীতি না থাকে এবং তারা কাজ ক'রে খেরেপ'রে ব'চে থাকতে পারে। আমি বিশেষ ক'রে খাদ্যমন্টামহাশয়কে অন্বয়াধ করছি, তিনি যেন এদিকে দ্বিট দেন। দ্বনীতি হয়েছে, কিন্তু আর বাতে বেশি না হয় সেদিকে লক্ষ্য দিন, দেশকে আর দ্বনীতির ভিতর ভবিরে দেবেন না।

গত বছর মেদিনীপ্রের ম্যাজিন্টেট আমায় বলেছিলেন, "দেখুন, টেন্ট রিলিফএর ব্যাপারে দেখলাম যে, ভাল লোকও সেখানে স্বিব্যা পেলে ছাড়ে না"। কাজেই এইরকম দ্বাণীত আর আমরা চাই না। আপনারা এই এনফোর্সমেন্ট রাণ্ডএর দ্বারা কতগালি লোককে অভিযুক্ত করেছেন? আমি শ্বনেছি যে, যেসমন্ত এনকোয়ারি অফিসার এনকোয়ারির জন্য সেখানে গিয়েছিলেন, তাঁরা জানিয়েছেন যে, যারা প্রকৃত দোষী তারা ধরা পড়ে না, তারা ফাঁক পেয়ে যায়।

তারপর আর একটা বিষয়। যাদের জন্য একবার ঋণের বাবস্থা করলেন অর্থাং যাদের ঋণ দিয়েছেন তাদের সেই ঋণ থাকতে আর যখন ন্তন ঋণ দেবেন না তখন তাদের বাঁচবার একটা ব্যবস্থা কর্ন। বাঁকুড়া জেলার অবস্থা অত্যন্ত খারাপ শ্নেনছি। তা ছাড়া আমার এলাকায়— নারায়ণগড়, পটাশপ্র—সেখানে আমি প্রত্যক্ষ দেখেছি সেখানকার লোকের অবস্থা অত্যন্ত খারাপ। তাদের বাঁচান—এই আমার শেষ অন্রোধ।

## 81. Dintaran Moni:

মাননীয় স্পীকার মহাশর, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় ফেমিন খাতে যে ১ কোটি ২৫ লক্ষ ৬৮ হাজার টাকা বায়বরান্দ করেছেন তার আমি সমর্থন করছি। উত্ত খাতে আরও বেশি টাকা বরান্দ করা দরকার ছিল ব'লে আমি মনে করি। তবে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় তাঁর প্রার্থামক ভাষণে গত বংসরের ন্যায় আবশ্যক হ'লে আরও বেশি টাকা ব্যয় করবেন বলেছেন। তন্জন্য আমি তাঁকে আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

- Dr. Atindra Nath Bose: This is done in order to avoid the arms of law and auditing, and furthermore it was the same company which has been given permit for two new buses running to Digha and that has been arranged from here, from Calcutta. The Chiet Minister the other day spoke at length about Digha. This Digha development is done under the aegis of a co-operative society which is again another show of our Deputy Minister, Shri Chitta Roy. It is virtually a zemindary belonging to him. Fifteen lakhs have been given as loan to this co-operative society which is staffed by his own friends and relatives. This society is acquiring lands on the beach at nominal price and selling them at an exorbitant price and all this with money obtained from Government as loan. The Chief Minister spoke at length about the cafetaria. Sir, a few weeks ago perhaps you came across a report in the Statesman about this cafetaria alleging that the upper storey of the cafetaria is reserved for Ministers and high officials. I myself had some experience.....
- Mr. Speaker: I am sorry, the previous speakers, Shri Subodh Banerjee and Sjkta. Mani Kuntala Sen, spoke for 25 minutes. They did not repeat a single item.

pr. Atindra Nath Bose: Digha was not at all raised in this House because it was guillotined.

Mr. Speaker: Even Sjkta. Mani Kuntala Sen did not raise subjects which were guillotined; she raised other subjects.

[4-10—4-20 p.m.]

Dr. Atindra Nath Bose: I myself had some experience of that hotel, and I was categorically told by the Manager of the cafetaria that the upper storey was reserved for Ministers and high officials. Sir, if you have a glance at the hotel, you will find a curious contrast between the two storeys—a remarkable class differentiation. Moreover, the Directors cannot have any necessity for using the upper storey. All of them have bungalows of their own on the sea beaches, because all of them are local people. So, this is another fraud. This is the socialistic pattern of State towards which we are heading!

In the Government itself the disparity of salary runs between Rs. 4,000 and Rs. 40 per month, i.e., 100 to 1. The disparity is ten-fold and more in tea and jute industries. A glance on the banks of the river Hooghly will show you, Sir, beautiful pleasant spots, parks, bathing places, the only beauty spots in this dingy industrial region—all of them belonging to the European owners of Jute Mills. If they have any inclination for socialisation, let them nationalise these places first of all—the banks of the river Hooghly, decorated with parks and bathing places and throw them open to the workers in the Jute Mills, to the public for general enjoyment.

Another sad commentary on our socialistic pattern of society is the huge expenditure made for the reception of our distinguished Russian guests. About Rs. 5,00,000 was spent for them as seen in the Ministerial reply to my question a few days ago. Rs. 60,000 was spent only for barricades and rostrums for a single meeting. Nobody means any disrespect to our distinguished guests. They ought to have been received with all courtesy. But ours is a country which wants to be socialistic, and we are a democratic country, and our visitors also hail from a socialist country, and moreover they intimated their preference to be treated as ordinary citizens, not as high-browed Diplomats and Princes. So, why this princely welcome to the representatives of a socialist State given by a State which pretends to be socialist?

Similar extravagance is found in every department of this administration. For more than two years a Special Officer has been appointed in the Jails for promotion of jail manufacture, but the budget shows a fall in jail outturns. The State trading runs at a loss because of enormous overhead cost, enormous cost on offices and officers. The private bus service runs at a profit, but the State Transport runs at a loss. This is not socialism. Let them understand that nationalisation is not socialisation. There is no socialisation unless you reduce the cost, unless you raise the income, unless you reduce the economic disparity.

Now, Sir, wherein lies the remedy? Our Chief Minister suggested that we should place all these complaints to him and not bring them before the House. What if he himself is involved, if he himself is accused of corruption and nepotism and if the other Ministers are also involved? Is he not aware that Ministers use Government property and Government vehicles for personal and party purposes? Is he not aware that they undertake tours and draw travelling allowance for party purposes and personal purposes? Is he not aware that almost all of the

high officers have personal business of their own? Let him make an inventory of the assets of those officers. That will bring everything out, as Dr. Ghosh, the previous Chief Minister had attempted to do. Let him do that, and that will show how much purity is there in his administration.

Sir, I shall conclude by pointing out that the test of a good administration, a pure administration, is more employment and less disparity of income. These are the two tests by which we shall judge an administration. Let them not speak of a socialist State or a welfare State. Before they speak of these things, let them introduce a clean administration, a pure administration free from squandering, corruption and nepotism. Let them reduce the disparity of income. Let them increase employment, give more employment to our people, and thereafter let them speak either of a socialist State or of a welfare State.

Sir, I shall conclude by finally appealing to our Chief Minister drawing his attention again to the two cases to which I had referred in detail during the discussion on grants. One is the case of Shri J. P. Mitra on whom great injustice has been done. I do not expect that he will lay hand upon the Secretary in the Education Department who is responsible for all this injustice. I do not expect so much, but at least let him look into the files of Shri J. P. Mitra, because that unfortunate man has no access to him under the service rules. Let him not run against him and further victimise him because certain legitimate grievances have been brought by me before the House. Let him personally look into the file, and I have this little confidence in his sense of justice that he will be convinced of the wrongs done to him once he directly looks into the files.

Next I shall appeal to him to look into the case of "C" category primary teachers in Midnapore and elsewhere who were sanctioned a special emolument of Rs. 7-8 on condition that they did some social work. Sir, this is only promoting fraud and hypocrisy, for nobody seriously means that primary teachers will do any social work. The education they are imparting at abnormally low pay is sufficient social work to justify the drawing of this additional emolument. But there are honest teachers who have refused to make this false statement and to accept the emolument of Rs. 7-8 in lieu of that. Let him look into this case and see that this money is disbursed and honest teachers are not deprived of their legitimate dues.

[4-20-4-30 p.m.]

#### 8], Jnanendra Kumar Chaudhury:

মাননীয় দপীকার মহাশয়, রেজিস্ট্রেশন ডিপার্টমেন্ট সন্বন্ধে আগে কিছুই বলা হয় নাই, গিলোটিন হয়ে গিয়েছিল। রেজিস্ট্রেশন ডিপার্টমেন্টএ সাব-রেজিস্ট্রারদের ধরা হয় গেজেটেড অফিসার, র্যাদও তাঁরা কোন গেজেটেড অফিসারের ক্ষেলএ বেতন পান না। ইন অ্যাডিশন তাঁদের আবার ভাগচাষ কর্নাসিলয়েশন বোর্ড এর কান্ত করতে হয়। এ সন্বন্ধে মন্দ্রিমহাশরকে আগে একটা চিঠিতে রেফার করেছিলাম। সে সন্বন্ধে তাঁকে একট্ কন্সিভার করতে বলি। অপরাপর অফিসাররা যে ক্ষেলএ বেতন পান এদের বেতনও সেই হারে ধার্ব করতে বলি।

তারপর দাঁতনে যে সাথ-রেন্ড্রেন্স্ট্র অফিস আছে সেটা খ্ব আরকর অফিস। সেটা একটা ভাড়াবাড়ি, মাটির দেওরাল দেওরা ডিলাপিডেটেড অবন্ধার পড়ে আছে। কবে যে সেটা প'ড়ে বাবে তার ঠিক নাই। সরকার থেকে আগে জমি অ্যাকোরার করা হর্ন্নেছল, তার স্প্যান হ্রেছে, এল্টিমেট হ্রেছে। অথচ এখন পর্যন্ত কোন বাড়ি হ্র নাই। শীল্প যাতে সে বাড়িটা হ্র ভার জন্য আমি মন্দ্রিমহাশরকে বলব।

তারপর হচ্ছে জেল ডিপার্টমেন্ট। এই জেল ডিপার্টমেন্টএর করেদীদের মধ্যে বারা খ্ন্টান তাদের সংগ্র খ্নটান মিশনারিরা প্রত্যেক উইকএ মিট করেন। তেমনি বারা ম্নলমান করেদী আছে তাদের সংগ্র ম্নলমান মৌলভারা মিট করেন। কিন্তু বারা হিন্দু তাদের জন্য তেমন কোন প্রভিশন নাই, যদিও এই হিন্দু করেদীদের সংখ্যা সবচেয়ে বেশি। আমি সরকারকে অন্রোধ করব যাতে জেল সংশোধনাগার বা রিফরমেটার ব'লে গণ্য হ'তে পারে এবং করেদারীর সংশোধিত হয়ে প্রের মন্দ্র অভ্যাস ছেড়ে দের তার বাবন্ধা কর্ন। রামকৃষ্ণ মিশন কিংবা এইরকম কোন মিশনএর সম্যাসীরা যাতে প্রতি সন্তাহে জেলএর মধ্যে গিয়ে কয়েদীদের ধর্ম সন্বন্ধে উপদেশ দেন এবং যাতে জজন-সংকীতনি ইত্যাদি হয় তার জন্য মন্দ্রিমহাশয়কে অন্রোধ করব তিনি এ সন্বন্ধে একটা বাবন্ধা অবলন্ধন করেন।

গত বছর যে আইন পাস হয়েছে তাতে কয়েদীদের অনেকটা স্বিধা হয়েছে সতা। এই সংগ্য আমি বলব কয়েদীদের টেকনিক্যাল শিক্ষা দিয়ে কাজের উপযুক্ত করে দিন। তারা কাজের জন্য যে বেতন পাবে তার এক-তৃতীয়াংশ নগদ তাদের দিন এবং বাকি দ্ই-তৃতীয়াংশ কেটে রাখ্ন এবং যখন খালাস পাবে তখন সেই টাকাটা তাদের দিয়ে দিবেন যাতে তারা বাইরে গিয়ে জেলএর মধ্যে যে ব্যবসা শিখেছে সেই ব্যবসার কাজ করতে পারবে। তাদের যদি খাবার খরচ বাবদ এক-তৃতীয়াংশ কেটে নেন তা হ'লে জেলএর কয়েদীদের থেকে টাকা উপার্জনিও হবে।

অন্যান্য প্রদেশে ওপ্ন ক্যাম্প রেখে কয়েদীদের দ্বারা রাস্তা তৈরি হয়েছে। উত্তরপ্রদেশে ৭-৮ মাইল রাস্তা তারা করেছে এবং মেলায় গিয়েও অনেক হেল্প করেছে। ওপ্ন ক্যাম্পএ বাস করেও তাদের একটি কয়েদীও পালায় নাই। মিল্মাহশয় এটা এয়পেরিমেন্ট করে দেখনে তারা ওপ্ন ক্যাম্পএ গিয়ে পালিয়ে যায় কিনা। দেশের মধ্যে যেসব রাস্তা ইত্যাদি তৈরি হচ্ছে সেই রাস্তা তৈরির কাজে তাদের ব্যবহার কর্ন।

তারপর আর-একটা কথা বলছি। কটেজ প্রোডাইস বিক্রি, হ্যান্ডলমে ক্লপ্থ বিক্রি করার জন্য দাঁতনে যে দোকান খোলা হয়েছে সেখানে একজন কর্মচারী একশো টাকা বেতন পান. একজন অর্ডারিল পায় ৬০ টাকা, বাড়িভাড়া দিতে হয় মাসিক ০০ টাকা। এইরকম আরও থরচ হয়। শ্রনছি সেখানে দ্ব'-একশো টাকার কাপড় বিক্রি হয়। এইভাবে পার্বালকএর টাকা নন্ট না ক'রে যেসমন্টত সেলস ডিপোতে লাভ হয় সেগ্রনিল রেখে আর বাকি যে সেলস ডিপোগ্রনিতে লাভ হয় না সেটা না রেখে অনা কোন কাপড়ওয়ালাকে কমিশন দিয়ে যদি মাল দেওয়া হয়, তা হ'লো আমি বলি আপনাদের কাপড় চালানোর উদ্দেশ্য সফল হবে এবং সাধারণের টাকাও নন্ট হবে না।

তারপর মন্দ্রিমহাশয় স্ট্যাম্প সম্বন্ধে যে কথা বলেছেন সেটা খুবই সন্দ্রোষজনক। তিনি এটা শীঘ্র কর্ন। এতে আমরা সুখী হয়েছি।

তারপর আর-একটা জিনিস-

Separation of Judiciary from Executive

এইজনা আমি প্রত্যেক বছরই বর্লাছ। এটা করা কত দরকারী। মন্দ্রিমহাশয় উত্তর দিলেন যে, আপিল সেশন জজের কাছে হয়ে যাছে। এতে কি সেপারেশন হয়ে গেল? এই যে ট্রায়াল ম্যাজিস্ট্রেটএর কাছে, যেটা ভাইরেক্ট্রিল আন্ডার দি হাইকোর্ট হবে। এই যে সেপারেশন উনি বললেন, এটা তিনি ১৯৫৩ সাল থেকে বলছেন। কর্মচারী ঠিক করছেন, শীদ্র হবে। কিন্তু কোথায়? '৫৪ সাল চ'লে গেল, '৫৫ সাল গেল, সেটা এখনও হ'ল না। না হয় দ্'টো-চারটা জেলায় কর্ন, ক'রে দেখান যে, হাাঁ, আমাদের করবার ইছ্ছা আছে, আমরা দ্'টো-চারটা জেলায় শ্রুর, করলাম। তারপর আরও করব। বোন্দেব হয়ে গেছে, সেকথা আর বলতে চাই না।

তারপর আর-একটা কথা ব'লেছিলাম—একটা ইকনাম কমিটি কর্ন। তা হ'লে আর এত বৈশি কথা বলতে হবে না, খরচ অনেক কম হবে। এই কমিটিতে আমাদের কাউকে মেম্বার নেবার দরকার নাই। উপযুক্ত ইকনামস্টদের নিয়ে এই ইকনাম কমিটি কর্ন। সমস্ত গভনামেস্টএর ডিপার্টমেস্টএর খরচ কত কি হবে সেটা কমিটি ডিপার্টমেস্টএর এফিসিরেনিস ্বজার রেখে স্থির করবেন, কার্টেল করবেন। তা হ'লে এখানে আর কেউ সরকারের ক্রিটিসাইজ করবার জন্য থাকবে না। এইরকম ব্যবস্থা করেছেন উত্তরপ্রদেশ, এইরকম ব্যবস্থা করেছেন বিহার সরকার। এইসব ক'রে তাঁদের থরচ অনেক কমিরেছেন। আমি সরকারকে অন্রোধ করব তাঁরাও যেন এইভাবে একটা কমিটি ক'রে খরচ কমান।

### 8]. Bibhuti Bhushon Chose:

মাননীয় স্পীকার মহাশয়, বাজেট ব্যয়ের বরান্দ এই হাউস থেকে পাস করাবার জন্য আজকে বে প্রস্তাব আনা হয়েছে, যে বিল এখানে নিয়ে আসা হয়েছে, আমি সেটা অ্যাকসেণ্ট করতে পারছি না। তার কারণ আজকে বাজেট ডিসকাশনএর মধ্য দিয়ে শাসনযন্তের মধ্যে বেসমস্ত দর্বেলতা এবং যেসমুস্ত নোংরামি আজকে চোখে পড়েছে তাতে ক'রে এই কথা স্কুস্ণ হয়ে উঠছে যে, যতক্ষণ না এই গলদগুলি দূরে করা যায় ততক্ষণ পর্যত্ত যত টাকার বায় বরান্দ করা হ'ক বা খরচ করা হ'ক না কেন, এই শাসন স্কুশাসনে পরিণত হ'তে পারে না। যে সরিষা দিয়ে ভূত ছাড়ানো হবে তার ভেতর যদি ভূত ঢুকে থাকে. তা হ'লে ভূত ছাড়ানো যাবে না। এই বান্ধেটএ আমরা দেখেছি অতান্ত প্রয়োজনীয় যেসমস্ত গ্রান্ট এই বাজেটএ আসা উচিত ছিল তার নাম পর্যন্ত উল্লেখ হয় নাই। আমি কালকে প্রেসিডেন্সি জেলখানায় গিরেছিলাম আমাদের সত্যাগ্রহীদের সঞ্জে দেখা করবার জন্য। জেল বিভাগের মন্দ্রিমহাশর একট্ শ্ন্ন। আমার ধারণা ছিল জেলমন্ত্রী মহাশয় আগে ভাল লোক ছিলেন, আগে জেলও তিনি খেটেছিলেন, সতিটে বোধ হয় জেলএর কিছু উন্নতি করেছেন। আমি স্কেণ্ট অভিযোগ করাছ তাঁর বিরুদ্ধে আপনার কাছে যে, জেলখানায় আজকে যে অবন্দোবস্ত নিজের চোথে কাল দেখে এসেছি তাতে এতটুকুও অতিরঞ্জিত হচ্ছে না বা অসতা বর্লাছ না. তা কল্পনা করা যায় না এই স্বাধীন দেশে। যে অব্যবস্থা দেখে এসেছি তার যদি আশ**ু প্রতিকার না হ**য়, তা হ'লে বাইরে হয়ত প্রলিসএর লাঠি প্রয়োগের যে স্থোগ হয় নাই ঠিক ঠিকভাবে আন্দোলনকে চালিয়ে নেবার জন্য, এবার হয়ত সেই সূযোগ আসবে জেলখানার ভেতর, প্রিলসকে লাঠি বাবহার করতে হবে। পাঁচ-ছাঁদন হয়ে গেল তাদের কনভিকশন হয়েছে, আজও তারা শোবার জায়গা পায় নি, খাবার পায় নি, কাপ্ডজামা পায় নি। আপনি এটা ফোন ক'রে জাননুন আমার কথা সত্য কিনা। কালকে আই.জি. সেখানে গিয়েছিলেন তাঁদের সঙ্গে, আমাদের সত্যাগ্রহী নেতারা যারা আছেন তাঁদের সংখ্য ডিসকাশন হয়েছে। আমি শ্রুনেছি কাল থেকে সব আারেঞ্জমেন্ট হবে। বড়ই দঃখের কথা, লজ্জার কথা। কর্নাভকশন হয়ে যাবার পর ইংরেজ আমলে, যত অত্যাচার তারা কর্ক না কেন, আইনে যতট্টকু বন্দীরা পাবে. সেট্টকু তাদের দেওয়া হয়েছে। আজকে দেখছি সাধারণের জেল হবার পর, কর্নভিকশন হবার পর, যতটাকু প্রাপ্য সাধারণ কয়েদীদের, সেট্রকু তারা মোটেই পাচ্ছে না। কেন এইরকম অব্যবস্থা? কেন এরকম অপব্যয়? টাকা তো বাজেটএ যথেষ্ট খরচ করছেন। তব্ম সত্যাগ্রহীরা কেন কাপডজামা পায় ना, विष्टाना भारा नां, थावात भारा ना, जल भारा ना? किएमत जना এই मिममार्गिकरमणे १एक ? সেথানে গলদ আছে ব'লেই তারা পাচ্ছে না।

### [4-30-4-40 p.m.]

তারপরে আজকে নানা খাতে নানারকমভাবে ব্যয়বরান্দ করা হয়েছে। কিন্তু ষারা ব্রকের রক্ত দিয়ে ভারতবর্ষের এবং বাংলার স্বাধীনতা নিয়ে এসেছে তাদের জন্য এ পর্যন্ত কি করা হয়েছে? আমরা জানি মন্দ্রিমহাশয় তার উত্তরে বলবেন, কিছু কিছু দানখয়রাত তো করিছ। আমাদের খাদামন্দ্রী যেমন টেস্ট রিলিফএর ব্যাপারে কাউকে ৫ টাকা, কাউকে ১০ টাকা, বা কাউকে ২০ টাকা দেন, ওদেরও যে সেইরকমভাবে দিচ্ছেন তাতে লন্জা করা উচিত। যারা তাদের ব্রকের রক্ত দিয়ে স্বাধীনতা এনেছে তাদের জন্য কিছুই না ক'রে ব'সে আছেন! আর ও'দের মধ্যে অনেকেই সেদিন স্বাধীনতার পথে আসেন নি, অনেককেই সেদিন সে পথে আসতে দেখি নি। কিন্তু যারা নিজেদের জীবন নিয়ে ছিনিমিনি খেলে গোল সেইসব শহীদদের জন্য তারা কি করেছেন? ডাঃ রায় কিছু করবেন না, জানি; তিনি দানখয়রাতের ব্যবস্থা করেছেন। তিনি ষতই মনে কর্ন ব্যবস্থা বেশ হয়েছে, কিন্তু দেশের লোক তা মনে করে না। এখানে সেইসক ইংরেজের প্রতিকৃতি চেহারা বখন দেখি, সেই অত বড় বড় এক-একটা চেহারা এখনও পর্যন্ত রয়েছে,

তাতে ঘূণায় ও লব্জায় মর্মাহত হ'তে হয়। আমাদের যে রাজনৈতিক সম্মেলন দমদমে হয়েছিল তাতে একটা প্রস্তাব পাস করা হয়েছিল যে, বিম্লবী যারা মারা গিয়েছেন তাঁদের স্মরণে একটা স্মৃতিবেদী স্থাপন করা হবে—সেকথা আমার মনে আছে। আজ্র সেই সন্তোষ মিত্রের কথা মনে পড়ে, যে সন্তোষ মিত্র একদিন বাংলার এক প্রান্ত থেকে চটুগ্রামের পাহাড়তলি পর্যন্ত সমস্ত এলেকায় আগনে জনুলিয়ে তুর্লেছিল, যে সন্তোষ মিগ্রকে ইংরেজেরা জেলে চার জায়গায় গুলি ক'রে মেরেছিল, সেই ইংরেজদের ঘোডায়-চড়া চেহারা আজও এখানে রয়েছে, কিন্তু এখানে সেই সন্তোষ মিত্রের কি কিছু তৈরি হয়েছে? তাদের স্বাধীনতার ক্ষেত্রে ধে অবদান সে অবদানকে আজ র্যাদ স্মরণ না করা যায়, সেটাকে একটা জঘন্য পাপ ব'লেই আমি মনে করি। তাই আমি আশা করি, পশ্চিমবঙ্গ কংগ্রেসী সরকারের যদি এতটাকু সততা থাকে. এবং সেই সংগ্রামে আমাদেরও লিপ্ত করতেন না, দেশাত্মতবোধ থাকলে যাদের আমরা উডে-মেড়ো বলি, তারা যদি আন্টিমেটাম দিতে পারে তা হ'লে ডাঃ রায় কি একটা সিংহগর্জন করতে পারেন না? শুনেছি তিনি নাকি শক্ত মানুষ, তাঁর নাকি সেন্টারএ খুব দহরম-মহরম আছে। তিনি কি চিৎকার ক'রে বলতে পারেন না, কমিশন যা আমাদের দিয়ে গেছে বাংলা-ভাষাভাষী এলেকা, তা আমাদের ফিরিয়ে দেওয়া হ'ক, নইলে আমরা কংগ্রেসের ম্যান্ডেট মানব না। একথা বলবার তাঁর সাহস নাই, শান্তি নাই: সেইজন্য আমি যে তাঁর দেশাত্মবোধ সম্বন্ধে প্রশন করেছি তার বিরুদ্ধে কিছু বলবার থাকে না। আবার বলছি শহীদদের স্মরণার্থে কিছু না করা সবচেয়ে লড্জার কথা।

স্কুল, কলেজ ও হাসপাতালের কথা অনেক বলা হয়েছে। এখন স্টেট ইন্সিওরেন্সএর কথা বলতে গেলে দেখতে পাছি প্রমমন্ত্রী এখানে নাই। তা তিনি না থাকলে কি হয়? ডাঃ রায় একাই একশো। সেদিন প্রমমন্ত্রী দেটট ইন্সিওরেন্সএর খ্ব গ্বণ গেয়েছেন। আমি, সাার, জিজ্ঞাসা করি আপনার মাধ্যমে যে, হাওড়া—যেটা নাকি প্রমিক-অধ্যুম্বিত জায়ণা -সেখানে ক'টা হাসপাতাল তৈরি করেছেন? ক'টা ডিসপেনসারি এবং ক'টা হাসপাতাল ক'রে দিয়েছেন? উল্বেড্ডে একটা মাত্র হাসপাতাল আছে, যেখানে ৬০টা চটকল ও স্তাকলের শ্রমিক ও কর্মীরা কাজ করে। ওখানে স্বাস্থ্যমন্ত্রী ব'সে আছেন নাকে তেল দিয়ে। ও'কে জিজ্ঞাসা করি, স্টেট ইন্সিওরেন্সএর জন্য সেখানে ৮০টা বেড করেছেন, কিন্তু আমি হিসেব দিতে পাবি, গত পাঁচ বছরের মধ্যে প্রায়ে দ্বশো পারসেন্ট রোগাঁর সংখ্যা বেড়েছে। আন্চর্যের বিষয়, সেখানে কিন্তু একটা সার্বাডিভিশনাল হাসপাতাল, তার একটা শেড নাই, জল এলে রোগাঁ কোথায় দাঁড়াবে? প্রথব রৌদ্রে রোগাঁ কোথায় দাঁড়াবে? উল্বেড্ডে হাসপাতাল শ্নলাম গভর্নমেন্ট নিয়ে নেবেন।

### [At this stage the blue light was lit.]

আরও কয়েক মিনিটের দরকার। সেটা গভর্নমেন্টের নিয়ে নেওয়া উচিত এবং নিয়ে সেখানে অন্তত দেড়শোটা বেড কর্ন। উনি বলেছেন, ৫০ বিঘা জমি দাও টাউনের মধ্যে। সেটা কি সম্ভবপর? সেখানে যে জায়গা রয়েছে সেই জায়গায়ই, শৃধ্ আমরাই মনে করি না, ডিরেক্টর বোর্ড এর ডাঃ রায় ও চক্রবত্নী, তাঁরাও মনে করেন, সেখানে হাসপাতাল হ'তে পারে এবং ইমিডিয়েটলি সেখানে ৫০টা বেড দিন এবং একটা শেড করে দিন। নইলে স্টেট ইন্সিওরেন্স্প করে মান্ধক ন্বর্গ পাইয়ে দিয়েছেন শ্রমন্ত্রী চার হাত তুলে। অনর্থক কতকগ্লো অসত্য কথা ব'লে দিয়ে গেলেন। আমার কথা হচ্ছে, যা হ'ক শীঘ্র করে দিন, নইলে মজনুররা আবার লড়াই করবে। অন্তত ৫০টা বেড যদি হয় তা হ'লে কিছ্বদিনের জন্য মান্ধ নিঃশ্বাস ফেলতে পারবে।

সবার উপরে প্রলিসএর কথা একট্ বলি। বজবজে একটা হিন্দ্ মেয়ে সংখ্যালঘ্ সম্প্রদায়ের লোক নিয়ে চ'লে গেল। তাদের ধরপাকড় ক'রে প্রলিসএর কাছে হাজির করা হ'ল। বিলায়েং হোসেন অফিসার-ইন-চার্জ আটক রেখেছে ব'লে ম্যাজিন্টেটএর কাছে জবানবন্দী দিল। গুদিকে হিন্দ্র ব'লে মেরেটিকে কোথার অবলা আশ্রমে পাঠিয়ে দিয়েছে; তার আর কোন এনকোয়ারি নাই, তদন্ত নাই! আই,বি,কে লেখা হ'ল, এস,বি,কে লেখা হ'ল, যেখানে যেখানে

লৈখবার লেখালোখ হ'ল, কিন্তু আজ পর্যন্ত তার একটা তদন্ত হ'ল না! একটি আসামীকেও ধরা হয় নাই। এই নিয়ে একটা ভবিণ উত্তেজনা সেখানে আছে। আমি মুখ্যমন্ত্রী মহাশরকে ব'লে দিচ্ছি, সাধারণ প্রতিস দিয়েই বল্ন কিন্বা বিশেষজ্ঞ প্রতিসএর ন্বারাই হ'ক, এটা নিয়ে ভালভাবে তদন্ত করবার জনা।

সবশেষে আমি উল্বেড়ে প্কুল এবং কলেজের কথা বলতে চাই। সেখানে যে সব প্কুল-কলেজ হয়েছে তাদের কিছ্ কিছ্ সাহায্য করলে সেগ্লি প্বাবলম্বী হ'তে পারে এবং নিজেদের পারে দাঁড়িয়ে নিজেরা এগিয়ে যেতে পারবে। সেদিক দিয়ে আমরা চিঠি লিখেছিলাম যে, উল্বেড়ে কলেজ ও প্কুলকে কিছ্ সাহায্য করা হ'ক। মন্দ্রীরা বলেছেন, এত করেছি, অত করেছি ইত্যাদি। যারা কিছ্ সাহায্য পেলে বাঁচতে পারে তাদের সাহায্য করা উচিত—এই নীতিটা গ্রহণ কর্ন। আর-একটা দাবি হচ্ছে এই যে, যতক্ষণ পর্যপত আপনাদের শাসনমন্দ্র থেকে দ্বনীতি দ্ব করতে না পারবেন, যতক্ষণ পর্যপত আপনাদের অসং কর্মচারীরা উপরে ব'সে অছেন, তাদের যতক্ষণ পর্যপত এই বাজেটএর বায়বরান্দের অঞ্ক আমরা সাপোর্ট করব না, একটা কাণাক্তিও দেব না।

[4-40-4-50 p.m.]

#### Dr. Ranendra Nath Sen:

মাননীয় সভাপাল মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলএ যে কয়েকটা কথা বলতে চাই, সেইসব কথা মাননীয় মুখামন্ত্রীর নিজের কা**ছে** এই বিষয়গ**ুলি** আনতে চাই, তাঁর দুন্দিতৈ আনতে চাই। প্রথম নম্বর হচ্ছে, সম্প্রতি রোড ট্রান্সপোর্ট বিষয়ে বাজেট আলোচনার পর ঘোষিত হয়েছে যে. কলিকাতায় গভর্নমেন্টএর তরফ থেকে আরও দুটা রুট নিয়ে নেওয়া হচ্ছে গভর্নমেন্টএর হাতে। এই রুট নিয়ে নেওয়া হয় রোড ট্রান্সপোর্ট বাজেট আলোচনার পর। আমরা এখানে কোন বাস-মালিকের তরফ থেকে কোন কথা বলচ্ছি না। আমরা বিশেষ ক'রে জনসাধারণের তরফ থেকে কতকগ্রাল দরকারী কথা বলছি। ৪ এবং ৪এ—এই দ্বটো রুট গভর্নমেন্ট থেকে নিয়ে নেওয়া হচ্ছে। কেন?—না সেখানে গভর্নমেন্টএর রোড ট্রান্সপোর্ট চাল, করা হবে। আমাদের প্রশ্ন হচ্ছে—এই হাউসএ বাজেট আলোচনার সময় দেখতে পেয়েছি এবং বিভিন্ন বন্তা **प्रिंश्राह्म रय**, भे भे करत निष्क्रपत शास्त्र हारक द्वारे निरंत्र निष्क्रम शास्त्रित भरथा ना वास्त्रित, যার ফলে দেখতে পাচ্ছি যে. ছোট ছোট বাসএর মালিকদেরই অস্ববিধা হচ্ছে তা নয়, শুধ্ যে বাসএর শ্রমিক ও কর্মচারী তাদের চাকরি যাচ্ছে তা নর এতে জনসাধারণকেও অশেষ দার্ভোগ ভোগ করতে হচ্ছে। প্রথম নম্বর হচ্ছে, ভাডা বেডে গেল। প্রাইভেট বাসএর বালিগ**ঞ্জ** থেকে হাওড়া স্টেশন পর্যন্ত কোথায় ন' পয়সা ভাড়া, আর স্টেট ট্রান্সপোর্ট সেখানে তিন আনা ভাড়া। এইভাবে জনসাধারণের পকেট কেটে দেখানো হয় বংসরে কত লাভ হয়েছে। এটা প্রধানমন্ত্রী মহাশয়ের দ্থিতৈ আনছি আপ্রোপ্রিয়েশন বিল উপলক্ষে। এটা আমরা সমর্থন क्रि नाः। कार्र्य भावनिक्वर अमृतिया २ एक वाम्यद मः था ना वाजात्माद क्रनाः। भूदात्ना শ্রমিকদের কাজের বাবস্থা না ক'রে এইরকমভাবে বাস নিয়ে নেওয়ার ফলে প্রাইভেট বাসএর শ্রমিক ও কর্মচারিদের প্রতি অত্যন্ত অন্যায় করা হচ্ছে এবং ভাড়াও সপ্সে সপ্সে বেড়ে যাচ্ছে। কেন ভাড়া বেড়ে যাচ্ছে? প্রাইডেট বাস অল্প ভাড়ায় লাভ করতে পারে। গভর্নমেন্ট কেন माछ करता भारत ना? योम ना भारतन जा राम यूनराज राय एवं राय, गर्जियनचे अयावन्था वा म्यात्मक्रांसम्हे थाताभ, यात्र क्रमा त्माक्रमान इटक्ट। २ नः तु. हे मन्भटक, ५, ५वि. ७७ नः तु. हे সম্পর্কে একই কথা বলা যায়-এখানে যে বাসএর সংখ্যা আছে তার চেয়ে অনেক বাডানো দরকার। স্তেরাং যে অকজিলিয়ারি বাস আছে সেখানে এইগ্রালি চাল্য করা হয় নি। ল্যান্সডাউন রোড দিয়ে যে বাসগ্রিল যায় দুপুরবেলায় আধ ঘণ্টা অন্তর সময় লাগে একটা বাস আসতে। অন্য দিকে অফিস টাইমএ ১০ থেকে ১৫ মিনিট সময় লাগে। আমার নিজের এ বিষয়ে ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। আমাকে দৈনিক এখানে আসতে হয়। আমি দেখেছি যে. ২টার সময় বেরিরে ৩টার সময় এখানে পেশিছানো যায় না। ল্যান্সডাউন রোডে কেন অকজিলিয়ারি বাসএর ব্যবস্থা করেন না? আপ্রোপ্রিয়েশন বিলএ এর কোন গ্রান্ট নেই। যদি দেশের লোকের স্মবিধা করতে হয় তা হ'লে এই ৪. ৪এ না নিয়ে ১৪নং রুট যেটা বন্ধ করে দিয়েছেন কোন্পানিও লিকুইডেশনএ গিয়েছে, সেটা কেন চাল, করেন না! যে রুট দিয়ে শহরের লোক যায়, সেই রুট চাল, করছেন না এবং যে রুট দিয়ে পার্বালকএর উপলার হচ্ছে সেই রুটগালি কেন পটাপট নিয়ে নিচ্ছেন? এ বিষয়টা মাননীয় প্রধানমন্ত্রী মহাশায়ের দ্খিতৈ আনছি। সমস্ত জিনিসটাতেই দেখছি একটা খমখোয়ালি। দেশের লোকের দ্ভোগ খামাকা বাড়িয়ে এবং পার্বালকএর খর্ফ বাড়াবার কোন অধিকার গভর্নমেন্টএর নেই। স্তরাং গভর্নমেন্ট জবরদ্দিত ক'রে এই টাকা পাস করিয়ে নিতে পারেন কিন্তু দেশের লোকের সমর্থন পারেন না।

িদ্বতীয় কথা বলতে চাই, পর্লিস ব্যাপারে অন্যান্য যেসব কথা বলা হয়ে গিয়েছে তার পরবতী ঘটনা বলছি। এই গভর্নমেন্ট গভর্নমেন্ট তহবিল থেকে মার্জারএর পক্ষে প্রোপাগান্ডা করার জন্য থরচ করছেন-এটা সম্পূর্ণ বেআইনী। শুধু রেডিও বন্ধতাই নয়, সম্প্রতি মিটিং হ'ল দেশবন্ধ, পার্কে বা যেসমুহত বিভিন্ন জায়গায় মিটিং করছেন বা করবার চেষ্টা করছেন সংযাত্তিকরণের পক্ষে, সেই মিটিংএর চারপাশে সশস্ত্র প্রলিস, লাঠি-প্রলিস এবং গোয়েন্দা পর্লিস কেন দাঁড় করিয়ে রাখা হয়? ৫০ গাড়ি প্রিলস কেন দেশবন্ধ, পার্কের আলেপালে রাখা হয়? সংযাৱি যদি সমর্থন করতে চান, যদি দেশের লোকের কাছে প্রচার করতে চানং তা হ'লে নিজেদের যুক্তির মারফত করুন। কিন্তু এটা কোন দেশী কথা! যেটা এখনও গভর্মেন্টএর নীতি ব'লে স্বীকৃত হয় নি, এই বিধানসভায় পাস হয় নি, ষেটা দেশের লোক চায় না, তা সত্তেও ডাঃ রায়ের খেয়ালখনিমত এই জিনিস চাল করবার জনা তিনি প্লিসের মারফত, আর্মাড প্রালিসের মারফত এ জিনিস চালা, করবার চেণ্টা করছেন। আমি নিজে একটা মিটিংএর সামনে দাঁতিয়ে দেখছিলাম ও ভাবছিলাম গিরিশ পার্কে-সেথানে অবাঙগালীই বেশি ছিল। এবং চারিদিকে প্রিলসের যে বাবস্থা ছিল তাতে সামান্য একট্মান্ত প্রতিবাদ হ'লে পরেই সেখানে পুলিস এসে উপস্থিত হয়। তা হ'লে এইভাবে জনসভা করছেন কেন? শ-ওয়ালেশএর লোক নিয়ে সভা করেন না কেন? কিন্তু এইসব পাবলিক মিটিংএ জনসাধারণ আসবেই এবং তাদের মতামত দেবেই। অথচ যে প্রিলস এইসব কাজ করে তার জন্য কি আমাদের টাকা দিতে হবে? সতেরাং সেখানে আমার বস্তব্য হচ্ছে গভর্নমেন্টএর কাছে, বিশেষ করে মুখামন্ত্রীর কাছে, কারণ তিনি প্রিলস ডিপার্টমেন্টএর মাথা বটে, এই বৃন্ধ বয়সে তাঁর নিজের অন্তত একটা চাথের পর্দা থাকা উচিত এবং সংসাহস থাকা উচিত। তার দলের লোককে তিনি বল্লন— তোমরা জনসাধারণের মতামত জানতে চেণ্টা কর। আপনারা ইউনিভার্সিটি ইন্সিটিউটএ ার্মিটিং করতে পারেন, এখন টাউন হল খোলা আছে, সেখানে মিটিং ক'রে জনসাধারণকে বুঝাবার চেষ্টা করতে পারেন, জনসভা করতে পারেন, কিল্কু প্রালিসের সাহায্য নিয়ে যদি এটা করেন, ठा হ'ल সেটা জনস্বাথের পরিপন্থী হয়। এইরকম জিনিস চাল, করবার চেষ্টা করবেন না।

তিন নম্বর কথা, সে সম্পর্কে আসছি, সেটা না ব'লে পারছি না। বাজেট আলোচনার সময় সেটা বলতে পারি না। সেটা হচ্ছে যে, ট্রেড ইউনিয়ন আন্দোলন দমন করবার জন্য কিভাবে পর্বলিস ব্যবহার করা হয় সেই উদাহরণ দিচ্ছি। এটা তাঁর দৃষ্টিতে আগেও এনেছিলাম - ट्रमणे २० व्ह त्य भ्रामिक ও मानिक विरतास्थत करन हिर्राण्याणे त्यान मिर्टन देखेनियन स्मादकर्णातस्क াপ. ডি. আর্ক্টএ ধরে রাখা হয়েছে। এই জিনিস প্রধানমন্দ্রী মহাশয়ের দ্ণিটতে এনেছিলাম। তিনি বলেছিলেন, সেই জায়গায় গোলমাল চলছে, চার্জশীট দেওয়া হয়েছে, গোলমাল না মিটলে তিনি কিছু করতে পারবেন না। গোলমাল মিটে গিয়েছে আজ ছ'মাস হ'ল। যাদের বিরুদ্ধে गामला पारात कता शराहिल आपालरा जिन पिन आरग, रममन रकार्ट यारपत वितृष्ध मामला নায়ের করা হয়েছিল, তারা বেকস্বর খালাস হয়েছে। অর্থাৎ যারা অভিযুক্ত হয়েছিল তারা খলাস পেয়ে গেল, আর যাকে পি, ডি, অ্যাক্টএ ধরা হয়েছিল—ইউনিয়নএর সেক্টোরি— দ্বাতান আহমদ—তার চাকরি গেল এবং এখনও সে পি. ডি, আক্রেএ আটক প'ড়ে আছে। এই অন্যায় অবিচারের প্রতি আমি তার দূষ্টি আকর্ষণ করছি। বিধানসভার সদস্য সূত্রদ মিল্লক মহাশয় বলেছেন, সেথানে এখন কোন হাঙ্গামা নেই। তবে কেন এদের বিনা বিচারে আটক ক'রে রাখা হয়েছে? এর কি কারণ থাকতে পারে? এরা গরিব মান্য, একবার এদের সকরি গেল, আবার এরা জেলে আছে। পি. ডি. আট্টেএর দুটো সেকশন আছে—একটা হক্তে রাজনীতিক, আর একটা হচ্ছে অরাজনৈতিক। এদের ক্রা*ার্যান্ত* সেকশনএ আটক রাখা र्सिष्ट ।

চতূর্থ কথা বলতে চাই যে, শ্রম দশ্তরে যেন্ডাবে নীতি পরিচালিত হর তার একটা পরিবর্তন দরকার। আমি জোরের সপ্পে বলছি যে, কংগ্রেস-পোষিত ট্রেড ইউনিয়ন বাদে বাকি সমস্ত ট্রেড ইউনিয়নএর প্রতি গভর্নমেন্ট প্রাপর্বির ন্যায়্য বিচার করেন না। যেমন আমি বলছি ট্রাইবানুনালএ যেসমস্ত দাবি যায় তার মধ্যে ষেসমস্ত দাবি বিরুম্পপক্ষের ট্রেড ইউনিয়ন থেকে করা হয় সেগ্রনিলর ১৫ই আনাই আজ পর্যন্ত স্বীকৃত হয় নি। এখানে পরিম্কার মালিকতোষণ নীতি অনুস্ত হয় এবং এতে শ্রমিক দশ্তরের আস্কারা থাকে।

### [4-50—5 p.m.]

একটা শুধু উদাহরণ দেব। গভর্নমেন্ট অব ইন্ডিয়ার নেতৃত্বে চা-বাগানের শ্রমিকদের মালিকদের একটি চুক্তি হয়েছে। সে চুক্তিতে ঠিক হয়েছে বোনাস দেওয়া হবে। এটা কেন্দ্রীয় সরকারের নীতি অনুসারে স্বীকৃত হয়েছে, মালিকও স্বীকার করেছে। মালিকদের দুটি সংগঠন আছে –আই,টি,এ,—ইন্ডিয়া টি আসোসিয়েশন, আর একটা হচ্ছে—আই,টি,পি,এ,—ইন্ডিয়া টি প্লান্টার্স আমোসিয়েশন । আই,টি,এ, মেনেছে, বোনাস তারা দিচ্ছে, কিন্তু আট,টি,পি,এ, তারা দিচ্ছে না। পশ্চিমব্ধ্যের গভর্নমেন্ট কি করছেন? আমি জিজ্ঞাসা করেছিলাম, সেখানে শ্রমদশ্তর থেকে বলা হয় তাদের বৃঝিয়ে-স্ঝিয়ে রাজী করাচ্ছি। ব্ঝিয়ে-স্ঝিয়ে রাজী করাচ্ছেন কিরকম? य हो इ र'न रमहा मानिकरानत अकहा जाश्म मानतान जात अकहा जाश्म रकन मानतान ना? মালিকদের একদল অস্বীকার করলেন এবং অস্বীকার ক'রে তারা ব'সে আছেন। আমি শ্নেলাম প্রশ্রিদনের খবর-মালিকদের সংখ্য শ্রমমন্ত্রী এবং ট্রেড ইউনিয়নএর প্রতিনিধিরা ব'সে भामिकरपत रवायाता राव-रकन रवायाता राव? जाएत वाया कता राव ना रकन? नजूवा শ্রমদণ্ডর ব'সে আছে কেন? বড় বড় চা-বাগানের মালিকরা নিজেরা যা অপ্গীকার করেছে কেন তা পালন করা হবে না—এটাই আমি মন্দ্রিমহাশয়ের দ্ভিতৈ আনছি। কারণ একথা জোরের সংখ্য বলতে পারি যে, শ্রমফরীর সাহস হয় না মালিকদের সামনে দীড়িয়ে রাইটার্স বিলিডংসএ তাদের বিরুদ্ধে কোন ন্যায্য কথা বলতে, কিন্তু সেই সাহস যদি ডাঃ বি, সি, রায়ের থাকে তা হ'লে এখনও সময় আছে তিনি যেন সেটা দেখেন। প্রশ্নদিন মিটিং আছে আইটিপিএর সংখ্য বোনাসের দাবি যাতে তারা অবিলম্বে স্বীকার ক'রে নেয় সেটা যেন তিনি ব্যবস্থা করেন।

চতর্থ কথা হচ্ছে, যে কথা আমার পূর্ববর্তী বক্তা ব'লে গেছেন—সেটা হচ্ছে এমপ্লয়িঞ্জ স্টেট ইনসিওরেন্স স্কীম। এ সম্বন্ধে আমি ভাল জানি, স্ত্রাং কিছু বলব। আমি তার রিজিওন্যাল বোর্ড এর মেম্বার। এটা অতি দৃর্ভাগ্যের বিষয় যে, আমি ভারত সরকারের দ্বারা মনোনীত হয়েছিলাম এবং রাজী হয়েছিলাম রিজিওন্যাল বোর্ড এ কাজ করব ব'লে। বর্তমানে যা দাঁডিয়েছে, যে অবস্থা দাঁডিয়েছে এই এমপ্লায়জ স্টেট ইনসিওরেন্সএর তাতে বর্তমানে এর সঙ্গে ট্রেড ইউনিয়নগর্লির কোন সম্পর্ক রাখা উচিত নয়, সমীচীন নয় ব'লে মনে করি। ডाঃ বি, मि, ताश्रतक श्यत्रन कतिरश निर्दे या, कानीश्रनवादातक निरश এইসব জिनिस হ'न ना। দেখি ডাঃ রায় প্রানো প্রতিশ্রতি মনে ক'রে কিছ্ব করেন কিনা। যখন এটা চাল্ব হয় তখন হাওড়া জেলায় স্টাইক হরেছিল। সেই সময় বহু শ্রমিকের চাকুরি যায় এবং ডাঃ রায়ের কাছে নিজে যাই। তিনি বলেন, বাবস্থা করা হবে এবং তার জন্য বিশেষ ট্রাইব্যুনাল দেওয়া হয়। रुपेटे क्रोटेवा नामध्य तास एक माविधा र न ना। एथन र्किन वर्तन, गर्छन राम्से एक्को कत्रायन. তার বাবস্থা করবেন। তাদের কি অবস্থা! আজও সেই লোকগুলি বেকার হয়ে আছে। তাদের অপরাধ কি ছিল? তাদের বেতন কাটতে চাওয়া হয়েছিল এমস্লায়িজ স্টেট ইনসিওরেন্স স্কীম অনুসারে। তথন তারা হরতাল করেছিল এবং সেজন্য—অস্বীকার করতে আপত্তি নাই—কোন কোন জায়গায় মারপিটও তারা করেছিল, কিন্তু গভর্নমেন্টএর তরফ থেকে যেভাবে তারা ব্যাপারটা রটিয়েছিল সেভাবের মারপিট কিছ, হয় নি এবং তারপর শ্রমিকরা তা মেনে নিয়েছে এবং তাদের টাকাও কাটতে দিয়েছে। আজও সেইসৰ শ্রমিকদের চাকুরি হয় না! কয়েক ডজন শ্রমিক উन्,र्त्रापुरा, मौकतारेन, वानिगक्ष, जान्म्,न প্রত্যেক জারগার রয়েছে। তাদের চাকরি হ'ল না। তিন নন্দর, ডাঃ রায়কে বলেছিলাম, আবার আমি তাঁকে স্মরণ করিয়ে দিই যে, গ্রামে ডাক্টার नारे। এবং ডाञ्चाর ना পাবার জন্য সেখানে দ্বনীতি চ্কেছে। ডাञ্ভাররা বলছেন, টাকা দাও. তা হ'লে আমি কেস করব, দেখব। ভূরি ভূরি এ জিনিস রয়েছে। কোন দিন যদি কোন

গভর্নমেণ্ট অফিসার যান তা হ'লে তা দেখতে পাবেন তা জোরের সংশা বলতে পারি। ডাঃ রায় বলেছিলেন, সেণ্টাল ডাঙার দেব যারা ঘুরে ঘুরে সেখানে বাবস্থা করবেন, বিশেষ ক'রে শ্রমিকদের ফ্যামিলির ব্যাপারে—একথা তিনি বলেছিলেন। আমি তাঁকে সমরণ করিরে দিই। কিন্তু আজ্ব পর্যক্ত কিছুই হয় নি। শ্রমিকদের সদ্বন্ধে তিনি যা বলেছিলেন সে সন্বন্ধে তিনি কি করতে চান, তার জবাব শোনবার জন্য এখানে কিছু কিছু শ্রমিক এই অ্যাসেন্বাল হাউসএ উপস্থিত আছেন।

#### (Sj. KALI MUKHERJEE:

ও, তাদের সংখ্য ক'রে একেবারে নিয়ে এসেছেন?)

খবর পেয়েই তারা এসেছে। আজও তাদের কোন কিছু হ'ল না। সেখানে চ্পেশালিস্ট ট্রিটমেন্টএর ব্যবস্থা অতি অন্তৃত! দু' ঘণ্টা সময়ের মধ্যে ১০-২০ জন রোগী হচ্ছে।

### (Dr. HIRENDRA KUMAR CHATTERJEE:

#### ১৩০ জন হচ্ছে।)

হাাঁ, ডাঃ চ্যাটার্জি বলেন, ১৩০ জন আসে, দু' ঘণ্টা সময়ে এসব রোগীদের স্পেশালিস্ট ট্রিটমেন্ট করতে হবে, নইলে শ্রমিকরা ঘ্রে ঘ্রে আসবে এবং র্যোদন আসবে সেদিন কারখানার বেতন কাটা যাবে। হয়রানি, এবং টাকাও তাদের যাবে। ডায়গর্নাসসএর যে ব্যবস্থা-ল্যাবরেটার ভায়গনসিস, স্কিয়াগ্রাম ইত্যাদিতে ভায়গনসিস করতে প্রতোককে দু, দিন, তিন দিন, চার দিনও কারও কারও আসতে হয়। এবং তার বেতন থেকে সেটা কাটা যায় ও কামাই করায় মাইনে কাটা যায়। তার ফলে যে শ্রমিকরা ৬৭-৭০ টাকা মাইনে পায় তার জন্য অসুখে করলে ১০-১২ টাকা, কারও ৭-৮ টাকা কাটা যায়। উ**ল্**বেড়িয়া, হাওড়া অঞ্চলে এই যে রয়েছে গভর্নমেন্ট থেকে অবিলম্বে যদি বাবস্থা করা না যায় তা হ'লে অবস্থা অত্যন্ত খারাপ হবে। এরকম ব্যবস্থায় এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স স্কীমএ শ্রমিকদের বেতন থেকে টাকা দিতে হয়, এই শ্রমিকদেরই কাশাপরে হাসপাতালে, নর্থ সরোর্বান হসপিটালএ হাণগার স্ট্রাইক করতে হয়-সেখানে এমনি অব্যবস্থা রয়েছে। সেখানে তারা বলেন—আগেকার ব্যবস্থাই ভাল ছিল এক প্রসাও লাগত না। এর মধ্যে এসে গভর্নমেন্ট মাইনে কেটে নিচ্ছে, মালিকরা মাইনে কেটে নিচ্ছে, হাসপাতালে বেড পাই না। বেড পেলেও খাবারের খরচ দাও, ঔষধ দাও, এর জন। অনশন ধর্মঘট করতে হয়—এই হচ্ছে তাদের অবস্থা। এটা আমাদের বানানো কথা নয় প্রতোক খবরের কাগজে বেরিয়েছে নর্থ স্বোর্বান হুসপিটালএ এমণ্লীয়জ স্টেট ইনসিওরেন্সএর ব্যাপারে শ্রমিকদের অনশন ধর্মঘট করতে হয়।

শেষ কথা হছে, এই যে অবস্থা চলছে তাতে ডাঃ বি, সি, রায় বলেছেন—আচ্ছা, আমাদের কাছে অনেক গণ্ডগোল হয়: কেন্দ্রীয় সরকারকে যদি বলতে হয় শ্রামিকদের কন্দ্রীবিউশন সেটা যেন কম হয়, এরকম স্পারিশ করতে আমরা রাজী আছি। সে স্পারিশ করেছেন কিনা আমি আজও জানি না। কিন্তু সেই বোর্ড এ কালীপদবাব, অম্লাধন ম্থার্জি মহাশয়ের মত লোক আছেন, আমাদের মত লোকও আছেন। এই যে অবস্থা আছে যদি অবিলন্দেব এর কোন প্রতিকার না হয় তা হ'লে আমরা শ্রামিকদের বলতে বাধ্য হব -তোমরা মাইনে কাটতে দিও না, প্রোনো বাবস্থায়ই ফিরে যেতে হবে। আজকে এই ঘোষণা ক'রে দিছি, এই মাইনে কাটা নিয়ে যদি আড়াই লক্ষ শ্রামিকদের অশান্তির স্থিতি হয়, গভর্নমেন্ট যদি এই বর্তমান অবস্থায় প্রতিকার না করেন, তা হ'লে গভর্নমেন্টই সম্পূর্ণ দায়ী হবেন। আন্ত্র্যুল্যান্স প'ড়ে আছে, তা কেন চেয়ে পাওয়া যায় না? ভূরি ভুরি উদাহরণ আছে। আমি বোর্ড এর সেক্টোরির সামনে দির্মেছ। চারটি বিষয় ম্খামন্ত্রীর সামনে দিলাম, তাতেই বোঝা যাবে অবস্থা কি চয়ব্দর হয়ে দাড়িরেছে। এ সম্পর্কে গভর্নমেন্ট যদি অবিলন্ধে কোন স্বাবস্থা না করেন, কাগজ মারফত র্যাদ তাঁদের ঘোষণা স্ক্রণট না জানান, তা হ'লে শ্রামকশ্রেণীকে আটকে যাখবার ক্ষমতা কারও নাই—ইতিমধ্যেই এ সম্পর্কে স্থাইক হছে।

## Sj. Rakhahari Chatterjee:

মাননীর স্পীকার মহাশয়, যে সরকার পশ্চিমবংগের স্বার্থের প্রতি উদাসীন এবং রাজ্য প্রনগঠন প্রশ্নে পশ্চিমবংগের দাবি আদায় করতে অসমর্থ—শর্ধ্ব অসমর্থই নয়, পশ্চিমবংগাকে বিহারের পাদম্লে উপঢোকন দেবার জন্য প্রস্কৃত, সেই সরকারকে এক পয়সাও দেওয়া উচিত নয় ব'লে মনে করি। অতালত দ্বংখের সংশ্যে বলতে হয় যে, বাংলাদেশের সমস্যা সমাধান করতে না পেরে এবং তার ন্যায্য দাবি আদায় করতে না পেরে ডাঃ রায় এই রায়-সিংহ প্রস্তার এনেছেন।

### <sub>1</sub>5-5-10 p.m.]

তিনি দেখতে পেলেন রায়-সিংহ মার্জার প্রস্তাব। এখন এতে দেশের মধ্যে, এমনকি তাঁর দলের মধ্যে এটায় ভাষ্ঠান ধরেছে এবং জনসাধারণকে বিদ্রান্ত করবার জন্য রায়-সিংহের প্রস্তাবের পরিবর্তে এখন তিনি অসি ত্যাগ ক'রে বাঁশী ধরেছেন। এবং রায়-কৃষ্ণ অবতীর্ণ হয়ে বলতে লাগলেন, এইরকম কর। এর মধ্যেই দেশের মণ্গল থাকবে। দূর্ভাগ্যের কথা, আজ সারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের প্রতি স্টেট রি-অর্গ্যানাইজেশন সম্বন্ধে তাদের প্রতি সূর্বিচার করা হয়েছে। অন্তত তাদের অধিকারকে তারা কিণ্ডিং স্বীকার করছেন, কিন্তু বাংলার সেই অধিকার আজ পর্যানত বলোনোই রয়েছে। এই সমস্যার সমাধান করতে এই সরকার শুধু অসমর্থই নয়, সারা বাংলাদেশের স্বার্থকে তারা পদর্দলিত করছেন। সতুরাং এই সরকারের সংখ্য কোন প্রকারের সহযোগিতা আপ্রোপ্রিয়েশন বিলে আমাদের পক্ষে মত দেওয়া সম্ভবপর নয়। প্রশ্ন হচ্ছে, শুধ্ ১০৮ কোটি ১৮ লক্ষ টাকা বায় করলেই হবে না, সেই বায়ের মাধ্যমে কতটা জনসাধারণ উপকৃত হ'ল সেটা দেখাই বড কথা। দর্ভাগ্যের কথা, খরচ প্রতি বছরই হচ্ছে দেখতে পাচ্ছি। এত थाम এত विम रुख राम, किन्छू अपराम आजन मूर्जिक राम मा। वाश्नाप्तरमत विভिन्न न्थात বিশেষত দুভিক্ষপ্রপীডিত বাকডা জেলার অবস্থা সেই রকমই রয়ে গেছে। দুভিক্ষ নাই ব'লে সর্বপ্রথম যে ঘোষণা করা হয়েছিল, কিন্ত আজও দেখতে পারেন সেখানকার অবস্থা অত্যন্ত ভয়াবহ। এবং সেই খাতে যে টাকা ধরা হয়েছে এবং সারা বাংলাদেশে যে কঠিন অবস্থা আসছে তাতে সেই টাকায় হবে না। সেই বিষয়ে আমি মন্তিমহাশয়কে মনোযোগ দিতে বলছি। দ্বিতীয়ত বেকার সমস্যা সমাধানের পরিবর্তে দিন দিন বেড়েই যাচ্ছে। ডি,ভি,সি,র কয়েক হাজার কর্মচারিদের অবস্থা সকলেই অবগত আছেন। জমিদারী সেরেস্তার কর্মচারী যারা ছিলেন সরকার তাদের কিছু কিছু সরকারী বিভাগে নিয়োজিত করেছেন বটে, কিন্তু তাদের চার্কুরি সম্পূর্ণ অনিশ্চিত। এদের বিকল্প ব্যবস্থা কি হবে আজও আমরা এই ১০৮ কোটি টাকা পরিকল্পনার মধ্যে কোন পরিকল্পনা দেখতে পাচ্ছি না। আজ কয়েক বংসর যাবং দেখছি, আইন যা হয়েছে তার অধিকাংশ ক্ষেত্রই খারাপের দিকে যাচ্ছে। অবশ্য কেউ কেউ বলছেন, কিছুদিন পরে হয়ত ভাল হবে। প্রমাণস্বরূপ বলতে পারি, এস্টেট আাকুইজিশনএর ফলে জঞ্গল সরকারের খাস হয়ে গেল। ফরেন্ট অ্যাক্ট অনুসারে জণ্গলকে রিজার্ভ রাখা দরকার এই অজুহাত দেখানো হ'ল বটে, কিন্ত অভ্তত জিনিস দেখছি জ্ঞাল আজকে উড়ে গেল, রক্ষিত হ'ল না। এবং পল্লীগ্রামে জন্তালানি কাঠের গত বংসরও চোন্দ আনা মণ ছিল আজকে সেখানে সাডে তিন होका प्रव मिर्घ भक्कीशास्त्रद र्लाटकरा जनामानि कार्र भार ना। এवर তार विकल्भ वारम्था जनुमाद ক্রমলা সরবরাহ করা প্রয়োজন। এই সরকার তাও করতে পারেন না। পল্লীঅণ্ডলে কয়লা সরবরাহ করা এবং সেখানে ডিলার নিযুক্ত করার জন্য লোকে আবেদন করেও পায় নি। সূত্রাং অবস্থা যে ভয়াবহ সে বিষয়ে সরকারকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করছি। পার্বালক হেল্থএর কথা আমি সময়াভাবে বলতে পারি নি। একটা কনস্থাকটিভ সাজেশন দিতে চাই। গতকাল আমি এখানে উপস্থিত ছিলাম না। সেজন্য বলতে পারি নি। এখন ক্যারিং কোল ট্র নিউ ক্যাসল এই অবস্থা হয়েছে। কলকাতায় যে ভিকটর লেপার হসপিটাল ছিল সেটা তলে দেওরা হ'ল। তার সাজসরস্কাম বাকুড়ায় গোরীপরের নিয়ে যাওয়া হচ্ছে।

Mr. Speaker: This was debated yesterday fully.

# Sj. Rakhahari Chatterjee: I know that, Sir,

দকে আমি ছিলাম না. সেজনাই বলতে পারি নি। স্যার, আপনি জানেন এক বাঁকুড়া জেলারই ঠ রোগীর সংখ্যা আছে ২০ থেকে ২২ হাজার। সেখানে ৫০০ বেড ছিল, আরও ৫০০ দ্র নতেন করা হচ্ছে। আমরা জানি যে, ২২ হাজার লোককে ব্যবস্থা করা সম্ভব নয়। কিন্তু ারীপুরের লেপার পেসেন্টদের কতকণ্যলি অভিযোগ রয়েছে। এইসমৃত লেপার পেসেন্টরা রপার্ণ সাম্প হওয়ার পর তাদের কি অবস্থা হবে? এই সরকারের তাদের সম্পর্কে কোন রকল্পনাই নাই। সেজন্য আমি বলতে চাই, যেমন টি,বি, পেসেন্টদের আফ্টার-কেয়ার কলোনি মাদের মাননীয় রাজ্যপাল করেছেন এবং জনসাধারণ এতে সহযোগিতা করছে, সরকারও এতে ্যোগিতা করছে এবং আমরাও অর্থ সংগ্রহ করে যথাসাধ্য চেষ্টা করছি, ঠিক সেইভাবে ারীপরের লেপার কলোনিতে যেসমসত রোগী চিকিৎসিত হচ্ছে এবং যাদের সর্নাশিচত ভাল য় যাবার সম্ভাবনা তাদের একটা দাবি আছে। আমি কিছুদিন আগে গিয়েছিলাম দেখবার गा। जाता आमारक वनलन, आमारमत अवस्था कि इरव? जाता मुन्थ इरहा शाला वा वा जिल्ला ান পাবে না। সতেরাং গভর্নমেন্ট থেকে আফটার-কেয়ার কলোনি ফর দি লেপার পেসেন্টস দ না হয় তা হ'লে আর একটা ন্তন সমস্যা দেখা দেবে। তা ছাড়া গোরীপ্রকে উন্নতি তে পারা যায়, সেথানে বিরাট জায়গা পড়ে রয়েছে, সেখানে একটা ইমপ্রাভ করলেই দানো াা জমি পাওয়া যায়, সেখানে যদি এইসমুহত স্কুথ রোগীরা কাজকর্ম করে তা হ'লে এটা ক্ষ-সাফিসিয়েন্ট হয়ে যাবে। সরকার কিছুই করেন নি। তারা নিজেরা কিছু কাজ করেছে রতরকারি লাগিয়েছে। আমি সেখানে গিয়েছি, তাদের সংগে মির্শেছি, তাদের অভিযোগ নেছি। তারা বলেছে সরকার থেকে কিছুই করা হয় নি। তারা কাজ চায়। মন্ত্রিমহাশয়কে নকে নজর দিতে বলছি। দ্বিতীয় কথা, পল্লীগ্রামে ছোট ছোট ব্যবসাদারদের অবস্থা অত্যন্ত টল। এটা আগেও বলেছি। আমরা অত্যন্ত আশা করেছিলাম, রিলিফ মন্ত্রী কিংবা মুখামন্ত্রী াশরের এ বিষয়ে কোন জবাব পাব। তাদেরকে পনেরায় স্মরণ করিয়ে দিতে চাই আজকে ঃস্বলে বা ছোট ছোট শহরে যারা দ্'-তিন হাজার প'র্বাজ টাকার বাবসা ক'রে—যেমন নাহারি, কাপড়ের দোকান তাদের অবস্থা অত্যন্ত খারাপ, দোকান উঠে যাবার উপক্রম হয়েছে। তরাং লোন অন আডভান্স বিভিন্ন কাজে 'আপনারা দিচ্ছেন। সেই রকম একটা দ্কীম র এদের ব্যবসাকে চাল, করবার জন্য তাদের বেকারী এবং অনাহারের হাত থেকে রক্ষার জন্য পনাদের অনুরোধ জানাচ্ছি। একটা লোককে রক্ষা করা মানে সমস্ত লোককে রক্ষা করা। এ ায়ে সরকারকে সচেণ্ট হ'তে বলছি। আরেকটা কথা আমি বলতে চাই। এ বংসর দেশের न्था थ्रवरे किंगेन, अकन्मात करन किन्द्रे रहा नि। लाक स्य कृषिकन, वननकान निसाह দর পক্ষে শোধ করা খুবই মুশকিল। যারা স্বেচ্ছায় দিতে পারবে, ভাল কথা, কিল্তু যারা াবে না তাদের প্রতি সার্টিফিকেট ইস্ক'রে ষেন আদায় করা না হয়। এই অন্বোধ ক'রে মৈ আমার বস্তব্য শেষ করব।

#### Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্দ্রী ১৯৫৬ সালের আপ্রোপ্রিয়েশন বিল বিধানায় উপস্থিত করে ১,০৮,১৮,০০১ টাকা থরচ করার অধিকার চেরেছেন। কিন্তু এই কারের কার্যকলাপ এত হতাশাব্যঞ্জক এবং দুঃখদারক যে, আমি তাঁর দাবির বিরোধিতা করতে চুছি। আমরা দেখতে পাছিছ সমগ্র শাসনযন্দ্রীত আজ দুননীতি ও পক্ষপাত দেবে দুল্ট, বিত এবং পক্ষাঘাতগ্রস্ত। এই শাসনযন্দ্রের আমূল পরিবর্তন না হলে এর শ্বারা পশ্চিম্পার জনসাধারণের কোন মণগলজনক কাজ হওয়া সম্ভব নয়। আট বংসরের কংগ্রেসী শাসনে সামারাবেশর দুঃখদ্মিরাদ্র কমে নাই, বরং দিনের পর দিন বেড়েই চলেছে। কংগ্রেসী শাসনে কি অধিকতর ধনী হ'তে এবং গরিবকে অধিকতর গারিব হ'তে দেখতে পাছিছ। খাদ্যাভাব দুর্শিক্ষ পশ্চিম্যাংলার চির সহচর হয়ে রয়েছে। অশিক্ষা ও কুশিক্ষা গণচেতনাকে পশ্যুর রেবেছে। অচিকিৎসা ও কুচিকিৎসা সহস্র সহস্র নরনারীর শিশ্র অকালে জীবনদীপ শিপিত করেছে। পানীয় জলের হাহাকারে পশ্চিমবঙ্গের আকাশবাতাস কম্পিত। কুন্ট, দরা, বসন্ত প্রভৃতি সংক্রামক ব্যাধির ব্যাপক আক্রমণ সমাজ জীবনকে পর্যন্দ্রত করে দিছে। কারের বহু চুটিপুর্শ ভূমিরাজক্বনীতি, কুমিনীতি, শিল্পনীতি, প্রমনীতি মুন্টিমের ধনিকের ধ্বি পরিচালিত হওয়ার জন্য কৃষক ও প্রমিক সমাজ আজ বিপান ও বিপ্রশিত। সরকারের

অপরিণামদশী সেচনীতি দেশে বন্যা, অজন্মা ও ফসলহানির জন্য বিশেষভাবে খাদ্যাভাবের জন্য মূলত দারী। সরকার কুটিরশিলপ প্রসারের মধ্য দিয়ে দেশের আথিক উন্নয়নের ও বেকার সমস্যা সমাধানের নীতি ঘোষণা করলেও সরকারী অপচেণ্টা ও অক্ষমতার জন্য এদেশে উল্লেখযোগ্য কৃটিরশিলপার্নলি একে একে নন্ট হয়ে যাচেছ।

সমবার সম্পর্কে বহু উচ্চ আদর্শের সরকারী নীতিবাক্য প্রচারিত হ'লেও জনসাধারণের সহযোগিতা ও সদিচ্ছার ম্লনীতি সমবার বিভাগ হ'তে বিদার গ্রহণ করেছে এবং বিভেদ, বিম্বেষ ও দুনীতি এখানে দেখা দিয়েছে।

প্রিলস বিভাগের ব্যাপক দ্নশীতিপরায়ণতা, অবিচার, অত্যাচার আজ সর্বজনবিদিত।
সরকার দ্নশীতিপরায়ণ প্রিলস অফিসারদের বির্দ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করতে অক্ষম।
ফলে প্রিলস বিভাগেই দ্নশীতি প্রসারের প্রধান কেন্দ্রে পরিণত হয়েছে। প্রিলস বিভাগের কার্যকলাপে আজ বাংলার জনসাধারণ ভীত, সন্দ্রস্ত। শাসন বিভাগের কর্তৃপক্ষের, বিশেষত
ম্যাজিস্টেটএর বিচার অধিকাংশ ক্ষেত্রে পক্ষপাতদ্বত; বিশেষভাবে প্রিলসের অন্ক্লে তাদের
রায় প্রদত্ত হয়েছে। এর প্রমাণের অভাব নাই। তব্তু সরকার শাসন বিভাগ হ'তে বিচার বিভাগ
প্রক করতে অক্ষম।

[5-10-5-20 p.m.]

পশ্চিমবাংলার জনমত ও গণআন্দোলনকে চির নির্বাসন দেওয়ার জন্য সরকার আজ বন্ধপরিকর, এবং তা প্রতিদিনের ঘটনা হ'তে স্কুপণ্টভাবে প্রমাণিত হচ্ছে। তা সত্ত্বেও এই গণতন্ত্রবিরোধী ও জনস্বার্থবিরোধী একটি সরকারের হাতে কোটি কোটি টাকা ব্যয়ের দায়িত্ব দেওয়া আমি কোন অবস্থায় সমীচীন ব'লে মনে করি না। বিশেষভাবে যে সরকার অত্যাচার, অনাচার, অবিচার ও শোষণের মাধ্যমে তাদের শাসনকার্য চালাতে চায়, তার শাসনবারের জন্য কোটি কোটি টাকা ব্যয়েরও কোন নৈতিক অধিকার তাদের আছে ব'লে আমি মনে করি না।

শাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দ্ব'-চারটা বিশেষ ঘটনার উল্লেখ ক'রে আমার অভিযোগগুলি প্রমাণ করতে চাই। আমি প্রথমে বলতে চাই যে, এই সরকার পশ্চিমবাংলার জনসাধারণের ভাষাভিত্তিক রাজ্য প্রনগঠিনের ন্যায় সংগত দাবিকে চ্পবিচ্প করার জন্য কিভাবে নানা অপচেন্টা ও জবরদুস্তী ক'রে আসছে। পশ্চিমবাংলার মাননীয় মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় পশ্চিম-বাংলার জনসাধারণের ন্যায়সঞ্গত দাবি আদায়ের জন্য সর্বশক্তি নিয়োগ না করে বরং বাংলার ভাষা-ভিত্তিক রাজ্যগঠনের দাবিকে নানা কৌশলে বানচাল করে দেবার চেণ্টা করছেন এবং পশ্চিমবাংলার অফিডছ বিজাপিতর জন্য বৃধ্প-বিহার সংযাভিত্র অবাঞ্চিত প্রস্তাব বাংলার জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দেওয়ার চেটা করছেন। এই ধরনের বণ্গ-বিহার সংযান্তির বিরুদ্ধে বাংলার জনসাধারণ সভাসমিতি হরতাল এবং সত্যাগ্রহের মাধ্যমে তাদের স্কুপণ্ট অভিমত জানালেও সরকার এই জনমতকে দলন করে পণ্চিমবাংলার সর্বনাশ সাধন করতে কথপরিকর। আজ সহস্র সহস্র নরনারী, বৃশ্ববৃশ্বা, শিশ, ও পশ্চিমবাংলা ও বাংলা ভাষার অস্তিত্ব বজায় রাখার জন্য সকাতরে জ্ঞেল বর্গ করছে। তাতেও সরকার অটল অচল। কিন্তু আমার প্রশ্ন সরকার কার স্বার্থে বাংলাদেশের শত শত নরনারীর উপর শান্তিশূত্থলার নামে নির্যাতন চালাচ্ছেন। যারা বাংলাদেশের স্বার্থ বজ্ঞায় রাখবার জন্য বন্ধপরিকর তারা অপরাধী, না যারা বাংলার জনমতকে পদদলিত ক'রে বাংলার প্রতি চরম বিশ্বাসঘাতকতা করছে তারা অপরাধী? সরকার নির্বাচনের মাধামে জনমত জ্ঞানবার চেষ্টা না ক'রে পর্নিলস ও ডান্ডার জোরে জনগণের যে মৌলিক অধিকার তাকে ধরংস করবার চেম্টা করছেন, কিল্টু তা জাগ্রত জনমতের নিকট ধর্মে হ'তে বাধ্য। জনগণের দাবির জন্ম অনিবার্য। সতেরাং যে সরকার জনমতের মূল্য দিতে চায় না, অধিকত জনগণের উপর পীতন চালায়, তার হাতে আমরা কোটি কোটি টাকা তলে দেওয়া অমার্জনীয় অপরাধ মনে করি।

সরকার কৃটিরশিলেপর কির্প ধন্ংসঁসাধন করছেন তার একটা উদাহরণ আমি দেব। আমার নির্বাচকমণ্ডলীর অন্তর্গত দীঘা সম্দ্রোপক্লে প্রায় ৮ হাজার একর লবণ উৎপাদনোপ্যোগী জমি রয়েছে। কাঁথির জনসাধারণের লবণের উপর তাদের জন্মগত অধিকার প্রতিষ্ঠার জন্য সত্যায়ত্ত আন্দোলন করেছে। অনেকে প্রলিসের গ্রনিতে জাঁবন পর্যন্ত উৎসর্গ করেছে।

ব্রটিশ সরকারের শ্বারা নানাভাবে নির্যাতিত ও ক্ষতিগ্রস্ত হয়েছে। আজ প্রায় আট বংসর হ'তে क्लन आभारमञ्ज रमण स्वाधीन श्हारह। स्थानीय क्षनभाषावण सम्प्रताभक्रान्त क्षिमग्रीन नवन छेश्लामरानत छेर्न्मरा मतकारतत काछ रथरक शाखशात बना मीर्चीमन धरत आरवमन-निर्वयन करत আসছে। এই আট হাজার একর জমিতে বংসরে অল্ডত ৫০ লক্ষ মণ লবণ তৈরি হ'তে পারে. यात वाकात्रम्ला १८व ६ दर्शां ग्रेका। याक व्यथिकाश्य नवन वास्त्रात्र वाहेदत्र विकेपिटकात्रिन, সোরাম্ম প্রভৃতি অঞ্চল হ'তে আমদানি হয়। এর ফলে বাংলার লক্ষ লক্ষ টাকা বাহিরে চ'লে যায়। অথচ জনসাধারণ দীঘার উপক্লে লবণ তৈরির জন্য উপবৃত্ত জমি পেলে কুটিরশিল্প ও ক্ষুদ্রায়তন শিলেপর ভিত্তিতে লক্ষ লক্ষ টাকা আয় করতে পারে এবং এর স্বারা সহস্র সহস্র লোকের বেকার সমস্যার সমাধান হয়। ইতিপরের স্বর্গীয় নলিনীরঞ্জন সরকার মহাশয় বোস্বাইএর জনৈক শিলপপতিকে ঐ জারগাটা দিতে চেয়েছিলেন; জনসাধারণের প্রতিবাদে তা বন্ধ হয়েছে। ডাঃ রায় ওভার প্রোডাকশন ও অন্যান্য বহু অছিলায় এখন সেই জায়গা স্থানীয় অধিবাসীগণকে না দিয়ে শুনুছি বর্তমানে তিনি আই,সি,আই, অর্থাৎ ইম্পিরিয়াল কেমিক্যাল ইল্ডাম্মিকে দিতে চান। তিনি পশ্চিমবংগ বিধানসভার ভূতপূর্ব সদস্য শ্রীযুক্ত প্রমধনাম বন্দ্যোপাধ্যায়কে নিজেই এই কথা বলেছেন। অথচ সেদিন বিধানসভায় এ কথা তিনি অস্বীকার করেছেন। যাই হ'ক সরকার জনসাধারণকে কোথায় শিল্পসংগঠনের জন্য উৎসাহ দেবেন, তা না ক'রে বরং প্রতিপদে বাধা সূচিট করছেন। ডাঃ রায় সেদিন তাঁর বন্ধতায় কোন শিল্পপতির মারফত ওখানে লবর্ণাশলপ করবার জন্য প্নেরায় ন্তন কথা বলেছেন। আসলে জনসাধারণের উপর তাঁর বিশ্বাস নাই। অথচ জনসাধারণের দাবি উপেক্ষিত হওয়ায় জনসাধারণের মনে অসন্তোষ দিন দিন প্রেঞ্জীভূত হয়ে উঠছে। এ বিষয়ে সরকারের সতর্ক হওয়া উচিত। অতঃপর আমি দীঘা উল্লয়ন প্রসঙ্গে দু,'-একটা কথা বলতে চাই।

#### Mr. Speaker:

দীঘা সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। আর আপনি এ নিয়ে সময় নত করবেন না। So many members have spoken on Digha that it is unnecessary to speak again on Digha.

# 8j. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহোদয়, দীঘা আমার কর্নাস্টিটিউয়েন্সি, সেথানে আমার বাডি আমি এখনও পর্যান্ত জানতে পারলাম না দীঘার উন্নয়ন সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। শুধু এ সম্পর্কে একটা বইএ বেরিয়েছে। কিন্তু সেই বইখানি বহু চেন্টা ক'রে এবং মন্দ্রি-মহাশরের দারকথ হয়েও এ পর্যকত পাওয়া যায় নি। দীঘার র্যোদন উৎসব হয়. সেদিন মন্দ্রি-মহাশয়ের সঙ্গে আমি সেখানে উপস্থিত ছিলাম, কিন্তু সেথানেও আমি ঐ বইথানা পাই নি। শোনা যায় সেই বইখানার দাম করা হয়েছে সাড়ে তিন টাকা। সেথানকার জনসাধারণ নিবিশেষে আমরা সকলেই এই দীঘার সর্বাত্মক উল্লয়ন কামনা করি। কিল্ডু কোন বিশেষ ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থে দীঘার উল্লয়ন সামাবন্ধ হ'ক, এটা কেউ সমর্থন করে না। দীঘার সমুদ্রোপক্ল কেবল প্রাকৃতিক সৌন্দর্য নয়, প্রাকৃতিক সম্পদেও পরিপূর্ণ। দীঘাকে স্বাস্থ্যানিবাসের উপযোগী করে रामन ११एए जुलारा राज राजान मीचात ১৫ मारेलवााभी मम्मूम छेभक्रलत लवनमम्भन, मश्मा-সম্পদ এবং ক্র্যিসম্পদ গ'ড়ে তোলার জন্য পরিকল্পনা গ্রহণ করতে হবে। লবণশিল্প উন্নয়নের ম্বারা যেমন দেশবাসী বংসরে এক কোটি টাকা উপার্জন করতে পারে, তেমনি উপযুক্ত ব্যবস্থার ন্বারা মংস্যাশিল্প গ'ডে তলতে পারলে সমদ্রের মংস্য হ'তে অন্তত এক কোটি টাকা উপার্জন হ'তে পারে। দীঘার সমুদ্রোপক্ল শিল্পাঞ্চল পরিণত হওয়ার যথেন্ট সম্ভাবনা রয়েছে, কিন্তু সরকার দীঘার উন্নয়নব্যবস্থাকে রহস্যজনক ক'রে রেখেছেন। ওয়েস্ট বেণ্গল কো-অপার্রেটিভ সিড সোসাইটি নামে একটি সমবায় সমিতির মাধ্যমে দীঘার উল্লয়নব্যবস্থা করা হচ্ছে এবং তাতে লক্ষ লক্ষ টাকা ব্যয়ের ব্যবস্থা হচ্ছে। কিন্তু এই সমিতি সম্পর্কে সাধারণের কিছ জানবার উপায় নেই। এই সমিতিটি সম্পূর্ণ ঘরোয়া ব্যাপার। আমি আগেই বলেছি এই সমিতির পক্ষ হ'তে দীঘা উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে একটা প্রতক প্রকাশ করা হয়েছে। এই প্রুতক সাধারণের পাওয়া তো দ্রের কথা, এমনকি আমি সমবার বিভাগের উপমুদ্যীর

च्चात्रन्थ হয়েও একথানি প্রত্তক সংগ্রহ করতে পারি নি। সমিতিটি কলকাতার রেজেস্টারি করা হরেছে। শোনা বার সমবায় বিভাগের উপমন্ত্রী চিত্তবাব্র সম্বন্ধী কাঁথির জ্ঞামদার শ্রীসতীশচন্দ্র জানা মহাশয় এই সমিতির একজন ডিরেক্টর। তা ছাড়া দীঘা কো-অপারেটিভ কাফেটেরিয়া ঐ সতীশবাবরে জায়গায় প্রতিচ্ঠিত হয়েছে। ঐ কো-অপারেটিভ কাফেটেরিয়া সরকারী অর্থে নিমিত হওয়া সত্তেও কাফেটেরিয়ার উপরতলার ভাল ভাল ঘরগালি মন্ত্রী. উপমন্ত্রী, উচ্চপদস্থ সরকারী কর্মচারী এবং ঐ সমবায় সমিতির ডিরেক্টরগণের জন্য রিজার্ভ রাখা হয়েছে। এরকম অসশতে ব্যবস্থা কেন করা হয়েছে? সরকারী প্রচারের ফলে বহু দ্রবতী স্থান হ'তে বহু বিশিষ্ট ব্যক্তিগণ সেখানে আসেন, কিম্তু তাঁরা উপরতলায় স্থান পান না. নিচের তলায় প্রদামে দৈনিক সাড়ে পাঁচ টাকা দিয়ে নানা অস্কবিধা ভোগ করে থাকেন। এই ব্যবস্থার পরিবর্তন এক্রণি করা দরকার। দীঘা কেবল মন্ত্রী, উপমন্ত্রী বা উচ্চপদস্থ সরকারী কর্মচারিগণের প্রমোদ ভ্রমণ কেন্দ্রে পরিণত হ'ক, এরপে কেউ আশা করে না। দীঘার সমস্ত সংযোগ সর্বসাধারণকে উপভোগ করতে দেওয়া উচিত। কিন্তু প্রকৃতপক্ষে দেখা যাচ্ছে, দীঘা আজ সমবায় বিভাগের উপমন্ত্রী শ্রীচিত্ত রার মহাশরের জামদারিতে পরিণত হয়েছে। লর্ড কর্ন ওয়ালিশ একদিন ষেমন তার বিশ্বস্ত ও অনুগতদের জন্য জমিদারি স্টি করেছিলেন, তেমনি আজ ডাঃ বিধানচন্দ্র রায় তার বিশ্বস্ত ও অন্পতদের জন্য স্থানে স্থানে জমিদারি স্থি করছেন। তিনি আজ তার অনুগত চিত্তবাব কে দীঘার জমিদারিটা দিয়েছেন। তারপর আমি এখানে দীঘার জমি দখল সম্বশ্ধে দ্ব'-একটা বিষয় উল্লেখ করতে চাই। সেখানে ফোরপোর রোডের উত্তর পাশ্বে সাধারণের জমি উন্নয়নের নামে দখল করা হচ্ছে, কিন্তু দক্ষিণ পান্বের জমির উপর হাত দেওয়া হচ্ছে না। কারণ সেখানে চিত্তবাব্র নিজের জমি ও বাড়ি এবং অন্র্পভাবে তাঁর শ্বশ্র শ্রীসারেন্দ্রনাথ জানা ও তাঁর সম্বন্ধী শ্রীসতীশচন্দ্র জানা এবং তাঁর এক আত্মীয় শ্রীসতীশচন্দ্র দীন্দা মহাশয়গণের জমি ও বাড়ি ররেছে। এ ছাড়া সেখানে জমি নিয়ে চোরাকারবার আরুভ হয়েছে। পূর্বে যে জমির বিঘা ৩-৪শো টাকায় বিক্রয় হ'ত এখন তার মূল্য প্রায় আড়াই হাজার টাকার দাঁড়িরেছে এবং সেখানকার জমিগ্রলো মুণ্টিমেয় ধনীর কবলে যাচ্ছে। আমি আশা করি মন্দ্রিমহাশ্র এর প্রতিকার করবেন। তারপর আমি আর একটি বিশেষ জর্বরী ব্যাপারের প্রতি সরকারের দুভি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে, দীঘার সঙ্গে যোগাযোগের জন্য বাস রুট্গবুলির পার্রাঘট দেওয়ার ব্যাপারে সরকার গ্রেব্তর পক্ষপাতিত্ব অবলম্বন করছেন। দীঘা-দেউলী লাইনের ৬-৭ খানি গাড়ি দীর্ঘদিন হ'তে ডবল ট্রিপ পার্রমিট পাওয়ার জন্য সরকারের কাছে বহু আবেদন-নিবেদন করেছে, কিন্তু তাদের ন্যায়সংগত দাবি উপেক্ষিত হয়েছে। তারা মাত্র ২১ মাইল রাস্তা যাতায়াতের জন্য বংসরে ১ হাজার ৪০ টাকা রোড ট্যাক্স দেয়; অথচ খঙ্গাপুরে লাইনের ৫৮ বা ৬৫ মাইল রাস্তা যাতায়াতের জন্য ঐ একই হারে ১ হাজার ৪০ টাকা রোড ট্যাক্স দিতে হয়। কাজেই দেখা যায় যে, দীঘা লাইনের গাড়িগালি বেশি ক্ষতিগ্রস্ত হয়। তারা এতদিন ধরেও চেণ্টা করা সত্ত্বেও তাদের ডবল দ্বিপ যাতায়াতের অনুমতি না দিয়ে চিত্তবাব, কলকাতার সি, টি, এস, কোম্পানি ও তমলকের শ্রীঅনিল দে মহাশয়কে কাঁথি-খঙ্গাপুর হ'তে দীঘা পর্যাত চারখানি বাসর্টের পারমিট মেদিনীপ্রের আর,টি,এর অজ্ঞাতসারে মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়ের স্পারিশে মেদিনীপ্রেরর জেলা ম্যাজিস্টেটের স্বারা দেওয়ার ব্যবস্থা করেছেন। এটা একান্ত অশোভনীয়। সরকারের এই ধরনের কাজ আজ সর্বন্ত দেখা ষায়। এর প্রতিকার একান্ত আবশ্যক।

কাজেই আমি মনে করি, দীঘার উন্নয়ন যেন কোন ব্যক্তিবিশেষ বা গোষ্ঠীবিশেষের উন্নয়নে পরিগত না হয়ে একটা উন্নয়ন পরিষদের মাধ্যমে দীঘার স্বাধ্যানবাস এবং দীঘার উপক্লের লবণ, মংসা প্রছতি শিলসসম্পদ গ'ড়ে উঠতে পারে তার জন্য চেন্টা করা উচিত এবং এর সম্পে সম্পে যাতে দীঘার উপক্ল তর্গাঘাত হ'তে রক্ষা পায় তার জন্যও উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা একাস্ত আবশ্যক। আমি আশা করি, সরকার এগালির প্রতি বিশেষ দ্ভিট দেবেন।

[5-20-5-45 p.m.]

# Sj. Tarapada Bandopadhyay:

স্পরীকার মহাশয়, এটা খ্ব গ্রেছপ্র্শ বিল। আগের বাজেটে যে দাবিগ্রেলা পাস হয়েছে, এবং কাট মোন্দ্রগর্কো যে নামশ্রের হয়েছে তাতেই যে টাকাগ্রেলা খরচ করবার অধিকার এল, তা নয়। সংবিধানে এই অধিকার আছে যে, অলরেডি বাজেট পাস হ'লে ও সে বাজেটের মঞ্জরি-গ্লো পাস করবার জন্য এই বিল আনা দরকার এবং বিলটা পাস করাও দরকার। স্তরাং এই টাকাগ্লো থরচ করবার জন্য আমরা সম্মতি দেব কিনা, এই বিল পাস হ'লে স্ফল হবে কি কৃষল হবে, সে সম্বন্ধে আলোচনা করা প্রয়োজন এবং দেশবাসীর স্বার্থের জনাই সেই আলোচনা করা প্রয়োজন।

Kuber Bhujel and others	Kachi Lepcha	Dalsing Bhujel	Chandrabir Limboo others.	Ganpati Chhetri	Dhanlal Tamang	Leochuman Tamang	Yangmakum Block	Apiyon Lepcha	Guhasing Chhetri	Seher Lepohe	Mansing Bhujel	Jitbahadur Chhetri	Pirthiman Bhujel	Lethap Lepcha and others	Dalbahadur Limboo	Sukpal Limboo, Guduman, Aitay.		Bahadur Rai, Lalsing Rai, Bhote Rai.
17 K	18 K	19 D	೮°		22 D	23 L			26 G	26 Se	27 M	28 Ji	29 P.	30	31 D	32 St		<b>8</b>
7	_	Ħ	ā	21	64	94		77	Ñ	Ñ	Ñ	64	Ŕ	•	*	••		es

802				A	SS	EM	BL	ΥI	PRO	CE	ED	IN	GS			[23	Brd	March,
Remarks		_						1		Compensation not paid.								A sum of Re.39,489 has still to be paid.
Date of payment.		:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:
Name of recipient who actually received the money.		:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:	:
Actual amount paid.	<b>ž</b>	:	:	:	:	:	:	•	•	:	:	:	:	:	:	:	:	45,000
Value of compensation	Re	1,129	2,196	5,884	2,538	7,054	912	296	1,067	1,116	2,434	1,196	1,682	2,053	1,240	1,630	1,106	84,489
uired.	Dec	10	62	8	01	7.4	99	22	30	78	80	48	10	65	20	4	53	19
Ares acq	Acs.	eg	œ	<b>5</b> 8	12	29	4	1	ю	61	10	ю	7	<b>o</b> o	\$	7	10	375
Serial Name of tenant whose land Area acquired.  No. was acquired.		Rempe Singh Lepohs and	Namu Lapchani and others	Chhering Lepcha	Chauray Bhujel and others	Dember Singh and others	Mandhoj Bhujel	Gaduldhoj and others	Gentery Singh Bhujel and	Gairay.  Bhudiman and others	Mansingh and others	Ram Bahadur	Shysm Dhoj and others	Tekman and others	Budhiman and others	Rangbir Bhujel	Dhanjit and others	
Seriel No.		*	2	1.8	8	33	\$	7	3	7	\$	\$	8	47	<b>**</b>	67	3	

## 8j. Ganesh Ghosh:

(ডি) প্রশেনর জবাবে বলেছেন যে ৪ জন ইমপার্সোনেট করে টাকা নিয়েছে এখন তাদের আবার কি পেনেন্ট করার কোন ব্যবস্থা হয়েছে?

## The Hon'ble Satyendra Kumar Basu:

নিশ্চয়ই যারা

originally entitled to compensation) money will be paid.

## Si. Ganesh Ghosh:

য়্যাসেসমেন্ট যেটা প্রথমে হয়েছিল সেটা কোন তারিথে হয়েছিল, ফারদার য়্যাসেসমেন্ট ভ্যালন্
কমে গিয়েছে কোন তারিখে?

#### The Hon'ble Satyendra Kumar Basu:

ভ্যাল্ক কমে গিয়েছে তারপর ওরিজিনাল ভ্যাল্ব রেন্টোর্ড হরেছে, and they are going to be paid on the basis of original assessment.

## 8j. Kanai Lai Bhowmick:

১৫০ জনের মধ্যে ২৯ এবং ৩ জন এই ৩২ জন পেয়েছে, ব্যক্তিগ্রাল পাবে না কেন?

#### The Hon'ble Satyendra Kumar Basu:

সবাই পাবে। যেমন ২৯ জন পেয়েছে সে রেটএই দেওয়া হবে। টাকা যোগাড় হ**রেছে আগে** যে ভ্যালুয়েশন ছিল সে অনুযায়ীই দেওয়া হবে যেমন করে ঐ ২৯ জন পেয়েছে।

# UNSTARRED QUESTION: (answer to which was laid on the table)

# Tube-wells sunk by Covernment in Burdwan and Nadia districts

- 57. Sj. Subodh Choudhury: Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state—
  - (a) number of tube-wells sunk by the Government of West Bengal in the districts of Burdwan and Nadia from 1948 to September, 1953;
  - (b) number of tube-wells sunk during the same period in each thana and in each Union of Nadia and Burdwan districts, respectively;
  - (c) amount of money sanctioned during this period in each Union of the abovenamed districts for sinking tube-wells;
  - (d) amount of money spent in each Union of Burdwan and Nadia during the period from 1948 to 1953 for the same purpose;
  - (e) number of tube-wells out of order at present in each Union of the abovenamed districts; and
  - (f) what action, if any, has been taken by the Government with respect to the tube-wells which are out of order?

#### The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (a)—

Burdwan ... 152. Nadia ... 188.

(b), (d) and (e) A statement is laid on the Library Table.

- (c) No Union-wise allotments are made.
- (f) Repairing squads have been appointed at each than to attend to minor repairs. Resinking of tube-wells is taken up according to priority and availability of funds.

## 8j. Suboth Chowdhury:

আপনি (সি)তে বলেছেন—

"no Union-wise allotments are made"

বর্ষমান জেলায় কতগর্বল টিউবওয়েল হয়েছে?

## The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

উত্তরেই বলা আছে-বর্ধমানে ১৫২টি, নদীয়ায় ১৮৮টি।

## 8j. Subodh Chowdhury:

আমি বলছি বর্ধমানে পাবলিক হেলথ ডিপার্টমেন্ট থেকে কত টিউব-ওয়েল আছে?

## The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

বর্ধমান জেলায়---

the total number of tubewells in the district of Burdwan จ.926ชิเ

# 8j. Subodh Chowdhury:

পার্যালক হেলথ ডিপার্টমেন্ট থেকে টিউব-ওয়েল করা যে হয় তার জন্য কি লোক্যালি কিছ্ব পে করতে হয়?

## The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

পারলে দিতে হয়, না পারলে এক পয়সাও দিতে হয় না।

Mr. Speaker: Questions over.

#### Laying of Prevention of Food Adulteration Rules.

The Hon'ble Dr. Amulyachan Mukharji: Sir, under section 24, subsection (3) of the Prevention of Food Adulteration Act, 1954, I beg to lay before the Assembly the West Bengal Prevention of Food Adulteration Rules, 1956.

#### Non-official Resolution

#### 8j. Subodh Choudhury:

আমি এই রেজোল,শনএর প্রিয়ামবেলটা একট্ পরিবর্তন করতে চাই।

#### Mr. Speaker:

আপনি মুগেনবাব্র এ্যামেন্ড্মেন্ট মেনে নিচ্ছেন?

81. Subodh Choudhury: I accept the amendment.

Mr. Speaker: I want to finish as much as possible of the non-official business. I fix one hour for this resolution and you may speak for 15 or 20 minutes.

- sj. Suboth Choudhury: Sir, I move that in view of the rapid and steep fall in the prices of agricultural commodities in West Bengal during recent times and consequent fall in the purchasing power of the masses of the peasantry resulting in contraction of internal market, this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith take the following measures, viz.—
  - (i) fix up remunerative floor prices of the agricultural commodities and step in for the purchase of all surplus immediately after the harvest at all the existing markets and also create new markets where the peasant producers can easily cart their produce;
  - (ii) construct warehouses for storing grains at every lig market and advance grain loans to peasants in order to enable them to meet their immediate needs;
  - (iii) supply of foodgrains to the consumers at the same rate and provide subsidy for the far away areas and poorer sections;
  - (iv) move the Government of India to bring the prices of industrial goods down to the level of the prices of agricultural commodities by controlling profits;
  - (v) move the Government of India to develop free and independent trade and economic relations on favourable terms with all the countries of the world;
  - (vi) reduce rent, tax and other burdens of the peasantry; and
  - (vii) develop industries to utilise raw materials.
- Sj. Mrigendra Bhattacharjya: I beg to move that in the resolution No. 1 of Sj. Subodh Chowdhury, lines 1 to 4, for the words beginning with "In view of" and ending with "internal market" the following be substituted, viz.,—

"In view of the wide gap prevailing between the low prices of agricultural commodities and the high prices of industrial goods and also in view of prevailing disparity between the low price of agricultural goods just after harvest and high prices at a later period when crops pass into the hands of middlemen resulting in a great loss and hardship to the vast majority of the people,".

[3-10—3-20 p.m.]

#### Sj. Subodh Chowdhury:

মাননীর স্পীকার মহাশয়, আমার প্রস্কাবের ন্বারা আপনার মারফত সরকারের কাছে, একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাইঃ সেই সমসত লোকের কথা বলছি, যারা আমাদের দেশে শতকরা ৮০ জন, যাদের অর্থনীতিক ভালমন্দের উপর আমাদের সমসত আর্থিক অবস্থা নির্ভ্তর করে তাদের কথা। আমি অবশ্য আমার রেজোলিউশনএর মধ্যে যাদের ভূমি নেই তাদের সন্বন্ধে কছুর বিল নি—বারা সমসত দিন পরিশ্রম করে, কিন্তু ভাল থেতে পায় না, দ্ব-থানা ভাল কাপড় পরতে পারে না, যাদের সাংস্কৃতিক জীবন নেই, শৃত্বে, তাদের কথাই আমি এখানে উল্লেখ করতে চাই। কৃষকরা সবচেয়ে বড় আঘাতপ্রাপত হয় তথন, যে সময় তাদের ফসল ওঠে, সেই সময় ফসলের মূল্য যা থাকে, তার পরের দিন, থেকে সেই ফসলের দাম বাড়তে থাকে। কিন্তু তারা সেই ফসলের মূল্য থেকে বিণ্ডত হয়। প্রথম বছর দেখা গোল চাষীরা যথন ফসল উৎপাম করে বাজারে বিক্রয় করতে বাধা হয়়, সেই সময় ফসলের দাম কম থাকে কিন্তু তার দ্ব-তিন মাস পরেই যথন হোর্ডারস বা বিগ দটিকণ্টসদের কাছে ফসল গিরে পেণীছে বায়, তথন তার দাম বাড়তে থাকে। আমি তার কয়েকটা উদাহরণ দিছিছ। ধবার এখানে ধানের দাম হারভেন্টিং টাইমএ ছিল সাড়ে সাত টাকা, বর্তমানে সেই ধানের দাম

द्वा अनुद्वाि नद्ग होका प्यत्क ध्वाद होका नीज़िया । भागनद हिन नद्ग प्यत्क ध्वाद होका বর্তমানে পনের টাকা মণ হয়েছে। অবশ্য সেখানে ওজনের কিছু তারতম্য আছে। বর্ম্পমানে আট থেকে সাড়ে আট টাকা ছিল, আজকে সেখানে এগার টাকা থেকে সাড়ে বার টাকা মণ হয়েছে। চালের দামও ঠিক এই প্রপোরসনএ বেড়েছে। তারপর পাটের দাম যদি দেখা যায়—এই পাটের দাম বে'ধে দেবার জন্য বড় বড় কৃষক-আন্দোলন চর্লোছল, তারা ডেপ্টেশন নিয়ে কেন্দ্রীয় মন্দ্রীর কাছে যায় এবং অনুরোধ জানায় যে পাটের দাম বে'ধে দেওয়া হোক। কিন্তু তিনি তাঁর অক্ষমতা জ্ঞাপন করেছেন। এবার পাট ওঠবার সময় তার দাম ছিল কুড়ি-বাইশ টাকা, বর্তমানে তার माम त्वर् २७-२० होकास माँ प्रियर है। ठात्र श्रेत आन्, त्यहोत्क मीन क्ष्म वना हत्न. ठात माम হারভেস্টিং সিজনএ ছিল সাড়ে চার থেকে পাঁচ টাকা, সেটা বর্তমানে বেডে আট থেকে নয় টাকায় উঠেছে। তারপর গড়ে, ইত্যাদি প্রত্যেকটি ফসল এর দাম থেকে চাষীরা বঞ্চিত হয়। উপরন্ত তাদের উৎপন্ন ফসল যখন হোডারস কিম্বা মহাজনের হাতে গিয়ে পেণছায়, তখন তারা চড়া দামে বিক্রয় করে, অথচ গ্রামের যারা গরীব চাষী, মজুর, যারা ক্ষেত মজুরী বা চাষের সময় কাজ করে থাকে, তাদের অধিকাংশই বেকারে পরিণত হয়েছে। তাদের এই চড়া দামে ধান-চাল কিনে খেতে হয়। সূতরাং সমগ্র চাষী দুইবার করে মারা যায়, তাদেরকে প্রথম কম মূল্যে তাদেরই উৎপন্ন ফসল বিষ্ণুর করতে হয়, এবং যখন তাকে ফসল কিনতে হচ্ছে তখন বেশী দামে কিনতে হয়। এই অবস্থার কি প্রতিকার করা যায় না? নিশ্চয়ই করা যায়। তার একমাত্র প্রতিকার হচ্ছে যে লাভটা বা মনোফা মহজনদের দিতে হয়, সেই মনোফাখোরদের লাভটা যাতে চাষীরা পেতে পারে এবং তারজন্য সরকারের উচিত যে এই সমস্ত জিনিষের একটা ফেয়ার প্রাইস বে'ধে দেওয়া এবং গভর্নমেন্ট এই সমুহত জিনিষ কেনবার পর যদি তার একটা সামানাতম नाভ রেখে, বা কোন नाভ না রেখে অর্থাৎ যে দামে কেনা হয়েছে, সেই দামেই বিক্রয় করবার ব্যবস্থা করেন, তাহলে নিশ্চয়ই এর প্রতিকার হতে পারে। সরকার হয়ত বলবেন এইরকম অবস্থা স্ভিট করতে পারা যায় না, আমরা এই দায়িত্ব নিতে পারি না। কিল্তু আমি বলবো, ইচ্ছা করলেই আপনারা এটা করতে পারেন, যখন কন্ট্রোল ছিল তখন বিভিন্ন জায়গায় ক্রয়কেন্দ্র করেছিলেন, সেখনে ধান দটক করে রেখেছিলেন, হয়ত সরকার বলবেন প্রতি বংসর বহু লস গিয়েছে। কিন্তু ই দুরে কেটে হাজার হাজার মণ চাল নন্ট করেছে, তার কি হিসাব রেখেছেন? যদি এইসমস্ত অপচয় বন্ধ করে চাষীদের দিকে তাকান তাদের সত্যিকার ভালর জন্য, তাহলে কিছুটো চাষীদের উপকার হতে পারে। এখানে আর একটা প্রশ্ন উঠতে পারে যেখানে লক্ষ লক্ষ টাকা স্টেট বাস দ্রানসপোর্ট এর জন্য লসএর ব্যবস্থা করা হয়, আর যেথানে দেশের শতকরা ৮০ জন চাষী, তাদের বাঁচাবার জন্য এই টাকা ব্যবহার করা যায় না?

চাষাীরা শৃধ্ ধানের দাম থেকেই বঞ্চিত হচ্ছে তা নর, তাদের আরও একটা প্রথা আছে—
যারা গ্রামাঞ্চলে বাস করেন প্রত্যেক বছর হারভেস্টিংএর সময় তাদের 'ঢল' প্রথা বলে একটা কোন
জিনিষ ধরে দিতে হয়। এই প্রথায় তারা জিনিষের দাম কম পায়। পাটের সময় আড়াই তিন
সের পাট দিতে হয়, আলু ও অন্যান্য ফসলের সময়, আলু বা অন্যান্য ফসল দিতে হয়। আমি
মনে করি এটা আইন করে বন্ধ করে দেওয়া উচিত। যাতে 'ঢল' প্রথায় চাষ্টীর কাছ থেকে দাম
না নেওয়া যায়, এবং যাতে তাদের উৎপন্ন ফসলের ন্যায়্য ম্লোর ব্যবস্থা করা যায় তার প্রতি
দৃষ্টি দেওয়া উচিত।

সরকার অবশ্য কিছ্ কিছ্ লোন দেন বটে। কিন্তু চাষীদের যে পরিমাণ লোনএর প্রয়োজন সেই পরিমাণ লোন তারা পায় না, অত্যন্ত অকিণ্ডিতকর লোন তারা পেয়ে থাকে, এবং চাষের সময় যখন লোন পাওয়া দরকার, তখন পায় না। চাষ হয়ত শেষ হয়ে গিয়েছে, এইরকম সময় লোন পায়। সেইজন্য মহাজনের কাছে যাওয়া ছাড়া আর তাদের অন্য কোন উপায় থাকে না এবং সেইভাবে তাদের কাজ করতে হয়। ফলে মহাজনরা কৃষকের উপর জ্লুম ও নানা রকম অত্যাচার করে। মহাজনদের কম দামে ফসল দিতে হবে, এই অপ্যাকার করিয়ে নিয়ে, তবে কৃষকদের টাকা ধার দেওয়া হয়। এ বছর দেখা গিয়েছে যে ২২-২৩ টাকা পাটের দাম, চাষী শেহেতু মহাজনের কাছ থেকে দাদন নিয়েছে, স্তরাং তাকে সেই পাট ১৪ টাকায় দিতে হয়েছে। এই বর্তমান অবস্থার প্রতিকার সরকার করতে পারেন যদি চাষীদের প্রয়োজনের তুলনায় লোনএর

वासम्बा करतन। किन्छु সরকার সেই বাবস্থা করতে চাচ্ছেন না। চাষীরা বে জিনিব উৎপান করে এবং তার যে দাম, তার তুলনায়, নিজের নিতাব্যবহার্য যেসমস্ত জিনিব ক্লয় করতে হয়, তার যে দাম তা অত্যত্ত আকাশ পাতাল তফাত রয়েছে। তার উপর চাষীরা দিনের পর দিন দরিদ্র হয়ে যাচ্ছে। প্রত্যেক বছর প্জার সময়, চাবীকে কিছু না কিছু কাপড় কিনতে হয়, সে বেমনই হোক না কেন. ভাল. মোটা কাপড় কিনতে হয়। সেই কাপড়ের দাম প্জার পর থেকে আজ্ব পর্যন্ত জোড়া প্রতি এক টাকা থেকে দেড় টাকা বেড়ে গিয়েছে। সরষের তেল চাষীকেও কিনে খেতে হয়। সেই সরষের তেলের দাম আগে যেখানে ৫২ টাকা ছিল, আজ সেখানে ৭৫ টাকা মণে উঠেছে, অর্থাৎ থক্ররা হিসাবে দ্ব টাকা সের। খোলের দাম সাড়ে আট টাকা থেকে সাড়ে তের টাকা মণ হয়েছে। বডবাজারে গিয়ে শ্নেলাম যে সাড়ে যোল টাকা বস্তা হয়েছে। আগে সাড়ে আট होका वन्छा हिल, **এখন সেখানে সাড়ে যোল होका वन्छा इ**रायह। हासीएन य किनियग्रील কিনতে হয়, তার দাম আর চাষীর উৎপন্ন জিনিষের বিক্রয়ের দাম এত পার্থক্য যে তাতে তারা বাঁচতে পারে না। উপরন্ত আমাদের সরকার এখানে, এই আইন সভার মধ্যে অনেকবার ঘোষণা করেছেন, তাঁদের বড় বড় এচ্যিভমেন্ট যেসমস্ত দেখান, তাতে দেখলাম যে চাষীদের ধারে সার দেবার ব্যবস্থা করেছেন। কিন্তু বাজেট বইখানি ভাল করে পড়লেই দেখতে পাবেন সারের মূল্য প্রতি বছর বাড়তি মলো আদায় করা হচ্ছে। স্তরাং সারের যে বাড়তি মলো নিশ্চয়ই সেই মলো **हायौर्मित काष्ट्र त्थरक जामा**स कता दस। जवना छेनि वलर्यन अंतरहरस कम मुरला मिखसा यास ना। কিন্তু আমি মনে করি নিশ্চয়ই এর থেকে কম মূল্যে দেওয়া যায়। সার কেমিকেল ফারটিলাইজার ইন্ডাস্ট্রিয়াল গড়েস প্রভৃতি চাষীরা যাতে স্বল্পমালো অর্থাৎ সম-ব্যবস্থা করে পেতে পারে তার কোন ব্যবস্থা করেন নি। অন্য দিক দিয়ে যদি দেখি-খাদামন্ত্রী বলেছেন কি হবে ধানের দাম অবশ্য এবার বেড়ে গিয়েছে। যখন ফেমিন সম্বন্ধে আলোচনা হয়, তখন তিনি মন্তব্য করে বলেন যে আমাদের দেশের লোকের স্ট্যান্ডার্ড অব লিভিং বেডে গিয়েছে। কিন্ত কাদের বেডেছে? সাধারণের বেডেছে? চাষীদের বেডেছে? তাদের বাডে নি। বেডেছে তাদের যারা মুনাফার পাহাড় সূন্টি করছে। সাধারণ লোক যারা খেটে খায়, তাদের স্ট্যান্ডার্ড অব লিভিং বাডে নি। আজকে গ্রামাঞ্চলের অবস্থা শোচনীয় হয়ে উঠেছে।

আমি এখানে করেকটা উদাহরণ দিতে চাই, ইস্টার্ন ইকর্মামকস থেকে দ্ব-একটা কথা বলতে চাই। এই সমস্ত কি-ইন্ডাম্প্রিয়ালিস্টরা কিরকম প্রফিট করেছেন দেখন। ১৯৫৩ সালে তাদের প্রফিটএর সংখ্যা হচ্ছে আট কোটি টাকা; তারপর ১৯৫৫ সালে প্রফিট হয়েছে ৩২ কোটি টাকা। স্তরাং এখান থেকে ব্রুতে পারেন এই নেশনেল ওয়েলথ, সম্পদ যেটা বাড়ছে, সেটা গোড়া থেকে কাদের হাতে গিয়ে জমছে। ইন্ডাম্প্রিয়ালিস্টদের পক্ষে ১৯৫৪ সালের বছরটা স্বাদক দিরে স্বিধা ও লাভের বছর। ১৯৫৪ সালের প্রথম ছয় মাসে তাদের যে প্রফিট দেখছি সেটা হচ্ছে দ্বই কোটি ৯৬ লক্ষ টাকা, এবং শ্বিতীয় ছয় মাসে চার কোটি, ৯০ লক্ষ টাকা, অর্থাৎ ডবল প্রফিট হয়েছে।

[3-20-3-30 p.m.]

শ্বিতীয় ছয় মাসে তাদের চার কোটি টাকা অর্থাৎ ডবল প্রফিট হয়েছে—চার কোটি ৯০ লক্ষ টাকা। ৫৭টা টী কোম্পানীর এক কোটি তের লক্ষ টাকা হয়েছে, তার পরের ছয় মাসে তিন কোটি ছয় লক্ষ টাকা। ১০টা জুট মিলে ৪৪ লাখ টাকা এবং তার পরের ছয় মাসে হয়েছে ৪৬ লাখ টাকা।

তাহলে দেখা যায় আমাদের দেশে যাঁরা বিগ ইল্ডান্ট্রিয়ালিস্টস তাঁদের প্রফিটএর অঙ্ক বেড়ে যাচ্ছে, দিনের পর দিন বেড়ে ডবল হচ্ছে। কিন্তু চাষীর যে অবস্থা সেই অবস্থাই রয়ে গেছে। তারা যে তিমিরে সেই তিমিরেই রয়ে গেছে।

এই অবস্থায় আরও একটা কথা আপনার মারফত আমি হাউসের কাছে উপস্থাপিত করতে চাই। সেটা এই যে আমাদের চাষীদের অবস্থা যদি আরও উন্নত করতে হয় তাহলে আমাদের সরকারকে অজ বিভিন্ন সরকারকে বলা দরকার এবং কেন্দ্রীয় সরকারকেও বলা দরকার, বিভিন্ন

দেশের সাথে আমাদের ট্রেড যাতে আরও একটা র্যারপান্ড করে। কারণ মাদ্রাজে যখন টোবাকো নিরে গোলমাল হরেছিল, সামান্যভাবে চীনের সাথে একটা পেট্ট করলে এবং চীন তামাক কিনেছিল তার ফলে তামাকের দাম কিছু বেডেছিল এবং অন্যান্য জিনিবের দামও সেইভাবে বাডে। আজ আমাদের দেশে পাটের দাম চাষ্ট্রীরা কি পাচ্ছে? অন্যান্য জারগার পাটের চাহিদা আছে, কারণ, আমাদের দেশের একরকম বলা যায় পাটে মনোপাল রয়েছে, কিন্তু সরকার কি কারণে জানি না আমাদের পাট যা বিদেশে যায় তা একমান আমেরিকা এবং আর্জেন্টাইনায় বিক্রী করতে হয়। অন্যান্য জায়গার ব্যবসায়ীরা তা যেকোন ন্যায্য মলে। কিনতে রাজী আছে। কিন্ত তারা কিনতে পারে না। আমাদের যা ফরেন ট্রেড তাতে দেখা যায় আমাদের ১৯৫৫ সালে ১.১০০ কোটি होकात करतन एमेछ हाराष्ट्र, जात मर्पा कानकाही स्मार्ट स्थरक हाराष्ट्र 860-600 र्काहि होकात। কিল্ড তাহলে কি হবে? এখানে আমাদের পাটের দাম কি বেডেছে? অনেক জিনিসের দাম যা চাষীরা পায় তা বাড়ে নি এবং ইন্ডিয়া গভর্নমেণ্টও সে রকম ব্যবস্থা করতে চান না। এই एप्रेष्ठ या रहाराष्ट्र এর পরিমাণটা रिসাব করলে দেখা यात्र २৮ শতাংশ रहाराष्ट्र रेश्नात्म्प्रत मर्का. আমেরিকার সংশ্যে ১০-১৫ শতাংশ এবং যেসমুহত সোস্যালিস্টিক এবং ডেমোক্র্যাটিক কার্নাট্রক রয়েছে তাদের সংগ্রাহ ১০৬১ শতাংশ এবং টাকার দিক দিয়ে তা যদি দেখতে হয় তবে ৩-৪ কোটি টাকার বেশী হয় না। আর বাকী সমস্তটা ইংলন্ড, আমেরিকা. এবং কমনওয়েলথ কার্নাট্রর সপ্পে হয়। সাত্যিকারের যাতে আজ পাটের যা ন্যায্য মূল্য সেই টাকা চাষীদের হাতে আমরা দিতে পারি সেইজনা সেই রকম নীতি গ্রহণ করতে হবে। যারা আমাদের সংখ্যে এই নীতিতে ব্যবসা করবে তাদের সঙ্গে সেই ব্যবসা য়্যাক্সপান্ড করতে হবে এবং তাহলে নিশ্চয় কেন্দ্রীয় সরকারকে এ কথা বলতে পারি যে এই ব্যবসা করতে গেলে যে অস্কর্তিধা আছে তা দরে করার জন্য সে সম্বন্ধে তাঁদের চিম্তা করা দরকার। কারণ আমাদের শিপিংএর যে ব্যবস্থা তাতে মাত্র সাত্র শতাংশ ইন্ডিয়ান, আর বাকি ৯৩ শতাংশ ফরেন, আর শিপিংএর যে লাভ সেটা হচ্ছে ৭৫ কোটি টাকা এবং তা বিদেশীর হাতেই চলে যায়। এই ৭৫ কোটি টাকা এদেশের হলে সরকার বিভিন্ন জায়গায় বিভিন্ন উন্নয়নমূলক কাজে তা বায় করতে পারেন। এজনা বেশী কোরে চাষীর কাজে সেই টাকা লাগান যেতে পারে। এজন্য আমাদের ফরেন শিপিং যাতে বন্ধ ছয়ে তাদের মনোফা যাতে কমতে পারে অন্ততঃ সেটার ব্যবস্থা করা দরকার।

সেই কারণে আমার প্রস্তাবে যেসমস্ত সাজেশসান দিরেছি, সেই সাজেসানগ্রেলা সম্বন্ধে আর্পান্ত করবার কারণ নাই এবং সেগ্রিল আপনাদের বিবেচনা কোরে দেখবার জন্য বর্লছ, এবং মনে হয় যারা চাষার কল্যাণ চান, চাষারা যাতে খেতে পায়, দ্মুটো খেয়ে বাঁচতে পারে এই চান, তাঁদের সেই সাজেশসানগ্রিল সম্বন্ধে আর্পান্ত থাকা উচিত নয়। তবে একথা সত্য, আপনারা জানেন এবং খাদামশ্রী যত জাের গলায় বল্ন না কেন, এবং প্রধানমশ্রীও বলেছেন যে তিনি খাদামশ্রীর কাছে শ্রেনছেন যে মাত্র কয়েকটি পকেট স্থি হয়েছে যেখানে খাদাের অভাব ছয়েছে। কিম্পু আমরা যারা গ্রামে থাকি, গ্রামাণ্ডলে থেকে আমাদের কাছে বিভিন্ন কেন্দ্রের সংবাদ এসেছে, তাতে কয়েকটি পকেট কেন, অধিকাংশ জায়গাতেই অর্ধেক রকম ফসলও হয় নি বা তারও কম হয়েছে। ও'রা যে স্টেটিস্টিকসই এখানে আমাদের কাছে দিন না কেন, এই ছাউসের কাছে দিয়ে যদিও তা পাশ করাতে পারেন, কিম্পু বাস্তব সত্য তা নয়। গ্রামাণ্ডল হ'তে আজকে হাহাকারের সংবাদ আসছে, বিভিন্ন জায়গায় বিক্ষোভের স্থিট হছে, এবং সরকারের কাছে বিভিন্ন ইউনিয়ন বার্ড এবং অন্যান্য সমিতি থেকে দাবা আসছে যে আমাদের এখানের রিলিফের বাবস্থা কর, আমাদের অম্কে কর, তম্কে কর, এইসমস্ত দাবা আসছে। স্কুতরাং তাদের বাটাতে গেলে এগ্রিল করা অবিলাদ্বে দরকার।

আমার আর একটা দাবী রয়েছে। আমাদের দেশে ইন্ডাস্ট্রির ডেভেলপমেন্ট কোরে যাতে সমস্ত র-ম্যাটারিয়ালস ব্যবহার করা যায় তার ব্যবস্থা করা দরকার। কারণ, এখানে চাষীরা যে সমস্ত জিনিস উৎপান করে তা অনা দিকে চেয়ে না থাকলেও স্থানীয়ভাবে ব্যবহার যেন করতে পারে সেই দাবী করিছ। যেমন, কোচবিহার ও জলপাইগ্রেডিতে তামাকের প্রচুর চাষ হন্ধ, এবং সতি্য কোরে কোচবিহার এবং জলপাইগ্রেডীর চাষীর একটা বড় অংশ তামাকের জন্য মার খেরে বার। তাদের ঐশানে যদি তামাকের ফ্যান্টার করা যান্ধ, তামাক বিক্লি কোরে যে লাভটা বিদেশীরা

নিয়ে বাচ্ছে সেই লাভ দেশের চাষীরা পার, চাষীর কল্যাণ তাতে হতে পারে। আমরা চিনির কলও করতে পারি। আমাদের দেশে প্রচুর আখ চাষ হয়, এবং অন্যান্য কলকারখানাও বাড়তে পারে। আমাদের সরকার এ সম্বন্ধে কতটা করছেন তা জ্বানি না এবং পরিকম্পনার মধ্যে ইন্ডান্সিরালাইজেসন সম্বন্ধে বাংলার ক্ষেত্রে কতট্বুকু করতে পারবেন তা জ্বানা দরকার।

আমি পরিশেষে আপনাদের কাছে বলতে চাই যে আপনাদের কাছে আমি যে সাতটা সাজেশসান দিয়েছি এই সাতটা সাজেশসান গ্রহণ করা প্রয়োজন। সেকেন্ড ফাইভ-ইয়ার স্প্যানএ এই পরেন্ট- গর্লে নীতিগতভাবে স্বীকার কোরে নিয়ে এই দিকে পদক্ষেপ কর্ন। তাই বলব যে বাংলা সরকার যারা চাষী সম্প্রদায়ের উন্নতির উপর নিভর্মীল তাঁরা তাদের বাঁচাবার জন্য অগ্রসর হউন এবং যাতে এটা কর্বিকরী করা যায় তার চেণ্টা কর্ন।

## 8j. Mrigendra Bhattacharjya:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, আজকে আট বছর কংগ্রেস শাসনের পরে আইনসভায় প্রস্তাব হিসাবে নিতে হচ্ছে দেশের এই সমস্যা সম্বন্ধে। এটা অত্যন্ত দৃঃখ এবং লজ্জার কথা। মন্ত্রীমহোদয়ের কাছ থেকে এই আইনসভায় আজ যে সকল সে শনেতাম ঠিক আট বছরেরও আগে îরটিশ গভর্নমেন্টের অফিসারদের কাছ থেকে। সেই দিনের সেই কথা যদি আজ মলতীমহোদয় বলেন ত সেটা অত্যনত বেদনাদায়ক হয়। দেশের প্রকৃত অবস্থা গোপন কোরে রাখবেন, এবং সত্য কথা গোপন কোরে অসত্য কথা বলবেন এরচেয়ে দঃখ ও লম্জার কথা কি আছে? তাঁরা এ দেশের লোক, দঃখ নিজেদের চোখের সামনে দেখছেন, এবং আরও দঃখের কথা এইজন্য যে এব্যাই স্বাধীনতা আন্দোলনের সৈনিক হিসাবে লডাইএর ময়দানে ছিলেন। তাঁরা আজকে গভন মেনেট এসে যখন এই কথা বলেন যে দেশে খাদাসমস্যা নাই, দেশের মান্বের কণ্ট নাই, আমাদের জাতীয় আয় বাড়িয়ে এনেছি, জাতির অনেক উপ্লতি করেছি, এই কথা যথন এখনওঁ বলেন তখন আমরা যারা গ্রামের মাঝে লোকদের দেখি আমরা যারা ভ্রতভাগী, আমরা যারা এখনও দেখি যে আজও বিটিশ আমলের মত দেশের লোক অভ্র আছে এবং না থেয়েও মরে তখন মনে হয় যে এ'রাই স্বাধীনতার জন্য কি লডাই করেছিলেন এবং এ'দের কি উদ্দেশ্য ছিল যে গভর্ননেন্টে এসে ব্রিটিশের মত অসম্ভব অত্যাচার চালিয়ে <del>যাবেন ? এই সন্দেহ</del> আজ দেশের লে'কের মনে হয়েছে। আমরা সকলেই জানি যে আডাই কোটি লোকের মধ্যে শতকরা ১৫ ভাগ ক্ষেত্রমজনুর অর্থাৎ কম কোরে ধরলেও আড়াই কোটির মধ্যে ৩৫-৩৬ লক্ষ্ম লোক হন ভূমিহান চাবা, যাদের গতর খাটিয়ে জামতে কাজ কেরে খাওয়া ছাড়া অন্য উপায় নাই। আমি অন্য কথা বাদ দিয়ে তাদের এইমাত্র জিজ্ঞাসা করি যে এই ৩৫ লক্ষ **लाएक**त कना याता भक्त तौ करत थारा जाएनत कना भतकात कि वावभ्या करतएकन ? जाएनत कीम নাই, তাদের অন্য উপায় কিছ, নাই, তাদের গতর খাটিয়ে খাওয়া ছাড়া গতান্তর নাই, তাদের জমি দেওয়ার বা তাদের কাজের কি ব্যবস্থা কিছ্, করেছেন? তা ত করেন নি। তা যদি না করে থাকেন তাহলে এই ৩৫ লক্ষ লোক কিভাবে থাকছে. তাদের কি দশা, তার কথা ত ভাবছেন ना. वदार वमार्क्टन एनटम थानाज्ञमजा। नाहै। यादा नावान थानाजन्वराहे कन्छे भारा जारनद मार्था अध्य শ্রেণীতে হচ্ছে এই ৩৫ লক্ষ লোক। তারা কাজ পায় কিছু, দিন মাত্র, ছয়-সাত্র মাস তারা কাজ পায় না, এটা ত সেন্ট্রাল গভর্নমেন্টের হিসাব। তারা কাজ পায় ঢাষের সময়, ধান কাটা, ধান ঝাড়া, এইসব কাজ করে, অন্যান্য সময় খবে কম কাজ পায়। এই যে লোকের বেকার অবস্থা— তারা যখন কাজ পায় না ধান কাটা ও ঝাড়া শেষ হলে তখন কাজের অনেবয়ণে তারা চতুদিকি দৌডাদৌডি করে। সরকার থেকে তাদের জন্য সে সময় কোন ব্যবস্থা করা হয় না।

[3-30-3-40 p.m.]

যদের জমি নেই. আয়ের কোন ব্যবস্থা নেই. গতর খেটে খাওয়া ছাড়া আর কোন উপায় নেই তাদের কি আপনারা জমি দিয়েছেন, কাজের কোন ব্যবস্থা করে দিয়েছেন? তাত করেন নি। তা না কর,ন কিব্ এই ৩৫ লক্ষ লোক কিভাবে থাকছে, কিভাবে থাক্সে এইসব জানা সর্ভেও তব্ তারা বলছেন যে খাদাসমস্যার সমাধান হয়ে গেছে। দার,ণ খাদাসংকটে বারা কব্ট পায় তাদের শধ্যে প্রথম শ্রেণী হচ্ছে এই ৩৫ লক্ষ লোক যাদের খেটে খাওরা ছাড়া আর কোন উপায় নেই।

কিন্ত তারা কদিন কান্ধ পার—সেটা সেন্দ্রীল গভর্নমেন্টের হিসেব থেকেই পাওয়া বার বে বংসরের ছয়-সাত মাস তারা কান্ধ পার, আর বাকী পাঁচ মাস তারা কোন কান্ধই পায় না। অর্থাৎ চাষের সময় ধান কাটা, ঝাড়া ইত্যাদির কান্স পায়, আর অন্যান্য সময় খুব কমই তারা কান্স পায়। এই যে লোকের বেকার অবস্থা, যেমন এখন তারা কান্ধ পায় না, কারণ ধান কাটা শেষ হয়ে গেছে বলে এখন তারা চত্রণিকে দৌড়াদু কি করছে। অতএব সরকার থেকে এখনও পর্যানত তাদের কাজ एनवार वावच्था रेग्न कि वाल आकरक जाता मवराहरा विभी मध्कराहे भएएए। स्मिन श्रक स्ववाद. এখানে দাঁডিয়ে বললেন যে আমাদের বাংলাদেশের জাতীয় আয় বেডেছে, কিল্ত কি পরিমাণ বেড়েছে না বেড়েছে তার কোন স্ট্যাটিসটিকস আমাদের কাছে নেই—সেই স্ট্যাটিসটিকস নেবার তারা কোন প্রয়োজন মনে করেন না। অথচ সেই মন্দ্রীসভার আর একজন মন্দ্রী বলে দিলেন যে বাংলাদেশের ১৮ ভাগ আয় বেডে গেছে, ধরে নিলাম মন্দ্রীমহাশর যদি বলেন যে ১৮ ভাগ বেডেছে সেটা আলোচনা করার দরকার আছে। কারণ এই যে জাতীয় আয় বেডেছে সেটা যদি তকের খাতিরে ধরে নেওয়া যায় তাহলে কি জাতীয় আয় বেড়েছে সেটা আমাদের দেখা দরকার। জাতীয় আয় বেডেছে তাদেরই যারা ধনী ছিল তারা আরও ধনী যারা কোটিপতি ছিল তারা আরও কোটিপতি হয়েছে। কিন্তু যারা ছিল গরীব তারা আরও গরীব হয়েছে। অর্থাৎ বিড়লার লাভ হোত দুই কোটি টাকা তার ২০ কোটি টাকা লাভ হচ্ছে, অথচ সেই লাভের টাকায় সকলের ঘাড়ে চাপিয়ে দিয়ে বলে দিলেন যে আমাদের জাতীয় আয় বেড়েছে। কিন্তু তাতে লাভ কি হয়েছে দেশের লোকের—তাঁরা চোখের সামনে দেখছেন যে হাজার হাজার গ্রামের লোক বেকার অবস্থায় ঘুরছে, দেশের লোকের কাজ হয় না, থেতে পায় না, শিল্পজাত পণ্যের দামের কোন সামঞ্জস্য নেই। এইসব অবস্থা থাকা সত্ত্বেও তাঁরা বলছেন যে আম্দেরে জাতীয় আয় বেড়ে গেছে। তাঁরা কি দেশে যান না, তাঁরা কি গণসংযোগ ছেড়ে দিয়েছেন, না ঐ চডবড় পান্ডাদের, যারা ১৯৪৭ সালের পরে কংগ্রেসী হয়েছে তাদের সঙ্গে দহরমমহরম করে তাদেরই সঙ্গে সবাইকে এক করে বলেছিলেন যে আমাদের জাতীয় আয় বেড়েছে। অতএব এই যে জাতীয় আয়ু বেড়েছে সেটা আমরা অত্যন্ত অসতা বলে জানি এবং সাধারণ মানুষের আয় বাডে নি-বেডেছে তাদের যারা সেইসব সাধারণ মানুষের পকেট কেটে ধনী ছিলেন তারা আরও ধনী হয়েছেন, যাঁরা বড়লোক ছিলেন তাঁরা আরও বড়লোক হয়েছেন। আমি মন্ত্রীমহাশয়কে তাঁর কার্যকলাপের জন্যে বলি যে আজ পর্যন্ত যেটা ছিল না সেটা গত বছর তাঁরা করেছেন—মধ্যবিত্ত লোন। গত বছরে মধ্যবিত্তদের লোন দিতে হয়েছে এবং এই বছরে যদি একটা খাদ্য কম হয় তাহলে শুধা ক্ষেত্মজার, কৃষক নয়, মধ্যবিত্ত পরিবারও কিভাবে আজকে নিঃম্ব হতে চলেছে। এটার প্রমাণ হচ্চে যে গত বছর সরকার থেকে এদের নতনভাবে লোন দেবার বাবস্থা করছেন এবং তার নাম দিয়েছেন মধ্যবিত্ত লোন। অতএব বোঝা যাচ্ছে যে মধ্যবিত্তদের ঘরেও সংকট এসেছে।

তারপর দপীকার মহাশয়, আপনি জানেন যে জায়দারী কর আইন, ভূমিসংশ্কার আইন ইত্যাদি আইন আনার ফলেতে নিন্দ মধ্যবিত্ত যারা গ্রামে ছিলেন, তাদের আজকে কি কর্ণ অবদ্ধা হয়েছে এবং যদি সেটা দেখেন তাহলে দেখবেন যে সেটা বড ভয়ানক। আমি জানি বহু নিন্দ মধ্যবিত্ত পরিবারেব মেয়েরা যারা বাড়ী থেকে বের্ত না তাদের আজকে পেটের দায়ে কলকারখানায় যেতে হয়েছে। তাদের যে ক্ষতিপ্রণ সেটা আজও সরকার দেন নি। জমি থেকে যে ভাগ তারা পেত তাও তারা আজও পর্যন্ত পায় নি। তাদের জীবিকানির্বাহের পথ তাবা আজ হারিয়েছে এবং আজ তাদের মান মর্যাদা সম্প্ত বিস্কান দিয়ে এই পথ বে'ছে নিতে হয়েছে। অথচ তারা এখনও গলা বাডিয়ে বলছেন যে আমরা জাতিয় উন্নতি করেছি।

তৃতীয়তঃ আমরা জানি যে ধান যখন ওঠে, ফসল যখন ওঠে, তখন তার দাম হুহু করে পড়ে যায় এবং যেই কৃষকের ঘরে ধান শেষ হয়ে যায় আবার সেই ধানের দাম বেড়ে যায়। ধান ওঠার সংগ্য সংশ্য কৃষকরা ফসল বেচে ফেলতে বাধ্য হয়, কারণ তাকে ধানের দাম, খাজনা ইত্যাদি দিতে হয়। পৌষ মাঘ মাসে যখনই ধান ওঠে তখনই চতুদিক থেকে কৃষকের ঘরে যে ধানট্যুক্ন থাকে সেট্যুক্ন যে কি করে কেড়ে নেওয়া যায় তার জন্যে ব্যবস্থা চলতে থাকে; এরজন্যে মহাজন আছেই, জমিদাররা ছিল, এখন সরকার আছে। এই বছরেই দেখতে পাওয়া যাজে যে ধান ওঠার পরেই সরকার বলছেন যে খাজনা মেটাও এবং এমনভাবে সন্দাস সেখানে স্থিট হয়েছে যে

थावना ना मिला, अभ्ययस्थान्य आमला हात्र वहरत राथान थावना वाकी थाकरा भावा स्त्राहरू এদের কিছুই বাকী রাখবার উপায় নেই এবং নালিশ করবার দরকার হবে না। সাটিফিকেট कार्ती करत थाक्रमा आमार करत्वन, जा मा शल क्रीम निलाम करत एमराम। এইভাবে कृषकरा उथन কম দামে বেচৈ ফেলে দেয়। অর্থাৎ যে ধানের দাম আজকে ১১ টাকা উঠেছে সেই ধানকে তখন জারা সাত টাকায় বেক্টে দিয়ে তাদের খাজনা মেটাতে বাধ্য হয়। অতএব যখনই তাদের ফসল ওঠে তথনই এই সমস্ত কারণের জন্যে তানের বে'চে ফেলতে হয় এবং সেই ধান কেনেন বড় বড় বাবসায়ীরা যাঁরা জমিওয়ালা তাঁরা ধান জমা রেখে দেন। এর জন্যেই কৃষকের ধান যখন শেষ হয়ে. যায় তখন এই ব্যবসায়ীরা এবং যারা জমির মালিক তারা যত মানুষের অভাব স্মৃতি হতে থাকে, তত তারা সেইসমন্ত ফসলের দাম বাড়াতে থাকে। আমরা সাধারণতঃ দেখি চৈত্র মাসের পর থেকে ধানের দাম বাড়তে থাকে। কিন্তু এই বছরে আমরা দেখছি যে ফাল্গনে মাস থেকে ধানের দাম তিন-চার টাকা করে মণপ্রতি বেড়ে গেছে। এর ফলেতে যে কৃষক ধান বে'চে ফেলতে বাধ্য হয়েছিল তাকে বেশী দামে কিনতে হবে। অর্থাৎ যে কৃষক সাত টাকা মণ দরে ধান বেচতে বাধ্য হর্মেছিল তাকেই আজ আঠার টাকা মণ দরে ধান কিনতে হচ্ছে। স্বতরাং এইবারে আমরা যদি দেখি তাহলে দেখব যে কৃষকরা দ্বার ঠকছে—একবার ধান বে'চার সময় ঠকছে, আর একবার ধান কেনার সময় ঠকছে। অর্থাৎ কৃষককে এগার টাকার ধানকে সাত টাকায় বে'চে দিতে বাধ্য হতে হর্মোছল সেই কৃষককে আবার আজকে এগার টাকার উপর দর দিয়েই সেই ধান কিনতে হয়। অতএব এই অবস্থা স্থিট না করার জন্যে আমরা সরকারের কাছে বারবার দাবী করেছি যে একে র্যাদ কন্টোল করতে হয় তাহলে সরকারকে প্রত্যেকটা ইউনিয়নে বা বড বড বাজারে নিজেদের গোলা করতে হবে এবং সেখানে ধান জমা রাখতে হবে। এইজনো সরকারকে ধান কিনতে হবে এবং সেখান থেকে ধান সরকারকে তাদের দিতে হবে. য'তে অন্তত ন্যায়া খরচটা বাদ দিয়ে মণকরা চার আনা অতিরিক্ত দিয়ে কৃষকরা ধান কিনে নিতে পারে। এই বাবস্থা না করলে আজকে গ্রামে একটা শোষক শ্রেণীর উপর নির্ভার করতে হয়, আর এটা যদি না হয় তাহলে সেই বড় লোক যাদের ধান আছে তাদের উপর নির্ভার করতে হয়। কিন্তু তারা তখন মান্মের যত অভাব হয় সেই অভাবের সুযোগ নিয়ে ধানচালের দাম তারা ক্রমশঃ ক্রমশঃ বাডায়।

এরপরে আসে কুটিরশিলেপর কথা। আমরা সকলেই জানি যে কুটিরশিলেপর আজ কি অবস্থা হয়ে আসছে : কুটির শিল্প আজ প্রায় ধংসের পথে। তারা যা উৎপাদন করে তার বাজার নেই। এইজনো কুটিরশিল্প উঠে গেছে। কিন্তু যেট,কু আছে সেটা দিয়ে তাদের খাওয়াপরার মতন অবস্থা নেই। আমি একটা উদাহরণ দিই—ইন্ডাস্ট্রি সম্বন্ধে। মাদ্রেশিল্প আমাদের দেশে একটা বেশ ভাল শিল্প এবং যেট। বাংলা দেশের একমাত্র মেদিনীপরে জেলায় দাসপরে এবং পাশকুডা থানায় কিছ্ অংশে আছে এবং হাওডা জেলারও কিছ্ অংশে আছে। এটার উপর নির্ভার করে প্রায় ২০-২২ হাজার লোকে জাবিকানিবাহ করে। কিল্তু সেই কুটিরশিলেপর অবস্থা কি তা আমি বলছি। তারা ১৬-১৭ ঘণ্টা খেটে মাত্র ১০-১২ আনার বেশী উপায় করতে পারে না। আমি জানি একটা গ্রামে তথন পিতল কাঁসার শিল্প ছিল, কিন্তু সেই গ্রামে সেটা প্রায় নিশিচ্ছ হয়ে গেছে। দুই কি পাঁচ ঘর আছে কিনা সন্দেহ এবং আর সব মরে গেছে, না হয় কারবার ছেডে দিয়ে অন্যন্ত পালিয়ে গেছে। এইরকম করেই গ্রামের কটিরশিল্প আজ ধংস হয়ে গেছে এবং যাদের আছে তাদের না চলে শিল্প, না চলে তাদের পেট। সেজন্য আজ তাবা ক্ষেত্র মজ্জের দলে চলে গেছে। এইভাবে আমরা যদি দেখি তাহলে দেখব যে ক্ষেতমজ্ব, গরীব কৃষক, কুটির-শিল্পী এবং মধাবিত ইত্যাদি লোকের অবস্থা আজকে কি অবস্থায় এসেছে। তাই আমার বন্ধ, যে প্রস্তাব এনেছেন তাতে যদি আমরা দেশের লোককে বাঁচাতে চাই তাহলে অজ্ঞকে এই প্রস্তাবকে কার্যকরী করার জন্যে আমাদের অনতিবিলন্তে ব্যবস্থা করা দরকার।

আর একটি দৃঃখের কথা যে আমরা প্রতি বছরেই দেখি যে লোক না খেতে পেয়ে তাদের অবস্থা মরার মতন হয়ে গেছে। সেগালি সম্বন্ধে প্রশ্ন করলে তারা বলেন যে ঐগালি না খেরে মরে নি. পেটের অস্থে মরেছে। অতএব স্বাভাবিক ব্যাপার যে এইরকমভাবে না খেতে পেয়ে মারা যাওয়াটাকে তারা পেটের অস্থ বা জনুরে মারা যার বলে চালিয়ে যাওয়ার চেন্টা করেন। গত বছরে আমি জানি যে আমার এলাকায় তিন-চার জন অভাবের তাড়নায় ছেলেপিলেনক না খেতে

দিতে পেরে গলায় দড়ি দিয়ে মরেছে। কিন্তু তাঁরা বলেছেন যে না এইসমশ্ত ব্যাপার ঠিক নর।
অথচ অবস্থাটা ব্রুনে যে সে ছেলেপিলেকে না খেতে দিতে পেরে গলায় দড়ি দিল। সেদিন
দেখেছেন যে অডিন্যান্স ফ্যাক্টরীর ছাটাই হবার নোটিশ পাবার সপ্পে সপ্পে তার ফ্যামিলির কি
হবে, নিজের ভবিষ্যতের কি হবে ইত্যাদি ভেবে একজন লোক গলায় দড়ি দিয়েছে। তাই আমি
আশা করি যে মন্ত্রীমহাশ্যের কাছে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব অন্সারে এটাকে কার্যকরী
করার জন্যে তিনি নিশ্চয় চেন্টা করবেন।

## [3-40—3-50 p.m.]

মেদিনীপুর জেলায় বিশেষ করে গড়বেতা, শালবনী, ঝাড়গ্রাম এলাকা ক্ষেত্মজরুর অঞ্চল।
শতকরা ৬০-৭০ ভাগ ক্ষেত্মজরুরের সেই এলাকায় কাজ নেই, সেখানে সংকটজনক অবস্থা উপস্থিত
হয়েছে। সমস্ত জায়গায় অনতিবিলন্দে টেস্ট রিলিফের বাবস্থা করে এই সমস্যার সমাধান করা
প্রয়েজন। তা ছাড়া অন্ধ, খঞ্জ, এবং যারা অথব্ব হয়ে গেছে, তাদেরও ইমিডিয়েটলি রিলিফ
দেওয়া দরকার, যাতে তারা খেয়ে দেয়ে বে'চে থাকতে পারে। একদিকে তাদের কাজ নেই, অন্যদিকে
তারা কাজ করতে পারে না, এইরকম অবস্থা হয়েছে। স্তরাং এইসমস্ত কাণা, খোঁড়া, অন্ধ
এদের রিলিফ দেওয়ার জন্য আমি অন্রোধ করছি। সত্যিকারের এর সমাধানের পথ কি সেটা
চিন্তা করে দেওয়ের জন্য আমি অন্রোধ করছি। সত্যিকারের এর সমাধানের পথ কি সেটা
চিন্তা করে দেওয়ের থাদ্যসমস্যার সমাধান করলো কিন্তু আমরা এখনও করতে পারলাম না।
সেই সংকটজনক অবস্থার মধ্যেই আমাদের দেশ রয়ে গেল। আমি আশা করি মন্তীমহাশয়
আমার বন্ধরে এই প্রস্তাবটি মেনে নেবেন।

## Sj. Dhananjoy Kar:

মাননীয় ডেপ্টে প্পীকার মহাশয়, চাষীদের অবস্থা অত্যন্ত শোচনীয়, একথা বললে অত্যক্তি হয় না। সরকার অবশ্য বারে বারে আমাদের ব্রঝানোর চেণ্টা করছেন যে না, চার্যাদের অবস্থা দিনের পর দিন ভালোর দিকে যাচ্ছে কিন্ত আমরা গ্রামদেশে যা দেখছি তাতে আমাদের ধারণ। এই যে চাষীদের অবস্থা দিনের পর দিন খারাপের দিকে যাচ্ছে, ভালোর দিকে মোটেই নয়। সেইসব চাষীদের যদি রক্ষা করতে হয় এবং তাদের উল্লতি করতে হয় তাহলে আমার মনে হয় যে চাষের উন্নতির জন্য চিন্তা করার প্রয়োজন আছে এবং চাষীরা যাতে তাদের উৎপন্ন ফসলের ন্যায়। মূল্য পায় সেইরকম ব্যবস্থা করার অত্যন্ত প্রয়োজন আছে। চাষী আজকে তার উৎপন্ন ফসলের ন্যায্য মূল্য পাচ্ছে না বলে তার অবস্থা খারাপ হচ্ছে একথা ঠিক। সেজন্য আমি वलरवा य ठावीता यार्क ठारमत उर्श्वास कमरामत नाया भूमा भाग, जातकमा मतकारतत किए, এको। ব্যবস্থা করার খবে দরকার। আমরা দেখছি কিনা চাষীরা অগ্রহায়ন বা পৌষ মাসে তাদের উৎপন্ন ফসল খুব সস্তাদরে মহাজনদের কাছে বিক্রী করে দিতে বাধ্য হয়। তাদের কোন উপায় নেই যাতে করে তারা তাদের ফসল আটকে রাখতে পারে এবং যেসময় মূল্য বৃদ্ধি পাবে সেই সময় সেটাকে বিক্রী করতে পারে। ষেসময় জিনিষের দর খ্ব সম্ভা থাকে, সেই সময় তারা তাদের ফসল মহাজনদের কাছে বিক্রী করে দিতে বাধা হয় এবং তা থেকে মহাজনরা প্রচুর লাভ করে থাকেন। মহাজনেরা সেই ফসল সমতা দরে কিনে সেগ**্রিল জ**ীময়ে রেখে অভাবের সময় বেশী মূল্যে তাঁরা বিক্রী করে থাকেন। সেই কারণে আমি বলবো সরকার অগ্রহায়ণ-পৌষ মাসে চাষীদের সেই ধান কিনে নেবার ব্যবস্থা কর্ন এবং যেসময় তার মূল্য বৃদ্ধি পাবে সেই সময় তাঁরা সেটা বিক্রী করে যে লাভ পাবেন, তা থেকে সরকার কিছ্র নিন এবং চাষীদের কিছ্র দেবার বাবস্থা কর্ন। এটা যদি করেন তবেই চাষীরা রক্ষা পাবে—আর তা না হলে কিছুতেই তারা রক্ষা পাবে না একথা আমি জোর করে বলতে পারি। তা ছাড়া চাষীদের রক্ষা করার জন্য আরো বাবস্থা করতে হবে নানাপ্রকার কৃটিরশিল্পের প্রতিষ্ঠা করতে হবে যাতে চাষীরা অবসর সময়ে সেই সমস্ত কৃটিরশিলেপ কাজ করে কিছ্ পেতে পারে। সেই বাবস্থা যদি না করা হয়, তাহলে চাযীদের কিছুতেই উন্নতি করা সম্ভবপর হবে না।

মেদিনীপার জেলার বিভিন্ন এলাকায় যেমন গডবেতা, শালবনী, ঝাড়গ্রাম মহকুমায় সাবোই ছাস প্রচুর পরিমাণে জন্মায় এবং প্রচুর বাশও সেখানে পাওয়া যায়। সেগ্লি কাগক তৈরীয় কালে খুব লাগে। যদি সেই সমস্ত এলাকায় কাগন্ধ তৈরী করার জন্য কুটিরশিক্প গড়ে তোলা বান্ন তাহলে সাবোই ঘাস এবং বাঁশের ম্বারা তা প্রসার লাভ করবে এবং বহু লোক তাতে কাজ পাৰে। চাষীরাও তার ম্বারা কিছুটা উপকৃত হবে।

[At this stage the blue light was lit.]

দ্ব মিনিট সময় দিন স্যার, না দিলে হবে কি করে? তারপরে দেখা যায় অনেক অঞ্চলে ধানের চেয়ে আঁখ ভাল হয়। যদি আঁথের চাষ সহজে করা যায় তাহলে চিনির কল সেখানে প্রতিষ্ঠা করতে পারা যাবে এবং তার দ্বারা চাষীরা দ্ব পয়সা পেতে পারে। আর একটা কথা, জুগুল এলাকায় কুলগাছ, প্রভৃতি প্রচুর পরিমাণে হয়, সেই সমস্ত গছে লাক্ষার চাষ খ্ব ভালভাবে হতে পারে। লাক্ষা আমাদের ভারত গভর্নমেন্ট বিদেশে চালান দিয়ে থাকেন এবং তার থেকে প্রচুর টাকা পান। সেই সমস্ত এলাকায় যদি লাক্ষার চাষ করা হয় তাহলে আমার মনে হয় সেই অঞ্চলের গরীব চাষীরা সেই চাবের দ্বারা বেশ দ্ব পয়সা পেতে পারে। এইভাবে নানাপ্রকার ছোট ছোট শিল্প যেগ্লিতে খ্ব বেশী খরচ হবে না সরকার যদি সেইগ্লি গড়ে তোলেন, তাহলে ভাতে চাষীদের উপকার হবে। তা না হলে চাষীদের ভাল করছি, এই বলে যদি আছাত্যিও লাভ করেন তাহলে আমি বলবো তাতে চাষীদের ভাল করা যাবে না, তাদের উর্মাত করা যাবে না।

তারপর চাষীদের সার সাহায়। সম্বন্ধে আমি আপনার মাধামে মাননীয় মন্ত্রীমহাশয়ের দ্রণ্টি আকর্ষণ করছি। ও'রা সারের কথা বহুবার বলেছেন যে আমরা চাষীদের সার দিয়ে বহু উপকার কর্রাছ, তাদের উন্নতি কর্রাছ। সারের কারবার কিরকম চলছে, য'দের সাণ দিচ্ছেন তাদের উপর কিরকম জলুমুমবাজী ও'রা চালাচ্ছেন, তাদেব কি সর্বনাশ করছেন তা কাগজে বেরিয়োছিল একটা রিপোর্টে। ওকে একথা আমি কাল বলেছি। আমি আপনার মাধ্যমে প্রনরায় তাঁর দ্ভিট আকর্ষণ কর্রাছ। ঝাডগ্রামে একজন চাষী কিছু সার নিয়েছিল, টাকা পাওনা ছিল, সরকার সার্টিফিকেট জারী করে দিলেন সেই সার্টিফিকেট জারী হওয়ার পর টাকা জমা দিয়ে দেওয়া হোল সেটা হচ্ছে ১৭-২-৫৬। ঝাড়গ্রামের মহকুমা অফিসারের নামাগ্কিত শীলমোহর দিয়ে সরকারের আদায় রাসিদ বই নম্বর ২৫৭.৮৫৯, পেজ নাম্বার ৩ ইস্তাহার লিখে মোট ২৩ টাকা এগারো আনা ১১ পাই তাঁরা নগদ আদায় করে নিয়ে গেছেন। তারপরে শ.ন.্ন স্যার, আদায় নেওয়ার পরে অবস্থা কি। আদায় করে রসিদ িনয়ে চলে গেল, তার মাল জ্ঞাক হয়েছিল, হালের গর, প্রভৃতি। চাষীদের সার দিয়ে এইরকম উপকার করছেন। সেজনা বলছি মন্ট্রী-মহাশয় যেন এদিকে একট্র দৃষ্টি দেন। তারপরে তাব কাছে নোটিশ গেল কালাম হবে, দেনাদার তাকে বলা হোল সিভিল জেলে দেওয়া হবে। টাকা দেওয়ার পরেও সরকাব ঐরকম জলম-বাজী চালাবেন অনু বলুছেন আগর চাষীদের উপকার কর্রাছ। এই রক্সভাবে যদি। তাদের উপকার করেন তাহলে আমি বলবে এতে চাষীদের সর্বনাশ হবে। তারা মারা যাবে। সেজনা বলছি এইরকমভাবে তাদের উপর যেন জালামবাজী না হয় সেদিকে মন্ত্রীমহাশয় একটা দুছিট फिन ।

#### Si. Nishapati Majhi:

ডেপ্টি দপীকার মহাশ্য, শ্রীস্বোধ চৌধ্বী মহাশ্য যে প্রদাব এনেছেন সেই প্রদাবটা আনেক দিক দিয়ে ভাববাব বিষয়। কেন না কৃষ্কের দ্রবদ্ধা, ভাগচায়ীর দ্বৈদ্ধা এবং তাদের নিতা প্রয়োজনীয় দ্বোৰ ম্ল্যে বৃদ্ধির প্রতিকারের জন্য যে কয়েক দফা পথ তিনি দেখিলেছেন সেটা একেবারে অবহেলার যোগ্য নয়। কিব্তু মিঃ চৌধ্রী একটা ভুল করেছেন খাদ্য সমস্যা বিচার করতে গেলে একটা দিক বললেই হবে না। ডিকন্টোল কয়েক বংসরের এবং কন্টোল কয়েক বংসরের যদি তিনি তলনা করেন

[3-50—4 p.m.]

তাহলে নিশ্চয় স্বীকার করতে হবে যে আগেকার দিনে থাদ্যসমস্যা নিয়ে শতটা তারা বাতিবাস্ত হয়েছিলেন এবং জনগণের দৃদ্শা নিয়ে নানা কথা বলতেন, আজকে তাদের ততটা বিচলিত হতে হয় নি। খাদ্যসমস্যা আজকাল ততটা উৎকট অবস্থায় নেই। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা

ম্বারা কিছুটা সমাধান হয়েছে। যদিও এখনও প্রচুর কাজ বাকী আছে। প্রকৃতপক্ষে খাদা সমস্যার সম্পূর্ণ সমাধান দ্রেহে ব্যাপার। আমরা আজকাল প্রায়ই দেখছি অনেক লোকের শ্রম করবার কাব্দে আপত্তি রয়েছে। এইসব লোক কামনা করেন সাদা কাপড জামা পতে **কাজ করতে।** র্যাদও আমরা জানি ম্যাণ্ডিক, বি,এ, এম,এ, পাস করতেও কঠোর পরিশ্রম করতে হয়। কিন্তু গ্রামে আজকাল দেখা যায় ম্যাট্রিক পাস করলেই ছেলেরা আর জুমিতে চাষ করতে চায় না। অধিকাংশ শিক্ষিত লোকই চায় ফাঁকি দিয়ে রাতারাতি বডলোক হতে। সেইজনাই বর্তমান বাংলায় উৎকট রকমের বেকারী দেখা দিয়েছে। খাদাবিভাগে ছয় হাজার লোককে নিযুক্ত করেছিল স্বাধীনতা লাভের পর। তারপরেও দেখা গেছে গ্রামাণলে প্রচুর বেকার রয়ে গিরেছে। এবং আরও কয়েক হাজার বেকারকে অন্যান্য কর্মস্থলে পশ্চিমবংগ সরকার নানা কাব্রে নিযুক্ত করেছেন। সরকার বেকারী দ্রে করববার জন্য যথাসাধ্য চেষ্টা করছেন। কিন্তু এ্যসেমরীতে একটা কথা প্রায় শোনা যায় যে সরকার নিজের দলের লোকদের চাকরী দিচ্ছেন—এটা ভূল ধারণা। আমি একটা কথা বলব যে খাদ্য উৎপাদন বেশী করতে পারলে নিশ্চয়ই বাস্তব সমস্যার আংশিক সমাধান হবে। এজন্য সকলকেই খাদ্য উৎপাদনের জন্য কাজ করতে হবে। বোধহয় এইসব কারণে সরকার একটা নীতি গ্রহণ করে ঘোষণা করেছেন গ্রামে গ্রামে সমবায় সমিতি গভে তুলতে হবে। কারণ সমবায় সমিতি মারফত চাষীরা আবশাকীয় জিনিষপত্র তৈরী করতে পারবে। অনেক দরিদ্র কৃষিকার্যে গভীরভাবে নিযুক্ত হতে শিখবে। তাতে সমবায় সমিতির মারফত প্রত্যেকে নিজেদের আয় বাড়ানর চেন্টা করতে পারবে। আমার মনে হয় সমবায় পথ অবলম্বন করলেই আজকে আমাদের যে দরুরক্থা দেখা দিয়েছে তার উন্নতি হতে পারবে। তারপর আজকে শ্নতে পাচ্ছি যে নিতাব্যবহার্য জিনিষপত্তের দাম বেড়ে যাচ্ছে—চালের দাম কিছুটা বেড়েছে। সর্যের তেলের দামও কিছু বৃদ্ধি পেয়েছে। তজ্জন্য কোন কোন চাষী ক্ষতিগ্রস্ত হচ্ছে। যাদের প্রচর জমি ছিল তাদের হয়ত বেশী ক্ষতি হয় নি। কিন্ত তার নীচের তলার কৃষকদের অবস্থা আজ খারাপ হয়েছে। সেইজন্য বলছি সমবায় সমিতির মার**ফত** আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সকলেরই অবস্থা ভাল হবে। তাই বর্লাছ স্ববোধবাব, যে প্রস্তাব উপস্থিত করছেন তার আর দরকার নাই।

তা ছাড়া জয়েন্ট ফার্মিলিতে যাদের আড়াই শ' বিঘা তিনশ' বিঘা জমি রয়েছে তাদের অবন্ধা যদি দেখা যায় তা হ'লে দেখা যাবে যে, সতিই একটা অংশে কৃষকের ক্ষতি হচ্ছে না। এর নিচে যারা আছে তাদের ক্ষতি হচ্ছে। তার প্রতিকার সমবায় সমিতি: পঞ্চরার্ষিক পরিকল্পনায় কৃষি-উন্নয়ন যথেন্ট ভাল মনে করি। অতএব স্ববোধবাব্র প্রস্তাবটায় ঠিক পথ প্রদর্শন করা হয় নাই, কারণ এইসব সমসাার কথা ভালভাবে বিবেচনা ক'রেই পঞ্চরার্ষিক পরিকল্পনার মধ্যে কর্মাপন্থা স্থির করা হয়েছে। স্বোধবাব্ যদি সরকারের পরিকল্পনাগ্রিলকে গভীরভাবে মনোনিবেশ করে কর্মপন্থা অবলম্বন করতেন, তা হ'লে আমরা স্থী হতাম। আমি মনে করি এই প্রস্তাব যথাযথভাবে উপস্থিত করা হয় নাই।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker. Sir, the general sense of this resolution must be widely supported by every right thinking person. It is well known that a large majority of the people of West Bengal depend on agriculture and they are also very much poor. Therefore, because of their poverty it is not possible for these agriculturists to store up their agricultural produce till a time when they can get proper price for these agricultural commodities. Unscrupulous traders, middlemen and capitalists take undue advantage of this poverty and pressing needs of the agriculturists, and they force these agriculturists to sell their commodities at too low a price and these persons, these capitalists store up these agricultural commodities for creating an artificial want in the market and they sell these commodities again at soo high a rate. Therefore, something must be done by the Government to help these poor agriculturists. I think the Government should be agreeable to purchase, as much as they can, the agricultural commodities of the agriculturists at a proper and reasonable price and they should also come forward to advance to these agriculturists,

us far as they can, loans and advances against their agricultural commodities. Again, it is also clear to everybody that there is perpetual disparity between the prices of agricultural produce and the consumers' goods. The prices of agricultural produce are too low and the prices of the consumers' goods such as cloth, oil and many other articles of everyday necessity are too high. Therefore, because of this, the poor agriculturist is put to distinct disadvantage. Therefore, Government should have the inclination and they should have proper power to check the vagaries of 'he capitalistic traders who unnecessarily and unscrupulously raise the prices of the commodities of everyday necessity such as cloth, oil, etc. etc. Again, it is also known that the Bengal peasantry is already overtaxed and time has arrived when the number and quantity of their taxes also should reduced and it is also very clear that industries on a small scale should be developed at proper places so that the agricultural produce may be fully utilised. As for example, the soil of the Katwa subdivision is very fertile for sugarcane cultivation but the agriculturists do not get any incentive to grow sugarcane there because the price of molasses is too low. Therefore, if in Katwa a sugar mill is established then the people there would get an incentive to grow sugarcane as they would get good price for that.

[4-4-10 p.m.]

## The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বেসরকারী প্রস্তাব ডিসেম্বর মাসে আনা হয়েছে এবং এর মধ্যে অর্থাৎ তিন মাসও হয় নাই। এই তিন মাসের মধ্যে প্রস্তাবক তাঁর ম্থবন্ধ (প্রিয়্যামবল) পরিবর্তন করতে বাধ্য হয়েছেন। তার প্রিয়ামবল এ কথা ছিল—যেহেতু এগ্রিকালচারাল কমোডিটির দাম অত্যধিক ক'মে গিয়েছে, হাস পেয়েছে অতএব গভর্নমেন্টের উচিত এক্ষ্মণি ফ্লোর প্রাইস त्वरिं ए ए । जाक्र जामता भूना ह-ना, मभारे, स्मात श्रारेम वौधवात श्राम श्राहर ना। ना, না, এত দাম বেড়ে যাচ্ছে যে তা লোকের কুয়শন্তির বাইরে গেছে। কাজেই আড়াই মাসের মধ্যে মুখবন্ধ বদলে গেল, প্রিয়্যামবল বদলে গেল! এই যে অবস্থা, এটা মোটামুটি বলতে গেলে এর কোন বেসিস নাই। প্রশ্তাবক স্ববোধ চৌধুরী মহাশয় বস্কুতায় বললেন যে, আমাদের পশ্চিম বাংলায় চাষ্টাদের সংখ্যা শতকরা ৮০ জন। তিনি কোথা থেকে এই হিসেব পেলেন আমি তো জানি না। ভারতবর্ষে যত প্রদেশ আছে, এমনকি বোন্দের প্রদেশ ধ'রে, তার মধ্যে বাংলা দেশে চাষীর সংখ্যা সবচেয়ে কম। আমি সেই হিসেব ক'রে দেখেছি, পশ্চিমবাংলায় কুয়কের সংখ্যা শতকরা ৫০ জন। কিল্কু তাঁর বস্তুতায় শূনলাম—ভদুলোকের এককথার মত- এখানে নাকি চাষী শতকরা ৮০ জন। ভারতবর্ষে যত চাষী আছে সেটা সমগ্র লোকসংখ্যাব মার শতকরা ৭০ জন. ৮০ জন নয়। সকলে জানেন, পশ্চিম বাংলায় মাত্র ২৩ লক্ষ কুষকের জাম আছে, কুষক পরিবার ২৩ লক্ষ্ণ আছে। তাদের বাড়িপিছ, যদি দশ জন ক'রে ধবা যায়, তা হ'লে দেখা যাবে পশ্চিম-বাংলায় লোকসংখ্যা ২ কোটি ৬০ লক্ষের মধ্যে—মাত্র তারা শতকরা ৫৪ জন দাঁডায়। কাজেই তাঁর প্রিয়্যামবল ভুল, যে সংখ্যাতত্ত্ব উপস্থিত করেছেন তাও ভুল। আমি এটা স্বীকার করি যে, আমাদের দেশের আরও অগ্রগতি প্রয়োজন। কুষকের অগ্রগতি প্রয়োজন, শিল্পের অগ্রগতি প্রয়োজন, সমস্ত জিনিসের অগ্রগতি প্রয়োজন। আবার এ কথাও বলব, সর্বাদক দিয়ে আমরা অনেক এগিয়ে গিয়েছি। আজকে সকালে আমাদের কুযিমন্ত্রী মহাশয় একটা মনোজ্ঞ অনুষ্ঠান করে এলেন। আমাদের মহামান্য রাজ্যপাল মহাশয় কৃষিথিষয়ে প্রেস্কার বিতরণ করলেন।

(A voice: হা, হা, হা!)

এটা হা-হা-হার কিছু নয়, ঠাটা করবারও কিছু নয়। কয়েকজন চাষীকে তিনি প্রেছকার দিয়েছেন। একজন চাষী, এটা গর্ব করবার কথা, হাসির কথা নয়, আমাদের মেদিনীপ্র জেলার, সুবোধবাব্যুরও জেলা, সেখানকার একজন কৃষক——

[Interruptions— আলু ?)

Mr. Speaker: Do not interrupt him. If you want the Minister to reply then please listen to him.

## The Hon'ble Prafulla Chandra Sen:

একজন মেদিনীপ্র জেলার কৃষক আজ সকালে আমাদের মহামান্য রাজ্যপালের হাত থেকে দ্ব্ হাজার পাঁচ শ' টাকা প্রেস্কার পেয়েছেন। কেন না, তিনি এক একর জমিতে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১২১ মণ ধান্য উৎপাদন করেছেন অর্থাৎ বিষায় ৪০ মণ বেশি। আর একজন আল্বচাষী হ্গলি জেলার—আল্বচাষে হুর্গলি জেলা প্রসিম্প লাভ করেছে—এটা গর্বের কথা, আনন্দের কথা যে একজন হ্গলি জেলার চাষী এক একর জমিতে ৬২২ মণ আল্ব উৎপন্ন করেছে। মালদহ জেলায় একজন গমচাষী এক একর জমিতে ৫১ মণ গম উৎপন্ন করেছে।

Sj. Hemanta Kumar Chosal: What is the average production? The Hon'ble Prafulla Chandra Sen:

আর একজন আখচাষী নিদিয়া জেলায় এক একর জমিতে ২৩৬ মণ সাদা আথ করেছে।
(বিরোধীপক্ষঃ কোয়েন্চেন, কোয়েন্চেন!)

No question, but fact is fact.

১৯৫১ সাল পর্যন্ত খাদ্যের এত অনটন ছিল যে, জাহাজে ক'রে চা'ল আনতে হ'ত বিদেশ থেকে। ভারত গভর্নমেন্ট ১৯৫১ সালে যে ৪৭ লক্ষ্ণ টন খাদ্যশস্য আনিয়েছিলেন আমাদের এই ক্ষিপ্রধান দেশের লোকের জন্য, এটা আমাদের লঙ্জার কথা। যেখানে শতকরা ৮০ ভাগ লোক কৃষক সেখানে এটা আরও গভীর পরিতাপের বিষয় যে, কৃষিপ্রধান দেশ হয়েও আমাদের এত বেশি থাদাশস্য বিদেশ থেকে আনতে হয়েছিল। আর আজ আমরা আনন্দিত যে, বিদেশের মুখাপেক্ষা আর করতে হচ্ছে না। আজ পশ্চিম বাংলায় আমাদের যা চা'লের প্রয়োজন তা আমরা উৎপন্ন করতে সক্ষম হয়েছি। কাজেকাজেই আজ কৃষকের অবস্থা ভালই হচ্ছে। এটা সত্য কথা যে. পশ্চিম বাংলায় হারভেস্টএর পর দাম কিছু কম থাকে। আমরা তুলনা করে দেখেছি যে হারভেস্টএর পর পশ্চিম বাংলায় গত কয়েক বংসর দাম কমে গেছে। এবছর হারভেস্টএর পর ধানের কম দাম হয়েছিল মণপ্রতি নয় টাকা এক আনা অর্থাৎ ধানের দাম বেডেছে মণপ্রতি এক আনা। গত বছর এইরকমই দাম ছিল: তার আগের বছর যেবাব ধান ভাল হয়েছিল যেটাকে আমরা বলি বাম্পার ব্রূপ ইয়ার, সেবারেও এর চেয়ে কিছু, কম ছিল ; কাজেকাজেই দাম খুব কমে নি। এখন কেউ কেউ বলছেন, একথা প্রিয়ামবলএ লিখেছিলাম ভুল ক'রে। আড়াই মাস আগেও ভাবতে পারি নি যে, এইরকম কান্ড ঘটবে। কাজেকাজেই আমরা এখন প্রিয়ামবল নাক্চ ক'বে দিতে চাই. পরিবর্তন ক'রে দিতে চাই এবং সংশোধন করে দিতে চাই। আজ বলছি না যে দার্য ক'মে গেছে। এখন দাম কমিয়ে দিতে হবে। যেখানে দাম বাডবে সেখানে শস্য পাঠাতে হবে অলপম্লো, সেখানকার লোকের যা ক্রয়ণন্তি সেই অনুপাতে, যাতে তারা নিজেদের যা প্রয়োজন তা পেতে পারে।

আমাদের বাংলা দেশে যা ধান হয় তা থেকে মোটাম্টি ১৬০ কোটি টাকার ফসল চাষীরা পায়। আমাদের দেশে যে পাট হয় তা থেকে চাষীরা মোটাম্টি পায় ৩০ কোটি টাকা। এবার হারভেস্টএর পর পাটের দাম ছিল ২৩/০: গত বছর ছিল ২২/০: তার আগের বছর ছিল ২১/০। অবশা ১৯৪৭ সালে ছিল ২৭ টাকা, তা থেকে খ্ব বেশি কমে নি। ২৩/০ হ'লে চাষী যা দাম পাবে তা ইকর্নিমক। অবশা পাটের দাম এখন বেড়েই আছে। মাননীয় সদসোরা বলেছেন যে, পাটের দাম যখন বাড়ছে তখন সে লাভ ইন্টারিমিডিয়ারি বা মিড্লমানেরা পায়। অতএব এই প্রস্তাবের দাম যখন বাড়ছে তখন সে লাভ ইন্টারিমিডিয়ারি বা মিড্লমানেরা পায়। অতএব এই প্রস্তাবের সংগে তার বিরোধিতা রয়েছে: কাজেই প্রস্তাবের প্রয়াজন নেই। প্রস্তাবক বলেছেন যে অয়ারহাউস দরকার। মাননীয় সদসাদের বলছি যে, সেন্টাল গভর্নমেন্ট স্টেট অয়ারহাউসিং কর্পোরেশন করাবার জন্য ঠিক করেছেন। আগামী পাঁচ বছরের মধ্যে সেই অনুসারে ৬২টা অয়ারহাউস করবেন, গো-ডাউন করবেন। আমাদের পশ্চিম বাংলায় অনেক ফুডের গো-ডাউন ছিল; সেগ্লিকে অয়ারহাউস এবং গো-ডাউনে পরিবর্তিত করবেন। আজকে মাননীয় সদস্যদের কছে লশ্বা বজ্বতা করে লাভ হবে না। আজ যদি সমস্ত সদস্য—এপক্ষের এবং ওপক্ষের, সকলে সম্বারের মাধ্যমে কাজ আরশ্ভ করেন, তা হ'লে চাষীদের নিয়েই সেই সমবায় করতে ছবে। চাষীদের মালাস সমবায় সমিতিই কিনে নেবেন। সমবায় সমিতি টাকা পাবেন, রিজার্ড ব্যাক্ট বালিক

ভাশভার খালে দিয়েছেন, যে টাকা দরকার তা তাঁরা পেতে পারবেন। তখন তারা চাষীদের বাজার দরে মালোর শতকরা ৮০ ভাগ দিতে পারবেন। পরে যখন দাম বাড়বে সেই সময় উচ্চদরে বিক্রি করতে পারলে চাষীদের আরও বোনাস দিতে পারবেন, ডিভিডেন্ড দিতে পারবেন, আরও টাকা দিকে পারবেন। এই ক'রে আমরা সমস্যার সমাধান করতে পারব। অয়াারহাউস ও গো-ডাউনের যথন প্রতিশন করছি তখন এ প্রস্তাবের প্রয়োজন নাই, এবং ন্যায্য মূল্যে আমরা জিনিস্পূর্ সমবারের মাধ্যমে বিক্রি করতে পারব। মাননীয় সদস্যগণ আরও জানেন যে, আমাদের ভূমি-সংস্কার আইন পাস হয়েছে। তাতে করে সমবায়ের মাধ্যমে যদি ক্রয়ক উৎপাদনের কার্য করে जा হ'লে পর তাকে অনেক স্ববিধা দেওয়া হবে। মাননীয় সদসোরা জানেন, যদি ছোট ছোট কৃষক সমবায়ের মাধ্যমে উৎপাদন করতে পারেন, তা হ'লে আগামী তিন বংসর বিনা পয়সায় তারা উন্নত ধরনের বীজ পাবেন মাননীয় ডাক্তার আমেদ সাহেবের কাছ থেকে: তিন বংংসর তাঁরা ফার্টিলাইজার এবং অন্যান্য জৈব সার পাবেন মাননীয় কৃষিমন্দ্রী মহাশয়ের কাছ থেকে এবং খাজনা হ্রাস করা সম্বন্ধে আমাদের রাজস্বমন্ত্রী মহাশয়ও চিন্তা করছেন। এবং তিনি তাও कीमारा मिएल भारतन। काष्क्रकाष्क्रदे এই প্রস্তাবের কোন প্রয়োজন নেই। সর্বাকছই ওর মধ্যে রয়েছে। এই প্রস্তাবের সপ্গে আরও অনেক জিনিস যোগ করা হয়েছে। ভারত গভর্নমেন্ট ব'লে দিয়েছেন যে, ইন্ডাম্ট্রিয়ালিম্টরা তাঁদের মূল্যে হ্রাস করেছেন। মাননীয় সদস্যগণ জানেন যে. এগ্রিকালচারাল প্রোডাকশনএর দাম কত বেডেছে. ইন্ডাম্থ্রিয়াল প্রোডাকশনএর দাম তত বাডে নি। আমি সেদিন বলেছি, আমাদের কটিরশিলেপর মন্তিমহোদয় তন্তশিলেপর উন্নতিবিধানের জন্য চেণ্টা করছেন এবং তাতে ক'রে যেখানে তিন বংসর আগে ৮ কোটি গজ কাপড হ'ত আজ সেখানে ১১॥ কোটি গজ কাপড় হচ্ছে। সেদিক থেকে কৃষির উৎপাদন বাড়ছে, শিলেপর উৎপাদনও বাডছে এবং ধীরে ধীরে বেকার-সমস্যার সমাধানের জন্য নানারকম চেন্টা চলছে। কাজেকাজেই এই প্রস্তাবের প্রয়োজন নাই এবং আমি এর বিরোধিতা করি।

[4-10-4-20 p.m.]

Mr. Speaker: The mover of the resolution can speak by way of reply, only the mover.

The Hon'ble Prafulia Chandra Sen: After my reply he cannot also speak.

Mr. Speaker: No, he can speak.

[Sj. Subodh Choudhury did not however rise to speak.]

## Sj. Saroj Roy:

मात, श्रम्न मात अक्टोरे आष्ट, 80 मण करत रा थान श्राह स्मणे भाष्ट कर्लाट कि?

Mr. Speaker: I will not allow you to make any question now. You put a separate question. I shall now put the resolution.

The motion of Sj. Subodh Choudhury as amended by Sj. Mrigendra Bhattacharjya, viz.,—

"In view of the wide gap prevailing between the low prices of agricultural commodities and the high prices of industrial goods and also in view of prevailing disparity between the low price of agricultural goods just after harvest and high prices at a later period when crops pass into the hands of middlemen resulting in a great loss and hardship to the vast majority of the people, this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith take the following measures, viz.,—

(i) fix up remunerative floor prices of the agricultural commodities and step in for the purchase of all surplus immediately after the harvest at all the existing markets and also create new markets where the present producers can easily cart their produce:

- (ii) construct warehouses for storing grains at every big market and advance grain loans to peasants in order to enable them to meet their immediate needs;
- (iii) supply foodgrains to the consumers at the same rate and provide subsidy for the far away areas and poorer sections;
Mr. Speaker: Some time should be given for the Ministers to reply. So the discussion on the Opposition side will be up to 11-30. Thereafter the Ministers will reply. I hope the members will not take more than 10 minutes each.

## Dr. Ranendra Nath Sen:

মিঃ দপীকার, স্যার, আমাদের কাছে যে অতিরিক্ত বাজেট উপস্থিত করা হয়েছে সেই প্রসঞ্জে প্রথম কথা হছে যে, সরকার থেকে যথন বাজেট রাখা হয়, তথন থরচ সদ্পর্কে তিনের কোন সঠিক দ্ভি থাকে না বলে হঠাৎ শেষকালটাই এই সাণ্লিমেন্ট্রার বাজেটে এত মোটা টাকার একটা অথক উপস্থিত করতে হয়। স্তরাং এখন কথা হছে যে, কোন সরকারের যদি ঠিক্মত বাজেট স্পেস করবার ক্ষমতা না থাকে, তা হলে এইরক্ম হবে, প্রতি বছর কয়েক কোটি টাকা পরে এই এ্যাসেম্বির সামনে আসবে যে আমরা থরচ করে ফেলেছি, অতএব এটা তোমরা মঞ্জার করে দাও। স্তরাং নীতির দিক দিকে প্রথমে এটাই আমরা আপত্তি জানাই।

দ্বিতীয়তঃ এই বাজেটের মধ্যে গোটা করেক যে কথা আছে সেগৃলি খুবই মারাত্মক। আমি দ্ব-একটা উদাহরণ তুলে দেখাচ্ছি—যেমন, জেনারাল আ্যাডমিনিদেউশন খতে আছে যে, মন্ত্রী এবং উপমন্ত্রীদের যাতায়াতের খরচ বাবত বেশী বরাদ্দ করতে হয়, অর্থাৎ বেশি খরচ হয়েছে। এখন এখানে একটা মন্তবড় প্রশ্ন আছে—আমরা চোথের সামনে দেখেছি যে, বিভিন্ন মকঃবল সহরে বিভিন্ন জায়গায় মন্ত্রী এবং উপমন্ত্রীরা বর্তমানে কিছুদিন ধরে যেখানে যাচ্ছেন, সরকারী খরচে যাচ্ছেন অথচ সেখনে সরকারী কাজ ছাড়াও তাঁদের নিজেদের ব্যক্তিগত দলীয় কাজে তাঁরা ঘুরে বেড়ান সরকারী পয়সায়। যেমন একটা বলতে পারি যে, কলকাতা সহরে মিটিং হয়েছে, অতুলাবাব্র মিটিং, সেখানে মন্ত্রী, উপমন্ত্রীরা ভায়াস্ অলঙ্কৃত করে বন্দেছিলেন—যে মোটরে তাঁরা যাতায়াত করেছেন, সেই মোটর সরকারের মোটর, যে পেট্রোল তাঁরা খরচ করেছেন সেটা সরকারের প্রসায় কেনা পেট্রোল। এটা শুর্ব কলকাতা সহরেই নয়, বাইরেও এইরকম ঘটনা ঘটছে এবং মন্ত্রী-উপমন্ত্রীরা এইভাবে যথেছভাবে তাঁরা খরচ করছেন এবং সেটা আজকে উপস্থিত করা হচ্ছে যে, এটাকে মেনে নেওয়া হোক, এটাকে মঞ্জুর করে দাও। আমরা এটার তাঁর প্রতিবাদ জানাই এবং বলি এইভাবে যদি সরকারের ব্যয়বরাদ্দ চলতে থাকে, তা হ'লে পর আমাদের দেশের জনসাধারণের প্রতি সরকার পক্ষ থেকে স্মৃবিচার করা হবে না।

তৃতীয় কথা হচ্ছে—বিধানবাব আগেকার বাজেটের সময় বলেছেন যে, আমাদের টপ হেভি এ্যান্ডমিনিস্টেশন এটা বলাটা ঠিক নয়। কিন্তু আমি তাঁর সামনে একটা শুধু উদাহরণ দিছি যে, আমাদের পশ্চিমবাংলার চীফ সেক্টোরী তাঁর যে বেতন এবং একটা লোয়ার ভিভিসন ক্লার্কের যে বেতন, তার মধ্যে যথেণ্ট পার্থকা রয়েছে—প্রায় ৬০ গুণ বেশি একজন লোয়ার ভিভিসন ক্লার্কের চেয়ে চীফ সেক্টোরীর বেতন, এটা হিসাব করলে বিধানবাব, দেখবেন, প্রত্যেকেই দেখবেন। স্কুরাং বলা হবে যে, চীফ সেক্টোরীর মত মাইনে আর ক'জন পান, কিন্তু তার পরের অফিসার যদি দেখা যায় তা হ'লে পর দেখা যাবে অসম্ভব একটা খরচ এবং সাধারণভাবে একটা কেরানী—চাপরাসী, পিরনের কথা ছেড়ে দিলাম—তার বেতনের সঞ্চো ২০।০০ গুণ তারতমা আজন্ত রয়েছে এবং সেটা কমাবার লক্ষণ নেই। এই প্রসঞ্চো জেনারাল এ্যান্ডমিনিস্টেশন খাতে হঠাৎ দেখলাম খরচ হিসাবে লেখা হয়েছে "এ্যাপয়েন্টমেন্ট অফ লেবারে একজন স্পেশ্যাল অফিসার ইন দি ডিপার্টমেন্ট অব লেবার"। হঠাৎ কি কারণ ঘটল ডিপার্টমেন্ট অফ লেবারে একজন স্পেশ্যাল অফিসার নিয়োগ করার? কে সেই ভাগাবান ব্যক্তি, তার কত বেতন, তাকে কেন রাখা হল তার কৈকিয়া এখানে চাই এবং এটা টপ হেভি অ্যান্ডমিনিস্টেশনের আর একটা নম্মুনা। এখানে

আমি স্পন্ট ভাষার বলতে চাই ষে, লেবার ডিপার্টামেন্ট নিন্দন্তরের কেরানী অথবা স্টেনোগ্রাফার, টাইপিন্ট, তাদের অভাব হয়েছে, বহু ক্ষেত্রে লেবার অফিসারের অভাব হয়েছে, দু'লো আড়াইলো, তিনশো টাকার লেবার অফিসার নিয়োগ করা হয় নি, অথচ হাজার, বারশো টাকা মাইনে দিয়ে স্পেশ্যাল অফিসার নিয়োগ করা হয়েছে। আমি জানি—কাল মন্দ্রীমহাশরের সঙ্গো একটা কনফারেন্সে বসেছিলাম—ডুয়ার্স এলাকার ১৫৪টি চা-বাগানে একটা লেবার অফিসার, ডিসপুটের সমাধান করতে দু' বছর লাগে। ব্যারাকপুর মহকুমায় একজন এ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার আর একজন লেবার অফিসার আছেন। ব্যারাকপুর মহকুমায় একজন এ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার আর একজন লেবার অফিসার আছেন। ব্যারাকপুর মহকুমায় একজন এ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার আর একজন লেবার অফিসার আছেন। ব্যারাকপুর মহকুমায় একজন এ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার আর একজন করতে বহু সময় লেগে যায়, কারণ, টাইপ করবার জন্য তাদের বহুক্ষণ বসে থাকতে হয়। স্কুরাং স্পেশ্যাল অফিসার নিয়েগ করবাব কি দরকার ছিল, কি তার কাজ? আমি ঘ'নষ্ঠ-ভাবে লেবার মুভ্যেন্টএর সঙ্গো জড়িত আছি, আমি হাই, দেখি কোন কছে নেই। যা কাজ তা সেক্টোরী, লেবার ডিপাট্মেন্টের করতে পাকেন। লেবাব কমিশনার আছেন, মন্ত্রী আছেন, পালামেন্টারে ব্যেক্টার। ভামান সাহেন, আছেন, হেয়ারারকি অব হাই অফিসিয়ালস এ্যান্ড মিনিস্টাসা, তারপরেও কেন এইরকম রাখা হবে?

## [:\frac{1}{40}-9-50 a.m.]

বিভিন্ন খাতে আমরা দেখতে পাব, এমন কি রিফিউজি ডিপার্টমেন্টএ আমরা দেখছি, সেখানে মাথাভারি খরচা, এবং নানারকম ডিপার্টমেন্টএর অফিসারের পদ স্থিত করা হয়। অগচ গত বংসর কতকগুলি প্রতিপ্র্যুতি রিফিউজি ডিপার্টমেন্টথেকে দেওয়: হয়েছিল সেগ্র্লি প্রতিপালিত হয় নি। তার দ্বু-একটি আমি তুলে ধরতে। এই কলকাতার অলপ দ্বের উল্টাডাঙ্গা অঞ্চলে প্রাদেশিক সরকার এবং কেন্দ্রীয় সবকার বলেছিলেন যে, একটা পার্মানেন্ট বাজার তৈরি করে দেবেন। সমসত স্কীম হল, খংরের কাগজে পর্যানত বের্ল্ল। আমরা যতদ্বে জানি মেহেরচাদ খায়াও এটা এগ্রেল্ড করেরছিলেন। কিন্তু এক বংসর হয়ে গিয়েছে, তাদের যে খরচা করবার কথা, যে বাদেশ্যা করার কথা ছিল তা করেন নি। এখন অনাভ বে অন্য খাতে খরচা হয়েছে সেটা তারা দেখাতে বাসত। আরেকটি জিনিস আমি দেখাতে চাই, যেটাতে আমাদের মনে একটা ঘোবতর সন্দেহ উপস্থিত হয়েছে:—

### Grant No. 52--Loans and Advances by the State Government

যেখানে দেখান হচ্ছে লো ইনকাম হাউসিং গ্র.প স্কীমে ৬৫ লক্ষ টাকা। বাাপারটা ব্রুবতে পারলাম ন্ কিভাবে এত টাকা ৩১এ মার্চ এর মধ্যে খরচা হয়ে যাবে। তাই যদি হয় তা হ'লে মন্ত্রীমহাশয় বলবেন কি কোন্ লোক পেল, তাদের নামগ্রাল উপঙ্গিত করতে পারেন কি? আমাদের কাছে অভিযোগ এসেছে যে, মন্ত্রিসভার অনুগ্রীত লোকেরা এবং কংগ্রেস পার্টির লোকের। পাছে। আমাদের কাছে দ:-একটা উদাহরণ আছে যারা উপযান্ত লোক তারা চেয়ে পান নি। আমরা জানতে চাই, কত লোক কিভাবে এবং কোন, সর্তে পেয়েছে? তার জবাব আশা করি দেনে। এখানে আমি বলতে চাই, উপযুক্ত লোক চেয়ে পায় নি আর নিজেরা দল পেষ্য করছেন এটা সতিই সারা বাংলাদেশের পক্ষে লম্জাজনক ব্যাপার। এখানে আমার বক্তব্য হচ্চে এখানে আলোচনা না করে যেভাবে টাকাটা খরচ করা হয়েছে সেটা অভ্যনত দঃখের বিষয়। প্রলিসের ব্যাপারে আরও **থাচ দেখান হয়েছে। বিশেষ করে আমরা দেখাছ যে** এর্গসম্ভ্যান্ট স্পোর্টেন্ডেন্টএর পদ খালি পড়ে আছে সেখানে লোক নিয়োগ করতে হবে তার জন্য থরচা। আমরা বার বার বলছি কোথায় প্রিলসের থরচা সংকৃচিত করবেন, না দিনের পর দিন বাডান হচ্ছে। এই প্রিলশকে দিয়ে নিজেদের থেয়ালকে চরিতার্থ করা হচ্ছে। এই সংযাভি প্রস্তাবের সমর্থানের জন্য প্রালস নিয়ভ করা হচ্ছে। এই সে দন শিয়াখালাতে একটি মিটিং করতে গিয়েছিলাম। আমার মিটিংএর একটা দুরে দাঁড়িয়ে একটি প্রালিশের লরী হর্ন ব্যক্তিয়ে আমার মিটিংকে নন্ট করে দিতে চাইছিল। তারপর তাকে প্রশন কর তে লর**ী** নিয়ে চলে গেল, এইরকম ত অবস্থা। স্তেরাং এই ধরনের এস্টিমেট আমাদের সামনে আনলে আমরা কিছতেই তা সমর্থন জানাতে পারি না।

- 8j. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, it has almost become a rule with the Government to place before us a list of excess expenditure. From year to year we find that the amount is also increasing.
- Mr. Speaker: There is difference between excess grant and supplementary grant. You are referring to excess.
- 8]. Sudhir Chandra Ray Chaudhuri. I am coming to excess. It is quite relevant because it is for the sanction of the excess expenditure that we have met here and we are called upon to sanction it by the supplementary budget.
- Mr. Speaker: Excess grant, according to the financial term, is an amount to be sanctioned next year after this year, but supplementary grant is for expenditure within the year. There are two diffrent terms.
- 8]. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, I still maintain excess is within the year.
- Mr. Speaker: Please consult the budgetary and financial terms. Excess grant is entirely different from the supplementary grant.
- 8]. Sudhir Chandra Ray Chaudhuri: I have gone through all possible literature on the subject and I have found the word "excess" everywhere and I shall point it out.
- Mr. Speaker: I say there is a word "excess" but that is for the next year. This is supplementary grant.
- 8]. Sudhir Chandra Ray Chaudhuri: Now, Sir, Rs. 11,29,26,000 is the amount of the excess over the budget that was presented to us for the year 1955-56. It, of course, includes certain charged amounts also, but that is not the reason why Government failed to include this entire amount in the original budget. It is only in exceptional cases, it is only in unforeseen cases, that a supplementary budget could be justified. But what do we find? We find from this supplementary budget that the amounts, barring only one instance, which could be included in the original budget, were not so done. The reason is that the administration is being run very loosely, very inefficiently and very arbitrarily and this is due to our Chief Minister holding many portfolios including the portfolio of Finance. Sir, he is the person who is ordering expenditure and he is the person who is releasing it from the Government's till without sufficient control and scrutiny.
- Sir, it is high time that we should record our permanent disapproval on these departmental excess expenses. When a certain amount of expenditure for a particular service has been determined by this House, it is the bounden duty of the Minister-in-charge, who has the service under his control, to take care that the expenditure does not exceed the amount placed at his disposal for the purpose.

[9-50-10 a.m.]

Sir, even rent, arrears of rent, arrears of salary payable by certain departments were not included in the original estimate. There is no excuse for it. The departments concerned should not have slept over these items. They should have included items like these as payment of rent, wages, rent of a particular building, payment of arrears of salary of a particular officer. Could not the department foresee them and include them in the original budget?

Then, Sir, about agriculture—supply of manure. How could this expenditure be incurred pursuant to a post-budget decision? The Government was, as we understood here, encouraging distribution of manure amongst the peasants. How in the midst of the current year could they take a decision like this? Was it not possible for them, was it not prudent for them to take a decision earlier, particularly when they were telling the people: "We are here to improve the agriculture of the country." In the midst of the year, they found one morning that they should supply manure, and they took a decision and spent a large amount over it. This only indicates their complete ignorance of the subject and total incompetence so far as the Ministry is concerned.

Now, Sir, about expenditure on travelling allowances of Ministers, and on Police and Famine. The Ministers as a whole draw salaries of over Rs. 3 lakhs. The gentlemen who draw a salary of over Rs. 3 lakhs are given every year travelling allowances of over Rs. 2 lakhs. Why Rs. 25,000 more this year? We would like to know from Dr. Roy if any portion of this expenditure was incurred due to his travel to Delhi over the merger plan or for the journey of his Ministers to go to their constituencies and to advertise his plan amongst the local people, if any portion of this expenditure, this post-budget estimate is due to his post-budget union plan or not.

So far as Police expenditure is concerned, how could that be under a decision taken all of a sudden? Last year there was provision for revision of the emoluments of the lower grade police. We pointed out that the money that was provided for was not spent, due to which there was growing discontentment amongst the policemen. The need, the necessity of providing the poor ill-paid, lower grade police officers was there. It was known to Government. Why did they not provide this amount in the original budget? What was the necessity of coming to a decision after the budget was passed? I charge Government that it was to placate the police officers with a view to set them up against the popular anti-merger movement.

Now, Sir, about famine. More than Rs. 2 erores was spent above the budget estimate. There was a lot of complaint over expenditure under this head. Corruption, distribution of undue patronage were complained of by various speakers from this side of the House. Sir, much detail has not been given about this large expenditure in this small supplementary budget. We have felt that unless rigid control was placed over this expenditure there was going to be, as has been done in the past, secret payments to the proteges of the party in power for party propaganda. All this expenditure, mostly important expenditure, was incurred in our view to get the union plan thrust upon the people, and steps were taken from all sides, so that at least a number of people could be made mum.

Sir, one thing that I would ask Dr. Roy is to give up the Finance portfolio, if he really wants the abuses in the administration to disappear. He is laughing, as usual with him. He thinks that he is indispensable. I want to remind him that no one in this world is indispensable. Many a great ruler had come and gone away, but the administration continued as usual. It is high time that he realises his defects. His end, as I see, is near, and he has hastened it, I say with all the emphasis I can command, by his ill-begotten union plan.

### Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, আমি এতদিন ধরে ষেসমস্ত অভিযোগের কথা বলে আসছি, তা প্রায় কমে যাবে যদি মাননীয় ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় একটা ইকর্নাম কমিটি গঠন করেন। এশ্বা এইসমস্ত খরচখরচা দেখবেন, চেক করবেন; এ সন্বন্ধে মন্দ্রীমহাশরের কি আপত্তি আচে তার কোন অভিমত দেন নি। আমি বলব, আজকে অভিমত প্রকাশ কর্ন, তাঁর কি বাধ আছে এই ইকর্নিম কমিটি গঠন করবার জনা। যখন দেখা যাচ্ছে অন্যান্য প্রদেশ, যেমন বিহার উত্তরপ্রদেশ তারা ইকর্নিম কমিটি গঠন কুরে তাদের খরচ কমিয়েছে তখন তিনি সেটা কে করবেন না? আমি আশা করি এর উত্তর মাননীয় মন্দ্রীমহাশয় তাঁর জবাবে দেবেন। অবশ আমি একথা বলি না যে, কোন পার্টির লোক নিয়ে এটা কর্ন। আমার মতে, যারা উপযুহ্ ইকর্নিমস্ট, যাদের এ সন্বন্ধে বিশেষ জ্ঞান আছে, তাঁদের নিয়ে এই কমিটি গঠন কর্ন; তাঁর গভর্নিমেন্টের সমস্ত ভিপার্টমেন্টের যা কিছু খরচখরচা সব হিসাব করে দেখে, কি ইকর্নিফ করতে পারেন এবং কোনখানে, কোথায় ইকর্নিম এফেক্টেড হতে পারে সেই সমস্ত বিবেচন করবেন। আমি বলব, এইরকম একটা কমিটি এক্ষনি গঠন করা একান্ড প্রয়োজন। অপ্য স্পেট যখন এটা করে লাভবান হচ্ছে, তখন আমরা কেন করব না, তা ব্রুতে পারিছি না।

তারপর, কোর্ট স্ট্যাম্প সম্বশ্ধে বর্তমান নিয়ম কিছু পরিবর্তন করবেন বলেছেন; খুব ভাল কথা। যেহেতু এ্যান্টি-ডেটেড স্ট্যাম্প নিয়ে অনেক গোলমাল হয়ে আসছে, সেখানে আমি অনুরোধ করব, আর একট্ পরিবর্তন করে যাতে এই স্ট্যাম্পএর শেষের দিকে, যেখানে ক্রেতার নাম ও সাকিন লেখা আছে, যেমন ভেন্ডর ঐ স্ট্যাম্প বিক্রয় করছে তার নাম লেখা থাকে, ঠিক তেমান যে ক্রেতা তার নিজের হাতের সই ও টিপ থাকবে। এইরকম ব্যবস্থা করলে পরে, ভেন্ডরএর হাতের টিপ নিয়ে, অনেক অগ্রবর্তী তারিখ দিয়ে যে দলিলের কাজ হয় সেটা বন্ধ হয়ে যাবে। এমন কি দেখা যায় যে, মৃত ব্যক্তির নামেও স্ট্যাম্প কিনে জোচ্চুরি চলে আসছে। উড়িষ্যা প্রদেশে এই ধরনের ব্যবস্থা প্রচলিত আছে; এখানেও উনি এটা চাল্ব কর্ব এবং এর জন্য র্লটা যেরকমভাবে পরিবর্তন করা দরকার সেইরকম কর্ন।

## [10-10-10 a.m.]

তারপর মেদিনীপুর জেলার দাঁতনের সাব-রেজিম্টি অফিস একটা জীর্ণ ঘরের মধ্যে আছে মাটির দেওয়ালে বীম দিয়ে সে ঘর কোনরকমে খাড়া রাখা হয়েছে, তার দ্ব-একটা বীম ভেঙ্গে গোলেই যে-কোন মৃহ্তের্ত তা কোলাপ্স করতে পারে। সেখানে একটা বিল্ডিং হ্বার জন সাইট সিলেকশন হয়ে অনেক আগেই লাান্ড এ্যাকোয়ার করা হয়েছে, কিন্তু সে বাড়ীটা হয়ার কেনা লক্ষণ দেখছি না। সেটা যাতে শীঘ্র হয়় তার ব্যবস্থা করা উচিত।

এখানে আর-একটা জিনিসও বলতে চাই—সেটা হচ্ছে ঘ্ট্যাম্প ভেন্ডার্স লাইসেন্স যাদের আছে তাদের ডাঁড-রাইটার্স এর লাইসেন্স না দেওয়ার ব্যাপার নিয়ে আমার কিছু বলবার আছে অনেক জায়গায়ই বিশেষতঃ মফঃম্বলে স্ট্যাম্প-ভেন্ডারদের ডাঁড-রাইটার্স এর লাইসেন্স দেওয় হয়েছে কিন্তু দাঁতনে ৫ ৷৬ জনকে এইরকমভাবে দেওয়া হয় নাই। তাদের দাবা অগ্রাহ করেছেন। তারপর তারা ইন্সপেক্টর-জেনারেল অব রেজিদেইশনএর কাছে অ্যাপাল করেছিল কিন্তু তিনি কোন কথা বলার স্যোগ না দিয়েই আরবিটেরিলি তাদের আপাল অগ্রাহ করেছেন। এমন কি তিনি আপাল শ্নানীর তারিথ পর্যন্ত দেন নি এবং যেহেতু তিদি দেখিয়েছেন যে, ঘট্যাম্প-ভেন্ডার্স ডাঁড-রাইটার্স এর লাইসেন্স পেতে পারে না। সে গ্রাউন্ড টেক্সই নয় এই কারণে যে, মেদিনীপ্রের ভিন্মিক্ট রেজিন্টার ঐরকম লাইসেন্স করেকটি ক্ষেয়ে মঞ্জর করেছেন।

তারপর, স্যার, আমি মাননীয় পাঁজা মহাশয়কে বলতে চাই, গভর্নমেন্ট থেকে যে অনেকগুরি শপু থোলা হয়েছে—

as sales depots for sale of handloom clothes

তাতে কতকগ্রনি জায়গায় হয়তে কিছ্ব কিছ্ব লাভ হচ্ছে, কিণ্টু কতকগ্রনি জায়গায় লোকসাল হচ্ছে। দাঁতনের কথা জানি, সেথানে ঘরভাড়া হচ্ছে ৩০ টাকা, একজন কর্মচারী আছেন, তাঁলে দেওয়া হয় ৬০ টাকা। অথচ দৈনিক ১০ টাকার কাপড়ও বিক্রি হয় দা। এইরকম দোকার রেখে লাভ কি? হয়ত বলবেন য়ে, প্রচারের কাজ হচ্ছে। সে আলাদা কথা। কিণ্ডু র্যা কাপড় বিক্রয়ই উদ্দেশ্য হয় তা হ'লে আমি বলতে চাই—অনেক জায়গায় অনেক বড় দোকা

আছে, আমি শৃধ্ দাঁতনের কথাই বলছি না, আরও অনেক জায়গার কথা বলছি, বেখানে লোকসান হচ্ছে সেখানে যদি সেইসব বড় দোকানের মারফং তাদের কমিশন দিয়ে ঐ কাপড় বিক্লি করার ব্যবস্থা হয়, তা হ'লে সাধারণের অর্থ এইভাবে নন্ট হয় না।

তারপর দৃত্তি ক্ষমন্ত্রী মাননীয় প্রফল্পে সেন এখানে উপস্থিত নাই। আপনার মাধ্যমে তাঁকে বলছি—মেদিনীপুর জেলার দাঁতন, মোহনপুর, নারায়ণগড়, কেদিয়ারী থানার জায়গায় জায়গায় ১০৬১-৬২ সালে ধান হয় নাই। সেইজন্য সেখানে ফেমিন কন্ডিশন এসে গিয়েছে। অতএব সেইসব জায়গায় বাতে নানারকমের টেস্ট রিলিফের কাজ আরদ্ভ হয়, সেই বাবস্থা করবেন এবং বাতে বৈশাখ মাসেই আরদ্ভ হয় সেই চেন্টা যেন করেন। আশা করি কোয়শ্চেনএর সময় তাঁকে আরব্য এ সম্বন্ধে সমর্গ করিয়ে দিতে হবে না।

তারপর, স্যার, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোক্তেক্টের উপর বলেই আমি শেষ করব। আমাদের ওখানকার এস-ডি-ও আমাদের আশা দির্মোছলেন যে, দাঁতনে একটা কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার হতে পারবে। তারপর শুধু আমরাই নই কংগ্রেস মেন্বাররাও তাঁর পিছনে পিছনে ঘুরেছেন। এখন আপনার মাধ্যমে মুখ্যমন্তীমহাশয়কে বর্লাছ—আমরা যখন একট্ব আশা পেরেছি যে, দাঁতনে কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার হবে, সেন্থলে যদি না হয়—

## Mr. Speaker:

আর কত বলবেন? আপনি ত কাট মোশনই দিয়েছেন।

## Sj. Jnanendra Kumar Chaudhury:

আমি ত বেশি বলি নি। দাঁতন একটা প্রানো জায়গা। একটা হিস্টরিক্যাল পেসা। সেখানে বৃশ্ধদেবের দাঁত রক্ষিত হয়েছিল, সেখান থেকে তায়লিশ্ত হয়ে সেই দাঁত সিংহলে গিয়েছিল। আগে তার নাম ছিল দন্তরক্ষপ্রম্। তারপর চৈতনাদেবও ঐথান দিয়ে প্রী গিয়েছিলেন। তিনি যে বাড়ীতে বসেছিলেন সে বাড়ী এখনও সেখানে আছে, আর শ্ব্ধ প্রাচীনম্বেই নয়, আধ্নিককালে দাঁতনে রেলস্টেশন ম্নেফ কোট, রেজিস্টি অফিস প্রভৃতি বহু অফিস, তিনটি বিদ্যালয় প্রভৃতি আছে। তা ছাড়া, উড়িষার বর্ডারে এবং ছোটখাটো বাণিজাকেশ্ব বলে সেখানে একটা কমিউনিটি ডেভেলপ্যেন্ট প্রোজেই সেন্টার হওয়া উচিত। এবং সেটা যাতে হয় সেজনা মন্টীমহাশ্রকে আমি অন্রেরধ করছি।

### Si. Subodh Banerjee:

মিঃ দপনীকার, স্যার, মূল বরান্দ যেখানে ৬২ কোটি টাকা, সেখানে ১১ কোটি টাকা অতিরিপ্ত বায়বরান্দ চাওয়া হয়েছে। এ থেকে বোঝা যায় যে, পশ্চিমবংশ সরকার যখন কোন বিষয়ে একটা পরিকলপনা গ্রহণ করেন সে পরিকলপনার মধ্যে একটা দ্রেদ্ভিট থাকে না কিন্দ্রা স্কৃত্ব নীতি থাকে না, যায় ফলে কোথায় কি খরচ করবেন না করবেন সেগ্লি ঠিকভাবে দেখতে পান না। যখনি আমারা একটা পরিকলপনার কথা বলি, কি করব তার একটা ছবি আমাদের চোথের সামনে থাকবে যে, কোন্ কোন্ বাবদ আমারা কতটা খরচ করব—এইরকম একটা স্কৃত্ব ধারণা আমাদের চোথের সামনে সর্বদা থাকা দরকার। আমি বলব, অংশুক কিছ্ব কম বেশি থাকতে পারে! কিন্তু ৬২ কোটি টাকার বায়বরান্দ যেখানে, সেখানে এক-যুন্টাংশের বেশি অতিরিপ্ত বায়বরান্দ নিয়ে আসাটা একটা স্কৃত্ব বিচারবৃন্দ্রির পরিচায়ক নয়। সেইজনা আমি বলছি, অংশুভঃ ফাইনান্স মিনিস্টার এবং ফাইনান্স বিভাগের যায়া নাকি উচ্চস্তরের কর্মচারী তাদের কারোই ফাইনান্স বিভাগায় দৃষ্টিভিভিগ নাই, এবং তাদের যে কর্তব্য সে কর্তব্য করবার উপযুক্ত

শ্বিতীয় জিনিস, আমি কয়েকটি বিষয় নিয়ে এখানে বলব। প্রথমত জেনারেল এাডিমিনিস্টেশন খাত নিয়ে বলব। জেনারেল এাডিমিনিস্টেশন খাতে দিয়েছেন—এই এই বাবদ মোট খরচ কর্ববেন ৮ লক্ষ ৫১ হাজার টাকা। কি কি বাদ ধরচ হচ্ছে? সেকেন্ডারি এডুকেশনকে আরও শক্তিশালী করবার জন্য নয়, খরচ কর্ছেন অফিসারদের মাইনের বাবদ, এম্টাবিলশমেন্টএর বাবদ। তারপর লেবার ডিপার্টমেন্টে একজন স্পেশ্যাল অফিসার নিষ্ক করেছেন। সে

শেপশ্যাল অফিসারটি কে? একজন রিটায়ার্ড পার্সোনেল! আগে জয়েন্ট সেকেটারী ছিলেন, পিরিয়ড অফ সার্ভিস ওভার হয়ে গেছে, তাঁকেই আবার সেখানে বসিয়ে দিলেন! এদিকে সরকার বলে বেড়ান—তাঁরা বেকারসমস্যার সমাধান করবেন, কিন্তু তাঁদের যা নাকি কর্মধারা তাতে ফ্রেস রাডএর আর আসবার কোন সম্ভাবনা নাই। ন্তন লোক বাঁরা, বয়স যাঁদের কম, যাঁরা নাকি উৎসাহের সন্গে কাজ করতে পারবেন এবং যাঁদের নিলে পর বেশি লোক নিযুক্ত করতে পারবেন—এটা ত পরিক্ষার বোঝা যায়, কিন্তু সরকার তা না করে মোটা মাইনের লোক, যাদের নাকি পিরিয়ড অব সার্ভিস চলে গেছে, তাদের নিযুক্ত করবেন। এইরকম নিযুক্তির যে কি যাক্তি আছে আমি তা ব্রুতে পারি না। স্পেশ্যাল অফিসার ইংরেজের আমলে ছিল না। তারা কথনও সার্ভিস থেকে যে রিটায়ার্ড হয়ে গেছে সে লোককে আবার এনে বসাত না। শ্তরাং এই ধরনের স্পেশ্যাল অফিসার এনে বসাবার কি প্রয়োজন আছে একথা আমরা ধারণা করতে পারি না।

## [10-10-10-20 a.m.]

এইরকম লেবার ডিপার্টমেন্টএও হচ্ছে, তার একটা উদাহরণ দিচ্ছি। লেবার কমিশনারএর দশ্তরের মধ্যে দেখলে দেখতে পাবেন কয়েকজন মাত্র ডেপর্টি লেবার কমিশনার, অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার, লেবার অফিসারস কর্নাসিলিয়েশনএর কাজ করে উঠতে পারছে না। এক একটা কর্নাসলিয়েশন হতে ৫।৬ মাস সময় লাগে, যে জায়গায় আইনের মধ্যে উল্লেখ আছে যে, ১৪ দিনের মধ্যে কর্নাসিলিয়েশন প্রসিডিং শেষ করতে হবে। তাঁদের জিজ্ঞাসা করলে বলেন যে, আমাদের লোক নেই, মাত্র একজন টাইপিষ্ট ও স্টেনোগ্রাফার। লোক না বাডালে পর ১৪ দিনের জায়গায় ৬ মাস লাগবেই। এইরকম বারাকপুরে লেবার কমিশনারএর অফিসে একজন মাত্র অফিসার আছে, সে ভদ্রপোক চলে গেলে আর কাজ হবে না। এইজনা ইভ ন স্মাই-এন-টি-ইউ-সি সেই জায়গায় স্টাফ বাড়াবার কথা বলেছেন। কিন্দু সেখানে নিদ্নপদস্থ কর্মচারী বাড়ান নি, বাড়িয়েছেন—একটা বৃদ্ধো লোককে বসিয়ে দিয়ে ১৫ শত টাকা মাইনে দিচ্ছেন। তাঁর কাব্রু হচ্ছে নীচের দিক থেকে যথন সমস্ত রিপোর্ট যাবে, সেই রিপোর্ট দেখে ট্রাইবানালএ কেস দেওয়া যাবে কিনা এইটা শুখু দেখবেন। সেইজনা নীচের দিকের কাজ যাতে ভিসপোজ করা যায় সেটা না করে উপরে একটা বড়ো লোককে বসিয়ে দেওয়া হয়েছে দেপশ্যাল অফিসার করে। এর জন্য লোকের এ্যাডিমিনিস্টেশনএর এফিসিমেনিস বাড়ে না বরং কমে যাচ্ছে। মান্মকে স্বাভাবিকভাবে যদি প্রোমোশন না দেন তা হ'লে একটা লোকের প্রোমোশন, প্রসপেষ্ট, তাদের আশা-আকাধ্ফাকে দমিয়ে দেওয়া হচ্ছে। অতএব এদের প্রোমাশেন দিন, নইলে ডিপার্টমেন্টের এফিসিয়েন্সি বাড়তে পারে না। রিটায়ার করা বয়স্ক লোককে এনে স্পেশ্যাল অফিসার না করে ন্তন লোককে প্রোমোশন দিন, তা হ'লে ডিপার্ট-মেন্টের এফিসিয়েন্সি বাড়বে, নইলে বাড়বে না। এইরকম ধরণের লোককে এনে স্পেশ্যাল অফিসার করা অন্যায়।

তৃতীয় জিনিস, প্রিলশের জন্য মোটা টাকা বরাদ্দ করা হয়েছে। প্রিলশের এই খরচের জন্য ব্ঝাবার চেন্টা করা হয়েছে এবং কনস্টেবলএর মাইনে বাড়াবার কথা বলা হয়েছে এবং এখানে বাড়ান হয়েছে। স্বতরাং প্রিলশের খাতে বেশি থরচ হয়েছে। কিন্তু তার জন এখানে অধিকসংখ্যক ইন্সপেক্টর নিষ্তুক্ত করার দরকার নেই। ক্যালকাটা প্রিলশিএ দেখণে পাছিছ ইন্সপেক্টরদের জন্য ৭৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে; সার্কেন্টদের জন্য ৭৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে; সার্জেন্টদের জন্য ৭৫ হাজার টাকা দেওয়া হয়েছে এবং এইজন্য বায়ব্রিছ্ম হয়েছে। কিন্তু আমরা সাব-অভিনেট অফিসারদের মাইনে বাড়ানর কথা বলি নি। যাদের মাইনে বাড়ানর কথা বলেছিলাম তাদের মাইনে সরকার বাড়ান নি তাদের নিজেদের হাঙ্গার-দ্মাইক করে মাইনে বাড়াতে হয়েছে এবং আরও আপনাদের বাড়ানোর দরকার আছে। তারপর আমি প্রিলশের একজন বড়কর্তার কাছে শ্নেছি যে, সম্প্রতি একট সার্কুলার দেওয়া হয়েছে, তাতে এই কথা বলা হয়েছে—কার আদেশে হয়েছে জানি না—এত দিন আমরা জানতাম যে, এগ্রান্ট-রাউডি যে কাজ করে আসছিল সম্প্রতি এটাকে রাউটি লা করে রাফ করা হছেছে। এবং এইসম্যত রাফ যারা প্র-মার্জারেক সমর্থন করে তাদের ধরে তাদের হয়রাণ করে না। অর্থাং যারা ডাক্টার রায়ের মার্জারকে সমর্থন করে তাদের ধরে

না বরং তাদের নিয়ে এসে মার্জারএর পক্ষে আন্দোলন করার সুযোগ করে দাও। এইকথা আমি একজন পর্বালশ অফসারএর কাছ থেকে শুনেছি, তাদের কাছে এই সার্কুলার এসেছে এবং তারা এটা আমাকে বলেছেন। এতেই ব্ঝা যায় য়ে, বিধানবাব্র এই পরিকল্পনা চাল্ব করবার জন্য সারা বাংলাদেশ তার বির্দেধ যে আন্দোলন করছে সেটা নন্ট করবার চেণ্টা করছেন। এবং দ্ব-একদিন আগেও বলেছি য়ে, প্রোভোকেশন দিছেন একথা এখানে পরিক্লার বোঝা যায়। এখানে যে শান্তিপ্র্ণভাবে আন্দোলন চলেছে সেটাকে বানচাল করে দেবার চেন্টা করছেন। এইভাবে পর্বলিশরাজ আনছেন এবং এইসব পরিকল্পনা যা করছেন তার জনা এই টাকা থরচ করছেন। এই 'অজি অব ভায়োলেন্স' আমরা সমর্থন করতে পারি না। সেইজন্য আমরা দাবী করব, এই যেসমন্ত বড় বড় প্রিলশ অফিসারদের মাইনে বেশি করার বাবন্ধা হয়েছে সেইগ্রালি তুলে নেওয়া হোক।

## Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলা সরকারের একটা রেওয়াজ হয়ে পড়েছে যে বাজেট হবার পরেও কিছু টাকা থরচ করা—এটা আমরা প্রতি বছরেই দেখে আর্সাছ এবং এবারও এই বছরে প্রায় ১১ কোটি টাকা অতিরিক্ত বায়বরান্দ ও'রা চেয়েছেন। আমি বেশি সময় নেব না বলে আমি যে কাট মোশান দিয়েছি তার মধ্যেই আমি বলব।

প্রথম কথা হচ্ছে যে, সরকার চান দুন্নীতি দমন করতে, কিন্তু জেনারেল এ্যার্ডামনিন্দের্যশনএ
শিক্ষাবিভাগের জন্য ও'রা যে প্রায় দেড় লক্ষ টাকা চেয়েছেন সেই শিক্ষাবিভাগে কিভাবে
দুর্নীতি দমন যে হয় তার একটা বিশিষ্ট প্রমাণ এখানে দিচ্ছি। সেটা হচ্ছে যে, গত বছরে
টি-আর ওয়ার্কএর কাজে বাকল্ থানার সোনাখালির যে রাস্তা তাতে প্রায় ১০।১২ হাজার
টাকা সেখানে যাঁরা পরিচালকগণ ছিলেন তাঁরা মেরেছেন এবং সেই কেস ধরাও পড়ে যায়।
তাদের সেই কেস ধরা পড়বার পর তাঁন্বর করছেন। একজন প্রার্থামক শিক্ষক এই বিষয়ে
পুলিশকে সহায়তা করবার জন্যে তাকে অন্য জায়গায় বদলী করে দেওয়া হয়েছে। অর্থাৎ
যাতে সে পুলিশকে সহায়তা না করতে পারে বা যাতে ঐ দুন্নীতি ধরা না পড়ে। এইভাবে
শিক্ষাবিভাগে দুন্নীতি যাতে ধরা না পড়ে বা এইরকম অতিরিক্ত টাকা নিয়ে তাঁরা দুন্নীতিকে
পোষরে ব্যবস্থা করছেন—এটাই হচ্ছে তার একটা প্রমাণ।

দিবতীয়তঃ কলকাতার পর্নিলের কথা। আমরা পেপারে দেখেছি যে ফটোসহ একটা আন্ডারগ্রাউন্ড টেলিফোন এক্সচেঞ্জ ধরা পড়েছে, কিন্তু যেসমস্ত রাঘববোরাল ধরা পড়েছে তাদের নাম এখনও প্রকাশিত হয় নি এবং শ্বা যাছে যে, সেইসমস্ত কেস নাকি চেপে দেবার বাবস্থা হছে। এইরকমভাবে যারা গভন মেনেটর হাজার হাজার টাকা ফাঁকি দিছে এবং এইরকম একটা এতবড় আন্ডারগ্রাউন্ড টেলিফোন এক্সচেঞ্জ করে ভেতরে ভেতরে কারবার কর্মছল তারা ধরা পড়া সত্ত্বেও সেইসমস্ত সমার্জবিরোধী লোকদের প্রকাশ্য আদালতে বিচার না করে চেপে দেবার ব্যবস্থা করা হছে এবং দীর্ঘদিন ধরে এইরকমভাবে টালবাহানা করার পর এই কেস প্রত্যাহার করে দেওয়া হবে। এইসবের জনোই মনে হয় অতিরিক্ত টাকা খরচা হছে। অতএব এই টাকা খরচা করা অন্যায় হছে বলে আমরা মনে করি।

তৃতীয়তঃ, গত বছর আমাদের ওখানে টি আর ওয়ার্ক হয়েছিল। সেই টি আর ওয়ার্ক এ পটাশপুর থানার কাঁথিতে কুটনীতে ধান কোটার জন্যে যথন তাদের ধান দেওয়া হয়েছিল তখন সেইসমুহত চাল তাদের কাছ থেকে এবং পাওনা সমিতির কাছ থেকে বহু চাল উধাও হয়ে গেছে। আজু প্রায় ৬।৭ মাস হয়ে গেল তার সম্পূর্ণ পাওয়া যায় নি। সেই টি আর ওয়ার্ক এর কাজ শেষ হয়ে গেছে, কিন্তু যেসমুহত ধানচাল দেওয়া হয়েছিল তা এখনও পর্যন্ত কেন আদায় করা হয় নি—এটা একটা বিচারের বিষয়। আমার কাছে সংবাদ এসেছে য়ে, সেখানে দুটি সদর সমিতি আছে, তার মধ্যে একটা সামিতির কাছে ৯৫৭ মণ শুক থাকা দরকার। এক-একটি সদর সমিতির হাক থাকা উচিত ১০৪ মণ, কিন্তু সেখানে আছে মার ২৮ মণ। তারপর এ ছাড়া মকরামপ্রে ৭১ মণ থাকা দরকার, সেখানে আছে ৩৫ মণ; জাগদা সমিতিতে ২২৪ মণ থাকা দরকার, সেখানে আছে ১০০ মণ; অধর দাস ঐ সমিতির সম্পাদক। তার কাছে থাকা দরকার ৩৫০ মণ, সেখনে আছে মার ১৫ মণ এবং সারদা

সমিতির কাছে ১৮৫ মণ থাকা দরকার, আছে মাত্র ৮৫ মণ। অতএব আমার বক্তব্য হচ্ছে বে. এই যেসমুহত দুনীতি হচ্ছে, এইসমুহত দুনীতিগলোকে চেপে দেবার ব্যবস্থা হচ্ছে, তাডাতাডি একটা ফয়সলা করা হচ্ছে না এবং এইভাবে হাজার হাজার টাকা সরকারের অপব্যয় হচ্ছে। শোনা যায় যে, পটাশপুরের এই ঘটনার সঙ্গে একজন উপমন্দ্রীও জড়িত আছেন, দেখা যাচ্ছে যে, মন্দ্রীরাই এই সমস্ত দুনীতিকে সমর্থন করেন। যাই হোক, এইসমস্ত দুন্নীতি ধরা পড়লে তাড়াতাড়ি ফয়সলা করে যদি দুন্নীতিকারীদের শাস্তি না দেওয়া যায় তা হ'লে কোর্নাদনই দুর্নীতি বন্ধ হতে পারে না, কিন্তু পুলিশ বিভাগের জন্য লাখ লাখ ঢাকা চাওয়া হচ্ছে। অতএব এইসমস্ত ব্যাপারের যাতে তাড়াতাড়ি ফয়সলা হয় এবং যাতে এখনি এইসমস্ত জিনিসের অডিট গভর্নমেন্ট থেকে করা হয় তার ব্যবস্থা করা দরকার। এবং সেইসমস্ত অপরাধীদের প্রকাশ্য কোন আদালতে বিচারও হওয়া দরকার।

শেষ কথা হচ্ছে যে, এখানে খাদ্যসঙ্কট দেখা দিয়েছে। গত বছরে এখানে টি আর ওয়ার্ক করা হয়েছিল বলে ক্ষেত্যজার গরীবরা খানিকটা খাদ্যসৎকট থেকে রক্ষা পেয়েছিল, সতেরাং যাতে এ বছরও টি আর ওয়ার্ক করা যায়, তার ব্যবস্থা করন। আমরা বাজেট প্পীচের সময়ও এই কথা বলেছি এবং এখনও এই বিষয়ে সরকারের দূটি আকর্ষণ করছি যে, তাড়াতাড়ি সেখানে টি আর ওয়ার্ক আরম্ভ করে দিয়ে গরীব কৃষকদের যাতে কাজ দেওয়া যায় তার ব্যবস্থা কর্ন।

|10-20-10-30 a.m.]

### Dr. Kanailal Bhattacharva:

মাননীয় স্পীকার মহাশয়, সাম্লিমেন্টারি এস্টিমেট খাতে প্রায় ৭৭ লক্ষ টাকা প্রবিশ বাবত ধরা হয়েছে লোয়ার গ্রেড পর্বিলশ অফিসার এবং কনদ্টেবলদের মাইনে বাড়াবার জন্য। আমরা অবশা এটার খুব বেশি বিরোধিতা করি না। তার কারণ বার বারই আমরা বলে আসছি—পুলিশের দুনীতি নীচের পর্যায়ে যেভাবে অনুপ্রবেশ করেছে তাকে রুখতে গেলে নীচের তলাকার প্রলিশের কিছু মাইনে বাড়ানো উচিত। কিন্তু শুধু মাইনে বাড়ালেই চলবে না। এইসমস্ত সাব-ইন্সপেক্টর, এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর এবং কনস্টেবলদের মধ্যে যেসমস্ত দ্বনীতি আজ ওয়াইড স্প্রেড রয়েছে দেশের মধ্যে সেদিকে আমাদের স্বরাষ্ট্র মন্ত্রীর দূষ্টি আকর্ষণ করছি। মাইনে বাড়িয়ে যাতে তাদের মধ্যে অন্ততঃ একটা আদর্শ আসে সেই আদর্শ আনবার জন্য তাঁকে অনুরোধ জানাব। এই দেশের প্লিশের ভিতর দুনীতি খুব বেশী তার একমাত্র কারণ হচ্ছে এই যে, সাব-ইন্সপেক্টর, এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর যে অঞ্চলে ভার নিয়ে কাজ করে সেই অঞ্চল य प्रनीिष्भताश्च मत्नाचार निराय काक करत जात क्रमा समन्ज भूनिएमत्रे रापनाम यरन मत्न করি এবং এর ভিতর আছে উপরকার অফিসারদের খানিকটা সমর্থন—সমর্থন এজন্য বলব যে ইনডাইরেক্ট হেল্প অর্থাৎ ঘূষ নিয়ে সেসব বন্ধ করবার জন্য কোন চেন্টাই উপরতলা থেকে করা হয় না, সেগর্মল ধামাচাপা দেওয়া হয়।

মাননীয় স্পীকার মহাশয়, গ্রুটিকতক উদাহরণ আপনার সামনে উন্ধৃত করে দেখাব বে, भू लिंग भाव रेग्ना शहरात मार्था मृतीिं कितकम श्रादम करता धवर ममार्कावरताथी राममण्ड ব্যক্তি তাদের কিরকমভাবে সাহাষ্য করে। চু'চুড়া সহরে গ;'ডার দৌরাম্ম্য অতিমান্রায় বেড়ে গিয়েছে, সেখানে প্রলিশের নিস্ক্রিয়তা অত্যন্ত নিন্দার্হ। সেখানে নারায়ণ বাগ ওরফে ন্যাড়া গ্র-ডা দলের নেতা অবাধে সেখানে বিরাজ করছে। কিছুদিন আগে সেখানে একটি দুর্ঘটনা ঘটে। এই গু-ডাটি মোটর সাইকেলে যাবার সময় ছোট একটি ছেলেকে চাপা দেয়, ফলে সেখানে উত্তেজনার সূত্রি হয় এবং সেখানকার অধিবাসীরা তাকে ভয় দেখায়, প্রলিশেও খবর দেওয়া হয়, তাড়াতাড়ি সে চুলে যায় কিন্তু কিছুক্ষণ পরেই সে তার দলবল নিয়ে ফিরে আসে এবং যেসমুহত সমাজসেবী ঐ ছেলেকে হাসপাতালে পাঠায় সেইসমুহত সমাজসেবী এবং রাজনৈতিক কমী ধারা ছেলেটিকৈ হাসপাতালে ষেতে সহায়তা করে তাদের উপর হামলা চালায়—এমনভাবে হামলা চালায় যে, সেখানে নপেন্দুকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় বলে একজন লোক সিরিয়াসলি ইনজিওড হয় এবং তাকে হাসপাতালে ভর্তি হতে হয়। এই ব্যাপার পর্লালের

দ্ভিদ্যাচক করা হয় এবং এস পি-কে বলা হয়। এস পি বিশেষ কোন প্রতিকার না করায় এস ডি ও-কে থবর দেওয়া হয়। এস ডি ও প্লিশ অফিসারকে ডেকে যাতে এই সম্বন্ধে এয়কদান নেওয়া হয় তার নির্দেশ দেন, কিন্তু অফিসার-ইন-চার্জ যেহেতু এস ডি ও-র অর্ডার আছে সেজন্য নারায়ণ বাগকে এয়রেস্ট করলেন বটে কিন্তু সপ্যো সপ্যোই তাকে ছেড়ে দেওয়া হল। এই গ্রন্ডাদলের সপ্যো সাব-ইন্সপেক্টর, অয়িসস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর এবং কনস্টেবলদের যোগাযোগ থাকার ফলে সেই সহরে এক আতংকর স্থিট হয়েছে। এই সম্বন্ধে মাননীয় মন্ট্রীমহাশরের দ্ভি দেওয়া দরকার কারণ, সেখানকার হায়ার অফিসারয়া যেরকমভাবে এয়াকশন নেওয়া উচিত সেরকমভাবে নিচ্ছেন না।

শ্বিতীয় কথা, আমি হাওড়া সহরের গ**়**ডার উপদূবের কথা বলব। কাণগালী দল ব**লে** একটা গ্রন্ডা দল আছে, ১০।১৫ বছর আগে থেকে। একে দমন করবার জনা হাওড়া প্রলিসের তৎপরতা মাঝে দেখেছিলাম। হঠাৎ এখন দেখছি শিথিল হয়ে গিয়েছে। গত কয়েকদিন আগে এই কাশ্যালীদলের জনৈক গ-্রন্ডা সর্দার একটা স্বীলোককে নিয়ে পালিয়ে याष्ट्रिल। न्थानीय অধিবাসীরা তথন সেই কাজে বাধা দিয়েছিল, ফলে তারা সেখানকার জনকয়েক অধিবাসীকে ছারিকাঘাত করে। পালিশকে থবর দিলে কয়েকজনকে এগরে**ন্ট** করে কিন্তু পরে তাদেরকে বেল দেওয়া হয় এবং তারা তখন যারা প্রালশকে খবর দিয়েছিল তাদের উপর অত্যাচার করবান চেন্টা চলেছিল। প্রিলশ যে এইসব জানে না তা নয়। হাওড়ার কাণ্গালী দল যে একটা বিখ্যাত দল এটা সকলেই জানেন। হাওড়া সহরে এটা ফ্রারিস করতে পেরেছে তার কারণ, এস-পি, ইন্সপেক্টর অব পর্নেশ প্রভৃতির সপ্পে এদের প্রত্যক্ষ যোগাযোগ আছে এবং এরা প্রলিশকে যেসমুস্ত লুটেস হয় তার একটা শেয়ার দিয়ে থাকে। এইজনাই দেখা যাচ্ছে, আজকাল হাওড়া সহরে আবার এই ধরণের সমাজবিরোধী কার্যকলাপ বেডে চলেছে। আমি মনে করি, এদের পি ভি আক্টএ অথবা গ্রুভা আইনে এ।ারেন্ট করে জেলের মধ্যে রেখে দেওয়া প্রয়োজন। সেদিক থেকে আমি বলব যে, নীচের তলার এই প্রলিসের সঙ্গে সমাজবিরোধীদের যে যোগাযোগ সেটা কেন নন্ট করা হবে না? তদের মাহিনা বাড়ালেই শুধু চলবে না. সংগে সণে যাতে তারা সংভাবে কাজ করে সেটাও দেখতে হবে। দিবতীয়ত সোস্যাল ওয়েলফেয়াব স্কীমএ যে টাকা স্যাংশন করা হয়েছে. সেখানে বিভিন্ন গ্রামে বিভিন্ন জেলার যেসমুহত লাইরেরিজ এবং ক্লাবস আছে তাদের যেন অর্থসাহায্য করা হয়। আমরা দেখেছি হঠাৎ কয়েকটি লাইব্রেরিকে অর্থসাহায্য বন্ধ করে দেওয়া হল, কিন্তু কোন কারণ দেখান হল না। জগাছা এবং জিগাছা দুটো বড় বড় লাইর্নের ছিল, বহু ছাত্র সেখান থেকে বই নিয়ে পড়ছিল এবং সঙ্গে সংগ তাদের কার্যকলাপ বেশ ভালভাবে এগিয়ে চলছিল। গত বংসর সেখানে গ্রান্ট দেওয়া হয়েছিল, এবছর হঠাৎ বন্ধ করে দেওয়া হল, এর পিছনে আব কোন কারণ দেখি না, শুধু কারণ হল কংগ্রেসকে এরা প্রোপ্রি সমর্থন করে না। এইভাবে সোস্যাল ওয়েলফেয়ার স্কীমএর অর্থ নিয়ে কংগ্রেসের প্রচারকার্য হি আসলে চালান হয়ে থাকে। সেটা অবিলম্বে বন্ধ হওয়া উচিত বলে মনে করি।

+10-30-10-40 a.m.]

### Si. Subodh Choudhury:

মাননীয় সভাপাল মহাশয়, আমি কুটিরশিল্প সম্বন্ধে দু-চারটি কথা বলতে চাই। অবশ্য সাধারণভাবে বাজেট যখন আলোচনা হয়েছিল এই বায়বরান্দের ব্যাপারটিকে গিলোটিন করা হয়েছিল বলে কিছু বলা সায় নি। স্তরাং সেই সময় বলা সম্ভব হয় নি বলে আমি একটা কথা এখানে উল্লেখ করতে চাই।

এখানে আছে যে, তন্ত্বায়দের উন্নতির জন্যে সাম্পিমেন্টারি বাজেটএ অনেকগ্রিল টাকা ধরা হয়েছে এবং সেই বাজেটেও বলা হচ্ছে যে, ৬৩টা প্রোডাকশন সেন্টার করা হয়েছে। কিন্তু বর্তমান ঘটনাটা কি এবং সেগ্লো কেমন চলছে যদি কেউ একট, সেগ্লিকে উল্লেখ করতেন তা হ'লে সত্যিকারের বোঝা যেত যে, তাঁরা যে পরিকল্পনা গ্রহণ করচেছেন সেই পরিকল্পনা কার্যকরী হয়েছে কিনা। আমি জানি যে, এক বছর আগেও এই প্রোডাকশন ইউনিটকে কার্যকরী করার জন্যে তাঁরা বাবন্থা অবলম্বন করেছিলেন, কিন্তু এই এক বছরের মধ্যেই

তাঁদের পরিকল্পনাকে পরিবর্তন করতে হয়েছে। তাঁরা পরিকল্পনা করেছিলেন যে ৬০ ঘর তম্তবায়কে নিয়ে একটা প্রোভাকশন ইউনিট হবে, সরকার থেকে তাদের সত্তা সরবরাহ করা হবে এবং মেহনত করে যে জিনিস তারা করবে তার একটা উচিত পারিশ্রমিকও তাদের দেওয়া হবে। এ ছাড়া, তাদের জন্যে যে ক্লয়কেন্দ্র স্থাপন করা হচ্ছে সেখানে গিয়ে তারা তাদের জিনিস বিক্রি করবে এবং টাকায় ৩ পয়সা করে ফ্রারা রিবেট পাবে। কিন্তু এই পরিকল্পনা কার্যকরী হয় নি বলে তাঁরা নতেন পরিকল্পনা নিতে বাধ্য হয়েছেন। এতে আছে যে, তল্তবায়দের তাঁরা লোন দেবেন, নিজের টাকায় তারা সত্তো কিনে যাবে এবং ২৫ পার্সেন্ট কিনে বাকিটাকে নিজেকে বাজারে বিক্লি করতে হবে। এই প্রোডাকশন ইউনিট করার ক্ষেত্রে দেখা গেছে যে. যখন অন্যান্য অন্ততঃ বিরোধী দলের লোকেরা উৎসাহ নিয়ে কোনখানে তারা প্রোডাকশন ইউনিট করার চেণ্টা করে থাকে তখন তার প্রতিবন্ধকতার সূন্দি করা হয় এবং যে-কোন উপায়ে তাকে বানচাল করার জন্যে বিভিন্নভাবে চেণ্টাও করা হয়েছে। এইসমস্ত প্রোডাকশন ইউনিট যার জন্যে তাঁরা তম্তবায়দের অনেক কাজ করেছেন বলে ঘোষণা করেন সেখানে শান্তিপুরের প্রোডাকশন ইউনিট সম্বন্ধে আমি একটি কথা বলব। শান্তিপুরে অনেককাল থেকেই তাঁত-শিল্প প্রসিম্ধ এবং সেখানে এই ব্যাপারে একটা কো-অপারেটিভও আছে। সেই কো-অপারেটিভ স্তে পায় না বলে ১৯৫৩ সালে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাৎেক একটা মিটিং করে সুতোর জনো টেলিগ্রাম করে তারা কিছু সুতো পায়, কিন্তু বাকী কাজ তাদের বন্ধ হয়ে থাকে। তাদের লভ্যাংশ হিসাবে ৪ টাকা করে কেটে নেওয়া হয়, সেই লভ্যাংশের টাকা তারা এখনও পর্যন্ত পায় নি। এ ছাড়া বিভিন্ন সময়ে সেখানে যাঁরা পরিদর্শনে যান তাঁরা বিভিন্ন রকমের নির্দেশ দিয়ে আসেন, কিন্তু তাঁরা কেউ লিখে নির্দেশ দেন না। কারণ একজনের নির্দেশের সাথে আর একজনের নির্দেশ মেলে না, অর্থাৎ একজন করতে বলেন একরকমের কাজ, আর একজন গিয়ে বলে এলেন যে, না, এটা ভুল হচ্ছে। সতেরাং এই শিল্প সমবায় করার জন্যে তারা যে অবস্থার মধ্যে পড়ে সেই অবস্থাটা বিচার করবার জন্যে আমি অনুরোধ করি যে, যাতে এই ব্যাপারগুলো আর না হয়।

এরপর তাঁরা যে ক্রয়েকন্দ্র প্থাপন করেছেন সে সম্বন্ধে আমার প্র্ববতী বস্তা প্রদেধর জ্ঞানবাব্বলে গেছেন, আমিও একট্বলি। কারণ, আমি একটা ক্রয়েকেন্দ্র সম্বন্ধে জানি যে, গভর্নমেন্ট থেকে তাদের ৩০০ টাকা করে মাসে মাসে দেওয়া হয়। কিন্তু এই ক্রয়কেন্দ্রগ্রিলতে তন্তুবায়দের উন্নতির জন্যে কোন কিছ্ই কিরা হয় নি। কারণ ফিক্সড টাকাটা গভর্নমেন্ট থেকে তাদের বরাবর সরবরাহ করে আসেন, কিন্তু অধিকাংশ সময়ে এই ক্রয়েকেন্দ্রের দরজা বন্ধ থাকে এবং যেসমন্দত তন্তুবায়রা তাদের পেটোয়া লোক তাদেরই কিছ্ কিছ্ কাপড় এবা ক্রেনেন। কিন্তু সেগ্লো জমা হয়েই থাকে, বাজারে বিক্রি হয় না। কারণ বাজারে বিক্রি করতে হলে যে অবন্ধায় দোকান খোলার প্রয়োজন আছে, সমন্ত দিন দোকান খোলার দরকার আছে, যার জনো সরকার ৩০০ টাকা করে তাদের প্রত্যেক মাসে মাসে দিয়ে থাকেন, তার বারম্প্যা তাঁরা করেন না।

তারপর তক্ত্বায়দের জন্য তাঁরা একটা গ্র্যান্ট এখানে ধরেছেন, অর্থাং তাদের তাঁত বদল করার জন্যে সাম্পিমেন্টারি বাজেটে তাঁরা ৪০ হাজার টাকা দিয়েছেন। কিন্তু যে তাঁত তাঁরা সরবরাহ করেছেন সেই তাঁতগুলোকে তক্ত্বায়রা সত্যিকারের চাল্ম করতে পেরেছে কিনা সেই খবরটা আমি মন্দ্রীমহাশয়কে নেবার জন্যে বলব। অথচ তাঁরাই জানেন যে, সেই তাঁত সরবরাহ করা সত্ত্বেও তক্ত্বায়রা সেই তাঁত চাল্ম করতে পারেন নি। এর কারণ হচ্ছে যে, তারা সেই সিন্টেমএ অভাস্ত নয় এবং তাদের যে কো-অপারেটিভ আছে তাতে আমাদের সরকার থেকে যে তাঁত সরবরাহ করা হয়েছে তাতে তাদের চলে না বলে সেগ্লো অকেজো হয়েই পড়ে আছে। এইবারেই আমি জানি যে, কাটোয়ায় যে কো-অপারেটিভ আছে সেখানে নতুন তাঁত সরবরাহ করবার জন্যে তাঁরা বাবস্থা করেছেন এবং এক্সাম্পল দিয়ে বাবহার করতে শিখিয়েও দিয়েছেন যে, এইভাকে করলে কাজ চলতে পারে, সেখানে গিয়ে এাডজাস্ট করতে পারে নি। সম্তরাং তাদের যদি তাঁতের বাবদে টাকা দেওয়া হয় তা হলে ভালই হয় এবং সেই পরিকল্পনা এখন তাঁরা করেছেন যে, ৬০ টাকা করে প্রত্যেক তাঁতীকে দেওয়া হরে। সেই টাকা তারা এর আগেও চেয়েছিল এবং বলেছিল যে, আমাদের এই তাঁতকে এ্যাডজাস্ট

করে নিয়ে যাতে নতুন ধরনের করতে পারি এবং প্রোডাকশন বাড়াতে পারি তার জনো ব্যবস্থা কর, কিন্তু সে ব্যবস্থা করা হয় নি। স্বতরাং তাতের জন্যে যে টাকা খরচ করা হচ্ছে তাতে সত্যিকার কোন উপকার তন্ত্বায়দের লাগছে না এবং এতে তাদের কোন উন্নতির অবস্থাও স্মিট করা হবে না।

শেষে স্তোয় রং করার ব্যাপার নিয়ে ডাইং সেন্টার যেভাবে বিভিন্ন জায়গায় খোলা হচ্ছে তাতে তাদের কোন লাভ হচ্ছে না। কারণ যেখানে যেখানে খোলা হচ্ছে সেখান থেকে ১০ মাইল দ্বে তন্ত্বায়রা থাকে। অর্থাৎ তাঁতের স্তাে প্রথমে নিয়ে যেতে হয়, তারপরে একটা চার্জ দিয়ে এখান থেকে স্তাে তাদের রং করে নিয়ে যেতে হয়—অযথা এই যে তাদের পরিশ্রম হয়, একদিন কোন কোন ক্ষেত্রে দ্বিদনও এর জনাে লাগে, এবং এই যে অযথা বায় হয় তার জনাে তারা কোন পারিশ্রমিক পাতে পারে না বা পায়ও না। স্তরাং এই বাবস্থা যদি চালা্ করতে হয় তা হ'লে যেসমসত জায়গায় কো-অপারেটিভ আছে সেখানে কিম্বা কোন গ্রামের কাছাকাছি যদি ২।৩টা কো-অপারেটিভ থাকে তার ভেতরে তন্ত্বায়রা কি করে সহজে স্তাে রং করে নিয়ে যেতে পারে এবং কম পরিশ্রমে ও সময়ের মধ্যে নিয়ে যেতে পারে তার বাবস্থা করা

[10-40-10-50 a.m.]

## Sj. Dhananjoy Kar:

মাননীয় অধাক্ষ মহোদয়, এই সাগ্লিমেন্টারি এস্টিমেট, ফাইন্যান্স খাতে আমি দেখছি বে, ২ কোটি ৮২ লক্ষ ৯০ হাজার টাকা আবার মঞ্জুর করবার কথা বলা হয়েছে। এই টাকাটা র্যাদ দেশের অভাবগ্রুস্ত লোকদের অভাব দূরে করবার জন্য বায় করা হ'ত তা হ'লে এ সম্বন্ধে আমাদের বলার কিছু ছিল না। কিন্তু আমরা দেখছি যে, এই টেস্ট রিলিফএ যেভাবে কাজ হয়েছে তাতে টেস্ট রিলিফএ এই টাকা অপবায় হয়েছে, দেশের অভাবগ্রস্ক্তদের কোন উপকারে আসে নাই, দেশের কোন ভাল কাজ এর ন্বারা হয় নাই। আমরা দের্থোছ, যেসমুস্ত টেস্ট রিলিফএর কাজ হয়েছে তাতে বহ, টাকা অপবায় করা হয়েছে, চুরি করা হয়েছে; তার দেখাশোনার জন্য কেউ ছিল না। সরকারের কাছে, তথা যাঁরা কর্তৃপক্ষ ছিলেন তাঁদের কাছে, বহুবার অভিযোগ কর্রোছ। এইভাবে অপবায় করলে দেশের মঞ্চাল তো হবেই না, বরং দিন দিন অমুখ্যল বেশি হবে, দেশের লোক দুঃখকন্ট পাবে। আপনারা এটা বৃশ্<mark>ধ করবার</mark> চেষ্টা করুন। এই অপবায় না হয়ে যাতে দেশের সতিাকারের কাজ কিছু এই টাকার শ্বারা হয় তার বাবস্থা কর্ন। কিন্তু আমাদের সেই কথা শোনেন নাই। এক ঘরের বিভিন্ন **লোক** টেস্ট রিলিফএর কাজে বিভিন্নভাবে নিযুক্ত—ডিলার, সুপারভাইজার, মোহরার, পেমাস্টার—সবই এক ঘরের লোক নিযুক্ত হয়েছে। ফলে— একজোট হয়ে সংঘবন্ধভাবে লুট করেছে, কাজ দেখে নাই। কে কাকে চেক দেবেন ? এক ঘরের লোক যদি এক জায়গায় নিয**়ন্ত থেকে ল<sub>ে</sub>ওন** করতে থাকে তা হ'লে সেটা রোধ করবার কারও সাধ্য নাই। এই দ্রান্ত নীতির জন্য দেশে**র** এত টাকা অপবায় করা হয়েছে, গরীবের কোন উপকারে আসে নাই। রাস্তাঘাট যেসমস্ত হবার কথা ছিল তা হতে পারে নাই। বাস্তবিক এটা দ<sub>্</sub>থের কথা। আমাদের সা**র্ক'ল** অফিসার সব সময় দরকার। তাঁরা তাঁদের ইচ্ছামত যেখানে সোসাইটি করা প্রয়োজন মনে করেছেন, সেখানে সোসাইটি করেছেন। আবার যেখানে সোসাইটিকে বাদ দিয়ে কোন ব্যক্তিকে নিযুক্ত করবার প্রয়োজন মনে করেছেন সেথানে তাই করেছেন কোন নীতির উপর ভিত্তি করে এই কাজগুর্নি তাঁহারা করেন নাই। এ বিষয়ে সরকারের দ্রিট আকর্ষণ করেছিলাম। কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার হয় নাই।

যা হোক, সেদিন আমাদের খাদামন্ত্রী বলে গেছেন—মেদিনীপর জেলায় আর টেন্ট রিলিফএর প্রয়োজন নাই। এটা ভূল কথা। মেদিনীপরে জেলায় টেন্ট রিলিফএর প্রব্ প্রয়োজন আছে। মেদিনীপরে জেলার কোন কোন অংশে দ্ব-এক স্থানে কিছ্ ফসল বেশি হলেও অধিকাংশ জায়গায় ফসল ভাল হয় নাই। সেইজনা সেইসমন্ত স্থানে টেন্ট রিলিফএর কাজের বিশেষ প্রয়োজন। তা ছাড়া আমার কনিন্টটিউর্বোন্স ঝাড়গ্রাম-গোপীবক্লভপ্র— সেখানে আদিবাসীর সংখ্যা অত্যন্ত বেশি। তাদের জমি-জায়গা নাই। ধারা চাষী তাদের এমন বেশি ফসল ফলে নাই যাতে সেইসমস্ত আদিবাসী প্রমিকদের তারা কাজ দিতে পারে—
বার মাস ধরে। এই আদিবাসীরা এখন থেকেই কাজের অভাবে কণ্ট পাচ্ছে। সেইজন্য
আদিবাসী মন্দ্রীমহাশয়ের দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি। যদি আদিবাসীদের প্রতি তাদের
দরদ থাকে, আদিবাসীদের মঞ্চল চান. আদিবাসীরা উর্মাত কর্ক, তাদের কল্যাণ হোক,
ত্য হ'লে এই টেস্ট রিলিফএর কাজ বন্ধ কুরলে চলবে না। আদিবাসী এলাকায় এই টেস্ট
রিলিফএর কাজ চালাতে হবে; তাদের খাওয়ার বাবন্ধা করতে হবে। আদিবাসী এলাকায়
যাতে ক'জ বেশি হয় সেইজন্য টেস্ট রিলিফএর কাজও সেইসমস্ত এলাকায় করতে হবে।
আমি আরও বিশেষ করে বলব—কেশপুর, ডেবরা প্রভৃতি বন্যাপলাবিত অঞ্চলে ফসল এবার
ভালভাবে হয় নাই। এইসমস্ত এলাকায় টেস্ট রিলিফএর কাজ করতে হবে।

আর একটা বন্ধবা হচ্ছে—লোন আদায়। বন্যাপ্লাবিত অণ্ডলে ৪।৫ বছরেরও বেশি হ'ল লোন নিয়েছে, দিতে পারে নি। সরকার সেটা ব্রেথ লোন আদায় বন্ধ করেছেন। এই ৪।৫ বছর লোন নিয়েছে, সমস্ত লোন এ বছরে আদায় করবার ব্যবস্থা হয়েছে। এত বছরের লোন যদি এক বছরে আদায় করা হয় তা হ'লে তা তাদের দেবার কোন উপায় নাই। যে ফসল হয়েছে তা দিয়ে দেনাগ্রস্তদের সেই দেনা মেটানো সম্ভবপর নয়। এদিকে সরকারের দ্বিট আকর্ষণ করিছ।

তারপর টেস্ট রিলিফ কমিশন সেখানে তাঁরা যেভাবে দিতে চেয়েছিলেন তা এখনও পাওয়া যায় নাই। তারা বহু চেষ্টা করে একাধিকবার ঝাড়গ্রামে এসে ফিরে গিয়েছে—তব্ও তা পাছে না। যেট্কু লাভ পায় এই কমিশন হিসেবে তাও তারা পাছে না। অথচ ওদিকে টাকা কি করে অপবায় হয়েছে। যেখনে এক মণ দশ সের দেবার কথা ছিল, তা দেওয়া হছে না। তার জন্য ভিলাররা ক্ষতিগ্রস্ত হছে।

তারপর কৃটিরশিলপ আজকে প্রায় ধরংস হতে বসেছে। কৃটিরশিলপ মন্ত্রীমহাশয়কে তাঁতীদের সম্বন্ধে প্রব্ততী বক্তা অনেক কথা বলে গেছেন। এই তাঁতীদের যদি বাঁচাতে হয়, বিশেষ করে আমি যে এলাকায় আছি, তা হ'লে ভালভাবে তাদের তাঁতশিলপ শিক্ষা দেবার বাবস্থা করতে হবে। আজকে সরকারী নীতি আমরা দেখছি—যেসমস্ত জাতি তাঁতশিলেপর উপর তথা কৃটিরশিলেপর উপর নির্ভরশীল তাদের সেখানে নিয্ত্ত না করে অন্য লোককে কৃটিরশিলপ শিক্ষা দিয়ে ন্তন ন্তন জাতির সৃষ্টি করা হছে। তার ফল অতান্ত বিষময় হবে। সেইজনা মন্ত্রীমহাশয়কে বলব—যেসমস্ত জাতি কৃটিরশিলেপর মধ্যে আছে সেইসমস্ত জাতির লোককে কৃটিরশিলেপ বিশেষ করে শিক্ষা দেবার বাবস্থা করতে হবে। তা হ'লে আমাদের বেকার-সমস্যারও সমাধান হবে, চাষীদের উপরও বেশি চাপ পড়বে না। সেখানে সম্তা দরে স্তা দেওয়া দরকার। কৃশ্ভকারদেরও সম্তায় কাঠ দেবার বাবস্থা করতে হবে, না হ'লে তারা হাড়ির কাজ করতে পারবে না। কয়লার অভাবের জন্য কাঁসারিরা কাজ করতে পারহে না, কামারেরাও তাদের বাবসায় চালাতে পারছে না। এদেরকে বাঁচাবার জন্য সম্বর কয়লা সরবরাহ করা প্রয়োজন। কাজেই সমস্ত গ্রাম্যশিলপকে বাঁচাতে হলে তাদের উপর দরদ দেখাতে হবে।

তারপর ডেভেলপমেন্টএর কথা। গোপীবল্লভপরে, নয়াগ্রাম, সাঁকরাইল প্রভৃতি থানার অন্মত এলাকায় নয়শনাল একটেনশন সার্ভিস বা কোন ডেভেলপমেন্ট ওয়ার্ক বা কোন হেল্থ সেন্টার সেখানে হচ্ছে না। প্রধানমন্ত্রী মহাশয় ১৯৫২ সালে জবাব দিয়েছিলেন য়ে, সেইসমন্ত জায়গায় থানা স্বান্থাকেন্দ্র করবেন। কিন্তু আজও সেসব কিছ্ই হল না। সেদিকে মন্ত্রীমহাশয়ের দ্ণিট আকর্ষণ করছি এবং যাতে এই ডেভেলপমেন্ট ওয়ার্ক সেখানে গ্রহণ করা হয় তার জন্য অনুরোধ করছি।

### 8]. Bankim Mukherjee:

মাননীয় সভাপাল মহাশয়, আজ-আমি অলপ সময়ে যত কিছু টেকনিক্যাল পয়েণ্টস তুর্লাছ যেটা আমি আ্যাপ্রোপ্রিয়েশন বিলএ বিশদভাবে আলোচনা করব। এখন তার উত্তর চাই না। আমি আশা করি, ফাইন্যান্স মিনিন্টার তখন এ বিষয়ে বিশদ উত্তর দিবেন। কতকগ্রিল জিনিস আমি দেখতে পাছি যে, রিভাইজ্ড এন্টিমেটএর সংগে এই সান্দিমেন্টারি এন্টিমেটএর অনেক পার্থক্য রয়েছে। রিভাইজ্ড এফিটমেটএর বহু জায়গায় যা বেশি ধরা হয়েছে
সান্দিমেন্টারি এফিটমেটএর সব জায়গায় তা চাওয়া হয় নাই। হয়ত ভাল লক্ষণ। থরচ সেইসমুহত থাতে আসলে কম দেখা যাচ্ছে। সেটা বাজেট এফিটমেটএর ব্যাপারে অতান্ত একটা দুর্ভাগ্যের বিষয় যে, বাজেট এফিটমেট ও রিভাইজ্ড এফিটমেট যথন করা হয় তথন সতিবাকার যা থরচ হবে সে সম্বন্ধে তাঁরা কিছুই ফিথর করতে পারেন না এবং এই দুটোর তফাং খুব বোশ নয়। রিভাইজ্ড এফিটমেট খুব সম্ভব ভিসেম্বরের শেষে কিংবা জানুয়ারির গোড়ায় এবং সাম্লিমেন্টারি এফিটমেটও অন্ততঃ ফেব্রুয়ারি মাসে তৈরি হয়েছে, বই ছেপে এসেছে।

[10-50—11 a.m.]

এই মাসখানেকের তফাতে কোটি টাকার ডিফারেন্স দেখা যাচ্ছে। অর্থাৎ মাঝখানে অনেক কোটি টাকার তফাৎ দেখা যাচ্ছে। এতথানি তফাৎ হওয়া ফাইন্যান্স মিনিস্টারের পক্ষে খুব শুভলক্ষণ নয়।

তারপরে একটা জিনিস আছে যেটা আমি ব্রুবতে পারি নি, পরে ব্রুবিয়ে দেবেন আমার ধারণা যে, গ্র্যান্ট নন্দ্রর এবং মেজর হেভ্সএর যে নন্দ্রর আছে সেটা চিরস্থায়ী। কিন্তু কতকগুলোয় দেখতে পাচ্ছি, আমাদের বর্তমান বাজেটে যেমন গ্র্যান্ট নম্বর ৩৫ সেটা সাপ্লি-মেন্টারিতে এসেছে ৩৬, এইরকম ৩৬-৩৭, ৪৩-৪৪, এইভাবে গ্রান্ট নন্বরে তফাং আছে। মেজর হেড্স ঠিক আছে। যদি গ্রান্ট নম্বর অডিটর জেনারেলের বলে দেওয়া থাকে তা হ'লে আমার বন্ধবা যে, যখন বাজেট আলোচনা করি তখন জানিয়ে দেওয়া উচিত, তা না হ'লে বাজেটে একটা গ্র্যান্ট নন্বর থাকবে এবং সাগ্লিমেন্টারি এস্টিমেটে আর একটা থাকবে। অবশ্য আমি দেখি নি যে, ৫৫--৫৬ ঐটা ছিল কিনা। কিন্তু ৫৬-৫৭তে এই তফাং হচ্ছে। এটা একটা টেকনিক্যাল ব্যাপার। সবচেয়ে আশ্চর্য হচ্ছি যে, এ্যাপ্রোপ্রিয়েশনএর সময় বলবেন এ ত মার্চ মাসের শেষ, তার পরে ২৭শে এ্যাপ্রোগ্রিয়েশন হবে। মাত্র আর ৪ দিন থাকবে। এই ৪ দিনে এত টাকা খরচ করবেন কি করে? এই যে সাণিলমেন্টারির জনা আজকে আমাদের কাছ থেকে অনুমতি নেওয়া হচ্ছে ৪ দিনে এত টাকা খরচ করবেন? (অনারেবল ডাঃ বিধানচন্দু রায়: বাকি আছে।) সেটা যদি শুধু বাকি দিয়ে বোঝান হয় যে এত টাকা বিলের তা হ'লেও এত টাকা খরচ হয় না। কিন্তু আমার আশুকা ল্যাক্সিটি এত বৈশি গভর্নমেন্টের ভিতরে যে ১৯৫৫-৫৬ সালে যে বাভেট হয়েছিল এবং যে স্যাংশন বা এ্যাপ্রোপ্রয়েশন পাওয়া হয়েছিল তা ছাডাও বাহির থেকে টাকা খরচ ক'রে গেছেন এবং একটা গ্র্যান্টের টাকা আর একটা গ্র্যান্টে খরচ হয়েছে। তা না হ'লে টাকাগুলো খরচ হয় কি ক'রে? যেমন একটা জিনিস দেথছি -ফেমিন খাতে ২ কোটি ৩০ লক্ষ ৯০ হাজার টাকা চাওয়া হয়েছে। এটা খরচও হয়েছে. সেগুলো সবই কনট্রাক্টরের বিল বলে যে ২ কোটি ৩০ লক্ষ টাকা পড়ে আছে তা ত' মনে হয় না। তার অধিকংশ টেস্ট রিলিফে নগদ দেওয়া হয়েছে। কোথা থেকে হল? কে স্যাংশন করেছে? ১৯৫৫-৫৬ সালের বাজেট এ্যাসেমারর সামনে এসেছিল-ফেমিনও তার মধ্যে ছিল। সেই সময় আমারা বলেছিলাম যে ফেমিনের আশংকা আছে, কিন্তু সে সময় আমাদের খাদামন্তী তার চিরকালের যেমন স্বভাব সেইভাবেই বাজেটের সময় খ্র গদগদভাবে বলে যান -বাংলা-দেশের কি সুন্দর চিত্র! কিভাবে খাদ্য বেড়ে যাচ্ছে! কিভাবে লোকের অবস্থার উল্লাতি হচ্ছে-এইসব বলতে খুব গদগদ হয়ে যান। তখন আমরা তাঁকে সাবধান করেছিলাম যে এ বংসর খাদোর অবস্থা অতানত থারাপ। অবশ্য আমি এটার জন্য আনন্দিত যে, এই টাকা থরচ করে—এই ২ কোটি ৩০ লক্ষ টাকা খরচ করে—যে সাংঘাতিক অবন্থা হ'তে পারত তা থেকে যে কতকটা রেহাই দিয়েছেন সেজনা তাঁদের ভাল বলতে হবে, কিন্তু এ জিনিসটা আগে থেকে, যথন বিরোধীপক্ষ থেকে বার বাব তাঁদের দূলি আকর্ষণ করেছিলাম তথন সেদিকে দূলিট দেন নি কেন? তারপরে এই টাকা খরচ করলেন কি করে? এজন্য ত এ্যাপ্রোপ্রয়েশন চাওয়া হয় নি ; কোথা থেকে এই ২ কোটি ৩০ লক্ষ টাকা বছরের শেষে আজ সাশ্লিমেন্টারি বাজেটে চাইছেন? আগের একটা এ্যাপ্রোপ্রয়েশন বিল আলোচনার সময় বলেছিলাম বে, বাংলার অ্যাসেমবির এ্যাপ্রোপ্রিয়েশন বিলের যথায়থ নাম হওয়া উচিত মিসএ্যাপ্রোপ্রিয়েশন বিল। আমি ষেটা পরিহাস করে বলেছিলাম, আজ দেখছি সেটা সতা সতাই তাই, অর্থা**ং** মিসঅ্যাপ্রোপ্রিয়েশন ক'রে নিয়ে তারপরে আমাদের কাছে আসছেন ফর আনপ্রোপ্রিয়েশন। শেষ ম,হ,তের্ত, মার্চ মাসের শেষে আমাদের কাছে স্যাম্পিমেন্টারি বাজেটে এটা চাওয়া হচ্ছে। তা হ'লে খরচ হ'ল কি করে? এটা ত আইনের বিরোধী। অ্যাপ্র্যোপ্রয়েশন বিলএ পরিষ্কার লেখা থাকে যে, এই গ্র্যান্টে খরচ চাওয়া হচ্ছে : তার বাহিরে এক পয়সা খরচ করা চলবে না। তা সত্তেও এই জিনিসটা হয়। या হউক, এটার সম্বন্ধে বিশদ আলোচনা পরে করব। আজকে শুধু দুখি আকর্ষণ করলাম: এ সম্বন্ধে ডিটেল ড আলোচনা এ্যাপ্রোপ্রিয়েশনএর দিন করতে চাই। কতকগুলো জিনিস দেখতে পাচছি যা চাওয়া হচ্ছে—রিভাইজ্ড এস্টিমেটএ যা হয়েছিল তার চেয়েও কম চাওয়া হয়েছে। জেনারাল এ্যাডমিনিস্টেশনএ, কটেজ ইল্ডাস্ট্রিজএ, সিনকোনায় রিভাইজ্র এন্টিমেটএর চেয়ে কম নেওয়া হয়েছে। আমার আশ্চর্য লাগছে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্টে ৬৫ লক্ষ টাকা কম চাওয়া হচ্ছে। অর্থাৎ রিভাইজ্ড এস্টিমেটএর সময় কমিউনিটি ডেভেলপমেন্টএ যে টাকা খরচ করবেন ঠিক করেছিলেন এখন দেখছি ৬৫ লক্ষ টাকা খরচ করতে পারবেন না। এইরকম কটেজ ইন্ডাস্ট্রিতেও—তবে তাতে বেশি কম নয়. কিন্তু তা হ'লেও কম কেন হবে? বরং সেসমুহত জারগায় বেশি হতে পারে। যেমন একটা জায়গায় চাওয়া বেশি উচিত ছিল-এ্যাডমিনিস্ট্রেশন অব জাস্ট্রিস-তার জন্য সাপ্লিমেন্ট্রার এম্টিমেট চাওয়া হয় নি। এটার সম্বন্ধে পরে বলব। আমি এজন্য আলোচনা করছি যে, জাস্টিস সম্বন্ধে সাম্পিমেন্টারিতে চাওয়া হয় নি. কারণ, আজ ক্রিমিন্যাল প্রাসিডিওর কোডএ নিয়ম হয়েছে যে. ডিফেম্ড্যান্ট বা এ্যাকিউজ্ভকে সমস্ত জিনিসের কপি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থা হওয়ার ফলে সম্প্রতি রিপোর্টেড হয়েছে যে, গভর্নমেন্ট সে ব্যবস্থা করতে না পারার ফলে কয়েকটা কেস ডিসমিস হয়েছে, যেহেতু কোর্ট কপি দিতে পারে নি। যেটা আগে অ্যাকিউজ্ড বা ডিফেন্ডান্ট নিজের খরচে নিত নৃত্ন প্রসিডিওরএ কোর্ট থেকে তা দেবেন: কিল্ড যথেষ্ট সংখ্যক টাইপিস্ট না থাকায় তা দিতে পারেন নি এবং সেজন্য করেকটা কেস ডিসমিস্ড হয়েছে। কাজেই উচিত ছিল সাম্পিমেন্টারি বাজেটএ সে সম্বন্ধে একটা গ্রান্ট চাওয়া। কিন্তু সেটা চাওয়া হয় নি। কিন্তু এইরকম ব্যাপার যা খবে প্রয়োজনীয় সে জায়গায় চাওয়া হয় নি. বা রিভাইজ ড এস্টিমেটএর চেয়ে কম চাওয়া হয়েছে. যেমন দেখলাম কমিউনিটি ডেভেলপমেন্ট প্রভৃতিতে। কয়েকটা জায়গায় আমার বলার আছে। ফেমিন সম্বন্ধে যেকথা বললাম, রেভিনিউ সম্বন্ধেও সেইরকম কথা। জেনারাল এ্যাডিমিনিস্টেশনএর একটা জায়গায় টাকা যা চাওয়া হয়েছে তাতে দেখছি কিজন্য চাওয়া হয়েছে। সেখানে কয়েকটা জিনিস আছে। তার মধ্যে একটা আছে—

Additional provision for the newly created social welfare work of the Home Department—

ভাল কথা। তবে সে সম্বদ্ধে আমরা এখনও পর্যক্ত ভালরকম নির্ঘণ্ট পাই নি যে, কিরকম সোস্যাল ওয়ার্ক হয়েছে। আর একটা হচ্ছে—

Pay and accounts office set up under the Education, Relief and Rehabilitation Departments--

